সমাচার পরিচয়।

BEING AN

EASY READER

TAKEN CHIEFLY FROM

THE "SANJIVANI" NEWSPAPER

J. D. ANDERSON, I.C.S. (retd.)

কলিকাতা।

বেঙ্গল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে মুদ্রিত।

১৯১৮ সাল।

PREFACE.

THIS little Reader is composed for the most part of cuttings taken from the *Sañjīvanī* newspaper of the middle of the year 1914. It is obviously useful that English officials serving in Bengal should be able to read the local newspapers, and it seemed to me that a collection of characteristic extracts with explanations of such difficulties as might puzzle a beginner might supply an easy introduction to Bengali journalism. I have also ventured to add six poems from Sir Rabindranath Tagore's *Gitāñjali* with literal translations. An inability to read Sir Rabindranath's works means exclusion from a field of literature with which every educated Bengali is familiar. Any one who has mastered this Reader ought to be able to get pleasure and profit from reading such magazines as the *Prāvāsī*, the *Bhārat-varṣa*, or (best of all) the *Sabuj Patra*, which contains much of Sir Rabindranath's recent work.

I ought to say that my old friend, Mr. Kiran Chandra De, I.C.S., Secretary to the Government of Bengal in the Education Department, has been so good as to go through my notes and has suggested many improvements and corrections.

J. D. ANDERSON, I.C.S. (*retd.*).
University Teacher of Bengali, Cambridge.

BENGALI LETTERS AND THEIR ENGLISH EQUIVALENTS.

The figures within brackets indicate pages of the book.

VOWELS

অ — a, *abhi-yog :* charge (27) ; *jana-rav :* people's talk, rumour (1).

আ া — ā, *pathat + daśā :* status pupillaris (10) ; ডাঁ া *dād*, corruption of *daṇḍa :* rowing (93).

ই ি — i, *vṛtti :* remuneration, allowance (5).

ঈ ী — ī, *ut-tīrṇa :* over-past, expired (2) ; *rāj-drohī :* seditious (12).

উ ু — u, *ut-tīrṇa :* over-past, expired (2) ; *upa-nagar :* suburb (2).

ঊ ূ — ū, *saha-anu-bhūti :* sympathy (31).

ঋ ৃ — ṛ, *uttama + ṛṇ* = uttamarṇa : creditor (2)

ঌ

এ ে — e, *ut-tejanā :* lit. whetting, excitement, irritation (65).

ঐ ৈ — ai, *vaira-bhāv :* hostile attitude (122).

ও ো — o, *ā + yojan :* making preparation (1) ; *rāj-drohī :* seditious (12).

ঔ ৌ — au, *upa-ḍhaukan :* ceremonial present to a superior (71) ; *a-laukik :* from *lok*, people, supernatural, not human (283).

CONSONANTS.

ক — k, *ud + rek :* excess, increase, (7) ; *sa-phal-kām* with fruit desire (12) ; *kṛta-sāṅkalpa :* resolved (14).

খ — kh, *khara-tar :* very sharp (12).

গ — g, *ganda o dhūna :* spices and resins (21).

ঘ — gh, *pada + āghāt :* foot-blow, kick (15).

ঙ — ṅ, *kṛta-saṅkalpa :* resolved (14).

চ — c, *caprāsi :* an office messenger who bears a *cāprās* or badge (70) ; *vicāra-adhīn :* under trial (134).

ছ — ch, *chātā = chatra :* umbrella (19) ; chātra-abhāv : lack of pupils (37).

জ — j, *rāj-drohī :* seditious (12) ; *sar-añjām :* materials (19).

ঝ — jh, *jhāḍe :* clump (35).

ঞ	ñ,	*sar-añjām :* materials (19) ; *abhi-jña*, learned (9).
ট	ṭ,	*vāṭī-stha :* situated in the house (5).
ঠ	ṭh,	*paṭhat + daśā :* status pupillaris (10).
ড	ḍ,	*kāṇḍārī-vihin :* deprived of a helmsman (99) ; *kāṇḍa-a kāṇḍa=hita-ahita :* right and wrong (106).
ঢ	ḍh,	*upa-ḍhaukan :* ceremonial present to a superior (71).
ণ	ṇ,	*bhīṣaṇ—śabda :* terrible noise (95).
ত	t,	*prati-vād :* antagonistic speech, objection (8) ; *khara-tar :* very sharp (12).
থ	th,	*sabhā-stha :* present in meeting (14).
দ	d,	*vi-pan-na :* distressed (9).
ধ	dh,	*ganda o dhūna :* gums and resins (21).
ন	n,	*vi-pad-na :* distressed (9) ; *antar-bhukta*, included (13).
প	p,	*pada* + āghāt *:* foot blow, kick (15) ; *paṭhat + dāśā :* status pupillaris (10).
ফ	ph,	*sa-phal-kām :* with fruit desire, one whose desire had materialised (12).
ব	b,	*sva-avalambi :* self-supporting (111).
ভ	bh,	*antar-bhukta :* included (13).
ম	m,	*uttama + ṛṇ=uttamarṇa :* creditor (2).
য	y,	*upa* + yaśah + *bhājan* : lit. receptacle of ill-fame, object of condemnation (6).
র	r,	*khara-tar :* very sharp (12) ; *sar-añjām* : materials (19) ; *ud-rek :* beginning (7).
ল	l,	*sa-phal-kām :* with fruit desire, one whose desire had materialised (12).
ব	v,	*sva-deś-vāsī :* fellow countryman (85) ; *jīvanī-pranetā :* author of biography (85).
শ	ś,	*upa* + yaśah + *bhājan*, lit. receptacle of ill-fame (6) ; *upa-śama*, slight diminution (25).
ষ	ṣ,	*ghuṣi :* clenched fist (27) ; *sat-anuṣṭhān :* good work (38).
স	s,	*ud-āsīn :* sitting aside (it comes from the àsa to sit), neutral, indifferent (16) ; *rasāyan :* chemistry (19).
হ	h,	*sa-hṛdaya :* sympathetic (16).

সমাচার পরিচয়

কথাটা কি সত্য?

Is the story true?

কানাডা হইতে তারযোগে[1] গত মঙ্গলবার এই সংবাদ আসিয়াছে যে, কোন ধনী নারী কলিকাতায় এক খানি জাহাজ ভাড়া করিয়া বহু লোককে কানাডা পাঠাইবার আয়োজন[2] করিতেছেন।

[1] By means of the wire, by telegraph.
[2] *ā + yojan :* making preparation.

আশ্চর্য্য সংবাদ।

Astonishing intelligence.

জনরব[1] এই হাওড়ার একজন সব-ডেপুটী মাজিষ্ট্রেট কলিকাতার পুলিসের সব-ইনস্পেক্টার নিযুক্ত হইয়াছেন। সব ডেপুটি পুলিসের সব-ইনস্পেক্টার হইলেন কেন এই রহস্য[2] ভেদ[3] কে করিবে?

[1] *Jana-rav :* people's talk, rumour.
[2] Mystery.
[3] Piercing, exposing.

যৌথ[1] ঋণদান[2] সমিতি[3]।

Co-operative Credit Society.

১০ বৎসরে অসাধারণ কার্য্য নির্ব্বাহ হইয়াছে। ১০ বৎসর পূর্ব্বে ভারতবর্ষে ২১১টা যৌথ ঋণদান সমিতি ছিল এখন ১২ হাজার সমিতিতে

[1] Joint-stock. Here the term is misapplied, for the obvious reference is to Co-operative Credit Societies.
[2] Loan-giving.
[3] Coming together, association.

৬ লক্ষ সভ্য ৫ কোটি টাকার কারবার করিতেছেন। এই সমিতি উত্তমর্ণদের[1] নাগপাশ[2] হইতে দরিদ্র লোককে বাঁচাইবার এক বিশেষ যন্ত্র[3] হইয়াছে।

[1] Uttama + ṛṇ=uttamarṇa : creditor.
[2] Serpent-noose.
[3] Special instrument.

মৌলবী লিয়াকৎ হোসেন।

Moulvi Liakut Hossain.

গত মঙ্গলবার ২৩এ জুন মৌলবী লিয়াকৎ হোসেনের বক্তৃতা[1] বন্ধের[1] কাল উত্তীর্ণ[2] হইবার দিন ছিল, কিন্তু গত ১৭ই তারিখ তিনি পুলিশ কমিশনারের নিকট হইতে এই পরওয়ানা[3] পাইয়াছেন যে আরও এক বৎসর কাল তিনি কলিকাতা বা তাহার উপনগরে[1] বক্তৃতা করিতে পারিবেন না। মৌলবী সাহেব গবর্ণরের নিকট দরখাস্ত করিয়াছেন।

[1] Speech-bond, prohibition of public speaking.
[2] *Ut+tīrṇa:* over-past, expired.
[3] *H. parwānā:* notice.
[4] *Upa-nagar:* sub-urb.

কতগুলি দুর্ঘটনা।

Some accidents.

এক সার্কাসওয়ালা[1] কতিপয় সিংহ সহ আমেরিকার অন্তর্গত সিকাগো[2] নগরে গমন করিয়াছিলেন। একটা খাঁচার[3] মধ্যে ৬টা সিংহ ছিল, একদিন রাত্রিকালে অন্ধকারে তিনি সেই খাঁচার মধ্যে প্রবেশ করেন। সিংহগুলি তাঁহাকে তৎক্ষণাৎ খাইয়া ফেলে। একটা সিংহ খাঁচা হইতে বহির্গত হইয়া সহরের মধ্যে প্রবেশ করে, সহরবাসী ভয়ে দরজা বন্ধ করিয়াছিল।

[1] Circus-wālā : owner of a circus.
[2] Chicago.
[3] Cage.

শিক্ষা বিভাগে উপাধি দান।

Titles conferred in the Educational Department.

রাজসাহীর স্কুল সমূহের ইনস্পেক্টার ডাক্তার পূর্ণানন্দ চট্টোপাধ্যায় এডিনবরা বিশ্ববিদ্যালয়ের ডি, এস, সি। গবর্ণমেণ্ট ইতঃপূর্ব্বে তাঁহাকে রায় সাহেব উপাধি দিয়াছিলেন, গত সোমবার তাঁহাকে রায় বাহাদুর করিয়াছেন।

ঢাকা কলেজের অধ্যাপক[1] ভূপতিনাথ দাসকেও রায় বাহাদুর করা হইয়াছে। ভূপতি বাবু চক্ষের জল ফেলিতেছেন কি হাসিতেছেন, তাহা জানি না।

[1] Professor.

বঙ্গীয় গবর্ণমেণ্ট আফিসের কেরাণী।

Clerks in the Bengal Secretariat offices.

বঙ্গীয় গবর্ণমেণ্ট আফিসে নিম্নশ্রেণীর ১১ টা কেরাণী পদ খালি[1] হইবে। ঐ পদে নিয়োগের জন্য আগামী সেপ্টেম্বর মাসে পরীক্ষা গৃহীত হইবে। যাহারা ইণ্টারমিডিয়েট কমার্সিয়াল ক্লাসের শেষ পরীক্ষায় উত্তীর্ণ[2] তাহারা পরীক্ষা দিতে পারিবে। পরীক্ষার্থিগণ[3] ১৫ই আগষ্টের পূর্ব্বে পরীক্ষা দানের অনুমতি প্রার্থনা করিয়া বোর্ড অব একজামিনারের সেক্রেটারীর নিকট নির্দ্দিষ্ট ফারম[4] পূর্ণ করিয়া দরখাস্ত করিবেন।

[1] Vacant.
[2] Passed, successful.
[3] *Parīkṣā+arthi:* examination-desiring, candidates.
[4] Appointed form.

মাতব্বর সাক্ষী।

An important (used in ironical sense) witness.

নির্ম্মলকান্ত রায়কে গোয়েন্দা[1] পুলিস ইনস্পেক্টার নৃপেন্দ্র নাথ ঘোষের হত্যাকারী[2] বলিয়া যাহারা সাক্ষ্য দিয়াছিল, তাহাদের মধ্যে যোগেন্দ্র নাথ ভট্টাচার্য্য একজন প্রধান ব্যক্তি। অথচ এই লোকটা ইতঃপূর্ব্বে ১০ বৎসর জেল খাটিয়াছিল[3]। সেই জন্যই মিঃ নর্টন বলিয়াছিলেন যোগেন্দ্র নাথ "প্রেসিডেন্সী জেলের এম, এ।" সম্প্রতি এই যোগেন্দ্র হাওড়া ষ্টেশনে গিয়া এক ব্যক্তির ঘড়ী চেইন চুরির অভিযোগে ধৃত হইয়াছে।

[1] Detective.
[2] *Hatyā-kārī:* murderer.
[3] To labour, serve, work out.

শিক্ষা বিভাগের নূতন রীতি।

A new rule in the Education Department.

ভদ্রক বালেশ্বর[1] জেলার অন্তর্গত। এখানকার ডেপুটী ম্যাজিষ্ট্রেট তথাকার পুরাতন স্কুল কমিটি এবলিস[2] করিয়া স্বয়ং এক কমিটি গঠন[3] করিয়াছেন।

[1] Balasore.
[2] Abolish.
[3] Framing.

তাহার বিরুদ্ধে শিক্ষা বিভাগের ডিরেক্টারের নিকট আবেদন করাতে ডিরেক্টার বলিয়াছেন, ম্যাজিষ্ট্রেট যাহা করিয়াছেন, তাহাই ভাল। ম্যাজিষ্ট্রেট তাঁহার নিজের মনোনীত কমিটির সহিত পরামর্শ না করিয়াই হেড মাষ্টার এবং অন্য একজন উপাধিপ্রাপ্ত[1] শিক্ষককে বরখাস্ত[2] করিয়াছেন।

[1] Title-obtained, decorated, having an honorific title or degree. Probably the latter is meant here.
[2] P. *barkhāst:* dismissed.

রাজনৈতিক নরহত্যা।

Political murders.

কতকগুলি হত্যার নাম রাখা হইয়াছে, রাজনৈতিক নরহত্যা। এইরূপ হত্যা যেখানে সংগোপনে[1] হইয়াছে সেই স্থলে হত্যাকারী ধৃত হয় নাই। আমাদের মনে হয়, রাজনৈতিক কারণে হত্যা হইয়াছে, এইরূপ সন্দেহ করাতেই আততায়ী[2] ধৃত হইতেছে না। যাহারা হত হইয়াছে, তাহাদের চরিত্র কিরূপ ছিল, তাহাদের সঙ্গে কাহারও শত্রুতা ছিল কি না ইত্যাদি অনুসন্ধান করা অতি প্রয়োজন। এই সব অনুসন্ধান না করিয়া রাজনীতির[3] উপর সকল দোষ চাপাইয়া[4] দেওয়াতেই বোধ হয়, নরঘাতকগণের সন্ধান হইতেছে না।

[1] In secret.
[2] Criminal (lit. aggressor).
[3] Politics.
[4] Pressing, imposing.

কানাডায় ভারতবাসীর লাঞ্ছনা।

Oppression of Indians in Canada.

আমেরিকার অন্তর্গত ভাঙ্কোবারে[1] ৮০০ ভারতবাসী গত সোমবার এক সভায় মিলিত হইয়া ভারতবাসীর প্রতি কানাডার রাজ কর্ম্মচারীদের অন্যায় ব্যবহারের তীব্র[2] প্রতিবাদ[2] করিয়াছেন; তাঁহারা বলিয়াছেন ভারতবাসীকে যেরূপ অপমান করা হইতেছে, যদি তাহার প্রতিকার[3] করা না হয়, তবে ভারতবাসী তাহা কখনও ভুলিতে পারিবে না. ভারতবাসী তাহা ক্ষমা করিতেও পারিবে না। কানাডার প্রধান মন্ত্রী মিঃ বোর্ডেন ও ভারতসচিব[4] লর্ড ক্রুর নিকট প্রতিকারের জন্য টেলিগ্রাম করা হইয়াছে।

[1] Vancouver.
[2] Vigorous remonstrance.
[3] Remedy.
[4] India-minister, Secretary of State for India.

নূতন রকমের উপাধি।

Honours of a new kind.

সম্রাটের জন্মদিন উপলক্ষ্যে গত সোমবার ৩ জন মুসলমানকে অনারারি[1] কে, সি এস, আই, অনারারি সি, এস, আই ও অনারারি সি, আই ই উপাধিতে অলঙ্কৃত করা হইয়াছে। এই অনারারি উপাধির অর্থ কি? অনারারি ম্যাজিস্ট্রেটের অর্থ, যাঁহারা বেতন গ্রহণ না করিয়া ফৌজদারী মামলা নিষ্পত্তি করেন। অনারারি কে, সি, এস, আই অর্থ কি যাঁহারা গবর্ণমেন্টের নিকট কোন বৃত্তি[2] পান না? যাঁহারা অনারারি নহেন তাঁহারা কি বৃত্তি পান? না ইহার অপর কোন অর্থ আছে? অনারারিগণ টাকা না দিয়া উপাধি পাইয়াছেন, আর অনারারি যাঁহারা নহেন তাঁহারা বহু টাকা ঢালিয়া[3] উপাধি অর্জ্জন করিয়াছেন। ইহার কোন্ অর্থ ঠিক?

[1] Honorary.
[2] *Vṛtti:* pension, allowance.
[3] Pouring.

কালিয়ার মোকদ্দমা।

The Kāliyā cases. (Kaliya is a well-known village in Jessore.)

কালিয়ার দাঙ্গা[1] ও নরহত্যা[2] সম্বন্ধে কতগুলি মোকদ্দমা উপস্থিত হইয়াছে। ইতঃপূর্ব্বে তাহার দুইটা মোকদ্দমা হাইকোর্টের আদেশে যশোহর হইতে খুলনায় উঠাইয়া লওয়া হইয়াছে। বাবু বসন্তকুমার দাস, দারোগা শৈলেশচন্দ্র মিত্রের বিরুদ্ধে বলপূর্ব্বক গৃহে প্রবেশ করিয়া বাটীস্থ[3] লোকদিগকে গালি দেওয়া ও প্রহার করার অভিযোগ করিয়াছিলেন। কিন্তু নড়াইলের[4] ডেপুটী সে গুরুতর মোকদ্দমা অগ্রাহ্য করেন। যশোহরের জজের নিকট দরখাস্ত করাতে তিনি সেই মোকদ্দমার বিচার করিতে হুকুম দেন। বসন্ত বাবু নড়াইলের ডেপুটী দ্বারা মোকদ্দমার বিচার না করাইয়া তাহা খুলনায় উঠাইয়া লইয়া যাইবার অভিপ্রায়ে হাইকোর্টে দরখাস্ত করেন। তাঁহার দরখাস্ত মঞ্জুর[5] হইয়াছে।

[1] Riot.
[2] Homi-cide.
[3] Vāṭi-stha, situated in the house.
[4] Narail, a subdivision of the Jessore district.
[5] Granted, sanctioned.

ইহারা ধ্বংসের পথে চলিয়াছে।

These march on the path of Destruction.

জর্ম্মনী প্রতি বৎসর সৈন্যবল বৃদ্ধি করিতেছে। কেন না ফ্রান্স ও রুষিয়া তাহার শত্রু। রুষিয়াও সৈন্যবল[1] বৃদ্ধি করিতেছে কেন না জর্ম্মনী ও অষ্ট্রিয়া তাহার শত্রু। জর্ম্মনীর সৈন্য সংখ্যা এখন ৮ লক্ষ ৭০ হাজার। যদি যুদ্ধ আরম্ভ হয়, তবে সৈন্য সংখ্যা ৫৪ লক্ষ করিতে পারিবে. রুষিয়ার সৈন্য সংখ্যা ১৭ লক্ষ কিন্তু কোন দেশের সহিত যুদ্ধ বাধিলে ইহার ৪ গুণ সৈন্য রণক্ষেত্রে প্রেরণ করিতে সমর্থ[2] হইবে। জর্ম্মনী রুষিয়া ও ফ্রান্স সৈন্য সংখ্যা বৃদ্ধি করিতেছে। দেশের জোয়ানগণ[3] যদি সৈন্য হয় তবে কৃষি বাণিজ্য করিবে কে? মানুষকে শত্রু করাতেই ইউরোপের দুর্দ্দশা হইতেছে। সর্ব্বজীবে এক আত্মা দেব নারায়ণ,[4] এই মন্ত্র[5] গ্রহণ না করিলে ইউরোপ ধ্বংস হইবে।

[1] Soldier force, armed forces.
[2] Capable.
[3] H. Jawān : lit. young men—here means strong young men.
[4] In all animals lives one soul, the God Narayan (a name of Vishnu).
[5] Formula, creed.

গবর্ণমেণ্ট ও বহু বিবাহ।

Government and Polygamy.

ভারতের পরিত্রাণের জন্য ভারতবর্ষে ইংরেজের আবির্ভাব[1] হইয়াছে. অনেকে এই কথা বলেন। ইংরেজের আগমনে ভারতবর্ষের অনেক দুর্নীতি দমন হইয়াছে। কিন্তু আজকাল দুর্নীতির উপর ইংরেজের তেমন ঘৃণা দেখা যাইতেছে না। কয়েক দিন হইল হাতুয়ার অল্পবয়স্ক মহারাজকুমার এক স্ত্রী বর্ত্তমান থাকিতে দ্বিতীয় বিবাহ করিয়াছেন। মহারাজকুমারের এই দুষ্কার্য্যের প্রতি গবর্ণমেণ্টের ঘৃণা প্রকাশ করা উচিত ছিল। ঘৃণা প্রকাশ করা দূরে থাকুক, গবর্ণমেণ্ট তাঁহাকে সম্রাটের জন্ম দিন উপলক্ষ্যে মহারাজা বাহাদুর উপাধি প্রদান করিয়াছেন। গবর্ণমেণ্ট যে বহু বিবাহকারীর প্রতি সম্মান প্রদর্শন করিলেন ইহাতে আমরা দুঃখিত হইয়াছি। কুকার্য্যকারীকে প্রশ্রয় দিয়া গবর্ণমেণ্ট অপযশভাজন[2] হইয়াছেন।

[1] Appearance.
[2] Apa + yaśah + bhājon : lit. ill-fame-receptacle.

কায়স্থ সভা ও বরপণ নিবারণ।

The Kāyastha Sabhā and prevention of bridegroom prices (dowers).

গত রবি ও সোমবার হাওড়া টাউনহলে বঙ্গীয় কায়স্থ সভার বার্ষিক অধিবেশন হইয়া গিয়াছে। অভ্যর্থনা[1] সমিতির[1] সভাপতি মিঃ বরদাচরণ মিত্র মহাশয় বলিয়াছেন কায়স্থদের দুইটী প্রধান কার্য্য করিতে হইবে। প্রথম কার্য্য উচ্চ শিক্ষার বিস্তার দ্বিতীয় কার্য্য বরপণ নিবারণ। পণপ্রথায় কায়স্থ সমাজের জীবনী[2] শক্তি[2] ধ্বংস করিতেছে।

কায়স্থ সভার সভাপতি শ্রীযুক্ত বসন্তকুমার বসু মহাশয় বলিয়াছেন, পণ প্রথা রহিত করা কায়স্থ সমাজের এক প্রধান উদ্দেশ্য। কায়স্থ সভা বর পণ নিবারণ করিতে দৃঢ়সঙ্কল্প[3] হইয়াছেন। যাহারা পণ গ্রহণ করিয়া মানবকুলের[4] কলঙ্কস্বরূপ হইতেছে, তাহাদিগকে কঠোর শাসন না করিলে এই পাপের প্রতি সহজে ঘৃণার উদ্রেক[5] হইবে না।

[1] Reception Committee.
[2] Life vigour, vitality.
[3] Strongly resolved, determined.
[4] Human family or race.
[5] *Ud+rek :* beginning.

ভ্রম সংশোধন।

An erratum. (Correction of mistake.)

কলিকাতা গেজেটে মেট্রিকুলেসন ও ইন্টারমিডিয়েট পরীক্ষার ফল প্রকাশে যে ভুল হইয়াছিল, তাহার সংশোধন করা হইয়াছে।

মেট্রিকুলেসন পরীক্ষায়—বসু গোপালচন্দ্র পান্দ্রা হাই স্কুল স্থলে[1] বসু গোপালচন্দ্র জজ বাহাদুর করোনেশন স্কুল জামতারা।

রঘুনাথ সহায় শান্তিপুর স্কুল স্থলে— রঘুনাথ সহায় সমস্তিপুর হইবে।

আই, এস সি, পরীক্ষায়—দাস গুপ্ত রাজেন্দ্রভূষণ ঢাকা কলেজ স্থলে দাস গুপ্ত ব্রজেন্দ্রভূষণ ঢাকা কলেজ।

আই, এ, পরীক্ষায়—চট্টোপাধ্যায় বিভূতিভূষণ, মেট্রপলিটান ইনষ্টিটিউসন স্থলে চট্টোপাধ্যায় বিভূতিভূষণ, মেট্রপলিটান ইনষ্টিটিউসন হইবে।

[1] In lieu of.

বহু বিবাহ ও বাঙ্গালী।

Polygamy and the Bengalis.

ইন্দোরের মহারাজা হোলকার দারজিলিং বাস করিতেছেন। এক গুণবতী স্ত্রী ও কয়েকটী সন্তান থাকিতে তিনি অল্পদিন হইল পুনরায় বিবাহ করিয়াছেন। এই দ্বিতীয় বিবাহ করাতে তাঁহার দেওয়ান সার চন্দবরকার হোলকারের কার্য্যের প্রতিবাদ[1] করিয়াছিলেন। সেই হোলকার দারজিলিং আসিয়াছেন, আর দারজিলিংএর "হিমালয়ান সোস্যাল রিইউনিয়া ন ক্লব" তাঁহার প্রতি সম্মান প্রদর্শনের জন্য এক উৎসবের আয়োজন করিয়াছিলেন। যাহারা পাপ কার্য্যের প্রতি ঘৃণা দেখাইতে পারে না, তাহাদের মত অমানুষ[2] আর নাই। বাঙ্গালী যতদিন পাপের প্রতি ঘৃণা প্রদর্শন করিতে পারিবে না, ততদিন তাহাদের কল্যাণ হইবে না। ধন ও পদমর্য্যাদা কিছুই গ্রাহ্য না করিয়া কেবল সতের আদর ও অসতের অনাদর করিতে বাঙ্গালী শিক্ষা করুন।

[1] *Prati-vād*: antagonistic-speech, objection.
[2] Unmanly.

পার্নেল কেন জাতীয় দলভুক্ত হইয়াছিলেন?

Why Parnell joined the Nationalist Party.

পার্নেল ইংলণ্ডের অন্তর্গত চেসিয়ারের[1] এক প্রবল পরাক্রান্ত রক্ষণশীল[2] পরিবারের সন্তান। বাল্যকালে তিনি উৎকট[3] রক্ষণশীল ছিলেন। একদা পুলিস কেলি ও ডিসি নামক দুইজন স্বদেশানুরাগী[4] ও স্বার্থবিসর্জ্জনকারী[5] যুবককে গ্রেপ্তার করিয়া লইয়া যাইতেছিল। বহু লোক তাহাদিগকে পুলিসের হস্ত হইতে উদ্ধার করিবার জন্য চেষ্টা করে, পুলিস ও জনসাধারণের মধ্যে ভীষণ দাঙ্গা হয়। এই দাঙ্গায় পুলিস সার্জ্জেন্ট ব্রেট হত হন এবং এলেন, গুল্ড ও লার্কিন নামক ৩ জন আইরিসকে নরহত্যার অপরাধে ফাঁসী[6] দেওয়া হয়। পার্নেল তখন কেম্ব্রিজে পাঠ করিতেছিলেন। তিনি এই অন্যায় ফাঁসী দণ্ডের কথা শুনিয়া ঘৃণা ও ক্রোধে এমন অভিভূত হইয়াছিলেন যে, রক্ষণশীলতা

[1] Cheshire.
[2] Conservative, lit. addicted to conservation.
[3] Rabid, violent.
[4] Patriotic, own-country-loving.
[5] Disinterested. *Sva-artha-vi-sarjjan-kārī*: 'own-interest-abandonment-making.'
[6] Hanging.

পরিবর্জ্জন করিয়া আয়র্লণ্ডের জাতীয় দলভুক্ত হন এবং সমস্ত জীবন আয়র্ল-ণ্ডের কল্যাণার্থ[1] নিয়োগ করিতে দৃঢ় সঙ্কল্প করেন।"

[1] Kalyana + artha, prosperity-purpose, for the prosperity of.

ইহা কি অন্যায় কার্য্য নয়?

Is this not an unjust act?

শ্রীযুক্ত যদুনাথ সরকার পাটনা কলেজের ইতিহাসের অধ্যাপক[1]। মোগল শাসন কালের ইতিহাস সম্বন্ধে ইহাঁর মত অভিজ্ঞ[2] ব্যক্তি দ্বিতীয় কেহ বর্ত্তমান নাই। তবু ইহাঁর মস্তকের উপর মিঃ স্মিথ নামক এক ব্যক্তিকে স্থাপন করা হইয়াছে। যখন মিষ্টার সার্পের আদেশানুসারে মিঃ রসুল, সরাওয়ার্দ্দি ও জসাওয়ালকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের পদ হইতে অবসৃত[3] করা হয়, তখন বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ সভ্য মিঃ সার্পের কার্য্যের প্রতিবাদ করিয়াছিলেন কিন্তু এই মিঃ স্মিথ মিঃ সার্পের সমর্থন করিয়া যশস্বী হইয়া-ছিলেন। ইনি বাঁকুড়ার মিশনরী কলেজে অধ্যাপকতা করিতেন. হঠাৎ কি গুণে মুগ্ধ[4] হইয়া তাঁহাকে ইণ্ডিয়ান এডুকেশনেল সার্ব্বিসে নিযুক্ত করিয়া যদু বাবুর উপরে তাঁহাকে বসাইয়া দেওয়া হইয়াছে। এই কাজটা অতি গর্হিত[5] হইয়াছে। কিন্তু ভারত গবর্ণমেণ্টের শিক্ষা বিভাগ এই সকল প্রতিবাদে কর্ণপাত করা উচিত মনে করেন না।

[1] Professor of history.
[2] *Abhi-jña:* learned.
[3] Removed.
[4] Enchanted, infatuated.
[5] Blamable, disgraceful.

"জমিন্দার" সংবাদ পত্র।

The "Zamindar" News paper.

লাহোরের "জমিন্দার" নামক সংবাদ পত্র খুব বিপন্ন[1] হইয়াছেন। মিঃ জাফর আলি নামক একজন সুশিক্ষিত ব্যক্তি এই পত্রের সম্পাদক। পঞ্জাব গবর্ণমেণ্ট একবার এই সংবাদপত্রের নিকট ২ হাজার টাকার জামিন লইয়া ছিলেন। কিয়দ্দিন পরে সেই টাকা বাজেয়াপ্ত[2] হয়। ইহার পর জমিন্দারের ১৫ হাজার টাকা ও ছাপাখানাও[3] বাজেয়াপ্ত হইয়াছে।

[1] *Vi-pad-na:* distressed.
[2] P. confiscated.
[3] Printing-press.

১২ হাজার টাকা ও ছাপাখানা বাজেয়াপ্ত হওয়াতে পঞ্জাবের চিফ-কোর্টের নিকট গবর্ণমেন্টের হুকুম রদ করিবার জন্য দরখাস্ত দেওয়া হয়. চিফকোর্টের প্রধান বিচারপতি সার আলফ্রেড কেন্‌সিংটন, জষ্টিস জনষ্টোন ও জষ্টিস রাটিগান এই মোকর্দ্দমার বিচার করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন, 'জমিন্দারে' যে সকল প্রবন্ধ [1] প্রকাশিত হইয়াছে, তদ্দ্বারা গবর্ণমেন্টের প্রতি ঘৃণা জন্মিবার সম্ভাবনা সুতরাং জজেরা দরখাস্ত অগ্রাহ্য করিয়াছেন।

তাঁহারা মুদ্রাযন্ত্র আইনের [2] যে ব্যাখ্যা [3] করিয়াছেন, তাহা শুনিয়া অনেকেই চমকিত হইবেন। তাঁহারা বলিয়াছেন, গবর্ণমেণ্ট যে টাকা বাজেয়াপ্ত করেন, আইনানুসারে আদালত তাহার পরিমাণ হ্রাস [1] করিতে পারেন না।

[1] Articles, essays.
[2] Press Act : *Mudrā-yantra-āin.*
[3] Interpretation.
[4] Diminution.

উৎপাত।

Annoyance : oppression.

কোন ভদ্রলোক লিখিয়াছেন—নিলফামারী রঙ্গপুর জেলার একটী মহকুমা [1]। এখানে শ্রীযুক্ত রজনীকান্ত সরকার বি, এল, একজন প্রাচীন উকীল। তাঁহার পুত্র নলিনীকান্ত সরকার কলিকাতা পঠদ্দশায় [2] দুর্ভাগ্যক্রমে আলিপুরের বোমা ঘটিত মোকদ্দমায় আসামী হইয়াছিল এবং পরে বিচার কালে নির্দ্দোষ সাব্যস্ত [3] হইয়া সেসন আদালত হইতে মুক্তি লাভ করে। কিন্তু সেই সময় হইতে পুলিশ তাহার পিছনে লাগিয়া রহিয়াছে। খালাস হইবার পর নিলফামারীতে আসিলে একজন হেড কনেষ্টবল তাহার অনুসরণে নিযুক্ত হয় এবং নলিনী যখন যেখানে যাইত ও যখন যে কার্য্য করিত তাহার সংবাদ বহন করিত [5] এইরূপ পুলিশের ব্যবহারে বিরক্ত হইয়া নলিনী পণ্ডিচারী চলিয়া যায় তথায় ২।৩ বৎসর থাকিয়া পুনরায় নিলফামারী আসিয়াছে; ভাবিয়াছিল পুলিস আর তাহাকে বিরক্ত করিবে না কিন্তু আবার পুলিস তাহার পিছনে লাগিয়াছে। সম্প্রতি দুইজন কনেষ্টবল তাহার গতিবিধি [4] লক্ষ্য করিতেছে। এই দুইটী কনেষ্টবলকে রজনী বাবুর বাসার নিকট পাদচারণ করিতে দেখা যায়। নলিনীর পিতা মাতা আশঙ্কা করিতেছেন যে পুলিসের এইরূপ ব্যবহারে সে বাড়ীতে তিষ্টিতে না পারিয়া পুনরায় চলিয়া যাইবে।

[1] Subdivision.
[2] Status pupillaris : *Paṭhat+daśā.*
[3] Established, determined.
[4] Way of movements.

পুলিস কি নিয়ম ভঙ্গ করিতে পারে ?

Can the Police break the Regulations?

লোয়ার সার্কুলার রোডে[1] কোন ভারতবাসীর মোটর গাড়ীর সহিত পুলিসের আসিষ্টাণ্ট কমিশনার মিঃ সেরিডানের মোটর গাড়ীর সংঘর্ষণ[2] হওয়াতে পুলিস ভারতবাসীর মোটর গাড়ীর চালকের বিরুদ্ধে ফৌজদারীতে নালীস উপস্থিত করিয়াছে।

মিঃ সেরিডান জেরায়[3] বলিয়াছিলেন, তাঁহার গাড়ী ঘণ্টায় ১৫ মাইল বেগে যাইতেছিল। কলিকাতার পুলিসের নিয়ম এই যে মোটরগাড়ী ঘণ্টায় ১২ মাইলের বেশী যাইতে পারিবে না।

মিঃ সেরিডানকে সেই কথা বলাতে তিনি স্বীকার করিতে বাধ্য হইয়াছেন যে, তিনি নিয়ম লঙ্ঘন করিয়াছেন।

আসামীর উকীল জিজ্ঞাসা করিয়াছেন "বিনা লাইসেন্সে[4] কেহ মোটর গাড়ী চালাইতে পারে কি না ?

সেরিডান - না।

আসামীর উকীল -- আপনার কি লাইসেন্স আছে ?

সেরিডান—না।

উকীল—তবে আপনি নিয়ম লঙ্ঘন করিয়াছেন ?

সেরিডান - হাঁ নিয়ম লঙ্ঘন করিয়াছি বটে কিন্তু আমিই মোটর গাড়ীর চালকদিগকে[5] লাইসেন্স প্রদান করি। সুতরাং আমার আবার লাইসেন্সের প্রয়োজন কি ?

আইনকর্ত্তাদের তবে বুঝি আইন মানার[6] কোন প্রয়োজন নাই ?

[1] Lower Circular Road.
[2] Collision.
[3] In cross-examination.
[4] Without licence.
[5] Driver, chauffeur.
[6] Of observing. Verbal noun of *māni*, to honour, observe.

চট্টগ্রামে নরহত্যা।

A homicide (murder) in Chittagong.

বিগত ১৯এ জুন শুক্রবার সন্ধ্যার পর সত্যেন্দ্রনাথ সেন, নরেন্দ্রনাথ রায় ও বিজয় নামক ৩ যুবক সদরঘাট রাস্তা[1] দিয়া যাইতেছিল। হঠাৎ রিভল্‌ভারের গুলিতে সত্যেন্দ্র নাথ ভূমিতলে পতিত হইয়া প্রাণত্যাগ করে।

[1] Sadr Ghāṭ Road, a street leading to the old landing place in the harbour of Chittagong.

সেই দিনই চারিদিকে এই কথা প্রচার করা হয় যে নরেন্দ্রনাথ রায় ঢাকা ষড়যন্ত্র[1] মোকদ্দমায় রাজসাক্ষী[2] ছিল, তাহাকে ইতঃপূর্ব্বে বধ করার উদ্যোগ করা হইয়াছিল কিন্তু সফলকাম[3] না হইয়া তাহার শত্রুগণ চট্টগ্রাম আসিয়াছিল এবং নরেন্দ্রনাথকে মারিবার জন্য যে গুলি করা হইয়াছিল, তাহাতে সত্যেন্দ্র নিহত হইয়াছে। নরেন্দ্রনাথ বলিয়াছে, তাহারা তিন বন্ধু যখন রাস্তা দিয়া যাইতেছিল, তখন সে পদশব্দ শুনিয়া পশ্চাদ্দিকে দৃষ্টি করিবামাত্র দেখিতে পায় যে এক ব্যক্তি অন্ধকারে তাহাদের দিকে কি লক্ষ্য করিয়া ধরিয়া রহিয়াছে। সুতরাং সে তৎক্ষণাৎ মাথা নত করে। গুলি তাহার শরীরে না লাগিয়া সত্যেন্দ্রকে বিদ্ধ করে।

ইহার পর এই সংবাদ পাওয়া গিয়াছে যে নরেন্দ্রনাথ রায় ঢাকা ষড়যন্ত্র মোকদ্দমার রাজসাক্ষী নহে কিন্তু সাধারণ সাক্ষী ছিল।

এই নরহত্যার তদারক করিবার জন্য ঢাকা ও কলিকাতার বড় বড় গোয়েন্দা চট্টগ্রাম গিয়াছেন। কলিকাতার মিঃ হচিনসন সি, আই, ডির[4] একজন বিচক্ষণ কর্ম্মচারী। তিনিও চট্টগ্রাম গমন করিয়াছেন।

পুলিস এই নির্দ্ধারণ করিয়াছেন যে, ভিন্ন জেলার কয়েক ব্যক্তি চট্টগ্রামের কয়েক জন রাজদ্রোহী[5] যুবকের সহায়তায় এই হত্যাকাণ্ড[6] নিষ্পন্ন করিয়াছে। পুলিস এই সকল লোককে ধরিবার জন্য লাকসাম জংসন ও চান্দপুরে অনেক গোয়েন্দা প্রেরণ করিয়াছেন। গোয়েন্দাগণ রেল ও ষ্টীমার যাত্রী যুবকদিগের উপর খরতর[7] দৃষ্টি রাখিয়াছেন। ডেপুটী মাজিষ্ট্রেট বাবু নিরঞ্জন রায় অন্য কার্য্য ত্যাগ করিয়া কেবল নরহত্যার তদারক করিতে আদিষ্ট হইয়াছেন। তিনি নানাশ্রেণীর লোকের জবানবন্দী গ্রহণ করিতেছেন। নরেন্দ্রনাথ রায় অনেক কথা বলিয়াছে; যাহাদের উপর তাহার সন্দেহ তাহাদের নাম বলিয়াছে। নরেন্দ্রের প্রাণরক্ষার জন্য পুলিস প্রহরী নিযুক্ত হইয়াছে।

১৯ তারিখের পর ৬ দিন অতিবাহিত হইল পুলিস অদ্যাপি কাহাকেও গ্রেপ্তার করে নাই।

আমরা পুলিসকে এই অনুরোধ করি এই নরহত্যা রাজনীতিমূলক[8] কি হিংসামূলক[9] সর্ব্বাগ্রে[10] তাহা নির্ণয় করা হউক। সত্যেন্দ্র, নরেন্দ্র ও বিজয়ের

[1] Conspiracy : *Sad & yantra ;* lit. Combination of six.
[2] Crown-witness, approver.
[3] *Sa-phal-kām :* with-fruit-desire, one whose desire had materialised *cf kṛta-kāryya—:* successful.
[4] C.I.D. Criminal Investigation Department.
[5] *Rāj-drohī :* seditious ; *rāj-droha :* treason against the King.
[6] Murder-act—act of murder.
[7] *khara-tar :* very sharp.
[8] Of political origin (*mūl*).
[9] Due to enmity (lit. desire to kill).
[10] First of all.

মধ্যে কি সূত্রে[1] সখ্য[2] স্থাপন হইল, ইহারা কোন্ কোন্ স্থানে গমন করিত, ইহাদের সঙ্গী কে ইহাদের আদ্যন্ত[3] চরিত্র কেমন, ইহার অনুসন্ধান করা কর্ত্তব্য।

[1] From what circumstance.
[2] Companionship, friendship.
[3] *Ādi + antā* : from beginning to end.

রেজেষ্টরী বিভাগে নিয়োগের নিয়ম।

Rules for Appointments in the Registration Department.

গত বুধবারের কলিকাতা গেজেটে রেজিষ্টারী বিভাগে নিয়োগের নিয়ম প্রকাশিত হইয়াছে।

কত জনকে শিক্ষানবীশরূপে[1] গ্রহণ করা হইবে, সকৌন্সিল গবর্ণর[2] প্রতি বৎসর তাহা নির্দ্ধারণ করিবেন। কত জনকে সব রেজিষ্ট্রার করা হইবে তাহা ১লা আগষ্টের অব্যবহিত[3] পরে কলিকাতা গেজেটে ঘোষণা করা হইবে।

সাধারণতঃ বিভাগীয় কমিশনারের[4] মনোনয়নে[5] শতকরা ৬০ জন ইন্স্পেক্টর-জেনারালের মনোনয়নে ২০ জন নিযুক্ত করা হইবে, এবং সকৌন্সিল গবর্ণর ২০ জন নিযুক্ত করিবেন।

বিভাগীয় কমিশনার কর্ত্তৃক যাঁহারা মনোনীত হইবেন, তাঁহাদের নিম্নলিখিত যোগ্যতা[6] থাকা চাই (১) তাহাদের বাড়ী বা স্থায়ী বাসস্থান, ঐ বিভাগের অন্তর্ভুক্ত[7] হওয়া প্রয়োজন। (২) তাহাদের চরিত্র ও স্বাস্থ্য উত্তম হওয়া আবশ্যক। (৩) তাহাদের বয়স ২৫ এর বেশী হইবে না। (৪) তাহাদের আই, এ বা আই, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া চাই অথবা মাদ্রাসার আরবী বিভাগের শেষ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ও বিশেষ ইংরেজী জ্ঞান থাকা প্রয়োজন। (৫) বাঙ্গালা দলীল সহজে পাঠ করার অভ্যাস থাকা দরকার নিয়োগ সম্বন্ধে এইরূপ নিয়ম করা হইয়াছে বটে কিন্তু সব নিয়ম ভঙ্গ করা চলিবে।

যাহাদের বয়স ২৫এর বেশী হইয়াছে, কিংবা যাহারা আই এ ইত্যাদি পরীক্ষায় উত্তীর্ণ হয় নাই, কমিশনার বা ইনস্পেক্টার-জেনারল বিশেষ কারণ বশতঃ তাহাদিগকেও মনোনীত করিতে পারিবেন।

[1] As apprentices.
[2] Governor in Council.
[3] Nearest, *A + Vi + ava + dhā*, *a-vyava-hita*, not separated.
[4] Divisional Commissioner.
[5] *Manas + nayan* ; selection.
[6] Fitness, qualification.
[7] *Antar-bhukta* ; in-cluded.

প্রত্যেক বিভাগে যত কর্ম্মখালি[1] হইবে, প্রত্যেক জেলার রেজিষ্ট্রার প্রত্যেক কর্ম্মের জন্য সেই জেলানিবাসী ২ জনার নাম কমিশনারের নিকট প্রেরণ করিবেন।

এইরূপে কমিশনার যত নাম পাইবেন, তন্মধ্য হইতে যত কর্ম্ম খালি তাহার প্রত্যেক কর্ম্মের জন্য দুই জন মনোনয়ন করিয়া গবর্ণমেণ্টের নিকট তাহাদের নাম পাঠাইয়া দিবেন।

কমিশনার ও ইনস্পেক্টর জেনারলের মনোনীত ব্যক্তিদের মধ্য হইতে গবর্ণমেণ্ট যাহাদের উচিত মনে করিবেন, তাহাদিগকে নিযুক্ত করিবেন।

কিন্তু নিযুক্ত করিবার সময় কর্ম্মপ্রার্থীর সামাজিক মর্য্যাদা[2] পারিবারিক অবস্থা ও প্রতিপত্তি[3] তাহার পিতা বা পরিবার গবর্ণমেণ্টের কোন হিতকর কার্য্য করিয়াছেন কি না, তাহা বিবেচনা করা হইবে।

শিক্ষানবীশগণ মাসে ৩০ টাকা বেতন পাইবেন।

[1] Vacancy of office.
[2] Social position.
[3] Condition and respectability of the family.

লর্ড হার্ডিংএর জন্মদিনে।

On Lord Hardinge's Birthday.

গত শনিবার লর্ড হার্ডিঞ্জএর বয়স ৫৬ বৎসর পূর্ণ হইয়াছে। বোম্বাই লাহোর ও বাঁকিপুরে তদুপলক্ষ্যে সভা হইয়াছিল এবং সভাস্থ[1] লোকেরা লর্ড হার্ডিংকে তাঁহার কার্য্যকালের[2] অবসানে[3] আরও ২ বৎসর তাঁহাকে ভারতবর্ষে রাখিবার জন্য দরখাস্ত করিতে কৃতসঙ্কল্প[4] হইয়াছেন। তাঁহারা বলিয়াছেন, লর্ড হার্ডিং অনেক শুভকার্য্যের[5] সূত্রপাত[6] করিয়াছেন, তাঁহার কার্য্যকালের ৩৷৷ বৎসর উত্তীর্ণ হইয়াছে, অবশিষ্ট ১৷৷ বৎসরে সে সকল কার্য্য শেষ করিতে পারিবেন না, অতএব তাঁহাকে আরও ২ বৎসর ভারতবর্ষে রাখা উচিত। কি কি শুভকার্য্য তিনি আরম্ভ করিয়াছেন, কেহই তাহা প্রকাশ করিয়া বলেন নাই। তাঁহারা, বোধ হয়, দিল্লীতে রাজধানী নির্ম্মাণের কথা মনে করিয়াই তাঁহাকে এদেশে রাখিবার জন্য ব্যস্ত হইয়াছেন। লর্ড হার্ডিং চলিয়া গেলে দিল্লীতে রাজধানী নাও হইতে পারে, অনেকে এই

[1] *Sabha-stha :* present in meeting.
[2] Time of office.
[3] *Ava-sān :* termination, decline, setting.
[4] *Kṛta-saṅkalpa :* resolved.
[5] Beneficent measures.
[6] Beginning.

কথা বলিতেছেন। যাঁহারা দিল্লীর পক্ষপাতী,[1] তাঁহারা তাই চতুর্দ্দিকে পত্র লিখিয়া সভা আহ্বান করাইতেছেন। বাঙ্গলা দেশেও যাহাতে সভা করা হয়, এইরূপ অনুরোধ পত্র সিমলা হইতে আসিয়াছিল। কিন্তু দিল্লীতে রাজধানী করিবার জন্য লর্ড হার্ডিংকে ভারতবর্ষে মোটের উপর ৭ বৎসর রাখা হউক, বাঙ্গলা দেশের কোন লোক এরূপ অনুরোধ করিতে প্রস্তুত নয়। দিল্লী প্রাণশূন্য[2] স্থান, সে স্থানে রাজধানী হইলে ভারত গবর্ণমেণ্ট প্রাণশূন্য হইবে, বাঙ্গলার অনেকে এই ভয় করিতেছেন। সুতরাং দিল্লীতে পাছে রাজধানী না হয়, এই ভয়ে লর্ড হার্ডিংকে এদেশে রাখিতে বাঙ্গালী ইচ্ছা করে না। ৫ বৎসর অন্তে লর্ড হার্ডিং এদেশ হইতে চলিয়া গেলে কোন শুভকার্য্য অসম্পূর্ণ থাকিবে, কোন বাঙ্গালী তাহা মনে করেন না।

লর্ড হার্ডিংএর শাসনকালে ষড়যন্ত্র আইন[3] হইয়াছে, তাঁহার শাসনকালে আদালত অবমাননা আইন[4] শীঘ্রং বিধিবদ্ধ[5] হইবে। এই সমুদয় কার্য্য কেহই পছন্দ করে না।

কিন্তু তিনি বাঙ্গালী জাতির প্রাণ বাঁচাইয়াছেন, বঙ্গের অঙ্গচ্ছেদ রহিত করিয়া বাঙ্গলা দেশকে মৃত্যু হইতে রক্ষা করিয়াছেন। বাঙ্গালী এই জন্য চিরকাল তাঁহার নিকট কৃতজ্ঞ থাকিবে। কলিকাতা হইতে রাজধানী স্থানান্তরিত করিয়া বাঙ্গালীর প্রাণে আঘাত দিয়াছেন, তবু বাঙ্গালী তাঁহার নিকট কৃতজ্ঞ। লর্ড হার্ডিং বাঙ্গালার যে উপকার করিয়াছেন বাঙ্গালী কখনও তাহা ভুলিতে পারিবে না।

ব্রিটিশ সাম্রাজ্যে ভারতবর্ষের স্থান কোথায় তাহা কেহ নির্দ্দেশ করিতে পারিত না।[6] ভারতবর্ষ, দক্ষিণ আফ্রিকা, কানাডা, অষ্ট্রেলিয়া এমন কি নগন্য[7] নিউজিল্যাণ্ডের পদাঘাত[8] সহ্য করিয়াছে। লর্ড হার্ডিং যে দেশের শাসনকর্ত্তা, সে দেশের লাঞ্ছনা তিনি সহিতে পারেন নাই। মুখে বলিবে,[9] ভারতবর্ষ ব্রিটিশ রাজমুকুটের[10] এক উজ্জ্বল রত্ন কিন্তু কাযের সময় পদাঘাত, এই কপটাচার[11] লর্ড হার্ডিং সহিতে পারেন নাই। ভারতবর্ষ ব্রিটিশ

[1] In favour of.
[2] Life-less.
[3] Conspiracy Act.
[4] Contempt of Court Act.
[5] Legislated, embodied in law.
[6] No one could state what place India occupied in the British Empire.
[7] Contemptible, one which need not be counted.
[8] Pada + āghāt: foot-blow, kick.
[9] That people should say with their mouths, *i.e.*, without meaning it at heart.
[10] Royal diadem.
[11] Kapat + āchār: deceitful conduct, hypocritical behaviour.

সাম্রাজ্যের এক অঙ্গ ; ব্রিটিশ সাম্রাজ্যের সর্ব্বত্র যাহাতে ইহা স্বীকৃত হয়, লর্ড হার্ডিং তাহার জন্য যথোচিত চেষ্টা করিতেছেন।

দক্ষিণ আফ্রিকায় ভারতবাসীর লাঞ্ছনা দেখিয়া তিনি মন খুলিয়া[1] যে সকল কথা বলিয়াছিলেন, ভারতবাসী তাহা কৃতজ্ঞতার সহিত স্মরণ রাখিবে। তিনি কেবল কথা বলেন নাই. মধ্য প্রদেশের প্রধান কমিশনারের মত উচ্চ-পদস্থ ব্যক্তিকে[2] দক্ষিণ আফ্রিকায় প্রেরণ করিয়া ও ইংলণ্ডের মন্ত্রি সমাজকে[3] ভারতের প্রতি ন্যায় সঙ্গত আচরণ করিবার জন্য উদ্বুদ্ধ[4] করিয়া আপনার সরল ইচ্ছার পরিচয় দিয়াছিলেন।

কানাডাতে ভারতবাসীর প্রতি যে অন্যায় ব্যবহার করা হইতেছে লর্ড হার্ডিং তাহার প্রতিবিধানেও উদাসীন[5] নহেন।

প্রকৃত কথা এই লর্ড হার্ডিং ব্রিটীশ সাম্রাজ্যের প্রত্যেক দেশকে তুল্য অধিকার দিয়া শ্বেত কৃষ্ণ নির্ব্বিশেষে[6] এক প্রেম সূত্রে[7] সকলকে আবদ্ধ করিবার চেষ্টা করিতেছেন। এমন চেষ্টা আর কেহ কখনও করে নাই।

লেডি হার্ডিং এক সহৃদয়া[8] নারী। তিনি স্বামীর মন্ত্রণা দাতা হইয়া তাঁহাকে ন্যায় পথে থাকিতে সহায়তা করিতেছেন।

সুতরাং লর্ড হার্ডিং ২ বৎসর কেন, যদি আরও ৫ বৎসর থাকেন, আমরা আনন্দিত হইব। তিনি চলিয়া গেলে কে আসিবেন, তাহা জানি না। তাঁহার মত লোক না পাইবারই সম্ভাবনা। সুতরাং তাঁহার শাসন কাল বৃদ্ধি করিয়া দিলে ভারতবর্ষের মন্দ হইবে না।

আমাদের মনে হয়, দিল্লীর বোমার[9] আঘাতে তাঁহার দেহ অপটু হইয়াছে, তাঁহার চিত্তের স্বভাবিক দৃঢ়তা খর্ব্ব হইয়াছে। তিনি অনেক বিষয়ে অন্য লোকের উপর নির্ভর করিতে বাধ্য হইতেছেন। দিল্লীর বোমা যদি তাঁহাকে আঘাত না করিত, তবে তিনি ভারতবর্ষের শাসন সম্পর্কীয়[10] নানা বিষয়ে নিজে মনোযোগ দিতে পারিতেন।

[1] Opening his mind: frankly.
[2] A person so highly placed as the Chief Commissioner of the Central Provinces.
[3] Association of English Ministers, British Cabinet.
[4] Awakened (to the duty of).
[5] *Ud-āsīn*: sitting aside, neutral, indifferent.
[6] Without difference.
[7] In one thread of affection.
[8] *Sa* (saha-with) and *hṛdaya* (heart): sympathetic.
[9] Bomb.
[10] Relating to.

সার উইলিয়াম ওয়েডারবারণ[1] বলিয়াছেন, লর্ড হার্ডিং অতি ন্যায়বান লোক। রেভারেণ্ড এণ্ড্রুস[2] বলিয়াছেন লর্ড হার্ডিং ভারতবর্ষকে ভালবাসেন ; ইহাঁদের মত লোকের কথায় কেহ অবিশ্বাস করিতে পারেন না। আমাদের বিশ্বাস বোমার আঘাত যদি না পাইতেন. তবে লর্ড হার্ডিংএর আমলে[3] যে কয়েকটা অনিষ্টকর কার্য্য হইয়াছে, তাহা হইতে পারিত না। ভারতের অশান্তি নিবারণের জন্য তিনি কানপুর মসজিদ বিষয়ক বিরোধ[4] তেজস্বিতার সহিত[5] মিটাইয়া দিয়াছেন। বাঙ্গালার ছোটলাট বেকার সাহেবের পরামর্শ অগ্রাহ্য করিয়া খুলনার মোকদ্দমা তুলিয়া লইতে[6] আদেশ দিয়াছিলেন। কাহারও সহিত পরামর্শ না করিয়া ভারতের অশেষ অনিষ্টের হেতু বঙ্গের অঙ্গচ্ছেদ রহিত করিয়াছিলেন ইহাতে তাঁহার ভারতবর্ষের প্রতি ভালবাসাই প্রকাশ পাইতেছে। সুতরাং লর্ড ও লেডি হার্ডিং এদেশে দীর্ঘকাল অবস্থিতি করিলে আমরা আনন্দিত হই।

[1] Sir William Wedderburn, formerly of the Bombay Civil Service, and now a well known Liberal politician.
[2] The Revd. Mr. C. F. Andrews of the Cambridge-Delhi Mission.
[3] Rule, period.
[4] Quarrel, ill-feeling.
[5] Tejas-vin-tā : vigour-ous-ness.
[6] To lift up, *i.e.*, withdraw.

রেলগাড়ীতে স্ত্রীলোকদের সম্মান রক্ষার উপায়।

A means of preserving the honour of ladies in railway carriages.

আসাম বেঙ্গল রেলওয়ে স্ত্রীলোকদের রক্ষার জন্য সুন্দর উপায় অবলম্বন করিয়াছেন, এই সংবাদ অবগত হইয়া আমরা ঐ রেলওয়ের ম্যানেজারকে এক পত্র লিখিয়াছিলাম. তদুত্তরে ম্যানেজার আমাদিগকে যে পত্র লিখিয়াছেন, আমরা তাহা প্রকাশ করিতেছি।

In reply to your letter, dated the 4th June 1914, I send you a copy of an order issued to the staff in 1910.

"The staff should note that as far as possible the compartments adjoining the compartments set apart for females holding third class tickets should be reserved for the male relatives or companions accompanying them. These compartments should not be utilized by other male passengers unless there is absolutely no room elsewhere.

আসাম বেঙ্গল রেলওয়ের এজেন্ট ষ্টেসন সমূহের কর্ম্মচারীদিগকে এই হুকুম দিয়াছেন যে তৃতীয় শ্রেণীর স্ত্রীলোকদের কক্ষের[1] সংলগ্ন কক্ষ সমূহ

[1] Compartment, lit. room.

তাহাদের আত্মীয় বা সাথীদের অবস্থিতির জন্য যতদূর সম্ভব রক্ষিত হইবে। এই সমুদয় কক্ষ অন্য যাত্রিগণ ব্যবহার করিতে পারিবে না। যদি অন্য গাড়ীতে একটুও স্থান না থাকে, তবেই ঐ গাড়ীতে অন্য লোক উঠিতে পারিবে।

নারীদের রক্ষার জন্য আসাম বেঙ্গল রে-ওয়ের এজেন্ট যে নিয়ম করিয়াছেন. তজ্জন্য আমরা তাঁহাকে ধন্যবাদ করি। অন্যান্য রেলওয়ে সমূহে যাহাতে তদ্রূপ নিয়ম প্রচলিত হয়, তাহার ব্যবস্থা করা কর্ত্তব্য।

ইন্টারমিডিয়েট শ্রেণীতে সম্ভ্রান্ত ঘরের বহু নারী যাতায়াত করেন। তাঁহাদের রক্ষার জন্যও উক্তরূপ নিয়ম প্রবর্ত্তন করা কর্ত্তব্য।

ইষ্ট ইণ্ডিয়ান. ইষ্টারণ বেঙ্গল ও বেঙ্গল নাগপুর প্রভৃতি রেলওয়ে নারীদিগের মান রক্ষার জন্য কোন উপায় উদ্ভাবন করিতেছেন কি না, তাহা আমরা জানিতে চাই। রেল গাড়ীতে নারীর প্রতি ভীষণ অত্যাচার হইয়া থাকে. অবিলম্বে ইহার প্রতিকার করা কর্ত্তব্য।

বঙ্গের বহির্ব্বাণিজ্য।

The External Trade of Bengal.

১৯১৩ সালের এপ্রিল মাস হইতে ১৯.৪ সালের মার্চ্চ পর্য্যন্ত বিদেশ হইতে যত টাকার দ্রব্য বাঙ্গালা দেশে আমদানি[1] হইয়াছে, তাহার তালিকা নিম্নে প্রকাশিত হইল :—

		টাকা।	আমদানির শতকরা।
কার্পাস দ্রব্য[2]	...	১৯ ৭২,৭২,১৪৮	৪২.১৯
ধাতু ও খনিজ দ্রব্য[3]	...	৯,৬৬,১৭,৮৪৪	১৩ ৬৭
চিনি[4]	...	৬,৪৬,৭৩,৬৬১	৯.১৫
রেলওয়ের দ্রব্য[5]	...	৩ ৯০,৮৪ ৬৪৮	৫.৫৩
কল কারখানার দ্রব্য	...	৩,২০,৬৪,২৫৬	৪.৫৪
তৈল	...	২,০৫,৬৬,০৮৪	২.৯১
লৌহ ও তাম্রনির্ম্মিত দ্রব্য		১ ৪২,৩১,৩৬৯	২ ০১

[1] Importation.
[2] Cotton goods.
[3] Metallic and mineral articles.
[4] Sugar.
[5] Railway articles.

		টাকা।	আমদানির শতকরা।
পশ্মী দ্রব্য	...	৮৯.৯৪ ৩৯৬	১ ২৭
যন্ত্র [1]	...	৭২,৫৬.১৫৭	১ ০৩
মদ	..	৬৮,৬৯.৯৪৯	·৯৭
মসলা	...	৬৮,৫২,২৮১	৯৭
লবণ	...	৬৫,৮৬,৯০০	৯৩
খাদ্য দ্রব্যাদি	...	৬৫,৪৭,৪৪৩	·৯৩
কাচ [2]	..	৬০,৪০ ৯৬৩	৮৫
মোটর গাড়ী ও মোটর সাইকেল	...	৫৩,৫৭,০৭৪	·৭৬
কাগজ ও পেষ্টবোর্ড	...	৪৮,৭৭,৫৮৪	·৬৯
ঔষধ ও ভৈষজ্য[3]	...	৪৩.৫১,৩৩৫	৬২
রাসায়নিক দ্রব্য [4]	.	৪৩ ২৩ ০৪৮	·৬১
চারবাক্স [5]	...	৪০,৫৯,২৯২	·৫৭
ফিতা [6], রুমাল [7] প্রভৃতি কাপড়ের দ্রব্য	...	৩৯,৫৬০৮৩	৫৬
গৃহ নির্ম্মাণের দ্রব্য [8]	...	৩৮,১৪,৯২২	·৫৪
রং [9]	..	৩৪,৩৮,৩৩৭	·৪৯
ডাকে আগত দ্রব্য [10]	..	৩২,৮২,৫৯৬	৪৬
ছাতার [11] সরঞ্জাম [12]	...	২৯,৯৮.২৫১	৪৮
দেশলাই [13]	...	২৮,০৩,৫৪৯	·৪০
পোষাক	...	২৭,৫৮,৭১৩	·৩৯

[1] Tools.

[2] Glass.

[3] Medicines and doctor's requisites (bhishak=doctor.)

[4] Chemical products (*rasāyan*=chemistry.)

[5] Tea-chests.

[6] Tape.

[7] Handkerchiefs.

[8] House-building articles.

[9] Paint.

[10] Articles received by post.

[11] *Chātā-Chatra:* Umbrella (*cf. Chatra=pati*-umbrella-lord, satrap.)

[12] *P. sar-añjām:* materials.

[13] Matches. Corruption of *dīpa-śalâkā:* fire-stick.

		টাকা।	আমদানির শতকরা :
তামাক	..	২৫.১৫,১৪৯	৩৫
কাঠ	. .	২৩.৮৮,৩২৬	৩৪
জুতা	...	২৩,৫০,৭৬৫	৩৩
শণ	...	২২.৫২,৮০৪	·৩২
রবার	.	২০ ৮ ১৫২	·২৯
চামড়া রং করার দ্রব্য [1]	...	১৯,৪১,১৫৩	·২৭
পুস্তক	...	১৯, ৪ ০৪৩	·২৭
কালী কলম. পেন্সিল প্রভৃতি		১৮,৭৫,০২০	·২৭
চীনা বাসন [2]	..	১৬.৪৭.৭৬২	২৩
সাবান	...	১৬,১৫ ৫৯০	·২৩
সাইকেল	...	১৫,৬২.০২৫	২২
জীবজন্তু	...	১৫,৩৭,৭২৮	·২২
কাগজ তৈয়ারীর উপকরণ [3]		১৪,৬৪ ৭০৯	২১
রেশমী দ্রব্য	...	১৩,৬৯,০৪২	১৯
খেলানা ও খেলার দ্রব্য [4]		১২,৭৫,৬১৮	·১৮
ঘোড়ার গাড়ী প্রভৃতি	...	১২,০৩,৭০৪	·১৮
পরিষ্কৃত চর্ম্ম [5]	...	১০,৯০,০৫৬	১৬
বন্দুক ইত্যাদি	...	১০,২৩,৮১৮	·১৪
কলের বেল্ট [6]	...	১০,০৬,২৫২	·১৪
ঘড়ী	...	৯ ১৫,৬৫১	·১৩
ছুরি কাঁচি	..	৮ ৮৮ ৩৫৭	·১৩
জহরৎ [7]	...	৭,১৪,৯৩১	·১০
আলকাতরা পিচ [8]	...	৬,২০,১২৫	·০৯
জাহাজের অংশবিশেষ		৬,০৩,৮৬৬	·০৯

[1] Materials for dying leather.
[2] China vessels, earthernware.
[3] Materials for paper-making.
[4] Toys and articles to play with.
[5] Prepared hides.
[6] Machine belting.
[7] Precious stones.
[8] Tar and pitch.

		টাকা।	আমদানির শতকরা।
গৃহ সজ্জা[1]	.	৫,৩৮,২২১	০৮
হেম্প	...	৫,০৩,১৬৪	·০৭
গঁদ ও ধূনো[2]	...	৩ ৮২ ৪১৭	·০৬
ফল ও তরকারী	...	৩,৪৬ ৫১৭	·০৫
শস্য, ময়দা[3]	..	৩,৪৬,৫১৭	·০৫
চামড়া	..	১২,৮০৩	
অন্যান্য দ্রব্য	...	৮৩,২৮,১৪৯	১·০৬
সোণা	. .	২,৩৫,৮৮,২১৩	
রূপা	...	১,৪৪,৮৩,৮৪৪	
মোট সোণা, রূপা	...	৩,৮০,৭২,০৬৭	
মাট আমদানি	...	৭৪ ৪৯ ৭৯,৬১৯	

[1] House-hold furniture.

[2] *Ganda o dhūna* : gums and resins.

[3] Grain and flour.

১৯১৩-১৪ সালে বাঙ্গালা দেশ হইতে যত টাকার দ্রব্য রপ্তানি[1] হইয়াছে, তাহার তালিকা[2]।

		টাকা।	রপ্তানী শতকরা।
পাটের[3] চট[4], থলিয়া[5] ইত্যাদি।	...	২৮,১৯,৯৫,৭০২	২৮·৯০
পাট	...	২৮ ০৩,৪৪,৩৫	২৮·৭৩
চা	...	১০,৫৫ ৬৫,৮৫২	১০·৮২
চামড়া	...	৮,৪৭,৫৯,৪৯৫	৮·৬৮
শস্য ও ময়দা	..	৬,৮৫,৮৩,১১৮	৭·০৩
বীজ	...	৩,৫৯,০৭,৬১০	৩·৬০
কার্পাস	...	২,০২,০১,৪৭২	২·০৮

[1] Exportation.

[2] *A tālika* : list.

[3], [4] Hessians (packing cloth made of jute.)

[5] Gunny (lit. bags.)

		টাকা।	রপ্তানী শতকরা।
আফিং	...	২ ০১.৩৭,৯৬২	২ ০৬
লা[1]	...	১,৯১,৪৬,৪১৭	১·৯৬
কয়লা, কোক[2]	..	৬৯,১৩ ৪৩৬	·৭১
ধাতু বা খনিজ দ্রব্য	...	৫৯,৯৬,৩৩১	·৬১
হেম্প	...	৬৬.৪০,৭৪৯	·৫৮
খইল[3]	...	৪২,২৭,৭৭১	·৪৪
অভ্র[4]	...	৩৫, ১,৪৮১	৩৬
সার[5]	...	৩৩,৪১,৯১২	·৩৪
সূতা	...	৩১,১৫,০৫৬	·৩২
সোরা[6]	...	২৯,৯৪,১৮০	·৩১
চামড়া রংএর দ্রব্য ও রংএর দ্রব্য		২৮,৬১,৭০৭	·৩০
খাদ্য সামগ্রী[7]	...	২৭,৪২,৩১৮	·২৮
তৈল	...	২২.৬৬,২৩৩	২৩
নীল	...	১৭,৭৪,৮৭৯	১৮
পশমী দ্রব্য[8]	...	১২ ৯৭,৫৭৩	·১৩
পোষাক	...	১০,৩৭,০৪৪	·১১
ডাকে রপ্তানি[9]	...	১০,১৬,৯৯১	·১০
ঔষধ ও ভেষজ		৯,১৯,১৭৮	·১০
শূকরের লোম প্রভৃতির সম্মার্জ্জনী[10]	...	৯ ১৭,১৫	·০৯
রেসম	...	৯,১৭,১৪৮	০৯
দড়ী	...	৬.৯২,৯২১	·০৭

[1] *Lākṣā :* lac.
[2] Coke.
[3] Oil-cake.
[4] Talc.
[5] Manure.
[6] Nitre.
[7] Food articles.
[8] Woolen articles.
[9] Exported by post.
[10] Brushes made of pigs' bristles &.

		টাকা।	রপ্তানী শতকরা
পশ্বাদির খাদ্য [1]	...	৬,৪০.৫১৬	·০৭
শিং	...	৫,৬২,৩৪৯	·০৬
মোম	...	৫,৫৭,৯৩৪	·০৬
জীবজন্তু	...	৪ ১৮,১৭০	·০৫
তামাক	...	৩,৭৬,৪৮৭	·০৪
মসল্লা	...	৩,৭১,৯৬৮	·০৪
কাঠ	...	২,৮১,৯৫৩	·০৩
কার্পাস বস্ত্র	...	২.০২,৪৩৪	·০২
রেসমী বস্ত্র	...	১,৯০.৩১০	·০২
পরিষ্কৃত চর্ম্ম	...	১,১৯,১৪৬	·০১
রবার	...	৮০ ৯৬৪	০১
সোহাগা [2]	..	৭২,২২৭	·০১
নারিকেল দড়ি	...	২৪,৫৩৯	
পশম	...	৫২০	
অন্যান্য দ্রব্য	...	২৯,৮৯,১৭২	·৩১
মোট বাণিজ্য দ্রব্য	...	৯৭,৫৭,৫১,৬২৪	
বিদেশী দ্রব্য রপ্তানি	...	৩২,৯৪,২০৪	
মোট	...	৯৭,৯০,৪৬,৮২৮	
সোনা	..	৪৮ ১৭,৪৬৪	
রূপা	...	৮৭.৪০৮	
মোট সোনা রূপা		৬০,০৪,৮৭২	
মোট রপ্তানি	...	৯৮,৫০,৫০,৭০০	

[1] Cattle-food.

[2] Borax.

মিঃ তিলকের মুক্তি।

The Release of Mr. Tilak.

আমরা গত সপ্তাহে এই সংবাদ প্রকাশ করিয়াছি যে শ্রীযুক্ত বালগঙ্গাধর তিলক ৬ বৎসর কারাদণ্ড ভোগ করিয়া গত পূর্ব্ব বুধবার[1] পুনা[2] পঁহুছিয়াছেন।

তিনি পুনার "জ্ঞানপ্রকাশ" নামক সংবাদপত্রের প্রতিনিধির[3] নিকট তাঁহার কারাবাসের সংক্ষিপ্ত বিবরণ বর্ণনা করিয়াছেন। মিঃ তিলক বলিয়াছেন জষ্টিস দাভর ৬ বৎসরের জন্য দ্বীপান্তরের দণ্ড প্রদান করা মাত্র আমাকে এক মোটর গাড়ীতে করিয়া মহালক্ষ্মী ষ্টেসনে লইয়া যাওয়া হয়। তথায় এক খানা স্পেশেল ট্রেন প্রস্তুত ছিল, সেই ট্রেন আমাকে আহামদাবাদ লইয়া গেল।

১৯০৮ সালের ১৩ই সেপ্টেম্বর পর্য্যন্ত আমি আহামদাবাদ জেলে ছিলাম তার পর আমাকে মান্দালে[4] প্রেরণ করা হয়। যতদিন বিনাশ্রমে[5] কারাদণ্ডের[5] আদেশ না হইয়াছিল, ততদিন কঠোর পরিশ্রমসহ কয়েদীর প্রতি যেরূপ ব্যবহার করা হয়, আমার প্রতিও সেইরূপ করা হইত।

আহামদাবাদ জেলে প্রথম ১০ দিন আমাকে পরীক্ষাধীন[6] করিয়া রাখা হইয়াছিল; তখন আমার কোন কর্ম্ম করিতে হইত না। আমার ওজন ৫ সের কম হইয়া গিয়াছিল। তখন আমাকে ডাক্তারের আদেশে ঘি ও দুধ দেওয়া হয়।

আমি মান্দালে পঁহুছিয়া অবগত হই যে আমার দণ্ড পরিবর্ত্তন করিয়া বিনাশ্রমে কারাদণ্ডের হুকুম দেওয়া হইয়াছে। একজন ব্রাহ্মণ কয়েদীকে আমার সহিত মান্দালে পাঠাইয়া দেওয়া হইয়াছিল। সেই আমার খাদ্যদ্রব্য প্রস্তুত করিত কিন্তু এক মাসের মধ্যে তাহার কারাদণ্ডের কাল উত্তীর্ণ হইয়াছিল. ব্রহ্মদেশের য়েরোদা[7] জেলে একজন কুলকর্ণী[8] নির্জ্জন[9] কারাদণ্ড[9] ভোগ করিতেছিল, তাহাকে আমার আহার সামগ্রী রন্ধনের জন্য মান্দালে কারাগারে আনয়ন করা হয়।

[1] Wednesday before last.
[2] Poona.
[3] Representative.
[4] Mandalay.
[5] Without-labour-prison-punishment, simple imprisonment.
[6] *Parīkṣā-adhīn*: under observation (during the incubation period of communicable diseases).
[7] Yerroda.
[8] I think the word is surname of a Bombay Brahman.
[9] Solitary confinement.

১৯০৮ সালের ২৩শে সেপ্টেম্বর আমি মান্দালে নীত হই। প্রথম দুই বৎসর আমার স্বাস্থ্য এক রকম ভালই ছিল। তারপর ভীষণ বহুমূত্রে[1] রোগাক্রান্ত হই। বাটীতে বাসকালে যখন বহুমূত্র রোগ বৃদ্ধি হইত, তখন ডাক্তার গাত্রে আমাকে বার্লি[2] খাওয়াইয়া ভাল করিতেন। আমি কারাধ্যক্ষকে বার্লি দিতে অনুরোধ করিলাম। কারাকর্ত্তৃপক্ষ পুনায় ডাক্তার গাত্রের নিকট পত্র লিখিয়া তাঁহার মত গ্রহণ করিলেন। তাঁহার মত প্রাপ্ত হইয়া প্রথমতঃ ৫ দিনের জন্য আমাকে বার্লি দিলেন। তাহাতে রোগের কিছু উপশম[3] হওয়াতে আর কিছু কাল আমাকে বার্লি খাইতে দেওয়া হইয়াছিল।

কোন কর্ম্ম না করিয়া বসিয়া থাকা আমার ভাল বোধ হইত না। আমাকে কোন কর্ম্ম করিতে দেওয়া হউক, কারাধ্যক্ষের নিকট এই নিবেদন করাতে তিনি আমার প্রার্থনা অগ্রাহ্য করিলেন।

একদিন আমি পুস্তক পাঠের অনুমতি চাহিলাম, অনুমতি পাইলাম না। অবশেষে ১৯০৯ সালের ফেব্রুয়ারী মাসে আমাকে আমার মনোনীত কয়েক খানা পুস্তক দেওয়া হইল।

জেলের কর্ত্তৃপক্ষ আমার সহিত সদয়[4] ব্যবহার করিতেন। যখন আমি ধৃত হই, তখন আমার সঙ্গে ১০টি টাকা ছিল, মান্দালে হইতে পুনার আত্মীয়দের নিকট ১০০ টাকা চাহিয়া পাঠাই। তারযোগে সে টাকা পাইয়া আমি বস্ত্র, বিছানা প্রভৃতি আবশ্যকীয় দ্রব্য ক্রয় করিয়াছিলাম।

আমি সংবাদপত্র পাঠ করিবার অনুমতি চাহিয়াছিলাম কিন্তু আমাকে সংবাদপত্র দেওয়া হয় নাই। সুতরাং এই ছয় বৎসর পৃথিবীর কোথায় কি হইয়াছে, তাহা জানি না। রাজা এডোয়ার্ডের মৃত্যু ও রাজা জর্জ্জের রাজ্যাভিষেকের[5] সংবাদও জানিতাম না কিন্তু তদুপলক্ষ্যে যখন মান্দালে জেলের কয়েদীদের দণ্ড হ্রাস করা হয়, তখন সে সংবাদ অবগত হই। বাহিরের সহিত আমার এই মাত্র সম্বন্ধ ছিল যে আমার কোন আত্মীয় ৩ মাস অন্তর আমাকে দেখিতে যাইতেন, আমার পুনার আত্মীয়দিগকে মাসে একবার মাত্র পত্র লিখিতে পারিতাম এবং তাঁহারা আমাকে কেবল পারিবারিক[6] সংবাদ দিতে পারিতেন। এতদ্ব্যতীত বাহিরের সঙ্গে আমার আর কোন সম্পর্ক ছিল

[1] Diabetes, excessive urination.
[2] Barley.
[3] *Upa-śama* : slight diminution.
[4] Kind, gentle.
[5] Coronation, *Rājya-abhi-ṣek* : lit. sprinkling on (accession to) kingdom.
[6] Relating to his *pari-vār*, or family.

না। পুনা আসার পর অবগত হইয়াছি যে "কেশরী"[1]র জন্য গবর্ণমেণ্টের নিকট ৫ হাজার টাকা আমানত[2] করিতে হইয়াছে।

১৮৯৩ সালে আমি "ওরায়ন"[3] নামক পুস্তক রচনা করিয়াছি। তাহার আলোচ্য বিষয় সম্বন্ধে যে সমুদয় নূতন তত্ত্ব প্রকাশিত হইয়াছে তাহার সাহায্যে ঐ পুস্তকের অর্দ্ধাংশ পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করিয়াছি। নূতন সংস্করণে ঐ পুস্তকের "বেদিক ক্রনলজি"[4] নাম রাখিতে ইচ্ছা করিয়াছি। "আর্কটিক হোম' নামক পুস্তকের সংস্কার করিবার জন্য উপকরণ[5] সংগ্রহ করিয়াছি। এক মাসের মধ্যে এই কার্য্য সম্পন্ন হইবে। মারহাটী ভাষায় "গীতা রহস্য"[6] নামক পুস্তক লিখিয়াছি। তাহার উপক্রমণিকা ভাগ ৩০০ পৃষ্ঠায় শেষ হইবে।

কারগুসন কলেজে অধ্যাপকতা করিবার সময় ইন্টিগ্রাল ও ডিফারেন্স্যাল ক্যালকুলাস সম্বন্ধে কতগুলি নূতন তত্ত্ব[7] আমার মনে উদিত হইত। আমি তাহা লিপিবদ্ধ করিয়াছি। টডহণ্টারের পুস্তকের কিয়দংশ কেহই বুঝে না, আমার পুস্তক পাঠ করিলে তাহা সহজবোধ্য[8] হইবে। আমি জ্যোতিষ সম্বন্ধে কিছু লিখিয়াছি কারাবাস কালে জর্ম্মন, ফ্রেঞ্চ ও পালি ভাষা শিখিতে কিছু সময় দিয়াছিলাম।

তাই মহারাজ মোকদ্দমার তদারক করিতে আমি ইংলণ্ডে যাইবার সঙ্কল্প করিয়াছি। আমার প্রণীত "আর্কটিক হোম" পুস্তকের নূতন সংস্করণ করিতে ভূতত্ত্ববিদ পণ্ডিতের[9] সাহায্যের প্রয়োজন। সেই জন্য জর্ম্মনী যাওয়াও প্রয়োজন হইতে পারে। কিন্তু অতঃপর আমার স্বাস্থ্য ও অবস্থার উপর সমুদয় নির্ভর করিতেছে।

[1] The *Keśarī* or 'lion' was Mr. Tilak's newspaper.
[2] *amānat* : deposit, security.
[3] Orion.
[4] Vedic chronology.
[5] Materials.
[6] (An exposition of) the mysteries of the Gita.
[7] (Lit truths) Principles.
[8] Easily intelligible.
[9] Geological scholars.

পুলিশের কীর্ত্তি।

A glorious act (ironical) of the police.

কয়েক দিন হইল, এটোয়ার[1] সেসন জজের নিকট পুলিসের অত্যাচার বিষয়ক এক মোকদ্দমার বিচার হইয়াছে।

[1] Etāwah, in the United Provinces.

পুলিসের সব ইন্‌স্পেক্টার মহম্মদ জাফর খাঁ কনষ্টেবল লোচন সিং, লালা রাম ও ভজন চৌকিদার, হীরা চামার, তাহার স্ত্রী ও খুড়িকে কয়েদ করা, হীরার নিকট হইতে ৩০০ টাকা অপহরণ[1] করা ও চৌবিয়া থানায় হীরার নিকট হইতে বল পূর্ব্বক আদায় করার অপরাধে অভিযুক্ত[2] হয়।

সেসন জজ তাঁহার নিষ্পত্তি পত্রে লিখিয়াছেন :—

৮॥ বৎসর হইল, হীরা চামার আমেরিকার অন্তর্গত ট্রিনিডাডে কুলির কার্য্য করিবার জন্য গমন করে। তখন তাহার বয়স ১৪ বৎসর। সে তাহার মার সঙ্গে বিবাদ করিয়া বাড়ী হইতে চলিয়া গিয়াছিল। হীরা ট্রিনিডাডে যাইয়া বিবাহ করে এবং কিছু টাকা সঞ্চয় করিয়া তাহার স্ত্রী নান্নির সহিত গত ১৪ই ফেব্রুয়ারী বাড়ী ফিরিয়া আইসে। তাহারা জাহাজ হইতে কলিকাতায় অবতরণ করিলে পর হীরাকে ৩১২॥৹ টাকার ও নান্নিকে ১১।৵ টাকার চেক দেওয়া হয়। হীরা ব্যাঙ্ক অব বেঙ্গলে সেই চেক ভাঙ্গাইয়া ১০ টাকা করিয়া ৩০০ টাকার ৩০ খানা নোট লইয়া আইসে। নান্নির চেকও ভাঙ্গাইয়া নোট আনা হয়। নান্নি ইহার পর তাহার নোট ভাঙ্গাইয়া টাকা গ্রহণ করে।

হীরা ও তাহার স্ত্রী হাওড়া হইতে টিকেট কিনিয়া কানপুরে আইসে। তথায় এক রাত্রি বাস করিয়া এটোয়া গমন করে। তথাকার সরাইএ[3] এক রাত্রি যাপন করে। পরদিন হীরা তাহার ভ্রাতা বিশ্বার সাক্ষাৎ পাইয়া তাহার সহিত মহব্বৎপুরে নিজ বাটীতে যায়।

তাহাদের বাটীতে আগমনের পর চতুর্থ দিবসে লোচন সিং কনষ্টেবল ও ভজন চৌকিদার হীরার বাড়ীতে যাইয়া বলে, থানাদার জমিদার বাড়ীতে আসিয়াছেন, তিনি তোমাকে ডাকিয়াছেন। তোমার স্ত্রী কোথায়? স্ত্রী দণ্ডায়মান হইল। অমনই লোচন ও ভজন হীরা ও তাহার স্ত্রীর হাত ধরিয়া তাহাদিগকে জমিদার গঙ্গাপ্রসাদের বাড়ীতে দারোগার নিকট লইয়া গেল। দারোগা হীরাকে জিজ্ঞাসা করিলেন, কাহার টাকা ও কাহার বৌ চুরি করিয়া আনিয়াছিস। হীরা বলিল, উপনিবেশে[4] চাকুরী করিয়া টাকা উপার্জ্জন করিয়াছি, কাহারও টাকা চুরী করি নাই। দারোগা উষ্ণ হইয়া বলিলেন, বদমায়েস,[5] মিথ্যা কথা বলিতেছে। টাকা চুরী করিয়া পলাইয়া আসিয়াছে। একটা ধাঙ্গড় ডাকিয়া ইহাকে জুতা পেটা কর, কিন্তু গ্রামে ধাঙ্গড় না পাওয়াতে লোচন ভজন, লোলাই ও বুদ্ধু হীরাকে প্রহার করিতে আরম্ভ করে তাহারা লাথি ও ঘুষি[6] মারিল ও জুতা দ্বারা প্রহার করিল। হীরার পত্নী নান্নি খুড়ি

[1] Plundering.
[2] Chārged, from *abhi-yog*-charge.
[3] *Serai*, travellers' rest-house.
[4] *Upa-niveś* : Colony.
[5] P. *badmāsh* : following a bad profession.
[6] *Ghuṣi*=clenched fist.

নিলাকিয়া প্রহার করিতে নিষেধ করিল। দারোগা সে নিষেধ গ্রাহ্য করা দূরে থাকুক, তিনি তিনজনকেই জমিদারের বাড়ীতে কয়েদ করিয়া রাখিতে হুকুম দিলেন।

বুদ্ধু নান্নির ঘোমটা[1] খুলিয়া ফেলিল, প্রদীপ আনিয়া তাহার মুখ দেখিল এবং তাহার গালে তিন চড় দিল। হীরাকে ঘরে মধ্যে লইয়া গিয়া প্রহার করা হইল এবং তাহার ধুতির গাঁইটে[2] যে ৩০০ টাকার নোট ছিল, তাহা লইয়া গেল। হীরা, নান্নি ও নিলাকিয়া সারারাত্রি ঘরে আবদ্ধ রহিল। পরদিন নিলাকিয়াকে ছাড়িয়া দিয়া লোচন, ভজন ও লোলাই হীরা ও তাহার স্ত্রীকে থানায় লইয়া গেল। গ্রামস্থ অনেক লোধি ও চামার তাহাদের সঙ্গে থানা পর্য্যন্ত গমন করিল। লোচন ও লোলাই বলিল, দারোগাকে ১০০ টাকা না দিলে হীরাকে মুক্তি দেওয়া হইবে না। হীরা বলিল, তাহার নিকট এক পয়সাও নাই, সে ১০।২০ টাকার বেশী কোথাও ঋণ পাইবে না। লোচন প্রভৃতি থানা হইতে বহির্গত হইয়া বলিল—"আচ্ছা ২০ টাকা হইলেও তুমি মুক্তি পাইবে।" হীরার ভাই বিশ্বা ২০ টাকা দিল, কিন্তু লোলাই আসিয়া বলিল দারোগাকে আরও ১২ টাকা দিতে হইবে। সেখানে কাহার নিকট টাকা না থাকাতে মারু লোধি ১২ টাকার জন্য জামিন[3] হইয়া হীরা ও নান্নিকে লইয়া আসিল।

থানা হইতে আসিয়া হীরা তাহার খুড়ির নিকট হইতে ১৮ টাকা ধার করিল এবং এই টাকা লইয়া সেই দিনই কলিকাতায় চলিয়া গেল। ২৩শে ফেব্রুয়ারী কলিকাতা পৌঁছিয়া বিদেশ যাত্রী কুলিদের রক্ষকের[4] নিকট অভি-যোগ করিল। রক্ষক সেই অভিযোগের বৃত্তান্ত ৩রা মার্চ্চ এটোয়ার ম্যাজিষ্ট্রেটের নিকট প্রেরণ করিলেন। রক্ষক হীরার হাতে একখানি চিঠি দিয়া ম্যাজিষ্ট্রেটের সহিত সহিত সাক্ষাৎ করিতে বলিলেন। পুলিস সুপারিন্টেণ্ডেণ্ট স্বয়ং এই অভিযোগের তদন্তে প্রবৃত্ত হইলেন। ম্যাজিষ্ট্রেট স্বয়ং এই অভিযোগ শ্রবণ করিয়া আসামীদিগকে দায়রায়[5] সমর্পণ[6] করিলেন।

জজের বিচারে আসামীদের ৫ বৎসরের কারাদণ্ড হইয়াছে। এতদ্ব্যতীত দারোগার ২০০ টাকা এবং অপর ৩ জন আসামীর প্রত্যেকের ৫০ টাকা অর্থ দণ্ড হইয়াছে। জরিমানার টাকা আদায় হইলে ৩০০ টাকা হীরাকে দেওয়া হইবে।

[1] Veil ; corruption of *gunthikā of* avagunthita=covering for the face.
[2] Knot ; corruption of *granthi.*
[3] Security.
[4] Protector of Emigrants.
[5] A. dāyer=circuit : *dāyarā*=sessions Court.
[6] Commit.

পুলিস বহু লোকের সম্মুখে অত্যাচার করিতে যে ভয় পায় না, এই ঘটনা তাহার প্রকৃষ্ট[1] প্রমাণ।

গ্রাম্য লোকদিগকে পুলিস কিরূপ লাঞ্ছনা করিতে পারে এই মোকদ্দমা তাহাই প্রদর্শন করিতেছে।

[1] Excellent, conspicuous.

নবদ্বীপে নিত্যানন্দ মাতৃমন্দির।

The Nityānanda Mātṛ-mandir (Maternity Home) at Nava-dwīp.

গত বৎসর যে মাসে সাধু নিত্যানন্দ দাস মহাশয় কর্ত্তৃক স্থানীয় রাধারমণ[1] সেবাশ্রমের[2] শাখা রূপে[3] এই ভবন প্রতিষ্ঠিত হয়। নবদ্বীপে এই প্রকারের ভবন প্রতিষ্ঠা করার আবশ্যকতা প্রত্যেক বিশেষজ্ঞ[4] সহৃদয় ব্যক্তিই বহুদিন হইতে অনুভব করিতেছিলেন কিন্তু কার্য্যটি দুরূহ ও ব্যয়সাধ্য বলিয়া পূর্ব্বে কেহই হস্তক্ষেপ[5] করিতে পারেন নাই। গত ১২ই এপ্রিল তারিখে কৃষ্ণনগর টাউন-হলে নদীয়ার সর্ব্বজনপ্রিয় ম্যাজিষ্ট্রেট মিঃ এস্, সি, মুখার্জ্জি মহোদয়ের সভাপতিত্বে[6] এই মাতৃমন্দির সম্বন্ধে কর্ত্তব্যাবধারণ[7] করিবার জন্য যে মহতী সভার অধিবেশন হয় সেই সভায় ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুর বলেন যে নবদ্বীপে প্রতি বৎসর নানা স্থান হইতে প্রায় ৬০০ জন গর্ভবতী[8] স্ত্রীলোক আসিয়া থাকেন।

এই সমস্ত স্ত্রীলোক বিধবা। তাহারা গর্ভবতী হইয়া সামাজিক কলঙ্কের[9] ভয়ে নবদ্বীপে আসিয়া থাকে। এখানে আসিয়া অনেকে গোপনে গর্ভ নষ্ট করে,[10] অনেকে সন্তান প্রসূত হওয়ার পর মৃদু[11] বিষ প্রয়োগ করিয়া অথবা অত্যন্ত অযত্ন করিয়া তাহাদিগকে হত্যা করিয়া থাকে। কন্যা সন্তান হইলে বেশ্যাগণ তাহাদিগকে কিনিয়া লয় এবং ভবিষ্যতে এই সমস্ত বালিকা জীবিকার জন্য বেশ্যাবৃত্তি করিয়া থাকে। এই যে ঘটনা, যাহা নিত্য নিত্য গোপনে ঘটিতেছে, তাহা সকলেই জানেন। ইহার সত্যতা সম্বন্ধে কাহারও সন্দেহ

[1] *Rādhā-raman*, cover of Rādhā, *i.e.* Kṛṣṇa (very likely the proper name of the man who endowed the home).
[2] Service-asylum, social service home.
[3] As a branch.
[4] *Viśesa-jña* : possessed of special knowledge, specialist.
[5] Taking in hand, lit. hand-throwing.
[6] Lit. with chairmanship *i. e.*, with Mr. Mukherji for Chairman.
[7] *Kartavya-ava-dhāran* : settling what was to be done.
[8] *Garbha-vati* : pregnant.
[9] Social scandal.
[10] Destroy fœtus, bring about miscarriage.
[11] Mild.

করিবার কোন কারণ নাই। গর্ভবতী বিধবাগণকে গর্ভনাশে সহায়তা করা এক সম্প্রদায়[1] লোকের অর্থ উপার্জ্জনের একটি বিশিষ্ট[2] উপায়। এই সম্প্রদায়ের লোকও সমাজে আদর ও সম্মানের সহিত, হয়ত গুরু বা ধর্ম্মপ্রচারক[3] সাজিয়া বাস করেন। ইহা ছাড়া অসৎ লোকের হস্তে পড়িয়া গর্ভবতীগণের আরও অনেকরূপ লাঞ্ছনা হইয়া থাকে। এই ব্যাপার দীর্ঘকাল ধরিয়া আমাদের চক্ষুর সম্মুখে প্রতিনিয়ত ঘটিতেছে, কিন্তু ইহার প্রতিকার সাধনে[4] মনোযোগী হইতে আমাদের সাহস হয় নাই। অনেক সময়ে এমনও হইয়া থাকে যে একজন গর্ভবতী আসিয়া কোন সরাইবাড়ীতে আশ্রয় গ্রহণ করে. সরাইবাড়ীর অধ্যক্ষ গর্ভবতীর টাকা কড়ি সমুদয় আত্মসাৎ[5] করিয়া প্রসবের পূর্ব্বে তাহাকে বাড়ী হইতে তাড়াইয়া দেয়।

নিত্যানন্দ দাস মহাশয় এই সমুদয় জানিতেন এবং এই বিপদ হইতে আশ্রয়হীনা[6] স্ত্রীলোক ও সদ্যপ্রসূত[7] শিশুগণকে রক্ষা করার জন্য তিনি ম্যাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া রাখিয়াছিলেন। ১৯১৩ সালের ১লা এপ্রিল তারিখে নিত্যানন্দ দাস মহাশয় ম্যাজিষ্ট্রেটের নিকট আবেদন করেন ও ম্যাজিষ্ট্রেট অনুমতি প্রদান করিয়া স্থানীয় হেলথ অফিসার ও পুলিশ সব-ইনস্পেক্টারকে সর্ব্বতোভাবে[8] সহায্য করিবার জন্য আদেশ করেন।

সরাইবাড়ী হইতে বিতাড়িতা[9] ও আশ্রয়হীনা একটি গর্ভবতী স্ত্রীলোক একদিন রাত্রিকালে নবদ্বীপের এক জঙ্গলে সন্তান প্রসব করিয়া রোদন করিতেছিল নিত্যানন্দ দাস মহাশয় সেই সময়ে ট্রেন হইতে নামিয়া সেবাশ্রমে আসিতেছিলেন. তিনি সমস্ত ব্যাপার অবগত হইয়া এই স্ত্রীলোকটিকে সদ্যপ্রসূত শিশু সহ রাধারমণ সেবাশ্রমে আশ্রয় প্রদান করেন ও সেই দিন হইতেই এই মাতৃমন্দির প্রতিষ্ঠিত হয়। (প্রথমে কিছুদিন সেবাশ্রমেই গর্ভবতী ও শিশুগণকে রাখা হইত, শেষে নানা কারণে তাহা অসম্ভব হইয়া পড়ে ও নবদ্বীপ ধর্ম্মশালার বৃহৎ বাড়ী এই উদ্দেশ্যে ভাড়া লওয়া হয়। এখনও সেই বাড়ীতেই মাতৃমন্দিরের কার্য্য চলিতেছে।)

গত ফেব্রুয়ারী মাসের ১৪ই তারিখে মাঘী মেলায়[10] অক্লান্তভাবে[11] বিসূচিকা[12] রোগগ্রস্ত রোগীর সেবা করিতে করিতে স্বয়ং বিসূচিকা রোগে

[1] A community or class.
[2] Special, excellent.
[3] Preachers of religion.
[4] *Prati-kārsādhan* : contriving a remedy.
[5] Appropriation ; *ātma-sāt* : making one's own.
[6] *Aśray-hinā :* without refuge.
[7] Newly-born.
[8] *Sarvvatas-bhāve :* in every respect.
[9] Driven forth
[10] The fair on the day of the full moon of the month Māgh.
[11] Unweariedly.
[12] Cholera, commonly called *olā-uṭhā*.

আক্রান্ত হইয়া নিত্যানন্দ দাস মহাশয় মানবলীলা[1] সম্বরণ করেন। মৃত্যুকালে তিনি উইল করিয়া নবদ্বীপধামে[2] তাঁহার নামে যে সম্পত্তি ছিল সেই সমুদয় সম্পত্তি দেবোত্তর[3] করিয়া নিম্নলিখিত ব্যক্তিগণকে ট্রাষ্টি[4] নিযুক্ত করিয়া যান। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত (কলিকাতা), শ্রীযুক্ত শরৎচন্দ্র সিংহ ঐ, শ্রীযুক্ত মাণিকলাল মল্লিক ঐ শ্রীকুলদা প্রসাদ মল্লিক ঐ, শ্রীযুক্ত রামদাস বাবাজী ঐ, শ্রীযুক্ত তারাপ্রসন্ন বাগচী (নবদ্বীপ), শ্রীযুক্ত গোপীকৃষ্ণ চন্দ্র ঐ। তাঁহার মৃত্যুর পর শ্রীযুক্ত কুলদা প্রসাদ মল্লিক সেবাশ্রম ও মাতৃমন্দিরের সম্পাদক[5] হইয়া এই দুইটি প্রতিষ্ঠান[6] পরিচালনা করিয়াছেন।

মহাত্মা নিত্যানন্দ দাস মহাশয় মাতৃমন্দিরের কার্য্য আরম্ভ মাত্র করিয়া গিয়াছিলেন। পরিচালনার আনুপূর্ব্বিক[7] ব্যবস্থা করিতেছিলেন, এমন সময়ে তাঁহার মৃত্যু হয়। তাঁহার মৃত্যুর পর শ্রীযুক্ত কুলদা প্রসাদ মল্লিক মহাশয় কৃষ্ণনগরে নিত্যানন্দ দাস মহাশয়ের কীর্ত্তি রক্ষা, বিশেষ করিয়া মাতৃমন্দির রক্ষা করিবার আবশ্যকতা সম্বন্ধে কয়েকদিন বক্তৃতা করেন। কৃষ্ণনগরের যাবতীয় সহৃদয় শিক্ষিত ব্যক্তিই বিশেষ সহানুভূতি[8] প্রকাশ করেন। স্থানীয় অবসর-প্রাপ্ত[9] ডেপুটি ম্যাজিষ্ট্রেট, শ্রীযুক্ত চন্দ্রভূষণ চক্রবর্ত্তী, কলেজের অধ্যাপক, শ্রীযুক্ত হেমচন্দ্র সরকার প্রভৃতি ভদ্রলোকগণের বিশেষ চেষ্টায় মাতৃমন্দিরের কার্য্য পরিচালনার জন্য কৃষ্ণনগরে একটি কমিটি গঠিত হয়। জেলার ম্যাজিষ্ট্রেট এই কমিটির সভাপতি, কৃষ্ণনগরের মহারাজা ইহার সহযোগী[10] সভাপতি,[10] শ্রীযুক্ত বাবু চন্দ্রভূষণ চক্রবর্ত্তী ইহার সম্পাদক[11]। নবদ্বীপে কার্য্য পরিচালনার জন্য যে কমিটি গঠিত হইয়াছে সেই কমিটিতে স্থানীয় জমিদার শ্রীযুক্ত তারাপ্রসন্ন বাগচি মহাশয় সভাপতি ও শ্রীযুক্ত কুলদা প্রসাদ মল্লিক সম্পাদক। ইঁহারা উভয়েই রাধারমণ সেবাশ্রমের ট্রষ্টী। রাধারমণ সেবাশ্রম কর্ত্তৃকই এই মাতৃমন্দির পরিচালিত হয়, কৃষ্ণনগর কমিটি মাসিক ৫০৲ টাকা করিয়া মে মাস হইতে সাহায্য করিতেছেন। বর্ত্তমান সময়ে আশ্রমে ৮টি শিশু, ৩টি প্রসূতি, ও শিশু পালনের জন্য ৫ জন ধাত্রী আছেন। সন্তান প্রসবের পর প্রসূতিগণকে তিন মাস রাখা হয়। গত মে মাসে এই মন্দিরে

[1] *Mānavā-līlā :* Life's play (cf. The world is a stage, shaks.)
[2] At (the place) Navadwip.
[3] Corruption of *Devatra* (Deva—God + tra—that which is set apart for) : religious endowment.
[4] Trustee.
[5] Secretary.
[6] Foundation.
[7] From *anu* + *pūrvva ;* following from the beginning.
[8] *Saha-anu-bhūti :* sympathy.
[9] Having obtanied leisure ; retired.
[10] Assistant (vice) Chairman.
[11] Secretary.

সর্ব্বসমেত ১৩২, টাকা ব্যয় হইয়াছে। কৃষ্ণনগর কমিটি ৫০, টাকা দিয়াছেন, আর অবশিষ্ট ব্যয় রাধারমণ সেবাশ্রমের কর্ত্তৃপক্ষগণ[1] প্রদান করিয়াছেন। জেলার ম্যাজিষ্ট্রেট ও সবডিবিসনাল অফিসার এই মন্দির মধ্যে মধ্যে পরিদর্শন করিয়া থাকেন। ইঁহারা ছাড়া গত এক মাসের মধ্যে ডাক্তার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলার, মহারাজা শ্রীযুক্ত ক্ষৌণীশচন্দ্র রায়, কৃষ্ণনগর, মহামহোপাধ্যায় কামাখ্যা নাথ তর্কবাগীশ, পণ্ডিত অজিতনাথ ন্যায়রত্ন পণ্ডিত শিতিকণ্ঠ বাচস্পতি, পণ্ডিত শিবনারায়ণ শিরোমণি ও নবদ্বীপস্থ অন্যান্য পণ্ডিতগণ, শ্রীযুক্ত হীরেন্দ্র নাথ দত্ত, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল মিষ্টার উইটেন্ বেকার ডাক্তার কাইমুরা (জাপান), শ্রীযুক্ত বিধুভূষণ দত্ত (অধ্যাপক, পাবনা), ডাক্তার গয়ানাথ পাল (জগতী) প্রভৃতি এই মন্দির পরিদর্শন করিয়া সন্তোষ প্রকাশ করিয়াছেন।

১৯১৩ খৃষ্টাব্দের ১লা এপ্রিল তারিখে এই মন্দিরের প্রতিষ্ঠাতা নিত্যানন্দ দাস মহাশয় নদীয়া জেলার ম্যাজিষ্ট্রেট সাহেবকে যে আবেদন করেন সেই আবেদন পত্রের এক অংশ নিম্নে উদ্ধৃত[2] হইল, ইহা হইতে আশ্রমের উদ্দেশ্য কি তাহা বুঝিতে পারা যাইবে।

"People from all parts of the province, especially from Dacca, Mymensingh, Tippera and other districts of East Bengal, throng into this city (Nabadvip), seek shelter just to hide their shame under the shade of the multitudinous population and the pecuniary greediness of the Sarai keepers of Navadvip, deliver these off-shoots from illicit conenctions, bide their time and then depart again to avoid calumny and disgrace to their respective homes, leaving the unfortunate infants to their fate.

These children often die from sheer neglect and wilful carelessness on the part of the mothers and the inn-keepers, as it is generally against their interest and intention to preserve the lives of these babies. And even if they survive, the babies, if girls, are frequently handed over to the ignominous women—destined by the so-called parents themselves to life-long prostitution and wretched debasement. The boys are likewise recommended to beggarism and vagabondism all the days of their lives, to move about in low circles and in low company, without education and without breeding, so that they have no other alternative but to grow up into a race of ruffians and rascals.

With a view to prevent, as far as possible this lamentable state of affairs—to help these poor, helpless, fateless children out of the imminent wreck and ruin of so many human lives—to provide them with food, lodging, and suitable education, so that they may push up their heads and stand out as men in the strife and struggle of life in the world, this institution craves the permission of the official staff and the active co-operation of the local police in the matter of the working and management of Delivery Home, where secrecy and due care of the babies delivered will be guaranteed."

[1] Managers.
[2] Excerpted, extracted.

মাতৃমন্দির ও সেবাশ্রম সম্বন্ধে একটি কথা বলা বিশেষভাবে প্রয়োজন। এই দুইটি প্রতিষ্ঠান কোনও সম্প্রদায় বিশেষের[1] নহে। এই আশ্রমে যাঁহারা থাকেন তাঁহারা স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম্মমতের অনুবর্ত্তন[2] করিতে পারেন। এই আশ্রমে যে উপদেশ দেওয়া হয় তাহা সার্ব্বজনীন। আশ্রমের প্রতিষ্ঠাতা[3] সাধু নিত্যানন্দ দাস মহাশয় উদার[4] ভক্তিপথের[5] সাধক[6] ছিলেন।

বর্ত্তমান সময়ে যে বিশেষ অভাব দূর করিবার জন্য মাতৃমন্দির প্রতিষ্ঠিত হইয়াছে, সেই অভাবের গুরুত্ব প্রায় সকলেই অনুভব[7] করেন, কিন্তু কেবল মাত্র অনুভব করিলেই চলিবে না। সকলেই এই আশ্রমকে সাধ্যমত[8] সাহায্য করুন। যাবতীয় সাহায্য শ্রীকুলদা প্রসাদ মল্লিক, সম্পাদক, সেবাশ্রম, নবদ্বীপ পোঃ[9] নদীয়া, এই ঠিকানায়[10] প্রেরণ করিবেন।

[1] Any special denomination or sect.
[2] Following, observance.
[3] Founder.
[4] Tolerant, generous, catholic.
[5] *Bhakti-path* : devotion-path.
[6] Worker, follower.
[7] Feel the gravity of that want.
[8] According to means.
[9] *Poh*, for post office.
[10] To the address.

Khanār Vacan, (*the sayings of Khanā*).

I had here inserted an interesting article on the agricultural wisdom and experience displayed in the popular rhymes, doubtless of very ancient origin, known as *Khanār Vacan*. But the article was written for people who are familiar with these popular aphorisms from childhood, and the explanations given by the writer would be of little help to beginners in Bengali. The rhymes in question are, however, very useful acquisitions for a young civilian whose interest in agricultural affairs is early evoked by his experiences in settlement training. I have therefore extracted the following Khanā rhymes from my friend Mr. Dīneś Chandra Sen's "Bengali Language and Literature" (Calcutta University Press, 1911). Young civilians will find it quite worth their while to learn these rural maxims by heart. They are often quoted in common talk, and, rude as they are, they contain the inherited observations of many generations of cultivators.

ভাল দ্রব্য যখন পাব,
কালিকারে তুলিয়া না থোব ॥
যদি দুগ্ধ করিয়া ভোগ,
ঔষধ দিয়া খণ্ডাব রোগ ॥
বলে ডাক এই সংসার
আপনে মইলে কিসের আর ॥

This is a quotation from the *Dāker Vacan*, a collection of rustic aphorisms said to be of Buddhist origin. These lines may be rendered into easy prose thus :—

ভাল খাদ্য-দ্রব্য যখন পাইব কাল পর্য্যন্ত তুলিয়া থুইব না। যদি দুগ্ধ ভোগ করিয়া পীড়িত হই তাহা হইলে ঔষধ খাইয়া রোগ খণ্ডাইব। ডাক বলে যে আপনি মরিলে এই সংসার আর কিসের হইয়া যায়।

Another *Dāker Vacan* is this :—

ধর্ম্ম করিতে যবে জানি,
পাখরি দিয়া রাখিব পানি ॥
গাছ রুইলে বড় ধর্ম্ম।
* * * *
যে দেই ভাতশালা পানিশালা,
সে না যায় যমের পুরী ॥

A simple prose rendering of this would be :—

যদি আমি ধর্ম্ম প্রতিপালন করিতে জানি, তাহা হইলে পুষ্করিণী খনন করিয়া জল রাখিব। গাছ রোপণ করিলে বড় ধর্ম্ম হয়। যে লোক ভাতশালা ও পানিশালা প্রস্তুত করে সে কখনও যমের বাড়ীতে যাইবে না।

The most commonly quoted *Khanār Vācan* is the following :—

যদি বর্ষে আগনে,
রাজা নামেন মাগনে।
যদি বর্ষে পৌষে,
কড়ি হয় তুষে।
যদি বর্ষে মাঘের শেষ,
ধন্য রাজার পুণ্য দেশ।
যদি বর্ষে ফাগুনে,
চীনা-কাওন হয় দ্বিগুণে।

This may be rendered thus :—"If it rains (varṣe) in Agrahāyan, the king descends to begging. If it rains in Pauṣ, there is money (কড়ি even in selling chaff. If it rains at the end of Magh, then the king's meritorious land is blessed. If it rains in Phālgun, then the millet yields a double crop.

Another aphorism is :—

খনা ডেকে বলে যান,
রোদে ধান, ছায়ায় পান।

This, in prose, may be written :—

খনা ডাকিয়া বলিয়া যান যে ধান ভাল হয় রৌদ্রে, পান ভাল হয় ছায়াতে।

The Pān plant (Pistia stratiotes), whose aromatic leaf is chewed with chopped betelnut and lime, is a creeper which flourishes in artificially shaded

পান বাড়ী's।

Another easy one is :—

দিনে রোদ, রাতে জল,
তাতে বাড়ে ধানের বল।

This in prose would be :—

দিনের বেলা যদি রৌদ্র হয় ও রাত্রিতে যদি বৃষ্টি পড়ে, তাহা হইলে ধানের বল বেশী হয়।

Another is :—

কার্ত্তিকের ঊণ জলে
খনা বলে দুনো ফলে।

Which means that Khanā says that if there is light rain in Kārttik, the paddy seeds twofold.

Another notable aphorism is this :—

শুন বাপু, চাষার বেটা,
বাঁশ ঝাড়ে দিও ধানের চিটা;
চিটা দিলে বাঁশের গোড়ে,
দুই কুড়া ভুঁই বেড়বে ঝাড়ে।

This means :—"Listen, thou son of the peasant, put some paddy mildew in your bamboo-clump. If you put it at the root of your bamboos, the clump (jhāḍe for jhāḍ, "Prākrit nominative of the grammars) will cover two *kuḍās* of land" (about 174 cubits or *hāt* square)." This looks like an intelligent anticipation of the modern use of nitrogen-supplying microbes to agriculture.

Here is a rule for choice of the site of homestead :—

পূবে হাঁস, পশ্চিমে বাঁশ,
উত্তরে বাগ, দক্ষিণে ফাঁক।

i.e. on the east (পূর্ব্বে) ducks (a tank); on the west, bamboos (for shade); on the north, a garden (for shelter against cold north wind); on the south, an open space (for the cool wind from the sea).

Here I may insert an easy rule for remembering the points of the compass. You are to imagine yourself facing the east, the rising sun. The east will then be in front of you—*purvva*. The south will be to your right hand—*dakṣiṇ*, 'de-ccan.' The west will be behind you—*pāścim*. (It may be noticed that our western lands are in India considered to be behind, *Pāscātya deś*.) Finally the north will be *uttar*, outer, the last in the enumeration. The intermediate points of the compass are called *koṇ*, angles or coners. These are: N.-E. *iśān* : S.-E. *agni* : S.-W. *nairṛt* : N.-W. *vāyu*. There are eight *dig-gajas*, eight elephants who support the eight points of the compass (the earth being regarded as flat) and are called the eight *dig-pālas*. Each point of the compass is a *dik*, or 'direction.' But some speak of *ten* points, adding 'above' and 'below' to the eight ordinary points. The guardians of the eight points, reckoning from the east, are E. Indra; S.-E. Agni; S. Yama, the god of death; S.-W. Nairṛt, a demon; W. Varuṇa, the Indian Neptune; N.-W. Vāyu, the wind; N. Kuvera, the Indian Plutus; N.-E. Śiva. Brahmā, the creator, is in charge of the upper direction, and Ananta, the "unènding" snake Śeṣa, of the lower direction. These points occur frequently in conversation, and are worth learning.

Here is a piece of rustic satire at the expense of light-minded wives:—

ঘরে স্বামী, বাইরে বসে,
চারি পানে চাহে, মুচকি হাসে।
হেন স্ত্রীয়ে যাহার বাস,
তাহার কেন জীবনের আশ।
ঘরে আখা, বাইরে রান্ধে,
অল্প কেশ ফুলাইয়া বান্ধে,
ঘন ঘন চাহে, উলটি ঘাড়,
বলে ডাক এ গৃহিণীতে ঘর উজাড়।
পানি ফেলিয়া পানিকে যায়
পথিক দেখিয়া আড় চক্ষে চায়।
বাতি বুলে গান গায়।
পর পুরুষকে আড় চক্ষে চাহি,
পর সম্ভাষে বাটে রহি।
এ নারী ঘরে না থুহি।

Which being rendered, is "her hasband in the house: she sits outside (*vāhire*): she looks all round, she smiles lightly. He who has to dwell with such (*hena*) a wife, what hope (*āśā*) has he of (a happy) life? The fireplace is in the house, but she cooks outside. Swelling out her scanty locks she binds them: she looks often turning her neck: Dāk says that with such a wife the house is ruined (*ujaḍan-uttolan*). She throws away the water (in the house) to have an excuse to go out to draw more. If she sees a wayfarer

she looks at him with covert glances. She sings loudly as she lights the lamps. She is always chatting with strangers on roads (bāt-road). Such a woman as this should not be kept in the house."

The popular poetry contains many বার মাসা's, or descriptions of the twelve months of the year. Here is a sample from Mr. Sen's book:—

কার্ত্তিকে ওল, মাগে বেল,
পৌষে কাঞ্জি মাঘে তেল,
ফাগুনে আদা, চৈত্রে তিতা
বৈশাখে নিম নালিতা,
জৈ্যষ্ঠে ঘোল, আষাড়ে দহি,
শ্রাবণে খৈ. ভাদ্রে তাল।
আশ্বিনে শশা,
ডাক বলে এই বার মাসা।

In Kārtik eat *ol* (*aram campanulatum*), in Agrahāyaṇ eat *bel* fruit. In Pauṣ take *kañji*, or rice gruel. In Māgh, mustard oil. In Phālgun, ginger. In Caitra bitter vegetables. In Vaiśākh, *nālitā* (jute-leaves). In Jyaiṣtha, butter milk. In Āṣaḍh, curds. In Śrāvaṇ, fried rice. In Bhādra, the fruit of the *tal* palm. In Āśvin, cucumber. Dāk says that this is the Vāra-Māsī (the calendar).

No doubt every district has its own collection of such rhyming aphorisms, and a collection of them might well be made (indeed, I believe, the Agricultural Department has published a selection of them) before this rule-of-thumb science is superseded by more modern observation.

রঙ্গপুরে কলেজ প্রতিষ্ঠা।

The opening of Rangpur College.

সার আসলি ইডেন[1] যখন বাঙ্গালার ছোটলাট ছিলেন তখন রঙ্গপুরে একটী দ্বিতীয় শ্রেণীর কলেজ প্রতিষ্ঠিত হইয়াছিল। তখন সমগ্র জেলায় একটী মাত্র উচ্চ ইংরাজি বিদ্যালয় ছিল, তখন রেলপথ নির্ম্মিত না হওয়ায় স্থানান্তর হইতে ছাত্র সমাগমের সম্ভাবনা ছিল না. সুতরাং ছাত্রাভাবে[2] সেই কলেজ স্থায়ী হইতে পারে নাই। বিগত ১৮৯৭ খৃষ্টাব্দের ভূমিকম্পের[3] পর হইতে রঙ্গপুর জেলার স্বাস্থ্যোন্নতি[4] হইয়াছে। ইতিমধ্যে রঙ্গপুরে ১০টী উচ্চ ইংরাজি বিদ্যালয় স্থাপিত হইয়াছে। রেলপথ বিস্তারিত হওয়াতে যাতায়াতের সুবিধা

[1] Sir Ashley Eden, formerly Lieut.-Governor (or chota-lāt) of Bengal.
[2] Chātra-abhāv : lack of pupils.
[3] Earthquake.
[4] *Svāstha-unnati* : health-improvement.

হইয়াছে। কলেজের অভাব অত্যন্ত অনুভূত [1] হওয়ায় বিগত কএক বৎসর হইতে স্থানীয় জমিদারবর্গ ও জনসাধারণ কলেজের প্রতিষ্ঠাকল্পে গবর্ণমেণ্টের সাহায্য ও সহানুভূতি প্রার্থনা করিয়া আসিতেছিলেন।

বিগত নবেম্বর মাসে বাঙ্গালার গবর্ণর লর্ড কারমাইকেল [2] যখন রঙ্গপুরে আগমন করেন তখন রঙ্গপুরের জনসাধারণের পক্ষ হইতে গবর্ণরকে অভিনন্দন পত্র [3] প্রদত্ত হয়। তাহাতে কলেজ স্থাপন সম্বন্ধে আবেদন করা হইয়াছিল। প্রত্যুত্তরে তিনি বলিয়াছিলেন যে এ বিষয়ের শিক্ষা বিভাগের কর্ত্তৃপক্ষগণের অভিমত [4] সংগ্রহ করিয়া তিনি কর্ত্তব্য অবধারণ করিবেন।

রঙ্গপুর জমিদার সভার সম্পাদক অতঃপর শিক্ষা বিভাগের ডিরেক্টরের সহিত বহু পত্র ব্যবহার করিবার পর [5] বিগত ১:এ মার্চ্চ তারিখে ডিষ্ট্রীক্ট বোর্ড সভা গৃহে রঙ্গপুরে কলেজ প্রতিষ্ঠা সম্বন্ধে এক মহতী পরামর্শ সভার অধিবেশন হইয়াছিল। বাঙ্গালার শিক্ষা বিভাগের ডিরেক্টর মিঃ হর্নেল [6] এই সভায় সভাপতির আসন গ্রহণ করেন। জেলা মাজিষ্ট্রেট মিঃ জে, এন. গুপ্ত, জমিদার সভার সম্পাদক শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী. জমিদার, এবং অন্যান্য সভা সমিতির প্রতিনিধি ও রঙ্গপুরের যাবতীয় উচ্চ ইংরাজি বিদ্যালয়ের সম্পাদক. মহকুমার মাজিষ্ট্রেট, জেলার ডেপুটী ইন্সপেক্টারগণ ও প্রধান প্রধান জমিদারবর্গ সভায় উপস্থিত হইয়াছিলেন। এরূপ একটী বৃহদনুষ্ঠান কল্পে [7] অর্থ সমস্যার সমাধান প্রশ্ন উত্থাপিত হইলে [8] সমবেত [9] সদস্যমণ্ডলী [10] টেপার দানশীল ভূম্যধিকারী [11] শ্রীযুক্ত অন্নদামোহন রায় চৌধুরী মহোদয়ের স্বীকৃত [12] একলক্ষ টাকা এবং অন্যান্য ভূম্যধিকারিগণের নিকটে তৎপরিমাণে টাকা প্রাপ্তির সম্ভাবনা দৃঢ়তার সহিত বিজ্ঞাপিত করেন। মন্থনার দানশীলা ভূম্যধিকারিণীর প্রতিনিধি শ্রীযুক্ত উদয়কান্ত ভট্টাচার্য্য বিজ্ঞাপিত করেন যে এরূপ সদনুষ্ঠানের [13] জন্য কর্ত্রী [14] চৌধুরাণী মহাশয়া বার্ষিক ৫০০৲ টাকা আয়ের সম্পত্তি বা তন্মূল্য প্রদান করিতে ইচ্ছুক আছেন।

[1] Felt.
[2] Lord Carmichael.
[3] Address of welcome.
[4] Opinion.
[5] After exchanging letters.
[6] Mr. Hornell.
[7] For accomplishing so great an enterprise.
[8] The question of solving the financial problem being raised.
[9] *Sam-ava-ita :* assembled.
[10] *Sadas*, an assembly ; *Sadasya* : those taking part in it ; *Mandali :* circle, gathering.
[11] *Bhūmi-adhikārī :* land-owner.
[12] Consented, promised, subscribed.
[13] *Sat-anusthān :* good work.
[14] His employer, mistress.

সভার প্রারম্ভে[1] জমিদার সভার সম্পাদক রঙ্গপুরে কলেজ প্রতিষ্ঠা সম্বন্ধে মন্তব্য[2] পাঠ করেন। এই মন্তব্য ডিরেক্টর ও সদস্যবৃন্দ কর্তৃক গৃহীত হইলে রঙ্গপুরে কলেজ প্রতিষ্ঠার আবশ্যকতা সকলেই একবাক্যে স্বীকার করেন। সম্পাদক মহাশয় তাঁহার মন্তব্যের সহিত মিঃ হর্ণেলের অবগতির[3] জন্য সমগ্র রাজসাহী বিভাগ এবং কুচবিহার ষ্টেটের একখানি মানচিত্র[4] সংযুক্ত করিয়াছিলেন। ইহাতে সমগ্র রাজসাহী বিভাগের উচ্চ ইংরাজী বিদ্যালয় সমূহের অবস্থান[5] এবং রেলপথ প্রদর্শিত হইয়াছিল। রাজসাহী বিভাগের অন্যান্য জেলা হইতে রেলপথে অধ্যয়নার্থী[6] ছাত্রগণ অক্লেশে রঙ্গপুরে আগমন করিতে পারিবে, মানচিত্র হইতে ইহা সুস্পষ্টভাবে প্রদর্শন করা হইয়াছিল। বিগত পাঁচ বর্ষে সমগ্র রাজসাহী বিভাগের স্কুল সমূহ হইতে কত বালক প্রবেশিকা পরীক্ষায়[7] উত্তীর্ণ হইয়াছিল, সম্পাদক তাহার উল্লেখ করিয়া বুঝাইয়া দেন যে, প্রস্তাবিত কলেজে কখনই ছাত্রের অপ্রতুল[8] হইবে না। তাঁহার মন্তব্য হইতে জানা যায় যে রঙ্গপুরের জনসংখ্যা শতকরা ৬৬ জন মুসলমান, ২০ জন রাজবংশী এবং ১৪ জন অন্তি হিন্দু। এই মুসলমান ও রাজবংশীগণ উচ্চ শিক্ষায় আজও বহু পশ্চাতে পড়িয়া আছে। এই জাতিদ্বয়ের সন্তানগণ গৃহের নিকটে উচ্চ শিক্ষার ব্যবস্থা হইলে আগ্রহ সহকারে[9] শিক্ষা লাভ করিবে। উচ্চ হিন্দু সন্তানগণ অধুনা দূরদেশে যাইয়াও কলেজে প্রবেশাধিকার[10] লাভ করেন না এবং তাহাদের অভি-ভাবকগণ[11] কলিকাতা প্রভৃতি দূরদেশে উচ্চ শিক্ষা লাভার্থে পাঠানও নিরাপদ মনে করেন না। এই দুইটী অসুবিধা রাজবংশী ও মুসলমান জাতির পক্ষেও সর্ব্বাংশে প্রযোজ্য[12]। মিঃ হর্ণেল সুরেন্দ্র বাবুর লিখিত মন্তব্যটী মানচিত্রসহ তাঁহার রিপোর্টের পরিশিষ্টরূপে[13] মুদ্রিত করিয়াছেন।

শিক্ষা বিভাগের ডিরেক্টর মিঃ হর্ণেল বলেন, ইহা অসম্ভব নহে যে আগামী ২০।৩০ বৎসরের মধ্যে বঙ্গদেশের অধিকাংশ জেলায় নব গঠিত ঢাকা

[1] *Pra-ārambha ;* beginning.
[2] *Mantavya :* resolution.
[3] *Avagati :* information.
[4] Map.
[5] Position.
[6] Desirous of learning.
[7] Matriculation, Entrance Examination.
[8] Deficiency.
[9] With eagerness.
[10] Right of admission.
[11] Guardians.
[12] Fit to be applied, applicable, *pra-yog*-application.
[13] As an appendix.

বিশ্ববিদ্যালয়ের[1] অনুকরণে[2] ছাত্রাবাস[3] সমন্বিত[4] বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে। রঙ্গপুরে এরূপ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রয়োজন হইলে তাহার জন্য উপযুক্ত ভূমি সংগ্রহ করা সম্ভবপর হইবে কি না এই প্রশ্নের উত্তরে জনসাধারণ এইরূপ আশা প্রদান করেন যে, সহর হইতে দুই মাইল এবং রেলওয়ে ষ্টেষণ হইতে অর্দ্ধ মাইল ব্যবধানে কলেজের গৃহাদি নির্ম্মাণ কল্পে কুণ্ডির জমিদারগণের নিকট হইতে এক সঙ্গে সহস্রাধিক[5] বিঘা ভূমি প্রাপ্ত হওয়া যাইতে পারে। ২০এ মার্চ্চ জেলার ম্যাজিষ্ট্রেট ও ডিরেক্টার মিঃ হর্নেল এই ভূখণ্ড[6] পরিদর্শন করিয়াছিলেন।

রাজবংশী ও মুসলমান ছাত্রদিগের জন্য ছাত্রাবাস নির্ম্মিত হওয়া প্রয়োজন, পরন্তু[7] উপযুক্ত বেতন ও কলেজ সংলগ্ন বাসস্থান প্রদান না করিলে সুযোগ্য অধ্যাপক পাইবার সম্ভাবনা কম। কলেজটীকে প্রারম্ভ হইতে প্রথম শ্রেণীতে পরিণত ও উহাতে বিজ্ঞান শিক্ষার ব্যবস্থা করিতে হইলে উহার জন্য প্রচুর অর্থ ব্যয় করা প্রয়োজন। গবর্ণমেণ্টের উপর নির্ভর করিলে আগামী কয়েক বৎসরের মধ্যে কলেজ প্রতিষ্ঠার সম্ভাবনা নাই। মিঃ হর্নেলের প্রশ্নোত্তরে রঙ্গপুরের জনসাধারণ কলেজটীকে প্রথম শ্রেণীতে পরিণত করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। তাঁহারা এইরূপ অনুমান করিয়াছেন যে, রঙ্গপুরে কলেজ প্রতিষ্ঠিত হইলে রঙ্গপুর ও তন্নিকটবর্ত্তী জেলা সমূহ হইতে ন্যূনকল্পে[8] ৫০০ ছাত্র কলেজে অধ্যয়ন করিবার নিমিত্ত উপস্থিত হইবে।

শিক্ষাবিভাগের ডিরেক্টর উল্লিখিত সভায় উপস্থিত সদস্যগণের মতামত[9] গ্রহণ করিয়া এখানে একটী গবর্ণমেণ্ট সাহায্যকৃত প্রথম শ্রেণীর কলেজ সহজেই প্রতিষ্ঠিত হইতে পারে এইরূপ অনুকূলে মন্তব্য প্রকাশ করেন ও পরে তদনুসারে গভর্ণমেণ্টে এক রিপোর্টও দাখিল করিয়াছেন ও কলেজের জন্য সহরের অনতিদূরে পূর্ব্বোক্ত স্থান নির্দ্দেশ করিয়া গিয়াছেন। এই সদনুষ্ঠান সত্বর কার্য্যে পরিণত[10] করা কর্ত্তব্য বোধে তিনি কালেক্টরের নিকট তাঁহার রিপোর্টের এক খণ্ড নকল পাঠাইয়া দিয়াছেন।

বাঙ্গালার গবর্ণর লর্ড কারমাইকেলের রঙ্গপুরে আগমনকাল হইতে রঙ্গপুর জমিদার সভা, কলেজ প্রতিষ্ঠার জন্য বিপুল আয়াস[11] স্বীকার করিয়া

[1] Dacca university.
[2] In imitation of.
[3] Pupil-dwellings : boarding-houses.
[4] *Sama-anu-ita* : possessed of, joined with.
[5] More than a thousand.
[6] *Bhu-khaṇḍa* : piece of land.
[7] Moreover (*paraṅ-tu*).
[8] At a low estimate.
[9] *Mata-amata* : opinions for and against.
[10] Quickly made operative.
[11] Effort.

আসিতেছেন। বিগত ১৯এ এপ্রিল ও ৮ই জুন রঙ্গপুর এডোয়ার্ড মেমোরিয়াল হলে এতদুদ্দেশ্যে দুইটী সভার অধিবেশন হইয়া গিয়াছে। কলেজ প্রতিষ্ঠাকল্পে গঠিত কমিটীতে বিভাগীয় কমিশনর সভাপতি ও জেলার মাজিষ্ট্রেট মিঃ জে, এন্ গুপ্ত ও সেসন জজ মিঃ ইউসুফ সহকারি সভাপতি হইয়াছেন। এতদ্ব্যতীত একটী কার্য্যনির্ব্বাহক সমিতিও[1] গঠিত হইয়াছে। শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্. এ, বি, এল, রঙ্গপুরের রাজবংশীগণের জাতীয় সভা হইতে এককালীন ২৫,০ ০, টাকা প্রদান করিতে সম্মত হইয়াছেন।

টেপার দানশীল ভূম্যধিকারী শ্রীযুক্ত অন্নদা মোহনের দৃষ্টান্ত[2] অনুকরণ করিয়া এ জেলার অন্যান্য ভূম্যধিকারিগণ তাঁহাদের বংশগত বদান্যতার[3] পরিচয় প্রদান ও জমিদার সভার প্রারব্ধ[4] এরূপ একটী মহদনুষ্ঠানের সফলতা সাধন করিবেন ইহা বলাই বাহুল্য। জনসাধারণেরও এই অনুষ্ঠানে আন্তরিক সহানুভূতি সহ সাধ্যমত অর্থদান করা আবশ্যক।

[1] Executive committee.
[2] Example.
[3] Hereditary liberality.
[4] *Pra-ārabh* : begun, initiated.

টিহরী যাত্রা।

A visit to Tehri (Garhwal) in the United Provinces.

বাঙ্গালী সন্ন্যাসী।

(*1*) *A Bengali* Ascetic.

একদিন বেলা অনুমান ১০ টার সময় গঙ্গাস্নান করিতে যাইতেছি। পথিমধ্যে একজন গেরুয়াধারী[1] সাধু বলিলেন, মহাশয়! আপনারা কতদিন আসিয়াছেন। হঠাৎ তাঁহার মুখে বাঙ্গালা কথা শুনিয়া প্রাণের মধ্যে যেন কেমন করিয়া উঠিল,[2] তাঁহার বেশভূষা দর্শনে কিছুতেই বাঙ্গালী বলিয়া মনে হয় না। তাঁহাকে বিশেষ ভাবে জিজ্ঞাসা করায় জানিলাম তিনি বাঙ্গালী। তাঁহার নাম ঠিকানা জানিতে চাহিলে কোনও উত্তর করিলেন না; বুঝিলাম একটু অসন্তুষ্ট হইয়াছেন; একটু পর তিনি আমার নাম ঠিকানা জিজ্ঞাসা করিলেন, আমি অকপটে[3] বলিলাম আমার নাম নগেন্দ্রনাথ চক্রবর্ত্তী. গ্রাম কাদমদিসী, জেলা বগুড়া; কিন্তু পরক্ষণেই[4] ভয় হইল, মনে হইল

[1] Wearer of (a cloth dyed with) gerua or yellow ochre, sign of asceticism.
[2] Some strange feeling rose in my mind.
[3] *A-kapate* : without deceit, frankly.
[4] The moment after.

এ কি উদ্দেশ্যে আপন নাম গোপন করিয়া আমার নাম ঠিকানা[1] শুনিয়া লইল কি করিয়া বুঝিব যাহা হউক এ লোকটা প্রকৃত বাঙ্গালী কি না এবং সন্ন্যাসী কি না জানিতেই হইবে। তখন তাঁহার আশ্রমের ঠিকানা লইলাম এবং দয়া করিয়া বৈকালে একবার আমাদের ডাক বাঙ্গালায় যাইবেন বলিয়া বিশেষ অনুরোধ করিলাম। তিনি যাইতে স্বীকার করিলেন। মনে মনে ভাবিলাম ডাক বাঙ্গালায় না গেলে নির্দ্দিষ্ট আশ্রমে যাইয়াই দেখা করিব তাহাতে সমস্ত বুঝিতে পারিব। বেলা অনুমান ৪ টার সময় উক্ত সাধু বাঙ্গালায় উপস্থিত হইলেন, তাঁহার সহিত স্থানীয় নানা বিষয়ের আলোচনা হইল, তাঁহার কথাবার্ত্তায় বুঝিলাম তিনি প্রকৃত ভগবদ্ভক্ত[2], অন্য কিছু নহে। অনেকক্ষণ ভগবানের নাম গুণ কীর্ত্তন করিলেন। ক্ষণেক পরে তিনি বলিলেন আমার পূর্ব্ব নাম অবিনাশ চন্দ্র হালদার, পিতার নাম কেদার নাথ হালদার, জ্যেষ্ঠ ভ্রাতার নাম উপেন্দ্র নাথ হালদার। বাড়ী ১৬২ নং কালীঘাট[3]। এখন বোধ হয় বাড়ীর নম্বর পরিবর্ত্তন হইয়াছে। ইনি সম্প্রতি জটাশঙ্কর গিরি নাম ধারণ করিয়াছেন। ইঁহার পিতা, মাতা, ভ্রাতা, এখনও বর্ত্তমান আছেন। ইনি ১৩০৪ সালে জগন্নাথ যাইতেছিলেন। সঙ্গে অনেক সাধু সন্ন্যাসী ছিলেন। প্রথমে কালী-ঘাট যাইয়া গঙ্গার ঘাটলার উপরে ২। ৩ দিন অবস্থান করেন, পরে ভিক্ষা উপলক্ষে অন্যান্য সন্ন্যাসিগণ সহ নিজ বাড়ীতে উপস্থিত হন এবং আপন জননীর নিকট ভিক্ষা প্রার্থনা করেন। জননী পুত্রকে না চিনিয়া ভিক্ষা দিয়া বিদায় করিয়া দেন। ইনি সেই দিনই জগন্নাথক্ষেত্রাভিমুখে যাত্রা করেন। ত্রয়োদশ বর্ষ বয়ক্রম কালে গৃহত্যাগ করিয়া সন্ন্যাস অবলম্বন করেন। এখন বাঙ্গালা ভাষা একরূপ ভুলিয়া গিয়াছেন। সামান্য দুই এক কথা বলিতে পারেন মাত্র।

এখানকার ভদ্র ব্যবহার।

(2) The civility of this place.

ভদ্র লোকদের সহিত আলাপে বিশেষ সন্তুষ্ট হইয়াছি। এই স্থানের ভদ্র অভদ্র সকল লোকেরই ব্যবহার অতি উৎকৃষ্ট। ইঁহারা অন্য দেশীয় লোকের সহিত বিশেষ ভদ্র ব্যবহার করিয়া থাকেন। ইঁহারা লোকের উপযুক্ততা অনুসারে[4] যথোচিত সম্মান প্রদর্শন করিতে জানেন। কলিকাতায় যেমন ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ কোন জাতি বিচার না করিয়া দেখিলেই নমস্কার

[1] Name and address.
[2] Devotee of God (*Bhagavān*)
[3] *i.e.* Kālī Ghāṭ Road in Calcutta.
[4] According to fitness, suitable

করা এবং সঙ্গে সঙ্গে হাত তুলিয়া প্রত্যভিবাদন[1] প্রথা আধুনিক[2] সভ্যতার অন্তর্ভুক্ত হইয়াছে. এখানেও ততোধিক,--যদি পরস্পর দিনের মধ্যে তিন চার বার দেখা হয়, তাহা হইলে যতবার দেখা হইবে ততবার "সমানি সাহেব" বলিয়া নমস্কার করেন। ইহার অর্থ সেবা মানিয়ে[3] সাহেব! এখানে "মহাশয়ের' পরিবর্ত্তে "সাহেব' ব্যবহার হইয়া থাকে। এই সহরে বাঙ্গালী মাত্র দুই জন আছেন। হাই স্কুলের হেড মাষ্টার ও সেকেণ্ড মাষ্টার, মাত্র এই দুইজন বাঙ্গালী। হেড মাষ্টার বাবু ক্ষেত্রমোহন ব্যানার্জি, সেকেণ্ড মাষ্টার বাবু অবিনাশচন্দ্র ব্যানার্জি উভয়ের ব্যবহারে আমরা অতিশয় সন্তুষ্ট। এই রাজষ্টেটের[4] প্রধান কর্ম্মচারী পণ্ডিত কেশবানন্দজী অতিশয় ভদ্রলোক, তিনি সমস্ত কার্য্যেই সুদক্ষ ও বিশেষ শিক্ষিত স্বাধীন রাজষ্টেটেরপক্ষে এইরূপ উপযুক্ত লোকই প্রয়োজন তাঁহার ব্যবহারে আমরা অতিশয় প্রীত হইয়াছি।

কথিত আছে দিল্লীর সম্রাটবংশীয় কোনও কুমার সাহ দিল্লী হইতে পলাইয়া নানা দেশ পর্য্যটন করতঃ এক সময় টিহরী নগরে উপস্থিত হন, এবং তথায় কয়েক দিন অবস্থান করেন। এক দিন কথায় কথায়[5] টিহরীরাজ জানিতে পারেন যে তিনি দিল্লীর রাজকুমার। তিনি নানাপ্রকার যত্ন করিয়া রাজকুমারকে তথায় রাখেন, এবং গোপনে দিল্লীতে সংবাদ দেন। দিল্লীর সম্রাট তখন কতকগুলি সৈন্যসহ তাঁহার কোনও আত্মীয়কে টিহরীতে প্রেরণ করিয়া পুত্রকে লইয়া যান। সেই সময় দিল্লীর সম্রাট টিহরীরাজকে অভিনন্দন[6] করিয়াছিলেন যে, আপনি আমার পুত্রকে রক্ষা করিয়া ভ্রাতার কাজ করিয়াছেন। অতএব অদ্য হইতে আপনি আমার ভ্রাতৃস্থানীয়[7] এবং আমার যে উপাধি আপনারও সেই উপাধি[8]। তদবধি টিহরীরাজ সাহ উপাধি প্রাপ্ত হইয়াছেন।

[1] Prati-abhibadan : counter-salutation, salutation in return.
[2] *Adhuna + ika* : of these times, contemporary, modern.
[3] Accept (my) service, at your service.
[4] Raj state, *i.e.*, Tehri Native State.
[5] By common talk.
[6] Felicilation.
[7] In the place of a brother.
[8] Title.

প্রত্যাবর্ত্তন।

(3) The return home.

আমরা গত ১৭ই বৈশাখ তথা হইতে স্বদেশ যাত্রা করি। টিহরীরাজ যাতায়াতের[1] যেরূপ সুবন্দোবস্ত[2] করিয়াছিলেন, তাহাতে আমাদের কোনও

[1] Going and coming, travelling.
[2] Good arrangments.

কষ্ট হয় নাই। একদিন বেলা অনুমান ১ টার সময় এক পর্ব্বত শৃঙ্গে[1] বিশ্রাম করিতেছি। হঠাৎ আকাশের প্রতি দৃষ্টি পড়িয়া চন্দ্র সূর্য্য প্রায় একস্থানে দেখিতে পাইলাম। চন্দ্র হীনপ্রভা[2] বলিয়া বোধ হইল না; বৈশাখ মাসের দিন দুই প্রহর সময় চন্দ্র দেখা একেবারে অসম্ভব, হঠাৎ দর্শনে বিশেষ আশ্চর্য্যান্বিত[3] হইলাম। পাহাড়ের পথে চলিতে রৌদ্রে কোনই কষ্ট বোধ হয় না। প্রখর সূর্য্যকিরণ যেন হীনপ্রভ বলিয়া মনে হয়। একদিন পাহাড়ের পথে চলিতেছি, হঠাৎ ধবল গিরির[4] প্রতি দৃষ্টি পতিত হওয়ায় যেন বোধ হইল ধবলগিরি অতি নিকটে। স্থানটার নাম "ওয়াল খাঁ পাহাড়।" মনে হইল ধবলগিরি দুই মাইল দূরে অবস্থিত। পাহাড়ীদিগকে জিজ্ঞাসা করায় উত্তরে বলিল "আঁখসে এসা দেখ্‌লাতা মাগর বহুৎ দূর হ্যায়!"[5] তখন বুঝিলাম অনুমানে পার্ব্বত্য পথের দূরত্ব ঠিক করা আমাদের পক্ষে একেবারেই অসম্ভব। ক্রমাগত কয়েক দিন চলিয়া যে দিন হরিদ্বারে[6] পৌঁছি, সেই দিন অত্যন্ত গরম বোধ হয়, এবং সেই দিন বৈশাখ মাস বলিয়া উপলব্ধি[7] হইয়াছিল।

হরিদ্বার সহরটা অতি মনোরম। গঙ্গার খরতর স্রোতের বিশাল শব্দে যেন সর্ব্বদা সকল প্রাণীকে মুগ্ধ করিয়া রাখিয়াছে। এখানে গঙ্গা এত দ্রুত চলিয়াছেন যেন তাঁর কত কাজ কর্ম্ম আছে[8]; তিনি কাহারও প্রতি ভ্রূক্ষেপ না করিয়া যেন তাঁর সন্তানগণের মঙ্গলার্থে অনন্যকর্ম্মা[9] হইয়া চলিয়াছেন। জননী দুগ্ধপোষ্য শিশুকে অনেকক্ষণ দুগ্ধ পান না করাইয়া নানা কথাবার্ত্তায় প্রতিবেশিনীর বাড়ীতে কিছুক্ষণ কাটাইলে পরে যেমন পাগলিনীর ন্যায় বাড়ীর দিকে ছোটেন,[10] গঙ্গাও তেমনি অনেকক্ষণ সন্তানগণকে ভুলিয়া পর্ব্বতে ছিলেন, তাই কোনও দিকে ভ্রূক্ষেপ না করিয়া অতি দ্রুত চলিয়াছেন। আমরা দ্বিতীয় দিবস রজনী অনুমান ১১ টার সময় হরিদ্বার হইতে কাশী[11] যাত্রা করি।

কাশীতে জাহ্নবী[12] নিশ্চলা। ঢেউ উঠিতেছে, যে স্থানে উঠিতেছে সেই স্থানেই পড়িতেছে। মা যেন আর তথা হইতে যাইতে চাহেন না। মা বুঝি

[1] Peak.
[2] Of lesser splendour.
[3] *Āścaryya anu-ita* : astonished.
[4] The Dhavāl-giri peak.
[5] Hindustani phrase, meaning "it seems so to the eye, but it is very far."
[6] The famous shrine of Hardwār.
[7] Conviction, knowledge. It was brought home to me that day (by the excessive heat) that it was the month of Baisakh.
[8] "As if it had some business to perform."
[9] *A + anya + karma* : having no other occupation.
[10] *Chuṭan* ; to run, hurry.
[11] Kāśī : Benares.
[12] Jāhnavī, the daughter of Jahnu, a name of the Ganges.

কাশীর সন্তানগণকে অতি ভাল বাসেন তাই হরিদ্বার হইতে আসিয়া কাশী অপেক্ষা কচ্ছেন[1]। আমরা তৃতীয় দিবস কাশী হইতে যাত্রা করি বেলা অনুমান ১ একটার সময় আমরা ষ্টেসনে যাইতেছি। এমন সময় কতকগুলি লোককে রাস্তার মাঝখানে দেখা গেল। ক্রমে নিকটবর্ত্তী হইয়া যাহা দেখিলাম তাহাতে অত্যন্ত ব্যথা পাইলাম। একটী যুবক বয়স অনুমান ৩০।৩৫ বৎসর হইবে মোটরে চাপা[2] পড়িয়া ভবখেলা সাঙ্গ[3] করিয়াছে রক্তাক্ত কলেবর রাস্তার মাঝখানে পড়িয়া আছে। সেই লোমহর্ষ ব্যাপার দেখিয়া কার না কষ্ট হয়? আহা দুর্ভাগ্যের পিতামাতা না জানি কতই আর্ত্তনাদ করিতেছে। ক্রমে ষ্টেসনে পৌঁছিলাম, যথাসময় মেল ট্রেনে আরোহণ করিয়া কবিরাজ শ্রীযুত ক্ষীরোদচন্দ্র সেন মহাশয় সহ ২৪শে বৈশাখ সকালে ৮ টার সময় হাওড়া ষ্টেসনে পৌঁছি।

শ্রীনগেন্দ্রনাথ চক্রবর্ত্তী।

[1] *Kacchen* for *karitechen.*
[2] Run over by a motor.
[3] *Bhava-khela sāngya* : life's-play-ending, end of life's play.

ময়মনসিংহের পত্র।

A letter from Mymensingh.

শোচনীয় দুর্ঘটনা।

A deplorable catastrophe.

ময়মনসিংহের ডাকঘরের কেরাণী বাবু দেবেন্দ্র নাথ সান্যালের গৃহে কেরাসিনের টিনের তৈল সহসা অগ্নিসংযোগে প্রজ্বলিত হইয়া উঠে।

গৃহাভ্যন্তরে দেবেন্দ্র বাবুর স্ত্রী, তাঁহার দ্বাদশ বর্ষীয় পুত্র ও একাদশ বর্ষীয়া কন্যা ও উকীল বাবু নীলকান্ত চট্টোপাধ্যায়ের পঞ্চদশ বর্ষ বয়স্ক পুত্র অগ্নিশিখায়[1] দগ্ধ হয়। চারি জনেরই অগ্নিদাহে মৃত্যু ঘটিয়াছে।

সিবিল সার্জ্জন দগ্ধ ব্যক্তিদের প্রাণ রক্ষার জন্য প্রভূত[2] চেষ্টা করিয়াছিলেন। ম্যাজিষ্ট্রেট মিঃ স্প্রাই ঘটনাস্থলে উপস্থিত হইয়া দগ্ধ ব্যক্তিদের ভীষণ অবস্থা দর্শনে মূর্চ্ছিত[3] হইয়াছিলেন।

[1] In the flame of fire.
[2] Great, extreme.
[3] Fainting.

রাজা শশীকান্তের সদনুষ্ঠান।

A good act of Rājā Saśikānta.

রাজকুমারের অন্নপ্রাশন[1] উপলক্ষে কিছুদিন হইল রাজা শশীকান্তের আমন্ত্রণে ময়মনসিংহ ও বিক্রমপুরবাসী সমাজ অগ্রণী[2] ব্রাহ্মণপণ্ডিতগণ রাজার বাসভবনে মধ্যাহ্নক্রিয়া[3] সুসম্পন্ন করিয়াছেন।

রাজার অভ্যর্থনায়[4] নিমন্ত্রিত ব্রাহ্মণমণ্ডলী আপ্যায়িত[5] হইয়াছিলেন।

নিষ্ঠাবান্[6] ব্রাহ্মণগণ রাজার নিমন্ত্রণ গ্রহণ করিয়া যে সুবিবেচনার কার্য্য করিয়াছেন, তদ্বিষয়ে সহরবাসী সমাজহিতৈষী ব্যক্তিগণের মধ্যে মতদ্বৈধ নাই।

পণ্ডিতভোজের অব্যবহিত[7] পরেই[7] রাজবাড়িতে পদস্থ ব্যক্তিগণের এক ভোজ হইয়া গিয়াছে।

1. *Anna-prāśan* first-rice ceremony.
2. Leading, chief.
3. *Madhya-ahna-kriyā* : mid-day ceremony (meal).
4. Reception.
5. Gratified.
6. Devout, steady.
7. Immediately after.

"কারমাইকেল ক্লব।"

The Carmichael Club.

রাজা শশীকান্তের অর্থে এই ক্লব স্থাপিত হইয়াছে। ইংরেজ, বাঙ্গালী, হাকিম, উকীল, ব্যবসায়ী ভদ্রলোকগণ এই ক্লবের সভ্য।

অপরাহ্ণে ও সন্ধ্যার সময় ক্রীড়া, সংবাদপত্র পাঠ ও আলাপের উদ্দেশ্যে এখানে সকলে মিলিত হন। বর্ত্তমানে টেনীস খেলার জন্য কেবল একটী মাত্র স্থান আছে। তাহাতে সকলের খেলার সুবিধা হয় না। রাজা নিজ ব্যয়ে একটী পাকা টেনীস খেলার স্থান নির্ম্মাণ করিয়া দিবেন বলিয়া কারমাইকেল ক্লবের মেম্বরগণ আশ্বস্ত হইয়াছেন।

অভিনন্দন।

"Address."

স্থানীয় বিদ্যাময়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষয়িত্রী কুমারী ভক্তিসুধা ঘোষ কার্য্য ত্যাগ করিয়া লক্ষ্ণৌ চলিয়া গিয়াছেন। মিস্ ঘোষ ভাল শিক্ষয়িত্রী

ছিলেন। শীঘ্রই তাঁহার বিবাহ হইবে। স্থানীয় মহিলা সমিতি তাঁহাকে এক অভিনন্দন দিয়াছেন। মাজিষ্ট্রেট পত্নী অভিনন্দন সভায় উপস্থিত ছিলেন।

আনন্দমোহন কলেজ।

The Ānandamohan College.

বি,এ ক্লাশের জন্য গৃহনির্ম্মাণ কার্য্য প্রায় শেষ হইয়াছে। কলেজ খোলার তারিখ হইতেই বি,এ ক্লাস খোলা যাইবে।

এবার প্রথম বার্ষিক শ্রেণীর ছাত্রের জন্য নাকি কেবল একটী শ্রেণী থাকিবে। গত বৎসর দুই শ্রেণী ছিল। এবার এক শ্রেণী হইলে এ জেলার পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণের ও স্থান হইবে না।

নারায়ণগঞ্জের পত্র।

A letter from Naraingunj.

লোকাল বোর্ড।

(1) *The Local Board.*

গত ১৭ই মে তারিখে অপরাহ্ণ ৷৷ ঘটিকার সময় ফৌজদারী আদালতে নারায়ণগঞ্জ লোকাল বোর্ডের মেম্বরগণের এক অধিবেশন হয়। ঐ সভায় শ্রীযুত যোগেশচন্দ্র গুপ্ত বি, এল্. উকীল মহাশয় সভাপতি পদে বৃত [1] হন। লোকাল বোর্ডের মেম্বরগণের সর্ব্বসম্মতি ক্রমে [2] স্থানীয় তালুকদার শ্রীযুত মহেন্দ্র চন্দ্র ধর মহাশয় লোকাল বোর্ডের ভাইস্‌চেয়ারম্যান পদে নিযুক্ত হইয়াছেন। শ্রীযুত বাবু যোগেশচন্দ্র গুপ্ত বি. এল্, বাবু দেবেন্দ্র চন্দ্র মজুমদার উকীল ও বাবু মহিম চন্দ্র পাল বি, এল., মহাশয় অধিকাংশ মতানুসারে লোকাল বোর্ড হইতে ঢাকা জেলা বোর্ডের মেম্বর পদে নিযুক্ত হইয়াছেন। এই সকল নির্ব্বাচনে [3] জনসাধারণ সন্তুষ্ট হইয়াছে।

1 Elected, chosen.
2 With unanimous consent.
3 Choice, elections.

মাজিষ্ট্রেট সাহেবের সদাশয়তা.

(2) *The magnanimity of the Magistrate.*

নারায়ণগঞ্জ সহরের উত্তরাংশে চাষারা স্থানে কতকগুলি পাঞ্জাবী পুলিশ প্রহরী [1] থাকে। গত ২২এ জ্যৈষ্ঠ প্রাতঃকালে কয়েকজন মুসলমান রাস্তার

1 Sentinels.

ধারে মলত্যাগ [1] করে। ১১ নং পুলিশ প্রহরী তাহা দেখিয়া তাহাদিগকে ধরিতে যায়, কয়েক জন মুসমান দৌড়াইয়া পলাইয়া যায়, দুইজন মুসলমান ধৃত হইয়া থানায় নীত হয়। এমন সময় স্থানীয় উকীল শ্রীযুত রাজেন্দ্র নাথ চক্রবর্ত্তী সেই দিকে ভ্রমণ করিতে গিয়াছেন, উক্ত ১১ নং পুলিশ প্রহরী ভুল ক্রমে উক্ত রাজেন্দ্র বাবুকে ধৃত করিয়া নেয়। অবশেষে রাজেন্দ্র বাবু অব্যাহতি [2] লাভ করেন। নারায়ণগঞ্জের জয়েন্ট ম্যাজিষ্ট্রেট মিঃ জে, বার্টলী সাহেব অতি ভাল লোক, তিনি তাহা শুনিতে পাইয়া ঘটনা স্থলে স্বয়ং উপস্থিত হইয়া তদন্ত করেন। ১১ নং পুলিশ প্রহরী উক্ত রাজেন্দ্র বাবুর নিকট জয়েন্ট ম্যাজিষ্ট্রেট সাহেব উকীল বাবুগণ ও অন্যান্য ভদ্র লোকের সম্মুখে ক্ষমা প্রার্থনা করে। মিঃ জে বার্টলী সাহেব পাঞ্জাবী পুলিশ প্রহরীদিগকে চাষারা হইতে অন্যত্র স্থানান্তরিত করিয়া দিয়াছেন। মিঃ বার্টলী সাহেবের কার্য্যে সর্ব্বসাধারণে সন্তোষ প্রকাশ করিতেছে।

[1] Defecation.
[2] Release.

মিউনিসিপালিটী।

(3) The Municipality.

নারায়ণগঞ্জের জনসাধারণ মিউনিসিপালিটীর কার্য্যে সন্তুষ্ট নয়। নারায়ণগঞ্জ অদ্বৈত [1] ধর রোডের উত্তর ও দক্ষিণাংশে ও সহরের পশ্চিমাংশে কতকগুলি বড় বড় গর্ত্ত আছে তাহা বন জঙ্গলে পরিপূর্ণ. তাহাতে সময় সময় এত দুর্গন্ধ হয় যে লোকের বাস করা অতি কষ্টকর হইয়া উঠে। ৬ বৎসর গত হইল, কমিশনারগণ সহরের ড্রেন সংস্কার সম্বন্ধে এক মন্তব্য [2] পাশ করেন। তথাচ, আজ পর্য্যন্তও মিউনিসিপালিটীর মন্তব্যানুসারে ড্রেনের সংস্কার সাধিত [3] হইতেছে না! লক্ষ্যানদীর সঙ্গে সহরের সমুদায় গর্ত্ত [4] সংযোগ করিয়া দিলে, নদীর জল গর্ত্তে প্রবাহিত হইয়া দুষিত পদার্থ বিদূরিত করিয়া দিতে পারে। সহরে এবৎসর খুব মশা হইয়াছে, কেহই সন্ধ্যার পর মশারী ব্যতীত বসিতে পারে না। ১৯০৫ সালের পূর্ব্বে পূর্ব্ববঙ্গ মধ্যে নারায়ণগঞ্জ অতি স্বাস্থ্যকর স্থান ছিল। কলিকাতা ও অন্যান্য জেলা হইতে অনেক ভদ্রলোক রুগ্ন হইয়া, রোগ প্রতীকার আশায় নারায়ণগঞ্জ সহরে অবস্থিতি করিয়া, নীরোগ হইয়া চলিয়া যাইতেন। গত সপ্তাহে ডাক্তার নিকেসন এক সভায় বক্তৃতা প্রসঙ্গে বলিয়াছেন, "আমি নারায়ণগঞ্জে অনেক দিন বাস করিতেছি, বর্ত্তমান বৎসর নারায়ণগঞ্জ সহর অতি অস্বাস্থ্যকর হইয়া উঠিয়াছে! আমার

[1] Adwaita Dhar Road—a road named after a gentleman called Adwaita Dhar.
[2] Resolution.
[3] Accomplished *(cf. Sādhan)*.
[4] Holes, ditches.

শরীরে এক প্রকার ম্যালেরিয়া বিষ প্রবেশ করিতেছে।" এই সভায় নারায়ণগঞ্জ মিউনিসিপালিটীর চেয়্যারম্যান মিঃ ফ্রেজার উপস্থিত ছিলেন। বারমাস লোকে ম্যালেরিয়া রোগে ভুগিতেছে। এখন কলেরা ও বসন্তরোগের প্রাদুর্ভাব হইয়াছে। কয়েক জন কলেরা ও বসন্তরোগে মারা গিয়াছে।

পণ লইয়া বিবাহ করা।

Marrying after taking bridegroom price.

ঢাকা জেলার অন্তর্গত বিক্রমপুর ষোলঘর নিবাসী গোবিন্দ চন্দ্র দত্তের পুত্র শ্রীরমেশ চন্দ্র দত্ত নারায়ণগঞ্জের অন্তর্গত বারদী নিবাসী শ্রীযুত বাবু সীতানাথ ঘোষ মহাশয়ের কন্যাকে বিবাহ করেন। পাত্র পাত্রীর পিতার নিকট হইতে ৯০০ টাকা গ্রহণ করেন। পাত্রী পক্ষ হইতে পাত্রকে যখন আনিতে যান, তখন পাত্র পক্ষীয় লোকজন অনেক খারাপ ব্যবহার[1] করিয়াছে।

শ্রীযুত জানকীনাথ দাস কুমিল্লা জজ আদালতের উকীল। ইঁহার নিবাস ঢাকা জেলার অন্তর্গত বিক্রমপুর চুড়াইন গ্রাম। উক্ত উকীল মহাশয় কুমিল্লার বঙ্গীয় প্রাদেশিক সমিতিতে[2] দণ্ডায়মান হইয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমরা আপন আপন পুত্রের বিবাহে টাকা পয়সা গ্রহণ করিব না। উক্ত উকীলের পুত্র শ্রীযোগেন্দ্রনাথ দাস বজ্রযোগিনী নিবাসী শ্রীযুত বাবু রাজেন্দ্রচন্দ্র চৌধুরী মহাশয়ের কন্যাকে ৪২৮ টাকা লইয়া বিবাহ করেন। ঢাকা উয়ারীতে বিবাহ কার্য্য সম্পন্ন হইয়াছে। কুমিল্লার নেতৃবৃন্দ[3] ইহার প্রতিকার করিয়া, ত্রিপুরা জেলার সুযশ অক্ষুণ্ণ[4] রাখুন। ঢাকা জেলার অন্তর্গত বারদী নাগ পরিবার[5] অতি সম্ভ্রান্ত বংশ; নাগ পরিবারে শ্রীযুত খগেশ চন্দ্র নাগ মহাশয়ের কন্যার সঙ্গে শ্রীযোগেন্দ্র চন্দ্র দাসের বিবাহ প্রস্তাব উত্থাপিত হইলে. উক্ত উকীল বাবু খগেশ চন্দ্র নাগ মহাশয়ের নিকট ১২০০ টাকা দাবী করিয়াছিলেন। খগেশ বাবু পণ দিতে অস্বীকার করিয়াছিলেন।

[1] Unseemly conduct. *Khārāp-H. Khārāb.*
[2] Bengal Provincial Conference (of the Indian National Congress).
[3] Leaders.
[4] Unimpaired.
[5] The Nāg family.

বাণিজ্য সংবাদ।

Mercantile Intelligence.

মহীশূরে[1] 'ধূপ' নামক এক প্রকার গাছ জন্মে। ইহার বীজ হইতে গাঢ় তৈল উৎপন্ন হয়; সেই তৈল দ্বারা প্রদীপ জ্বালান হয়, খাদ্য সামগ্রী

[1] Mysore.

সুস্বাদ করা হয়। উহা ঘৃতের সহিত মিশাইয়া বাজারে বিক্রয় করা হয়। ইহা নানা প্রকার পীড়ার ঔষধ বলিয়াও গণ্য হয়. এক কোম্পানী এই বীজের ব্যবসায় করিতে আরম্ভ করিয়াছেন।

পৃথিবীতে প্রতি বৎসর প্রায় ৬৫০ কোটি নারিকেল উৎপন্ন হয়। এই সমস্ত নারিকেলের শস্যের মূল্য ৫৮৷৷ কোটি টাকা। ইহার সঙ্গে ছোবড়া[1] ও খৈলের[2] মূল্য যোগ করিলে নারিকেল হইতে বৎসরে ৭৫ কোটি টাকা আয় হয়। নারিকেলের মূল্য ক্রমশঃ বৃদ্ধি হইতেছে। কলিকাতায় বড় নারিকেল ৫ পয়সা ও ছোট নারিকেল ৩ পয়সার কমে পাওয়া যায় না। নারিকেল হইতে মাখন ও নানাপ্রকার খাদ্য দ্রব্য প্রস্তুত হইতেছে, তাই ইহার মূল্য ক্রমে বাড়িয়া যাইতেছে।

[1] Cocoanut fibre.
[2] Shell.

কৃষি সংবাদ।

Agricultural News.

ইংলণ্ডের অন্তর্গত কেন্ট পরগণার মিঃ হোয়াইটহেডের[1] বাগানে পত্র সহিত ৪ ফুট উচ্চ ফুলকপি হইয়াছে, একটার ওজন প্রায় ৭৷৷ সের।

[1] Whitehead.

স্বাস্থ্য সংবাদ।

Public Health.

পঞ্জাবে ম্যালেরিয়ার প্রকোপ নির্দ্ধারণ করিবার জন্য সমস্ত স্কুলের ১০ বর্ষ ও তন্ন্যূন বয়স্ক ছাত্রদিগের প্লীহা বৎসরে দুইবার পরীক্ষা করা হইবে। যে সময় ম্যালেরিয়া আরম্ভ হয়, তাহার পূর্ব্বে ও পরে এই দুইবার পরীক্ষা করা হইবে।

ইউজিন আরকোর নিবাস ফ্রান্স দেশে। এই ব্যক্তি ৭ ফিট ৫ ইঞ্চ লম্বা।

বিবিধ বার্ত্তা।

Miscellaneous Matters.

মিসরের[1] মুসলমানগণ অতি সহজে মুখের কথায়[2] স্ত্রী ত্যাগ করিতে পারেন। অনেকে হঠাৎ ক্রোধান্ধ[3] হইয়া স্ত্রী ত্যাগ করেন এবং রাগ থামিয়া

[1] Misr, *i.e.*, Egypt.
[2] By word of mouth *e.i.*, by uttering the Arabic word *talāq*.
[3] Anger-blinded.

গেলে, অনুতপ্ত[1] হন। কিন্তু তখন আর স্ত্রীকে গ্রহণ করিতে পারেন না। একদা এক ব্যক্তি অনুতপ্ত হইয়া গ্রামের মোল্লার[2] নিকট যাইয়া বলে, সেই উপায় বলিয়া দিন যাহাতে স্ত্রীকে পুনরায় পাইতে পারি। মোল্লা বলিলেন, "যাও রাস্তায় রাস্তায় দুই ঘণ্টাকাল গাধার ন্যায় ডাক এবং খড় খাও। ইহাই তোমার পাপের প্রায়শ্চিত্ত[3]।" মিসরী এইরূপ প্রায়শ্চিত্ত করিয়া স্ত্রীর সঙ্গে পুনরায় মিলিত হইয়াছিল।

অনেক দিন হইতে বিনা তারে[4] সংবাদ প্রেরণ করা হইতেছে। সম্প্রতি নরওয়ের[5] নৌসৈনিক[6] কাপ্তান হয়ল্যাণ্ড বিনা তারে যে সংবাদ প্রেরণ করা হয় তাহা লিখিত আকারে বাহির করিবার এক যন্ত্র নির্ম্মাণ করিয়াছেন।

ইটালীর এঞ্জিনিয়ার গিউলিও উলিভি এমন এক প্রকার আলো ও যন্ত্র[7] আবিষ্কার[8] করিয়াছেন যদ্দারা দূরস্থ ধাতব[9] পদার্থের অবস্থিতিস্থান নির্ণয় করিয়া তাহা বিদীর্ণ করা যাইতে পারে। এই যন্ত্রের সাহায্যে দূরস্থ গোলা গুলি,[10] কামান বন্দুক ও জাহাজ ধ্বংস করা সম্ভব হইবে।

১৯০৯ সালে ইংলণ্ড স্কটলণ্ড ও আয়র্লণ্ডে ১,০১.১৬৯টা মোটরগাড়ী ও ৭৮,৮২১ মোটর সাইকেল ছিল। ১৯১৩ সালে মোটর গাড়ীর সংখ্যা ২,২০,৯০৭ ও মোটর সাইকেলের সংখ্যা ১ ৭৯,৯২৬ হইয়াছে। এক লণ্ডন সহরে[11] ৬৭ ০৬৭ মোটরগাড়ী ও ২৫,৩১৮ মোটর সাইকেল আছে আমেরিকায় ২ ৫০ ০০০ মোটরগাড়ী ও ১ ৭৫ ০০০ মোটর সাইকেল, জর্ম্মনীতে ৫০,০০০ মোটরগাড়ী ও ২০.০০০ মোটর সাইকেল, ইটালীতে ১১,০০০ মোটরগাড়ী ও ৮,০০০ মোটর সাইকেল রাস্তায় দৌড়াদৌড়ি[12] করিতেছে।

বার্ম্মিংহাম নগর নিবাসী মিঃ এসন এক প্রকার রেলওয়ে গাড়ীর আবিষ্কার করিয়াছেন। এই গাড়ী কেবল এক খানা লাইনের উপর চলে। যখন গাড়ীর গতি বৃদ্ধি হয়, তখন ইহা লাইন হইতে উপরে উঠে এবং শূন্যে চলিতে থাকে। তখন ইহা ঘণ্টায় ৫০০ মাইল যাইতে পারিবে।

[1] *Anu-tāp* : succeeding pain, repentance.
[2] Mullah, priest.
[3] *Prāyas-citta* ; penance-thought, expiation.
[4] Wire-less.
[5] Norway.
[6] *Nau-sain-ika* : naval-soldier-ly, marine.
[7] Light and instrument.
[8] *āvis-kār* : making manifest, invention.
[9] *Dhātava* : metallic, from *dhātu* : a metal. (It is a coined word).
[10] Cannon-balls.
[11] In the City of London alone.
[12] Running to and fro.

একজন জর্ম্মন মৃতদেহ রৌপ্যময়[1] করিবার প্রণালী আবিষ্কার করিয়াছেন। এতদ্দ্বারা মৃতদেহ অবিকৃত[2] থাকিবে কিন্তু ব্যয় হইবে ৩০ হাজার টাকা।

রাজকুমারী মেরি কয়েকদিন পূর্ব্বে তাঁহার পিতা রাজা জর্জ্জের সহিত অলডারসটের[3] সেনানিবাস[4] দর্শন করিতে গিয়াছিলেন। এক স্থানে কতকগুলি ব্যোমযান[5] ছিল সেখানে বিনা অনুমতিতে কেহই প্রবেশ করিতে পারে না। রাজকুমারী সেই ঘরে প্রবেশ করা মাত্র একজন সান্ত্রী[6] তাঁহাকে রণরঙ্গিনী[7] নারী মনে করিয়া গ্রেপ্তার করে। রাজকুমারীকে কিয়ৎকাল হাজতে বাস করিতে হইয়াছিল।

লর্ড মিন্টো যখন ভারতের গবর্ণর ছিলেন, তখন একদিন প্রাতঃকালে সিমলার রাজপ্রাসাদ[8] হইতে বহির্গত হইয়া একাকী লর্ড কিচেনারের সহিত সাক্ষাৎ করিতে গমন করেন। লর্ড কিচেনারের বাটীর দ্বারে উপস্থিত হইলে সান্ত্রী তাঁহাকে বাধা দেয়। তিনি বলেন "আমি রাজপ্রতিনিধি[9] লর্ড মিন্টো"। সান্ত্রী একটু হাসিয়া বলে "এখানে নানা রকম লোকই আসিয়া থাকে। গত সপ্তাহে রাণী ভিক্টোরিয়ার পিতামহ[10] এখানে আসিয়াছিল। আমরা তাহাকে হাজতে আবদ্ধ করিয়া রাখিয়াছিলাম। এখানে চালাকি খাটিবে না,[11] সরিয়া যাও।" লর্ড মিন্টো সরিয়া[12] যাইতে বাধ্য হইয়াছিলেন।

[1] Consisting of silver.
[2] *A-vi-kṛta*, undecomposed.
[3] Aldershot.
[4] *Senā-ni-vās*: soldier-dwelling, camp.
[5] *Vyoma(n)-yān*: lit. 'heavenly vehicles' (*vyoma*-sky). Flying machines, *avions*.
[6] E. sentry.
[7] *Raṇa-raṅginī*: war-loving, "militant," suffregette.
[8] *Rājprāsād*: Government House.
[9] *Rāj-prati-nidhi*: King's representative, Viceroy.
[10] *Pitā-maha(t)*: paternal grand-father.
[11] Will not fit, will not work.
[12] Note the difference between *sariyā yāite* and *caliyā yāite*. It is more easily felt than expressed. But the first is to move *aside*, *apart*, *away*; in the second, it is the going that is prominently expressed.

শিক্ষা সংবাদ।

Educational matters.

বালীগঞ্জের দানশীল ভূম্যধিকারী[1] শ্রীযুক্ত জগদ্বন্ধু রায় মহাশয়ের বদান্যতায়, গত জানুয়ারী মাসে এই স্থানে একটি উচ্চ ইংরাজী বিদ্যালয় ও ছাত্রা

[1] The generous landowner of Bāllygunje.

বাস প্রতিষ্ঠিত হইয়াছে। জগদ্বন্ধু বাবু রেজেষ্ট্রীকৃত[1] দলিলের দ্বারা স্কুল স্থাপনের নিমিত্ত সর্ব্বসমেত প্রায় ৪১,০০০ একচল্লিশ হাজার টাকা দান করিয়াছেন। ট্রষ্টিগণ স্কুলের সমস্ত বিষয় পরিচালনের ভার এক ম্যানেজিং কমিটির হস্তে অর্পণ করিয়াছেন মাননীয় বিচারপতি[2] শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী মহাশয় উক্ত কমিটির সভাপতি। তাঁহার উপদেশে স্কুল দিন দিনই শ্রীবৃদ্ধির পথে অগ্রসর[3] হইতেছে। ইতিমধ্যেই প্রায় তিনশত ছাত্র স্কুলে প্রবিষ্ট[4] হইয়াছে। কলিকাতায় প্রলোভন[5] এবং মারীভয়[6] হইতে দূরে অথচ কলিকাতার মধ্যে বালীগঞ্জের ন্যায় সমৃদ্ধ[7] স্থানে স্কুল যে অচিরেই[8] আরও সমুন্নত[9] হইবে, তাহাতে সন্দেহ কি? স্কুলের জন্য সুবৃহৎ অট্টালিকা নির্ম্মিত হইতেছে। একতালা[10] প্রায় সম্পূর্ণ হইল। কলিকাতা বিশ্ববিদ্যালয় স্কুলটিকে রেকগনাইজ[11] করিয়া সাধারণের ধন্যবাদার্হ[12] হইয়াছেন। স্কুলের নূতন বাটী এবং ছাত্রাবাস ভবন নির্ম্মাণ কার্য্য অতি ক্ষিপ্রতার[13] সহিত চলিতেছে। এই দুই বৃহৎ অট্টালিকার নির্ম্মাণে অন্যূন ৬৫,০০০ কি ৭০,০০০ ব্যয় পড়িবে। দানবীর[14] জগদ্বন্ধু অবনত মস্তকে[15] এই গুরুভার গ্রহণ করিয়াছেন। তাঁহার ন্যায় অধিবাসীর[16] দ্বারা বালীগঞ্জের গৌরব বর্দ্ধিত হইয়াছে।

বিদ্যাসাগরের[17] নরসেবা[18] ও গ্রন্থ সম্বন্ধে যে উপাধিপ্রাপ্তা[19] মহিলা সর্ব্বোৎকৃষ্ট বাঙ্গালা প্রবন্ধ লিখিতে পারিবেন, কলিকাতা বিশ্ববিদ্যালয় তাঁহাকে মোক্ষদাসুন্দরী সুবর্ণপদক[20] প্রদান করিবেন। যে উপাধিপ্রাপ্তা মহিলা

[1] *Rejestrī-kritā* : registered.
[2] Judgment lord, Justice.
[3] *Agra-sar* : advancing.
[4] From *praveś* : admitted.
[5] Temptations.
[6] *Mārī-bhay* : pestilence-dread, fear of infection.
[7] *Sam-ṛdh* : prosperous, thriving.
[8] *A-cira* : not long time. *A-cire*, before long.
[9] *Saṁ-ut-nata* ; very advanced, improved.
[10] One storey, the ground floor.
[11] E. recognise.
[12] *Dhanya-vāda-arha* : thanks-speech-worthy, deserving of thanks. The termination *arha* is frequently used in composition, *e.g.*, *pūjā-arha*, *pūjārha* : entitled to reverence.
[13] *Kṣipra-tā* : swiftness.
[14] *Dān-vīr* : gift-hero, generous.
[15] On his bowed head.
[16] By residents like him.
[17] Iśvar Candra Vidyā-sāgar : the celebrated scholar and author (1820-1891).
[18] Philanthropy.
[19] Graduated.
[20] The Moksadā Sundarī Gold medal.

বঙ্গরমণী[1] সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট[2] গদ্য বা পদ্য প্রবন্ধ[3] লিখিবেন, তাঁহাকে নলিনীসুন্দরী সুবর্ণ পদক দেওয়া হইবে। ৩০এ নবেম্বরের পূর্ব্বে এই প্রবন্ধ রেজিষ্ট্রারের নিকট পাঠাইতে হইবে।

রয়াল কলোনিয়াল ইনষ্টিটিউট "In what sense can an Empire prove itself to be great" এই সম্বন্ধে উৎকৃষ্ট রচনার জন্য পুরস্কার[1] এবং The applicability of the diction that a democracy can not manage an Empire to the present conditions and future problems on the British Empire, particularly to the question of the future of India সম্বন্ধে বিস্তৃত প্রবন্ধের জন্য সুবর্ণ পদক ও ১,৫০০ টাকা পুরস্কার দেওয়া হইবে। স্ত্রী পুরুষ যে কেহ প্রবন্ধ লিখিতে পারিবেন। ইহার নিয়মাবলী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারের নিকট পাওয়া যাইবে।

[1] Bengali lady.
[2] *Sarva-ut-krsta* : best of all.
[3] *Pra-bandha* : essay.
[4] *Puras-kār* : putting in front, prize.

ডাকাইতি।

Dacoity. Gang-robbery.

গোয়ালন্দের[1] নিকটবর্ত্তী পাঁচুরিয়া গ্রাম নিবাসী মনোমোহন কুণ্ডের বাড়ী ভীষণ ডাকাইতি হইয়া গিয়াছে। প্রায় ২০ জন ডাকাইত অস্ত্র-সজ্জিত[2] হইয়া মনোমোহন বাবুর বাড়ী প্রবেশ করে এবং মনোমোহন ও তাঁহার পত্নীকে পীড়ন[3] করিয়া লোহার সিন্দুকের চাবি বাহির করিবার চেষ্টা করে। চাবি না পাইয়া ডাকাইতেরা লোহার সিন্দুক ভাঙ্গিয়া নগদে ও গহনায় ৪,০০০৲ টাকার দ্রব্য লইয়া প্রস্থান করিয়াছে।

[1] Goalundo, the terminus on the Pudda river of the Eastern Bengal Railway.
[2] *Astra sajjita* : weapon-accoutred. Instrumental *tat-purus*.
[3] Giving pain, torture ; *pīd* : pressing.

দশের কথা।

Talk about people (Das : ten, ten people meaning people in general)

প্রেসিডেন্সী কলেজের মনোবিজ্ঞানের[1] অধ্যাপক শ্রীযুক্ত প্রভুদত্ত শাস্ত্রী সুইজরল্যাণ্ডে[2] ফরাসী ভাষায়[3] এবং ইটালীতে ইটালিয়ান ভাষায় মনোবিজ্ঞান সম্বন্ধে বক্তৃতা করিবার জন্য নিমন্ত্রিত হইয়াছেন।

[1] *Manas-vijñān* : Mental Philosophy.
[2] Switzerland.
[3] In the Swiss language.

দিনাজপুরের মহারাজা কে, সি, আই, ই এবং হাইকোর্টের উকীল বাবু মহেন্দ্রনাথ রায় সি, আই, ই এবং সংস্কৃত কলেজের অধ্যাপক লক্ষ্মণ শাস্ত্রী মহামহোপাধ্যায়[1] উপাধি পাইয়াছেন।

স্কুল সমূহের ইনস্পেক্ট্রেস মিস ব্রকুকে কাইসার ই-হিন্দ রৌপ্য মেডাল[2] পুরস্কার দেওয়া হইয়াছে। কোন্ সৎকার্য্যের জন্য এই মেডল দেওয়া হইয়াছে, তাহা প্রকাশ করা উচিত।

গবর্ণরের প্রাইভেট সেক্রেটারী মিঃ গুর্লে[3] অসুস্থতানিবন্ধন[4] ছুটী লওয়াতে মিঃ সোয়ান[2] তৎপদে নিযুক্ত হন। মিঃ সোয়ান কার্য্যভার গ্রহণ করিতে না করিতে গুরুতর পীড়ায় আক্রান্ত হন। কলিকাতা মিউনিসিপালিটির ডেপুটী চেয়ারম্যান মিঃ গুড অস্বাস্থ্যনিবন্ধন ছুটী লইয়া দেশে যাইবার আয়োজন[5] করিতেছিলেন, তাঁহাকেই প্রাইভেট সেক্রেটারীর পদ গ্রহণ করিতে হয়। মিঃ সোয়ান এখন সুস্থ হইয়াছেন, তিনি আগামী কল্য শুক্রবার কার্য্যভার গ্রহণ করিবেন, মিঃ গুড দেশে যাইবেন। মিঃ গুর্লে আগামী ৬ই অক্টোবর কলিকাতা আসিয়া প্রাইভেট সেক্রেটারীর কর্ম্মে প্রবৃত্ত[6] হইবেন।

সার[7] প্রতুলচন্দ্র চট্টোপাধ্যায় ১ হাজার টাকা বেতনে নাভার প্রধান মন্ত্রীর[8] পদে নিযুক্ত হইয়াছেন।

লেডি হার্ডিং আগামী অক্টোবর মাসে ইংলণ্ড হইতে ভারতবর্ষে আসিবেন।

মান্দ্রাজের অন্তর্গত পদুকোটার[9] রাজা লণ্ডনে বাস করিতেছেন। তিনি একদা লণ্ডনের রাস্তায় প্রবল বেগে মোটর গাড়ী চালাইয়াছিলেন। পুলিস তাঁহাকে গ্রেপ্তার করিয়া লইয়া যায় বিচারে তাঁহার ৭৫৲ টাকা জরিমানা হইয়াছে। মোটর গাড়ী চালাইবার তাঁহার লাইসেন্স ছিল না, এই অপরাধে আরও ১৬৷৷০ টাকা অর্থদণ্ড[10] দিয়াছেন।

[1] *Mahā-Mahā-Upādhāya* : very very learned ; a honorific title granted by the Government of India.
[2] Kaisar-i-Hind silver medal.
[3] Mr. Gourlay.
[4] *A-susthatā-nibandhan* : due to illness. [2] Mr. Swan.
[5] Preparation.
[6] Engaged, busied.
[7] Sir.
[8] Prime Minister of the State of Nabhā. A Sikh state in the Panjāb.
[9] Puducotta.
[10] *Artha-danda* : *jarimāna*, fine.

ফরাসীদেশের[1] স্বামী স্ত্রী শ্রীমান্ ও শ্রীমতী কিউরি[2] রেডিয়াম[3] আবিষ্কার করিয়া জগতে অক্ষয়-কীর্ত্তি[4] স্থাপন করিয়াছেন ও শ্রীমান্ ও শ্রীমতী ভিক্টর হেনরি স্বামী স্ত্রী উভয়ে বিজ্ঞানচর্চ্চা[5] করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন[6] যে জীবাণু[7] সকল ক্রমবিকাশের নিয়মে[8] নিম্ন হইতে উন্নত জীবন লাভ করে না কিন্তু নিম্ন হইতে উন্নত জীবনে[9] হঠাৎ পরিবর্ত্তিত হইয়া যায়। এই দম্পতির[10] আবিষ্কার লইয়া বৈজ্ঞানিকগণ তুমুল[11] আন্দোলনে[12] প্রবৃত্ত হইয়াছেন। ফরাসী নারীগণ বিজ্ঞানসম্বন্ধে অসাধারণ প্রতিভা প্রদর্শন করিয়া নারী জাতির উপর জগতের শ্রদ্ধা[13] আকর্ষণ করিতেছেন।

বাটেনবার্গের রাজকুমার মরিস[14] ইংলণ্ডের রাজা জর্জ্জের অতি নিকট আত্মীয় তিনি একদা লণ্ডনের রাস্তা দিয়া ঘণ্টায় ৩৪ মাইল বেগে মোটর গাড়ী চালাইয়াছিলেন। ম্যাজিষ্ট্রেট তাঁহার ১৫৲ টাকা অর্থদণ্ড করিয়াছেন। ইতঃপূর্ব্বে পুলিস আদালতে ইংলণ্ডের কোন রাজকুমারের অর্থদণ্ড হয় নাই।

পুনা নিবাসী ফৈজি রহমানের অঙ্কিত[15] চিত্র দেখিয়া ফ্রান্স ও ইংলণ্ডের চিত্রকরগণ ভূয়সী[16] প্রশংসা করিতেছেন। লণ্ডনের এক চিত্রশালায় তাঁহার অঙ্কিত বহু চিত্র প্রদর্শন করা হইবে। লেডি হার্ডিং প্রদর্শনীর দ্বার উদ্ঘাটন[17] করিবেন। ফৈজি রহমান কলিকাতার আর্ট স্কুলের একজন ছাত্র।

[1] Country of France.
[2] Curie.
[3] Radium.
[4] *A-kṣay-kīrtti* : undying fame.
[5] *Vijñān-carccā* : scientific investigation.
[6] Have arrived at this conclusion.
[7] *Jīva-aṇu* : living atoms, microbes.
[8] By the law of progressive evolution.
[9] Into higher (forms of) life.
[10] *Dam-pati*, sanskrit compound of *jaya* and *pati* : husband and wife. "This married couple."
[11] *Tumul* : tumultuous, noisy ; swell.
[12] Agitation.
[13] Admiration.
[14] Prince Maurice of Battenberg.
[15] Drawn, painted.
[16] Exceeding ; very great.
[17] Will open the exhibition (gate).

পরীক্ষার ফল।

Results of examinations.

রেগুলার হোমিওপ্যাথিক কলেজ।

Regular Homœpathic College.

শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, অমূল্য চন্দ্র সরকার, হেমেন্দ্র নাথ ধর, গোষ্ট-বিহারী পাল, কালীপদ দাঁ, দুর্গাকান্ত ভট্টাচার্য্য, যোগেন্দ্র নাথ সেন, মনীন্দ্র বিকাশ ধর, রজনী মোহন দত্ত, কিরণ চন্দ্র সিংহ শর্ম্মা, ভবেন্দ্র নাথ ঘোষ, মণিমোহন চক্রবর্ত্তী, আশুতোষ ঘোষাল, রাজ গোপালাচার্য্য, সুধাকৃষ্ণ বসু, শরৎ চন্দ্র মুখার্জি, সুব্বারাও, প্যারিলাল বর্ম্মা, রামরক্ষা পাল আগ্রাওয়ালা, ভূপতিনাথ ঘোষ, ডি. এল, গোখলে।

স্বাক্ষর আর, সি. নাগ এম, ডি।

কলিকাতা।

Calcutta.

শ্রীবিশুদ্ধানন্দ সরস্বতী নামক মাড়োয়ারী[1] স্কুল গত মঙ্গলবার হইতে ১৩৪ মেছুয়াবাজার ষ্ট্রীটের নূতন প্রকাণ্ড বাড়ীতে স্থানান্তরিত[2] হইয়াছে। বঙ্গের গবর্ণর ছাত্রদের ব্যায়ামের[3] জন্য উপকরণ[4] ক্রয়ার্থ[5] ৫০০ টাকা দান করিয়াছেন।

হাইকোর্টের বিচারপতি উড্রফ[6] সাহেব আগামী ডিসেম্বর মাসে চৈতন্য লাইব্রেরির বার্ষিক অধিবেশনে "হিন্দুর তন্ত্রশাস্ত্রে শব্দ ও রূপ"[7] সম্বন্ধে একটি ইংরাজী প্রবন্ধ পাঠ করিবেন।

ছোট আদালতের[8] পেয়াদা মেরিডিথ[9] ডিক্রির পরোয়ানা[10] জারী করিতে গিয়া শ্রীমতী সঞ্জীবনী দাসীকে লাথি মারিয়াছিল। এই মোকদ্দমায় গবর্ণমেণ্ট পুলিসকোর্টে ও হাইকোর্ট প্রায় ১৪ হাজার টাকা ব্যয় করিয়া মেরিডিথের পক্ষ

[1] *Mārwāri* ; for natives of Mārwār.
[2] *Sthāna-antar-ita* : other-place-gone, removed.
[3] *Vi-ā-yam* : exercise, gymnastics.
[4] Apparatus.
[5] For purchasing.
[6] Sir John Woodroffe.
[7] Sound and form as explained in the Hindu Tantric scriptures.
[8] Small Cause Court.
[9] Meredith.
[10] Notice of decree.

সমর্থন[1] করেন। অবশেষে মেরিডিথের অর্থদণ্ড হইয়াছিল। সেই মেরিডিথের বিরুদ্ধে আর এক মোকদ্দমা দায়ের[2] হইয়াছে। হেলিডে ষ্ট্রীটে[3] বাবু গুরুপ্রতাপ পোদ্দার নামক এক সম্ভ্রান্ত মাড়োয়ারীর বাড়ী। তাঁহার কন্যার বিবাহ উপলক্ষে বহু মাড়োয়ারী তাঁহার ভবনে নিমন্ত্রিত হইয়াছিলেন। যখন বিবাহ অনুষ্ঠান হইতেছিল, তখন মেরিডিথ মোহনলালের নামে ডিক্রি জারীর[4] পরোয়ানা লইয়া গুরুপ্রতাপ বাবুর বাটীতে প্রবেশ করে। উপস্থিত ব্যক্তিগণের নিষেধ অগ্রাহ্য করিয়া মেরিডিথ গৃহমধ্যে প্রবেশ করিয়া বহু খাদ্য সামগ্রী নষ্ট করে বিবাহ সভায় মেরিডিথকে দেখিয়া সমস্ত লোক অধীর[5] হইয়া উঠে। তাহারা মেরিডিথকে অর্দ্ধচন্দ্র দিয়া[6] বাটী হইতে নিষ্কাশিত করে। রাস্তায় বহু লোকের জনতা হইয়াছিল। তাহারা কেহ মেরিডিথের টুপি কাড়িয়া লইল, কেহ বা তাহাকে প্রহার করিল। সে প্রহারে মেরিডিথের প্যাণ্ট[7] কোট ছিঁড়িয়া গেল। এই অবস্থায় মেরিডিথ দৌড়িয়া কলুটোলা[8] থানায় যাইয়া নালীস করিল। থানা হইতে বহু পুলিস আসিয়া দেখে হেলিডে ষ্ট্রীটে মহা গোলমাল। শত শত লোক ক্ষিপ্তপ্রায়[9] হইয়াছে। পুলিশ ফায়ার ব্রিগেডের[10] সহায়তায় গোলমাল থামাইয়া দিয়া প্রস্থান করিল। গুরুপ্রতাপ বাবু মেরিডিথের বিরুদ্ধে অনধিকার প্রবেশ,[11] ক্ষতি[12] ও মারপিট[13] করার অভিযোগ উপস্থিত করিয়াছেন।

[1] Backing, support.
[2] Instituted.
[3] Halliday Street.
[4] For executing a decree.
[5] *A-dhīr*, impatient.
[6] By means of a "half-moon," a slang phrase for taking him by the scruff of the neck, between finger and thumb expanded in crescent-wise.
[7] Pantaloons.
[8] Colutolah.
[9] *Ksipta-prāy*; nearly mad, very excited.
[10] Fire Brigade.
[11] Unlawful trespass.
[12] Mischief.
[13] Assault.

Sañjivanī, 18 Āsāṛh B. E. 1321; 2nd July 1914.

আমের সংবাদ।

News of mangoes.

দ্বারভাঙ্গা[1] উৎকৃষ্ট আমের জন্য বিখ্যাত। তথায় এত আম হইয়াছে যে টাকায় একশত বিক্রয় হইতেছে।

[1] Darbhanga.

ডিটেক্‌টিভের বিদ্যা শিক্ষা।

Teaching the art of Detectives.

পুলিশকে ডিটেক্‌টিভের বিদ্যা শিক্ষা দানের জন্য এক স্কুল স্থাপন করা হইবে। পাকা গোয়েন্দাগণ [1] এই বিদ্যালয়ে মাষ্টারী [2] করিবেন।

[1] Detectives. (The word is used in a slightly opprobrious sense as "spies.")
[2] "Master-ship," as it were.

মদ্যপানের বিষময় ফল।

The poisonous results of drinking liquors.

শ্যামলাল দাস ৫২ বর্ষের বৃদ্ধ। সম্প্রতি তিনি গলায় দড়ি দিয়া আত্ম-হত্যা করিয়াছেন। পুলিসের অনুসন্ধানে প্রকাশ হইয়াছে যে, গত এক সপ্তাহ ধরিয়া তিনি ক্রমাগত [1] মদ্যপান করিয়া বিকৃত মস্তিষ্ক অবস্থায় [2] এই কার্য্য করিয়াছেন।

[1] Continually.
[2] Lit. 'in a state of disorganised brain.'

"আর্য্য"।

"The Aryya."

শ্রীযুক্ত অরবিন্দ ঘোষ [1] ও পল ও মিরা রিচার্ড আগামী ১৫ই আগষ্ট পণ্ডিচেরী [2] হইতে আর্য্য নামক এক খানি ইংরেজী মাসিক পত্র প্রকাশ করি-বেন। ইহার বার্ষিক মূল্য ৬ টাকা। এই পত্রে প্রাচীন ভারতের শাস্ত্র সমূহের ইংরেজী অনুবাদ ও বর্ত্তমান ভারতের উচ্চচিন্তা [3] ও আকাঙ্ক্ষার [4] বিষয় প্রকাশিত হইবে।

[1] Mr. Aravinda Ghose was educated at St. Paul's school in London, and at Cambridge. He is a well-known nationalist agitator and writer.
[2] Pondicherry.
[3] *Ucca-cintā ;* high thought, transcendental philosophy.
[4] Aspirations.

চট্টগ্রামের হত্যা।

The Chittagong murder.

চট্টগ্রামের হত্যাকাণ্ডের পর পুলিস সহর এবং মফস্বলের অনেক বাটী তল্লাস করিয়াছে। নগেন্দ্র ও মৃত সত্যেন্দ্রের সঙ্গী[1] বিজয়ের পিতা নিশিচন্দ্র দস্তিদার, দুর্গাকৃষ্ণ সেন এবং কয়েকটী ছাত্রের খানাতল্লাসী[2] হইয়াছে। কিন্তু সন্দেহজনক[3] কোন দ্রব্য পাওয়া যায় নাই। এই হত্যা ব্যাপারের[4] এখনও পর্য্যন্ত কোন কিনারা[5] হয় নাই।

[1] Companion.
[2] House-search.
[3] *Sandeha-janak* : suspicion-breeding.
[4] *Hatyā-vi-āpār* : murder-affair.
[5] H. *Kinārā* : (lit. edge, border), clue.

ফুলতলা ডাক লুটের মোকদ্দমা।

The Phultalā postal robbery case.

গত ২৬এ মে খুলনার অন্তর্গত ফুলতলা রোডে[1] নোট এবং রৌপ্য মুদ্রায় এগার শত টাকার ডাক লুট হয়। ৯ই জুন সব-ইনস্পেক্টার অম্বিকাচরণ সেন গুপ্ত ফুলতলার ডাক্তার যতীন্দ্রনাথ দাসকে সন্দেহ করিয়া গ্রেপ্তার করেন। যতীন্দ্র বাবু জামিনে খালাস পান। ১০ই জুন পুলিস খাজরায় যতীন্দ্র বাবুর বাড়ী তল্লাস করিয়া দশখানা দশ টাকার নোট এবং ১৮৬ টাকা পাইয়াছেন।

[1] E. road.

শিক্ষার বিপদ।

A Danger to Education.

রঙ্গপুরের জনসাধারণ কলেজ স্থাপন করিবার জন্য অর্থদান করিতেছেন উৎসাহের সহিত অর্থ সংগ্রহ করিতেছেন, কিন্তু আমরা অবগত হইলাম, বঙ্গীয় গবর্ণমেন্টের একজন মন্ত্রী[1] বলিয়াছেন, এই কার্য্যের সহিত তাঁহার সহানুভূতি[2] নাই। তিনি নাকি[3] অর্থকরী বিদ্যার[4] খুব পক্ষপাতি—কলেজ টলেজ পছন্দ করেন না। এইরূপ মন্ত্রীর আমলে বঙ্গদেশে নূতন কলেজ স্থাপন করা সহজ ব্যাপার হইবে না।

Member of Council.
[2] *Saha-anu-bhūti* : sympathy.
[3] It seems.
Ārtha-karī Vidyā : useful learning, technical education.

মোহন্ত হত্যার পালা।

The turn of the Mohanta-murder.

আবার মোহন্ত হত্যার মোকদ্দমা এখনও শেষ হয় নাই। তাহার আসামীরা রাজপুতানার লোক। ইহারা নাকি স্বরাজ স্থাপনের জন্য[1] মোহন্ত বধ করিয়াছে।

কোটা[2] রাজ্যে প্যারীরাম নামক এক মোহন্ত হত্যার মোকদ্দমা উপস্থিত হইয়াছে। প্যারীরামের চরিত্র ভাল ছিল না। রাজপুতানার কয়েকজন লোককে এই বলিয়া ধৃত করা হইয়াছে যে, তাহারা মোহন্তের টাকা দ্বারা স্বরাজ স্থাপনের আশায় তাহাকে বধ করিয়াছে।

[1] In the hope of establishing Swaraj or independent government.
[2] Kotah.

ভারতসচিবের কাউন্সিল।

The Secretary of State's Council.

ভারতসচিবের[1] কাউন্সিল যে ভাবে সংস্কার করিবার প্রস্তাব হইয়াছে, তাহা যদিও আমাদের মনোমত[2] হয় নাই, তবু এক রকম নির্ব্বাচন প্রণালী[3] প্রবর্ত্তনের যে প্রস্তাব হইয়াছে তাহা যে প্রাচীন প্রণালী অপেক্ষা উত্তম তাহার আর সন্দেহ নাই। নূতন বিলে ২ জন ভারতবাসীকে সভ্য নিয়োগের প্রস্তাব করা হইয়াছে। ইতঃপূর্ব্বে আইনানুসারে ভারতবাসী নিয়োগ করিতে কেহ বাধ্য[4] ছিলেন না। নূতন নিয়মে ভারতবাসী আনন্দিত হইয়াছে।

[1] Bhārat-saciv : Secretary of State for India.
[2] *Manas-mat* : According to our opinion.
[3] *Nir-vācan pra-ṇālī* ; manner of selection.
[4] Bound, obliged.

ডাক্তার জগদীশচন্দ্রের সম্মান।

Honours to Dr. Jagadīś Candra (Basu).

ডাক্তার জগদীশচন্দ্র বসু ২০এ মে অক্সফোর্ড বিদ্যালয়ে, ২৯এ মে লণ্ডনের রয়াল ইনষ্টিটিউসনে ও ২রা জুন কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে তাঁহার আবিষ্কার সম্বন্ধে বক্তৃতা করিয়াছেন। কেম্ব্রিজে উদ্ভিদ বিদ্যার অধ্যাপক[1] সিউয়ার্ড[2] সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। বক্তৃতা শ্রবণে পণ্ডিতমণ্ডলী এমন

[1] Professor of Botany.
[2] Dr. Seward.

বিস্মিত[1] হইয়াছিলেন যে তাঁহাদের প্রতিনিধি স্থানীয় সার ফ্রান্সিস ডারউইন[2] মুক্তকণ্ঠে[3] ডাক্তার বসুর আবিষ্কার ও তাঁহার উদ্ভাবিত[1] যন্ত্রের ভূয়সী প্রশংসা করিয়াছিলেন।

[1] Astonished.
[2] Sir Francis Darwin.
[3] 'With open throat,' frankly.
[4] *Ut-bhāvita :* 'Thought out', invented.

যাত্রীদের চুল বিক্রয়।

Sale of pilgrims' hair.

ভিজিগাপটম জেলার সিংহাচল[1] এক প্রসিদ্ধ তীর্থস্থান। এই স্থানে যাত্রিগণ মস্তক মুণ্ডন করিয়া থাকেন। মন্দিরের তত্ত্বাবধারক[2] যাত্রীদের কেশ সংগ্রহ করিয়া অর্থোপার্জ্জনের লালসায় এক বিজ্ঞাপন প্রচার করিয়াছেন। তিনি লিখিয়াছেন ১ ফুটের ন্যূন ১০০ মণ, ১ ফুট ১০ মণ ও ১ হইতে ২ ফুট ২০ মণ কেশ মজুত[3] আছে যাহাদের প্রয়োজন তত্ত্বাবধারকের নিকট দরখাস্ত করিবেন।

মন্দিরের অধ্যক্ষ কেশের ব্যবসায় আরম্ভ করিয়াছেন। যাত্রীরা কি এই জন্য কেশ মুণ্ডন করিয়া থাকে? অর্থ পিপাসা বড়ই প্রবল হইয়াছে।

[1] *Simha-acal* : Lion-mount, a sacred hill near Vizagapatam.
[2] *Tattva-ava-dhārak* : guardian, superintendent.
[3] A. *maujud* ; gathered, ready.

বহুমূত্র।

Diabetes.

মান্দ্রাজের ৪০ বৎসর বয়সের ঊর্দ্ধ বয়স্ক ধনী, উকীল, সওদাগর, জমিদার ও ডাক্তারদের শতকরা ৫০ জন বহুমূত্র রোগাক্রান্ত[1]। বহুমূত্রের ভীষণ প্রকোপ দেখিয়া কোন মান্দ্রাজী এই রোগের কারণ নির্ণয় করিবার জন্য ৫০ হাজার টাকা প্রদান করিয়াছেন। ডাক্তার প্যাটারসন এই রোগের কারণ নির্ণয় করিতে গবর্ণমেণ্ট কর্তৃক নিযুক্ত হইয়াছেন। আমাদের মনে হয়, কোন বিদেশী ডাক্তারের দ্বারা এই কার্য্য সুনির্ব্বাহ হইবে না। মান্দ্রাজীদের আচার ব্যবহার, আহার, পানীয়, ধর্ম্মানুষ্ঠান[2] ও সামাজিক রীতি[3] সম্বন্ধে যাহার

[1] *Roga-ā-krānta* (from *kram ; gradus*, step) : atttacked by disease.
[2] Religious practices.
[3] Social customs.

অভিজ্ঞতা নাই, সে কখনও এই রোগের কারণ নির্ণয় করিতে পারিবে না। মান্দ্রাজীর প্রদত্ত ৫০ হাজার টাকা ভস্মে ঘৃত নিক্ষেপের ন্যায়[1] হইবে।

[1] 'Like throwing ghee into ashes,' *i.e.*, sheer waste.

নূতন পাপের আমদানি।

The importation of a new trouble (pāp : sin, also often used to mean trouble which is supposed to be the consequence of the sins of past generations).

বিগত ১৫ই জুন খুলনার সদর লোকাল বোর্ডের জন্য ডুমুরিয়া থানার দুইজন সভ্য নির্ব্বাচনের দিন ছিল। সব রেজিষ্ট্রার বাবু কুঞ্জবিহারী ভৌমিক নির্ব্বাচনের কর্ত্তা ছিলেন। অধিকাংশ লোকের ভোট[1] পাইয়া বাবু হীরালাল ঘোষ ও বাবু হেমন্তকুমার ঘোষ সভ্য নির্ব্বাচিত হন। কিন্তু কিয়দ্দিন পরে সব রেজিষ্ট্রার রিপোর্ট করেন যে বাবু ক্ষেত্রমোহন চৌধুরী ও বাবু ললিতমোহন চৌধুরী সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। সব-রেজিষ্ট্রারের এই কার্য্যের বিরুদ্ধে ম্যাজিষ্ট্রেটের নিকট অভিযোগ করাতে প্রকাশ পাইয়াছে যে ভোটের তালিকা পরিবর্ত্তন করা হইয়াছিল। ম্যাজিষ্ট্রেট ক্ষেত্র বাবু ও ললিত বাবুর নির্ব্বাচন পণ্ড[2] করিয়া সব-রেজিষ্ট্রারের বিরুদ্ধে গবর্ণমেণ্টের নিকট রিপোর্ট করিয়াছেন।

[1] E. Vote.
[2] *Paṇḍa :* useless, cancelled.

বিবাহ কলঙ্ক।

A Marriage Scandal.

যশোহরের অন্তর্গত সরুলিয়ার কবিরাজ ভুবনেশ্বর গুপ্ত, যশোহরের অন্তর্গত কালিয়ার পুলিশ ইনস্পেক্টর শ্রীযুক্ত শরৎচন্দ্র দাস গুপ্তের পুত্র বিজয়ের সহিত তাঁহার কন্যার বিবাহ সম্বন্ধ স্থির করেন। বরের মূল্য[1] ২৩০০ টাকা ধার্য্য হয়। বিবাহ গত ৩০এ অগ্রহায়ণ হইবে বলিয়া স্থির ছিল। কবিরাজ এক হাজার টাকা ইনস্পেক্টরকে অগ্রিম[2] দিয়াছিলেন. কিন্তু বিবাহের তিন দিন পূর্ব্বে ইনস্পেক্টর কবিরাজকে জানান যে. তাঁহার কন্যার সহিত পুত্রের বিবাহ দিবেন না। কবিরাজ এবং তাঁহার আত্মীয়বর্গ বরের পিতাকে তাঁহার এই

[1] Bridegroom-price (an unusual and contemptuous expression).
[2] In advance.

সঙ্কল্প[1] ত্যাগ করিতে কত অনুনয় বিনয়[2] করেন কিন্তু তিনি তাহাতে কর্ণপাত করেন নাই। কবিরাজ ১২ হাজার টাকা দাবী করিয়া বরের পিতার নামে উকিলের চিঠি[3] দিয়াছেন। ইনস্পেক্টরও কবিরাজের নামে ঐরূপ চিঠি দিয়াছেন। বাঙ্গালা দেশে বিবাহ এমনি কেনা বেচায় পরিণত হইয়াছে[4]।

[1] Determination.
[2] Prayers and entreaties.
[3] Lawyer's letter.
[4] Has been degraded (descended) to a matter of buying and selling.

মুসলমানদের শিক্ষা বিষয়ক।

In the matter of Musalman Education.

বাঙ্গলা গবর্ণমেণ্ট মুসলমানদের শিক্ষার উন্নতির উপায় নির্দ্ধারণার্থ এক কমিটি স্থাপন করিয়াছেন। গবর্ণমেণ্ট বলিয়াছেন, নিম্নশিক্ষা সম্বন্ধে মুসলমানগণ কাহা অপেক্ষা হীন[1] নহেন কিন্তু উচ্চশিক্ষা সম্বন্ধে এখনও অনেক পশ্চাতে পড়িয়া রহিয়াছেন। ভারত গবর্ণমেণ্ট ও ঢাকার মুসলমান শিক্ষাসমিতি মুসলমানদের শিক্ষার উন্নতির জন্য যে সকল প্রস্তাব করিয়াছেন ও ডিরেক্টার যে প্রস্তাব করিবেন তাহা বিবেচনা করিবার জন্য শিক্ষা বিভাগের ডিরেক্টার, নবাব আবদুর রহমান, মৌলবী মহম্মদ ইব্রাহিম মৌলবী আসাদুল্লা, মৌলবী আবুনসর, মহম্মদ ওয়াহিদ, নবাব খাজা সলিমুল্লা, মিঃ এ, কে. গজনবী, নবাব নবাব আলি চৌধুরী মির্জা সুজাত আলি বেগ মিঃ ফজলল হক, মৌলবী মজহরল আনোয়ার চৌধুরী, দেওয়ান ফজলই রব্বি, মিঃ জাহিদ সারওয়ার্দ্দি ও মুসলমান শিক্ষা বিষয়ক আসিষ্টাণ্ট ডিরেক্টারকে লইয়া এক কমিটি গঠন করা হইয়াছে।

[1] Inferior to any.

জীবহিংসা নিবারণ।

The Prevention of the slaughter of animals.

বৃন্দাবনে[1] কেহ শিকার করিতে পারিবে না, গবর্ণমেণ্ট পুনঃপুনঃ এইরূপ নিষেধাজ্ঞা[2] প্রচার করিয়াছেন, তবু জীববধের বিরাম[3] নাই। কিয়দ্দিন হইল,

[1] Vṛndā-van : the sacred forest on the right bank of the Jumna (or Yamuna) near Muttra (Mathurā), the scene of Kṛṣṇá's amours with Rādhā and the milkmaids.
[2] *Niṣedha-ājñā* : prohibition-order.
[3] Cessation.

জীববধে বাধা দেওয়াতে এক সাধু নিহত[1] হইয়াছেন। এই সংবাদ প্রচার হওয়াতে চারিদিকে উত্তেজনা'র[2] সঞ্চার হইয়াছে। বঙ্গের অনেক নগণ্য পল্লি[3] হইতেও জীববধ নিবারণের জন্য গবর্ণমেণ্টের নিকট দরখাস্ত যাইতেছে। কিয়দ্দিন হইল কলিকাতার বহুলোক বাগবাজারে মিলিত হইয়া শিকারের প্রতিবাদ করিয়াছেন। সম্প্রতি ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েসনের সেক্রেটারী রাজা হৃষীকেশ লাহা যুক্তপ্রদেশের[1] ছোটলাটের নিকট শিকার নিবারণের জন্য এক পত্র প্রেরণ করিয়াছেন। আমাদের মনে হয়, এই আন্দোলন দেশময় আর বিস্তৃত হইতে না দিয়া[5] গবর্ণমেণ্ট এমন দৃঢ় নিয়ম করুন, যাহাতে কেহই বৃন্দাবনে প্রাণিবধ করিতে সাহসী না হয়। জনসাধারণের মধ্যে এই আন্দোলন বিস্তৃত হইলে দেশে অসন্তোষ বদ্ধমূল[6] হইবে।

[1] Slain.
[2] *Ut-tejanā* : lit. whetting, excitement, irritation.
[3] *Na-ganya palli* : in-significant villages.
[4] *Yuktā-prades* : United Provinces.
[5] Instead of allowing this agitation to spread over the country.
[6] *Baddha-mūl* : firmly rooted.

বিধবাবিবাহে বাধা দেওয়া উচিত নয়।

That it is not fitting to obstruct widow re-marriages.

এলাহাবাদের "অভ্যুদয়[1]" নামক সংবাদপত্র এক শোচনীয় সংবাদ প্রকাশ করিয়াছেন। আলিগড়ের ১৮।১৯ বর্ষ বয়স্কা এক ব্রাহ্মণ বিধবা এক কসাইর[2] সহিত গৃহ হইতে চলিয়া যায়। আলিগড়ের হিন্দুগণ ইহাতে রুষ্ট হইয়া কসাইর বিরুদ্ধে ফৌজদারী মোকদ্দমা করিতে দৃঢ়প্রতিজ্ঞ[3] হন। একজন এলাহাবাদ হইতে উকীল আনিতে গিয়াছিলেন। উকীল বলিয়াছিলেন, যদি তোমাদের মধ্যে কেহ সেই বিধবাকে বিবাহ কর তবে বিনা পয়সায় আমি মোকদ্দমা চালাইতে প্রস্তুত আছি। কোন ব্রাহ্মণ সে প্রস্তাবে সম্মত হইলেন না। উকীল আলিগড় যাইতে অস্বীকার করিলেন। ব্রাহ্মণগণ ফৌজদারীতে কসাইর বিরুদ্ধে দরখাস্ত দিলে মাজিষ্ট্রেট ডাক্তার দ্বারা বিধবাকে পরীক্ষা করাইলেন। সিবিল সার্জ্জন পরীক্ষা করিয়া বলিলেন, বিধবার বয়স ১৮।১৯ বৎসর হইয়াছে। মাজিষ্ট্রেট বিধবাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি কোথায় যাইতে চাও।" বিধবা বলিল, "আমি কসাইর নিকট বেশ সুখে আছি।"

[1] *Abhi-uday* : awakening, rising ; the name of a prominent Hindi paper edited by the Hon'ble Pandit Madan Mohan Malaviya.
[2] *Kasāi*, from A. *qassab* : butcher.
[3] *Dṛdha-prati-jña* : firmly resolved.

ম্যাজিষ্ট্রেট কসাইকে মুক্তি দিলেন। আলিগড়ের মুসলমানগণ মহা সমারোহ[1] করিয়া বিধবাকে আদালত হইতে লইয়া গেল।

[1] *Sam-ā-ruha* : pomp, procession.

কলিকাতায় জেলা কোর্ট স্থাপনের প্রস্তাব।

A proposal to open a District Court in Calcutta.

বঙ্গীয় ব্যবস্থাপক সভায়[1] বাবু সুরেন্দ্রনাথ রায় কলিকাতায় জেলা কোর্টের অনুরূপ দেওয়ানী আদালত স্থাপন করিয়া ১০ হাজার টাকা পর্য্যন্ত দাবীর মোকদ্দমার বিচার হাইকোর্টের আদিম বিভাগের[2] পরিবর্ত্তে ঐ আদালতে করাইবার প্রস্তাব উপস্থিত করিবেন।

আদিম বিভাগে এটর্নী[3] ও ব্যারিষ্টরের জন্য অনেক অর্থ ব্যয় হয় সন্দেহ নাই, কিন্তু বঙ্গের অন্য কোন স্থানের লোক যে অধিকার ভোগ করে না, সেই সম্মানিত অধিকার[4] হইতে তাহাদিগকে বঞ্চিত করিবার প্রস্তাবে কলিকাতাবাসী কি সম্মতি দান করিবে? কলিকাতাবাসী দেওয়ানী বিচার সম্বন্ধে সিবিলিয়ান বিচারকের অধীন নহে, তাহারা হাইকোর্টের জজদের অধীন, সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট বিচারকগণ তাহাদের মোকদ্দমার নিষ্পত্তি করেন, এই উচ্চ অধিকার হইতে তাঁহারা বঞ্চিত হইতে স্বীকৃত হইবেন কেন? ব্যারিষ্টার নিয়োগ করাতে আদিম বিভাগের খরচা বেশী হয়, সন্দেহ নাই, সে বিভাগে উকিল নিযুক্ত করার ব্যবস্থা করিলে খরচ কম হইবে। এই দিকে মন না দিয়া কলিকাতায় মফস্বলের মত দেওয়ানী আদালত স্থাপন করার প্রস্তাব সমীচীন[5] হয় নাই। কলিকাতাকে ছোট করার চেষ্টা ভাল নয়।

[1] Bengal Legislative Council.
[2] Original Side. (The High Court has the powers of a Court of Original Jurisdiction in Calcutta.)
[3] E. Attorney.
[4] That esteemed right.
[5] Well considered, correct, proper : [S. *Sam-ic-in* from weak base of *Samyañc.*]

আন্দোলনের ফল।

The results of agitation.

দক্ষিণ আফ্রিকার ভারতবাসিগণ যখন লাঞ্ছিত হইতেছিলেন, গান্ধি,[1] গান্ধির সহধর্ম্মিণী, শত শত স্ত্রীলোক, পুরুষ, বালক বালিকা ভারতবর্ষের সম্মান

[1] Mr. Gāndhi, a well-known Hindu barrister resident in South Africa.

রক্ষার জন্য জেলে গিয়াছিলেন, তখন ভারতময়[1] এক মহা আন্দোলন উপস্থিত হইয়াছিল। বঙ্গদেশের সহরে সহরে দক্ষিণ আফ্রিকার গবর্ণমেণ্টের গর্হিত[2] কার্য্যের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ হইয়াছিল। ভারতবাসীর মনোবেদনার উগ্রতা বুঝিতে পারিয়া লর্ড হার্ডিং ভারতবাসীর সহিত সমবেদনা[3] প্রকাশ করেন এবং দক্ষিণ আফ্রিকার গবর্ণমেণ্টের অন্যায় কার্য্যের বিরুদ্ধে বক্তৃতা করেন।

এই আন্দোলনের ফল হইয়াছে গত শনিবার দক্ষিণ আফ্রিকার পার্লামেণ্টে ভারতবাসীর ক্লেশ নিবারক আইন বিধিবদ্ধ[4] হইয়াছে। দক্ষিণ আফ্রিকার গবর্ণর জেনারেল লর্ড গ্লাডষ্টোন লর্ড হার্ডিংকে এই টেলিগ্রাম করিয়াছেন যে, "ইউনিয়ন পার্লামেণ্টের উভয় সভায় ভারতবাসীর ক্লেশ নিবারক আইন পাস হইয়াছে।" তারযোগে এই সংবাদ পাইয়া লর্ড হার্ডিং লর্ড গ্লাডষ্টোনকে জানাইয়াছেন, "এই সুসংবাদের জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ হইয়াছি।"

গান্ধি ও তাঁহার সহচরবর্গের স্বার্থত্যাগ[5] সফল হইয়াছে, লর্ড হার্ডিং এর মহানুভবতার ফল হইয়াছে, ভারতবাসীর চেষ্টা ফল প্রসব করিয়াছে[6]।

[1] *Bhārat-may : cf. deś-may* above. Covering all India.
[2] *Garhita ;* Blamable, wrong.
[3] *Sama-vedanā :* sympathy.
[4] *Vidhi-baddha :* reduced to law, legislated.
[5] *Sva-artha-tyāg :* abandoning own advantage, unselfishness.
[6] Has borne fruit.

ইহার অনুসন্ধান করা কর্ত্তব্য ;

This ought to be enquired into.

ঢাকার পোষ্টমাষ্টারের অসৌজন্য[1] সম্বন্ধে অভিযোগ শুনা যাইতেছে। একদা শরৎ বাবু নামক একজন কেরাণীকে পোষ্টমাষ্টার বলিয়াছিলেন, রেকর্ড ক্লার্ক যেরূপ ভুল করিয়াছেন তাহাতে তাহাকে শারীরিক দণ্ড দান[2] করা কর্ত্তব্য। শরৎ বাবু তদুত্তরে বলিয়াছিলেন, কেরাণীরা কি কুকুর বিড়াল যে তাহাদিগকে বেত্রাঘাত করিবেন ? পোষ্টমাষ্টার একজন কেরাণীর মুখে এই উত্তর শুনিয়া ক্রোধের সহিত তাঁহাকে তাঁহার স্থানে গমন করিতে হুকুম দেন[3]। এই হুকুম তামিল[4] করিতে বিলম্ব হওয়াতে পোষ্টমাষ্টার শরৎ বাবুর

[1] *A-saujanya :* a state of being *a-su-jan ;* impoliteness, rudeness.
[2] Giving corporal punishment.
[3] Bid him go to his own place ; attend to his own business.
[4] Obedience (H.)

নিকট গমন করেন এবং শরৎ বাবুর হাত হইতে রেকর্ড ক্লার্কের প্রেরিত কাগজপত্র লইয়া তাহা ভূমিতে নিক্ষেপ করেন। শরৎ বাবু হুকুম অমান্য করিয়াছেন এবং মারামারির উপক্রম করিয়াছিলেন, এই অভিযোগে তাঁহাকে সস্পেণ্ড[1] করা হইয়াছে।

পোষ্টমাষ্টার ও কেরাণী সকলেই ভদ্রবংশজাত[2]। কেহ উচ্চপদা কেহ নিম্নপদে থাকিতে পারেন কিন্তু তাঁহাদের মধ্যে অপ্রীতিকর সম্বন্ধ[3] হইবে কেন? আমরা আশা করি, পোষ্টমাষ্টার স্বয়ং এই বিরোধ মিটাইয়া ফেলিবেন এবং কেরাণীদের সহিত সস্নেহ ব্যবহার করিবেন বাঙ্গালীতে বাঙ্গালীতে ঝগড়া বিবাদ শোভন দৃশ্য নহে[4]।

[1] E. suspend (from office); for 'suspension.'
[2] *Bhadra-vaṁśa-jāta* : born of a respectable family.
[3] Unfriendly relations.
[4] Is not a pleasant sight.

ইংরেজ নারীর মুসলমান ধর্ম্ম গ্রহণ।

The acceptance of the Mussalman religion by an English lady.

দিল্লী নিবাসী মৌলবী সরফরাজ হোসেন মুসলমান ধর্ম্ম প্রচার করিবার জন্য ইংলণ্ডে গমন করিয়াছেন। কয়েক দিন হইল লণ্ডনের ক্যাক্‌ষ্টন হলে[1] তাঁহার এক বক্তৃতা[2] হইয়াছিল। সৈয়দ আমির আলি[3] সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। বক্তৃতা অন্তে এক ইংরেজ যুবতী দণ্ডায়মান হইয়া বলিয়াছিলেন. "আমি চির দিনের জন্য মুসলমান ধর্ম্ম গ্রহণ করিলাম।" সৈয়দ আমির আলি আনন্দের সহিত যুবতীকে মুসলমান সমাজে গ্রহণ করিয়াছিলেন। সভাপতি বলিয়াছেন, অনেকের বিশ্বাস এই যে, মুসলমান ধর্ম্ম নারী জাতিকে হীন করিয়াছে। প্রকৃত কথা এই[4], অন্য সমস্ত ধর্ম্ম অপেক্ষা মুসলমান ধর্ম্ম নারীজাতির অবস্থা অধিকতর উন্নত করিয়াছে। মুসলমান সমাজে পিতা কন্যাকে পিতৃধন[5] হইতে বঞ্চিত করিতে পারেন না। মুসলমান আইনের বিধান এই যে, পুত্র যত পিতৃধন পাইবে, কন্যা তাহার অর্দ্ধেক পাইবে। মুসলমানকন্যা বিবাহের পূর্ব্বে মাতার স্নেহ যত্নে প্রতিপালিত হন, বিবাহান্তে স্বামীর প্রেম হইতে বঞ্চিত হইলেও স্বামীর সম্পত্তি হইতে বঞ্চিত হন না। মুসলমান নারীগণ স্বাধীনভাবে[6] সম্পত্তির অধিকারিণী হন।

[1] Caxton Hall.
[2] Speech, lit. oratory.
[3] Rt. Hon'ble Mr. Justice Amir Ali.
[4] The real truth is this.
[5] Paternal property.
[6] In independant fashion.

ইংলণ্ডে মাতা পুত্রের সম্পত্তির অধিকারিণী হইতে পারেন না। কিন্তু মুসলমান সমাজে মাতার পূর্ব্বে পুত্রের মৃত্যু হইলে, মাতা পুত্রের সম্পত্তির এক অংশ প্রাপ্ত হইয়া থাকেন। পুরুষ যে সমস্ত নাগরিক[1] অধিকার সম্ভোগ করেন, নারীও তাহাই করেন। মুসলমান নারীগণ বিচারক পদেও[2] নিযুক্ত হইতে পারেন।

মুসলমান ধর্ম্ম নারীজাতিকে যে অনেক বিষয়ে উচ্চ অধিকার প্রদান করিয়াছেন, তাহার সন্দেহ নাই। কিন্তু ভারতের মুসলমানগণ তাহাদের প্রতিবেশীর অনুকরণ করিতে গিয়া স্ত্রীজাতিকে অতিশয় হীন করিয়াছেন। যেদিন বহু বিবাহ উঠিয়া যাইবে, যেদিন মুসলমানগণ নারীদিগকে ঠিক পুরুষের মত সমস্ত অধিকার সম্ভোগ করিতে দিবেন, সেদিন মুসলমানগণ ভারতবর্ষে সর্ব্বশ্রেষ্ঠ[3] স্থান অধিকার করিবেন।

[1] From *nagar :* city, civic rights.
[2] To judicial posts.
[3] Highest of all.

বেথুন কলেজ।

The Bethune College.

শিক্ষা বিভাগের ডিরেক্টার বেথুন কলেজের জন্য যে ব্যবস্থা করিতে ইচ্ছা করিয়াছেন, তাহা লিপিবদ্ধ করিয়া গবর্ণমেন্টের নিকট প্রেরণ করিয়াছেন। তিনি যে কি ব্যবস্থা করিতে ইচ্ছা করিয়াছেন, তাহা আমরা জানি না, কিন্তু শুনিয়াছি, ইউরোপীয় মহিলা না হইলে বাঙ্গালী বালিকাদের শিক্ষার পূর্ণতা[1] হইতে পারে না, তিনি এইরূপ মতই ব্যক্ত করিয়াছেন। শ্রীযুক্তা কুমুদিনী দাস মহাশয়া তাঁহার মধুর চরিত্র, ভগবদ্ভক্তি ও বিদ্যাবত্তাগুণে[2] ছাত্রীদের হৃদয় মন আকর্ষণ করিয়া তাহাদিগকে উন্নতির পথে লইয়া যাইতেছিলেন, তাঁহাকে কলেজের অধ্যক্ষের পদ[3] হইতে অবসৃত করা কি যে অন্যায় কার্য্য হইয়াছে, তাহা আমরা ভাষায় বর্ণনা করিতে পারি না। কোন ইংরেজ নারীর প্রতি এইরূপ ব্যবহার করিতে কেহ সাহস করিত না। প্রায় ১০ মাস হইল শ্রীযুক্তা কুমুদিনী দাস বেথুন কলেজ পরিত্যাগ করিয়াছেন, কিন্তু অদ্যাপি কলেজ পরিচালনের পাকা বন্দোবস্ত করা হইল না। ইহাতে মিঃ হর্ণেলের কার্য্য-ক্ষমতার পরিচয় প্রাপ্ত হওয়া যায় নাই। তিনি তাঁহার বার্ষিক রিপোর্টে ডায়োসিছান কলেজের[4] বেশ প্রশংসা করিয়াছেন, কিন্তু শিক্ষা বিভাগের

[1] Fullness, completeness.
[2] *Vidyā-vattā-guṇe :* by the quality of her possessing learning (accomplishments)
[3] Post of Principal.
[4] Diocesan College.

দোষেই যে বেথুন কলেজের সম্যক উন্নতি হইতেছে না, তাহা স্বীকার করেন নাই। ডায়োসিছান কলেজে গণিত শিক্ষার[1] বন্দোবস্ত আছে কিন্তু বেথুন কলেজ হইতে গণিত পাঠের নিয়ম উঠাইয়া দেওয়া হইয়াছে। বেথুন কলেজের ভূতপূর্ব্ব অনেক ছাত্রী ভূতপূর্ব্ব ডিরেক্টারের সহিত সাক্ষাৎ করিয়া গণিতের অধ্যাপক নিযুক্ত করিতে অনুরোধ করিয়াছিলেন, সে অনুরোধ উপেক্ষিত হইয়াছিল। আমরা অবগত হইলাম, এই নববর্ষ[2] হইতে বেথুন কলেজে গণিতের অধ্যাপক নিযুক্ত করা হইবে। বেথুন কলেজে বিজ্ঞান ও অনার পরীক্ষার[3] ব্যবস্থা করিয়া সর্ব্বোপরি শ্রীমতী কুমুদিনী দাস মহাশয়াকে পুনরায় কলেজের প্রিন্সিপাল পদে নিযুক্ত করিলে ছাত্রীদের কল্যাণ হইবে, অভিভাবকগণও নিশ্চিন্ত হইতে পারেন। গবর্ণমেণ্ট আশা করি, আমাদের এই ন্যায়সঙ্গত[4] অনুরোধ রক্ষা করিবেন।

[1] Teaching of Mathematics.
[2] New year.
[3] Science and Honours Examinations.
[4] In accordance with justice, just.

অভ্যর্থনা, ডালি ও বকশিস।

Receptions, presents (of fruits, flowers, etc., to officers) and bucksheesh (to officers' servants.)

পঞ্জাব গবর্ণমেণ্ট যে অপকার্য্যের[1] বিরুদ্ধে তীব্র মন্তব্য[2] প্রকাশ করিয়াছেন, প্রত্যেক গবর্ণমেণ্টেরই সেইরূপ করা নিতান্ত কর্ত্তব্য। পঞ্জাব গবর্ণমেণ্ট প্রত্যেক বিভাগের প্রধান কর্ম্মচারী কমিশনার ও অন্যান্য রাজপুরুষদিগকে[3] জানাইয়াছেন যে এক সময়ে ছোট লাটের কোন স্থানে গমন করার কথা ছিল। তথাকার রাজকর্ম্মচারী অভ্যর্থনার জন্য জনসাধারণের নিকট হইতে অর্থসংগ্রহ[4] করিয়াছিলেন। ছোট লাট সেই স্থান দর্শন করিতে যাইতে পারেন নাই, কিন্তু সংগৃহীত অর্থ নগর সাজাইতে[5], রাজকর্ম্মচারীদিগকে ডালি[6] দিতে ও চাপরাসীদিগকে[7] বকশিস প্রদান করিতে ব্যয় করা হইয়াছিল। ছোট লাট এই সংবাদ অবগত হইয়া অত্যন্ত অসন্তুষ্ট হইয়াছেন তিনি এই কুপ্রথা

[1] Abuses.
[2] Resolution.
[3] Government servants.
[4] Collection of money.
[5] To adorn.
[6] Lit. a basket-full of articles, a ceremonial present.
[7] *Cāprāsi*, an office messenger who bears a *cāprās* or badge.

নিবারণের উদ্দেশ্যে যে হুকুম প্রকাশ করিয়াছেন তাহার মর্ম্ম[1] নিম্নে লিখিত হইল।

১। কোন রাজকর্ম্মচারী কাহারও অভ্যর্থনার জন্য অর্থ সংগ্রহ করিতে পারিবেন না।

২। জনসাধারণ যদি অভ্যর্থনা করিতে ইচ্ছা করেন, তবে তজ্জন্য বেশী টাকা নষ্ট করিবেন না।

৩। কোন রাজকর্ম্মচারী সাক্ষাৎ বা পরোক্ষভাবে[2] কোন প্রকার উপহার, উপঢৌকন[3] বা পুরস্কার গ্রহণ করিতে পারিবেন না। অল্প মূল্যের দুই চারিটা ফল বা ফুল গ্রহণ করিতে পারেন বটে কিন্তু তাহাও যাহাতে কেহ না দেয় সেইরূপ চেষ্টা করিতে হইবে।

৪। চাপরাসী প্রভৃতিকে কেহ কোন বকশীস দিতে পারিবেন না। কেহ কেহ ইচ্ছাপূর্ব্বক বকশীস দিয়া থাকেন কিন্তু ইহার এই ফল হয় যে চাপরাশীরা অন্য লোকের নিকট জোর করিয়া[4] বকশীস আদায় করে। ইহাতে রাজপুরুষদের সঙ্গে জনসাধারণের দেখা সাক্ষাতের পক্ষে বিঘ্ন উপস্থিত হয়। অতএব চাপরাশী ও জনসাধারণকে জানাইয়া দেওয়া কর্ত্তব্য যে গবর্ণমেণ্ট বকশীস দেওয়ার প্রথা গর্হিত কার্য্য বলিয়া মনে করেন[5]। এই প্রথা বন্ধ করিয়া দিবার জন্য সকলেরই চেষ্টা করা প্রয়োজন।

ছোট লাট লিখিয়াছেন যে ঘটনা উপলক্ষে হুকুম প্রকাশ করা হইয়াছে, সেই স্থলে যে রাজকর্ম্মচারী অভ্যর্থনা, ডালি ও বকশীসের জন্য অর্থ সংগ্রহ করিয়াছিলেন তাঁহাকে সংগৃহীত অর্থ প্রত্যর্পণ করিতে বাধ্য এবং তাঁহাকে তিরস্কার করা হইয়াছে।

অভ্যর্থনার জন্য অর্থ সংগ্রহ করা যথা জুলুমের[6] ব্যাপার হইয়াছে। পঞ্জাবের ছোট লাট এই জুলুম নিবারণের চেষ্টা করিয়া ধন্যবাদ ভাজন হইয়াছেন। আমাদের একান্ত অনুরোধ এই, প্রত্যেক প্রদেশের গবর্ণমেণ্ট এই জুলুম নিবারণ করিবেন।

এতৎসম্বন্ধে জনসাধারণেরও বিশেষ কর্ত্তব্য আছে। যদি কোন রাজ-কর্ম্মচারী কোথাও অভ্যর্থনার জন্য অর্থ সংগ্রহ করেন বা ডালি লন কিংবা কোন স্থানের চাপরাশীরা বকশীস লয় তবে তৎক্ষণাৎ তাহা প্রাদেশিক গবর্ণ-মেণ্টকে অবগত করিবেন এবং সংবাদ পত্রে তাহা প্রকাশ করিবেন। কয়েক বৎসর ক্রমান্বয়ে[7] চেষ্টা করিলে এই কুপ্রথা দূরীভূত হইতে পারে।

[1] Purport, meaning (lit. vital part, core.)
[2] Openly or secretly : (*para-aksa* ; not in sight).
[3] *Upa-dhaukan*, ceremonial present to a superior (dhauk, to go ; whence *dhok*-gulp).
[4] Forcibly
[5] Regard as a wrongful action.
[6] Oppression : A. *Zulm*.
[7] *Krama-anvay* : continuously (*anu-ay*).

দাসত্ব আইনের তিরোভাব[1]।

The Repeal of the Slavery (Assam Labour) Act.

গত কল্য ১লা জুলাই হইতে আসাম চা-বাগানের কুলী আইন তিরোহিত[2] হইয়াছে। ১৮৮২ সালে এই আইন বিধিবদ্ধ করিবার কালে স্বর্গীয়[3] কৃষ্ণদাস পাল মহাশয় "দাসত্ব আইন[4]" নামে ইহাকে অভিহিত[5] করিয়াছিলেন। সত্য কথা বলাতে তাঁহাকে রাজপুরুষদের নিকট তিরস্কৃত[6] হইতে হইয়াছিল। সঞ্জীবনী সর্ব্বপ্রথম ওয়েব[7] কর্ত্তৃক কুলী রমণী স্কুরমণির ভীষণ লাঞ্ছনা ও মৃত্যুর হৃদয়বিদারক কাহিনী[8] প্রকাশ করিয়া রাজপুরুষদিগকেও চমকিত করিয়াছিলেন। লর্ড রিপণ তাহা পাঠ করিয়া বিচলিত হইয়াছিলেন এবং ন্যায় দণ্ডের ব্যবস্থা করিয়াছিলেন। স্কুরমণির মোকদ্দমা সত্য সত্যই প্রমাণ করিয়াছিল যে কুলী আইন দাসত্ব আইন বই আর কিছু নয়।

বহু চা-বাগানে কুলি রমণীদিগকে বেত্রাঘাত করা হইত, নরনারীকে ফাটক[9] ঘরে কয়েদ রাখা হইত নারীগণ গর্ভপাত[10] করিতে বাধ্য হইত ইত্যাদি ভীষণ কাহিনী শ্রবণ করিয়া ভারতসভা. "বেঙ্গলী" ও "সঞ্জীবনীর' উদ্যোগে দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় মহাশয় চা বাগান দর্শন করিতে গমন করিয়াছিলেন। তাঁহার লিখিত প্রবন্ধ সমূহ "বেঙ্গলী"[11] ও "সঞ্জীবনীতে" প্রকাশিত হইয়াছিল, তাহা পাঠ করিয়া রাজপুরুষদেরও চক্ষু উন্মালিত হইয়াছিল। "সঞ্জীবনী" সেই সকল অত্যাচারের বৃত্তান্ত মুদ্রিত করিয়া পার্লামেণ্টের প্রত্যেক সভ্য,[12] ভারতের ও ইংলণ্ডের প্রত্যেক রাজপুরুষের নিকট প্রেরণ করিয়াছিলেন। ৺ ব্রাডল[13] ও মিঃ সোয়ান[14] তাহা লইয়া পার্লামেণ্টে ঘোর আন্দোলন উপস্থিত করিয়াছিলেন। ইহার কয়েক বৎসর পরে বাবু দ্বিজেন্দ্র

1. *Tiras-bhāva* : concealed state, disappearance, abrogation.
2. *Tirohita* : repealed.
3. *Svargīya* : from *Svarga*, heaven ; the departed, the late.
4. "Slavery Act."
5. Described.
6. *Tiras-kṛta* : chided, severaly taken to task.
7. Webb. An allusion to the notorious Webb case.
8. *Hṛday-vidārak kāhinī* : heart-rending tale.
9. *A. Fataq* : prison.
10. Abortion : lit. womb-felling.
11. "The Bengalee." Mr. Surendranāh Banerji's English daily paper.
12. Member.
13. The late Mr. Bradlaugh.
14. Mr. Swann.

নাথ বসু চা বাগানে প্রবেশ করিয়া যে ভীষণ অত্যাচার কাহিনী সংগ্রহ করিয়াছিলেন তাহা পাঠ করিয়া চা-কর কুল খড়্গহস্ত [1] হইয়াছিলেন।

"সঞ্জীবনী" বহু বৎসর ধরিয়া ক্রমান্বয়ে কুলীদের লাঞ্ছনার বৃত্তান্ত প্রকাশ করিয়াছেন। বহু টাকা ব্যয়ে মোকদ্দমা করিয়া অপহৃতা [2] নারী-দিগকে উদ্ধার করিয়া তাহাদের স্বামীর ঘরে ফিরাইয়া দিয়াছেন ও আড়কাটি-দিগকে [3] দণ্ড দেওয়াইয়াছেন।

"সঞ্জীবনীর" শ্রম সার্থক হইয়াছে। কুলী আইন উঠিয়া গেল, দ্বারকা-নাথ গাঙ্গুলী মহাশয় জীবিত থাকিলে আজ তাঁহার কি আনন্দ হইত।

বিধাতাকে ধন্যবাদ। ভারতবর্ষ হইতে দাসত্ব আইন উঠিয়া গেল। সার হেনরী কটনকে [4] ধন্যবাদ, তিনি নিজের স্বার্থ বিসর্জ্জন করিয়া গরীব কুলীদের কল্যাণ করিতে চেষ্টা করিয়াছিলেন। গবর্ণমেন্টকে ধন্যবাদ যে তাঁহারা দাসত্ব আইন উঠাইয়া দিয়া ন্যায় ও ধর্ম্মের পক্ষ অবলম্বন করিয়াছেন।

[1] *Khadga-hasta*: sword in hand *(bahuvrihi samās)*; *cf.* up-in-arms.
[2] Abducted.
[3] *Ādkati*, a slang word for "coolie-catchers," labour-agents.
[4] Sir Henry Cotton.

লর্ড হার্ডিংএর কার্য্যকাল বৃদ্ধি করা উচিত কি না?

Ought Lord Hardinge's term of office to be extended?

আর দেড় বৎসর পরে লর্ড হার্ডিংএর কার্য্যকাল শেষ হইবে। এই দেড় বৎসরের মধ্যে দিল্লীতে রাজধানী নির্ম্মিত হইবে না; বাঁকিপুরে রাজধানী স্থাপিত হইবে না; তাই সার আলি ইমাম তাঁহাকে আরও দুই বৎসর ভারত-বর্ষে রাখিবার জন্য সঙ্কল্প করিয়া তাঁহার অনুগতজনগণ [1] কর্ত্তৃক নানা স্থানে সভা করাইতেছেন এবং ভারতসচিবের যোগে ইংলণ্ডেশ্বরের [2] নিকট দরখাস্ত পাঠাইবার উদ্যোগ করিতেছেন, ষ্টেট্‌স্‌ম্যান [3] এই মর্ম্মে এক তীব্র প্রবন্ধ [4] প্রকাশ করিয়াছেন।

কলিকাতার ষ্টেট্‌স্‌ম্যান ও ইংলিস্‌ম্যান [5] আশা করিতেছেন, যে দিন লর্ড হার্ডিং ভারতবর্ষ ত্যাগ করিবেন, সেই দিন দিল্লীতে রাজধানী স্থাপনের প্রস্তাব পরিত্যক্ত হইবে, সুতরাং লর্ড হার্ডিং যত শীঘ্র ভারতবর্ষ হইতে প্রস্থান

[1] *Anu-gata-jan*: henchmen, followers.
[2] *Inglanda īsvar*: king of England.
[3] "The Statesman," an Anglo-Indian paper published in Calcutta.
[4] Article.
"The Englishman," another Calcutta newspaper.

করেন, ততই তাঁহাদের মনস্কামনা সম্পূরণের সম্ভাবনা হইবে। সুতরাং তাঁহারা লর্ড হার্ডিংকে আরও দুই বৎসর ভারতবর্ষে রাখার প্রস্তাব শুনিয়া প্রাণপণে তাহার প্রতিরোধ করিতে চেষ্টা করিতেছেন। ষ্টেট্স্ম্যান ও ইংলিশম্যান ভারতবাসীর কল্যাণকামী[1] নহেন। সুতরাং তাঁহাদের প্রতিরোধ চেষ্টা দেখিয়া যে সমুদয় ভারতবাসী লর্ড হার্ডিঞ্জের থাকা না থাকা সম্বন্ধে উদাসীন ছিলেন, তাঁহারও লর্ড হার্ডিংকে রাখিবার জন্য চেষ্টা করিতে উদ্যোগী হইয়াছেন।

লণ্ডনের টাইম্স[2] প্রভৃত ক্ষমতাশালী সংবাদ পত্র। কিন্তু ইহার ক্ষমতা ভারতের কল্যাণের জন্য প্রযুক্ত[3] হয় না। গত শনিবারের টাইমস্ লিখিয়াছেন, লর্ড হার্ডিংকে রাখিবার জন্য রাজার নিকট দরখাস্ত করা উচিত নয়। লর্ড হার্ডিং খুব ভাল কাজ করিয়াছেন বটে, কিন্তু দেখা গিয়াছে রাজ প্রতিনিধির কার্য্যকাল যখনই বৃদ্ধি করিয়া দেওয়া হইয়াছে, তখনই অশুভ ফল[4] হইয়াছে।

টাইম্স যখন লর্ড হার্ডিংকে ভারতবর্ষ হইতে তাড়াতাড়ি লইয়া যাইবার জন্য ব্যাকুলতা প্রদর্শন করিতেছেন, তখন বুঝিতে হইবে, লর্ড হার্ডিং এমন কিছু করিতে সঙ্কল্প করিয়াছেন, যাহাতে ভারতবাসীর হিত হইবে এবং ভারত-প্রবাসী ইংরেজগণ রুষ্ট ও ক্রুদ্ধ হইবেন। লর্ড হার্ডিংএর থাকা না থাকা লইয়া আন্দোলন চলিতেছে, এমন সময় গত শুক্রবার তারযোগে এই খবর আসিয়াছে যে লর্ড হার্ডিংএর পর লর্ড কিচেনারের[5] ভারতের গবর্ণর-জেনারে-রেলের পদে নিযুক্ত হওয়ার সম্ভাবনা হইয়াছে।

ভারতের সৈনিক ব্যয়[6] অতিশয় বৃদ্ধি হইয়াছে। কোন সৈনিকপুরুষ যদি ভারতের গবর্ণর-জেনারেল হন, তবে ভারতের সৈন্যদিগকে আদর্শ[7] সৈন্য করিবার জন্য তাঁহার স্বভাবতঃই ইচ্ছা হইবে। আদর্শ সৈন্য করিতে হইলে বহু কোটী টাকার প্রয়োজন। সুতরাং লর্ড কিচেনার ভারতবর্ষের গবর্ণর-জেনারেল হন, আমরা সেরূপ ইচ্ছা করি না। লণ্ডনের "ডেলী মেল[8]" নামক সংবাদপত্র লিখিয়াছেন, ইংলণ্ডের প্রায় সমুদয় শ্রেণীর লোক লর্ড কিচেনারকে গবর্ণর-জেনারেল পদে নিযুক্ত করিয়া ভারতবর্ষে প্রেরণ করিতে ইচ্ছুক হইয়াছেন।

[1] Prosperity-desiring, well-wishers.
[2] "The Times" of London.
[3] Applied.
[4] Unfortunate results.
[5] Lord Kitchener.
[6] Military expenditure.
[7] Lit. mirror, here means model.
[8] "Daily Mail."

লর্ড হার্ডিং বঙ্গের অঙ্গচ্ছেদ[1] রহিত করিয়া বাঙ্গালীকে চিরকৃতজ্ঞতা-পাশে[2] আবদ্ধ করিয়াছেন। সুতরাং বাঙ্গালী তাঁহাকে আরও দীর্ঘকাল এদেশে রাখিতে ইচ্ছা করিবেন, ইহা অতি স্বাভাবিক[3]।

বোমার আঘাতে তিনি বহুদিন অসুস্থ ছিলেন; তাঁহার যাহা করা উচিত ছিল, তাহা সম্যক্[4] করিতে পারেন নাই। আমরা আশা করিতেছি, তিনি ব্রিটীশ সাম্রাজ্যের সর্ব্বত্র[5] ভারতবাসীর পূর্ণ অধিকার সংস্থাপন করিতে সমর্থ হইবেন। ব্রিটীশ সাম্রাজ্যের সমুদয় দেশের লোক ভারতবর্ষে যে সমুদয় অধিকার সম্ভোগ করেন, ভারতবাসীও ব্রিটীশ সাম্রাজের সমস্ত দেশে অবাধে সেই অধিকার যাহাতে সম্ভোগ করিতে পারে, তিনি তাহার সুবন্দোবস্ত করিয়া যাইবেন। যদি তিনি এই কার্য্য করিয়া যাইতে পারেন, তাঁহার থাকা সফল হইবে।

[1] *Anga-ched* : member-tearing, partition.
[2] *Cira-kṛta-jñatā—pāś*: eternal-gratitude-noose, bonds of eternal gratitude.
[3] Very natural.
[4] Cmpleted
[5] In all parts of the British Empire.

কাপ্তান বর্জেসের মৃত্যু।

The Death of Captain Burgess.

কাপ্তান বর্জেস লর্ড কারমাইকেলের চিকিৎসক ছিলেন। দারজিলিংএ সম্প্রতি তাঁহার মৃত্যু হইয়াছে। তাঁহার উদরে ভীষণ বেদনা হইয়াছিল; ইউরোপীয় ডাক্তারেরা তাঁহার চিকিৎসায় প্রবৃত্ত হন। তখন ডাক্তার সুরেশপ্রসাদ সর্ব্বাধিকারী দারজিলিংএ বাস করিতেছিলেন। কেহ কেহ তাঁহার সহিত পরামর্শ করিতে অনুরোধ করিয়াছিলেন। লর্ড কারমাইকেল তাহাতে মত দিয়াছিলেন। কাপ্তান বর্জেসও ডাক্তার সর্ব্বাধিকারীকে ডাকিতে মত দিয়াছিলেন। কিন্তু ইউরোপীয় চিকিৎসক মত না দেওয়াতে ডাক্তার সর্ব্বাধিকারীর সহিত আর পরামর্শ করা হইল না।

রেলে নারীর লাঞ্ছনা ও তাহার প্রতিকার

Indignities on women in trains, and the prevention thereof.

লাহোরের "ট্রিবিউন"[1] নিম্নলিখিত সংবাদ প্রকাশ করিয়াছেন:-

গত ৯ই জুন লাহোর ষ্টেসনে দুইজন পঞ্জাবী মহিলা ইন্টারমিডিয়েট[2] গাড়ীতে স্ত্রীলোকদের কক্ষে আরোহণ করে। সেই কক্ষের পার্শ্বেই ইংরেজদের

[1] "The Tribune," a Lahore newspaper.
[2] There is an "intermediate" class between 2nd and 3rd on Indian railways.

জন্য নির্দ্দিষ্ট কক্ষ ছিল, তাহাতে একজন ইংরেজ সৈন্য প্রবেশ করে। গাড়ী ছাড়িয়া দিলে একজন পঞ্জাবী মহিলা জানালার[1] নিকট দাঁড়াইয়া মুখ বাহির করিয়া কি দেখিতেছিলেন। ইংরেজ সৈন্য তাহার কক্ষের জানালার নিকট যাইয়া স্ত্রীলোকটীর হাত ধরিয়া তাহার সহিত নানা প্রকার অসদ্ব্যবহার[2] করে। স্ত্রীলোকটী চীৎকার করিয়া কাঁদিতে আরম্ভ করাতে অন্য কক্ষের যাত্রীদের দৃষ্টি তৎপ্রতি আকৃষ্ট হয়। পরবর্ত্তী ষ্টেসনে গাড়ী থামিবামাত্র[3] অন্যান্য যাত্রিগণ গাড়ী হইতে নামিয়া স্ত্রীলোকদের কক্ষের নিকটে উপস্থিত হন। সৈন্যটি সমস্ত কথা অস্বীকার করে, গার্ড কোন প্রতিকার করা উচিত মনে করে না। সেই গাড়ীতে লাহোরের একজন প্রসিদ্ধ ডাক্তার ছিলেন তাঁহার ধমকে ইংরেজ সৈন্য মহিলাদের নিকট ক্ষমা প্রার্থনা করে।

এই ঘটনা সম্বন্ধে আমরা দুইটী প্রশ্ন করিতেছি। রেল কোম্পানী স্ত্রীলোকদের কক্ষের পার্শ্বে ইউরোপীয়ানদের কক্ষ নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছেন কেন? দ্বিতীয় প্রশ্ন এই, গার্ড সৈন্যের অপকার্য্য[4] বাধা দিতে চেষ্টা করে নাই কেন?

অভিযোগ বিস্তর হইয়াছে, রেলে নারীর লাঞ্ছনার সীমা নাই। কিন্তু কেবল সংবাদপত্রে প্রবন্ধ লিখিয়াই কি আমরা নিশ্চিন্ত থাকিব? নারীর অপমান, রেলওয়ের উপদ্রব নিবারণের জন্য বিশেষ সভা[5] স্থাপন করা কর্ত্তব্য। এই সভা অত্যাচারের সংবাদ পাইবামাত্র তাহা সত্য কি অসত্য তাহার অনুসন্ধান করিবেন। বড় বড় ষ্টেসনে লোক পাঠাইয়া যাত্রীদের প্রতি যে অসদ্ব্যবহার করা হয় মালওজন লইয়া[6] যেরূপ প্রবঞ্চকতা[7] করা হয়, ফলাদি খাদ্যদ্রব্য যেরূপ আত্মসাৎ করা হয়, তাহার প্রমাণ সংগ্রহ করিয়া কর্ত্তৃপক্ষের[8] গোচর করিবেন; দিনের পর দিন, বৎসরের পর বৎসর এইরূপ আন্দোলন করিলে নিশ্চয়ই তাহার ফল হইবে।

স্ত্রীলোকদিগকে লাঞ্ছনার হাত হইতে রক্ষা করিবার জন্য অবিলম্বে বিশেষ উপায় অবলম্বন করা কর্ত্তব্য।

আসাম বেঙ্গল রেল ওয়ে[9] তৃতীয় শ্রেণীর স্ত্রীলোকদের কক্ষের সংলগ্ন কক্ষে তাঁহাদের আত্মীয় স্বজনের অবস্থিতির কক্ষ নির্দ্দেশ করিয়া দিয়াছেন। ভারতবর্ষের প্রত্যেক রেলওয়েতে সেইরূপ নিয়ম করা কর্ত্তব্য। প্রত্যেক

[1] Portuguese *janella* : a window.
[2] *A-sat-bi-avahār* : unseemly conduct.
[3] As soon as (it) stopped.
[4] Ill-conduct.
[5] A special society.
[6] With reference to weighing luggage.
[7] Cheating.
[8] *Karttr-pakṣa* : 'agent-party'. *i. e.* the authorities.
[9] Assam-Bengal Railway.

রেলওয়ে যাহাতে সেইরূপ নিয়ম করিতে বাধ্য হন, এমন প্রবল আন্দোলন করিবার জন্য এক স্থায়ী সভার[1] প্রয়োজন।

ভারত সভারই[2] এই কার্য্যের ভার গ্রহণ করা উচিত। এক সময়ে ভারত সভা রেল অত্যাচার দমন করিতে বিশেষ সফলতা[3] লাভ করিয়াছিলেন। আবার নূতন তেজে কার্য্য আরম্ভ করুন, কর্ম্মীর অভাব হইবে না।

তখন কলেজের যুবকগণ দল বাঁধিয়া হাওড়া ও সিয়ালদহে[4] যাইতেন এবং যেদিন যে অত্যাচার দর্শন করিতেন, তাহা ভরত সভার সম্পাদককে জানাইতেন। সম্পাদক তাহা রেলওয়ের কর্ত্তৃপক্ষদিগকে লিখিয়া অত্যাচার দমন করাইতেন। সেই প্রণালী পুনরায় অবলম্বন করিতে হইবে। যুবকগণ এই কর্ম্ম করিতে আগ্রহের সহিত অগ্রসর হইবেন।

[1] Permanent society.
[2] Indian Association, a recognised association in Calcutta led by Mr. Surendranath Banerji.
[3] Success.
[4] Howrah and Sealdah are the two great railway terminuses of Calcutta.

পূর্ব্ববঙ্গের হাই স্কুলের দশা কি হইবে।

What will be the fate of the High Schools of Eastern Bengal?

নারায়ণগঞ্জের সংবাদদাতা[1] লিখিয়াছেন :—

নারায়ণগঞ্জ স্কুলের ছাত্রগণ।

লর্ড কর্জ্জনের[2] বঙ্গ বিভাগে বঙ্গদেশের যাবতীয় লোক যেরূপ উত্তেজিত হইয়াছিল, ঢাকা বিভাগের স্কুল সমূহের ইনস্পেক্টর মিঃ ষ্টেপলটনের দুর্ব্যবহারে ঢাকা বিভাগের জনসাধারণ তদপেক্ষাও উত্তেজিত ও অসন্তুষ্ট হইয়াছে। মিঃ ষ্টেপলটন নারায়ণগঞ্জ স্কুলের হেডমাষ্টার মহাশয়ের প্রতি এইরূপ কঠোর হুকুম জারী করিয়াছেন যে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ৪০ জন ছাত্রের বেশী রাখিতে পারিবেন না। মোট ৫৮০ জন ছাত্রের বেশী নারায়ণগঞ্জ স্কুলে অধ্যয়ন করিতে পারিবে না। কোন ক্লাসের সেকসন[3] খুলিতে নিষেধ করিয়াছেন। নারায়ণগঞ্জ স্কুলে ৫৮০ জন ছাত্র অধ্যয়ন করিতেছে। অনেক ছাত্র স্কুলে ভর্ত্তি[4] হইতে পারিতেছে না। এখন স্কুলে প্রথম শ্রেণীতে ৪০ জন ছাত্র অধ্যয়ন করিতেছে। নারায়ণগঞ্জ স্কুল হইতে ৪১ জন ছাত্র প্রবেশিকা

[1] Correspondent.
[2] Lord Curzon.
[3] E. section.
[4] Filled, *i.e.* admitted.

পরীক্ষা[1] দিয়াছিল; তন্মধ্যে ১৮ জন ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে; অবশিষ্ট ২৩ জন ছাত্র পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছে। অনুত্তীর্ণ ২৩ জন ছাত্র মিঃ ষ্টেপলটনের আদেশে নারায়ণগঞ্জ স্কুলে পুনরায় প্রথম শ্রেণীতে ভর্ত্তি হইতে পারিতেছে না। উক্ত ২৩ জন ছাত্র নারায়ণগঞ্জ সহরের চিরস্থায়ী অধিবাসী; অধিকাংশ ছাত্রই দরিদ্র এমন তাহাদের সম্বল[2] নাই যে অন্য স্কুলে গিয়া ভর্ত্তি হইতে পারে। নারায়ণগঞ্জ সহরে কেবলমাত্র একটী এণ্ট্রান্স স্কুল আছে। উক্ত ২৩ জন ছাত্র কোন স্কুলে গিয়া ভর্ত্তি হইবে? কালকাতা বিশ্ববিদ্যালয় নিয়ম করিয়াছেন যে এণ্ট্রান্স স্কুলের প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ৫ জন ছাত্র অধ্যয়ন করিতে পারিবে। ঢাকা বিভাগের স্কুল ইন্‌স্পেক্টর ষ্টেপলটন হুকুম করিয়াছেন যে নারায়ণগঞ্জ স্কুলের প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ৪০ জন ছাত্রের বেশী অধ্যয়ন করিতে পারিবে না। মিঃ ষ্টেপলটন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলী ভঙ্গ করিতেছেন। সদাশয়[3] ইংরেজ গবর্ণমেণ্টের অভিপ্রায় এই যে প্রত্যেক ভারতবাসী শিক্ষিত হউক। কিন্তু ঢাকা বিভাগের স্কুল ইন্‌স্পেক্টর ষ্টেপলটন হুকুম করিয়াছেন যে নির্দ্দিষ্ট সংখ্যক লোক শিক্ষিত হউক। দুঃখের বিষয় নারায়ণগঞ্জ স্কুল কমিটী মিঃ ষ্টেপলটনের আদেশ শিরোধার্য্য[4] করিয়াছেন।

স্কুল কমিটির অধিকাংশ সভ্য ইংরেজ ও মুসলমান তন্মধ্যে নারায়ণগঞ্জ সহর নিবাসী উকীল শ্রীযুক্ত শশীকুমার দত্ত বি, এল সভ্য আছেন। শশী বাবু একাকী কোন বিষয়েই সফলতা লাভ করিতে পারেন না। উক্ত ২৩ জন ছাত্র নারায়ণগঞ্জ স্কুলে ভর্ত্তি হইতে না পারিলে তাহাদের চিরজীবন বৃথা হইয়া যাইবে। তাহারা পাপপথে পতিত হইয়া নরহত্যা ও ডাকাতি প্রভৃতিতে লিপ্ত[5] হইয়া জগতে অশান্তি আনয়ন করিবে।

ময়মনসিংহ, ঢাকা, বাকরগঞ্জ হইতে যে সংবাদ আসিয়াছিল, নারায়ণগঞ্জ হইতেও সেইরূপ সংবাদ আসিয়াছে। আমরা বুঝিয়াছি মিঃ ষ্টেপলটন:—

(১) হাই স্কুলসমূহের ছাত্রসংখ্যা হ্রাস[6] করিতে ইচ্ছা করিয়াছেন
(২) প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ৪০ জনের বেশী ছাত্র রাখিতে দিবেন না।
(৩) প্রতি ছাত্রের জন্য প্রত্যেক শ্রেণীতে ১০ বর্গফুট[7] স্থান না রাখিলে সন্তুষ্ট হইবেন না।

1 Matriculation Examination.
2 Means, resource.
3 *Sat-āśay* : well-meaning, beneficent.
4 *Śiras-dhāryya* : placing on head in token of obedience.
5 Lit. smeared, closely united, joined.
6 Diminution.
7 *Varga-phut* : square foot.

৪ ছাত্র বেতন[1] আরও বৃদ্ধি না করিলে ক্রুদ্ধ হইবেন।

মিঃ ষ্টেপলটন যে নীতি অবলম্বন করিয়াছেন তাহাতে পূর্ব্ববাঙ্গালার মধ্য শিক্ষা সঙ্কুচিত হইবে। তাঁহার আমলে পূর্ব্ববাঙ্গালার নিম্নশিক্ষার ভয়ঙ্কর দশা হইয়াছে ছাত্র কমিয়াছে ও স্কুল কমিয়াছে। নিম্নশিক্ষা তাঁহারই হাতে তাঁহার কার্য্যদক্ষতা[3] এমন যে পাঠশালা উঠিয়া যাইতেছে, ছাত্রগণ পাঠশালা ত্যাগ করিতেছে।

মধ্য শিক্ষার কর্ত্তা তিনি নহেন। অধিকাংশ হাই স্কুলের কর্ত্তা বাঙ্গালী। বাঙ্গালী নিজের ভাল বুঝে সুতরাং তাঁহারা যথাসাধ্য শ্রম ও অর্থব্যয়[4] করিয়া মধ্য স্কুল স্থাপন করিতেছেন ও বহু ছাত্রের পাঠের সুবিধা করিয়া দিতেছেন। ছাত্রসংখ্যা যত বাড়িতেছে, ততই ঘর বড় করিতেছেন ও শ্রেণীর সংখ্যা বৃদ্ধি করিতেছেন। যত ছাত্র আসিতেছে, সকলকেই গ্রহণ করিতেছেন ও তাহাদের পাঠের ব্যবস্থা করিয়া দিতেছেন। সুতরাং মধ্যশিক্ষার দিন দিন উন্নতি হইতেছে. স্কুলের সংখ্যা বাড়িতেছে, ছাত্রসংখ্যা বাড়িতেছে, পুরাতন স্কুলে বহু নূতন ছাত্র প্রবেশ করিতেছে।

মিঃ ষ্টেপলটন শিক্ষার উৎকর্ষ সাধনের নামে[5] শিক্ষা বন্ধ করিবার চেষ্টা করিতেছেন। নারায়ণগঞ্জের সংবাদ দাতা লিখিয়াছেন, নারায়ণগঞ্জ স্কুলে ৫৮০ জন ছাত্র অধ্যয়ন করিতেছে। এবার ঐ স্কুলের ২৩ জন ছাত্র মেট্রিকুলেসন পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছে। তাহাদের বাড়ী নারায়ণগঞ্জ। নারায়ণগঞ্জ স্কুল ব্যতীত অন্য কোথায় যাইয়া তাহাদের পাঠের সম্ভাবনা নাই। হয় তাহারা নারায়ণগঞ্জে পড়িবে নতুবা পড়া বন্ধ করিয়া বাড়ী বসিয়া থাকিতে হইবে। অথচ মিঃ ষ্টেপলটন হুকুম দিয়াছেন, নারায়ণগঞ্জ স্কুলে আর ছাত্র ভর্ত্তি করা হইবে না। অনুত্তীর্ণ ছাত্রগণ তবে কি করিবে? বিশ্ব-বিদ্যালয়ের নিয়মানুসারে প্রথম শ্রেণীতে ৫০ জন ছাত্র পড়িতে পারে। নারায়ণগঞ্জ স্কুলের প্রথম শ্রেণীতে ৪০ জন ছাত্র, অনায়াসে আরও ১০ জনকে সেই ক্লাসে ভর্ত্তি করা যাইত কিন্তু মিঃ ষ্টেপলটনের আদেশে তাহা হইল না। নারায়ণগঞ্জ স্কুলের অধ্যক্ষগণ আর একটা শ্রেণী খুলিয়া অনুত্তীর্ণ ২৩ জনের পাঠের ব্যবস্থা করিতে পারিতেন কিন্তু মিঃ ষ্টেপলনের আদেশে তাহার যো[6] নাই মিঃ ষ্টেপলটনের আদেশের ফলে বাঙ্গালা দেশের বহু ছাত্রের পাঠ বন্ধ হইয়া যাইবে।

1 School-fees.
2 Contracted : *sankoc :* contraction.
3 Competence in duty.
4 *Artha-vyay :* money-expenditure.
5 In the name of educational improvement.
6 Means, possibility (corruption of *yotra :* means, stock, capital.)

গবর্ণমেন্ট চিন্তা করিয়া দেখুন, ইহার ফল ভাল হইবে, না মন্দ হইবে। মিঃ ষ্টেপলটনের আমলে নিম্ন শিক্ষার অনিষ্ট হইয়াছে, এখন মধ্য শিক্ষারও অনিষ্ট হইবে। আমরা গবর্ণমেণ্টকে পুনঃ পুনঃ এই অনিষ্টের কথা জানাইয়াছি। গবর্ণমেণ্টের আর নিশ্চেষ্ট থাকা উচিত নয়: হাই স্কুলের অধ্যক্ষদিগকে আমাদের কিছু বলিবার আছে। মিঃ ষ্টেপলটন ঢাকার জুবিলী স্কুলে [1] গমন করিয়া তাহার ছাত্র সংখ্যা হ্রাস করিতে আদেশ করিয়াছিলেন। স্কুল কমিটির সভ্য শ্রীযুক্ত ত্রৈলোক্য নাথ বসু মহাশয় তাঁহাকে বলিয়াছেন ছাত্র সংখ্যা কমান দূরে থাকুক, যত ছাত্র আসিবে তাহাই ভর্ত্তি করা হইবে। এক শ্রেণীতে না কুলাইলে দুই বা ততোধিক শ্রেণী খুলিয়া দেওয়া হইবে।

পূর্ব্ববঙ্গের প্রত্যেক স্কুলের অধ্যক্ষদিগকে আমরা মানুষের মত ব্যবহার করিতে [2] অনুরোধ করি। কোন্ স্কুলে কত ছাত্র থাকিবে, বিশ্ববিদ্যালয় তাহা নির্দ্ধারণ করিয়া দেন নাই। বিশ্ববিদ্যালয় নির্দ্ধারণ করিয়া দিয়াছেন, কোন্ শ্রেণীতে কত ছাত্র পড়িতে পারিবে। পূর্ব্ববঙ্গের স্কুল সমূহ বিশ্ববিদ্যালয়ের নিয়ম প্রতিপালন করুন। মিঃ ষ্টেপলটন কে যে তিনি বিশ্ববিদ্যালয়ের নিয়মের উপর কর্ত্তৃত্ব [3] করিতে যাইতেছেন? তাঁহার অন্যায় হুকুম সকলেরই অগ্রাহ্য করা উচিত।

মিঃ ষ্টেপলটনের বাড়ীতে অনেক টাকা থাকিতে পারে। তিনি নিজের ছোট ঘর ভাঙ্গিয়া বড় করিতে পারেন, বাঙ্গালাদেশের স্কুলের অধ্যক্ষদের তত টাকা নাই তাঁহারা বিশ্ববিদ্যালয়ের আদেশে প্রতি ছাত্রের ৮ বর্গফুট হিসাবে গৃহ নির্ম্মাণ করিয়াছেন, এখন মিঃ ষ্টেপলটনের মনস্তুষ্টির [4] জন্য পুরাতন বাড়ী ভাঙ্গিয়া নূতন বাড়ী করিতে পারিবেন না। অথবা টাকার অভাববশতঃ নূতন বাড়ী নির্ম্মাণে অসমর্থ হইয়া অল্প ছাত্র ভর্ত্তি করিয়া অনেক ছাত্রের পাঠের পথ বন্ধ করিয়া দিতে পারিবেন না।

ভারত সম্রাট বলিয়া গিয়াছেন, বিদ্যালয়ের জালে দেশ আবৃত করা হইবে। পূর্ব্ববঙ্গে ভারত সম্রাটের আদেশ বেশ প্রতিপালিত হইতেছে। ভারত সম্রাটের চাকর ভারত সম্রাটের আদেশ লঙ্ঘন করিয়া বিদ্যাশিক্ষার পথে কণ্টক বপন [5] করিতেছে।

[1] Jubilee School.
[2] To act like men.
[3] Masterfulness.
[4] *Manah-tuṣṭi* : mental gratification.
[5] Sowing thorns.

বাঙ্গালায় ৪ কোটি ৬৩ লক্ষ লোকের বাস। তন্মধ্যে ৪ কোটি ১৭ লক্ষই নিরক্ষর[1]। যে দেশের এমন দশা সে দেশে মিঃ ষ্টেপলটন শিক্ষা বিস্তার করিতে দিতেছেন না। ইহার কার্য্য সম্বন্ধে গবর্ণমেণ্টের যাহা কর্ত্তব্য তাহা করুন। বাঙ্গালী তাঁহার আদেশ বা উপদেশ অগ্রাহ্য করিয়া যথাসাধ্য শিক্ষা বিস্তারে নিযুক্ত হউন।

[1] *Nir-akṣar :* un-lettered.

অষ্ট্রীয়ার যুবরাজ ও তাঁহার পত্নী বধ।

The assassination of the Arch-Duke of Austria and his wife.

অষ্ট্রীয়া হঙ্গেরীর যুবরাজ ফ্রান্সিস ফার্ডিনাণ্ড ও তাঁহার পত্নী বসনিয়ার[1] অন্তর্গত সারাজেবো[2] নগরে গমন করিয়াছিলেন। গত রবিবার তাঁহাদিগকে হত্যা করা হইয়াছে। বসনিয়া ও হার্জগবিনা[3] বহু পূর্ব্বে তুরস্কের[4] অধীন ছিল। রুষ-তুর্কি[5] যুদ্ধের পর ১৮৭৮ সালে বার্লিন সন্ধি[6] অনুসারে ঐ দুই প্রদেশের শাসনভার অষ্ট্রীয়া-হঙ্গেরীর হস্তে অর্পিত হয়। বসনিয়ার অধিবাসীরা জাতিতে সার্ব্ব[7]। সার্ব্বগণ খৃষ্টান, তাহারা মুসলমানের অধীনতা হইতে উদ্ধার পাইয়া খুব প্রফুল্ল হইয়াছিল। ১৮৭৮ সাল হইতে ১৯০৮ সাল পর্য্যন্ত ৩০ বৎসর কাল তাহারা সুখে দিন কাটাইতেছিল। ১৯০৮ সালের ৫ই অক্টোবর মাসে অষ্ট্রীয়ার সম্রাট্ বসনিয়া ও হার্জগবিনার ব্যবস্থাপক সভার[8] সভাপতিদ্বয়কে লিখিলেন, "অদ্য হইতে বসনিয়া ও হার্জগবিনা অষ্ট্রীয়া-হঙ্গেরীর অন্তর্ভুক্ত হইল।" সেই দিন হইতে ঐ উভয় দেশের সুখের স্বপ্ন ভাঙ্গিয়া গিয়াছে। সেই দিন হইতে এ উভয় প্রদেশ সর্ব্ববিষয়ে পরাধীন হইয়াছে। তুরস্কের অধীনতা হইতে উদ্ধার পাইয়া অষ্ট্রীয়ার অধীনতাশৃঙ্খলে আবদ্ধ হওয়াতে বসনিয়ার সার্ব্বগণ জাতক্রোধ[9] হইয়াছিল।

কিয়দ্দিন হইল, অষ্ট্রীয়ার যুবরাজ ফ্রান্সিস ফার্ডিনাণ্ড ও তাঁহার পত্নী নবাধিকৃত[10] প্রদেশ পরিদর্শন করিতে অভিলাষ করিয়াছিলেন। যুবরাজ সার্ব্বদিগকে ঘৃণা করিতেন। সার্ব্বগণও যুবরাজকে ঘৃণা করিত। ইহা

[1] Bosnia.
[2] Sarajevo.
[3] Herzogovina.
[4] Turkey.
[5] Russo-Turkish.
[6] Treaty of Berlin.
[7] Serb.
[8] Legislative Council, Parliament.
[9] *Jāta-krodh :* become angry.
[10] *Nava-adhi-kṛta :* newly acquired.

কাহারও অবিদিত ছিল না। যুবরাজ বসনিয়া গমন করিবেন, এই সংবাদ শুনিয়া অনেকে তাঁহাকে যাইতে নিষেধ করিয়াছিল। এমন কি তাঁহার পত্নীও বিপদাশঙ্কা[1] করিয়া যাইতে অনিচ্ছুক ছিলেন। কিন্তু যুবরাজ ক্ষমতাগর্ব্বে[2] বিস্ফারিত[3] হইয়া কাহারও কথা গ্রাহ্য করিলেন না। যুবরাজ আগমন করিবেন, এই সংবাদ শুনিয়া সার্ব্ব·গণ তাঁহার বধের আয়োজন করিল।

যুবরাজ পত্নীসহ বসনিয়ার রাজধানী সারাজেবো নগরে উপনীত হইলেন। রাজকর্ম্মচারীদের উদ্যোগে তাঁহার অভ্যর্থনার মহা আড়ম্বর হইল; গত শনিবার তিনি সমারোহের সহিত সৈন্য সামন্ত[4] বেষ্টিত হইয়া টাউনহলে অভিনন্দন[5] গ্রহণ করিবার জন্য যাত্রা করিয়াছিলেন।

বসনিয়ার গবর্ণর স্বয়ং যুবরাজের রক্ষার জন্য তাঁহার শকটে[6] আরোহণ করিয়াছিলেন। কাউন্ট হারাক শকটের পা-দানে দাঁড়াইয়া দর্শকদের কার্য্যাকার্য্য পর্য্যবেক্ষণে নিযুক্ত ছিলেন।

যুবরাজের রক্ষার জন্য রাজপথের দুই পার্শ্বে সৈন্য শ্রেণী দুর্ভেদ্য প্রাচীরের আকারে দণ্ডায়মান ছিল। তৎপশ্চাতে পুলিস দণ্ডায়মান হইয়া দর্শকদের প্রাণে ভীতির উৎপাদন[7] করিতেছিল।

[1] *Vipada-āśaṅkā :* danger-fear, fear of danger.
[2] Arrogance.
[3] *Vi-sphārita :* lit. opened wide, swollen.
[4] Chief.
[5] Address of welcome.
[6] Car.
[7] Causing fear.

গবর্ণর ও কাউন্ট হারাক।

Governor and Count Harak.

যুবরাজ ও তাঁহার পত্নী রাজপুরুষদের অভূতপূর্ব্ব[1] সতর্কতা দেখিয়া পরিহাস করিতেছিলেন। যখন এইরূপ হাসি ঠাট্টা চলিতেছিল, তখন মোটর গাড়ী কাইসার ফ্রাঞ্জ জোসেফ গান নামক স্থানে উপস্থিত হইল।

তখন গাব্রিনচিক নামক একজন সার্ব্ব কম্পোজিটার[2] তাঁহাকে লক্ষ্য করিয়া একটা বোমা নিক্ষেপ করে। বোমা নিক্ষেপের যে ফল হইয়া থাকে, তাহাই হইল, বোমা যুবরাজ বা পত্নীর গাত্র স্পর্শ করিল না। তাঁহাদের শকট

[1] *A-bhūta-pūrrva :* not happened before, unexampled.
[2] Conpositor.

চলিয়া যাওয়ার পর বোমা বিদীর্ণ হইল,[1] যুবরাজের অনুচরদের মধ্যে দুই জন ও ছয় জন দর্শক আহত হইল।

যুবরাজ ও তাঁহার পত্নী টাউনহলে গমন করিলেন, তথায় খুব জাঁকাল[2] অভ্যর্থনা হইল। তাঁহারা যে বিন্দুমাত্র ভীত হন নাই, তাহা প্রদর্শন করিবার জন্য নগর প্রদক্ষিণে বহির্গত হইলেন। প্রিনজিব নামক এক সার্ব্ব ছাত্র যুবরাজকে লক্ষ্য করিয়া রিভলভার আওয়াজ করিল। গুলি যুবরাজকে স্পর্শ করিল না, যুবরাজপত্নীর তলপেট[3] বিদীর্ণ করিয়া চলিয়া গেল। প্রিনজিব আবার গুলি করিল, সে গুলি যুবরাজের গলায় বিদ্ধ হইল, একটা বৃহৎ শিরা[4] ছিন্ন হইয়া গেল। তবু তিনি স্ত্রীকে সম্বোধন করিয়া বলিলেন, "সোফি![5] সন্তানের মমতায়[6] তুমি বাঁচিয়া থাক।" আর বিলম্ব হইল না যুবরাজ ও তাঁহার পত্নীর প্রাণবায়ু বহির্গত হইল।

প্রিনজিব ধৃত হইয়াছে—তাহাকে প্রাণান্ত[7] প্রহার করা হইয়াছে। সে বলিয়াছে, "আমার কোন সঙ্গী নাই। জাতীয় মর্য্যাদা রক্ষার জন্য একজন পদস্থ[8] অষ্ট্রীয়ানকে বধ করিব, এইরূপ বাসনা পোষণ করিতেছিলাম, আজ সুবিধা পাইয়া যুবরাজকে বধ করিয়াছি।"

কম্পোজিটার গাব্রিনচিকও ধৃত হইয়াছে। সে বলিয়াছে, "সার্ব্বিয়ার রাজধানী বেলগ্রেডের কোন রাজ্যধ্বংসকারী[9] আমাকে বোমা দিয়াছিল। আমি তাহার নাম জানি না। আমার কোন সঙ্গী নাই।"

যেখানে হত্যাকাণ্ড হইয়াছে, তাহার কয়েক গজ দূরে আর একটা আফাটা[10] বোমা পাওয়া গিয়াছে। যদি গুলিতে হত্যা সমাধা না হইত, তাহা হইলে ঐ বোমা বোধ হয় নিক্ষিপ্ত হইত। যুবরাজকে বধ করিবার জন্য যে বিপুল আয়োজন হইয়াছিল, তাহার কোন সন্দেহ নাই।

যখন সারাজেবোতে এই ভীষণ ব্যাপার সংঘটিত হয়, তখন অষ্ট্রীয়ার সম্রাট ফ্রান্সিস-জোসেফ রাজধানী ভিয়েনা[11] হইতে বহু দূর পশ্চিমে পর্ব্বত-বেষ্টিত ইসাল[12] নামক ক্ষুদ্র নগরে শীতল সমীরণ সম্ভোগ করিতেছিলেন। তাঁহার পুত্র সন্তান নাই। তাঁহার পুত্র রডল্‌ফের আত্মহত্যার পর ভ্রাতুষ্পুত্র

[1] Burst.
[2] Pompous.
[3] Abdomen.
[4] Artery.
[5] Sophie.
[6] In affectionate regard.
[7] *Prana-anta* : end-of-life ; deadly.
[8] *Pada-stha* : position-placed, occupying a high rank.
[9] *Rājya-dvaṁsa-kāri* : kingdom-destruction-worker, revolutionary.
[10] *Ā-phāṭā* : unburst.
[11] Vienna.
[12] Ischl.

ফ্রান্সিসই তাঁহার উত্তরাধিকারী হইয়াছিলেন। যুবরাজের মৃত্যুসংবাদ শুনিয়া সম্রাট চীৎকার করিয়া বলিয়াছিলেন, "কি ভয়ানক, কি ভয়ানক, দুঃখের আর কিছুই বাকী রহিল না!" সম্রাট ইসাল হইতে গত সোমবার ভিয়েনা প্রত্যাগমন করিয়াছেন।

যুবরাজের বধসংবাদ শ্রবণে জর্ম্মণীর একখানি প্রসিদ্ধ সংবাদপত্র লিখিয়াছেন, "অষ্ট্রীয়াই ইউরোপের শান্তিভঙ্গের কারণ হইবে বলিয়া মনে করা হইতেছে।" ফ্রান্সের কোন সংবাদপত্র লিখিয়াছেন, "অষ্ট্রীয়া সাম্রাজ্য ছিন্ন ভিন্ন হইয়া যাইবে। অষ্ট্রীয়া নিজ কর্ম্মফল ভোগ করিবেন।" রুসিয়ার কোন কোন সংবাদপত্র লিখিয়াছেন, "ফ্রান্সিস কার্ডিনাণ্ডের মৃত্যুতে ইউরোপ-ব্যাপী ভীষণ যুদ্ধের ভয় নিবৃত্ত[1] হইল। অষ্ট্রীয়া যে পথের অনুসরণ করিয়াছেন, যদি এখনও সে পথ পরিত্যাগ করেন তবে তাহার রক্ষার উপায় হইবে।"

সার্ব্বিয়ার সহিত অষ্ট্রীয়ার মহা শত্রুতা হইয়াছে। শুনা যায়, সার্ব্বিয়ার কামানের কারখানায় বোমা তৈয়ার করিয়া যুবরাজের বধের জন্য বসনিয়ায় প্রেরণ করা হইয়াছিল। অষ্ট্রীয়া সার্ব্বদিগকে দমন করিবার জন্য কিরূপ উপায় অবলম্বন করিবেন, তাহা জানি না।

যুবরাজের বয়স ৫১ বৎসর হইয়াছিল—তাঁহার ৯ ও ১১ বর্ষ বয়স্ক ২ পুত্র ও ১০ বৎসরের এক কন্যা বিদ্যমান। পুত্রগণ যুবরাজ হইতে পারিবে না। ফ্রান্সিসের ভ্রাতুষ্পুত্র চার্লস ফ্রান্সিস জোসেফ যুবরাজ পদে অভিষিক্ত হইবেন।

যুবরাজ ফ্রান্সিসের চেষ্টাতেই বসনিয়া অষ্ট্রীয়ার অন্তর্ভুক্ত হইয়াছিল। বসনিয়া তাহা ভুলিতে পারে নাই। বসনিয়ার কোপানলে[2] ফ্রান্সিস প্রাণ হারাইলেন।

সারাজেবো নগরে সামরিক আইন[3] প্রচলন করা হইয়াছে, বহু শত লোককে কারাগারে বন্দী করা হইয়াছে, কিন্তু ষড়যন্ত্রের কিনারা হয় নাই।

[1] Ceased.
[2] *Kopa-anal* ; wrath-fire, fire of wrath.
[3] Military law, from *Samar*, war.

কবিবর মাইকেল মধুসূদন দত্তের বাৎসরিক স্মৃতি-সভা।

The anniversary memorial meeting of the poet Michael Madhusudan Datta. (1828-1873).

২৯শে জুন সোমবার বাঙ্গালার অমর কবি মাইকেল মধুসূদন দত্তের মৃত্যু দিন; দুঃখে, কষ্টে, রোগযন্ত্রণায় নিষ্পেষিত হইয়া এই দিন তিনি ইহলোক

হইতে প্রস্থান করিয়াছিলেন; মহাত্মা বিদ্যাসাগর প্রমুখ[1] কয়েক জন ব্যক্তি ব্যতীত কবির সেই গভীর দুঃখে আর কেহ সাহায্য করিবার ছিল না—বাঙ্গালা দেশে তখনও সাহিত্য পরিষদের[2] উদ্ভব[3] হয় নাই—সাহিত্যসেবীর[4] সংখ্যাও তখন মুষ্টিমেয়[5] ছিল; জনসাধারণের মধ্যে শিক্ষার তেমন বিস্তার ছিল না, সুতরাং বাঙ্গালা ভাষার সেই অন্ধযুগে[6] বাঙ্গালার শ্রেষ্ঠ কবি দুঃখে, কষ্টে, অনাহারে, রোগযন্ত্রণায় মর্ম্মন্তুদ[7] কষ্ট পাইয়া হাঁসপাতালে চোখের জল ফেলিতে ফেলিতে দেহত্যাগ করিয়াছিলেন কিন্তু প্রতিভা চিরদিন উপেক্ষিত থাকে না; প্রকৃত গুণের আদর একদিন হইই হয়। আজ তাই কবির মৃত্যুর কত বৎসর পরে তাঁহার স্বদেশবাসিগণ[8] প্রতি বৎসর তাঁহার সমাধিস্থলে সমবেত হইয়া শ্রদ্ধার অঞ্জলি অর্পণ করিয়া আসিতেছেন। এবারও খিদিরপুরের ডাক্তার শ্রীযুক্ত নকুড়চন্দ্র বিশ্বাস এবং কবির জীবনী প্রণেতা[9] শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বসু প্রভৃতির উদ্যোগে গত সোমবার লোয়ার সার্কুলার রোডে[10] কবির সমাধিস্থলে স্মৃতি-সভার আয়োজন হইয়াছিল, বহু সাহিত্যসেবী এই সভায় যোগদান করিয়াছিলেন, সভার কার্য্যারম্ভ হইবার পুর্ব্বে পণ্ডিত শিবনাথ শাস্ত্রী, যোগীন্দ্রনাথ বসু এবং সমবেত জনমণ্ডলী গেট[11] হইতে দলবদ্ধ হইয়া শ্রদ্ধার সহিত কবির সমাধিস্থলে উপস্থিত হইলেন এবং পুষ্পস্তবকে[12] সমাধিপ্রাঙ্গণ[13] আবৃত করিয়া দিলেন। এবারকার স্মৃতি-সভায় মিঃ ওডনেল[14] নামক জনৈক ইংরাজ উপস্থিত ছিলেন। ইনি মাইকেলের সমসাময়িক[15] এবং পরম বন্ধু ছিলেন। সমাধিস্থলের চারিদিক এবার তিনি নিজ ব্যয়ে পরিষ্কার করাইয়া রাখিয়া ছিলেন এবং পুষ্পমাল্যে সুসজ্জিত করিয়াছিলেন। সকলে সমবেত হইলে মিঃ ওডনেল একটী প্রাণস্পর্শী[16] প্রার্থনা করেন। পণ্ডিত শিবনাথ শাস্ত্রী এই অনুষ্ঠানের সভাপতি নির্ব্বাচিত হইলে সমবেত ভদ্রলোকদিগের মধ্যে অনেকে প্রবন্ধ ও কবিতাদি পাঠ করেন।

[1] *Pra-mukh :* headed by.
[2] *Sāhitya-pariṣat :* the Academy of Bengali Literature.
[3] Ud-bhu : origin.
[4] *Sāhitya-sevī :* servants of letters, literate.
[5] *Musti-meya :* measured by a handful.
[6] *Andha-yug :* dark age.
[7] *Marmmang-tūda :* mind-tormenting.
[8] *Sva-deś-vāsī :* fellow countrymen.
[9] *Jīvanī praṇeta :* author of biography.
[10] Lower Circular Road.
[11] E. gate.
[12] *Puṣpa-stavak :* flower-bunches, bouquets.
[13] Burial-yard.
[14] O'Donnell.
[15] From *sama-samay*, contemporary.
[16] *Prána-sparśī ;* heart-touching, affecting.

কবির বাসস্থান সাগরদাঁড়ী গ্রামে যাহাতে একটী প্রস্তর-ফলক [1] স্থাপিত হয় তজ্জন্য গবর্ণমেণ্টের নিকট আবেদন করার প্রস্তাব এই সভায় গৃহীত [2] হয়। অতঃপর মাইকেল মেমোরিয়াল কমিটীর সম্পাদক শ্রীযুক্ত নকুড়চন্দ্র বিশ্বাস তাঁহার প্রবন্ধে অনেক পুরাতন কথার আলোচনা করেন। কবি খিদিরপুরের সোনাই রোডে যে বাড়ীতে বাস করিতেন এবং যেখানে বসিয়া তিনি বিলাত-যাত্রাকালীন জননী জন্মভূমিকে লক্ষ্য করিয়া সেই চিরস্মরণীয় কবিতা লিখিয়া গিয়াছিলেন—

রেখো মা দাসেরে মনে এ মিনতি [3] করি পদে—
সাধিতে মনের সাধ ঘটে যদি পরমাদ [4]—
মধুহীন [5] করোনাক [6] তব মনকোকনদে। [7]

সে বাড়ী পোর্ট কমিশনারেরা ভাঙ্গিয়া ফেলিয়াছে। মধুসূদনের স্মৃতি জাগরূক রাখার জন্য কলিকাতা মিউনিসিপালিটী সম্প্রতি সোনাই রোডের নাম পরিবর্ত্তন করিয়া মাইকেল মধুসূদন দত্ত রোড রাখিয়াছেন। অতঃপর এই সভায় আরও একটী আনন্দের সংবাদ প্রচারিত হয়। মান্দ্রাজ হইতে শ্রীযুক্ত সুরেশচন্দ্র সান্যাল অনেকগুলি পুরাতন পুস্তক এবং পুঁথি পত্রাদি খরিদ করিয়াছিলেন; সেই সকল পুঁথির মধ্যে মাইকেলের স্বহস্তলিখিত 'রিজিয়া' নামক একখানি ইংরাজী নাটক পাওয়া গিয়াছে। প্রায় অর্দ্ধশতাব্দী [8] পুরাতন হইলেও সেই নাটকখানি ঠিক অবিকৃত [9] অবস্থায় পাওয়া গিয়াছে এবং সমুদয় কাটাকুটী [10] পর্য্যন্ত ঠিক আছে। বলা বাহুল্য সভাস্থ সকলে এই সংবাদে অত্যন্ত পুলকিত হইয়া উঠিলেন এবং সভাস্থ সকলের অনুমতি অনুসারে সাহিত্য পরিষদকে এই পুস্তক প্রচার করিবার জন্য অনুরোধ করা সাব্যস্ত [11] হইল।

[1] Stone-tablet.

[2] Accepted, passed.

[3] A. *minnat*, entreaty.

[4] Read *pramād*, catastrophe.

[5] *Madhu-hīn*, devoid of honey, also a pun on the name of the poet. Do not divest the lotus of thy heart of honey or do not forget Madhu.

[6] Read *kario-ná-ka.*

[7] *Mana-koka-nad* : mind-red-lotus, lotus of the heart.

[8] Half a century.

[9] *A-vikṛta :* uninjured, unimpaired.

[10] Erasures, alterations.

[11] Agreed settled.

এই অনুষ্ঠানের সভাপতিরূপে পণ্ডিত শিবনাথ শাস্ত্রী বলিলেন, "মাইকেলের 'তিলোত্তমা সম্ভব'[1] কাব্য যখন প্রথম প্রকাশিত হইল, তখন আমরা স্কুলের ছাত্র ; কবির গান, জারী, হাফ্-আখড়াই এবং নরম সুরের মিঠে মিঠে কবিতার মায়াজাল ছেদ করিয়া মাইকেল যখন জলদগম্ভীর[2] স্বরে তাঁহার মনুষ্যত্বব্যঞ্জক[3] কবিতার ফোয়ারা ছুটাইয়া দিলেন, তখন বাংলা দেশে একেবারে হুলস্থূল পড়িয়া গেল ; বাঁধা সুরের গান ছাড়িয়া মাইকেল যে নূতন তান ধরিলেন, তাহা শুনিয়া লোকে মন্ত্রমুগ্ধ[4] হইয়া উঠিল ; হাটে ঘাটে স্কুলে সর্ব্বত্র মাইকেল বড়, কি ঈশ্বর গুপ্তের দল বড় তাই লইয়া রোজ মারামারি বাধিত ; আমরা স্কুলে বসিয়া এই কথা লইয়া প্রায়ই ঘুষাঘুষি[5] করিতাম। আমি চিরদিনই মধুর পক্ষপাতী ছিলাম, শুধু এই জন্য যে তাঁহার কবিতার মধ্যে কোন মেয়েলী ঢং[6] ছিল না ; তাহার আগাগোড়া[7] মনুষ্যত্বে পরিপূর্ণ। তারপর মধুর যখন মৃত্যু হইল তখন আমি সোমপ্রকাশের সম্পাদক[8] ; এমন একটা লোকের জন্য কিছু করা হবে না, মধুর একটা স্মৃতিরক্ষা হবে না; এ বড় কষ্টের কথা—এ বড় বেদনার কথা—একেবারে জাতীয় কলঙ্কের কথা[9] ; তাই আমি সোমপ্রকাশে মাইকেলের স্মৃতিরক্ষা ফণ্ড[10] খুলিলাম। সে আজ ৪১ বৎসর আগেকার কথা ; অনেক কষ্টে ৭৮৲ টাকা উঠিল ; কিন্তু সে টাকা আবার প্রেসের কর্ম্মচারীরা চুরি করিয়া লইল। তারপর কত বৎসর অতীত হইয়া গেল ; মাইকেলের স্মৃতি-ফণ্ডের টাকার কথা আর মনে ছিল না ; শেষে সেবার যখন ভয়ানক পীড়িত হইয়া পড়িলাম, তখন হঠাৎ একদিন মধুর স্মৃতি এবং তাহার স্মৃতি-ফণ্ডের টাকার কথা মনে পড়িল ; রোগশয্যায় শুইয়া ছটফট[11] করিতে লাগিলাম ; শেষে

[1] "The creation of Tilottamā." The legend is that she was originally a Brāhman woman, but for the offence of bathing at an improper season, she was condemned to be born as an apsaras, a heavenly nymph, in order that her charms might bring about the mutual destruction of the demons Sunda and Upasunda. The task of designing her perfections was entrusted to Viśva-karma, the heavenly artificer, and he employed the best (*uttam*) atoms (*tila*) of all earthly things. Hence her name of Tila-uttamā.

[2] *Jala-da-gambhīr* : cloud-solemn ; 'in a voice as solemn as a cloud.'

[3] *Manuṣyatva-vyañjak* : manliness-expressive, expressing his manliness.

[4] Incantation-enchanted.

[5] Exchanged blows of the fist.

[6] Effiminate strain.

[7] From top to bottom.

[8] Editor of the *Soma-prakāś*, a famous Bangali newspaper of the past age.

[9] A matter of national disgrace.

[10] Fund.

[11] Restlessness.

নিজের পকেট হইতে ৭৵টী টাকা সাহিত্য পরিষদে পাঠাইয়া দিয়া তাঁহাদিগকে মধুর একখানি তৈলচিত্র[1] নির্ম্মাণ করিয়া রাখিতে অনুরোধ করি ; বড়ই আনন্দের বিষয়, সাহিত্য পরিষদ আমার এই অনুরোধ রক্ষা করিয়াছেন এবং মধুর একখানি পুরা তৈলচিত্র পরিষদ গৃহে রাখিয়া দিয়াছেন।

অতঃপর মধুর স্মৃতিরক্ষার জন্য শ্রীযুক্ত যোগীন্দ্র নাথ বসু সভাস্থ সকলের নিকট চাঁদা[2] প্রার্থনা করেন। নিম্নলিখিত চাঁদা সভাস্থলে সংগৃহীত হইয়াছে।

শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র মিত্র—১৲, শ্রীযুক্ত শরৎচন্দ্র রায়চৌধুরী ১০৲, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ৫৲, শ্রীযুক্ত রসময় লাহা—২৲, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ দাস—৫৲, শ্রীযুক্ত শচীন্দ্রপ্রসাদ বসু—১৲, শ্রীযুক্ত মণিলাল গাঙ্গুলী—২৫৲ প্রফুল্ল নাথ ঠাকুর - ৫০৲, শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত—৫০৲।

অতঃপর সঙ্গীত ও সভাপতিকে ধন্যবাদ[3] দিয়া সভা ভঙ্গ হয়।

[1] Oil-painting.
[2] Subscription.
[3] Vote of thanks.

বদমায়েসী দমনের নূতন উপায়।

A new way of subjugating bad characters.

২৪-পরগণার অন্তর্গত মগরাহাট ডায়মণ্ড হারবার কুল্পি ও কাকদ্বীপ থানার অন্তর্গত বিবিধ গ্রামে দবীর উদ্দীন সেখের যে সকল সাকরেদ বাস করে, তাহাদিগকে গবর্ণমেণ্ট ক্রিমিনাল ট্রাইব আইনের[1] অন্তর্ভুক্ত করিয়াছেন। তাহাদের থানায় যাইয়া নির্দ্দিষ্ট দিনে হাজিরা দিতে[2] হইবে।

বাঁকুড়া, হুগলী, বর্দ্ধমান ও মেদিনীপুর জেলায় ভুঁতিয়া মুসলমান নামক এক শ্রেণীর লোক বাস করে। তাহাদের মধ্যে জীবন পাঠান, প্রতাপ বাইল, পঞ্জাব খাঁ, পরাণ খাঁ, কাদের মল্লিক, দবীর মল্লিক ও নারায়ণ মল্লিকের দল দুষ্কার্য্যে রত আছে বলিয়া গবর্ণমেণ্ট বিশ্বাস করেন। সুতরাং ঐ ৭ দলের লোকদিগকে ক্রিমিনাল ট্রাইব আইনের অন্তর্ভুক্ত করিয়া গবর্ণমেণ্ট এই ঘোষণা করিয়াছেন যে তাহাদের প্রত্যেককে নির্দ্দিষ্ট দিনে থানায় হাজিরা দিতে হইবে।

[1] Criminal Tribes Act.
[2] Make attendance.

পুলিসের পলায়ন—থানা আক্রমণ।

The Police run way. An attack on a Police-station.

বাগবাটী—সিরাজগঞ্জ।

এই গ্রামে সপ্তাহে দুইদিন—বৃহস্পতিবার ও রবিবার প্রকাণ্ড হাট[1] হয়। এই হাট খোলার[2] উপরেই অদ্য প্রায় ২।৩ মাস হইল একটী থানা বসিয়াছে। গত ৭ই আষাঢ় ২১এ জুন রবিবার উক্ত হাটে সন্ধ্যার অনতিপূর্ব্বে এক কাঁটাল বিক্রেতার সহিত জনৈক ক্রেতার বচসা[3] হইয়া ক্রমে মারামারিতে পরিণত হয়। থানার সব-ইন্‌স্পেক্টর বাবু মারপিটের সংবাদ পাইয়া কয়েকজন কনেষ্টবলকে ঘটনাস্থলে পাঠাইয়া দেন। তদনুযায়ী কয়েকজন কনেষ্টবল ও চৌকিদার তথায় যাইয়া সাধ্যমত[4] গোলযোগ মিটাইতে চেষ্টা করে। তাহাদের চেষ্টায় গোলযোগটী ক্ষণকালের জন্য থামিয়া পুনর্ব্বার পূর্ব্বাপেক্ষা ভীষণ আকার ধারণ করে। তখন দারোগা বাবু বেগতিক[5] দেখিয়া শান্তিরক্ষার জন্য স্বয়ং ঘটনাস্থলে উপস্থিত হন। দারোগা বাবু উপস্থিত হইলে জনসাধারণ অধিকতর উত্তেজিত হইয়া উঠে এবং ৪।৫ শত লোক বাঁশ ও লাঠি হস্তে "মারমার" শব্দে তখন পুলিসদিগকেই আক্রমণ করে। দারোগা বাবু কিংকর্ত্তব্যবিমূঢ়[6] হইয়া থানাভিমুখে প্রস্থান করেন. কতকগুলি লোক একজন কনেষ্টবলকে প্রহার করিতে করিতে থানার দিকে তাড়াইয়া লইয়া যায়. অপরটীকে মারিতে মারিতে প্রায় অর্দ্ধ মাইল দূর পর্য্যন্ত পশ্চাদ্ধাবন[7] করে। দারোগা বাবু থানায় পৌঁছিবামাত্র বহুলোক ভয়ঙ্কর ভাবে উত্তেজিত হইয়া বাঁশ, লাঠি, বেত প্রভৃতি হস্তে "মার দারোগাকে" "থানা লুট কর্" এবম্বিধ[8] নানা প্রকার অশ্রাব্য ভাষায় গালি দিতে দিতে প্রচণ্ডভাবে থানা আক্রমণ করে। স্থানীয় কয়েকজন জমিদার হাটে উপস্থিত ছিলেন। তাঁহারা দারোগা বাবুর জীবন সংশয় দেখিয়া তাঁহাদের বরকন্দাজ ও কর্ম্মচারিগণকে থানা লুট ও দারোগা বাবুকে আক্রমণের হস্ত হইতে রক্ষা করিবার জন্য আদেশ করেন। বরকন্দাজগণ লাঠিহস্তে উন্মত্ত লোকদিগকে বাধা প্রদান করে। অদূরে স্কুলের ছাত্রগণ ফুটবল[9] খেলিতেছিল, দাঙ্গাহাঙ্গামার শব্দ শুনিয়া উক্ত ঘটনাস্থলে উপস্থিত

1 A great market.
2 Market-place.
3 *Vacasā :* altercation.
4 According to ability, as best they could.
5 Be-gātik : out of hand.
6 *Kim-kartavya-vi-mudha ;* puzzled what to do.
7 *Paścāt-dhāvan :* running behind, pursuit.
8 *Evam-vidha :* this fashion.
9 Foot-ball.

হইয়া বরকন্দাজদিগের সহায়তা করে। ইহাতেই উত্তেজিত জনতা পৃষ্ঠ প্রদর্শন করিতে[1] বাধ্য হয় গোলযোগ কিছুকাল পর নিবৃত্তি হইলে পলাতক কনেষ্টবলটী এক ঘন্টা পর থানায় প্রত্যাগমন করে। গত মঙ্গলবার সিরাজগঞ্জের পুলিস ইন্‌স্পেকটার ও একজন সব-ইন্‌স্পেকটার কয়েকজন কনেষ্টবল সহ ঘটনা তদন্ত করিবার জন্য আগমন করেন। পরদিন ডিপুটী পুলিস সুপারিন্টেণ্ডেণ্ট সাহেবও তদন্তে আইসেন। আসামীদিগের সমস্তই মুসলমান। তাহাদের মধ্যে কয়েকজন গ্রেপ্তারের ভয়ে পলাতক হইয়াছে, বহু চেষ্টায় ৪। ৫ জন ধৃত হইয়াছে। অদ্য থানায় ২টী বন্দুক ও ৮ জন অতিরিক্ত কনেষ্টবল আসিয়াছে। এখনও রীতিমত তদন্ত চলিতেছে। আশা করি রীতিমত অনুসন্ধান করিয়া দোষী লোকদিগকে শাস্তি এবং নির্দোষী লোক-দিগকে মুক্তি প্রদান করা হইবে।

[1] To show their backs, retreat.

টাঙ্গাইলের পত্র।

A letter from Taṅgail, a subdivision of Mymensingh.

ম্যালেরিয়া।

(1) Malaria.

এবার আর ম্যালেরিয়ার প্রকোপ কমিল না। কিছুদিন হইতে আবার ভীষণ আকারে ম্যালেরিয়া আরম্ভ হইয়াছে জ্বরের প্রকোপ সহিতে না পারিয়া হঠাৎ ২। ১ জন লোক ৫। ৬ ঘণ্টার মধ্যে মারা গিয়াছে। এই আষাঢ় মাসেই এমন আক্রমণ, ইহার পরেই যে কি হইবে তাহা ভাবিয়া লোকে ভীত হইয়াছে। আমাদের গবর্ণমেণ্ট তো জেলা বিভাগ লইয়া ব্যস্ত। যাহাদের লইয়া জেলা বিভাগ করিবেন. তাহাদের স্বাস্থ্য ও সুখ সুবিধার দিকে দৃষ্টি-পাত করা কি গবর্ণমেণ্টের কর্ত্তব্য নহে ?

দত্তক গ্রহণ।

(2) Adoption of an heir.

সন্তোষের রাণী দিনমণি চৌধুরাণী এতদিনে দত্তক পুত্র গ্রহণের জন্য প্রস্তুত হইয়াছেন। কলিকাতা হাইকোর্টের উকীল শ্রীযুক্ত উমেশ চন্দ্র ঘোষ এম, এ, বি, এল মহাশয় তাঁহার দশম বর্ষীয় একটী পুত্রকে দান করিবেন।

শুনা যাইতেছে উমেশ বাবুই ছেলের অভিভাবক ও শিক্ষক থাকিয়া কুমারের সুশিক্ষা দান করিবেন।

অন্নকষ্ট।

(3) Scarcity of food.

নিকৃষ্ট[1] চালের[2] দর ৬৲ টাকা এবং একটু ভাল চাল ৭৲ টাকা মণে বিক্রয় হইতেছে। ধানের মণ ৪৷৷৹ হইতে ৫৲ টাকা। তাহাও মিলিতেছে না। ধান চালের আমদানি মাত্রই নাই। দু এক খানা নৌকা আসিবামাত্র অগ্নি মূল্যে[3] বিক্রয় করিয়া ফেলিতেছে। চারিদিকে হাহাকার পড়িয়াছে শীঘ্র যদি ধান চালের আমদানী না হয় তাহা হইলে ভীষণ অবস্থা হইবে। স্থানীয় জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটের এই বিষয়ে বিশেষ দৃষ্টি রাখা আবশ্যক।

[1] *Ni-krsta :* worst ; *ut-krsta :* best.
[2] *Cāl*, *cāūl* · husked rice, from *cālā* to sift.
[3] *Agni-mūlya :* fire-price, high price. Other phrases—*dur-mūlya*, *mahārgha*, *atyanta ākrā*.

অনাবৃষ্টি।

(4) Want of rain.

বৈশাখ মাসের প্রথম ভাগ হইতে জ্যৈষ্ঠ মাসের দ্বিতীয় সপ্তাহ পর্য্যন্ত অতি বৃষ্টি হইয়া শস্যের অত্যন্ত ক্ষতি করিয়াছে। তাহার পর হইতে ভীষণ অনাবৃষ্টি আরম্ভ হইয়াছে। ভয়ানক রৌদ্র ঘরের বাহির হওয়া যায় না। ধান গাছগুলি পুড়িয়া যাইতেছে। আশু ধান্য বেশ ফলিতেছিল, কিন্তু রৌদ্রে শুকাইয়া খড় হইয়া গিয়াছে। গৃহস্থেরা কত কষ্ট করিয়া আবাদ করিয়াছিল, প্রতি টাকায় দুটা মজুর[1] রাখিয়া নিড়ান[2] দিয়াছিল, তাহাদের শত আশা নির্ম্মূল[3] হইয়াছে। এমন প্রচণ্ড রৌদ্র আর শীঘ্র দেখা যায় নাই।

এবার বন্যাও[4] নাই। নদী, খাল, বিল শুষ্ক। ইতিমধ্যে হঠাৎ জল বৃদ্ধি হইয়া ভিতরের নদী ইত্যাদি ছুটিয়াছিল, ২।৩ দিনে প্রায় ৪ হাত জল বৃদ্ধি পাইয়াছিল আবার জল কমিতেছে। নদীর অবস্থা দেখিয়া মনে হয় যেন ঠিক কার্ত্তিক মাস। এ অঞ্চলের কোন দিকেই লোকের সুবিধা দেখা যাইতেছে না।

[1] *Majur* : labourer *(p. mazdur)*.
[2] Weeding.
[3] Up-rooted.
[4] Flood, inundation.

চিকিৎসা সংবাদ।

Medical Notes.

হেনরী স্পলজার সুইজরলণ্ডের একজন ব্যারিষ্টার। তিনি দেহতত্ত্ব বিদ্যার অনুশীলনে প্রবৃত্ত হইয়া এমন মুগ্ধ হইয়াছিলেন যে ব্যারিষ্টারী পরিত্যাগপূর্ব্বক জীবাণুবিদ্যায়[1] রত হন এবং যক্ষ্মা[2] রোগের বীজাণু[3] আবিষ্কারে প্রায় ৩ লক্ষ টাকা ব্যয় করেন। তিনি নিজের বুদ্ধি ও শক্তি বলে রোগের নিদান[4] আবিষ্কার করিয়াছেন। তাঁহার উদ্ভাবিত প্রণালীতে চিকিৎসিত হইয়া বহু রোগী আরোগ্য লাভ করিতেছে। যাহাদের ফুস্ফুসে[5] গর্ত্ত হইয়াছিল, এমন রোগীও আরোগ্য লাভ করিয়াছে।

জর্ম্মণীর অন্তর্গত বেডেন[6] বিশ্ববিদ্যালয়ের অধীন ফ্রেইবার্গ হাস্পাতালে বিনা যাতনায় সন্তান প্রসবের[7] এক নূতন পদ্ধতি[8] আবিষ্কৃত হইয়াছে। এই হাস্পাতালে স্কোপোলামিন ও মরফিয়াম প্রয়োগ করিয়া আসন্ন প্রসবাকে[9] অর্দ্ধ চেতন করিয়া রাখা হয়। তখন প্রসবের যাতনা কিছুই অনুভূত হয় না। স্কোপোলামিনা কোকেইন জাতীয় ঔষধ। ইহার প্রয়োগ অতি সাবধানে করিতে হয়। ফ্রেইবার্গ হাস্পাতালে ৫০০০ স্ত্রীলোককে প্রসব করান হইয়াছে কিন্তু কাহারও কোন বিপদ হয় নাই।

[1] Bacteriology.
[2] Consumption.
[3] *Vija-anu*, seed-elements, microbes.
[4] Primary cause.
[5] Lungs, *alias phulkā.*
[6] Baden.
[7] Painless parturition.
[8] Otherwise *path*, *pranāli*, method.
[9] She whose time of delivery (*prasav*) is near (āsanna)—Bahubrihi S.

বাণিজ্য সংবাদ।

Mercantile Intelligence.

গোয়ালিয়রের[1] মহারাজা চিনা মাটীর দ্রব্য প্রস্তুত করাইবার জন্য কল[2] আনাইয়াছেন। গোয়ালিয়রে পাথরের নানাপ্রকার জিনিস তৈয়ার হইতেছে। চিনামাটির জিনিস তৈয়ার হইলে তাহার বেশ কাট্তি হইবে।

লাহোর দয়াল সিং কলেজের কেমিষ্ট্রির অধ্যাপক পণ্ডিত এন, গডবোলে, এম, এ, পঞ্জাবে পেন্সিল নির্ম্মাণের উপযুক্ত মাটি ও কাঠ পাইয়া অতি

[1] Gwalior.
[2] Machinery.

উৎকৃষ্ট পেন্সিল প্রস্তুত করিয়াছেন। "ট্রিবিউন" বলিয়াছেন এই পেন্সিল বিদেশী পেন্সিল অপেক্ষা নিকৃষ্ট নহে।

বিদেশী সংবাদ।

Foreign Intelligence.

গত শুক্রবার সুমাত্রা দ্বীপে ভীষণ ভূমিকম্প হইয়া গিয়াছে। টেলিগ্রাফের তার ছিন্ন হইয়াছে, গবর্ণমেণ্ট আফিস সমূহ ভাঙ্গিয়া পড়িয়াছে, শত শত গৃহ ভূশায়ী[1] হইয়াছে, বহু লোক প্রাণ হারাইয়াছে।

গত শনিবার জর্ম্মণী হইতে এই খবর আসিয়াছে যে, সাক্সনিতে ভূমিকম্প হইয়াছে; লিপজিগ নগরের অনেক বাড়ী ফাটিয়া গিয়াছে।

জর্ম্মণীর অন্তর্গত কিল[2] নামক স্থানে ইংলণ্ড ও জর্ম্মণীর যুদ্ধ জাহাজ মিলিত হইয়াছে। জর্ম্মণ সম্রাট্ তথায় গমন করিয়াছিলেন। ইংলণ্ডের লর্ড ব্রাসী তাঁহার "সনবীম' নামক সুবিখ্যাত বাষ্পীয় তরণী[3] সহ তথায় উপস্থিত ছিলেন। লর্ড ব্রাসী একদিন একখানি ডিঙ্গীতে[4] চড়িয়া দাঁড় বাহিয়া[5] তীরে গিয়াছিলেন। একজন জর্ম্মণ পুলিশ আসিয়া তাঁহাকে গুপ্তচর[6] মনে করিয়া গ্রেপ্তার করিয়াছিল। অবশেষে একজন উচ্চ পদস্থ কর্ম্মচারী তাঁহাকে মুক্তি দিয়াছেন।

চীন দেশের পিকিয়াং ও সিকিয়াং নদীর প্লাবনে বহুসংখ্যক গ্রাম ভাসিয়া গিয়াছে। হাজার হাজার লোক গৃহহীন হইয়াছে। বিগত ৫০ বৎসরে এমন জলপ্লাবন হয় নাই।

লণ্ডনের ওল্ডকেণ্ট রোডে[7] আগুন্ লাগিয়া গত মঙ্গলবার অনেক বাড়ী পুড়িয়া গিয়াছে। ইহাতে ১৫ লক্ষ টাকার দ্রব্য নষ্ট হইয়াছে।

1 *Bhū-śāyī*, lying on ground.
2 Kiel.
3 Steam-yacht.
4 Jolly-boat.
5 Rowing, (*dāḍ*, corruption of *daṇḍa*).
6 *Gupta-car*, secret-agent, spy.
7 Old Kent Road.

দশের কথা।

Talk about people (See above.)

মিঃ বিধুভূষণ রায়, মিঃ মঙ্গ আই মঙ্গ ও মিঃ রতন ধনজীভয় রঙ্গুগার ভারতসচিব কর্ত্তৃক ভারতীয় পব্লিক ওয়ার্কস ষ্টেট রেলওয়ে ডিপার্টমেণ্টের আসিষ্টাণ্ট এঞ্জিনিয়ারের পদে নিযুক্ত হইয়াছেন।

কলিকাতার মিঃ কালীপ্রসাদ খাইতান, ব্যারিষ্টারী পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন।

বাবু জিতেন্দ্রনাথ মৈত্র ও নলিনীরঞ্জন সেন গুপ্ত এম, ডি উপাধি প্রাপ্ত হইবেন।

কলিকাতা।

Calcutta.

১৩ই জুন হইতে ২০এ জুন পর্য্যন্ত এক সপ্তাহে কলিকাতার মৃত্যুসংখ্যা ৩৮০। ইহার পূর্ব্ব দুই সপ্তাহে ৩৮০ ও ৪২৪ ছিল। ওলাউঠা ও বসন্ত রোগ কলিকাতায় খুব প্রবল হইয়া উঠিয়াছিল বর্ষার আরম্ভে হ্রাস পাইতেছে। ওলাউঠায় ১০, প্লেগে ১৩ ও বসন্তে ১৮ জনের মৃত্যু হইয়াছে।

কলিকাতা বন্দরের [1] গুদামঘর [2] হইতে গঙ্গাতীর পর্য্যন্ত সুড়ঙ্গ [3] আছে। কয়েক জন চোর গুদামঘর হইতে দ্রব্য সামগ্রী লইয়া সেই সুড়ঙ্গের পথে গঙ্গা তীরে উপস্থিত হইত এবং নৌকা যোগে অপহৃত মাল সহ চলিয়া যাইত। বহুকাল এইরূপ চুরি হইতেছিল, সম্প্রতি কয়েক জন চোর ধরা পড়িয়াছে।

গত শনিবার কলেজ স্কোয়ারে শ্রীযুক্ত তিলকের মুক্তিতে আনন্দ প্রকাশ করিবার জন্য এক সভা হইয়াছিল। বাবু শ্যামসুন্দর চক্রবর্ত্তী সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন।

মির্জ্জাপুর ষ্ট্রীটের কতকগুলা গুণ্ডা [4] যার তার নিকট হইতে বলপূর্ব্বক টাকা আদায় করে। এই দৌরাত্ম্য নিবারণের জন্য ৫৬ মির্জ্জাপুর ষ্ট্রীটে হিন্দু মুসলমানের এক সভা হইয়াছিল; সভা পুলিস কমিশনারকে অত্যাচারের বৃত্তান্ত জানাইতে কৃতসঙ্কল্প [5] হইয়াছেন।

গত রবিবার আলিপুর সেণ্ট্রাল জেলে এক কয়েদী গলায় ফাঁসী দিয়া আত্মহত্যা করিয়াছে। অল্প দিন হইল, চুরী ইত্যাদির জন্য তাহার দশ বৎসর সশ্রম কারাবাসের আদেশ হয়। ইতিপূর্ব্বে কয়েকবার দণ্ডপ্রাপ্ত হইয়া সে কুড়ি বৎসর কারাগারে যাপন করিয়াছিল। পুনরায় দশ বৎসরের কারাদণ্ডাজ্ঞাজনিত মর্ম্মপীড়ার আঘাত সহিতে না পারিয়া হতভাগ্য আত্মহত্যা করিয়া সকল যন্ত্রণার অবসান করিয়াছে।

[1] Port.
[2] Warehouses.
[3] Corruption of *Surangā* : a drain.
[4] Bullies, bad characters.
[5] *Kṛta-sankalpa* : resolved, determined.

লালবাজার পুলিশ কোর্টে জে, বি, নর্টন কোম্পানির ম্যানেজার মিঃ হ্যামলিন, টেক্সাস কোম্পানীর দুইজন উড়িয়া ভৃত্যকে মারপিট করার অভি-যোগে অভিযুক্ত হন। সাহেব নিজের অপরাধ [1] স্বীকার করিয়া বলেন যে রাত্রি এগারটার সময় উড়িয়াদ্বয় মসলা বাটিতেছিল, [2] তাহার ভীষণ শব্দে [3] অত্যন্ত বিরক্ত হইয়া তিনি তাহাদিগকে প্রহার করিয়াছেন। ম্যাজিস্ট্রেট এক টাকা জরিমানা করিয়া তাঁহাকে ছাড়িয়া দিয়াছেন।

[1] His own offence.
[2] Were pounding spices.
[3] *Bhīsaṇ-śabda* : terrible noise.

সংবাদ।

General news.

গবর্ণমেন্ট যশোহর হইতে বাগমারা ৬০ মাইল, ঝিনেদহ হইতে মধুমতী ২৩৷৷ মাইল, ঝিনেদহ হইতে কালীগঙ্গা ২৭ মাইল পথ রেলওয়ের জন্য জরীপ [1] করিবার ভার ম্যাকলাউড [2] কোম্পানীর উপর অর্পণ করিয়াছেন।

শিখেরা [3] কৃপাণ [4] ধারণ করেন। কেহ কেহ কৃপাণ অস্ত্র-আইনের অন্তর্ভুক্ত করিবার চেষ্টা করিয়াছিলেন। গবর্ণমেন্ট ঘোষণা করিয়াছেন, কৃপাণ অস্ত্র-আইনের অন্তর্গত করা হইবে না।

গত ৩রা আষাঢ় ২৪-পরগণার অন্তর্গত স্বরূপনগরের বাবু হীরালাল ঘোষের কনিষ্ঠা কন্যার বিবাহ উপলক্ষে আতস বাজী [5] হইতেছিল। একটা অগ্নিস্ফুলিঙ্গ [6] এক টিন বারুদে [7] পতিত হওয়াতে ভীষণ অগ্ন্যুৎপাত [8] হয়। ৫ জন হত ১১ জন আহত হইয়াছে সেখানে প্রায় ২০০ লোক উপস্থিত ছিল, তাহাদের অনেকে মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিল।

রাণাঘাটের ২ জন কনষ্টেবল প্রকাশ্য রাস্তায় পথিকদের দ্রব্যসামগ্রী হরণ করিয়াছিল। সেসন জজের বিচারে তাহাদের ৯ মাস কারাদণ্ড হইয়াছে।

[1] Survey.
[2] Messrs. McLEOD, Engineers.
[3] The Sikhs.
[4] Swords.
[5] H. *ātish-bājī* : fireworks.
[6] Spark of fire.
[7] A tin of gunpowder.
[8] Fearful explosion.

জল দেখিয়া ভয় কেন ?

Why such fear at sight of water ?

ইংরেজ রাজকর্ম্মচারীরা জল দেখিয়া ভয় পান কেন ? তাঁহারা কলিকাতার গোলদিঘী[1] বুজাইয়া[2] ফেলিবার জন্য ব্যস্ত হইয়াছিলেন, জনসাধারণের প্রতিবাদে এই অপকর্ম্ম কার্য্যে পরিণত হইতে পারে নাই। সম্প্রতি একজন ইংরেজ লালদিঘীর[3] অর্দ্ধাংশ বুজাইয়া খেলার স্থান[4] করিতে প্রস্তাব করিয়াছেন। ইঁহারা জল দেখিয়া ভয় পান কেন ? গ্রীষ্ম প্রধান দেশের অধিবাসীরা জল দেখিয়া বড় আনন্দিত হন, শীতপ্রধান দেশের লোকেরা জল দেখিয়া শীত অনুভব করেন। এইজন্য ইংরেজেরা কলিকাতার পুষ্করিণীগুলি বুজাইবার জন্য ব্যাকুল, বাঙ্গালী পুষ্করিণী বুঝাইবার নাম শুনিলেই বড় বেদনা অনুভব করে। সে যাহা হউক লালদিঘীকে ছোট করিবার প্রস্তাবে কেহ যেন কর্ণপাত না করেন।

[1] The circular tank in College Square in front of the Senate House of the Calcutta University.
[2] To fill up.
[3] The tank in Dalhousie Square opposite the Bengal Secretariat.
[4] Play-ground.

প্রসিদ্ধ লোকের মৃত্যু।

Death of a distinguished man.

জোসেফ চেম্বারলেন ইংলণ্ডের একজন বিখ্যাত রাজনীতিবিৎ[1] ছিলেন। তাঁহার মৃত্যু হইয়াছে।

[1] *Rāj-nīti vit :* Knowing state-rules, statesman.

নূতন আইন।

A New Law.

প্রজা তাহার দখলী স্বত্ব[1] বিক্রয় করিতে পারে কি না, তাহা নির্দ্ধারণের জন্য আইন করা হইবে কি না, গবর্ণমেণ্ট তাহা বিবেচনা করিতেছেন।

[1] Possessory rights.

আয়র্লণ্ডে হোমরুল।

Home Rule in Ireland.

গত আয়র্লণ্ডের হোমরুল বিলের সংশোধন করিয়া যে বিল প্রণয়ন করা হইয়াছে, গত সোমবার লর্ড সভায় তাহা দ্বিতীয়বার পঠিত হইয়াছে। বিলের পক্ষে ২৭৩ ও বিপক্ষে ১০ ভোট হইয়াছে।

বড়লাটের ছুটি।

The Viceroy's Leave.

ভারতের বড়লাট ৫ বৎসরের জন্য নিযুক্ত হন। এই সময়ের মধ্যে তিনি ছুটি[1] লইয়া দেশে যাইতে পারেন কি না, পার্লামেণ্ট এই প্রশ্ন উপস্থিত করাতে প্রধান মন্ত্রী মিঃ এস্‌কিথ বলিয়াছেন ৫ বৎসরের মধ্যে তাঁহাকে ছুটি দেওয়া উচিত নয়।

[1] Leave of absence.

লণ্ডনে গ্রীষ্ম।

Heat in London.

১লা জুলাই লণ্ডনে অসহ্য[1] গ্রীষ্ম হইয়াছিল। গত তিন বৎসরের মধ্যে এমন গ্রীষ্ম হয় নাই। উত্তাপ ছায়াতে ৯১ ডিগ্রি এবং রৌদ্রে ১৩১ ডিগ্রি হইয়াছিল। অতিরিক্ত গ্রীষ্ম হেতু কয়েকজন লোকের মৃত্যু হইয়াছে। তারপর ভীষণ বজ্রপাত[2] ও মুষলধারে বৃষ্টি হইয়া রাস্তাঘাট জলমগ্ন হইয়াছিল।

[1] Insupportable.
[2] Thunder-storms.

কুমিল্লায় কলের জল।

Pipe-water at Comillah.

জনসাধারণের এক সভায় স্থির হইয়াছে যে কুমিল্লায় কলের জলের জন্য সহরের লোকদিগের নিকট হইতে পঞ্চাশ হাজার টাকা চাঁদা আদায় করিতে হইবে। অবশিষ্ট টাকা গবর্ণমেণ্ট এবং ত্রিপুরা জেলা বোর্ড দিবেন।

চা-কর ও কুলি।

Tea-planters and coolies.

কাছাড়ের[1] অন্তর্গত দলুগ্রাম চা-বাগানের সহকারী কার্য্যাধ্যক্ষ[2] ডাক্তার হড্‌সন একজন কুলিকে এমন প্রহার করিয়াছিলেন, যে তাহাতেই গত ৩০এ জুন সে পঞ্চত্ব[3] প্রাপ্ত হইয়াছে। ডাক্তার হড্‌সনের বিরুদ্ধে উপরোক্ত মর্ম্মে ডেপুটী কমিশনারের নিকট অভিযোগ হইয়াছে।

[1] Cachar.
[2] Assistant Manager.
[3] Resolution into the five elements, death. The five elements are *bhūmi*, earth ; *jal*, water ; *agni*, fire ; *vāyu*, air ; and *ākās*, ether.

বাঙ্গালা দেশে হিন্দি সংবাদপত্র।

Hindi newspapers in Bengal.

কলিকাতায় হিন্দুস্থানী লোকের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি প্রাপ্ত হইতেছে। গত আদম সুমারীতে[1] নির্ণীত হইয়াছে যে, কলিকাতার ৩ লক্ষ লোকের মাতৃভাষা হিন্দী। কলিকাতার অধিবাসীর সংখ্যা ৯ লক্ষ তাহার এক তৃতীয়াংশ লোকের ভাষা হিন্দী। এতদিন "ভারত মিত্র"[2] কলিকাতার একমাত্র দৈনিক হিন্দী সংবাদপত্র ছিল। মাড়োয়ারীগণ "কলিকাতা সমাচার" নামক এক দৈনিক পত্র শীঘ্র প্রকাশ করিবেন। হিন্দুস্থানীদের মধ্যে যে সমস্ত লোক সর্ব্ব প্রকার উন্নতি ও পরিবর্ত্তনের বিরোধী তাঁহারাও একখানি দৈনিক হিন্দী পত্র প্রকাশের চেষ্টা করিতেছেন। কলিকাতা সহরে হিন্দুস্থানীদের প্রতিপত্তি[3] ক্রমশঃ বর্দ্ধিত হইতেছে। ইহাঁরা যদি বিলাসিতাতে ডুবিয়া না মরেন, তবে কলিকাতা সহরে ইহাঁরা মহাশক্তিশালী[4] হইবেন।

[1] *Ādam-sumārī-P. Ādmī-shumārī* : people-counting, census.
[2] "*Bhārat Mitra*" *i.e.* Friend of India.
[3] Influence.
[4] *Mahā-sakti-sālī* : possessed of great power.

কলিকাতায় অপমৃত্যু।

Accidental deaths in Calcutta.

১৯১৩ সালে গাড়ীর তলায় পড়িয়া ৮৮০ জন আহত[1] ও ৫৪ জন হত[2] হইয়াছিল। হতাহতের তালিকা এই ঃ—

	আহত	হত।
ট্রাম গাড়ীতে	২৯৪	১৫
মোটর গাড়ীতে	১৫৯	১৯

[1] Wounded.
[2] Killed.

	আহত	হত।
ঠিক' গাড়ী[1] ইত্যাদিতে	৯৪	৬
বা'ড়ীর গাড়িতে[2]	১৭৩	১০

কলিকাতায় বিলাসিতার[3] সঙ্গে সঙ্গে মৃত্যুর কারণ বৃদ্ধি হইতেছে। ইহার পূর্ব্ব বৎসর গাড়ীর তলায় পড়িয়া ৮৪৫ জন আহত ও ৪৪ জন হত হইয়াছিল।

[1] Hackney carriages.
[2] Private carriages.
[3] Luxuries.

সুসন্তানের মৃত্যু।

Death of a public benefactor.

লক্ষ্ণৌ[1] নিবাসী গঙ্গাপ্রসাদ বর্ম্মা ইহলোক হইতে প্রস্থান করিয়াছেন। ৫১ বৎসর বয়সে তাঁহার মত নির্ম্মল চরিত্র, স্বদেশহিতৈষী ও পরোপকারী লোকের তিরোভাবে ভারতের সমস্ত প্রদেশের শিক্ষিত লোকেরা চক্ষের জল বিসর্জ্জন করিতেছেন। অযোধ্যা[1] প্রদেশ কাণ্ডারীবিহীন[2] হইল। তাঁহার সঙ্গে সঙ্গে তাঁহার "এডভোকেট"[3] নামক সংবাদপত্র বিলুপ্ত হইয়াছে।

[1] Oudh.
[2] *Kaṇḍārī-vihīn* : deprived of a helmsman. *Kāṇḍārī* is corruption of *karṇa-dhārī* : helm-holder.
[3] "Advocate."

ইণ্ডিয়া কাউন্সিল বিল।

India Council Bill.

গত মঙ্গলবার লর্ড সভায় ভারত সচিবের কাউন্সিল আইনের সংস্কার বিষয়ক বিল দ্বিতীয় বার পঠিত হইয়াছিল। লর্ড কর্জন বলিয়াছেন, ভারতবাসীদিগকে কাউন্সিলের সভ্য নির্ব্বাচনের ক্ষমতা দেওয়া উচিত নয়। তিনি বলিয়াছেন, কাউন্সিলের সভ্যসংখ্যা হ্রাস করিলে ভারতীয় সিবিলিয়ানদের[1] কেবল ২ জন সভ্য হইতে পারিবেন। ইহাতে ভারতের অনিষ্ট হইবে। লর্ড কর্জন বিল অগ্রাহ্য করিতে বলিয়াছেন।

লর্ড কর্জন ভারত ছাড়িয়াছেন কিন্তু ভারতের অনিষ্ট করিতে ছাড়িতেছেন না।

আগামী ৬ই জুলাই পুনরায় এই বিলের আলোচনা হইবে।

[1] Civilian.

নিরাশায় আশা।

Hope for the hopeless.

ভাঙ্গা স্কুলের আইনুদ্দীন আহাম্মদ মেট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। ইহাঁর নাম কলিকাতা বা ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত হয় নাই। সুতরাং ইনি অনুত্তীর্ণ হইয়াছেন মনে করিয়া নিরাশ হইয়াছিলেন। গত কল্যকার গেজেটে [1] ঘোষণা করা হইয়াছে, যে ইনি ২য় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন।

[1] In yesterday's Gazette.

মুসলমান মুন্সেফ।

Mahomedan Munsif (Civil Judge.)

ত্রিপুরার খাঁ বাহাদুর নবাব সৈয়দ হোস্মাম হাইদার চৌধুরী কুমিল্লায় কোন না কোন মুসলমান মুন্সেফ সর্ব্বদাই কুমিল্লায় রাখিতে অনুরোধ করিয়াছিলেন। তদুত্তরে মিঃ কমিং [1] বলিয়াছেন "সর্ব্বদাই একজন না একজন মুসলমান মুন্সেফ [2] কুমিল্লায় রাখার রীতি কখনও ছিল না"।

গবর্ণমেণ্ট সমুদয় দেশের প্রয়োজন দেখিয়া কার্য্য করেন। কোন বিশেষ কর্ম্মচারীকে বিশেষ স্থানে রাখিবার অঙ্গীকার করিতে পারেন না।

মুসলমান মুন্সেফের সংখ্যা কত চৌধুরী সাহেব বোধ হয়, তাহা জানেন না।

[1] Mr. Cumming, Chief Secretary to the Government of Bengal.
[2] "One Musalman Munsif or another."

শিবপুর কলেজে লর্ড কারমাইকেল।

Lord Carmichaël at Sibpur College.

গতপূর্ব্ব বুধবার শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের পুরস্কার বিতরণ উপলক্ষে লর্ড কারমাইকেল বলিয়াছেন, খাদ্যসামগ্রীর মূল্যবৃদ্ধি ও ভৃত্যের বেতনবৃদ্ধির জন্য ভদ্রলোকদের কষ্ট বৃদ্ধি হইয়াছে আমি সর্ব্বদাই এই কথা শুনিতে পাই। কষ্ট যে বৃদ্ধি হইয়াছে, তাহাতে কোন সন্দেহ নাই। এই কষ্ট নিবারণের উপায় উদ্ভাবন করিতে হইবে। এই কলেজের দ্বারা যদি শ্রমজাত শিল্পের [1] উন্নতি হয়, তবে এই কষ্ট কথঞ্চিৎ নিবারিত হইতে পারে। মিঃ

[1] *S'rama-jāta śilpa* : arts born of (manual) toil, handicrafts.

হিটন বলিয়াছেন, মিস্ত্রী[1] ও কারিগরদের[2] কর্ম্মের অভাব নাই। যাহারা বংশানুক্রমে মিস্ত্রীর কার্য্য করিয়া আসিয়াছে, তাহারাই মিস্ত্রী হইতেছে, ভদ্র-লোকেরা উকীল, ডাক্তার, কেরাণী বা গবর্ণমেণ্ট কর্ম্মচারী হইতেছেন। আমার মনে হয় এরূপ অবস্থা বহু দিন থাকিবে না। অন্য দেশে যেরূপ হইয়াছে, বঙ্গ-দেশের ভদ্রলোকেরাও তদ্রূপ অন্যান্য কর্ম্ম করিতে প্রবৃত্ত হইবে

বাঙ্গালী যাহা করিতে পারে, বহু দূরদেশের লোকেও তাহা অবগত হইয়াছে। বর্ত্তমান কালের সাহিত্যিকদের[3] যশ যেখানে প্রচারিত হইয়াছে, রবীন্দ্রনাথ ঠাকুরের যশও সেথায় প্রচারিত হইয়াছে। ফ্রান্স ও ইংলণ্ড দেখি-য়াছে, বাঙ্গলা দেশের জাতীয় চিত্রবিদ্যা কি সুন্দর। ঠাকুর পরিবারের[4] অবনীন্দ্রনাথ ঠাকুর সেই জাতীয় চিত্রকরদের মধ্যে একজন প্রধান পুরুষ। কেবল তিনি নহেন, গগনেন্দ্রনাথ ঠাকুর নন্দলাল বসু, ক্ষিতীন্দ্রনাথ মজুমদার ও বেঙ্কটাপ্পার[5] যশ কলিকাতার ন্যায় ইউরোপেও বিস্তৃত হইয়াছে। ইউরোপ হইতে প্রতি ডাকে ডাক্তার জে, সি. বসুর প্রশংসার সংবাদ আসিতেছে।

বিজ্ঞানবিদ্‌দের মধ্যে তাঁহার মত খ্যাতি অল্প লোকেরই হইয়াছে। পঞ্চ নামক কাগজ পর্য্যন্ত[6] তাঁহার ছবি প্রকাশ করিয়াছে। বাঙ্গালীরা চিকিৎসা বিদ্যা ও আইন বিদ্যায় যে পারদর্শিতা প্রকাশ করিতেছেন এবং চিত্র বিদ্যা ও প্রাকৃতিক বিজ্ঞানের[7] অনুশীলনে যে অধ্যবসায় দেখাইতেছেন, ধনোৎপাদক[8] বিদ্যাতেও যে সেইরূপ কৃতীত্ব নিশ্চয়ই দেখাইতে পারি-বেন।

কলেজের ছাত্রদের ক্রীড়াকৌশলের[9] প্রশংসা করিয়া লর্ড কারমাইকেল বলিয়াছেন, এই কলেজে মুসলমান ছাত্র নাই। ইহা দেখিয়া তিনি চমৎকৃত হইয়াছেন। মুসলমান ছাত্র আনিবার জন্য গবর্ণমেণ্ট বিশেষ সাহায্য করিবেন বলিয়া তিনি আশ্বাস দিয়াছেন।

গবর্ণমেণ্ট ইঞ্জিনিয়ারিং কলেজ শিবপুর হইতে উঠাইয়া কোথায় লইয়া যাইবেন, তাহা জানিবার জন্য বাঙ্গলা দেশ উদ্‌গ্রীব[10] হইয়া রহিয়াছে। গবর্ণর বলিয়াছেন তদ্বিষয়ে অদ্যাপি কোন নির্দ্ধারণ হয় নাই।

[1] E. Master, Master-workman, foreman.
[2] *P. Kārigar*, mechanics.
[3] Men of letters, literary men.
[4] Of the Tagore family.
[5] M. Venkatappa, a Madrassi artist.
[6] Even the periodical "Punch."
[7] Natural science.
[8] *Dhana-ut-pādak* : Wealth-producing, remunerative.
[9] Skill in games.
[10] *Ut-griva* : with outstretched necks, anxious.

মৃত্যু সংবাদ।

Obituary notice.

লাহোর দয়ানন্দ কলেজের প্রিন্সিপাল শ্রীযুক্ত হংসরাজের পত্নীর মৃত্যু হইয়াছে। ইহঁার পুত্র বালরাজ দিল্লীর ষড়যন্ত্র মোকদ্দমার[1] একজন আসামী। মাতার সাংঘাতিক পীড়ার সংবাদে ইনি মাতাকে দেখিতে যাইবার জন্য জামীনে মুক্তি পাইতে সেসন জজের নিকট প্রার্থনা করিয়াছিলেন। সেসন জজ প্রার্থনা মঞ্জুর করিয়াছিলেন কিন্তু পুলিসের আপত্তিতে বালরাজ মাতাকে দেখিতে যাইতে পারেন নাই।

[1] Conspiracy case.

কালিয়ার মোকদ্দমা ও নড়াইলের ডেপুটী।

The Kāliyā Case and the Deputy Magistrate at Narail in Jessore.

কালিয়ার হাঙ্গামায় একজন সম্ভ্রান্ত বৈদ্য[1] নিহত হইয়াছেন। বহু সম্মানিত বৈদ্য পরিবার লাঞ্ছিত হইয়াছেন। ইতঃপূর্ব্বে পুলিসের বিরুদ্ধে এক মোকদ্দমা করা হইয়াছিল, নড়াইলের ডেপুটী সে মোকদ্দমা ডিস্‌মিস করেন। এই হুকুমের বিরুদ্ধে আপীল করাতে অন্যত্র মোকদ্দমার বিচার হইবে বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। বাবু শ্রীশচন্দ্র গুপ্ত বাবু শৈলেশচন্দ্র দাস গুপ্ত নামক দারোগা ও ৮।৯ জন কনষ্টেবলের বিরুদ্ধে মারপিটের মোকদ্দমা উপস্থিত করিয়াছিলেন। ডেপুটী বাবু আসামীদিগকে তলব না দিয়াই মোকদ্দমা অগ্রাহ্য করিয়াছেন।

[1] *Vaidya :* the physician caste.

কানাডায় ভারতবাসীর প্রবেশ আইন।

The Law regulating admission of Indians into Canada.

কোমাগাটা মারু[1] লইয়া যে আন্দোলন চলিতেছে তাহার ফলে এসিয়াবাসীদিগকে[2] কানাডায় প্রবেশের অধিকার হইতে বঞ্চিত রাখিবার জন্য কানাডার পার্লামেণ্টে এক আইন উপস্থিত করা হইয়াছে। এই আইনে লেখা হইয়াছে যে, কানাডায় প্রবেশের সময় প্রত্যেক এসিয়াবাসীকে কোন

[1] The Japanese steamer "Komagata Maru."
[2] Asiatics.

ইউরোপীয় ভাষায় দরখাস্ত লিখিতে হইবে। তথাকার শুল্ক[1] কর্ম্মচারী নির্দ্ধারণ করিয়া দিবেন যে, কোন্ ভাষায় দরখাস্ত লিখিতে হইবে। তাঁহাকে অন্ততঃ ৫০টি কথা এই ভাষায় লিখিতে হইবে, তাহার মর্ম্ম ঐ কর্ম্মচারীই বলিয়া দিবেন। কুড়ি মিনিট সময় ইহার জন্য দেওয়া হইবে।

[1] Toll, customs.

সুবিবেচনা।

An excellent decision.

মিঃ যামিনী মোহন মিত্র, কো-অপারেটিভ সোসাইটীর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়া ঐ সোসাইটীর কার্য্য চারিদিকে বিস্তৃত করিতেছেন। তাঁহার কার্য্যদক্ষতাগুণে বঙ্গদেশে যৌথ ঋণদান সমিতি লোকের হৃদয়মন আকর্ষণ করিয়াছে। কিছুদিন পূর্ব্বে শুনা গিয়াছিল কোন সিবিলিয়ানকে রেজিষ্ট্রারের কার্য্যে নিযুক্ত করা হইবে। গত কল্যকার কলিকাতা গেজেট পাঠে অবগত হইলাম, যামিনী বাবুই ঐ কর্ম্মে স্থায়ীরূপে[1] নিযুক্ত হইয়াছেন গবর্ণমেণ্ট ভাল কায করিয়াছেন।

[1] Permanently.

ব্রাহ্ম বয়েজ বোর্ডিং স্কুল।

Brāhmo Boy's Boarding School.

কয়েক বৎসর হইল কলিকাতার ঝামাপুকুর ষ্ট্রীটে ব্রাহ্ম বয়েজ বোর্ডিং স্কুল প্রতিষ্ঠিত হইয়াছে। ইণ্ডিয়ান মিউজিয়ামের প্রাণিবিদ্যা বিভাগের[1] তত্ত্বাবধায়ক ডাক্তার বি, এল, চৌধুরী, ডি, এস, সি, এই স্কুলের সম্পাদক, ডাক্তার নীলরতন সরকার সভাপতি, স্কুল সমূহের ভূতপূর্ব্ব ডেপুটী ইনস্পেক্টার বাবু গোবিন্দচন্দ্র দত্ত ছাত্রাবাসের অধ্যক্ষ, ও শিক্ষা কার্য্যে অভিজ্ঞ বাবু শ্রীশচন্দ্র রায় বি, এ, এই স্কুলের প্রধান শিক্ষক। প্রতি বৎসরই এই স্কুলের পরীক্ষার ফল সন্তোষজনক হইতেছে। স্কুলের বিশেষত্ব[2] এই যে আদর্শচরিত্র লোকের[3] তত্ত্বাবধানে বালকগণ দিনরাত্রি বাস করিতেছে, ও সুশিক্ষা প্রাপ্ত হইতেছে।

[1] Zoological department.
[2] Peculiarity, speciality.
[3] People of exemplary character.

এখন আপত্তি কেন ?

Why object now?

স্বায়ত্তশাসন প্রচলনে[1] বাধা দিবার জন্য আয়র্লণ্ডের অন্তর্গত অলষ্টারের[2] প্রটেষ্টাণ্টগণ ভলাণ্টিয়ার সংগ্রহ করিয়াছেন, তাহাদিগকে অস্ত্র শস্ত্রে সজ্জিত করিয়াছেন, স্বায়ত্তশাসন আইন বিধিবদ্ধ হইলে তাঁহারা লড়াই করিবেন বলিয়া সোর গোল[3] করিতেছেন। আয়র্লণ্ডের জাতীয় দল বহুকাল নীরব ছিলেন। অলষ্টারবাসীদের গর্ব্ব দেখিয়া তাঁহারাও ভলাণ্টিয়ার সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছেন। সম্প্রতি ঘোষণা করা হইয়াছে যে ১ লক্ষ ১৪ হাজার লোক ভলাণ্টিয়ার দলভুক্ত হইয়াছে। অলষ্টারবাসিগণ যদি যুদ্ধ করিতে অভিলাষী হন, তবে জাতীয় দলের ভলাণ্টিয়ারগণও অস্ত্র চালাইতে কসুর[4] করিবে না।

1 Introduction of Self *(svāyata)* Government.
2 Ulster.
3 Loud statement.
4 A *qasur :* deficiency, hesitation.

নারীর বীরত্ব।

Women's Valour.

মেক্সিকোতে[1] যে সংগ্রাম বাধিয়াছে তাহাতে তথাকার ইংরাজ উপনিবেশ[2] বিপদাপন্ন হইয়া পড়ে। ব্রিটিস দূত[3] সার লায়নেল কারডেন স্বয়ং অবরুদ্ধ[4] হইবার পূর্ব্বে সমস্ত ইংরাজ অধিবাসীকে নিরাপদ স্থানে চলিয়া যাইতে অনুরোধ করেন। ইংরাজ পুরুষগণ তাঁহার পরামর্শ কার্য্যে পরিণত করিতে[5] ইচ্ছুক হইয়াছিলেন কিন্তু নারীগণ যখন শুনিলেন যে কারডেনের পত্নী তাঁহার স্বামীকে বিপদে ফেলিয়া নিরাপদ স্থানে যাইবেন না, তখন তাঁহারাও একবাক্যে বলিলেন, আমরাও স্বামীদিগকে ত্যাগ করিয়া আপনাদের জীবন বাঁচাইতে চাহি না। মহৎ আদর্শ[6] এমনি করিয়া[7] প্রাণে প্রাণে[8] বিদ্যুৎ সঞ্চার করিয়া[9] সকলকে উদ্বোধিত[10] করে।

1 Mexico.
2 Settlement.
3 Minister.
4 Interned, imprisoned.
5 Carried into effect.
6 A great example.
7 In such fashion.
8 From mind to mind.
9 Spreading electricity.
10 *Ut-bodhita :* awakened, inspired.

রুশিয়ার সম্রাটকে আক্রমণ।

An attack on the Russian Emperor.

গত ১৮ই জুন সেন্টপিটার্স্‌বার্গে এই সংবাদ প্রকাশিত হইয়াছে যে ১৭ই জুন যখন সম্রাট সপরিবারে[1] দক্ষিণ রুসিয়ায় যাইতেছিলেন, তখন অগ্রগামী ট্রেনের সহিত একটা বোমার সংঘর্ষ হয়। ইহাতে কয়েকটি লোক আহত হয় এবং এঞ্জিন[2] ও কয়েকখানা গাড়ী লাইনচ্যুত[3] হইয়া পড়ে। সম্রাটের ট্রেন যাহাতে নিরাপদে যাইতে পারে তাহাই দেখিবার জন্য এই গাড়ী অগ্রে যাইতেছিল। রাজপুরুষেরা বলেন যে এঞ্জিনে কোনরূপ দোষ ছিল তজ্জন্যই এইরূপ দুর্ঘটনা ঘটিয়াছে, তাঁহারা বোমার কথা অস্বীকার করেন। কিন্তু রেলওয়ের কর্ম্মচারীরা বলেন যে ইহা দুষ্ট লোকের কাজ।

[1] *Sa-parivāre :* with his family.
[2] Engine.
[3] 'Line'-*cyutā* : fallen from line, derailed.

ভারতবাসী জন্তু অপেক্ষা কি শ্রেষ্ঠ?

Are the Indians any better than animals.

ভারতবর্ষের বহু লোক প্রতি বৎসর হিংস্র জন্তু কর্ত্তৃক নিহত হয়। এই অপমৃত্যুর বিবরণ পাঠ করিয়া এই প্রশ্ন মনে উদিত হইতেছে, ভারতবাসী জন্তু অপেক্ষা কি শ্রেষ্ঠ? মানুষ বন্দুক আবিষ্কার করিয়াছে, অস্ত্র নির্ম্মাণ করিয়াছে, তাহারই বলে সে জন্তু অপেক্ষা শ্রেষ্ঠ। কিন্তু যদি তাহার বন্দুক বা অস্ত্র না থাকে, তবে সে জন্তু অপেক্ষা হীন। অস্ত্রহীন মানুষ সিংহ, ব্যাঘ্র, হস্তী অপেক্ষা যে হীন, তাহার কোনও সন্দেহ নাই। অস্ত্রহীন মানুষ শৃগাল অপেক্ষাও হীন। এখন অনেক গ্রামে দেখা যায়, শৃগাল আর মানুষকে ডরায়[1] না। তাহারা বাটীর মধ্যে প্রবেশ করে, তাড়াইলেও পলায়ন করে না। লাঠি আছে, তাই গরুগুলি ভারতবাসীকে ভয় করে, লাঠি না থাকিলে গরুরাও ভারতবাসীকে অগ্রাহ্য করিত।

[1] Fears.

ডাক্তার জগদীশচন্দ্রের আবিষ্কার ও ইংলণ্ডে আন্দোলন।

Dr. Jagadīś Candra Bose's discovery and the discussions in England.

ইংলণ্ডের রয়াল সোসাইটীর সভাপতি ডাক্তার বসুর বাটীতে গমন করিয়া তাঁহার আবিষ্কার ও যন্ত্র[1] পুঙ্খানুপুঙ্খরূপে[2] পরিদর্শন করিয়া বিস্ময়ে

[1] Instruments.
[2] *Puṅkha-anu-puṅkha* : feather by feather, in minute detail.

অভিভূত হইয়াছেন। ডাক্তার বসু যাহাতে নিরাপদে তাঁহার কার্য্যে রত থাকিতে পারেন, তিনি এইরূপ আকাঙ্ক্ষা প্রকাশ করিয়াছেন।

ফিজিওলজি বিদ্যায় সুপণ্ডিত অধ্যাপক[1] ষ্টারলিং ও উদ্ভিদের ফিজিও-লজি সম্বন্ধে অভিজ্ঞ অধ্যাপক[2] ওলিভার ডাক্তার বসুর আবিষ্কৃত তত্ত্বের অনুশীলন করিয়া চমৎকৃত হইয়াছেন। প্রাকৃতিক তত্ত্ব সম্বন্ধীয় গ্রন্থ লেখক অধ্যাপক কারবেথ রীড বলিয়াছেন, বহু দিন এমন আশ্চর্য্য আবিষ্কার আর হয় নাই।

অধ্যাপক আরথার বেলফোর ডাক্তার বসুর গৃহে গমন করিয়া বহুক্ষণ পর্য্যন্ত নূতন তত্ত্ব সম্বন্ধে আলোচনা করিয়া বলিয়াছেন, নিদানতত্ত্ববিদ পণ্ডিতগণ[3] এই আবিষ্কারে নূতন আলো প্রাপ্ত হইবেন।

[1] The learned Professor of Physiology.
[2] Specialist Professor of Plant-Physiology.
[3] Scholars learned in the Science of Medicine. *Nidan* is the name of the ancient Hindu Medical Science and of a famous Sanskrit book of medicines.

সৈন্য কর্ত্তৃক ভারতীয় নারীর অপমান।

Insult to an Indian woman by a Soldier.

আলিপুরের উকীল বাবু মন্মথনাথ মিত্র "বেঙ্গলীতে"[1] লিখিয়াছেন, গত রবিবার সন্ধ্যার সময় তিনি আলিপুরের অপর দুইজন উকীল সহ বজবজ[2] হইতে রেলে প্রত্যাগমন করিতেছিলেন। কয়েকজন ইউরোপীয় সৈন্য ফুট-বল খেলা সাঙ্গ করিয়া[3] সেই গাড়ীতে আরোহণ করেন। তাঁহারা একজন হিন্দুস্থানীকে প্রহার করিয়াছিলেন, আমরা সে কথার উল্লেখ করা প্রয়োজন মনে করি না। কিন্তু কোন ষ্টেসনে উত্তরগামী ও দক্ষিণগামী দুই ট্রেন যখন পাশাপাশি দাঁড়াইয়াছিল, তখন সৈন্যগণ অপর ট্রেনে একটী স্ত্রীলোককে দেখিতে পাইয়া তাহার প্রতি অতি অশ্লীল[4] বাক্য প্রয়োগ করে এবং নিজে-দের গাড়ীর দরজা খুলিয়া স্ত্রীলোকটির নিকট যাইতে উদ্যোগ করিয়াছিল কিন্তু দ্বার বন্ধ থাকাতে তাহাদের মনস্কামনা সিদ্ধ হয় নাই।

ভারতবাসী সব সহিতে পারে, কিন্তু স্ত্রীলোকের অপমান করিলে কাণ্ডা-কাণ্ড[5] জ্ঞানশূন্য হয়। ইউরোপীয়গণ যাহাতে স্ত্রীলোকের অপমান করিতে না পারে, এমন কি ব্যবস্থা হইতে পারে, তাহা সকলে চিন্তা করিয়া দেখুন।

[3] In the "Bengalee" newspaper.
[4] Budge Budge, a village near Calcutta.
[5] After having ended a game of foot-ball, after playing foot-ball (sānga : end, see above).
[6] Indecent.
[7] *Kāṇḍa-akāṇḍa, hita:ahita* : right and wrong.

চট্টগ্রামের হত্যা ;

The Chittagong murder.

এই হত্যার জন্য আরো কয়েকটি বাড়ী তল্লাস করা হইয়াছে। সর্ব্বশুদ্ধ পাঁচটি বাড়ী তল্লাস করা হইল। ঢাকা ও কুমিল্লার রাজনৈতিক মোকদ্দমায়[1] গবর্ণমেণ্ট পক্ষের সাক্ষী নগেন্দ্রের উক্তিতে এই সকল বাড়ী তল্লাস করা হইয়াছে। কিন্তু কোথাও সন্দেহজনক কিছুই পাওয়া যায় নাই, হত্যাকারীরও কোন কিনারা হয় নাই। পুলিস তৎপরতার[2] সহিত ইহার অনুসন্ধান করিতেছে। চট্টগ্রামে যত ছাত্র আসিতেছে এবং যাইতেছে প্রত্যেকেরই উপর কড়া নজর[3] রাখা হইতেছে। চট্টগ্রামের বিভিন্ন বিদ্যালয়ে যে সকল ছাত্র ভর্ত্তি হইতে আসিতেছে পুলিস তাহাদের দ্রব্যাদি তল্লাস করিতেছে এবং তাহাদিগকে নিজেদের সম্বন্ধে সন্তোষজনক বিবরণ প্রদান করিতে হইতেছে। এই হত্যার জন্য ঢাকা পুলিস বরুণার বাবু জগবন্ধু দত্তের বাড়ী তল্লাস করিয়াছে। কোন সন্দেহজনক দ্রব্য পাওয়া যায় নাই। জগবন্ধু বাবুর এক আত্মীয়কে রাজনৈতিক অপরাধী বলিয়া সন্দেহ করা হয়। বহুদিন হইতে তাঁহার কোন খোঁজ খবর[1] নাই।

[1] Political case.
[2] Zeal (*tat-par* : pursuing as highest object.)
[3] *P. nazr* : observation.
[4] News, information,

শ্রাদ্ধ।

Srāddha (Obsequies in honour of the manes of the deceased) cf. *Sraddhā* : respect, reverence.)

গত মঙ্গলবার ৺ ভুবনমোহন দাস মহাশয়ের শ্রাদ্ধ ক্রিয়া পিতৃভক্ত[1] পুত্র শ্রীযুক্ত চিত্তরঞ্জন ও প্রফুল্লরঞ্জন দাসের শ্রদ্ধা ও নিষ্ঠাতে[2] সুসম্পন্ন হইয়াছে। প্রাতে মহারাষ্ট্রীয় বেদজ্ঞ ব্রাহ্মণগণ আসিয়া সাম বেদ[3] পাঠ করেন। বাবু বিপিনচন্দ্র পাল ব্রহ্মোপাসনা[4] ও শাস্ত্র ব্যাখ্যা[5] করেন। শ্রীযুক্ত রেবতীমোহন সেন মধুর সঙ্কীর্ত্তনে সকলের চিত্ত দ্রবীভূত[6] করেন।

[1] *Pitṛ-bhaktā* : father-revering, filially reverent.
[2] Constancy, piety.
[3] The Sāma Veda.
[4] *Brahma-upāsana* : Brahmo prayers.
[5] Exposition of the scriptures.
[6] *Dravī-bhūta* : become fluid, melted, moved.

অবশেষে হিন্দু মুসলমান নানা শ্রেণীর লোক একত্র আহার করিয়া গৃহে প্রত্যাগমন করেন।

অপরাহ্ণে বাবু বিপিনচন্দ্র পাল গীতার পরলোকতত্ত্ব[1] ও ভাগবৎরত্ন[2] কুলদাপ্রসাদ মল্লিক ভাগবৎ ব্যাখ্যা করেন।

সন্ধ্যার পর সুবিখ্যাত কীর্ত্তনীয়া[3] শ্রীযুক্ত গণেশ দাস মনোহর সাই রাগিণীর জীবন্ত মূর্ত্তি[1] সুরের মধ্যে ফুটাইয়া তুলিয়া[1] শ্রোতাদিগকে মুগ্ধ করিয়াছিলেন।

গত কল্য কাঙ্গালী ভোজন হইয়াছে। দাস মহাশয়ের পুত্রগণ বিবিধ সৎকার্য্যে অনেক টাকা দান করিয়াছেন।

কাশীর সেবাশ্রমে ও কলিকাতার হোমিওপ্যাথিক হাসপাতালে অনেক অর্থ দিয়াছেন।

[1] The teaching of the Bhāgavat Gītā as to a future life : eschatology.
[2] *Bhāgavat-ratna*, 'jewel of the Bhāgavat', a title of a pundit.
[3] Chorist, singer.
[4] Painting (as it were) by means of the tune the living image of the Sai Ragini (one of the various modes of Hindu music).

প্রসিদ্ধ এটর্ণীর মৃত্যু।

The Death of a famous Attorney.

প্রসিদ্ধ এটর্ণী বাবু গণেশচন্দ্র চন্দ্র গত শুক্রবার সারাদিন হাইকোর্টে কার্য্য করিয়াছিলেন, সন্ধ্যা পর্য্যন্ত নিজের আফিসে কার্য্য করিয়া বাটী গিয়াছিলেন, সেই দিন রাত্রিতেই হৃদ্‌পিণ্ডের[1] ক্রিয়া হঠাৎ বন্ধ হওয়াতে তাঁহার মৃত্যু হইয়াছে। ইনি ১৮৬৮ খৃষ্টাব্দে এটর্ণীর ব্যবসায় আরম্ভ করেন এবং অবশেষে নিজ ব্যবসায়ের শীর্ষ স্থান অধিকার করিয়াছিলেন। তিনি কেবল অর্থোপার্জ্জনেই জীবনের সকল শক্তি নিয়োজিত[2] করেন নাই কলিকাতা মিউনিসিপালিটির কার্য্যে তিনি বিশেষ দক্ষতা প্রদর্শন করিয়াছিলেন। বঙ্গীয় গবর্ণমেণ্ট তাঁহাকে ব্যবস্থাপক সভার সভ্য পদে নিযুক্ত করিয়া এটর্ণী সম্প্রদায়ের প্রতি সম্মান প্রদর্শন করিয়াছিলেন।

প্রধান বিচারপতি সার লরেন্স জেঙ্কিন্স তাঁহার মৃত্যু সংবাদ শুনিয়া গত সোমবার প্রকাশ্য আদালতে বলিয়াছিলেন, "তিনি আমার একজন পুরাতন,

[1] The heart's organ, *piṇḍa* means a lump and is also applied to the sacrificial cake or ball of flour offered to deceased ancestors.
[2] *Niyojita* : devoted, applied.

ঘনিষ্ঠ[1] ও প্রকৃত[2] বন্ধু ছিলেন।' গত সোমবার প্রধান বিচারপতি চন্দ্র মহাশয়ের পুত্র শ্রীযুক্ত রাজচন্দ্র চন্দ্র মহাশয়ের সহিত সাক্ষাৎ করিবার জন্য তাঁহার বাটীতে আগমন করিয়া তাঁহার শোকে সমবেদনা[3] প্রকাশ করিয়া গিয়াছেন।

[1] Very close.
[2] Real.
[3] *Sama-vedanā* : sym-pathy.

হিন্দুর অবনতি।

The degeneration or decadance of Hindus.

সরকারী রিপোর্টে লিখিত হইয়াছে যে ১৯১১ ১২ সালে বালিকা বিদ্যালয়ের ছাত্রী সংখ্যা ২২২,৫৭৬ জন ছিল, ১৯১২-১৩ সালে ২২২,৭৪৯ জন হইয়াছে অর্থাৎ এক বৎসরে ১৭৩ জন বেশী হইয়াছে। এতদ্দ্বারা প্রমাণ হইতেছে যে প্রকৃতপক্ষে বালিকা শিক্ষার উন্নতি না হইয়া অবনতি ঘটিয়াছে। প্রতি বৎসর জন সংখ্যা বৃদ্ধি হইতেছে হাজার করা প্রায় অৰ্দ্ধজন। বঙ্গে স্ত্রীলোকের সংখ্যা প্রায় ২ কোটি সুতরাং প্রতি বৎসর স্ত্রীলোকের সংখ্যা ১০ হাজার বৃদ্ধি হইতেছে; ইহার ১৫ ভাগের একভাগ যদি এমন বয়সের বালিকা হয়, যাহাদের স্কুলে পাঠ করা উচিত, তবে এক বৎসরে অন্যূন ৬৬৬ জন ছাত্রীর সংখ্যা বৃদ্ধি হওয়া উচিত ছিল। তন্মধ্যে কেবলমাত্র ১৭৩ জন বেশী হইয়াছে। সুতরাং মুর্খতার মাত্রা[1] ১৯১১-১২ হইতে ১৯১২-১৩ সালে যে বৃদ্ধি হইয়াছে তাহার সন্দেহ নাই। হিন্দুর অবনতি আরও ভয়ঙ্কর। মুসলমান ছাত্রীর সংখ্যা ১,৪২৩ বৃদ্ধি হইয়াছে কিন্তু মোটের উপর ছাত্রী বৃদ্ধি হইয়াছে ১৭৩ জন। সুতরাং হিন্দু ছাত্রীর সংখ্যা ১ ২৫০ জন কম হইয়াছে। হিন্দু যে ক্রমে নিম্ন দিকে যাইতেছেন, ইহা কি কেহ ভাবিয়া দেখিবেন না?

[1] Measure of ignorance.

গিরিধি বালিকা বিদ্যালয়।

The Girls' School at Giridih.

গিরিধি অতি স্বাস্থ্যকর স্থান—প্রকৃতির এক রম্য নিকেতন[1]। পাহাড় ও নদী, প্রান্তর ও বন এই স্থানকে পরম সুন্দর করিয়াছে। এখানকার বায়ু সুনির্ম্মল, জল সুপেয়। ইহাই বিদ্যামন্দির প্রতিষ্ঠার উপযুক্ত স্থান মনে করিয়া

[1] A charming natural retreat.

কতিপয় শিক্ষানুরাগী[1] সহৃদয় ব্যক্তি কয়েক বৎসর হইল, এখানে এক উচ্চ শ্রেণীর বালিকা স্কুল স্থাপন করিয়াছেন। কতিপয় শিক্ষিতা মহিলা এই স্কুলে শিক্ষা দান করিতেছেন। সাধারণ ব্রাহ্ম সমাজ[2] এই স্কুলের সমস্ত ভার গ্রহণ করিয়া ভারত গবর্ণমেণ্টের ভূবিদ্যা বিভাগের অবসর প্রাপ্ত[3] সুপারিণ্টেণ্ডেণ্ট মিঃ পি, এন, দত্ত বি, এস্ সি মহাশয়কে সম্পাদক পদে নিযুক্ত করিয়াছেন। মিঃ দত্ত কতিপয় উৎসাহী লোকের সহায়তায় এই স্কুলের তত্ত্বাবধান করিতেছেন। গত বৎসর ৪টি বালিকা মেট্রিকুলেশন পরীক্ষা দিয়াছিল, সকলেই প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছিলেন। বর্ত্তমান বর্ষে ৩ জন পরীক্ষা দিয়াছিলেন, ১ জন প্রথম ও ২ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। এতদ্দ্বারা শিক্ষয়িত্রীদেরই কৃতীত্ব[4] প্রকাশ পাইতেছে। ছাত্রীদের বাসের জন্য সুন্দর বাড়ী আছে। আহার ও বাসের জন্য ৯ টাকা ও বেতন স্বরূপ ৩ টাকা দিতে হয়। এই ব্যয় কেহই অতিরিক্ত[5] বলিয়া মনে করিতে পারেন না।

[1] *Siksā-anu-rāgi* : lovers of learning.
[2] The Sādhāraṇ Brāhmo Samāj, a branch of the original Brāhmo Samāj, founded by Śiva-nāth Śastri and others when, in 1875, the late Keśab Candra Sen gave offence by marrying his daughter to the Mahārājā of Cooch Bihār at what was regarded by advanced members of the sect as an unduly low age.
[3] Retired member of the Geological Survey of India.
[4] Competence.
[5] Excessive.

কানাডায় প্রবেশ করিতে পারিবে না।

They must not enter Canada.

কোমাগাটা মারুর ভারতীয় যাত্রিগণকে কানাডায় প্রবেশ করিতে নিষেধ করাতে কানাডা গবর্ণমেণ্টের বিরুদ্ধে নালীস করা হইয়াছিল। বিচারকগণ নিম্নলিখিত হেতুতে[1] নালীস অগ্রাহ্য করিয়াছেন।

"কোমাগাটার যাত্রিগণ এসিয়াবাসী, তাহাদের প্রত্যেকের নিকট ৬০০ টাকা নাই। দ্বিতীয়তঃ, তাহারা স্বদেশ হইতে যে জাহাজে যাত্রা করিয়াছিল সেই জাহাজে কানাডা পৌঁছে নাই। তৃতীয়তঃ তাহারা সুনিপুণ শ্রমজীবী[2] নহে।" দেশান্তর হইতে আগত ব্যক্তিদিগের তত্ত্বাবধায়ক কর্ম্মচারী[3]

[1] Grounds, reasons.
[2] Skilled artisans.
[3] Superintendent of Immigrants.

কোমাগাটা জাহাজের যত যাত্রীকে ইচ্ছা তাহাদের স্বদেশে প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য করিতে পারিবেন।

কানাডায় "ব্রিটিস নর্থ আমেরিকান আইন" নামে এক আইন প্রচলিত আছে। এই আইনের বলে ভারতবর্ষ দূরে থাকুক, ইংলণ্ড হইতে যে সমুদয় লোক আইসে, তাহাদিগকেও কানাডায় প্রবেশ করিতে বাধা দেওয়া যাইতে পারে। যাইতে পারে সন্দেহ নাই, কিন্তু দেওয়া হয় কি ?[1]

কানাডা ভারতবর্ষের প্রতি পরের ন্যায় ব্যবহার করিয়াছেন। ভারত-বর্ষও তবে কানাডাকে আপন মনে করিবে না। লর্ড হার্ডিং ভারতবাসীর মান রক্ষা করিতে চেষ্টা করুন। তিনি ভারতের শাসনকর্ত্তা। তাঁহার আমলে ভারতবাসীর অপমান হইলে, তাঁহারই অপমান হইবে। ভারতবাসীও আত্মসম্মান[2] রক্ষা করিতে উদ্যোগী হউন। কানাডার সহিত ভারতের বাণিজ্য বন্ধ হইয়া যাক[3]। নতুবা কানাডার চৈতন্য হইবে না।

[1] But is it (restraint in entering Canada) given them ; the law empowers Canada to restrain immigrants from England also for entering Canada, but is the power ever exercised ?
[2] Own honour.
[3] Let commercial relations with Canada cease.

বোম্বাই নগরে শিক্ষা সম্বন্ধীয় উপনিবেশ।

The Educational Colony in Bombay.

কাপ্তান পেটাভেল[1] বোম্বাই নগরে স্বাবলম্বী[2] বিদ্যালয় স্থাপন মানসে এক সমিতি স্থাপন করিয়াছেন। মিঃ রতনসি মোরারজি ইহার সম্পাদক নিযুক্ত হইয়াছেন। বোম্বাইর শিক্ষক সমিতির উদ্যোগে যে সভা আহূত[3] হইয়াছিল, তাহাতে তিনি বলেন যে এই সকল বিদ্যালয়ে এমন শিক্ষা দেওয়া হইবে, যাহাতে ছাত্রগণ শিক্ষালাভের সঙ্গে সঙ্গে জীবিকা অর্জ্জন করিতে পারে, এইরূপ শিক্ষা দিতে পারিলে ভারতবর্ষের জনসাধারণের মধ্যে শিক্ষা বিস্তারের সমস্যা[4] সুন্দররূপে মীমাংসিত হইতে পারে। প্রথমতঃ শিক্ষার্থী দিগকে এরূপ শিক্ষা দেওয়া হইবে, যাহাতে তাহারা শিক্ষা লাভের সঙ্গে সঙ্গে নিজেদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য প্রস্তুত করিতে পারে বিদ্যালাভও করিবে, এবং আপনাদের প্রয়োজনীয় দ্রব্যাদিও প্রস্তুত করিবে। সে সকলের জন্য তাহাদিগকে পরের মুখ চাহিয়া থাকিতে হইবে না।[5] প্রথমে এই সকল

[1] Captain Petavel, R. E.
[2] *Sva-avalambi* : self-supporting.
[3] *Ā-huta* : as-sembled, convoked.
[4] Problem, originally a "fitting together" (sam-asyā) as for instance, in a capping of Sanskrit *ślokas*.
[5] They will not have to watch other people's faces, depend on others.

দ্রব্য বাজারে বিক্রয়ার্থ দেওয়া হইবে না. শিক্ষার্থীদিগের প্রয়োজনের অতিরিক্ত দ্রব্য সঞ্চিত হইলে তাহা বাজারে যাইবে। এই সকল বিদ্যালয়ে ছাত্রগণ লেখা, পড়া, গণিত এবং কৃষি ও শিল্প বাণিজ্যের বর্ত্তমান বিজ্ঞান সম্মত প্রণালী শিক্ষা করিবে। তাহারা যাহাতে পরিশ্রমী, সুস্থ সবল, কর্ম্মঠ[1] হয়, তাহার প্রতি বিশেষ দৃষ্টি রাখা হইবে। কাপ্তান পেটাভেল বোলপুরের[2] ব্রহ্মচর্য্যাশ্রমেও[3] এই শিক্ষা প্রণালী প্রচলন করিতে চেষ্টা করিয়াছিলেন।

[1] Industrious.
[2] Bolpur, in the district of Bīrbhūm, where Dr. Ravīndranāth Tagore has a school at his country house known as the Śānti-niketan.
[3] *Brahma-caryya-āśram* : institution for teaching Brahmacaryya, the ancient Hindu system of education of young-men.

মদ ও কুলী।

Drink and Coolies.

লণ্ডনে গ্রীষ্মপ্রধান দেশের ব্যাধি[1] সম্বন্ধে এক কংগ্রেস হইতেছে। লিভিংষ্টোন কলেজের অধ্যাপক ডাক্তার হারফোর্ড বলিয়াছেন "পূর্ব্বদেশের কুলীরা যে কাযের অনুপযুক্ত[2] তাহার প্রধান কারণ মদ্যপান।" সিলাঙ্গোরের[3] ব্রিটিস রেসিডেন্ট মিঃ ব্রড্রিক বলিয়াছেন 'মালয় রাজ্যে[4] যে সকল ভারতীয় কুলী বাস করে, তাহাদের মদ্যপানাসক্তি[5] বড় আশঙ্কার কারণ হইয়াছে। তথায় এইরূপ আইন করা হইয়াছে যে ভারতীয় কুলীদের নিকট কেহ বিলাতী মদ বিক্রয় করিতে পারিবে না"।

মদে যে সর্ব্বনাশ হইতেছে, তাহার আর কোন সন্দেহ নাই। কংগ্রেসের মুখে সে কথা শুনিয়া আমরা আনন্দিত হইয়াছি: আমরা প্রতিদিন দেখিতেছি কলিকাতার মিস্ত্রীগণ প্রতিদিন ২।৩ টাকা উপার্জ্জন করিতেছে কিন্তু মদ খাইয়া তাহার অধিকাংশ নষ্ট করিতেছে এবং অনেক দিন এমন মাতাল হইয়া পড়ে যে কায কর্ম্ম বন্ধ করিয়া বাড়ীতে বসিয়া থাকিতে বাধ্য হয়। কলিকাতার মুচিগণ প্রতিদিন ১।।০, ২৲ টাকা উপার্জ্জন করে কিন্তু তাহারা এমন মাতাল[6] যে তাহাদের ঘরের ছাউনী[7] নাই, পরিবারদের অন্ন বস্ত্র যোটে না।[8] মদে নিম্ন শ্রেণীর দুরবস্থা কিছুতেই দূর হইতেছে না।

[1] Tropical diseases.
[2] Unfit for work.
[3] Selangore.
[4] Malay States.
[5] *Madya-pāna-āsakti* : addiction to drink.
[6] Drunkards.
[7] Thatch.
[8] Are not provided.

আজকাল এক শ্রেণীর শিক্ষিত লোকদের মধ্যেও মদ্যপান প্রবল হইয়া উঠিয়াছে। ইহারা মদ খাইয়া প্রকাশ্য স্থলে মাতলামি করে, অশ্লীল গান করে, মাটিতে গড়াগড়ি[1] দেয়।

ইহা দেখিয়া আমাদের প্রাণ ভাঙ্গিয়া যাইতেছে। আমরা আর কি বলিব ইহাঁদের সুমতি হউক, মদ্যপান করিয়া নিজের ও পরিবারের যে সর্ব্বনাশ করিতেছেন তাহা উপলব্ধি করুন। ইহাঁদের দৃষ্টান্ত দ্বারা দেশের যে অনিষ্ট হইতেছে তাহা বুঝিয়া পানাভ্যাস[2] দমন করুন।

[1] Rolling about.
[2] *Pāna-abhi-ās* : drinking-habit.

বন্যা।

Floods.

চারি পাঁচদিনের বৃষ্টিতে মেদিনীপুরের[1] কপিলেশ্বরী এবং কেলেঘাই নদীতে গত ৩রা জ্যৈষ্ঠ বন্যা আসিয়াছিল। স্রোতের বেগ প্রবল হওয়ায় নদীর দুই পার্শ্বের বাঁধের[2] উপর দিয়া জল উচ্ছ্বসিত[3] হইয়া নিকটবর্ত্তী ৮। ১০টি গ্রাম প্লাবিত করিয়াছিল। মাঠে ৮। ১০ ফিট জল জমিয়াছিল। গত বৎসর এখানকার ১৩০টি গ্রাম বন্যায় ডুবিয়া গিয়াছিল। তদুপরি এ বৎসরের এই বন্যায় গ্রামবাসীদের অশেষ কষ্ট হইয়াছে। দুগ্ধপোষ্য[4] শিশুগণ দুগ্ধের অভাবে মৃত্যুমুখে পতিত হইতেছে এবং সকলেই আপনাদের প্রাণ বাঁচাইবার জন্য নিরাশ্রয় আত্মীয়দিগকে ফেলিয়া যথাতথা পলায়ন করিতেছে। চতুর্দ্দিকে রোগের প্রাবল্য দেখা যাইতেছে। বোরো ধান[5] এবং তিল[6] একেবারে নষ্ট হইয়া গিয়াছে। মেদিনীপুরের জেলার মাজিষ্ট্রেটকে এই দুর্দ্দশার কথা জানান হইয়াছে। তিনি সমস্ত অবস্থা অনুসন্ধান করিবেন বলিয়া ভরসা দিয়াছেন। যতদিন অনুসন্ধান চলিবে ততদিন গ্রামবাসীরা কি অন্নাভাবে হাহাকার করিবে, রোগের আক্রমণে জর্জ্জরিত[7] হইবে?

মাদ্রাজের অন্তর্গত বহরমপুর এবং তাহার নিকটবর্ত্তী স্থান সমূহও জলমগ্ন হইয়াছে। অনেকগুলি বাড়ী ভূমিসাৎ হইয়াছে। গ্রামবাসীরা অত্যন্ত কষ্ট পাইতেছে। দুইটি লোক নদীর স্রোতে পড়িয়া প্রাণ হারাইয়াছে।

[1] Midnapur.
[2] Embankments.
[3] *Ut-śvasita* : expanded, overflowing.
[4] *Dugdha-poṣya* ; fed on milk.
[5] *Vorava* or *Voro* rice.
[6] Sesamum.
[7] Shattered, rent.

বোম্বাইর অন্তর্গত খান্দেসে[1] অতিরিক্ত বৃষ্টিপাত হওয়াতে তাপ্তী নদীতে বন্যা আসিয়াছে। এই নদীর মুখে সুরাট[2] নগর অবস্থিত। অতি সতর্কতা অবলম্বন করিয়া বাঁধগুলি রক্ষা করাতে নগর রক্ষা পাইয়াছে। সুরাটের নিকটে নদীর জল ১৫ ফিট উচ্চ হইয়াছিল; সহরের সর্ব্বত্র এবং ছাত্রাবাসের আঙ্গিনা[3] জলমগ্ন হইয়াছিল। বন্যার সময় একটি ছাত্র মাঠে ছিল। চারিদিক জলমগ্ন হইয়া যাওয়াতে সে অন্য কোন আশ্রায় না পাইয়া এক বৃক্ষে আরোহণ করিয়া সমস্ত রাত্রি কাটাইয়া প্রাণরক্ষা করে। পরদিন কয়েকজন লোক আসিয়া তাহাকে উদ্ধার করে।

[1] Khandesh.
[2] Surat.
[3] Court-yard.

কোমাগাটা মারু।

The "Komagata Maru."

গত শনিবার দিন কানাডার রাজকর্ম্মচারীদের অনুমতি লইয়া কানাডা প্রবাসী ৩ জন ভারতবাসী এক বাষ্পীয় তরণীতে[1] আরোহণ পূর্ব্বক কোমাগাটা জাহাজের ৫ জন আত্মীয়ের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। ঐ ৫ জন জাহাজ হইতে বাষ্পীয় তরণীতে অবতরণ করা মাত্র জাহাজস্থ ভারতবাসিগণ সিঁড়ী[2] তুলিয়া লয়। সুতরাং তাহারা জাহাজে প্রত্যাবর্ত্তন করিতে অসমর্থ হয়। এমতাবস্থায় ঐ ৫ জনকে কানডায় প্রবেশ করিতে দেওয়া হইবে. জাহাজস্থ ভারতবাসিগণ এই আশা করিয়াছিলেন। কিন্তু কানাডার রাজপুরুষগণ আদেশ করিয়াছেন, তাহাদিগকে কানাডার ভূমিস্পর্শ করিতে দেওয়া হইবে না। তাঁহারা বাষ্পীয় তরণীতে অবস্থিতি করিতে বাধ্য হইয়াছেন। গবর্ণমেণ্ট কোমাগাটা জাহাজের কাপ্তানকে এই বলিয়া শাসাইয়াছেন,[3] যদি তিনি ঐ ৫ জন যাত্রীকে জাহাজে ফিরাইয়া লইয়া না যান, তবে তাঁহাকে কাপ্তানের পদ হইতে অপসৃত করিয়া কানাডার রাজপুরুষগণ জাহাজের ভার গ্রহণ করিবেন।[4] কাপ্তান বলিয়াছেন, ভারতবাসিগণ বাধা দিতেছে, সুতরাং তিনি ৫ জন যাত্রীকে জাহাজে তুলিতে পারিতেছেন না। কানাডার গবর্ণমেণ্টের এই সন্দেহ হইয়াছে. কাপ্তান ভারতবাসীদের সঙ্গে যোগসাজোস[5] করিয়া যাত্রিদিগকে তুলিয়া আনিতেছেন না। কোমাগাটার যাত্রিগণ শিখ, তাঁহারা ভয় কাহাকে বলে জানেন না। সুতরাং কানাডা যদি এই বিবাদ মিটাইয়া না ফেলেন. তবে সহজে ইহার মীমাংসা হইবে না।

[1] Steam-launch.
[2] Gangway, ladder.
[3] Threatened (*śāsan* : punishment, reproof).
[4] Will take charge of.
[5] Secret combination or conspiracy.

শিখেরা তাহাদের জন্মভূমি ভারতবর্ষ হইতে জাহাজে চড়িয়া কানাডা যায় নাই, এই হেতুতে তাঁহাদিগকে নামিতে দেওয়া হইতেছে না কিন্তু কলিকাতা হইতে ৫০ শিখ লইয়া একখানি জাহাজ কানাডা যাত্রা করিয়াছে। সে জাহাজ গত শনিবার হংকং[1] পরিত্যাগ করিয়া গিয়াছে। তাঁহারা যখন কানাডার তীরে উপস্থিত হইবেন, তখন কোন্ অজুহাতে[2] তাঁহাদিগকে জাহাজ হইতে নামিতে নিষেধ করিবেন, তাহা জানিতে অনেকের কৌতূহল হইয়াছে। কানাডায় বিনা বাধায় কোন ভারতবাসী প্রবেশ করিতে পারিবে কি না, এবার তাহার একটা নিষ্পত্তি হইবে। যদি শিখদিগকে প্রবেশ করিতে না দেওয়া হয়, তবে সমস্ত পঞ্জাবে অসন্তোষ ছড়াইয়া পড়িবে। উপনিবেশগুলি[3] যাহাতে ব্রিটিশ সাম্রাজ্যের শেল[4] স্বরূপ না হয়, ব্রিটিশ গবর্ণমেণ্টের অবিলম্বে তদুপায় অবলম্বন করা কর্ত্তব্য।

[1] Hongkong.
[2] A *wajuhāt* : excuses.
[3] Colonies.
[4] A spear, a thorn in the flesh.

ঢাকায় ব্যবস্থাপক সভার অধিবেশন।

The meeting of the Legislative Council at Dacca.

গত বৃহস্পতিবারের ব্যবস্থাপক সভায় বাঙ্গালার গবর্ণর বলিয়াছেন, "পূর্ব্ব বাঙ্গালার বহুলোক এইরূপ ইচ্ছা প্রকাশ করিয়াছেন যে ব্যবস্থাপক সভার অধিবেশন কখনও কখনও ঢাকায় হওয়া উচিত। এই ব্যবস্থাপক সভার কয়েক জন সভ্যও সেইরূপ ইচ্ছা প্রকাশ করিয়াছেন। এইরূপ ইচ্ছা প্রকাশ করা খুব স্বভাবিক।[1] সম্প্রতি যে সকল ঘটনা হইয়াছে, তাহাতে এইরূপ ইচ্ছা প্রকাশ করা বিস্ময়ের বিষয়[2] নয়। ব্যবস্থাপক সভার অধিকাংশ বে-সরকারী[3] সভ্য ঢাকা যাইতে অনিচ্ছা প্রকাশ করিয়াছেন; সরকার পক্ষেও এমন বিশিষ্ট[4] হেতু আছে, যে জন্য ঢাকা না যাওয়াই উচিত। কিন্তু যাঁহাদের তত্ত্বাবধানের ভার আমার উপর অর্পিত হইয়াছে, যথাসাধ্য তাঁহাদের অনুরোধ পালন করাই আমার বাসনা। ব্যবস্থাপক সভার অনেক সভ্য এমন নিঃস্বার্থ[5] যে, তাঁহারা কিঞ্চিৎ ক্লেশ স্বীকার করিয়া ঢাকা যাইতে প্রস্তুত হইয়াছেন। বাঙ্গালা গবর্ণমেণ্ট যখন ঢাকায় অবস্থিতি করিবে, তখন তথায় ব্যব-

[1] Very natural.
[2] Matter of astonishment.
[3] Unofficial.
[4] Special.
[5] *Nīh-sva-artha* : unselfish.

স্থাপক সভার এক অধিবেশন করিতে আমি সঙ্কল্প করিয়াছি। চিরদিনই যে এইরূপ করা হইবে, তাহা বলিতেছি না। ঢাকায় ব্যবস্থাপক সভার অধিবেশন হওয়ার সম্বন্ধে কয়েক জন সভ্য যেরূপ তীব্র আপত্তি করিয়াছেন, তাহাতে তথায় এমন বিষয়ের আলোচনা করা হইবে না যাহাতে মতভেদ আছে। বে-সরকারী সভ্যদের যে সকল বিষয়ে আপত্তি আছে, ঢাকাতে এমন বিষয় আলোচিত হইবে না, আমি বেসরকারী সভ্যদের নিকট গবর্ণমেণ্টের পক্ষে এইরূপ অঙ্গীকার করিয়াছি। যে সকল সভ্য ঢাকা যাইতে অনিচ্ছুক তাঁহা-দিগকে ঢাকা যাইতে অনুরোধ করাও হইবে না। আগামী ৫ই আগষ্ট বেলা ১১ টার সময় ঢাকার দরবার গৃহে ব্যবস্থাপক সভার অধিবেশন হইবে।'

ঢাকায় ব্যবস্থাপক সভার অধিবেশন হইবে, এই সংবাদ শ্রবণ করিয়া আমরা অত্যন্ত আনন্দিত হইয়াছি। নিদ্রিত দেশকে জাগাইবার পক্ষে ইহা এক উৎকৃষ্ট উপায়। মানব প্রাণে আশা, উৎসাহ ও আত্মশক্তিতে বিশ্বাস[1] না জাগিলে কোন জাতি বড় হইতে পারে না।

ব্যবস্থাপক সভার সভ্যদের মধ্যে যাঁহারা জ্ঞানে, কর্ম্মে ও চরিত্রে বঙ্গের আদর্শস্থানীয়,[2] তাঁহারা ঢাকায় গমন করিয়া জন সাধারণের মধ্যে আপনাদের শক্তির সঞ্চার করিয়া দিতে সুবিধা পাইবেন, দশজনের সহিত মিলিত হইয়া স্বদেশ সেবার জন্য তাহাদিগকে উদ্বুদ্ধ করিতে পারিবেন, ঢাকার শ্রেষ্ঠ লোকদের নিকট দেশের অভাব ও ক্রটীর সংবাদ পাইয়া আপনাদের কর্ত্তব্য নির্দ্ধারণ করিতে পারিবেন, বহু লোকের সহিত মিশিয়া প্রাণের উচ্চাকাঙ্ক্ষার[3] বিনিময়[4] করিতে পারিবেন, ইহাতে ঢাকার কল্যাণ হইবে, ব্যবস্থাপক সভার সভ্যদেরও কল্যাণ হইবে।

লর্ড কারমাইকেল যে কার্য্যের সূচনা[5] করিলেন, ভবিষ্যতে তাহার অশেষ শুভ ফল হইবে। ব্যবস্থাপক সভার সভ্যের কার্য্য করা এখন অনেকটা পোষাকী কার্য্যের[6] ন্যায় হইয়াছে। যে যাহার ব্যবসায় চালাইলাম, অবসর সময় দেশের কল্যাণ চিন্তা করিলাম এরূপে দেশের মঙ্গল হইবে না। এখন স্বার্থত্যাগী স্বদেশহিতব্রত[7] লোকের প্রয়োজন হইয়াছে যাঁহারা অর্থোপার্জ্জনকেই জীবনের প্রধান কার্য্য বলিয়া মনে করিবেন না। ঢাকার ব্যবস্থাপক সভার অধিবেশন করিলে এই শিক্ষা হইবে যে অর্থোপার্জ্জনের

[1] Belief in one's own powers.
[2] Occupying the place of examplars.
[3] *Uccha-ākāṅkṣār* : high aspirations.
[4] Interchange.
[5] Initiation.
[6] Full-dress work, mere theatrical performance.
[7] *Sva-deś-hita-vrata* : devoted to good of fatherland.

আশা খর্ব্ব করিয়া স্বদেশ সেবা[1] করা উচিত। অনন্যকর্ম্মা স্বদেশসেবকের প্রয়োজনও বিশিষ্ট রূপে উপলব্ধ হইবে।

আমাদের মনে হয়, কেবল ঢাকায় নয়, চট্টগ্রাম ও রাজসাহীতেও ব্যবস্থাপক সভার অধিবেশনের আয়োজন করা উচিত। তাহা হইলে সমস্ত দেশ জাগিয়া উঠিবে বঙ্গের সমস্ত স্থানের লোক আপনাদের অভাব ও অভিযোগ প্রকাশের সুবিধা পাইবে, উত্তর ও দক্ষিণ, পূর্ব্ব ও পশ্চিম বঙ্গের প্রাণ একসূত্রে গ্রথিত হইবে. সকলের আকাঙ্ক্ষা একই দিকে ধাবিত হইবে, বঙ্গে এক শুভদিনের আবির্ভাব হইবে।

লর্ড কারমাইকেল বলিয়াছেন, যাঁহাদের ঢাকা যাইতে অসুবিধা হইবে তাঁহাদিগকে ঢাকা যাইতে বাধ্য করিবেন না। তিনি তাঁহার পদোচিত[2] কথাই বলিয়াছেন কিন্তু আমরা বেসরকারী সমস্ত সভ্যকে এই অনুরোধ করি, তাঁহারা সমস্ত স্বার্থ বিসর্জ্জন করিয়া ঢাকা যাইতে প্রস্তুত হউন; তাঁহাদের স্বার্থ-ত্যাগের বার্ত্তা শুনিয়া বাঙ্গালী জাতি স্বার্থত্যাগ মন্ত্রে দীক্ষিত[3] হইবে।

[1] Service of the country.
[2] *Pada-ucit* : suitable to his position.
[3] Initiated to the motto of unselfish devotion.

মিঃ ষ্টেপলটনের কার্য্যের তদন্ত করা হউক।

Let enquiry be made into Mr. Stapleton's work.

গত বৃহস্পতিবার শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়[1] বঙ্গীয় ব্যবস্থাপক সভায় নিম্নলিখিত প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন—(ক) ঢাকা বিভাগের স্কুল সমূহের ইনস্পেক্টার মিঃ ষ্টেপলটন ঢাকা জুবিলি স্কুল, ময়মনসিংহের মৃত্যুঞ্জয় স্কুল ও সিটি কলেজিয়েট স্কুলের ছাত্র সংখ্যা হ্রাস করিতে নোটিস দিয়াছেন কি না? (খ) ঐ নোটিস বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী হইয়াছে কি না? (গ) গবর্ণমেন্ট ঐ নোটিসের প্রতিলিপি[2] প্রকাশ করিবেন কি না?

মিঃ সামান ঐ প্রশ্নোত্তরে বলিয়াছেন, (ক) ঢাকা জুবিলি স্কুলে, ময়মনসিংহের মৃত্যুঞ্জয় ও সিটি কলেজিয়েট স্কুলে ছাত্র সংখ্যা অত্যধিক হওয়াতে ঢাকা বিভাগের স্কুলসমূহের ইনস্পেক্টারের মনোযোগ তৎপ্রতি পতিত হইয়াছে[3] কিন্তু ঐ সকল স্কুলের ছাত্র সংখ্যা হ্রাস করিবার জন্য কোন নোটীশ প্রকাশ করা হয় নাই, (খ ও গ) প্রশ্ন সুতরাং উপস্থিত করা যাইতে পারে না।[4]

[1] Editor of the "Bengalee."
[2] Copy.
[3] Attention has been drawn.
[4] Do not arise.

মিঃ ষ্টেপল্‌টন ঢাকা জুবিলি, ময়মনসিংহের মৃত্যুঞ্জয় ও সিটি কলেজিয়েট স্কুলের ছাত্র সংখ্যা হ্রাস করিবার জন্য লিখিত হুকুম দেন নাই ইহা সত্য কথা। কিন্তু তিনি ছাত্র সংখ্যা হ্রাস করিবার জন্য এক লিখিত ব্যবস্থা করিয়াছেন। সেই ব্যবস্থার নকল আমাদের হস্তগত হইয়াছে।

সেই ব্যবস্থা পাঠ করিলে অবগত হওয়া যায় যে ১ম হইতে ৩য় শ্রেণী পর্য্যন্ত উঠাইয়া দিতে হইবে। সেই ব্যবস্থায় লেখা হইয়াছে যে ৬ষ্ঠ হইতে ১০ম শ্রেণী পর্য্যন্ত ৭ শ্রেণী থাকিবে; ১০ম শ্রেণীতে ৪০ জনের বেশী ছাত্র রাখা যাইবে না। ১৯১৮ সনের মধ্যে ছাত্র সংখ্যা কমাইয়া ৬৩০ এর বেশী আর রাখা যাইবে না। মিঃ ষ্টেপল্‌টন ছাত্র সংখ্যা হ্রাস করিবার জন্য কোন ব্যবস্থা প্রস্তুত করিয়াছেন কি না, গবর্ণমেণ্ট তাহার অনুসন্ধান করুন্। তিনি ঢাকা জুবিলি স্কুলের ছাত্র সংখ্যা হ্রাস করিবার জন্য মৌখিক[1] অনুরোধ করিয়াছেন কি না, তাহারও অনুসন্ধান করা হউক।

আমরা গবর্ণমেণ্টকে আরও একটা কথা বলিতে চাই। যে সমুদয় স্কুল গবর্ণমেণ্টের একটী পয়সাও গ্রহণ করে না, ইন্‌স্পেক্টারের তাহার উপর কর্ত্তৃত্ব করিবার কোন ক্ষমতা নাই। মিঃ ষ্টেপল্‌টন বেসরকারী স্কুলে যাইয়া বলিয়াছেন, অমুক অমুক[2] শিক্ষককে তাড়াইয়া দেও; শিক্ষকদের বেতন আমার নির্দ্দেশ অনুসারে বৃদ্ধি করিয়া দেও; আমি যেরূপ নির্দ্ধারণ করিয়া দিলাম, সেইরূপ ছাত্রবেতন[3] বৃদ্ধি কর; আমার আদেশ হইলে স্কুলের ঘর বৃদ্ধি হইবে, আমি যদি আদেশ না করি, তবে প্রয়োজন হইলেও ঘর বৃদ্ধি করিতে পারিবে না।

মিঃ ষ্টেপল্‌টনের এইরূপ হুকুমজারী করিবার কোন অধিকার নাই। তিনি বড় অনধিকার চর্চ্চা[4] করিতে আরম্ভ করিয়াছেন। আমাদের এই সকল অভিযোগ অতি সত্য। গবর্ণমেণ্ট অনুসন্ধান করিলেই তাহা বুঝিতে পারিবেন।

আমাদের নারায়ণগঞ্জের সংবাদদাতার[5] পত্র গবর্ণমেণ্টের অবগতির জন্য[6] এখানেই প্রকাশ করিতেছি। সংবাদদাতা লিখিয়াছেন :—

নারায়ণগঞ্জ।

সম্প্রতি ষ্টেপল্‌টন সাহেব নারায়ণগঞ্জ স্কুলের হেডমাষ্টার মহাশয়ের প্রতি এইরূপ এক লিখিত হুকুম জারী করিয়াছেন যে প্রথম শ্রেণীতে ৪০ জন

[1] Verbal.
[2] Such and such.
[3] Fees.
[4] Interference beyond jurisdiction.
[5] Our Naraingunj correspondent.
[6] For the information of Government.

ছাত্রের বেশী রাখিতে পারিবেন না ; আর কোন সেক্‌সনও[1] খুলিতে পারিবেন না। ইতিমধ্যে নারায়ণগঞ্জ স্কুলের হেডমাষ্টার মহাশয় দুইজন ছাত্রকে ভর্ত্তি করিবার জন্য ইনস্পেক্টরের নিকট অনুমতি চাহিলে, ইন্‌স্পেক্টর হেডমাষ্টার মহাশয়ের নিকট এইরূপ এক কঠোর পত্র[2] লিখিলেন যে আপনার অনুরোধ মতে দুইজন ছাত্রকে প্রথম শ্রেণীতে ভর্ত্তি করিতে পারিবেন, কিন্তু আর কোন ছাত্রকে ভর্ত্তি করিবার জন্য অনুরোধ পত্র প্রেরণ করিবেন না আর যাহারা নারায়ণগঞ্জ স্কুল হইতে প্রবেশিকা পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছে. তাহাদিগকেও প্রথম শ্রেণীতে পুনরায় ভর্ত্তি করিতে পারিবেন না। এখন প্রথম শ্রেণীতে ৪২ জন ছাত্র অধ্যয়ন করিতেছে। এ বৎসর নারায়ণগঞ্জ স্কুল হইতে ২৩ জন ছাত্র প্রবেশিকা পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছে। ষ্টেপল্‌টন সাহেবের লিখিত হুকুম অনুসারে উক্ত অনুত্তীর্ণ[3] ২৩ জন ছাত্র নারায়ণগঞ্জ স্কুলে পুনরায় ভর্ত্তি হইতে পারিতেছে না।

লোকাল বোর্ডের ভাইস-চেয়ারম্যান শ্রীযুত মহেন্দ্রচন্দ্র ধর জেলা বোর্ডের মেম্বর শ্রীদেবেন্দ্র চন্দ্র মজুমদার ও মোক্তার শ্রীযুত কৈলাসচন্দ্র মজুমদার মহাশয় ছাত্রগণের পক্ষ হইতে নারায়ণগঞ্জ মহকুমার ম্যাজিষ্ট্রেট ও স্কুল কমিটীর প্রেসিডেন্ট মিঃ বার্টলীর নিকট গমন করেন। উক্ত তিন জন প্রতিনিধি ছাত্রগণের দুর্দ্দশা কাহিনী প্রেসিডেন্টের নিকট বর্ণনা করিলে, বার্টলী সাহেব তাহাদিগকে বলিলেন যে আমি স্কুলের হেডমাষ্টারের সঙ্গে পরামর্শ করিব।

এদিকে নিরুপায় হইয়া, নারায়ণগঞ্জ জনসাধারণ সভার সম্পাদক শ্রীযুত সুরেন্দ্রচন্দ্র দাস মহাশয় তারযোগে গবর্ণরের প্রাইভেট সেক্রেটারী ও বিশ্ববিদ্যালয়ের ভাইস-চেন্সলারের নিকট উক্ত ২৩ জন ছাত্রকে পুনরায় নারায়ণগঞ্জ স্কুলে ভর্ত্তি করিবার জন্য প্রার্থনা করেন। ইহার কিছুকাল পরে ভাইস-চেন্সলারের সেক্‌সন খুলিবার জন্য অনুমতি প্রাপ্ত হওয়া যায়। গত ২৪শে জুন তারিখে ঢাকা বিভাগের কমিশনার মিঃ ফ্রেঞ্চ[1] সাহেব নারায়ণগঞ্জে আগমন করিলে শ্রীযুত দেবেন্দ্রচন্দ্র দাস মহাশয় ছাত্রগণের পক্ষ হইতে কমিশনার সাহেবের নিকট গমন করিয়া, ষ্টেপল্‌টন সাহেবের ব্যবহারের বর্ণনা করেন। কমিশনার সাহেব তাহাদিগকে বলিলেন যে আপনারা ষ্টেপল্‌টন সাহেবের নিকট যাইয়া এই সকল কথা বলুন।

যেদিন কমিশনার সাহেব নারায়ণগঞ্জে আসিয়াছিলেন সেই দিনই মিঃ ষ্টেপল্‌টন নারায়ণগঞ্জে আসেন। কমিশনার সাহেবের উপদেশানুসারে তাঁহারা ও অন্যান্য কতিপয় ভদ্রলোক ষ্টেপল্‌টন সাহেবের নিকট গমন করিলে

[1] Section.
[2] Harsh letter.
[3] Unsuccesful, lit. not-passed (na-ut-tṛ)
[4] Mr. French.

পর ষ্টেপল্‌টন সাহেব তাঁহাদিগকে নিরাশ করেন।[1] এদিকে স্কুল কমিটির প্রেসিডেণ্ট ও জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট মিঃ বার্টলী সাহেব স্কুল কমিটির এক সভা আহ্বান করেন। ঐ সভায় স্থির হয় যে, ১৮ জন ছাত্রকে লইয়া এক সেক্‌সন আরম্ভ করা যাইতে পারে; কিন্তু তাহাদিগের প্রত্যেককে ৪৲ চারি টাকা মাসিক বেতন দিতে হইবে। ঐ বেতনের টাকা হইতে নূতন শিক্ষকের বেতন, বেঞ্চ, চেয়ার ইত্যাদির খরচ যোগাইতে[2] হইবে। সাধারণতঃ প্রথম শ্রেণীর ছাত্রবেতন ২॥০। ৪৲ চারি টাকা মাসিক ছাত্রবেতন দিতে হইবে শুনিয়া ছাত্রগণের মধ্যে কেহ কেহ স্কুল পরিত্যাগ করিয়াছে, কেহ কেহ অন্যত্র গিয়া স্কুলে অধ্যয়ন করিতেছে।

গত ২৯শে জুন তারিখে শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র ধর, দেবেন্দ্রচন্দ্র মজুমদার ও কৈলাসচন্দ্র মজুমদার মহাশয় নারায়ণগঞ্জ স্কুল কমিটীর প্রেসিডেণ্ট সাহেবকে এক দরখাস্ত দ্বারা অবগত করাইলেন যে ৪৲ টাকা মাসিক ছাত্রবেতন দিতে হইবে শুনিয়া কতক ছাত্র শিক্ষার আশা পরিত্যাগ করিয়াছে, কতক ছাত্র অন্যত্র গমন করিয়া স্কুলে ভর্ত্তি হইয়াছে. অবশিষ্ট ৩ জন ছাত্রকে ভর্ত্তি করিবার জন্য আদেশ করুন।

তাঁহার পত্র পাঠ করি। আমরা বুঝিলাম, মিঃ ষ্টেপল্‌টন এইরূপ লিখিত হুকুম দিয়াছেন যে মেট্রিকুলেসন ক্লাসে ৩০ জনের বেশী ছাত্র রাখিতে পারিবে না। নারায়ণগঞ্জের প্রতিনিধি[3] স্থানীয় অধিবাসিগণ ছাত্রদের শিক্ষার উপায় করিয়া দিবার জন্য বিভাগীয় কমিশনারের দ্বারে নিবেদন করিলে, কমিশনার বলিলেন, মিঃ ষ্টেপল্‌টনের নিকট নিবেদন কর। মিঃ ষ্টেপল্‌টনের নিকট নিবেদন করাতে তিনি প্রার্থনা পূর্ণ করিতে অস্বীকার করেন। অবশেষে নারায়ণগঞ্জের প্রতিনিধিগণ লাট[4] ও বিশ্ববিদ্যালয়ের ভাইস-চেন্সেলারের শরণাগত হন। ভাইস-চেন্সেলার মেট্রিকুলেসন ক্লাসে আর একটী শ্রেণী খুলিয়া অনুত্তীর্ণ ছাত্রদের পাঠের সুবিধা করিয়া দিতে অনুমতি দিয়াছেন। মিঃ ষ্টেপল্‌টন অনুমতি দিতে অস্বীকার করিয়াছিলেন। ভাইস চেন্সেলার সেই অনুমতি প্রদান করিয়া ছাত্রদের কল্যাণ করিয়াছেন। মিঃ ষ্টেপল্‌টনের মান রহিল কোথায়?[5]

নারায়ণগঞ্জ স্কুল কমিটি ভাইস চেন্সেলারের অনুমতি পাইয়া মেট্রিকুলেসন ক্লাসে আর একটী শ্রেণী খুলিবার ব্যবস্থা করিয়াছেন কিন্তু সেই শ্রেণীর ছাত্রদের বেতন নিয়মিত ২॥০ টাকার স্থলে ৪৲ টাকা নির্দ্ধারণ করাতে অনেকেই নারায়ণগঞ্জ স্কুলে ভর্ত্তি হইতে পারে নাই।

[1] Disappointed them.
[2] To meet, to supply.
[3] Representative.
[4] The Gorernor, who is the Rector of the Calcutta University.
[5] What has become of his prestige?

পূর্ব্ব বাঙ্গালার শিক্ষা বিভাগে অরাজকতা[1] উপস্থিত হইয়াছে। গবর্ণমেণ্ট অবিলম্বে শান্তি ও ন্যায়ের রাজত্ব সংস্থাপন করিতে চেষ্টা করুন।

[1] Anarchy.

ভারতসচিবের কাউন্সিল সংস্কার আইন।

The Bill for reforming the Council of the Secretary of State for India.

লর্ড কর্জ্জন বড় খাপ্পা[1] হইয়াছেন। ভারতসচিবের কাউন্সিলে সিবিলিয়ানের সংখ্যা হ্রাস হইবে এবং দুইজন ভারতবাসীকে গ্রহণ করা হইবে, এইরূপ বিধি দেখিয়া লর্ড কর্জ্জন বিল খানি অগ্রাহ্য করিবার জন্য সুদীর্ঘ বক্তৃতা করিয়াছেন। তিনি বলিয়াছেন, ভূতপূর্ব্ব সহকারী সচিব[2] মিঃ মণ্টেগু দ্বারাই এই পাণ্ডুলিপি[3] রচিত হইয়াছে। মিঃ মণ্টেগু তদুত্তরে লিখিয়াছেন, এই পাণ্ডুলিপি প্রণয়নে আমি যে সাহায্য করিয়াছি, তজ্জন্য আমি বিন্দুমাত্র লজ্জিত নই। অর্দ্ধ শতাব্দী পূর্ব্বকার যে আইন পাষাণীভূত[4] হইয়া আছে তাহা বর্ত্তমান অবস্থার উপযোগী[5] করাই আমার লক্ষ্য, তাহা ধ্বংস করা বা আমার খেয়াল তৃপ্তি করা উদ্দেশ্য নহে। ভারত গবর্ণমেণ্ট ভারত শাসন করেন এবং ভারতসচিবের কাউন্সিল ইংলণ্ডে থাকিয়া তাহাকে নিয়মানুগত করিয়া রাখেন। এই উভয়ের মধ্যে সহানুভূতির[6] অভাব ঘটিলে মহা বিপদের আশঙ্কা আছে। ভারতসচিব ভারতের শাসননীতি নির্দ্ধারণ ও ভারতগবর্ণমেণ্টের কার্য্যাকার্য্য[7] পরীক্ষা করিয়া থাকেন এই জন্য যে সহানুভূতির অভাব দৃষ্ট হয় তাহা নয়। কিন্তু ভারতসচিবের কাউন্সিলের নিয়মানুসারে কার্য্য সম্পাদনে অযথা বিলম্ব ঘটিয়া থাকে এবং ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়ে অন্যায় রকমে হস্তক্ষেপ[8] করা হইয়া থাকে, এই জন্যই সহানুভূতির অভাব হইতেছে। ইণ্ডিয়া কাউন্সিলের সভ্যগণ ভারতবর্ষে থাকিতে যে অভ্যাস উপার্জ্জন করিয়াছেন, সেই অভ্যাসের বশবর্ত্তী হইয়া ভারত গবর্ণমেণ্টের ক্ষুদ্র ক্ষুদ্র কার্য্যে অযথা[9] হস্তক্ষেপ করিয়া থাকেন, সেই জন্যই সহানুভূতির অভাব দৃষ্ট হইতেছে। ভারতসচিব তাহার

[1] A. *khafā :* angry.
[2] Formerly Under-Secretary of State.
[3] Draft, lit. sketch-paper, 'pale-writing,' so called probably because formerly drafts used to be written with chalk on a board.
[4] Petrified, fossilised, (*pāsāṇi*, stone).
[5] Adapted to present conditions.
[6] *Saha-anu-bhūti :* mutual understanding, sympathy.
[7] *Kāryya-akāryya :* things that should be done and things that should not be done.
[8] Interference.
[9] Improper, unnecessary.

জন্য দায়ী নহেন। সেই জন্য অপেক্ষাকৃত[1] অল্প সংখ্যক ও আধুনিক অবস্থাভিজ্ঞ[2] লোক লইয়া দ্রুত ও অবস্থানুযায়ী কার্য্য করিবার জন্য নূতন কাউন্সিল গঠন করিবার প্রস্তাব করা হইয়াছে।

ভারতসচিবের কাউন্সিল বিল সম্বন্ধে লর্ড সভার বৈরভাব[3] দেখিয়া লণ্ডনবাসী অনেক প্রসিদ্ধ ভারতপ্রত্যাগত ইংরেজ ও ভারতবাসী অত্যন্ত চিন্তাকুল হইয়াছেন। তাঁহারা বলিতেছেন, ভারতসচিবের কাউন্সিলের যে পরিবর্ত্তন প্রস্তাব করা হইয়াছে, তাহা অতি সামান্য[4]। লর্ড কর্জ্জন বলিয়াছেন, ভারতগবর্ণমেণ্টের সহিত পরামর্শ না করিয়াই এই পাণ্ডুলিপি প্রণয়ন করা হইয়াছে। ইহা সত্য নহে। ভারতগবর্ণমেণ্ট ২ জন ভারতবাসীকে নির্ব্বাচন করিতে সম্মতি দিয়াছেন। যদি ৩ জন নির্ব্বাচনের প্রস্তাব করা হইত, তাহাতেও আপত্তি করিতেন না। ভারতগবর্ণমেণ্টের অধীনে যে সমুদয় ভারতবাসী কর্ম্ম করিয়াছেন, তাঁহাদের মধ্যে বহু প্রসিদ্ধ লোক ভারতসচিবের কাউন্সিল সংশোধনের জন্য যে সকল প্রস্তাব করিয়াছিলেন, তাহার মধ্যে অতি সামান্য কয়েকটী প্রস্তাব ক্ষুদ্রাকারে গ্রহণ করা হইয়াছে।

জাতীয় মহাসমিতির প্রতিনিধিরূপে[5] যাঁহারা ইংলণ্ডে গমন করিয়াছেন, তাঁহারাও লর্ড সভার বিপক্ষতাচরণ দর্শনে ব্যথিত হইয়া লিখিয়াছেন, যদিও পাণ্ডুলিপি আমাদের মনোমত হয় নাই, তথাপি যদি ইহা পরিত্যক্ত হয়, তবে ভারতের নিয়মতন্ত্রাবলম্বী[6] দলের শক্তি খর্ব্ব হইবে। ভারতবাসী নিরাশ হইবে।

ভারতপ্রবাসী ইংরেজগণ পাণ্ডুলিপির বিরুদ্ধাচরণ করিতে আরম্ভ করিয়াছেন। দুইজন ভারতবাসীকে নির্ব্বাচিত করা হইবে, এই প্রস্তাবে তাঁহারা প্রচণ্ডমূর্ত্তি ধারণ করিয়া লর্ড কর্জ্জনকে মুরুব্বি[7] ধরিয়াছেন। লর্ড কর্জ্জন তাঁহাদের পক্ষ অবলম্বন করিয়া খুব লড়াই করিতে আরম্ভ করিয়াছেন। ভারতবাসীর যাহাতে ভাল হয়, ভারতপ্রবাসী ইংরেজেরা তাহা সহিতে পারেন না। ইহা তাঁহাদের পক্ষে ভাল নয়। যাহাদের দেশে বাস করেন, যাহাদের অর্থ লইয়া বড়মানুষী করেন, যাহাদের সাহায্য না হইলে এদেশে একদিনও কারবার[8] করিতে পারেন না, তাহাদের হিত দেখাই ইংরেজদের কর্ত্তব্য। দুঃখের বিষয় এই যে এই সহজ কথাটা তাঁহারা ভুলিয়া যান।

[1] Comparatively.
[2] *Avasthā-abhi-jña* : knowing the circumstances of modern times.
[3] *Vaira-bhāv* : hostile attitude.
[4] Very trifling.
[5] As representatives of the "National Congress."
[6] Moderation-policy-acceptors, moderate party.
[7] A. *murabbi* : protector, patron.
[8] Business.

ভারতবাসীর যাহা প্রাপ্য ভারতসচিব তাহার এক কণা[1] দিবার জন্য প্রস্তুত হইয়াছেন আর লর্ড কর্জ্জনের ন্যায় লর্ড সভার উন্নতিবিরোধী সভ্যগণ ও ভারতের অন্নে প্রতিপালিত ও পরিপুষ্ট ইংরেজ বণিককুল তাহাতে প্রতিবাদী হইয়াছেন। এই বিবাদের মীমাংসা কিরূপে হইবে, তাহা জানি না। ভারতবর্ষ ব্রিটিশ সাম্রাজ্যের এক প্রধান অঙ্গ, ব্রিটিশ সাম্রাজ্যের অন্য দেশের লোক যে অধিকার সম্ভোগ করে, ভারতবাসী ঠিক সেই অধিকার পাইতে চায়। এই অধিকার দিতে হইবে। লর্ড সভা ও ভারতের অন্নপুষ্ট ইংরেজেরা তাহার বিরোধী হইতে পারেন, কিন্তু ভারতবাসী এই অধিকার নিশ্চয়ই পাইবে। যাহা ন্যায় তাহার জয় অবশ্যই হইবে।

[1] Particle.

বালিকাগুলি মরে কেন?

Why do our girls die?

স্নেহলতার বলিদানের পর,[1] অনেক গুলি বালিকা অগ্নিকুণ্ডে[2] আত্মাহুতি[3] প্রদান করিয়াছে। কেহ কেহ বলিতেছেন বালিকাগুলি আত্মহত্যা করিতেছে কেন? দধীচি[3] আত্মহত্যা করিয়াছিলেন কেন? অসুরের উৎপাতে দেবগণ রাজ্যভ্রষ্ট[4] হইয়া বনে জঙ্গলে দীনবেশে[5] ভ্রমণ করিতেছিলেন, তাঁহাদের পত্নীগণ লাঞ্ছিত হইতেছিলেন ধর্ম্মের গ্লানি ও পাপের প্রচণ্ড প্রাদুর্ভাবে জগৎ আর্ত্তনাদ করিতেছিল; দেবগণকে অসুরবধে অসমর্থ ও নিশ্চেষ্ট দেখিয়া দধীচি আত্মবলিদান[6] করিতে বাধ্য হইয়াছিলেন। এই আত্মবলিদানে দেবগণের নিদ্রিত শক্তি জাগিয়া উঠিয়াছিল এবং পাপের বিনাশ হইয়াছিল।

পাপের প্রাদুর্ভাব ও ধর্ম্মের গ্লানি যখনই হয়, তখনই দেখি কতকগুলি লোক আত্মপ্রাণ বিসর্জ্জন করিয়া পাপের ভীষণতার[7] প্রতি লোকের দৃষ্টি আকর্ষণ করিয়া থাকেন। ইহা কেবল পুরাণের কথা নয়, ইহা ইতিহাসেরও কথা। তবে কেন বলিতেছ বালিকাগুলি মরে কেন?

[1] After the sacrifice of Snēhalatā. (This was a poor girl who committed suicide because an excessive dower was asked for her.)
[2] On the fiery altar.
[3] *Ātma-āhuti*: self-oblation.
[3] Dadhyanc or Dadhici was a sage who devoted himself to death in order that Indra and the gods might be armed with his bones as more effective weapons than thunderbolts for the destruction of Vṛtra and the demons.
[4] *Rājya-bhraṣṭa*: deprived of kingdom.
[5] In poor clothing.
[6] Self-sacrifice.
[7] Fearfulness, horror.

বর্ত্তমানকালে ধর্ম্মের যে মহা গ্লানি হইয়াছে, পাপ যে প্রচণ্ড মূর্ত্তি ধারণ[1] করিয়া ধর্ম্মকে গ্রাস করিতেছে, তাইত[2] আত্মবলিদান আরম্ভ হইয়াছে। পাপ প্রবল হইলে জগতে যুগে যুগে[3] যাহা হইয়াছে, বঙ্গদেশে তাহাই হইতেছে। ৭।৮ জন বালিকা রক্তদান[4] করিয়াছে, এত রক্তেও যখন পাপ বিনষ্ট হইল না, তখন আরও রক্তপাত হইবে। যাহারা রক্তদান করিতেছে, নিন্দা বা পরুষ বাক্য তাহাদিগকে স্পর্শ করিতে পারিবে না।

বালিকারা আত্মহত্যা করিয়া নরকে যাইতেছে, এইরূপ কঠোর বাক্য[5] প্রয়োগ না করিয়া তাহারা দগ্ধ হইয়া আত্মহত্যা করিতেছে, সেই তাপ[6] দূর করিবার জন্য প্রতিজ্ঞাবদ্ধ[7] হওয়াই কি মানুষের কার্য্য নয়?

বালিকাদের নিন্দা করা হইতেছে কিন্তু সমাজের মধ্যে পাপ যে ভয়ঙ্কর হইয়া উঠিয়াছে, কৈ[8] সে পাপ দমনের জন্য চেষ্টা কোথায়?

হুগলীর অন্তর্গত মাকালপুর হইতে বাবু নিবারণ চন্দ্র ঘটক বেঙ্গলীতে[9] লিখিয়াছেন, বাঁকুড়ার সবজজ বাবু বৈদ্যনাথ ঘটক তাঁহার পুত্রের সহিত হাবিচার বাবু যোগেন্দ্র নাথ মুখোপাধ্যায়ের কন্যার বিবাহ দিয়া ৩,০০০৲ তিন হাজার টাকা গ্রহণ করিয়াছেন। তিনি এতগুলি টাকা লইয়াও তৃপ্ত[10] হন নাই। যোগেন্দ্র বাবুর নিকট এক খানা বাইসাইকেলের জন্য তাগিদ[11] দিয়াছেন।

নিবারণ বাবুর পত্রখানা ২০এ জুনের বেঙ্গলীতে প্রকাশিত হইয়াছে। তাহার পর ১৯ দিন গত হইল, বাঁকুড়ার সবজজ ঐ পত্রোল্লিখিত বিষয়ের প্রতিবাদ[12] করেন নাই। সুতরাং আমাদের ইহা স্বীকার করিতে হইবে যে সবজজ বাবু বৈদ্যনাথ ঘটক সত্য সত্যই পুত্রের বিবাহ দিয়া ৩,০০০৲ টাকা আত্মসাৎ[13] করিয়াছেন এবং একখানি বাইসাইকেলের দাবী[14] এখনও করিতেছেন।

বৈদ্যনাথ বাবু একজন সবজজ সুতরাং তাহাকে শিক্ষিত বলিয়া ধরিয়া লইতে হইবে[15]। তিনি সবজজ সুতরাং তিনি যে দরিদ্র নহেন তাহাও স্বীকার করিতে হইবে। তিনি সবজজ সুতরাং তিনি যে সম্মানিত লোক

[1] Assuming terrible form.
[2] That is why.
[3] In age after age. (*Vīpsā* of succession.)
[4] Gift of (their) blood.
[5] Cruel expressions.
[6] Heat, pain.
[7] Bound by vow.
[8] Where?
[9] In the "Bengalee."
[10] Satisfied.
[11] Reminder. (A *tākīd*).
[12] Rejoinder.
[13] Appropriation.
[14] A-*d'awi*, claim.
[15] We must accept him as.

তাহারও কোন সন্দেহ নাই। এই সম্মানিত, শিক্ষিত ও স্বচ্ছল[1] অবস্থাপন্ন লোক তাঁহার পুত্রের শ্বশুরকে ক্লেশ দিয়া ৩ হাজার টাকা আদায় করিয়াছেন। এদেশে এইরূপ শিক্ষিত, সম্মানিত ও স্বচ্ছল অবস্থাপন্ন শত শত ব্যক্তি ভদ্রলোকদিগকে সর্ব্বস্বান্ত[2] করিতেছে। পিতৃভক্ত কন্যাগণ পিতার এই দুঃখ কোন্ প্রাণে সহ্য করিবে?

কন্যাদের পিতৃভক্তি থাকা উচিত; ইহা সর্ব্ববাদিসম্মত[3]। যাঁহারা স্নেহলতার আত্মবিসর্জ্জনকে পাপ কার্য্য মনে করিয়া শত মুখে তাহার নিন্দা করিতেছেন, তাঁহারাও স্বীকার করিবেন, কন্যাদের পিতৃভক্ত হওয়া উচিত। পিতৃভক্ত কন্যা দেখিতেছে, তাহার বিবাহের জন্য পিতা বাস্তু-ভিটা[4] বিক্রয় করিয়া পথের কাঙ্গাল[5] হইতেছেন; কন্যাকে সুখী করিবার জন্য আপনি সর্ব্বস্বান্ত হইতেছেন। তখন কন্যার প্রাণে কি ক্লেশ হয় না? তখন তাহার প্রাণে কি এই ইচ্ছার উদয় হয় না, আমি মরিলে যদি পিতার মাথা রাখিবার জায়গাটুকু[6] থাকে, তবে আমার মরাইত ভাল। কন্যা যদি শিক্ষিতা ও বয়স্থা[7] হইত, তবে সে বলিত, ' বাবা! আমার জন্য আপনি পথের ভিখারী হইবেন, আমি তাহা সহিতে পারি না। আমি চিরজীবন ব্রহ্মচারিণী[8] হইয়া থাকিব, আমার বিবাহের জন্য আপনি চিন্তা করিবেন না।" কিন্তু বঙ্গে সেদিন এখনও আসে নাই। এখন ১৩। ১৪ বৎসরের বালিকারা পিতার কষ্ট বুঝিতে পারে, সে কষ্ট দেখিয়া নীরবে দগ্ধ হয়, কিন্তু মুখ ফুটিয়া[9] পিতাকে কিছু বলিতে পারে না। তাহারা মনের ক্লেশ মনে চাপিয়া[10] রাখিয়া পিতাকে রক্ষা করিবার জন্য আত্ম-বলিদান করাই শ্রেয়ঃ[11] মনে করে।

যদি পণপ্রথা[12] রহিত না হয়, তবে এইরূপ আত্ম-বলিদান আরও অনেক হইবে। কেহই তাহা নিবারণ করিতে পারিবে না। বালিকাদের প্রাণে পিতৃভক্তি যতদিন থাকিবে, পিতার বিষণ্ণ মুখ দেখিয়া যতদিন কন্যার প্রাণ দগ্ধ হইবে, ততদিন এই আত্মবিসর্জ্জন কেহই বন্ধ করিতে পারিবে না।

দিনাজপুরের উকীল বাবু নিত্যদাচরণ সেনের অবস্থা মন্দ নহে। তিনি অনায়াসে পণ দিতে পারিতেন। তাঁহার কন্যা আত্মহত্যা করিয়াছে।

1 Solvent, lit. master of his own actions.
2 *Sarvva-sva-anta*: at the end of all property, ruined.
3 *Sarvva-vādi-sammata*: universally acknowledged.
4 Homestead-site.
5 A way-side beggar.
6 A little place.
7 Properly *vayaḥ-sthā*: of mature age, or *vayaḥ-prāptā*.
8 *Brahma-cārī*: one engaged in austerities, a celibate.
9 Opening their mouths.
10 Compressing, repressing.
11 Preferable.
12 *Paṇ-prathā*: dower-custom.

বালিকাদেরও আত্মসম্মান বুদ্ধি[1] জাগিতেছে। তাহারা দেখিতেছে, টাকা না দিলে কেহ তাহাদিগকে বিবাহ করিতে চায় না। নারী কি এতই অধম যে টাকা না দিলে কেহ তাহাদিগকে বিবাহ করিবে না। এই ঘৃণা, এই ধিক্কার, এই আত্মগরিমা[2] তাহাদের প্রাণে জাগিয়া উঠিতেছে। যে যুবক টাকা না পাইলে বিবাহ করিতে ইচ্ছুক নহে, এমন ঘৃণ্য জীবকে সুশীলা[3] বালিকারা বিবাহ করিতে প্রস্তুত হইবে কেন? এমন জীবকে বিবাহ করা অপেক্ষা তাহারা মৃত্যুকেই শ্রেয়ঃ জ্ঞান করে। এই আত্মবোধের[4] যত বিকাশ হইবে, ততই স্বচ্ছল অবস্থাপন্ন ভদ্র ঘরের কন্যাগণও অধিকতররূপে পণগ্রাহী পাত্রের হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য প্রাণ বিসর্জ্জন[5] করিবে।

কন্যাদের পিতৃভক্তি স্বাভাবিক; তাহাদের সম্মানবোধ থাকাও স্বাভাবিক! বাঙ্গলা দেশের কন্যাদের প্রাণ হইতে এই দুই স্বাভাবিক বৃত্তি যদি নষ্ট করিয়া দেওয়া সম্ভব না হয় তবে পণগ্রাহী পাত্রের উৎপাত হইতে রক্ষা পাইবার জন্য তাহারা আরও অধিকসংখ্যক জীবনাহুতি প্রদান করিবে।

৭। ৮টি বালিকার রক্তপাত দেখিয়াও দেশ জাগিতেছে না, ইহাতেই বড় মর্ম্মবেদনা অনুভব করিতেছি। এতগুলি বালিকার রক্তপাত দেখিয়া বঙ্গের প্রত্যেক যুবকের প্রতিজ্ঞা করা উচিত ছিল, আমার জন্মভূমিকে মহা কলঙ্ক হইতে উদ্ধার করিব। প্রত্যেক পিতামাতার এই অমোঘ[6] সঙ্কল্প করা উচিত ছিল, আমরা পণ গ্রহণ করিয়া কুলের কলঙ্ক হইব না। বঙ্গের প্রতি পুরুষ ও প্রতি নারী, প্রতি যুবক ও প্রতি যুবতীর প্রাণ হইতে এই ধ্বনি[7] উত্থিত হওয়া উচিত ছিল, যতদিন ধর্ম্মের গ্লানি ও অধর্ম্মের অভ্যুত্থান হইবে ততদিন আমাদের হৃদয়ের শক্তি ও দেহের বল এই মহাপাপের বিনাশ-সাধনে অবিরাম প্রয়োগ করিব।[8]

পাপ যে প্রবল হইতেছে, তাহা দেখিয়া কাহারও প্রাণে ক্লেশ হইতেছে না, পাপ দমনের জন্য যাহারা আপনার প্রাণ বিসর্জ্জন করিতেছে, তাহা-দিগকে অভিশাপ[9] করিয়া পুরুষত্বের পরিচয় প্রদান করা হইতেছে।

সমাজের কলঙ্ক ও কুলের কলঙ্ক দেখিয়া যাঁহাদের প্রাণে ক্লেশ হইতেছে, তাঁহারা সমবেত হউন। তাঁহারা সমাজ ও কুল নিষ্কলঙ্ক করিবার জন্য একপ্রাণ একমন হইয়া কার্য্য করিতে প্রবৃত্ত হউন।

[1] Sense of self-respect.
[2] Lit. self-greatness; belief that they are not insignificant.
[3] Gentle, gracious.
[4] Self-knowledge.
[5] Life-shedding.
[6] *A-mogh*: unfailing, unalterable.
[7] Cry.
[8] Will incessantly employ.
[9] Imprecation, curse.

কাশীতে ভীষণ কাণ্ড।

A Terrible Affair at Benares.

অন্নপূর্ণার মন্দিরে পাণ্ডাদের লাঠির আঘাতে স্ত্রীলোক আহত।

A woman wounded by blows of the sticks of pilgrim-brokers at the temple of Anna-pūrṇā.

অদ্য ২৮এ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার প্রাতে ৭। ৮টার সময় অনুমান চল্লিশ পঁয়তাল্লিশ বর্ষের একটী অনাথা নিরাশ্রয়া স্ত্রীলোক, বিশ্বনাথ[1] অন্নপূর্ণা[2] দর্শন করিবার অভিপ্রায়ে যাত্রা করেন; স্ত্রীলোকটী বিশ্বনাথ দর্শন করিয়া অন্নপূর্ণার বাড়ীতে আসিয়া পূজাদি শেষ করিয়া মার মন্দিরের মধ্যে বসিয়া জপ করিতে থাকেন[3]। এমন সময় এক জন পাণ্ডা[4] আসিয়া স্ত্রীলোকটীকে তথা হইতে উঠিয়া যাইতে বার বার[5] বলিতে থাকে। স্ত্রীলোকটী পাণ্ডার কথামত কার্য্য করেন না. বরং জিদের সঙ্গে[6] বলিলেন যে, "আমি উঠিয়া যাইব কেন? মার মন্দিরে সকলেরই সমান অধিকার।" তখন পাণ্ডা রাগিয়া স্ত্রীলোকটীর হস্ত ধারণ করিয়া টানিয়া মন্দিরের বাহিরে লইয়া যাইতেছিল সেই সময়ে আর একজন পাণ্ডা আসিয়া লাঠিদ্বারা স্ত্রীলোকটীর মস্তকে এমন এক জোরে আঘাত করে যে তাহাতে তাঁহার মস্তক ফাটিয়া রক্ত পড়িতে থাকে। তখন স্ত্রীলোকটী অন্নপূর্ণার বাড়ীর মোহান্ত শিবনাথ পুরীর নিকটে গিয়া তাঁহার চরণে আশ্রয় লয়; মোহান্ত উঁহাকে দেখিয়াই তৎক্ষণাৎ "গদি" ছাড়িয়া সরিয়া পড়েন।[7] তখন আরও দুই চারি জন পাণ্ডা আসিয়া স্ত্রীলোকটীকে লাঠিদ্বারা পৃষ্ঠে, কোমরে, হাটুতে ও পায়ে গুরুতর আঘাত করে। সেই আঘাতেই স্ত্রীলোকটী মূর্চ্ছিতা হইয়া ভূতলশায়িনী[8] হন। তখন পাণ্ডারা ভয়ে ভয়ে সাজ্যাতিক আঘাত প্রাপ্তা সেই মূর্চ্ছিতা স্ত্রীলোকটীকে শীঘ্র শীঘ্র ধরাধরি[9] করিয়া দোতালায়[10] লইয়া যায় এবং একটী গৃহের মধ্যে তাঁহাকে আবদ্ধ করিয়া রাখে। সর্ব্বসাধারণের সম্মুখে দিনের বেলায় এইরূপ লোমহর্ষণ[11] অত্যাচার

[1] *Viśva-nāth*: Lord of the universe, a name of Śiva.
[2] *Anna-pūrṇā*: 'full of food,' "a name of Durgā, worshipped for her power of giving food. *cf.* the Roman Anna Perenna."
[3] Was telling her rosary.
[4] *Pāṇḍā*: canvasser for pilgrims.
[5] Again and again.
[6] With obstinacy.
[7] Hastily went out.
[8] *Bhū-tala-śāyinī*: lying prone on the ground.
[9] *Dharā-dhari*, mutually holding her, all holding her.
[10] On the second storey.
[11] *Loma-harṣaṇ*: causing horripilation, terrifying.

অন্নপূর্ণার বাড়ীতে ঘটিয়াছিল বলিয়াই ক্রমে এই সংবাদ আমি শুনিতে পাইয়া, সেই মুহূর্ত্তেই অন্নপূর্ণার বাড়ীতে গমন করি এবং মোহান্ত শিবপুরীর নিকট এই ব্যাপার সত্য কি না তাহা জিজ্ঞাসা করি। উত্তরে মোহান্তজী বলিলেন— "একজন যাত্রীওয়ালা[1] (পাণ্ডাবিশেষ) একটী স্ত্রীলোককে সামান্য একটু আঘাত করিয়াছিল, সে স্ত্রীলোকটী এখন এ বাড়ীতে নাই।" আমি কিন্তু মোহান্তজীর কথা বিশ্বাস না করিয়া একটু অনুসন্ধানেই জানিলাম যে, সেই স্ত্রীলোকটী বাস্তবিকই সাজ্ঘাতিকরূপে[2] আহত হইয়া উপরের কোন ঘরে আবদ্ধা আছেন। তখন আমি কি করি, কিছুই বুঝিতে না পারিয়া অবশেষে থানার দিকে যাইতে লাগিলাম। পথে কয়েকজন সংস্কৃত বিদ্যার্থীকে দেখিয়া তাঁহাদের নিকট ঘটনার বিষয় বলিলাম এবং তাঁহাদিগকে সেই স্ত্রীলোকটীর অনুসন্ধান করিতে বলিয়া আমি থানায় সংবাদ দিতে চলিলাম; কিন্তু থানার নিকটে যাইয়া যখন বুঝিলাম যে, পুলিশে সংবাদ দিলে যদি পুলিশ যাইয়া তাঁহাকে না পায় তবে হয়তো আমাকেই বিপদে পড়িতে হইবে। এজন্য তখন থানায় না যাইয়া অন্নপূর্ণার বাড়ীর দিকে আবার চলিলাম, পথে আরও দুই তিনটী ভদ্রলোককে পাইয়া তাঁহাদিগকে সঙ্গে করিয়া আমি পুনরায় অন্নপূর্ণার বাড়ীর মধ্যে প্রবেশ করিলাম। যাইয়া দেখি যে, স্ত্রীলোকটীকে তখন সেই বিদ্যার্থীরা অনুসন্ধান করিয়া উপরের ঘর হইতে নীচে নামাইয়াছেন এবং তাঁহার গায়ের রক্ত ধুইয়া পরিধেয় বস্ত্র[3] পরিষ্কার করিয়া, তাঁহাকে ঘেরিয়া, তাঁহার সেবাশুশ্রূষা করিতেছেন। তখন আমি সেই মোহান্তকে ও পাণ্ডাদিগকে ভর্ৎসনা করিয়া, থানায় সংবাদ দিতে চলিলাম এবং থানায় যাইয়া দারোগাকে সমস্ত বিষয় বলিলাম। দারোগা সাহেব ঘটনা সমস্ত লিখিয়া লইয়া তৎক্ষণাৎ জমাদারকে হুকুম দিলেন যে, স্ত্রীলোকটীকে এই দণ্ডেই পাল্কীতে করিয়া লইয়া আইস। আমি এই আদেশ শুনিয়া সেই দণ্ডেই অন্নপূর্ণার বাড়ীতে যাইয়া স্ত্রীলোকটীর সেবাশুশ্রূষা করিতে লাগিলাম। ইতি মধ্যেই জমাদার আসিয়া পাল্কীতে করিয়া স্ত্রীলোকটীকে থানায় লইয়া গেল এবং শেষে দারোগা সাহেবের হুকুম মত স্ত্রীলোকটীকে স্থানীয় ভেলুপুরা হাস্পাতালে চিকিৎসার জন্য পাঠান হইল। কাশীতে এমন ঘটনা প্রায়ই ঘটে, এইরূপ রক্তারক্তি ব্যাপার না হইলেও যাত্রীদিগের উপর মারপিট এবং নানা প্রকারের অমানুষিক অত্যাচার[4] প্রায়ই বিশ্বনাথ, অন্নপূর্ণা ও কেদারের[5] বাড়ীতে অহরহ

[1] *Jātrī-wāllā* : conductor of pilgrims.

[2] Dangerously, in deadly fashion, from Sanhan to kill.

[3] Wearing apparel.

[4] Inhuman outrages.

[5] *I.e. Kedār-nāth* : 'moun-tain-lord,' a name of Śivā.

চলিতেছে। হিন্দুধর্ম্মাবলম্বী ব্যক্তিমাত্রেরই ইহার প্রতিকারের উপায় চিন্তা করিয়া তদনুসারে কার্য্য করা অবশ্য কর্ত্তব্য ইতি।

শ্রীললিতমোহন চট্টোপাধ্যায়,
মিত্র সমাজ সেবা সমিতির জনৈক সভ্য

৺ কাশীধাম।
২৯এ জ্যৈষ্ঠ, ১৩২১ সাল।

গত ৭ই আষাঢ় রবিবার স্থানীয় মিত্র সমাজ সেবা সমিতির চেষ্টায় বিশ্বেশ্বর থিয়েটার হলে[2] মন্দিরের পাণ্ডাদের অত্যাচার নিবারণ কল্পে[3] একটী বিরাট সভার অধিবেশন হয়।[4]

এই সভায় সহরের সমস্ত গণ্যমান্য ব্যক্তি উপস্থিত থাকিয়া একটী কমিটী গঠন করিয়াছেন ও তাঁহারাই যথাকর্ত্তব্য[5] স্থির করিবেন।

এখন আশা করা যায় পাণ্ডাদের অত্যাচারের কিছু উপশম হইবে। এই ব্যাপারে স্থানীয় মিত্র সমাজ[6] সেবাসমিতির সভ্যেরা বিশেষ ধন্যবাদের পাত্র[7]। তাঁহাদের চেষ্টায় স্ত্রীলোকটীর উদ্ধার হইয়াছে। আঘাত প্রাপ্তা স্ত্রীলোকটী এখন পর্য্যন্ত মিত্র সমাজের তত্ত্বাবধানে হাঁসপাতালে আছে। দুঃখের বিষয় স্থানীয় বহু লোকেই পাণ্ডাবেশধারী গুণ্ডাদের[8] ঐ কার্য্যের বিপক্ষে কথা বলিতে ভীত হইয়া পশ্চাৎপদ[9] হইয়াছেন। এমন কি যাঁহারা স্বচক্ষে দেখিয়াছেন তাঁহারা আদালতে সাক্ষিরূপে হাজির হইতে ভীত হইতেছেন। কিন্তু মিত্র সমাজ সেবাসমিতির সভ্যেরা নির্ভয়ে পরের উপকারার্থে গুণ্ডাদের লাঠি খাইতেও[10] প্রস্তুত হইয়া এই কার্য্য করিতেছে।

শ্রীমণীন্দ্রনাথ মুখোপাধ্যায়,
৺ কাশীধাম।

1 A member of the sevā samiti or society for social service.
2 Theatre Hall.
3 With a view to stop the oppressions.
4 There was gathered a large assemblage.
5 What is to be done.
6 Mitra-Samāj : Society of Friends.
7 Are to be congratulated.
8 Ruffians in the garb of *pandas* or pilgrim conductors.
9 *Paścāt-pad* : stepping back.
10 *Lāṭhi-khāte* lit 'to eat sticks,' to accept a drubbing.

আসামের পত্র।

A letter from Assam.

১। জুন মাসের মধ্যভাগে কয়েক দিন ক্রমাগত অতি বৃষ্টি হওয়ায় ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ের গৌহাটী ব্রাঞ্চের[1] কতিপয় স্থানে রেল রাস্তা এরূপ ভাবে নষ্ট হইয়াছে যে প্রায় ৫।৬ মাইল যাতায়াতের অনুপযোগী[2] হইয়াছে। বাসুগাও ও বঙ্গঠগাও ষ্টেশনের মধ্যে এখন গাড়ী চলা রহিত হইয়াছে। ৫।৬ মাইল রাস্তা রেলযাত্রীদিগকে এই দারুণ গরমের দিনে হাঁটিয়া আসিতে হয়[3]। এই সময়ে অম্বুবাচী[4] উপলক্ষে কলিকাতা প্রভৃতি অঞ্চল হইতে কামাখ্যা দর্শনোপলক্ষে[5] বহু যাত্রীর আগমন হইয়া থাকে। রেল রাস্তা ভগ্ন হওয়ার সংবাদ না জানিয়া যে সকল স্ত্রীলোকযাত্রী এবার ঐ পর্ব্বোপলক্ষে[6] কামাখ্যাতে আসিয়াছিল, তাঁহাদের কষ্টের একশেষ[7] হইয়াছে। রেল রাস্তা ভাঙ্গিয়া গিয়াছে—সুতরাং ৫।৬ মাইল হাঁটিয়া চলিতে হয় - এরূপ সংবাদ যাত্রীদিগকে জানাইয়া দিলে তাহারা সাবধান হইতে পারিত। ধুবড়ী[8] পর্য্যন্ত রেলে আসিয়া ধুবড়ী হইতে গৌহাটী জাহাজে আসিলে কোন কষ্ট হয় না। যাত্রীগণ পূর্ব্ব হইতে এই সংবাদটী পাইলে বুঝিয়া শুনিয়া আসিতে পারিত। শুনা যায়, ১ মাস কি তদধিক কাল মধ্যে এই রাস্তা মেরামত হইবে না। শিলং[9] মেল[10] সম্প্রতি আসাম বেঙ্গল রেল দিয়া আসিতেছে।[11]

[1] E. Branch.
[2] *An-upayogī* : un-fit, useless.
[3] Have to walk on foot, from হাঁটু, the knee.
[4] *Ambu-vācī* : lit. 'water-signifying' (Vac : Latin vox). The three days and 20 *dandas* in the month of Āsādh. This being the time when incessant rains begin, the world *(Pṛthivī)* is supposed to be in a state of feminine impurity. All husbandry is suspended. The famous hill-shrine of Kāmākhyā Devi near Gauhati is a scene of crowded pilgrimage. This shrine is peculiarly appropriate for the purpose, being connected with the legend of the dispersion of the members of Satī after the interruption of the sacrifice of Daksa, which has many local associations with the Assam Valley.
[5] *Darśana-upa-lakse* : for the purpose of visiting the goddess.
[6] *Ai parvva-upa-lakṣe* : with reference to that *parvva* or ceremonial.
[7] *Ek-śes*, : 'one-termination,' extremity.
[8] Dhubri, a steamar-station in the west of Assam.
[9] Shillong, the headquarters of the Assam Government.
[10] Mail.
[11] That is by way of the Surma Valley and Sylhet.

২। গবর্ণমেণ্ট চালিত[1] রেলওয়েতে যাত্রীদের নানা কষ্ট ও অসুবিধা। ইষ্টার্ণ বেঙ্গল রেলের গৌহাটী ব্রাঞ্চের ষ্টেশন গুলিতে আলোর বন্দোবস্ত অতিশয় নিন্দনীয়। জংসন[2] ষ্টেশনেও তদ্রূপ। লালমণির হাটে, কাউনিয়া ও বনারপাড়া জংসন ষ্টেশনে, রাত্রিতে যাত্রীদিগকে এক গাড়ী ছাড়িয়া অন্য গাড়ীতে আরোহণ করিতে হয়। কিন্তু আলোকস্তম্ভের[3] সংখ্যা কম থাকায় এবং যে গুলি আছে তাহার সকল গুলিও জ্বালা না হওয়ায় সময় সময় যাত্রীদিগকে মহা বিপদে পতিত হইতে হয়। এপ্রিল মাসের শেষভাগে আমি স্বয়ং ঐ লাইন দিয়া ঢাকায় যাইতেছিলাম বনারপাড়া ষ্টেশনে দেখিলাম আলোকস্তম্ভগুলির মধ্যে দুই একটী ছাড়া কোনটীতেই আলো জ্বালান হয় নাই। লালমণির হাট বৃহৎ ষ্টেশন, সেখানের অবস্থাও তদ্রূপ। পরিদর্শনকারী রেল কর্ম্মচারীরা এ সকল বিষয়ে কি দৃষ্টি দিবেন না?

৩। আসাম বেঙ্গল রেলওয়ের অনেক ষ্টেসনের বিশ্রামাগারে[4] এখন আর[5] দেশীয় যাত্রীদের প্রবেশাধিকার[6] নাই। পূর্ব্বে ঐ সকল বিশ্রামাগারের শীর্ষদেশে "প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যাত্রীদের বিশ্রামাগার" লেখা ছিল। এখন "ইউরোপীয়ানদের বিশ্রামাগার" হওয়ায় গৌহাটীর মতন বড় ষ্টেসনেও দেশীয় ভদ্রলোক কি ভদ্রমহিলার বিশ্রাম করিবার স্থান নাই। এরূপ বন্দোবস্তে "বর্ণপ্রাধান্য"[7] রক্ষিত হয় বটে, কিন্তু অসন্তোষ বৃদ্ধি না হইয়া যায় না।

৪। পোষ্ট আপিস গুলিতে বাজে খরচের[8] জন্য একটা বরাদ্দ[9] আছে। ঐ টাকা যে উদ্দেশ্যে প্রদত্ত হয় তাহা সম্পাদিত হয় না। পোষ্ট আপিসের কেরাণীরা লিখিবার জন্য দোয়াত কলম পর্য্যন্ত সর্ব্বত্র[10] পায় না। অতি বড় আপিসের জন্য মাসিক ৩৫৲ টাকা বাজে খরচের জন্য বরাদ্দ। ইহার মধ্যে ১০৲ টাকা কয়লার[11] জন্য। শীতের জায়গা বলিয়া ঐ টাকা শীতের সময় চিম্‌নী[12] জ্বালাইবার জন্য গ্রাণ্ট দেওয়া হয়। কিন্তু বৎসরে ২।১ দিন ছাড়া চিমনী বড় একটা জ্বলে না। যেদিন পোষ্ট মাষ্টার জেনারল[13] কিম্বা সুপারিন্টেণ্ডেণ্ট পরিদর্শন উপলক্ষে আপিসে পদার্পণ[14]

[1] Managed by Government.
[2] Junction.
[3] Lamp-post.
[4] *Viśrāma-āgār:* waiting-room.
[5] Any longer.
[6] *Pra-veśa-adhikār :* right of entry.
[7] "Colour-preference."
[8] Contingent expenditure.
[9] Sanctioned amount.
[10] *Sarvva-tra :* everywhere.
[11] Coal.
[12] "Chimney" *i.e.*, fireplace.
[13] Postmaster-General.
[14] *Pada-arpan :* foot-setting.

করেন, অনেক স্থলে কেবল সেই দিনই চিমনী জ্বলিয়া থাকে। যদি অপরাপর আপিসের ন্যায় বাজে খরচের টাকা ভাউচার[1] সহ বিল করিয়া আদায় করিবার প্রথা প্রচলিত হয়, তাহা হইলে এই কলঙ্ক নিবারিত হয়। তাহা হইলে কেরাণীদের কিছু লিখিবার প্রয়োজন হইলে দোয়াত কলমের জন্য দৌড়াদৌড় করিতে হয় না। আর কখনও উপরিস্থ কর্ম্মচারিগণ পূর্ব্বে খবর না দিয়া আপিস পরিদর্শন করিতে আসিলেই কয়লা খরচের টাকার সদ্ব্যয় হয় কিনা জানিতে পারেন।

৫। নেপালীরা আসামে দুগ্ধ ও ঘৃতের ব্যবসা করিয়া থাকে। ইহারা আসামের জঙ্গলে মহিষ পালন করে। এতদিন মহিষ জঙ্গলে চরাইবার জন্য গবর্ণমেণ্টকে মহিষ প্রতি এক টাকা খাজানা[2] দিতে হইত। সম্প্রতি গবর্ণমেণ্ট এই মহিষচারণ ফি এক টাকা স্থলে আট টাকা নির্দ্দিষ্ট করিয়াছেন। এজন্য আসামে দধি দুগ্ধের কারবারের হ্রাস হইবে ভাবিয়া সর্ব্বসাধারণ আতঙ্কিত[3] হইয়াছেন। গবর্ণমেণ্টের নূতন নিয়ম রহিত করা কর্ত্তব্য। ২৭এ জুন।

[1] Voucher.
[2] Rent, ; fee.
[3] *Ātaṅka* : alarm.

পাবনার পত্র।

A letter from Pabna.

পাবনায় বেশ্যার উপদ্রব।

The aggressions of prostitutes at Pabna.

বগুড়া, রংপুর প্রভৃতি স্থানে ন্যায়বান্ গবর্ণমেণ্টের চেষ্টায়, "দুর্নীতি-পরায়ণ গৃহ[1] সম্বন্ধীয় ১৯০৭ সালের ২ আইন" এর বিধানানুসারে সহর হইতে বেশ্যাগণ বিতাড়িত হইয়াছে। কিন্তু আমাদের এই পাবনা সহরে, সহরের ঠিক মধ্যভাগে এবং সম্ভ্রান্ত ভদ্রপল্লীর[2] মধ্যে বেশ্যাপল্লীর আয়তন দিন দিন বৃদ্ধি পাইতেছে। এডোয়ার্ড কলেজ বোর্ডিংএর ঠিক সম্মুখে এই বেশ্যাপল্লী, ইহার অপর দিকে অন্নদাগোবিন্দ পবলিক লাইব্রেরী, মহাকালী পাঠশালা হাস্পাতাল জেনানা হাস্পাতাল, টাউনহল প্রভৃতি। এই সাধারণ প্রতিষ্ঠান সমূহের কেন্দ্র স্থলে[3] ৮০।৮৫ জন বেশ্যার বাস। ইহারা প্রকাশ্য রাস্তার ধারে নানাপ্রকার হাব ভাব করিয়া,[4] নিরীহ[5] লোকদিগকে চিরনরকের[6]

[1] Disorderly houses.
[2] Respectable quarter.
[3] In the centre of these public institutions.
[4] Assuming various airs and graces.
[5] Peaceable : modest.
[6] *Cira-narak* : everlasting hell.

পথে আহ্বান করিতেছে। ইহারা সর্ব্বদা প্রকাশ্য রাস্তার ধারে কুৎসিৎ ব্যবহার কুৎসিৎ ইঙ্গিত করিয়া ভদ্রলোকদিগের পক্ষে ঐ সকল রাস্তা এক প্রকার অব্যবহার্য্য [1] করিয়া তুলিয়াছে সম্প্রতি সহরে চুরীর সংখ্যা যেরূপ বৃদ্ধি হইয়াছে. তাহারও অন্যতম [2] কারণ সম্ভবতঃ এই পল্লী। কারণ চোর প্রভৃতির একটি প্রধান আশ্রয় স্থান এই পল্লীতে হওয়াই সম্ভব।

সম্প্রতি স্থানীয় কয়েকটী সম্ভ্রান্ত ভদ্রলোক. কিছুতেই এই অত্যাচার সহ্য করা সঙ্গত নহে বিবেচনায় ম্যাজিষ্ট্রেটের নিকট ১৯০৭ সালের ২ আইন মতে উক্ত বেশ্যাগণের বাড়ী 'বেশ্যালয়" স্বরূপে ব্যবহার যাহাতে না হইতে পারে, তৎসম্বন্ধে দরখাস্ত করিয়াছেন। ম্যাজিষ্ট্রেট বাহাদুরও ঐ দরখাস্তের বৈধতা [3] সম্যক [4] উপলব্ধি [5] করিয়া উক্ত বেশ্যাগণের উপর ও তাহাদের ভূম্যধিকারিগণের [6] উপর নোটীশ জারী করিবার আদেশ দিয়াছেন এবং আগামী ৪ঠা জুলাই উক্ত মোকদ্দমার দিন ধার্য্য হইয়াছে। আমাদের বর্ত্তমান ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট রায় জি. সি. চ্যাটার্জ্জি [7] বাহাদুরের ন্যায় সর্ব্বজনপ্রিয়, স্থির ও অবিচলিতচিত্ত উচ্চ রাজকর্ম্মচারীর নিকট আমরা অনেক আশা করি। আমরা শুনিয়াছি, বগুড়া তাঁহারই কর্ত্তৃক এই দুর্নীতি হইতে রক্ষা হইয়াছে। আমরা উক্ত দরখাস্তের ফল জানিবার জন্য উদ্‌গ্রীব [8] রহিলাম।

আর একটী দৃষ্টান্ত : [9]—এই সকল হতভাগিনী [10] ও পতিতাদিগের [11] দ্বারা প্রত্যহ যে কি ঘোর অশান্তি ঘটিতেছে, তাহার আর একটী দৃষ্টান্ত গত পরশ্ব বৃহস্পতিবার রাত্রে ঘটিয়াছে। সহরে বিশেষতঃ উক্ত বেশ্যাপল্লীর নিকট কয়েকটী ভদ্রলোকের বাড়ীতে সম্প্রতি চোরের উপদ্রব হওয়ায় পুলিশ কর্ত্তৃক বেশ্যাপল্লীতে অতিরিক্ত ও বিশেষ [12] পাহারার বন্দোবস্ত হইয়াছে। পুলিশ কর্ম্মচারী তাহার কর্ত্তব্য পালন করিতেছিল, ইতোমধ্যে নিকটবর্ত্তী একটি বেশ্যালয়ে ঘোর তাণ্ডব [13] নৃত্য ও গীত বাদ্যাদি চলিতেছিল। প্রকাশ যে, এই সময়ে ঐ বেশ্যালয় হইতে একটি লোক পালাইয়া যায়। বেশ্যাটি

1 Unusable.
2 One of many superlative of *anya*, used if more than two are mentioned.
3 Legality : from *vidhi*, a law.
4 Thoroughly.
5 Comprehension.
6 *Bhūmi-adhikārī* : landlord.
7 *Cyāṭarjji* ; a phonetic rendering of English Chatterjee. The real name is *Caṭṭopādhyāya*.
8 *Ut-grīva* : with outstretched neck ; impatient.
9 Another example.
10 Unfortunate.
11 Fallen women.
12 Extra and special.
13 *Tāndava* : violent dancing, used specially of the frantic dancing of Siva and his votaries.

অর্দ্ধলুপ্তজ্ঞান অবস্থায়[1] ঐ লোকটিকে তাহার নিকট আনিয়া দিবার জন্য পুলিশ কর্ম্মচারিকে নাকি চাপিয়া ধরে। তিনি তাহা ছাড়াইতে চেষ্টা করায় চতুর্দ্দিক হইতে বেশ্যালয়ের অন্যান্য কতকগুলি লোক আসিয়া পুলিশ কর্ম্মচারিগণকে নির্দ্দয়রূপে প্রহার করে। এই উপলক্ষে স্থানীয় কয়েকটী ধনাঢ্য যুবকও ধৃত হইয়াছেন এবং মোকদ্দমা রুজু হইয়াছে। মোকদ্দমা বিচারাধীন[2] সুতরাং তৎসম্বন্ধে এক্ষণে কোনও মতামত প্রকাশ করা অসঙ্গত।[3] এই মোকদ্দমার ফল জানিবার জন্যও আমরা উদ্‌গ্রীব রহিলাম।

[1] *Ardha lupta jñān avastha* : a half senseless state.
[2] *Vicāra-adhīn*, under trial.
[3] Improper.

হুগলীর পত্র।

A letter from Hooghly.

জলের কল।

The water-works.

পাঁচ বৎসর পূর্ব্বে জলের কলের জন্য যখন হুগলি টাউনহলে প্রথম সভা হয়, তখন মাননীয় শ্রীযুক্ত বি, দে মহাশয় সভাপতি হইয়াছিলেন। ঐ সভায় মিউনিসিপালিটীর তরফ হইতে যে বক্তৃতা করা হইয়াছিল তাহাতে শতকরা ।৷৹ টাকা হিসাবে জলের কর[1] ধার্য্য করা হইবে, এইরূপ আশ্বাস দেওয়া হইয়াছিল। ধনকুবের মহারাজা ৺ দুর্গাচরণ লাহার নিকট হইতে যখন ৮৫,০০০, পঁচাশি হাজার টাকা জলের কল উপলক্ষে দান গ্রহণ করা হয় তখনও একটা নির্দ্ধারিত করের অঙ্গীকার[2] দিয়া টাকা লওয়া হইয়াছিল। এক্ষণে জলের কল প্রস্তুত হইয়া খুলিবার সময় হইয়াছে—জলের কর স্থাপনার অনুমতি বেঙ্গল গবর্ণমেণ্ট হইতে আনান হইয়াছে এবং রাস্তার ধারের ও তাহার পশ্চাতের বাড়ীগুলির উপর শতকরা ৫৷৹ এবং ৷৷৹ টাকা হিসাবে কর ধার্য্য করা ইতিপূর্ব্বের মিটিংএ কমিশনারগণ কর্ত্তৃক সাব্যস্ত হইয়াছে। কিন্তু এক্ষণে বোধ হয় চেয়ারম্যান বাহাদুর বুঝিয়াছেন যে এই হিসাবে ট্যাক্স[3] ধার্য্য হইলে জলের কলের খরচার টানাটানি হইবে। সুতরাং তিনি সেই মর্ম্মে জেলার কলেক্টার বাহাদুরকে বোধ হয় রিপোর্ট দিয়া থাকিবেন, এবং সম্ভবতঃ সেই রিপোর্টের উপর ভিত্তি[4] করিয়া, কলেক্টার বাহাদুর আয় ব্যয় কসিয়া[5] এক সুদীর্ঘ পত্র মিউনিসিপালিটীকে লিখিয়া উপদেশ দিয়াছেন যে শতকরা ৭৷৹ এবং ৬৷৹

[1] Water-rate.
[2] Promise ; undertaking.
[3] Tax.
[4] Foundation.
[5] Calculating.

টাকা হিসাবে কর ধার্য্য না করিলে জলের কলের কার্য্য চলিবে না. অতএব কমিশনারগণ এ বিষয় যেন পুনরায় বিবেচনা করেন। গত কল্য ১৬শে জুন বৈকাল ৫ টার সময় এই আজ্ঞানুসারে টাউনহলে চেয়ারম্যান বাহাদুর কমিশনারগণ লইয়া এক মিটিং করেন। ঐ মিটিং দেখিতে ৮। ৪ জন করদাতাও[1] উপস্থিত ছিলেন।

কলেক্টার বাহাদুরের পত্র পঠিত হইলে ভূতপূর্ব্ব ভাইস চেয়ারম্যান—এক্ষণে কমিশনার - শ্রীযুক্ত বাবু গোকুলচন্দ্র সেন উকিল মহাশয় মিউনিসিপাল আইনের ৩৩ ধারা অনুসারে কার্য্য না হইলে ৬ মাসের মধ্যে ধার্য্যকৃত[2] ট্যাক্সের পুনরালোচনা হইতে পারে না বলিয়া আপত্তি[3] করেন। চেয়ারম্যান বাহাদুর ব্যতীত প্রায় সকল কমিশনারের অভিপ্রায়ও সেইরূপ বুঝা যাইল।[4] তবে ভোটের সময় মনোনীত কমিশনারগণের মধ্যে ৪ জন শ্রীযুক্ত গোকুল বাবুর আপত্তির বিরুদ্ধে ভোট দেন, ২ জন ভোট রিজার্ভ[5] রাখেন, এবং অবশিষ্ট ৮ জন কমিশনার শ্রীযুক্ত গোকুল বাবুর আপত্তির সমর্থন[6] করেন। এইরূপে কল্যকার মিটিংএর উদ্দেশ্য সফল হয় নাই। ইহাতে শ্রীযুক্ত চেয়ারম্যান অতিশয় ক্রোধান্বিত[7] হইয়া শাসাইয়াছেন[8] যে তিনি অন্য আকারে[9] ইহা হাঁসিল[10] করিয়া লইবেন।

ঐ সভায় তর্ক বিতর্ক কালে জনৈক কমিশনার শ্রীযুক্ত বাবু নবকিশোর বসু মহাশয় কয়েক বার বুঝাইবার চেষ্টা করিয়াছিলেন যে শতকরা ৫।০ এবং ৪।৲০ টাকা হিসাবে যে ট্যাক্স ধার্য্য হইয়াছে তাহা সকল বাড়ীতে ঠিকমত চারান[11] হয় নাই, ঠিকমত চারান হইলে ঐ টাকাতেই জলের কলের খরচ চলিবে। অতএব চারানটা নিরপেক্ষ ভাবে[12] ভাল করিয়া দেখিয়া এবং তাহাতে খরচ চলে কি না তাহাও মাস কাল দেখিয়া কর বৃদ্ধির জিদ বজায়[13] করিবার চেষ্টা করিলে বোধ হয় ভাল হয়।

কিছুদিন পরে আলোর ট্যাক্স[14] বসিবে বলিয়া শুনিতেছি, তাহা হইলে মোটের উপর যে ট্যাক্স হইবে তাহা কলিকাতায় দেয়[15] ট্যাক্স অপেক্ষা বেশী

[1] Rate-payers.
[2] Assessed.
[3] Objection (objected on a point of order).
[4] An unusual construction for *bujhā gela*.
[5] Reserve.
[6] Support.
[7] *Krodha-anu-ita* : overcome with anger.
[8] Threatened.
[9] In another form.
[10] A *ḥāsil* : carried.
[11] Distributed.
[12] In impartial fashion.
[13] P. *bajāi* : lit. in place ; *bajai karibar* : to maintain.
[14] Lighting-rate.
[15] *Deya* : payable.

হইয়া পড়িবে। কলিকাতা ব্যবসার ও আয়ের স্থান আয় থাকিলে ব্যয় করিতে কষ্ট হয় না, কিন্তু হুগলি চুঁচুঁড়া[1] সাগঞ্জ[2] ইত্যাদি কি কলিকাতার ন্যায় ব্যবসা ও আয়ের স্থান? কেবল ২।৩টী বড় লোকের কষ্ট হইবে না বটে, নতুবা ৭॥ এবং ৬॥ টাকা শতকরা ট্যাক্স হইলে অনেককেই অতি কষ্টে এই করভার[3] বহন করিতে হইবে; হয়ত কাহাকেও বা পৈত্রিক ভীটা বেচিয়া মিউনিসিপালিটীর সীমানার বাহিরে যাইয়া কুঁড়ে[4] বাঁধিতে হইবে। হুগলি চুঁচুঁড়া মিউনিসিপালিটীর সীমানার মধ্যে এখনও ড্রেন[5] হয় নাই, অতএব কলের জলে কতদূর উপকার হইবে বলা যায় না। হয়ত জল নিকাশের[6] অভাবে পীড়ার আধিক্য হেতু এই ঐতিহাসিক সহরটী[7] নষ্ট হইতে বসিবে।

এই সকল বিষয় সদাশয় বাঙ্গালার মহামান্য গবর্ণর বাহাদুর যদি একটু অনুসন্ধান করেন এবং গরীব বাঁচাইবার একটা উপায় করিয়া দেন, তাহা হইলে তাঁহার দয়া আমরা চিরদিন স্মরণ করিব ও ভগবানের নিকট তাঁহার মঙ্গল প্রার্থনা করিব।

[1] Chinsura.
[2] Shahgunje.
[3] Rate-load; load of taxes.
[4] *Kūḍiyā*, corruption of *kuṭir*: a hut.
[5] Drains.
[6] Emergence.
[7] This historical city.

রঙ্গপুরের পত্র।

A letter from Rangpur.

রঙ্গপুরে কলেজ।

Rangpur College.

রঙ্গপুর। ৪ঠা জুলাই, ১৯১৪।

বিগত ৮ই জুন স্থানীয় ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট মিঃ জে, এন, গুপ্তের সভাপতিত্বে রংপুরে কলেজ প্রতিষ্ঠার জন্য যে সভা হইয়াছিল, তাহার পর এ পর্য্যন্ত প্রকাশ্যতঃ আর কোন সভাসমিতির অধিবেশন হয় নাই। ম্যাজিষ্ট্রেট মিঃ গুপ্ত এইরূপ আশা দিয়াছিলেন যে, আগামী নবেম্বর মাসে সম্ভবতঃ এই বিদ্যামন্দিরের ভিত্তিপ্রতিষ্ঠা[1] করা হইবে। যদি তাহাই হয় তবে জনসাধারণের এ বিষয়ে বিশেষভাবে তৎপর[2] হওয়া প্রয়োজন।

[1] Laying foundation-stone.
[2] Diligent in that.

ব্যবসা বাণিজ্য।

Business and trade.

রঙ্গপুরের ব্যবসা বাণিজ্য অধিকাংশ মাড়োয়ারীদিগের[1] হস্তে। দেখিলে মনে হয় যে ইহা বাঙ্গালা দেশ নহে। উত্তরবঙ্গের অধিকাংশ জেলার ব্যবসাবাণিজ্য নাকি[2] মাড়োয়ারিরা হস্তগত করিয়াছেন। রঙ্গপুরে অর্থসম্পন্ন জমিদারের অভাব নাই। তাঁহারা ইচ্ছা করিলে এক একজন দশ দশটা ব্যবসায় চালাইতে পারেন। কিন্তু ব্যবসাবুদ্ধির[3] অভাবে এই দিকে কেহই অগ্রসর হইতে সাহস করেন না। মাড়োয়ারিগণ যেরূপ ব্যবসাবুদ্ধিসম্পন্ন ও কষ্টসহিষ্ণু,[4] বাঙ্গালী ততদূর[5] হইলে আজ বাঙ্গালার অন্নসমস্যা[6] অনেকাংশে তিরোহিত হইত।

[1] Immigrants from Mārwār. They are the bankers and financiers of Assam and Bengal.
[2] It would seem.
[3] Aptitude for commerce : commercial instincts.
[4] *Kaṣṭa-sah-iṣṇu* : in the habit of enduring hardships ; *iṣṇu* is a *kṛdanta* suffix implying the *habit* to do or be what the root implies. Here the root is *sah*, endure.
[5] As much so.
[6] Food-problem.

দেশী দোকান লিমিটেড।

"Country Shops Limited."

রঙ্গপুরে আর একটী দেখিবার জিনিস আছে—এটা রঙ্গপুরের নিজস্ব[1] বলিলেও অত্যুক্তি[2] হইবে না। স্বদেশী আন্দোলনে সমগ্র বঙ্গদেশ তোলপাড়[3] হইবার সম্ভবতঃ দুই মাস পূর্ব্বে রঙ্গপুরে "দেশী দোকান লিমিটেড" নামে একটা যৌথকারবারমূলক ব্যবসায়[1] আরম্ভ হয়। অতীতের নিদর্শন[5] সেই দোকানটী এখনও বাঙ্গালী দ্বারা সুপরিচালিত হইতেছে। এই দোকানের বিশেষত্ব এই যে, এখানে বিদেশী সূচ[6] পর্য্যন্ত বিক্রয় হয় না। বস্ত্র, জামা,

[1] *Nija-sva* : own property ; *ni-ja* : inborn ; innate ; congenital.
[2] *Ati-ukti* : exaggeration.
[3] Upset ; turned upside down.
[3] Joint-stock business.
[4] A memento of bygone (time).
[5] Needle.

মনোহারী দ্রব্য[1] ইত্যাদি সর্ব্বপ্রকার দেশী সামগ্রী এখানে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। এক দরেই[2] সমস্ত জিনিস বিক্রয় হয়। জিনিসগুলি অধিকাংশই বেশ কার্য্যোপযোগী। উপযুক্ত মূলধন[3] হইলে ইঁহারা ব্যবসায়টীকে আরও উন্নত করিয়া তুলিতে পারেন। এইরূপ সদুদ্দেশ্যে অর্থনিয়োগ[4] করিবার উপযুক্ত কোন ব্যক্তি কি রঙ্গপুরে নাই ?

[1] *Manas-hārī dravya*: lit. mind-ravishing articles: miscellaneous toys; haberdashery, etc.
[2] Fixed price or rate.
[3] *Mūl-dhan*: root-wealth, *i.e.*, capital.
[4] Applying money.

স্বদেশী ভাণ্ডার।

A swadeshi store.

শুনিলাম আরও একটী স্বদেশী দোকান আছে—তবে ইহার অবস্থা আশানুরূপ[1] উন্নত নহে।

[1] *Āśā-anu-rūp*, in accordance with hope, as expected.

পুলিশের অতিমাত্র সতর্কতা।

The excessive precautions of the police.

রঙ্গপুরে হিন্দু, মুসলমান, উড়িয়া প্রভৃতি বিভিন্ন শ্রেণী ও জাতির পরিচালিত[1] অনেকগুলি হোটেল আছে। শুনিলাম মিউনিসিপ্যালিটী হোটেলগুলির পরিষ্কারপরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখিয়া থাকেন। কিন্তু হোটেলে সাধারণতঃ কিরূপ খাদ্যদ্রব্য রাখা হয়, বোধ হয় তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখা হয় না। খাদ্যদ্রব্যাদি দুর্ম্মূল্য বলিয়া প্রায় প্রত্যেক হোটেলেই জনপ্রতি এক বেলায় ।০ চারি আনা দিতে হয়। বোধ হয় বাঙ্গলা দেশের অন্য কোন জেলায় সাধারণ হোটেলওয়ালারা[2] এত অধিক মূল্য আদায় করে না।

এখানে যে কেহ হোটেলে আহার করিতে আসে তাহাকেই নিজের নাম, পিতার নাম, নিবাস, জেলা, কোথা হইতে আসিয়াছে, কোথা যাইবে, সহরে কত দিন থাকিবে, এই সকল বিষয় হোটেলওয়ালাকে লিখাইয়া দিতে হয়।

[1] Managed.
[2] *Hotel-wāllā*: hotel-keeper; inn-keeper. These are really lodging-houses.

লিখিতে জানিলে[1] নামের স্বাক্ষর অন্যথা আঙ্গুলের টিপ সহি[2] লওয়া হয়। হোটেলওয়ালাকে প্রতিদিন এই বিবরণের একখণ্ড প্রতিলিপি[3] নিজের কাছে রাখিয়া একখণ্ড থানায় হাজির করিতে হয়। মুদ্রিত ফরম[4] পয়সা দিয়া কিনিয়া লইতে হয়। যদি কোন হোটেলওয়ালা এই নিয়ম লঙ্ঘন করে তবে তাহাকে গুরুতর দণ্ড প্রদান করা হয়।

ভূতপূর্ব্ব জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ কিরণচন্দ্র দের[5] সময় হইতে এই নিয়ম প্রবর্ত্তিত হয়। তখন অনেক হোটেলওয়ালা এই বলিয়া আপত্তি করিয়াছিল যে, অনেক সম্ভ্রান্ত ভদ্রলোক আমাদিগের হোটেলে নিয়মিত আহার[6] করেন। তাঁহারা সামাজিক প্রতিপত্তি নাশের[7] আশঙ্কায় আপনাদিগের বিশেষ পরিচয় প্রদানে অনচ্ছুক। ম্যাজিষ্ট্রেট মিঃ দে বলেন বড় বড় ইংরেজেরা যে কোন হোটেলে আহার করিয়া আপনাদিগের নাম, ঠিকানা ও পরিচয় প্রভৃতি হোটেলের খাতায়[8] লিখিয়া রাখিয়া যান। তাহাতে তাহাদিগের সামাজিক প্রতিপত্তির হানি হয় না। সুতরাং এ ক্ষেত্রে[9] কোন রূপ আপত্তি শুনা যাইতে পারে না।

[1] If one knows how to write.
[2] Finger-print.
[3] Copy ; counterfoil.
[4] Printed form.
[5] Mr. Kiran Chandra De, I.C.S.
[6] Regular meals.
[7] Loss of social position.
[8] Visitors' book.
[9] In this field ; in this matter.

স্বাস্থ্য ও আবহাওয়া।

Health and climate.

বিগত দুই সপ্তাহাধিক কাল রংপুরে অসহ্য উত্তাপ অনুভূত হইয়াছিল—বিন্দুমাত্র বারিবর্ষণ হয় নাই। এখন অল্প অল্প বৃষ্টি হইতে আরম্ভ হইয়াছে। বৃষ্টির অভাবে ক্ষেত্রজাত শস্য ও পাট অধিকাংশ পুড়িয়া গিয়াছে। এখনও প্রচুর বর্ষণ হইলে কৃষকগণের হাহাকার[1] অনেকাংশে নিবৃত্ত হইতে পারে।

সহরের স্বাস্থ্য ভাল বলিতেই হইবে, এখানে সকলের মুখেই শুনিতে পাওয়া যায় বিগত ১৩০৪ সালের ভূমিকম্পের পর হইতে রংপুরের স্বাস্থ্য খুব উন্নত হইয়াছে।

[1] Lamentation.

খাদ্যদ্রব্য।

Articles of food.

খাদ্যদ্রব্য অগ্নিমূল্য। সাধারণ চাউল ৭ ৭।৹ টাকার কমে এক মণ পাওয়া যায় না। পদ্মার[1] ইলিশ[2] মৎস্য যাহা রেল পথে চালান হইয়া আসে তাহাই এখানকার লোকের একমাত্র সম্বল। দুগ্ধ চারি সের করিয়া টাকায়, তাহাও বিশুদ্ধ[3] নহে। বিগত মার্চ্চ মাস পর্য্যন্ত বৎসরের প্রথম তিন মাসে এখানে চাউল গড়ে[4] টাকায় ৬ সের ৬ ছটাক দরে বিক্রীত হইয়াছে। সমগ্র বাঙ্গালা দেশের মধ্যে একমাত্র ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমা ব্যতীত আর কোথাও এত অধিক মূল্যে চাউল বিক্রীত হয় নাই। টাঙ্গাইলে ঐ সময়ে টাকায় ৬ সের দরে চাউল বিক্রীত হইয়াছে।

[1] The Padda river.
[2] *Hilsa*-fish *(clupea ilisha)*.
[3] Clean ; pure.
[4] On an average.

ধর্ম্ম সভা ও হরি সভা।

The Dharma Sabhā and Hari Sabhā (*Hari*, 'redeemer,' is an epithet of Kṛṣṇa).

এখানে বাজারের অনতিদূরে ধর্ম্ম সভার একটা প্রকাণ্ড গৃহ আছে। কিছুকাল পূর্ব্বে এই ধর্ম্মসভা গৃহে খুব থিয়েটার[1] চলিয়াছিল, তার পরে এই ঘরে বায়স্কোপ[2] হয়। বর্ত্তমান এই ঘর স্থানীয় মটর গাড়ীর[3] কর্ত্তৃপক্ষদিগকে ভাড়া[4] দেওয়া হইয়াছে। বর্ত্তমানে ধর্ম্ম সভার সহিত ধর্ম্মের কোনরূপ সংশ্রব আছে বলিয়া শুনিতে পাই না—তবে বৎসরান্তে একবার এই গৃহে সংস্কৃত আদ্য[5] মধ্যাদি[6] পরীক্ষা গৃহীত হইয়া থাকে। স্থানীয় জমিদার, প্রবীণ সাহিত্য-সেবী[7] পণ্ডিত ভবানীপ্রসন্ন লাহিড়ী কাব্য ব্যাকরণ তীর্থ মহাশয় নাকি[8]

[1] Theatre ; theatrical performances.
[2] Bioscope.
[3] Motor-car.
[4] Hired ; let.
[5] Primary.
[6] Intermediate. There are three examinations by the Sanskrit Board of Studies, namely, *ādya*, *madhya* and *antya*.
[7] Servant of literature.
[8] It seems.

তৎকালে ছাত্রদিগের সমস্ত ব্যয়ভার বহন করিয়া থাকেন। ইহা নিতান্ত সুখের কথা সন্দেহ নহে।

রংপুরে হরি সভা আছে। প্রতি শনিবারে ছাত্রগণ এইখানে মিলিত হইয়া কীর্ত্তন, পাঠ, আলোচনা প্রভৃতি করিয়া থাকেন। অনেক প্রবীণ লোক এই সকল আলোচনায় যোগদান করিয়া থাকেন।

ব্রাহ্মমন্দির।

The Brahmo Church.

স্থানীয় ব্রাহ্মমন্দির পরিত্যক্ত অবস্থায় রহিয়াছে। ব্রাহ্ম ধর্ম্মের শ্রেষ্ঠ প্রবর্ত্তক[1] রাজা রামমোহনের[2] স্মৃতির সহিত যে রংপুর বিশেষ ঘনিষ্ঠ ভাবে বিজড়িত,[3] সেই রংপুরের ব্রাহ্মমন্দিরের এইরূপ দুরবস্থা দেখিলে হৃদয় প্রকৃত ব্যথিত হয়।

[1] Founder.
[2] The celebrated Rājā Rām Mohan Roy, founder of the Brahmo Somaj.
[3] Associated.

আন্দোলনের বিষয়।

Matters for agitation.

শুনিলাম, স্থানীয় জমিদার সভা কতিপয় জনহিতকর অনুষ্ঠানের[1] আন্দোলনে প্রবৃত্ত হইয়াছেন : (১) রংপুর জেলার ইনকম্‌ টেক্স অবধারণ[2] প্রণালী কোন কোন বিষয়ে ন্যায়সঙ্গত নহে বলিয়া সভা গবর্ণমেণ্টের নিকট আবেদন করিতে প্রস্তুত হইয়াছেন ; (২) পূর্ব্ববঙ্গ রেলপথের কাউনিয়া জংসন ষ্টেশন ত্রিস্রোতার[3] কুক্ষিগত[4] হওয়ার উপক্রম হওয়ায় জমিদার সভা রেলওয়ে কর্ত্তৃপক্ষের নিকট এইরূপ আবেদন করিয়াছেন যে কাউনিয়ার পরিবর্ত্তে অতঃপর রংপুর জংসন ষ্টেশন করা হউক। উহাতে রেলওয়ে কর্ত্তৃপক্ষের ও

[1] Matters of public utility.
[2] Assessment.
[3] The Teesta river. The Sanskrit etymology *tri-srota*, 'three channels', is a mistaken one. The name, like most river names in North-East Bengal and, in Assam, is a Boro word, of Tibeto-Burmese origin. Ti or Di in the Bodo languages means 'water' or 'river' *cf.* Ti-pai, Di-bru, Di-sāṅg, Di-kho etc., etc.
[4] *Kukṣi-gāta*, lit " belly-gone," gone into the bed (of the Teesta).

জনসাধারণের বিশেষ উপকারের সম্ভাবনা আছে ; (৩) রংপুর সহর আয়তনে[1] খুব বৃহৎ বলিয়া সহরের অধিবাসিবর্গ এক প্রান্তে[2] অবস্থিত ডাকঘর হইতে পত্রাদি পাইতে এবং টেলিগ্রামের আদানপ্রদান করিতে বড়ই অসুবিধা ভোগ করিয়া থাকেন। অনেক সময়ে এখানে ডাক পৌঁছিবার পর ৭।৮ ঘণ্টার পূর্ব্বে সহরের সকল স্থানে চিঠিপত্র বিলি করা হয় না। এইজন্য সভা প্রার্থনা করিয়াছেন স্থানীয় রংপুর রাজার ডাকঘরটীকে টেলিগ্রাফের আদানপ্রদান ও চিঠি বিলির জন্য ক্ষমতা প্রদান করা হউক।

[1] In extent.
[2] On one side ; at the extremity.

ভাড়াটিয়া বাটীর অভাব।

Lack of houses to let.

এখানে বাসোপযোগী উপযুক্ত ভাড়াটিয়া[1] বাটীর নিতান্তই অভাব, এইজন্য বিদেশাগত রাজকর্ম্মচারী ও অন্যান্য সম্ভ্রান্ত ব্যক্তিদিগকে অনেক সময়েই বিশেষ অসুবিধা ভোগ করিতে হয় যদি কেহ অর্থ ব্যয় করিয়া সুন্দর গৃহ নির্ম্মাণ করিয়া দিতে পারেন, তবে তিনি নিশ্চিত বিশেষ ভাবে লাভবান্[2] হইবেন।

[1] From *bhāḍā*, rent, hire.
[2] Getting profit.

সাহিত্য পরিষদ।

The Literary Society.

সম্প্রতি স্থানীয় এডোয়ার্ড স্মৃতি ভবনে[1] রঙ্গপুর সাহিত্য পরিষদের মাসিক অধিবেশন হইয়াছিল। সভায় নিম্নলিখিত কতিপয় কার্য্য[2] সম্পন্ন হইয়াছে ঃ—

১। গত নবম সাম্বৎসরিক অধিবেশনের কার্য্যবিবরণ সংগ্রহ[3] ;

২। সদস্য নির্ব্বাচন[4] ;

[1] Edward Memorial Hall.
[2] The following business was transacted.
[3] Compiling minutes of last (ninth) annual meeting.
[4] Election of members.

৩। পুথি ও পুস্তক উপহারদাতৃগণকে ধন্যবাদ জ্ঞাপন ;[1]

৪। প্রদর্শন[2] –

(ক) ধর্ম্মসভার কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক সভার চিত্রশালায় উপহৃত[3] কষ্টিপ্রস্তরে[4] নির্ম্মিত বিষ্ণু ও মনসাদেবীর[5] মূর্ত্তি.

(খ) শ্রীযুক্ত রায় মৃত্যুঞ্জয় রায়চৌধুরী বাহাদুর কর্ত্তৃক উপহৃত[6] গ্রীসদেশীয় একটি রৌপ্যমুদ্রা, একশত বর্ষের বৌদ্ধতুলিকায় অঙ্কিত[7] চিত্রপট এবং মৎস্যাবতার মূর্ত্তিযুক্ত ইষ্টক[8]।

৫। প্রবন্ধ[9]—শ্রীযুক্ত উমেশচন্দ্র দে মহাশয়ের “শঙ্করদেব” ;[10]

৬। শোক প্রকাশ[11] বঙ্গদর্শন[12] সম্পাদক শৈলেশ চন্দ্র মজুমদার।

শ্রীযুক্ত কেশব লাল বসু পরলোকগত[13] মজুমদার মহাশয়ের কর্ম্মনিষ্ঠা[14] সাহিত্যসেবা, বিনয় ও অমায়িকতা প্রভৃতি সদ্‌গুণের সবিস্তার বর্ণনা করিলে সাহিত্য পরিষদের সম্পাদক জমিদার শ্রীযুক্ত সুরেন্দ্র চন্দ্র রায় চৌধুরী বিশেষ ভাবে এই প্রস্তাবের সমর্থন[15] করেন।

ভারতীয় সঙ্গীত ও বাদ্য যন্ত্র বিদ্যার পুনর্জীবনপ্রদাতা[16] ৺ শৌরীন্দ্র মোহন ঠাকুরের[17] পরলোক গমনের জন্য শোক ও সমবেদনা প্রকাশের প্রস্তাব

[1] Offering thanks to donors of manuscripts and books. (*Puthi*, etymologically, is simply a corruption, an *apabhraṁśa*, of *pustak*, but it seems to be used nowadays for manuscripts only).

[2] Exhibits.

[3] Presented : *upahar*=present.

[4] Touch-stone, some kind of dark-coloured schists.

[5] Manasā is a goddess much worshipped in Bengal. She is the sister of Vāsuki, the Nāga-rāj or King of the Snakes. She was the daughter of Kadru by the famous sage Kaśyapa. She was married to the sage Jaratkāru.

[6] Presented.

[7] Painted by a Buddhist brush.

[8] A brick bearing the image of the Fish Avatār of Viṣṇu.

[9] Paper read.

[10] *Śaṅkar-deva :* a Hindu preacher of Assam.

[11] Obituary notice : lit-expression of grief.

[12] The "Vaṅga-darśan" magazine—'The Sight of Bengal.'

[13] *Para-loka-gata :* gone to after-world ; departed.

[14] Diligence.

[15] Support.

[16] The originator of the renaissance of Indian music and Indian musical instruments.

[17] Rājā Sir Śaurīndra Mohan Tagore, younger brother of Mahārājā Bāhādur Sir Yotīndra Mohan Tagore. He was born in 1840 and died in 1914. He was a profound student of Indian music, and in 1896 was made a Doctor of Music by the University of Oxford.

শ্রীযুক্ত সুরেন্দ্র বাবু উপস্থিত করেন। পরিষদের সদস্য ৺ আশুতোষ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জন্যও শোক প্রকাশ করা হইয়াছিল।

অষ্ট্রিয়ায় হত্যাকাণ্ড।

The assassination-affair in Austria.

অষ্ট্রিয়ার যুবরাজের ভৃত্যবর্গ রাজধানীতে গিয়া বলিয়াছে যে যুবরাজের পক্ষে বসনিয়া হইতে জীবিত অবস্থায় গৃহে প্রত্যাবর্ত্তন করা অসম্ভব ছিল। তাঁহার আহারের টেবিলের [1] নীচে দুইটি ঘড়ির বোমা [2] এবং তাঁহার পত্নীর শয়নগৃহে একটি বোমা ছিল। একটি স্ত্রীলোককে ধৃত করা হয়, তাহার হস্তে সাতটি বোমা ছিল। যুবরাজের যাইবার রাস্তার বিভিন্ন স্থানে দশজন ষড়যন্ত্র-কারী [3] লুক্কায়িত ছিল। বৃক্ষের উপরেও বোমা রাখা হইয়াছিল। এইরূপে সমস্ত সহর ঘেরিয়া মৃত্যুর এরূপ একটি নিবিড় জাল [4] রচনা করা হইয়াছিল যে তাহা ছিন্ন করা মানবের সাধ্যাতীত [5]। হত্যাকারী প্রিনজিপ ক্ষয়-রোগগ্রস্ত [6]। বিচারের সময় ম্যাজিষ্ট্রেট যখন তাহাকে জেরা [7] করিতেছিলেন তখন সে বলিয়াছিল, ' আমি বিপ্লববাদী [8] বলিয়া নিজেকে গৌরবান্বিত [9] মনে করি।" সে স্বীকার করিয়াছে যে বেলগ্রেডের কোমিতাজি তাহাকে বোমা এব' পিস্তল দিয়াছেন।

[1] E. table.
[2] Clock-work bombs.
[3] Conspirators.
[4] Close net.
[5] *Sādhya-atita :* beyond power.
[6] Afflicted with consumption.
[7] Cross-examination.
[8] As a revolutionary.
[9] *Gaurava-anu-ita :* glorious : I feel proud to be an anarchist.

বরিশালের পত্র।

A letter from Barisal.

স্বাস্থ্য ও খাদ্য।

Public health and food.

জ্যৈষ্ঠ মাসের মধ্যভাগে বসন্তের প্রকোপ একেবারে কমিয়া গিয়াছে। বর্ত্তমান সময়ে কোন প্রকার পীড়ার কথা শুনা যায় না। সহরের স্বাস্থ্য এখন ভাল। চৈত্র মাস হইতেই এখানে বর্ষা আরম্ভ হইয়াছে। তাহাতে কৃষিকার্য্যের

বিশেষ ব্যাঘাত হইতেছে। বোরো ধান্য ভাল হয় নাই। আশু ধান্যের ফসলও ভাল হইবার আশা নাই। ভাল বালাম[1] চাউলের দর এখন ৬৷৷৹ টাকা। মুশুরী[2] টাকায় ৵৫ সের। তরিতরকারী[3] অল্পই মিলে, দাম পূর্ব্ব হইতে চতুর্গুণ। মাছ মেলা[4] প্রায় দুর্ঘট[5] হইয়া উঠিতেছে, মাঝে মাঝে ইলিসমাছ[6] মিলিতেছে। তাহারও দাম পূর্ব্বের তিন গুণ। ৬০এর ওজনের দুগ্ধের সের দুই আনা, তিন আনা। কাঠের দাম ঠিক পূর্ব্বের তুলনায় চতুর্গুণ। কয়লার মণ ৷৹ আনা। সর্ব্বপ্রকারেই লোকের জীবন রক্ষা কঠিন হইয়া পড়িয়াছে।

[1] Bālām rice is a fine quality, grown chiefly in Bakarganj.
[2] Akind of pulse.
[3] *Tari-tarkārī* : vegetables, etc
[4] *Māchh melā :* getting fish.
[5] Nearly impossible.
[6] Hilsā-fish.

বরিশাল গান্।

The "Barisal Guns."[1]

বহুকাল ধরিয়া বরিশাল হইতে দক্ষিণদিকে বর্ষাকালে মুহুর্মুহু কামানের শব্দের মত[2] ভয়ঙ্কর গভীর নিনাদ শ্রবণ করা যায়, আজ পর্য্যন্ত তাহার কারণ নির্ণীত হয় নাই। এবারেও আষাঢ় মাসের প্রথম হইতে সমুদ্রের দিকে ঐ নিনাদ শ্রুতিগোচর হইতেছে। ইহা দেখা গিয়াছে যে, ঐ নিনাদ যখনি ঘন ঘন হইতে থাকে, তাহার পরেই বৃষ্টি বেশী হইয়া থাকে।

[1] These are mysterious sounds heard in the neighbourhood of the Bay of Bengal, like the firing of distant cannon. They are said to be the sound of sandbanks falling into the encroaching tide.

[2] Like the sound of minute guns.

বরিশাল ও বারবণিতা।

Barisal and the Bāra-vanitā.[1]

এমন এক সময় ছিল যখন যাত্রা-গানের আসরে[2] বারবণিতার দল উপস্থিত হইলে ছাত্রদল ঘৃণার সহিত সে আসর ত্যাগ করিয়া চলিয়া যাইত।

[1] *Bāra-vanita*, otherwise *bāra-nārī*, *bāra-vadhū*, *bāra-vilāsinī*, etc., Sanskrit words for women of light character.
[2] *Āsar* : the inner circle at a musical entertainment, those who sit down, the outer ring standing up.

তখন কুলটারা [1] রাজপথে [2] বিচরণ করিতে সাহস করিত না। কালের পরিবর্ত্তনে সেদিন নাই। [3] এখন যাত্রা-গানের আসরে, সুরম্য নদীতীরে [4] ও বরিশালের রাজপথে এই বেশ্যাদল যখন তখন দলে দলে বিচরণ করিতেছে। ইতিমধ্যে একদিন এই দল ইহাদের কাহারো কন্যার বিবাহব্যপদেশে [5] নাকি সহরে এক মিছিলও বাহির করিয়াছিল। ক্ষুদ্র সহরে প্রায় ৩,০০০ হাজার ছাত্র বাস করে, রাজপথে বাহির হয়, নদীতীরে স্বাস্থ্য সুখের জন্য [6] নিয়মিত রূপে ভ্রমণ করে। ইহার মধ্যে বেশ্যা দলের অবাধ বিচরণ একান্তই অমঙ্গলের কারণ। আমরা জানি না জনসাধারণের ও ছাত্রদলের চরিত্র ও পবিত্রতা রক্ষার জন্য ইহাদিগকে আইনের বিধানে অবাধ ভ্রমণ [7] হইতে বাধা দেওয়া যায় কি না, কিন্তু এই দলের প্রছেসন [8] নিশ্চয়ই বন্ধ করা যাইত। আমরা সাধারণের এবং ছাত্রবর্গের কল্যাণের জন্য মাজিস্ট্রেট এবং পুলিসের কর্তৃপক্ষের নিকট এই নিবেদন করিতেছি যে বেশ্যা দলের সর্ব্বত্র অবাধ গমন ও প্রছেসনে বাধা দেওয়াই কর্ত্তব্য।

[1] *Kulaṭā :* women who have left homes for immoral purposes.
[2] Public road.
[3] *Se-din nāī :* those times are gone.
[4] On the charming river bank.
[5] *Vivāha-vyapadeśe :* on the pretence of a wedding.
[6] For health and enjoyment.
[7] Freely walking about.
[8] E. procession.

পরলোক গমন ও শোক সভা।

A death and a meeting of condolence.

বাবু বিরাজমোহন রায় চৌধুরী বহুদিন নানাবিধ রোগযন্ত্রণা ভোগ করিয়া বিগত ২৮শে জ্যৈষ্ঠ রাত্রিতে পরলোক গমন করিয়াছেন। তাঁহার বয়স সবে ৪৪ বৎসর হইয়াছিল। তিনি বহুদিন হইতে বরিশাল মিউনিসিপালিটীর কমিসনার ছিলেন। উৎসাহের সহিত সহরের বিবিধ হিতকর কার্য্যে তিনি সময় অর্পণ করিতেন। এই সহরে তিনি একজন প্রকৃতই স্বদেশহিতৈষী [1] ছিলেন। স্বাভাবিক সরলতা, অমায়িকতা এবং সৌজন্য গুণে তিনি সহরবাসীর প্রীতিভাজন [2] ছিলেন। তাঁহার অভাব বরিশালবাসিগণ বিবিধ ক্ষেত্রেই অনুভব করিতেছেন। বিগত ৩১শে জ্যৈষ্ঠ অপরাহ্ণে শ্রীযুক্ত উপেন্দ্রনাথ সেন জমিদার মহাশয়ের ভবনে তাঁহার জন্য শোক প্রকাশক

[1] *Sva-deś-hita-eṣī* : own-country-well-wisher. *eṣī* (only used in comp.) from S. is, to wish.
[2] Subject of mutual respect.

একটী সাধারণ সভা হয়। রায় বাহাদুর শ্রীযুক্ত মথুরানাথ সেন বি, এল্ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় শোকপ্রকাশক একটী মন্তব্য নির্দ্ধারিত হয় এবং অনেকে তাঁহার জীবনের সদনুষ্ঠানাদি বিষয়ে কিছু কিছু বলিলে সভা ভঙ্গ হয়।

ভক্ত স্মৃতি।

A commemoration of a devotee.

বিগত ১৩ই জুন সায়ংকালে ব্রাহ্ম-মন্দিরে স্বর্গীয় ভক্ত নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ের স্মরণার্থ এক সভার অধিবেশন হয়। শ্রীযুক্ত কালীমোহন দাস সভাপতির আসন গ্রহণ করেন শ্রীযুক্ত মন্মথমোহন দাস এবং শ্রীযুক্ত রসরঞ্জন সেন ভক্তের জীবন সম্বন্ধে বক্তৃতা করেন। ১৪ই জুন রবিবার সায়ংকালীন উপাসনান্তে[1] শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী "নগেন্দ্র-নাথের ঋষিজীবন"[2] বিষয়ে উপদেশ প্রদান করেন।

[1] After prayer.
[2] "The saintly life of Nagendra Nath."

সাম্বৎসরিক উৎসব।

Annual festival.

বিগত ৯ই এবং ১০ই আষাঢ় স্থানীয় ব্রাহ্ম সমাজের দ্বিপঞ্চাশৎ সাম্বৎ সরিক উৎসব সম্পন্ন হয়। ১০ই আষাঢ় প্রাতে শ্রীযুক্ত কালীমোহন দাস এবং রাত্রিতে শ্রীযুক্ত মনোমোহন চক্রবর্ত্তী আচার্য্যের[1] কার্য্য করেন। ৯ই আষাঢ় মনোমোহন বাবু "ধর্ম্মের অন্তর ও বাহির"[2] বিষয়ে একটী বক্তৃতা করেন।

[1] Minister.
[2] The internal and external aspects of religion.

গোয়ালপাড়ার পত্র।

A letter from Goālpārā.

আজ কয়েক দিন হইল ধুবড়ী এলাকার দতমা গ্রামে গদাধর সাহা নামক জনৈক দোকানদার, তাহার কনিষ্ঠ ভ্রাতাকে রজনীযোগে[1] নিদ্রিতাবস্থায়[2] রাখিয়া, নিজে ফাঁসি দিয়া আত্মহত্যা করিয়াছে।

[1] *Rajanī-yoge*, by night.
[2] *Nidrita-avastha* : 'asleep-state ;' in slumber.

গোয়ালপাড়া সবডিবিজনের অধীন থোকরপুর নামক গ্রামের পাহাড়ে দিনে দুপ্রহরে কয়েকজন লোক কাঠ কাটিতে যায়; তাহারা বাহির হইয়া আসিবার কালে রোহা-গৌরীপুর রোড্[1] মধ্যে একটা প্রকাণ্ড ব্যাঘ্র আসিয়া হঠাৎ এক জনকে আক্রমণ করে। অপর সঙ্গীদের যত্নে উদ্ধার সাধন হইলেও অল্পক্ষণ মধ্যে আহত ব্যক্তি পঞ্চত্ব প্রাপ্ত হয়।

দারুণ গ্রীষ্মের পর ২৯শে জ্যৈষ্ঠ হইতে বৃষ্টি আরম্ভ হইয়াছে। ব্রহ্মপুত্র[2] ও মনাসর[3] জল হু হু করিয়া বাড়িতেছে।

জ্বর, হাম,[4] আমাশয়,[5] চক্ষু উঠা[6] ব্যাধি গৃহে গৃহে আরম্ভ হইয়াছে।

ধান্যের দর ১০। ১৫ সের মধ্যে আবদ্ধ আছে। আশু ধান্যের অবস্থা মন্দ নহে। মাছ, মাংস, তৈল, ডাল, ঘৃত, দধি, দুগ্ধ, তরকারীর মূল্য দ্বিগুণ হইয়াছে।

যোগী যোপায়[7] ষ্টীমার ঘাট বসায়[8] সর্ব্ব সাধারণের বিলক্ষণ সুবিধার কারণ হইয়াছে।

শ্রীপদ্মলোচন দাশ দিহ্দার।

[1] The road from Roha to Gouripur.
[2] Brahmaputra river.
[3] Manās river.
[4] Measles.
[5] Dysentry.
[6] Ophthalmia.
[7] Jogighopā, a steamar station.
[8] By fixing, opening.

স্বাস্থ্য সংবাদ।

Health notes.

ডাক্তার কল্ড এই উপদেশ দিয়াছেন যে, শয্যাত্যাগের সময় কাৎ[1] হইয়া হাতে ভর করিয়া উঠিও না শয্যাত্যাগের পূর্ব্বে চিৎ[2] হইয়া শয়ন করিবে। হাত দুইখানি সরল ভাবে[3] মাথার দিকে বিস্তৃত করিবে এবং যথাসাধ্য হস্তের অঙ্গুলী হইতে পদাঙ্গুলী পর্য্যন্ত যত লম্বা হইতে পার, তাহার চেষ্টা করিবে। তারপর অনেকবার দীর্ঘ নিশ্বাস গ্রহণ করিবে। তখন দেখিবে হস্ত হইতে পদ পর্য্যন্ত যেন বেগে রক্ত সঞ্চালিত হইতেছে, শরীরে বেশ আরাম অনুভব করিবে। ইহার পর হাত দুইখানি দ্বারা কোমর[4] ধরিয়া

[1] Or *kāit*, on a side.
[2] Flat on the back.
[3] Straight.
[4] P. *komar* : the waist ; hence the Anglo-Indian word *cummerbund.*

গাত্রোত্থান করিবে। এইরূপে উত্থান করাতে উদরের উপর জোর পড়িবে। উদরের ব্যায়াম হওয়াতে উহার মধ্যে চর্ব্বি জমিয়া আর উহা স্ফীত হইতে পারে না। যদি উদরের মাংসপেশী[1] দুর্ব্বল হয়, তবে প্রথমতঃ ঐরূপে গাত্রোত্থান করা কষ্টকর হইবে। তখন হাতে ভর করিয়া উঠিতে পার, কিন্তু কখনও কাৎ হইয়া উঠিও না। চিৎ অবস্থায় দুই হাত দ্বারা কোমর ধরিয়া উঠিলে উদর ছোট ও দৃঢ় হয় এবং চর্ব্বি কমিয়া যায়। নর নারী সকলেরই এই অভ্যাস করা উচিত। এই অভ্যাস করিলে স্ত্রীলোকদের বিশেষ উপকার হয়।

বাড়ীর-দ্বার জানালায় যখন রং দেওয়া হয়, রং যতদিন কাঁচা থাকে, ততদিন সেখানে কাহারও বাস করা উচিত নয়। রংএর দরুন বাতাসে কার্ব্বন মনোক্সাইড[2] ভাসিতে থাকে। দেহের উপর ইহার ক্রিয়া বিষের তুল্য।

সম্প্রতি রুষিয়ার ডাক্তারদের এক কংগ্রেস হইয়াছিল। সেই কংগ্রেসে ডাক্তার ডেরিউজিন্স্কি বলিয়াছেন ২১ বর্ষ বয়স্ক এক কৃষকের ডিপথেরিয়া[3] জনিত এন্জাইনা[4] রোগের পর শরীর অবশ[5] হইয়া যায়। দুই সপ্তাহ পরে অবশাঙ্গ রোগ একটু হ্রাস হওয়ার পর তাহার শ্বাস যন্ত্র[6] বিকল হইয়া যায়। নিশ্বাস প্রতি মিনিটে ৪০ বার হইতে থাকে, মধ্যে মধ্যে নিঃশ্বাস বন্ধ হইয়া যাইত। তখন কৃত্রিম উপায়ে[7] তাহার শ্বাসপ্রশ্বাস নির্ব্বাহ করা প্রয়োজন হওয়াতে চিকিৎসালয়ের ছাত্রদের সাহায্যে ৫ই ফেব্রুয়ারী হইতে ২০এ ফেব্রুয়ারী পর্য্যন্ত দিনরাত অবিরাম কৃত্রিম উপায়ে তাহার শ্বাস প্রশ্বাস ক্রিয়া নির্ব্বাহ করা হয়। ২০এ তারিখ শ্বাসের অবস্থা একটু ভাল হয়; কিন্তু কিছু গিলিতে অতিশয় কষ্ট অনুভব করে। ২৬এ তারিখ হইতে পুনরায় শ্বাসকষ্ট হওয়াতে আবার কৃত্রিম উপায় অবলম্বন করা হয়। ১লা মার্চ্চ পর্য্যন্ত অনবরত কৃত্রিম উপায়ে শ্বাস প্রশ্বাস কার্য্য করাইয়া তাহাকে বাঁচাইয়া রাখা হয়। তার পর নিঃশ্বাস স্বাভাবিক রূপে হইতে থাকে। কৃষকপুত্র এখন সুস্থদেহ হইয়া কার্য্য করিতেছে।

[1] Lit. flesh-sheath, i.e. abdominal muscles.
[2] Carbon mon-oxide.
[3] Diphtheria.
[4] Angina.
[5] Paralysed.
[6] Breathing apparatus.
[7] By artificial means.

কৃষি সংবাদ।

Agricultural news.

ধান।

Rice.

ভারতবর্ষে যত ধান উৎপন্ন হয়, পৃথিবীর অন্য কোন দেশে তত হয় না। ভারতবর্ষে ১ কোটি ৯২ লক্ষ বিঘা জমিতে ধান জন্মে। ব্রহ্মদেশে[1] ৮০ লক্ষ বিঘা জমিতে ধান হয়। ইহার পর জাপান, শ্যাম,[2] ইউনাইটেড ষ্টেটস্, চীন মিসর[3] ও মেকসিকো দেশেও ধান জন্মে।

ভারতবর্ষে সমস্ত কৃষির মধ্যে ধানই সর্ব্বপ্রধান। গমের[4] ত্রিগুণ ও জোয়ারের[5] দ্বিগুণ জমিতে ধান হইয়া থাকে। ১৯০৯-১০ হইতে ১৯১১ ১২ সাল পর্য্যন্ত ৩ বৎসরের গড় ধরিলে বৎসরে ৭৯,১০,৫২,০০০ মণ ধান ভারতবর্ষে উৎপন্ন হইয়াছিল। ভারতবর্ষের চাষী জমির শতকরা ৩০ ভাগে ধানের চাষ হইয়া থাকে।

ভারতবর্ষের মধ্যে বঙ্গ, বিহার ও উড়িষ্যায় সর্ব্বাপেক্ষা বেশী ধান জন্মে।

		বিঘা।
বাঙ্গলা, বেহার, উড়িষ্যার	...	১১,১২,৭৯,০০০
মান্দ্রাজের ...	...	২,৩২,০৫,০০০
যুক্তপ্রদেশের	...	২,০৯,৪০,০০০
মধ্যপ্রদেশের[6] ...	...	১,৩৬,৫৯,০০০
আসামের ...	...	১,১৮,৮৩,০০০
বোম্বাইর ...	...	৪৩,২১,০০০
সিন্ধুদেশের[7] ..	...	২৩,৬১,০০০
মহীশুর, হাইদ্রাবাদ, নেপাল প্রভৃতি দেশীয় রাজ্যের[8]	...	২৩,৪৬,০০০
পাঞ্জাবের ...	...	১৮,১৮,০০০

[1] In Burma.
[2] Siam.
[3] Egypt.
[4] Wheat.
[5] Jowār (a kind of millet).
[6] Central Provinces.
[7] Sind.
[8] Native States.

		বিঘা।
আজমীর ও কুর্গের	...	২,৪৩,০০০
বেরারের ...	...	১,০১,০০০
উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের [1]	..	৭৫,০০০

জমিতে ধান হইয়া থাকে।

বাঙ্গলা দেশের কৃষকগণের মুখে শুনা যায়,

কোল পাতলা ডাগর গুছি,
লক্ষ্মী বলেন ঐখানে আছি। [2]

ধানের ঝাড় যদি মোটা অথচ ফাঁক ফাঁক হয় তাহা হইলে অধিক ধান জন্মে.

আমাদের কৃষকদের এই অভিজ্ঞতা ও সাবরের গবর্ণমেন্ট কৃষি কলেজের পরীক্ষার [3] ফল একইরূপ হইয়াছে। সাবরের কৃষিক্ষেত্রে এক একটা গর্ত্তে ৪টা ধানের চারা রোপণ করাতে অতি উৎকৃষ্ট শস্য উৎপন্ন হইয়াছিল। কিন্তু কতকগুলি গর্ত্তে ২টা, ও অপর কতকগুলি গর্ত্তে ৮টা, চারা রোপণ করিয়া দেখা গিয়াছে যে, ২টা চারা হইতে যত ধান হইয়াছে ৮টা চারা হইতে তত হয় নাই।

আরও দেখা গিয়াছে যে আষাঢ় মাসে রোপণ করিলে যত শস্য হয় শ্রাবণে রোপণ করিলে তত শস্য হয় না। এতৎসম্বন্ধে আমাদের দেশের কৃষকদের অভিজ্ঞতা এই যে,

আষাঢ়ে রোয় ফলকে
শ্রাবণে রোয় দলকে
ভাদ্রে রোয় ভুঁষকে
আশ্বিনে রোয় কিস্‌কে। [4]

আষাঢ়ে ধান্য রোপণ করিলে খুব ভাল ফল হয়, শ্রাবণে রোপণ করিলে পাতা ও ভাদ্রে ভুঁষ হয়. আশ্বিনে রোপণ করিলে কিছুই হয় না।

[1] North-West Frontier Province.

[2] Sowing thinly, big clusters (of straw)
Lakṣmī (goddess of harvests and prosperity) says, "there am I."

[3] Agricultural College's experiment.

[4] (Paddy) is sown in the month of Asarh for the sake of grain (fruit). in Shravan for leaves (grass), in Bhadra for chaff and in Aswin for no purpose (what for).

সারধো গ্রামে পরীক্ষা করিয়াও এইরূপ ফল প্রাপ্ত হওয়া গিয়াছে। গবর্ণমেণ্ট এতৎসম্বন্ধে আরও পরীক্ষা করিবেন।

অষ্ট্রেলিয়ায় টেফ নামক এক প্রকার ঘাসের চাষ হইতেছে। এই ঘাসের জন্মস্থান আবিসিনিয়া দেশ। তথা হইতে কয়েক বৎসর পূর্ব্বে দক্ষিণ আফ্রিকায় ইহা নীত হয়। সেখানে এখন ইহার খুব প্রচলন হইয়াছে। দক্ষিণ আফ্রিকা হইতে এই ঘাসের বীজ অষ্ট্রেলিয়া লইয়া গিয়া বপন করা হয়। তথায় ইহার খুব সমাদর হইয়াছে। বর্ষাকালে এই ঘাসের বীজ অতি শীঘ্র অঙ্কুরিত হয়। দেড় মাসের মধ্যে এই ঘাস প্রায় ২॥০ হাত দীর্ঘ হয়। গ্রীষ্মকালের মধ্যেই ২।৩ বার কাটা যাইতে পারে। এক এক বিঘাতে ২৮ মণ ঘাস পাওয়া যায়। গরু ঘোড়া প্রভৃতি এই ঘাস খাইবার জন্য পাগল হইয়া উঠে। এই ঘাস খাইলে গরুর দুধ খুব বেশী হয়।

আর্দ্র বা শুষ্ক উভয় জমিতেই এই ঘাস জন্মে। বেলে[1] মাটি হইলেই এই ঘাস বেশ বর্দ্ধিত হইতে পারে। অনাবৃষ্টিতে এই ঘাসের কোন ক্ষতি হয় না। ভারতবর্ষে এই ঘাসের বীজ আমদানি করা উচিত।

ভারতে হৈমন্তিক ধান যত হয়, আদই ধান তত হয় না। গড়ে প্রতি বিঘায় ৪ মণ ধান উৎপন্ন হইয়া থাকে। এই হিসাবে বৎসরে প্রায় ৮১ কোটি মণ ধান ভারতবর্ষে জন্মে।

সার ডেনজিল ইবেটসন[2] একদা গণনা করিয়া বলিয়াছিলেন ভারতবর্ষে কৃষি উৎপন্ন দ্রব্যের মূল্য ৫২৩ কোটি ৫০ লক্ষ টাকা।

ভারতবর্ষে প্রায় ২৮৫ কোটি টাকার ধান ও ২৩৮ কোটি ৫০ লক্ষ টাকার অন্যান্য শস্য উৎপন্ন হয়।

[1] Beliā : sandy ; from *bali* sand.
[2] Sir Denzil Ibbetson.

ভারতসচিবের কাউন্সিল বিল অগ্রাহ্য হইয়াছে।

The Secretary of State for India's Council Bill has been rejected.

গত মঙ্গলবার লর্ড সভা ভারত সচিবের[1] কাউন্সিল সংশোধক বিল অগ্রাহ্য করিয়াছেন। ৩৮ জন পক্ষে ও ৯৬ জন বিপক্ষে ভোট দেওয়াতে বিল পরিত্যক্ত হইয়াছে।

[1] India Secretary ; Secretary of State for India.

ডাক্তার দারোগা।

Medical policemen.

নরহত্যা হইলে দারোগা যাইয়া সুরতহল[1] করেন, কিন্তু দারোগা শারীর বিদ্যার[2] কিছুই জানেন না, সুতরাং তাঁহার অনভিজ্ঞতা হেতু অনেক বিভ্রাট ঘটিয়া থাকে। এই বিভ্রাট নিবারণ করিবার জন্য কলিকাতার পুলিস কমিশনার এক নূতন উপায় উদ্ভাবন[3] করিয়াছেন। তিনি মেডিকেল কলেজের মিলিটারী বিভাগের তৃতীয় বার্ষিক শ্রেণীর ৩ জন ইউরোপীয় কি ইউরেসীয়কে সব-ইন্‌স্পেক্টার নিযুক্ত করিয়াছেন। নরহত্যা হইলে সর্ব্বাগ্রে ইঁহাদিগকে সংবাদ দেওয়া হইবে, ইঁহারা ঘটনাস্থলে গমন করিয়া মৃতদেহের অবস্থা লিখিয়া রাখিবেন। ডাক্তর দারোগা সম্পূর্ণ নূতন তাহার সন্দেহ নাই।

[1] *Surathāl* : inquest.
[2] *Sārīr-vidyā* : knowledge of body ; anatomy.
[3] *Ut-bhāvan* : thinking out ; evolved.

প্যাদা ও গবর্ণমেণ্ট।

The process-server and Government.

কলিকাতার ছোট আদালতের প্যাদা মিঃ মেরিডিথ শ্রীমতী সঞ্জীবনী দাসীকে পদাঘাত করিয়া ৫০ টাকা দণ্ড দিয়াছেন। এই মোকদ্দমায় গবর্ণমেণ্ট প্যাদাকে রক্ষা করিবার জন্য কত টাকা খরচ করিয়াছেন বাবু সুরেন্দ্র নাথ রায়ের এই প্রশ্নের উত্তরে বাঙ্গালা গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী বলিয়াছেন—এই মোকদ্দমায় ৪২,১২৯ টাকা ব্যয় হইয়াছে। মিঃ কিজের[1] আদালতে ১৯ দিন ও প্রধান ম্যাজিষ্ট্রেট মিঃ সুইনোর[2] আদালতে ৩০ দিন ধরিয়া এই মোকদ্দমার বিচার চলিয়াছিল। প্রথম আদালতে বাদিপক্ষে ১০ ও আসামী-পক্ষে ৯ জনের ও দ্বিতীয় আদালতে বাদিপক্ষে ৮ ও আসামীপক্ষে ১৬ জনের সাক্ষ্য গ্রহণ করা হইয়াছিল। আসামীপক্ষে ২ জন ব্যারিষ্টার ও ১ জন উকীল ছিলেন। হাইকোর্টে ১ জন ব্যারিষ্টার ও ১ জন উকীল নিযুক্ত করা হইয়াছিল।

[1] Mr. Keays.
[2] Mr. Swinhoe.

শিক্ষা সংবাদ।

Educational news.

মেডিকেল কলেজের ছাত্র ইন্দুভূষণ বসু মানকোজী রস্তমজী বৃত্তি [1] ও সুনীল চন্দ্র বসু ডাক্তার রাখালদাস ঘোষ প্রাইজ [2] পাইয়াছেন। অমলকুমার রায় চৌধুরী গুডিব মেডেল, [3] নৌরতন লাল বর্ম্মা ম্যাকলাউড মেডেল, [4] নৌরতন লাল বর্ম্ম জগচ্চন্দ্র দাস গুপ্ত মেডেল, ও কালিপদ বন্দ্যোপাধ্যায় রায় দেবেন্দ্রনাথ রায় বাহাদুর মেডেল পাইয়াছেন।

ল [5] কলেজের কিশোরীলাল চট্টোপাধ্যায় ও বিনোদ চন্দ্র সেন রিচি প্রাইজ [6] পাইয়াছেন।

প্রিলিমিনারী, ফার্ষ্ট ও ফাইনেল এম, বি, পরীক্ষা বৎসরে দুইবার গৃহীত হইবে।

[1] Mankoji Rastamji scholarship.
[2] Prize.
[3] E. Goodeve medal.
[4] E. Macleod medal.
[5] E. law.
[6] Ritchie prize.

কলিকাতা।

Calcutta.

বঙ্গবাসী কলেজের হোষ্টেলের জন্য [1] ২৮ নং স্কটস লেনের বাটী গবর্ণমেন্ট কর্ত্তৃক ক্রয় করা হইবে।

লালবাজার হইতে রাধাবাজারের মধ্য দিয়া হেরিসন রোড [2] পর্য্যন্ত যে রাস্তা নির্ম্মাণের প্রস্তাব হইয়াছিল, ইম্প্রুভ্মেণ্ট ট্রাষ্ট তাহার পরিবর্ত্তন করিয়া রাধাবাজার বাঁচাইবার পন্থা করিতেছেন।

বাবু উপেন্দ্রনাথ বড়াল ৮৫ নং লিণ্টন ষ্ট্রীটে বাস করেন। ইনি ইহাঁর স্ত্রীকে অবিশ্বাস করাতে স্ত্রী কাত্যায়নী গত শুক্রবার রাত্রি ৯ টার সময় ছাদে গমন করিয়া কাপড়ে কেরোসিন তৈল ঢালিয়া অগ্নিদগ্ধ [3] হইয়াছেন। ইহাঁকে বাঁচাইবার জন্য দমকলের কর্ম্মচারিগণ ও ডাক্তার অনেক চেষ্টা করিয়াছিলেন। কিন্তু রাত্রি শেষ না হইতেই কাত্যায়নীর প্রাণবায়ু বহির্গত হয়।

[1] For the hostel of the "Vaṅga-vāsī" College.
[2] E. Harrison Road.
[3] *Agni-daydha;* fire-burnt.

১০ই জুলাই শুক্রবার সন্ধ্যা ৭৷৷৹ ঘটিকার সময় সাধারণ ব্রাহ্ম সমাজ মন্দিরে তত্ত্ববিদ্যা সভায় শ্রীযুক্ত কাশীচন্দ্র ঘোষাল ব্রাহ্মবাদ[1] বিষয়ে বক্তৃতা করিবেন। পণ্ডিত সীতানাথ তত্ত্বভূষণ সভাপতির আসন গ্রহণ করিবেন। সকলের উপস্থিতি প্রার্থনীয়।

গত বুধবার অপরাহ্ন ৪ ঘটিকার সময় বৈদ্যনাথ দত্তের লেন নিবাসী বাবু অবনীভূষণ দাসের পত্নী পঞ্চদশবর্ষীয়া বালিকা প্রফুল্লকুমারী তাহার কেরোসিন তৈলসিক্ত[2] বস্ত্রে আগুন লাগাইয়া দিয়া আত্মহত্যা করিয়াছে। কেন সে এই ভীষণ কাণ্ড করিল, করোনারের[3] আদালতের বিচারে তাহা জানা যাইবে।

কালীঘাটের পাণ্ডাদের অত্যাচার কি কিছুতেই দমন হইবে না? "বেঙ্গলী' লিখিয়াছেন, ৩ জন মহিলা ১৩ বছরের[4] এক বালককে সঙ্গে লইয়া মন্দিরে প্রবেশকালে দ্বাররক্ষককে ৪ জনের জন্য এক টাকা দক্ষিণা দেন। ৩ জন মহিলাই মন্দিরে প্রবেশ করেন, কিন্তু দ্বাররক্ষক বালককে বাধা দেয়। সে তাহাতে আপত্তি করাতে দ্বাররক্ষক তাহার মুখে ছুরীর আঘাত করে। তখন মহিলাত্রয় মন্দির হইতে বাহিরে যাইবার জন্য ব্যাকুল হন। একজনের কোলে একটী শিশু ছিল, গোলমালে তাঁহার কাণের ফুল[5] পড়িয়া যায়। তিনি তাহা কুড়াইয়া[6] লইবার চেষ্টা করিতেছিলেন, এমন সময়ে তাঁহাকে লাথি দিয়া মন্দির হইতে বাহির করিয়া দেওয়া হয়। পুলিশ এই অভিযোগের তদন্ত করিতেছে।

[1] *Brāhma-vāda :* the Doctrine of Brahma ; Brāhmoism.
[2] *Taila-sikta :* oil-besmeared.
[3] E. Coroner.
[4] *Bachar* for *valsar*, year.
[5] Ear-ring.
[6] Picking up.

সংবাদ।

News.

নারায়ণগঞ্জের ভলান্টিয়ারদের কাপ্তান মিঃ রলিনের কুকুর অনেক লোককে কামড়াইয়াছে। এই অপরাধে কাপ্তানের বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত করা হইয়াছে।

বোম্বাই প্রেসিডেন্সীর রত্নগিরি জেলার মানবন গ্রাম নিবাসী অনন্ত শিবাজী দাস স্বগ্রামে[1] এক বিদ্যালয় স্থাপনের জন্য গবর্ণমেন্টের হস্তে ৭৫ হাজার টাকা প্রদান করিয়াছেন।

[1] *Sva-grām :* own village.

দীঘাপতিয়ার রাজার তিনজন ভৃত্য গত ২৭এ জুন রাত্রিকালে গৃহে ফিরিবার সময় এক দল লোক কর্ত্তৃক আক্রান্ত হয়। ভৃত্যগণ এক চায়ের দোকানে[1] আশ্রয় গ্রহণ করে। আক্রমণকারীরা চলিয়া গিয়াছে মনে করিয়া সেখানে এক ঘণ্টাকাল থাকিবার পর তাহারা রাস্তায় বাহির হইলে পুনরায় আক্রান্ত হয়। তাহাদের আঘাতে একজন ভৃত্য অজ্ঞান হইয়া পড়ে এবং আর একজনের হাত গুরুতররূপে জখম হয়। আক্রমণকারীরা ধৃত হইয়াছে। ভৃত্যদিগকে কেন আক্রমণ করিয়াছিল, এবার তাহা প্রকাশ হইবে।

ভারতবর্ষের সর্ব্বত্র একই রকম ওজন প্রচলন করা যাইতে পারে কিনা তাহা নির্দ্ধারণের জন্য গবর্ণমেণ্ট এক কমিটি করিয়াছিলেন। ৮ মাসের অনুসন্ধানের পর কমিটি এক রিপোর্ট দাখিল করিয়াছেন।

চীন দেশের ক্যাণ্টন নগরে এক আশ্চর্য্য ঐতিহাসিক তত্ত্ব[2] আবিষ্কৃত হইয়াছে। খৃষ্টের জন্মের ৫০২ হইতে ৫৩০ বৎসর পূর্ব্বে ভারতবর্ষ হইতে শ্রীজীবক নামক একজন বৌদ্ধ ভিক্ষু[3] ক্যাণ্টন গমন করিয়া তথাকার কোয়াং সিয়াস্থ মঠে[4] এক বৃক্ষ রোপণ করিয়াছিলেন। আর একজন ভিক্ষু তাহারও পূর্ব্বে ক্যাণ্টনে উপনীত হইয়া ঐ মঠের অধিকারীর পদে অভিষিক্ত হইয়াছিলেন।

জুলাই মাসের প্রথমে ডাক্তার সংযত সেন জাপান হইতে দক্ষিণ ইউনানে[5] উপস্থিত হইয়াছেন। শুনা যায়, ষ্ট্রেট সেটলমেণ্ট[6] হইতে ৩০ হাজার চীনা ৩ খানা জাহাজে চীন আক্রমণ করিতে যাত্রা করিয়াছে। ইহারা হংকং ও মাকেও[7] হইয়া সাটো নগরে উপনীত হইবে। তথায় ৩ হাজার সুশিক্ষিত চীনা তাহাদের সহিত যোগদান করিবে।

সারা হইতে পাবনা ও বেরার মধ্য দিয়া সাধুগঞ্জ পর্য্যন্ত রেলওয়ে নির্ম্মাণের প্রস্তাব হইয়াছে।

বাবু জগন্নাথদাস মেদিনীপুর জেলার অন্তর্গত সাবং থানার অধীন সোলা গ্রামের জমিদার। বিজয়চন্দ্র দত্ত সেট্‌লমেণ্ট ক্যাম্পের[8] একজন কেরাণী। একদা জগন্নাথ বাবু কোন কাগজের জন্য ক্যাম্পে গিয়াছিলেন। বিজয় টাকা না পাইলে কাগজ দিতে অস্বীকার করে। জগন্নাথ বাবু টাকা দিতে অস্বীকার করাতে বিজয় তাহার গালে চাপড় মারে। জগন্নাথ বাবু নালীস করাতে

[1] *Cā-er dokān :* teashop.
[2] Astonishing historical fact.
[3] *Bhikṣu :* mendicant ; monk.
[4] Monastery.
[5] Yunnan.
[6] Strait Settlements.
[7] Macao.
[8] E. camp.

বিজয় বলে যে বাদী ক্যাম্পে আসিয়া ধুমপান[1] করিতেছিলেন, তাঁহাকে নিষেধ করাতে তিনি ক্রোধ প্রকাশ করিয়াছিলেন। তাই তাঁহাকে এক চাপড় দিয়াছিলাম। ডেপুটী ম্যাজিষ্ট্রেট মিঃ বি, কে, বসুর বিচারে বিজয়চন্দ্রের ২০ টাকা জরিমানা হইয়াছে।

গতপূর্ব্ব মঙ্গলবার চুঁচুড়ার[2] বাবু নিতাই দাস দত্তের অষ্টাদশ বর্ষীয়া স্ত্রী কেরোসিন তৈলসিক্ত কাপড়ে আগুন ধরাইয়া দিয়া আত্মহত্যা করিয়াছেন। ইহার এক পক্ষ[3] পূর্ব্বে আরও একটী বালিকা ঐ উপায়ে আত্মহত্যা করিয়াছে।

[1] *Dhum-pān :* smoke-drinking ; smoking.
[2] Chinsura.
[3] Fortnight. The month is divided into two parts, the *krisṇa pakṣa* or dark half, and *śukla-pakṣa* or light half, according to the waning and the waxing moon.

দান।

Gift.

ঢাকার পূর্ব্ববাঙ্গালা ব্রাহ্মমন্দিরে প্রতি রবিবার ব্রহ্মোপাসনার[1] জন্য এত লোক সমাগম হয় যে মন্দিরে অনেকে প্রবেশ করিতে পারেন না। এই অসুবিধা দূর করিবার জন্য মন্দিরের আয়তন[2] বৃদ্ধি করা হইবে। এই কার্য্যে ৬ সহস্র টাকার প্রয়োজন, এই সংবাদ অবগত হইয়া ৺দুর্গা মোহন দাস মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র ৺সত্যরঞ্জন দাস মহাশয়ের সহধর্ম্মিনী শ্রীমতী বিমলা দাস ৫০০ টাকা দান করিয়াছেন।

[1] *Brahma-upāsana :* Brāhmo service.
[2] Superficies ; extent.

দণ্ড হ্রাস।

Remission of punishment.

বরিশাল ষড়যন্ত্র[1] মোকদ্দমার আসামী যতীন্দ্রনাথ রায় ও রমেশচন্দ্র আচার্য্যের ১২ বৎসরের স্থলে ৪ বৎসরের গোপালচন্দ্র মিত্র ও প্রিয়নাথ আচার্য্যের ৭ বৎসর স্থলে ৩ বৎসরের, রোহিনীকান্ত গুহ ও নিবারণচন্দ্র করের ১০ বৎসর স্থলে ৩ বৎসর, যতীন্দ্রচন্দ্র ঘোষের ১০ বৎসরের স্থলে ২ বৎসর, নিশিকান্ত ঘোষের ৪ বৎসরের স্থলে ২ বৎসর, শৈলেন্দ্র মুখার্জির ৪ বৎসরের স্থলে ৬ মাস, দেবেন্দ্র বনিক্য ও কুমুদবন্ধু নাগের ২ বৎসরের স্থলে ১ মাসের

[1] Conspiracy.

কারাদণ্ডের ব্যবস্থা করা হইয়াছে। কেন দণ্ড হ্রাস করা হইল, আমরা তাহা জানিতে চাই।

রবি বাবুর সমাদর।

Appreciation of Mr. Tagore.

ইউরোপ ও আমেরিকায় শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি ৮ লক্ষ বিক্রয় হইয়াছে। এক টেনিসন ভিন্ন[1] আর কাহারও গ্রন্থ এত বিক্রয় হয় নাই। রবি বাবুর "গার্ডনার"[2] নামক গ্রন্থও লক্ষাধিক বিক্রয় হইয়াছে। অসীম ঈশ্বরের সহিত মানবাত্মার[3] নিগূঢ় যোগের কথা অশান্ত ইউরোপের নিকট অতি মধুর বোধ হইয়াছে।[4] তাই রবি বাবুর গ্রন্থের এত সমাদর হইতেছে।

[1] Save Tennyson alone.
[2] "The Gardener".
[3] *Mānava- ātmā :* the human soul.
[4] The news of the communion of man's mind with Infinite God is very pleasing to restless Europe.

হিন্দু বিশ্ববিদ্যালয়।

The Hindu University.

ভারত সচিব[1] হিন্দু বিশ্ববিদ্যালয় সংস্থাপনে সম্মতি দিয়াছেন। শীঘ্রই তবে এতদর্থে এক আইন প্রণীত হইবে। তখন বুঝা যাইবে হিন্দু বিশ্ববিদ্যালয়ের দ্বারা ভারতবাসীর কল্যাণ হইবে কিনা? মুসলমান বিশ্ববিদ্যালয় সংস্থাপনের প্রস্তাব শুনিয়া শ্রীযুক্ত মদনমোহন মালব্য প্রভৃতি হিন্দু বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রয়োজন অনুভব করেন। মুসলমানগণ তাঁহাদের বাসনা পরিত্যাগ করিয়াছেন। কিন্তু হিন্দু বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষদের আশা ফলবতী হইতে চলিল।[2]

[1] The Secretary of State for India.
[2] Is by way of being effected.

মেডিকেল রেজিষ্ট্রেসন আইন।

The Medical Registration Act.

মেডিকেল রেজিষ্ট্রেসন আইনানুসারে যে নির্ব্বাচন হইবে, গত বুধবারের কলিকাতা গেজেটে তাহার বিশেষ বিবরণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা

মেডিকেল কাউন্সিলের সভ্যপদপ্রার্থী[1] তাঁহাদের মনোনয়ন পত্র[2] আগামী ১লা আগস্ট পরীক্ষা করা হইবে। ৮ই আগষ্টের মধ্যে ভোটিং পেপার, গেজেটে যাহাদের নাম প্রকাশ হইয়াছে, তাঁহাদের নিকট প্রেরিত হইবে।

ভোটারগণ ২৬এ আগষ্টের মধ্যে ভোট পাঠাইয়া দিবেন। ভোট-গণনাকারী কর্ম্মচারী ৩১এ আগষ্ট ভোট গণনা করিবেন।

[1] *Sabhya-pada-prārthi :* desirous of the post of member.
[2] *Manas-nayan patra :* nomination papers.

লণ্ডনে ভারতের কথা।

India in London.

গত ২৮এ জুন লণ্ডনের ক্যাক্সটন হলে ভারত সচিবের কাউন্সিল বিল ও কানাডায় ভারতবাসীর দুরবস্থা সম্বন্ধে আলোচনা করিবার জন্য এক সভা হইয়াছিল। সার মঞ্চারজী ভবনগরী[1] সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। মিঃ ভগবানদীন দোবে কাউন্সিল বিল সম্বন্ধীয় প্রস্তাব উপস্থিত করিয়াছিলেন এবং মিঃ সৈয়দ হোসেন, মেজর সিংহ, মিঃ সকলাৎওয়ালা ও মিঃ জাফর আলি খাঁ তাহার সমর্থন[2] করিয়াছিলের।

শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বসু কানাডাপ্রবাসী ভারতবাসীদের সম্বন্ধে প্রস্তাব উপস্থিত করিয়াছিলেন। মিঃ শর্ম্মা, লাজপৎ রায়, সমর্থ ও নন্দসিংহ তাহার সমর্থন করিয়াছিলেন।

[1] Sir Muncherjee Bhownugree.
[2] Support.

সমাজ-কলঙ্ক।

A disgrace to society.

কোন পত্রপ্রেরক লিখিয়াছেন[1] :— পাবনা জেলা নিবাসী একজন বারেন্দ্র[2] শ্রেণীর ব্রাহ্মণ, বয়স ৪০ / ৪৫ বৎসর, নিলফামারী মুন্‌সেফী আদালতে

[1] "A correspondent writes."
[2] Brāhmaṇs are divided into three great classes, according to their local origin. These are Rāḍhi, Vārendra and Vaidic. Kulīns of the first class bear the names of Mukhopādhāya, Vandopādhyāya, Gaṅgopādhyāya, and Chaṭṭopādhāya. (These names are commonly corrupted nowadays into Mukhuryyā or Mookerjee, Vāḍuryyā or Banerjee, Gāṅguli and Cāturyyā or Chatterjee.) The Vārendra Brāhmaṇs come from the North country about Rājshāhi. Their family names are Lāhiṛī, Bhādurī, Maitreya, Vāgci and Sānnyāl. The Vaidic Brāhmiṇs add Bhattacharyya to their patronymic. Vaidyas are a much lower caste, not Brāhmaṇs at all.

চাকরী করেন। তিনি সম্প্রতি কাশী হইতে তৃতীয় পক্ষে একটী ৮।৯ বৎসরের বালিকাকে পাণিগ্রহণ করিয়া আনিয়াছেন। ঘরে তাঁহার প্রথমা স্ত্রীর গর্ভজাত ২০।২১ বৎসরের একটী বিবাহিতা ও ৮।৯ বৎসরের একটী অবিবাহিতা কন্যা ও ১৭।১৮ বৎসর বয়স্ক এক পুত্র ও আর ছোট দুইটি পুত্র আছে, অবিবাহিত জ্যেষ্ঠপুত্রসহ ঐ বালিকার বিবাহ দিয়া পুত্রবধূ করিয়া ঘরে আনিলেই শোভা পাইত, তাহা না করিয়াই বৃদ্ধ বয়সে নিজেই বিবাহ করিয়াছেন।

কি ভীষণ রেষারেষি[1]।

What terrible bitterness of feeling.

কলিকাতার মিউনিসিপাল বাজারের তত্ত্বাবধারক ছিলেন মিঃ লিম্পাস। কর্ত্তৃপক্ষগণ তাঁহাকে জবাব দিয়া তৎপদে আর একজনকে নিযুক্ত করিবেন। পাছে তাঁহার কর্ম্মে একজন ভারতবাসীকে নিযুক্ত করা হয়, এই ভয়ে ইউরোপীয়গণ খুব আন্দোলন উপস্থিত করিয়াছেন। আন্দোলনের হেতু এই যে বড় বড় ইউরোপীয় মহিলারা ঐ বাজারে গমন করেন, অতএব একজন ইংরেজকে উহার তত্ত্বাবধারক নিযুক্ত করা কর্ত্তব্য। বাজারের সমস্ত দোকানদারই ভারতবাসী। তাহাদের দোকানে যাইয়া তাহাদের সহিত কথাবার্ত্তা বলিয়া তাহাদের দ্রব্য সামগ্রী কিনিতে কাহারও কোন আপত্তি নাই, কিন্তু ভারতবাসী তত্ত্বাবধারকের বেলাই যত আপত্তি। আমরা বলি এত রেষারেষি ভাল নয়। এই দেশটা হল[2] ভারতবর্ষ। ভারতবাসীদের সঙ্গে সর্ব্ব কার্য্যে মিশিতে হইবে, তাহাদের সঙ্গে রেষারেষি করা ভাল নয়।

[1] *Resā-resi :* mutual hatred.
[2] *Haïla*, 'is.'

পাটের সংবাদ।

Jute news.

১৯১২ সালে ১ কোটি ২ লক্ষ বস্তা[1] পাট হইয়াছিল, এক জন পাটতত্ত্ববিৎ[2] বলেন, বর্ত্তমান বর্ষে ১ কোটি ১০ লক্ষ বস্তা পাট জন্মিবে এবং পাটের দর[3] গত বৎসর অপেক্ষা কম হইবে।

বর্ত্তমান বর্ষে প্রায় সর্ব্বত্রই পাটের আবাদ বেশী হইয়াছে, এই সংবাদ পাইয়া পাটতত্ত্ববিৎ মনে করিয়াছেন যে পাট বেশী হইবে, কিন্তু বর্ত্তমান বর্ষে সুবৃষ্টি

[1] Bales.
[2] *Pāt-vit :* expert in jute.
[2] Price : rate.

ও বর্ষার অভাবে যে পাটের ক্ষতি হইয়াছে, সে সংবাদ যদি তিনি রাখিতেন, তবে পাট বেশী হইবে এবং পাটের দাম কমিয়া যাইবে বলিয়া প্রফুল্ল[1] হইতে পারিতেন না।

ময়মনসিংহ, পাবনা, রাজসাহী, বগুড়া জেলায় পাটের আবাদ গত বর্ষ অপেক্ষা কম হইয়াছে। ময়মনসিংহে গতবর্ষে ৫,৫৮,৬০২ একার ভূমিতে পাটের চাস হইয়াছিল, বর্ত্তমান বর্ষে ৫ ৪৯ ২৮৬ একার ভূমিতে চাষ হইয়াছে। রাজসাহীতে ১,২৬,৬৪৬ একারের স্থলে ১,২১,৫০০, পাবনায় ১,৬০,০০০ একারের স্থলে ১ ৫৬,০০০, বগুড়ায় ৯০,০০০ একারের স্থলে ৮৫,০০০ একারে পাটের আবাদ হইয়াছে। সুতরাং পাটতত্ত্ববিদের ভবিষ্যদ্বাণী[2] কখনও সার্থক[3] হইবে না।

[1] Joyous.
[2] *Bhavisyal-vāṇī :* future-utterance ; prophecy.
[3] *Sva-arthak :* accomplished ; realised.

বেথুন কলেজ।

The Bethune College.

জনরব[1] এই, বেথুন কলেজের জন্য বাড়ীভাড়া[2] করার চেষ্টা হইতেছে। বেথুন কলেজের জন্য বাড়ীভাড়া করার কোন প্রয়োজন আমরা দেখিতে পাই না। প্রিন্সিপাল যে বাড়ীতে বাস করেন, সেই প্রকাণ্ড বাটীতে অনায়াসে কলেজের ক্লাসগুলি বসিতে পারে। এই সহজ উপায় থাকিতে সহরের নানা স্থানে বাড়ীর অন্বেষণ করা হইতেছে কেন? বেথুন কলেজের পশ্চিমদিকে অনেক দিন হইল, কলেজের জন্য জমি ক্রয় করা হইয়াছে। কিন্তু এপর্য্যন্ত তথায় বাটী প্রস্তুত করার কোন চেষ্টা করা হয় নাই কেন? ডিরেক্টার অবিলম্বে তথায় বাটী নির্ম্মাণের আয়োজন করুন, কলেজের স্থানের অভাব দূর হইবে।

আমরা অবগত হইলাম, শীঘ্রই গণিতের অধ্যাপক নিয়োগ করা হইবে। আমাদের পরামর্শ এই যে বেথুন কলেজের ভূতপূর্ব্ব অধ্যাপক বাবু কালীপ্রসন্ন দাস মহাশয়কে হাজারিবাগ হইতে লইয়া আসিলে কলেজের মঙ্গল হইবে। অজ্ঞাতকুলশীল[3] কোন লোককে বেথুন কলেজে আনা উচিত নয় একথা যেন ডিরেক্টার ভুলিয়া না যান।

[1] *Jana-rava :* popular rumour.
[2] House-renting.
[3] *A-jnāta-kula-sīla :* unknown-descent-character ; one about whose family and character nothing is known.

মুসলমানদের শিক্ষার সাহায্য।

Grant-in-aid for Mahomedan education.

ভারত গবর্ণমেণ্ট বর্ত্তমান বর্ষে বাঙ্গালা দেশের শিক্ষার জন্য ১,৫০,০০০ টাকা অতিরিক্ত সাহায্য[1] করিয়াছেন। এই টাকা হইতে ৮৪ হাজার টাকা কেবল মুসলমানদের শিক্ষার জন্য ব্যয় করা হইবে। অবশিষ্ট ৬৬ হাজার টাকা হিন্দু মুসলমান খৃষ্টান সকলের শিক্ষার জন্য ব্যবহৃত হইবে।

মুসলমান বালিকাদের শিক্ষার জন্য ১৯১২-১৩ সালে ১,০৭,০০০ টাকা, ১৯১৩-১৪ সালে ১,৩৭ ০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

এতদ্ব্যতীত স্ত্রীশিক্ষার জন্য গবর্ণমেণ্ট যে টাকা সাধারণ ভাবে[2] মঞ্জুর করিয়াছেন, মুসলমানগণ তাহারও অংশী হইবেন।

মসিন ফণ্ডের[3] যে টাকা এখন মাদ্রাসার[4] সাহায্যে ব্যয় হয়, সেই টাকা গবর্ণমেণ্টের তহবিল[5] হইতে প্রদান করিয়া মসিন ফণ্ডের টাকা মুসলমানদের সাধারণ স্কুলে ব্যয় করিবার প্রস্তাব সম্বন্ধে গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন। মাদ্রাসার ব্যয় যদি গবর্ণমেণ্ট বহন করেন এবং মসিন ফণ্ডের টাকা যদি মুসলমানদের সাধারণ শিক্ষার জন্য ব্যয়িত হয়, তবে মুসলমানদের বিশেষ উপকার হইবে।

[1] Additional grant.
[2] Generally.
[3] The Mohsin Fund. This is an important educational trust founded by Hāji Muhammad Mohsin, whose father, a Persian merchant, settled in Hooghly. He was born in 1732 and died, much honoured and regretted, in 1812.
[4] *Madrassa :* a Mahomedan College of Islamic studies.
[5] A *tahwīl :* treasury.

বর্ণ[1] সংগ্রাম।

Race-conflict.

কার্য্যকাল শেষ হওয়াতে দক্ষিণ আফ্রিকার গবর্ণর জেনারল লর্ড গ্লাডষ্টোন স্বদেশযাত্রা করিয়াছেন। দক্ষিণ আফ্রিকার আদিম নিবাসী[2] কৃষ্ণাঙ্গদের[3] সহিত ইউরোপ হইতে সমাগত শ্বেতাঙ্গদের[3] বিরোধ অতি তীব্র

[1] *Varṇa :* colour. The name is applied to the letters of the alphabet also, because, perhaps, they were written in colour, were the depicting of intangible sounds.
[2] Original inhabitants ; aboriginals.
[3] *Kṛiṣṇa-anga, sveta-anga :* black-bodied, white-bodied.

হইয়াছে। শ্বেতাঙ্গগণের ইচ্ছা তাহারা প্রভু হইয়া থাকিবে, কৃষ্ণাঙ্গ তাহাদের সেবা করিবে। শ্বেতাঙ্গ হুকুম করিবে, কৃষ্ণাঙ্গ বিনা ওজরে[1] তাহা পালন করিবে। প্রকৃতির নিয়ম তাহা নহে। শ্বেতাঙ্গের যেমন মান অপমান, হিতাহিত-জ্ঞান[2] আছে, কৃষ্ণাঙ্গেরও ঠিক সেইরূপ আছে। সুতরাং উভয়ের মধ্যে দ্বন্দ্ব অনিবার্য্য[3] হইয়া উঠিয়াছে। লর্ড গ্লাডষ্টোন বুঝিয়াছেন, এই দ্বন্দ্ব নিবৃত্ত না হইলে একদিন মহা বিপ্লব[4] সংঘটিত হইবে। তাই তিনি স্বদেশযাত্রার অব্যবহিত পূর্ব্বে[5] কৃষ্ণাঙ্গের সহিত ন্যায়সঙ্গত[6] ব্যবহার করিতে উপদেশ দিয়াছেন। তিনি বলিয়াছেন, ভারতবাসীর সহিত যে গোলযোগ উপস্থিত হইয়াছিল, ন্যায়াচরণের দ্বারা তাহার যেমন মীমাংসা করা হইয়াছে, কৃষ্ণবর্ণ জাতি সমূহের সহিত যে বিবাদ চলিতেছে, ন্যায় ব্যবহারের দ্বারাই তাহার মীমাংসা সম্ভব। ঠিক কথা।[7]

[1] Without questioning.
[2] *Hita-ahita jñān :* sense of right and wrong.
[3] *A-nivāryya*, inevitable. cf. *nivāraṇ*.
[4] Revolution.
[5] Immediately before.
[6] *Nyāya-saṅgata :* in accordance with justice.
[7] 'Quite right !'

ধর্ম্মের গণ্ডী।

Odium theologicum.

প্রশান্ত মহাসাগরের ফিলিপাইন দ্বীপপুঞ্জ একদিন স্পেনের অধীন ছিল, এখন আমেরিকার অধীন হইয়াছে। একের অধীনতা হইতে অপরের অধীনতা পাশে আবদ্ধ হইয়াছে। বহুদিন হইতে এই দুন্দুভি নিনাদ[1] শুনা যাইতেছে যে, উদার মার্কিনগণ[2] ফিলিপাইনে স্বায়ত্ত শাসন[3] প্রতিষ্ঠা করিবেন। এতকাল পরে স্বায়ত্ত শাসনের নমুনা[4] বাহির হইয়াছে। গত রবিবার আমেরিকা হইতে তারযোগে এই সংবাদ ভারতবর্ষে পৌঁছিয়াছে যে আমেরিকার প্রতিনিধি সভায়[5] ফিলিপাইন দ্বীপপুঞ্জের[6] স্বায়ত্ত শাসন আইনের পাণ্ডুলিপি[7] দাখিল[8] করা হইয়াছে। বর্ত্তমান শাসন প্রণালী[9] রহিত করিয়া তথায় শাসনকার্য্য নির্ব্বাহের জন্য দুই সভা স্থাপন করা

[1] Announcement by drum.
[2] Generous Americans.
[3] *Svāyatta śā·an :* home rule ; self-government.
[4] H. sample ; instance.
[5] House of Representatives.
[6] Philippine island-group, archipelago.
[7] Draft ; bill.
[8] Filed ; presented.
[9] System of administration.

হইবে। আমেরিকার অনুকরণে একটীর নাম প্রতিনিধি সভা ও অন্যটির নাম সিনেট সভা[1] হইবে। দ্বীপপুঞ্জের খৃষ্টান অধিবাসিগণ তাঁহাদের প্রতিনিধি নির্ব্বাচনের অধিকার পাইবেন, কিন্তু যাঁহারা খৃষ্টান নহেন তাঁহারা তাঁহাদের প্রতিনিধি নির্ব্বাচন করিতে পারিবেন না, মার্কিন গবর্ণর-জেনারেল[2] তাঁহাদের মধ্য হইতে নিজের মনোমত[3] কয়েক ব্যক্তিকে বাছিয়া সভ্যপদে নিযুক্ত করিবেন. ইহা আমেরিকার উদারতার পরিচয়ই বটে! ভারত গবর্ণমেন্টও খৃষ্টান গবর্ণমেন্ট, কিন্তু খৃষ্টানদের প্রতি এইরূপ অত্যনুরাগ[4] প্রকাশ করিয়া ব্যবস্থাপক সভায় তাঁহাদিগকে কোন বিশেষ অধিকার প্রদান করেন নাই।

[1] Senate.
[2] American Governor-General.
[3] *Manas-mat :* according to his own mind (choice).
[4] *Ati-anu-rāg ;* excessive partiality.

ইণ্ডিয়ান মেডিকেল কাউন্সিল।

Indian Medical Council.

ইণ্ডিয়ান মেডিকেল কাউন্সিল শীঘ্রই গঠিত হইবে! এই কাউন্সিলে ১৫ জন সভ্য থাকিবেন, তন্মধ্যে ৮ জন গবর্ণমেণ্ট কর্ত্তৃক মনোনীত[1] ও ৭ জন নির্ব্বাচিত হইবেন। ৭ জনের মধ্যে ১ জন কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১ জন ইংলণ্ডের উপাধিপ্রাপ্ত[2] ডাক্তারগণ, ৩ জন কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ ডাক্তারগণ, ২ জন ক্যাম্বেল ও টেম্পল মেডিকেল স্কুলের[3] উত্তীর্ণ ডাক্তারগণ নির্ব্বাচন করিবেন। আমরা অবগত হইলাম, ডাক্তার নীলরতন সরকার কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং ডাক্তার সুরেশপ্রসাদ সর্ব্বাধিকারী ও ডাক্তার হরিধন দত্ত এম, ডি, ; এম, বি ও এল, এম. এস দিগের প্রতিনিধিরূপে মেডিকেল কাউন্সিলের সভ্যপদপ্রার্থী[4] হইয়াছেন। ইহারা ৩ জনেই স্বীয় গুণে দেশের নিকট সুপরিচিত। সুতরাং ইহারা যে সমস্ত নির্ব্বাচকের ভোট পাইবেন, তাহার সন্দেহ নাই। এই ৩ জন ব্যতীত আরও ৪ জনকে নির্ব্বাচন করিতে হইবে। ইংলণ্ডের উপাধি প্রাপ্ত ডাক্তারদের প্রতিনিধি হইবার জন্য ডাক্তার ব্রাউন চেষ্টা করিতেছেন। তিনি যে ভাল লোক তাহা সকলেই স্বীকার করিবেন।

[1] Nominated.
[2] Holding English degrees.
[3] Campbell and Temple Medical Schools.
[4] *Pada-prārthī :* candidates.

অবশিষ্ট ৩ জন যাহাতে[1] স্বাধীন-চিত্ত লোক হন, তৎবিষয়ে চেষ্টা করিতে হইবে। ৮ জন গবর্ণমেণ্টের মনোনীত সভ্য থাকিবেন। নির্ব্বাচিত সভ্যদের মধ্যে যদি গবর্ণমেণ্ট কর্ম্মচারী থাকেন তবে স্বাধীন মত প্রদান করার[2] যখন প্রয়োজন হইবে, তখন তাঁহাদের বাধ্য হইয়া গবর্ণমেণ্টপক্ষ সমর্থন[3] করিতে হইবে। অতএব আমরা বলি কোন গবর্ণমেণ্ট কর্ম্মচারীর ইণ্ডিয়ান মেডিকেল কাউন্সিলের সভ্য হইবার জন্য চেষ্টা করা উচিত নয়। যদি কেহ সভ্যপদপ্রার্থী হন, তাঁহাকে কাহারও ভোট দেওয়া উচিত নয়। সব-আসিষ্টাণ্ট সার্জ্জনগণ এক নূতন অধিকার পাইয়াছেন। তাঁহাদিগকে অনুরোধ করি, কোন গবর্ণমেণ্ট কর্ম্মচারীকে যেন ভোট না দেন।

[1] So that.
[2] Of expressing an independent opinion.
[3] Support.

বাঙ্গালীর মহিমা খর্ব্ব হইতেছে।

A humbling of Bengali pride.

এমন এক সময় ছিল যখন বাঙ্গালী যুবকগণ কেম্ব্রিজ ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় যেমন কৃতিত্ব প্রদর্শন করিতেন, ভারতবর্ষের অন্য কোন প্রদেশের লোক তেমন পারিতেন না। বাঙ্গালীর এই মহিমা দিন দিন হ্রাস পাইতেছে[1]। কেম্ব্রিজের ট্রাইপস[2] পরীক্ষার ফল দেখিলেই তাহার স্পষ্ট উপলব্ধি হইবে।

মেথেমেটিকেল ট্রাইপোস দ্বিতীয়ভাগে পঞ্জাবের মিঃ মহম্মদ হোসেন কাজী রেংলার[3] হইয়াছেন, এবং মিঃ আলি, মিঃ বুলেজা ও মিঃ সোণি জুনিয়ার অপটিমি[4] হইয়াছেন। কোন বাঙ্গালীর নাম এই সম্মানিত তালিকায়[5] নাই।

মেথেমেটিকেল ট্রাইপোসের প্রথম ভাগে বোম্বাইর মিঃ কাট্রি ও কলিকাতার মিঃ এস, মোদক প্রথম বিভাগে, মিঃ নারায়ণ দ্বিতীয় বিভাগে ও মিঃ হোসেন, কেলেরকার, প্রশান্ত মহলানবিস, মাথুর ও প্রসাদ তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন।

গণিতের প্রথম পরীক্ষায়[6] ৮ জন ভারতবাসী উত্তীর্ণ হইয়াছেন, তন্মধ্যে ২ জন মাত্র বাঙ্গালী।

[1] Is becoming diminished.
[2] Tripos.
[3] Wrangler.
[4] Optime.
[5] Honours list.
[6] I. E. in Part I of the Mathematical Tripos.

নেচারেল সায়েন্সে[1] ৬ জন ভারতবাসী উত্তীর্ণ হইয়াছেন, তাহার মধ্যে বাঙ্গালী একজনও নাই।

মধ্যযুগ ও বর্ত্তমান যুগের ভাষা সমূহের[2] পরীক্ষায় বোম্বাইর মিঃ কেলকার মাত্র উত্তীর্ণ হইয়াছেন।

একোনমিকস প্রথমভাগে[3] এস, পি, সা, আকবর, গাইকোয়াড়[4] ও পাবার কৃতকার্য্য হইয়াছেন। ইহাতেও কোন বাঙ্গালীর নাম নাই।

একোনমিকস ট্রাইপোসে সোন্ধি উত্তীর্ণ হইয়াছেন। এই পরীক্ষাতেও কোন বাঙ্গালী কৃতকার্য্য হন নাই।

মরাল সাইয়েন্স ট্রাইপোস দ্বিতীয় বিভাগে[5] ৩ জনের নাম দেখিলাম, তাহাতে কোন বাঙ্গালী নাই।

হিষ্টরিকেল ট্রাইপোস[6] প্রথমভাগে এস, কে, মিত্র, সিকণ্ড ও ত্যাগ রাজা উত্তীর্ণ হইয়াছেন।

ট্রাইপোস দ্বিতীয়ভাগে এস প্রকাশ ও অশ্বিনী কুমার চৌধুরী কৃতকার্য্য হইয়াছেন।

পঞ্জাবের টোডরমল সংস্কৃত ও পালি ভাষায় ১ম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন।

জ্ঞান লাভের জন্য বাঙ্গালীর উৎসাহ উদ্যম[7] কি হ্রাস পাইতেছে?

[1] Natural Sciences.
[2] Medieval and Modern Languages.
[3] Part I of the Economics Tripos.
[4] Gaikwād.
[5] In Part II of the Moral Sciences Tripos.
[6] Historical Tripos.
[7] *Ut-yam :* effort ; perseverance.

প্রবঞ্চকদের কৌশল।

The cunning of rogues.

কিছুদিন পূর্ব্বে কলিকাতার এক হিন্দুস্থানী দ্বারবান[1] পশ্চিমাঞ্চলের এক ব্যক্তির বিরুদ্ধে বারিপুরের আদালতে খতের নালীস[2] করিয়া মোকদ্দমায় জয়লাভ করে। যখন ডিক্রি জারীর চেষ্টা করা হয়, তখন অধমর্ণ[3] পশ্চিমাঞ্চলের কোন মাজিষ্ট্রেটকে জানায় যে সে কখনও কলিকাতার মুখ দেখে নাই,[4] মিথ্যা মোকদ্দমা করিয়া তাহার নিকট টাকা আদায়ের উপায়

[1] *Dvār-vān :* H. *darwān* ; door-keeper, gate-porter.
[2] Bond-suit.
[3] *Adhama-rṇ :* debtor.
[4] " Never saw the face of Calcutta."

করিয়াছে। ম্যাজিষ্ট্রেটের চেষ্টায় প্রবঞ্চকের চাতুরী ধরা পড়ে, দ্বারবানের কারাদণ্ড হয়। সম্প্রতি কলিকাতায় এইরূপ এক প্রবঞ্চকের দল [1] ধরা পড়িয়াছে। শিয়ালদহের [2] মুন্সেফ সেই দলের কার্য্য প্রকাশ করিয়াছেন। রাজকৃষ্ণ দাস, ভূষণচন্দ্র দাস ও লক্ষণচন্দ্র রায় এই ৩ জনে কলিকাতা নিবাসী হেমচন্দ্র দাসের নিকট হইতে টাকা আদায়ের ষড়যন্ত্র [3] করে। রাজকৃষ্ণ দাস উত্তমর্ণ সাজিয়া [4] রেঙ্গুনের [5] আদালতে হেমচন্দ্রের বিরুদ্ধে ৫০ টাকার খতের নালীশ করে। রেঙ্গুন হইতে হেমচন্দ্রের নামে কলিকাতায় এক সমন আইসে। ভূষণচন্দ্র দাস রাজকৃষ্ণের আমমোক্তার [6] স্বরূপে সেই সমন জারী করিবার জন্য গমন করে। লক্ষ্মণচন্দ্র রায় যে কোন এক ব্যক্তিকে [7] দেখাইয়া দিয়া বলে, এই হেমচন্দ্র দাস। এইরূপে রেঙ্গুন আদালতের সমন জারী হইল। প্রতিবাদী হাজির না হওয়াতে একতরফা ডিক্রী [8] হইয়া গেল। অতঃপর ডিক্রী জারীর পালা [9] উপস্থিত হইল প্যাদা এবার প্রকৃত হেমচন্দ্র দাসের উপর ডিক্রী জারী করিতে গেলে, হেমচন্দ্র ত অবাক্। [10] হেমচন্দ্র শিয়ালদহ আদালতে উপস্থিত হইয়া বলিল, সে কখনও রেঙ্গুন চক্ষে দেখে নাই. জীবনে কখনও রাজকৃষ্ণ দাসের নিকট টাকা কর্জ্জ করে নাই রেঙ্গুন আদালতের কোন সমনও পায় নাই। সিয়ালদহের মুন্সেফ ইহার তদন্তে প্রবৃত্ত হইয়া এই মিথ্যা মোকদ্দমার রহস্য ভেদ করিয়াছেন। [11] তিনি তাঁহার রায়ে [12] লিখিয়াছেন রাজকৃষ্ণের কলিকাতায় বাড়ী নাই, তাহার জীবনযাত্রা নির্ব্বাহের সঙ্গতি নাই, [13] সে স্ত্রীপুত্রের সহিত বাস করে না, মদ খাইয়া দিন কাটায়। লক্ষ্মণচন্দ্র রায় একজন গুণ্ডা বলিয়া বিদিত। [14] ভূষণ চন্দ্র দাস মোকদ্দমার দালালী করিয়া বেড়ায়। [15] মুন্সেফের বিচারে হেমচন্দ্র রক্ষা পাইয়াছে। মুন্সেফ তাঁহার রায়ের নকল গোয়েন্দা [16] পুলিসের অবগতির জন্য [17] প্রেরণ করিয়াছেন।

1 Gang.
2 Sealdah, a quarter of Calcutta.
3 Conspiracy.
4 Posing as the creditor.
5 Rangoon.
6 General attorney.
7 Some individual or other.
8 *Ex-parte* decree.
9 Occasion, turn.
10 Well, Hemchandra is speechless (with astonishment).
11 Has pierced the mystery of this false case.
12 Judgment.
13 No means of livelihood.
14 Notorious as a professional bully.
15 Acting as a tout in litigation.
16 Detective.
17 For information.

বৃষ্টির অভাব।

Deficiency of rain-fall.

আষাঢ় মাসে প্রতি বৎসর প্রচুর বৃষ্টি হইয়া থাকে, কিন্তু বর্ত্তমান বর্ষে সর্ব্বত্রই[1] অত্যন্ত কম বৃষ্টি হইয়াছে। কত কম হইয়াছে তাহা বুঝাইবার জন্য নিম্নলিখিত তালিকা প্রকাশ করা যাইতেছে।

জেলার নাম।		জুন মাসে সাধারণতঃ যত বৃষ্টি হয়।	এ বৎসর যত হইয়াছে।	কত কম হইয়াছে।
২৪শ পরগণা	...	১০·৯০	৯·২৪	১·৬৬
কলিকাতা	...	১১·৪৩	৯·২৭	২·১৬
নদীয়া	..	৯·৯৯	৬·১০	৩·৮৯
মুর্শিদাবাদ	...	১০·০৪	৬·৭৫	৩·২৯
যশোহর	...	১১·৪৭	৮·৮৫	২·৬২
খুলনা	...	১১ ৭৯	৯·৬৯	২·১০
বর্দ্ধমান	..	৯ ৬৮	৭·৭২	১ ৯৬
বীরভূম	..	১০·৩৫	৫ ২৫	৫·১০
বাঁকুড়া	...	৯ ৮৭	৭·৩০	২·৫৭
মেদিনীপুর	...	৯ ৮০	৯ ০৭	০ ৭৩
হুগলী	...	৯·৯৩	৫·১২	৪·৮১
হাওড়া	..	১০ ৮৩	৬·০৭	৪·৭৬
রাজসাহী	...	১০ ২৭	৬·৪৪	৩ ৮৩
দিনাজপুর	...	১৪·৫৯	৫·৬৬	৮·৯৩
জলপাইগুড়ি	...	২৭ ১৫	২২ ৬৩	৪·৫২
দারজিলিং	..	২২ ৮৮	১৯·৫৪	৩·৩৪
রঙ্গপুর	...	১৭ ১৮	৭·৫৩	৯·৬৫
বগুড়া	...	১২·১৪	৩ ৮৩	৮·৩১
পাবনা	...	১১·৬৪	৫·৮৪	৫ ৮০
মালদহ	...	৯ ৬৩	৩ ৯৬	৫·৬৭
ঢাকা	...	১২·৭৯	৪·৩২	৮ ৪৭
ময়মনসিংহ	...	১৭·৯৭	৬·৯৬	১১·০১
ফরিদপুর	...	১২·৪৬	৫·১৭	৭·২৯

[1] Everywhere.

জেলার নাম।	জুন মাসে সাধারণতঃ যত বৃষ্টি হয়।	এ বৎসর যত হইয়াছে।	কত কম হইয়াছে।
বাকরগঞ্জ ...	১৭.২১	১২.৮৩	৪.৩৮
চট্টগ্রাম ...	২১.৬২	৯.৩২	১২.৩০
ত্রিপুরা ...	১৫.৩৭	৮.১২	৭.২৫
নোয়াখালী ...	২০.৩১	১২.২০	৮.১১
চট্টগ্রাম পার্ব্বত্য প্রদেশ	৮.০৯	৯.৮৫	৮.২৪
কুচবিহার ...	২৮.২	২২.৬২	৩.৮০

বঙ্গের এক কি দুই জেলা নয়, সর্ব্বত্রই বৃষ্টি কম হইয়াছে। বিশেষতঃ উত্তর ও পূর্ব্ববঙ্গে বৃষ্টি অত্যন্ত কম হইয়াছে। বৃষ্টি কম হওয়াতে আউস ধান অর্দ্ধেকের বেশী হইতে পারে নাই, পাট ও আমন[1] ধান ভাল জন্মে নাই। চাউলের মূল্য ক্রমে বেশী হইতেছে। নদীর জল বৃদ্ধি না হওয়াতে বড়ই আশঙ্কার কারণ[2] হইয়াছে। শস্যের ভাণ্ডার[3] এবার বা শূন্য পড়িয়া থাকে; সকল দেশে অন্নকষ্ট[4] হইবে বলিয়া ভয় হইয়াছে।

[1] Winter rice.
[2] Cause of great anxiety.
[3] Granary.
[4] *Anna-kaṣṭa :* food-trouble, deficiency of food-supplies.

পুলিস ও চৌকিদারের বিরুদ্ধ অভিযোগ।

A charge against the police and chaukidars.

টাঙ্গাইল থানার ৫ মাইল পশ্চিমে চাড়াবাড়ী গ্রাম। এই গ্রামে অনেক ভদ্র ব্রাহ্মণের বাস। এই গ্রামেই বাবু যাদব চন্দ্র মৈত্র প্রভৃতির একটি মুদি দোকান[1] আছে। ঐ দোকানে কয়েক দিন হইল চুরি হইয়াছে। টাঙ্গাইল[2] থানাতে এজাহার[3] দেওয়াতে বাবু বিপিনবিহারী চক্রবর্ত্তী ৭ই জুলাই তদন্তে আগমন করিয়া চাড়াবাড়ীর শ্রীযুক্ত শশী মোহন চক্রবর্ত্তীর বাড়ীতে অবস্থান[4] করেন। শশী চক্রবর্ত্তীও উক্ত মুদি দোকানের একজন অংশীদার।[5] রাত্রিতে দারোগা বাবুর অভ্যর্থনাদি[6] শশী চক্রবর্ত্তীর বাড়ীতেই হইয়াছিল।

[1] Grocer's shop.
[2] Tangail in Mymensigh district.
[3] H. *izāhār :* information.
[4] Lodging.
[5] Share-holder.
[6] Hospitable reception, etc.

গোপালচন্দ্র শীলের বাড়ীও উক্ত চাড়াবাড়ী গ্রামে। তাহার অবস্থা ভাল, কিছু টাকা পয়সা আছে। গোপাল শীলের পুত্র শরৎ শীলের প্রতি সন্দেহ হওয়াতে দারোগা তাহাকে হাজির করিতে বলেন। শরৎ তখন বাড়ীতে ছিল না। গোপালচন্দ্র শীল গত ৮ই জুলাই টাঙ্গাইলের জয়েন্ট ম্যাজিষ্ট্রেট সমীপে নিম্নলিখিত মর্ম্মে দরখাস্ত দাখিল করিয়াছে।

বাদী গোপালচন্দ্র শীল সাং[1] চাড়াবাড়ী, থানা টাঙ্গাইল।

বিবাদী ১। মাণিকচন্দ্র মালী দফাদার, ২। মহেশচন্দ্র মালী চৌকীদার, ৩। রজনী মালী চৌকীদার ৪। উমেশচন্দ্র মালী দফাদার, ৫। ললিত মালী চৌকীদার, ৬। শশী মুচি চৌকীদার, ৭। উমেশ মুচি চৌকীদার, ৮। শশী মাঝী চৌকীদার, ৯। টাঙ্গাইল থানার দারোগা বিপিন বাবু, ১০। একজন কনষ্টেবল, বিপিন বাবুর সঙ্গী, ১১। শশীমোহন চক্রবর্ত্তী।

দণ্ডবিধি আইনের ৩৪১। ৩৪২। ৩৫২। ১৪৭। ৪৪৭ ধারাদি।[2]

নিবেদন এই ঘটনার দিন ভোরের সময়[3] বিবাদীগণ বে আইনী জনতা বদ্ধে[4] আমার বাড়ীতে অনধিকার প্রবেশ করিয়া[5] গণ্ডগোল করে। ঐ গোলমাল শুনিয়া আমি ঘর হইতে বাহির হইলে ২নং বিবাদী আমাকে ধরিয়া আমার পরিধেয় কাপড় গলায় জড়াইয়া ধরে[6] এবং অন্যান্য বিবাদীগণ জোর পূর্ব্বক আমার বাড়ী হইতে টানিয়া লইয়া যায়। আমি তাহাদের কার্য্যে প্রতিবাদ করাতে তাহারা আমাকে কিল,[7] ঘুসি,[7] লাথি[8] ইত্যাদি মারিতে মারিতে ১১নং বিবাদীর বাড়ীতে উক্ত দারোগা বাবুর নিকটে লইয়া যায়। তখন ১০ নং বিবাদী দারোগা বাবুর সম্মুখেই আমাকে ভয়ঙ্কর জোরে এক লাথি মারে। দারোগা বাবুও আমাকে অকথ্য[9] ভাষাতে গালাগালি করে এবং আটক[10] করিয়া রাখে এবং বলে যে তোর ছেলে শরৎ যাদব মৈত্রের গোলাতে[11] চুরি করিয়াছে। তুই তোর ছেলেকে হাজির করিয়া দে এবং চোরাই মাল[12] বাহির করিয়া দে। দারোগা বাবু আমাকে আটক করিয়া রাখিতে এবং মারপিট করিতে চৌকীদারদিগকে হুকুম দিয়াছিল।

[1] *Sākin:* dwelling.
[2] *Dhārā-ādi:* and other sections (as may be applicable).
[3] At time of dawn.
[4] Forming an unlawful assembly.
[5] Making criminal trespass.
[6] Twisted it round my neck.
[7] Blow with fist.
[8] Kick.
[9] *A-kathya:* not fit to be spoken.
[10] *Ā-ṭak:* impediment, confinement.
[11] Round-house, granary.
[12] Stolen property.

আমি মারপিটের ভয়ে ছেলে হাজির করিয়া দিব বলিয়া পলাইয়া আসিয়া এই দরখাস্ত করিতেছি।

গোপাল শীল টাঙ্গাইল চলিয়া গেলে দারোগা বাবু তাহার থানাতল্লাস করিয়াছেন। সন্দেহজনক কোন দ্রব্যাদি পাওয়া যায় নাই।

জয়েণ্ট মাজিষ্ট্রেট গোপাল শীলের দরখাস্ত পাইয়া দ্বিতীয় ডেপুটি সাহেবের প্রতি তদন্তের ভার দেন। তিনি পর দিনই স্থানীয় তদন্ত করিয়া গিয়াছেন। তদন্তের রিপোর্ট জানা যায় নাই।

লেডি হার্ডিংএর শোচনীয় মৃত্যু।

The lamentable death of Lady Hardinge.

গত ২১এ মার্চ্চ লর্ড হার্ডিং তাঁহার পত্নীকে মাসিডোনিয়া জাহাজে[1] উঠাইয়া দিয়া বিষণ্ন মনে বোম্বাই বন্দরে প্রত্যাগমন করেন। তাঁহার আশা ছিল, আগামী অক্টোবর মাসে পুনরায় পত্নীর মুখ সন্দর্শন করিয়া হৃষ্ট হইবেন। কিন্তু বিধাতার ইচ্ছা অন্যরূপ।[2]

গত বৃহস্পতিবার এই সংবাদ পাওয়া যায়, লেডি হার্ডিং এক শুশ্রূষা গৃহে[3] আশ্রয় লইয়াছেন, সেখানে বুধবার দিন তাঁহাকে অস্ত্র করা হইয়াছে।[4] শুক্রবার এই খবর আইসে তিনি রাত্রিতে ভাল ছিলেন, তাঁহার অবস্থা ভাল, কোন ভয়ের কারণ নাই। শনিবার শুনা যায়, অবস্থা ভাল নয়। শনিবার রাত্রি দেড়টার সময় কলিকাতায় এই শোকাবহ[5] সংবাদ পঁহুছে যে অপরাহ্ণ ৪টা ৩০ মিনিটের সময় লেডি হার্ডিং দেহত্যাগ করিয়াছেন।

বহু সহস্র মাইল দূরে পত্নী শুশ্রূষা গৃহে আশ্রয় লইয়াছেন, তিনি কঠিন ব্যাধিতে আক্রান্ত, ডাক্তার অস্ত্র প্রয়োগ করিতে বাধ্য হইয়াছেন, লর্ড হার্ডিং তারযোগে সব অবগত হইতেছিলেন, নিদারুণ চিন্তাতে আকুল হইতেছিলেন কিন্তু কিছুই করিবার সাধ্য ছিল না। মানুষ যে কি অসহায়[6] তাহাই কেবল উপলব্ধি করিতেছিলেন। যখন রাত্রি সাড়ে এগারটার সময় সিমলায় এই দুঃসংবাদ পঁহুছিল যে তাঁহার পত্নী এই পৃথিবী হইতে চলিয়া গিয়াছেন, না জানি একাকী বন্ধুবান্ধববিরহিত স্থানে[7] কি যাতনাই অনুভব করিয়াছেন।

[1] SS. *Macedonia.*
[2] *Anya-rūp:* otherwise.
[3] Nursing home.
[4] Has been operated.
[5] *Śok-ā-vaha:* sorrow-bearing; sorrow-conveying.
[6] How helpless mankind is.
[7] In a place remote from friends and associates.

নিকটে আত্মীয় স্বজন কেহ নাই, কেবল ত্রয়োদশ বর্ষীয়া কন্যা, ডায়মণ্ড এভিলিন ভায়লেট[1], কে কাহাকে সান্ত্বনা দিবে ?

লেডি হার্ডিং ১৮৬৮ সালে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার বয়স ৪৬ পার হয় নাই। তিনি লর্ড এলিংটনের কন্যা, লুকানের আরলের[2] জ্যেষ্ঠা কন্যা তাঁহার মাতা। লেডি হার্ডিং কিশোর বয়সে[3] মহারাণী ভিক্টোরিয়ার করঙ্কবাহিনী[4] ছিলেন। ১৮৯০ সালে ২২ বৎসর বয়সে লর্ড হার্ডিংএর সহিত পরিণীতা[5] হন। একুল ওকুল দুইকুলই শ্লাঘ্য[6]। বিবাহের পর স্বামীর সহিত পারস্য দেশে[7] গমন করেন। সার চার্লস হার্ডিং তখন পারস্যে ইংরেজ রাজদূতের[8] কার্য্য করিতেছিলেন। ১৯০৪ হইতে ১৯০৬ পর্য্যন্ত তাঁহারা সেণ্টপিটার্সবর্গে অবস্থিতি করিয়াছিলেন। ১৯১০ সালে লেডি হার্ডিং স্বামীর সহিত ভারতবর্ষে আগমন করেন।

বড় লাটের পত্নীরূপে তিনি কেবল মান সম্মান সম্ভোগ করিয়া, আমোদ প্রমোদে ব্যস্ত থাকিয়া জীবনযাপন করা নারীজনোচিত[9] কার্য্য মনে করেন নাই। লর্ড হার্ডিং রাজ্য শাসন করিতেন, লেডি হার্ডিং যেখানে অত্যাচার অবিচার হইত, সেখানে ন্যায় ও শান্তি প্রতিষ্ঠা করিতে[10] যত্ন করিতেন। হাতুয়ার[11] মহারাণী বহু লোকের চক্রান্তে[12] যখন বিপন্না[13] হইয়াছিলেন, তখন লেডি হার্ডিংই তাঁহার মান সম্মান রক্ষা করিয়াছিলেন। এই একটী দৃষ্টান্ত[14] দিলাম। আমরা এইরূপ আরও ঘটনার কথা জানি লর্ড হার্ডিং অত্যাচরিত জনকে[15] রক্ষা করিতে পারেন না কিন্তু লেডি হার্ডিং স্বয়ং রাজ-পুরুষদের নিকট পত্র লিখিয়া অনেক লোককে লাঞ্ছনা হইতে মুক্ত করিয়াছেন। এই সমস্ত লোক আজ লেডি হার্ডিংএর তিরোভাবে[16] শোক করিতেছেন।

[1] The Hon'ble Diamond Evelyn Violet Hardinge.
[2] Earl Lucan.
[3] In her maidenhood.
[4] *Karaṅka-vāhinī :* maid of honour, 'bearing the *karanka.* The *karaṅka* or *kamaṇḍalu* is a waterpot.
[5] *Pari-ṇīta :* taken, married : *Pari-ṇayan :* marriage.
[6] This family and that (*i.e.*, both father's and husband's) both were distinguished, noble. A person is said to have *three kuls* or families, *pitrikul* or father's family, *matulkul* or mother's brother's family and *swasurkul* or the family of father-in-law.
[7] Persia.
[8] Minister.
[9] *Nārī-jana-ucit :* suitable for a lady.
[10] To establish.
[11] Huttwa.
[12] *Cakra-anta :* 'convolution-end:' conspiracy.
[13] *Vi-pad-nā*, in dangerous siuation.
[14] Example.
[15] *Ati-ācaritajan :* oppressed people.
[16] *Tiras-bhāve :* at the disappearance (*tiras-bhāva*).

লেডি হার্ডিং স্ত্রীজাতির ক্লেশ দূরের জন্য অনেক চেষ্টা করিতেছিলেন। এরূপ চেষ্টা ইতঃপূর্ব্বে অনেক লাট পত্নী করিয়াছেন। কিন্তু লেডি হার্ডিং আমাদের দেশের স্ত্রীলোকদের সহিত যেরূপ প্রাণ খুলিয়া মিশিতেন,[1] তেমন অল্প লোকেই করিয়াছেন।

লর্ড হার্ডিং দিল্লী নগরে যখন বোমায় আহত হন, তখন লেডি হার্ডিং তাঁহার পার্শ্বে থাকিয়া স্বামীর সাহস ও সান্ত্বনার কারণ হইয়াছিলেন[2]। লর্ড হার্ডিং অদ্যাপি সম্পূর্ণ সুস্থ হইতে পারেন নাই, কে আর তাঁহাকে এখন সান্ত্বনা দিবে? ঈশ্বর তাঁহার প্রাণে শান্তি দিন

লেডি হার্ডিংএর মৃত্যুশয্যাপাশে[3] তাঁহার দুই পুত্র, ভাই লর্ড এলিংটন ও ভগিনী লেডি মিউ[4] উপস্থিত ছিলেন। ইহাঁদিগকে দেখিতে দেখিতে চক্ষু মুদ্রিত করেন। তাঁহার জ্যেষ্ঠ পুত্রের বয়স ২২ ও দ্বিতীয় পুত্রের বয়স ২০। ইহাঁরা উভয়েই যোগ্য সন্তান[5]। কিন্তু মৃত্যুকালে ছোট মেয়েটীকে দেখিতে পাইলেন না, স্বামীর নিকট বিদায় লইতে পারিলেন না, না জানি ইহাতে তাঁহার কত যাতনা হইয়াছিল।

দিল্লী নারী চিকিৎসা কলেজ[6] তাঁহার কীর্ত্তি বটে, কিন্তু তিনি যে অত্যাচরিত ও লাঞ্ছিতের প্রতি সমবেদনা প্রকাশ করিয়াছেন, তাহাই তাঁহার অসাধারণ কীর্ত্তি। সে অসাধারণ কীর্ত্তির কথা লোকে জানে না, কিন্তু যে দিন লর্ড হার্ডিং এদেশ হইতে চলিয়া যাইবেন, যখন বর্ত্তমান রাজপুরুষগণ এদেশ হইতে প্রস্থান করিবেন, তখন সে কীর্ত্তিকথা জগৎ জানিতে পারিবে, জানিয়া শ্রদ্ধার সহিত লেডি হার্ডিএর নাম স্মরণ করিবে।

[1] Used to mingle freely.
[2] Was a source of courage and solace.
[3] *Mrityu-sayyā-pās* : death-bed-side.
[4] Meux.
[5] Worthy offspring.
[6] Delhi Women's Medical College.

সুদ-বিষয়ক আইন।

The Usury Act.

ভারত গবর্ণমেণ্ট সুদ-বিষয়ক এক আইন প্রণয়ন করিতে সঙ্কল্প করিয়াছেন। আইন প্রণয়নের পূর্ব্বে এতৎসম্বন্ধে[1] জনসাধারণের অভিপ্রায় অবগত হইবার জন্য কতকগুলি প্রশ্ন উত্থাপন করা হইয়াছে। সকল উত্তমর্ণ অসাধু নয়, সকল অধমর্ণও সাধু নয়।[2] কিন্তু মোটের উপর একথা স্বীকার

[1] With reference to this.
[2] Not all money-lenders are usurers, not all debtors are honest.

করিতে হইবে যে, মহাজন ঋণ গ্রহীতার নিকট সুদের হার যত বেশী লিখাইয়া লইতে পারে তাহার ক্রটী করে না; মোট যত বেশী সুদ[1] আদায় করিতে পারে, তাহার চেষ্টা করিয়া থাকে। আদালতে নালীস হইলে বিচারক দাবীর টাকা হ্রাস করিতে পারেন না।

ভারত গবর্নমেণ্ট এই অবস্থার প্রতিকার করিবার জন্য ৩টি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন।

১। উত্তমর্ণ যত টাকার দাবী করেন, আদালত তত টাকাই ডিক্রী দিতে বাধ্য কি না?

২। আদালত উত্তমর্ণদিগের অন্যায় দাবী[2] গ্রাহ্য করাতে এমন অনিষ্ট হইতেছে কি না, যাহার প্রতিকার করা কর্ত্তব্য?[3]

৩। উত্তমর্ণ ও অধমর্ণদিগের মধ্যে বিবাদবিসম্বাদের[4] সৃষ্টি করিয়া অত্যধিক সুদগ্রহণ নিবারণ করা যাইতে পারে কি না?

কেহ কেহ প্রস্তাব করিয়াছেন—

(ক) যদি সুদের হারের[5] ঊর্দ্ধসীমা[6] নির্দ্ধারণ করিয়া দেওয়া হয়;

(খ) মোট কত সুদ অধমর্ণের নিকট আদায় করা যাইতে পারে, যদি তাহার ঊর্দ্ধসীমা নির্দ্ধারণ করিয়া দেওয়া হয়;

(গ) খতে[7] যত সুদের কথা লেখা থাকুক না কেন, আদালত উচিত মনে করিলে, তাহা হ্রাস করিয়া দিতে পারিবেন, যদি আদালতকে এই ক্ষমতা দেওয়া হয়, তবে উত্তমর্ণদের অত্যাচার হ্রাস হইতে পারে।

ভারত গবর্নমেণ্ট মনে করেন, সুদের হার নির্দ্ধারণ করিয়া দিলে অপকার বই উপকার[8] হইবে না। ইংলণ্ডের পার্লামেণ্ট এই বিষয়ের মীমাংসা করিবার জন্য এক কমিটি করিয়াছিলেন। ঐ কমিটির মত এই যে সুদের হার নির্দ্দেশ করিয়া দিলে অধমর্ণেরই ক্ষতি হইবে। ভারত গবর্নমেণ্টও তাহাই মনে করেন। আইনের দ্বারা সুদের হার নির্ণয় করিয়া দিলে উত্তমর্ণ ব্যবসায় বাণিজ্যে অধিক লাভের সম্ভাবনা দেখিলে কাহাকেও ঋণ দান করিবেন না, তখন অর্থাভাবে[9] লোকের অতিশয় ক্লেশ হইবে। কিংবা সুদের হার কম

[1] P. *sod:* interest.
[2] Unjust claims.
[3] Is such injury done that its remedy should be provided?
[4] *Vi-vād vi-sam-vād*, properly *vi-sam-vād:* dissension and misunderstanding.
[5] *Hār:* rate.
[6] *Urddha-sīmā:* highest limit; maximum.
[7] In the bond.
[8] Benefit rather than loss.
[9] For lack of funds.

করিয়া উত্তমর্ণকে ৭৫ টাকা দিয়া তাহার নিকট খতে ১০০ টাকা লিখাইয়া লইতে পারে। আইনকে ফাঁকী[1] দিবার নানা পথ তখন আবিষ্কৃত[2] হইবে।

অধমর্ণের নিকট মোট কত সুদ আদায় হইতে পারে, হিন্দু আইনে তাহার এক বিধান[3] আছে। সেই বিধান অনুসারে সুদ মূল ধণের[4] অপেক্ষা বেশী হইতে পারে না। কলিকাতার আদালতে এই নিয়মানুসারে কার্য্য হইয়া থাকে, কিন্তু উত্তমর্ণ মোকদ্দমা আরম্ভ করিবার পূর্ব্বে যত সুদ আদায় করিয়াছে তাহা গণনার মধ্যে আনা হয় না[5]। মোকদ্দমার সময় উত্তমর্ণ মূল ধণের অপেক্ষা বেশী সুদের দাবী করিতে পারেন না, ঐ বিধির এইরূপ অর্থ করা হইয়াছে। হিন্দু আইনের বিধান দ্বারা কোন উপকার হইয়াছে কি না, গবর্ণমেণ্ট তাহা জানিতে ইচ্ছুক হইয়াছেন।

পার্লামেণ্টের কমিটি এই মত প্রকাশ করিয়াছেন যে, খতে যত সুদের কথাই লিখিত থাকুক না কেন, আদালত তাহার অনুসন্ধান করিয়া যথোচিত হুকুম দিতে পারিবেন, এইরূপ আইন করা কর্ত্তব্য।

পার্লামেণ্ট ১৯০০ সালে উত্তমর্ণ সম্বন্ধে যে আইন করিয়াছেন, ভারত গবর্ণমেণ্ট তদ্রূপ কোন আইন করিতে ইচ্ছুক হইয়াছেন। আদালত উচিত মনে করিলে সুদ কমাইয়া দিতে পারিবেন, গবর্ণমেণ্ট সেইরূপ আইন করা সঙ্গত মনে করিতেছেন।

কেহ কেহ এই আপত্তি উত্থাপন[6] করিয়াছেন যে (১) লোকে স্বাধীনভাবে[7] যে চুক্তি[8] করে, তদ্বিষয়ে কাহারও হস্তক্ষেপ করা উচিত নয়; (২) এই সম্বন্ধে আইন করিলে মামলা মোকদ্দমা[9] বেশী হইবে; (৩) বিচারক যথেচ্ছ[10] ক্ষমতা পাইবেন; (৪) ব্যবসায় বাণিজ্যের ক্ষতি হইবে; (৫) যাহারা মামলা মোকদ্দমা করিতে রাজি নয়, এমন অধমর্ণদের সুদের হার বেশী দিতে হইবে; (৬) এই আইনের দ্বারা অত্যধিক সুদ গ্রহণ নিবারণ করা যাইবে না।

ভারতগবর্ণমেণ্ট ইহা স্বীকার করেন যে উত্তমর্ণগণ আইনের বিধান লঙ্ঘন করিবার জন্য নানাপ্রকার উপায় অবলম্বন করিবেন। তবু আদালতে অনেক সময়ে অত্যধিক সুদ আদায় করিবার জন্য যে মোকদ্দমা উপস্থিত করা হয়, তাহাতে বাধা দেওয়া কর্ত্তব্য।

[1] Evasion ; cheating.
[2] Discovered.
[3] Provision.
[4] *Mūl-dhan :* original debt.
[5] Is not brought into the calculation.
[6] *Ut-sthāpan :* to place up ; to raise.
[7] *Sva-adhīn-bhave :* in independent state ; of their own accord.
[8] Contract ; from *cukan*, arrangement.
[9] *Māmlā-mokaddamā :* a common phrase for litigation, 'Suits and cases.'
[10] *Yathā-iccha :* according to wish ; will get power to do as he wishes.

গবর্ণমেণ্টের উদ্দেশ্য অতি উত্তম। আইনের দ্বারা শুভ ফল হইবে. সে বিষয়ে আমাদের কোন সন্দেহ নাই। আসল টাকার[1] অপেক্ষা সুদ কখনও বেশী হওয়া উচিত নয়। এইরূপ নিয়ম সর্ব্বত্র প্রচলন কর্ত্তব্য।

বাঙ্গালা দেশের কোন কোন স্থলে বিশেষতঃ কলিকাতায় কোন কোন উত্তমর্ণ অতি অসৎ পন্থা অবলম্বন করিয়া ধনিসন্তানদের[2] সর্ব্বনাশ করিয়া থাকে। যে ধনিসন্তান বিপথগামী[3] হইয়াছে, পিতামাতা তাহাদিগকে অর্থ দেন না। সুতরাং তাহারা উত্তমর্ণের নিকট খত লিখিয়া দিয়া টাকা সংগ্রহ করিয়া থাকে। তাহারা ১০ হাজার টাকা পাইয়া ২০ হাজার টাকার খত লিখিয়া দেয়, এরূপ দৃষ্টান্তের অভাব নাই। হাইকোর্টেও এমন মোকদ্দমা হইয়া গিয়াছে। সুতরাং কেবল সুদের সম্বন্ধে বিধান করিলে চলিবে না, আসল টাকা সম্বন্ধেও বিধান করিতে হইবে।

গবর্ণমেণ্টও আসল টাকা ও সুদ সম্বন্ধে আইনের বিধান করিতে ইচ্ছুক হইয়াছেন। আমরা সর্ব্বান্তঃকরণে[1] গবর্ণমেণ্টের কার্য্যের সমর্থন করিতেছি।

[1] Original debt ; A. *asal :* capital, stock.
[2] Wealthy heirs.
[3] *Vi-patha-gāmī :* going in evil ways.
[4] *Sarvva-antar-karane :* with whole heart.

নারী-শিল্প-শিক্ষালয়।

A school of art for women.

আমাদের দেশে নিরাশ্রয়া নারীগণ চিরদিনই আত্মীয়-স্বজন কর্ত্তৃক প্রতিপালিত হইয়া আসিতেছেন। কিন্তু ভদ্রলোকদের দরিদ্রতা বৃদ্ধি ও ও দেশের অবস্থার পরিবর্ত্তনে স্বামিপুত্রবিহীনা[1] নারীর অবস্থা দিন দিন শোচনীয় হইয়া উঠিতেছে। এই সঙ্কটকালে অর্থকরী বিদ্যা[2] শিক্ষা দানের ব্যবস্থা করিতে না পারিলে তাঁহাদের জীবন ভারবহ[3] হইবে। নারীগণ পরের গলগ্রহ[4] না হইয়া যাহাতে স্বোপার্জ্জিত[5] অর্থে স্বচ্ছন্দে[6] জীবনযাত্রা[7] নির্ব্বাহ করিতে পারেন, তাহার উপায় করিবার জন্য নারী শিল্প-শিক্ষালয় স্থাপনের প্রস্তাব হইয়াছে।

বঙ্গদেশের অনেক ভদ্রসন্তান জর্ম্মনী, জাপান ও আমেরিকা হইতে নানাপ্রকার ক্ষুদ্র ক্ষুদ্র দ্রব্য নির্ম্মাণ প্রণালী শিক্ষা করিয়া স্বদেশ প্রত্যাগমন

[1] *Swāmi-putra-vi-hīnā :* husband-son-less.
[2] Technical education.
[3] *Bhār-vaha :* burden-bearing.
[4] *Gala-graha :* 'neck-seizing ;' throttling as an encumbrance.
[5] *Sva-uparjjita :* self-earned.
[6] *Sva-chanda :* 'own wish ;' freedom.
[7] *Jīvan-yātra :* the journey of life

করিয়াছেন। তাঁহারা আমাদের দেশের অসহায়া নারীদের অবস্থা দর্শনে সন্তপ্ত[1] হইয়া তাঁহাদিগকে বিবিধ দ্রব্য প্রস্তুত প্রণালী শিক্ষা দিতে আগ্রহান্বিত[2] হইয়াছেন। জাপান প্রত্যাগত[3] শ্রীযুক্ত নগেন্দ্রনাথ মজুমদার ও তাঁহার কর্ম্মোৎসাহিনী[4] সহধর্ম্মিণী শ্রীমতী মনোরমা মজুমদার মহিলা শিল্পবাজার[5] স্থাপন করিয়া নারীদের হস্তনির্ম্মিত দ্রব্য বিক্রয়ের সুবিধা করিয়া দিয়াছেন। তাঁহারা এই শিক্ষালয়ে অবস্থিতি করিয়া বিদ্যালয়ের তত্ত্বাবধানে[6] আপনাদের শক্তি সামর্থ্য নিয়োগ করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন।[7]

শিল্প শিক্ষালয়ে নিম্নলিখিত বিষয় সকল শিক্ষাদানের ব্যবস্থা করা হইবে।ঃ—

দর্জ্জির কাজ।
বোতাম ও চিরুণী।[8]
মাটীর পুতুল ও ফল প্রভৃতি।[9]
খাম, কাগজের বাক্স নির্ম্মাণ।[10]
টাইপরাইটিং।
কৃত্রিম ফুল।
মোজা, লেস ও টাই প্রভৃতি কলে বুনন শিক্ষা।[11]
মোমবাতি।[12]
ধোপার সাবান।[13]
সুগন্ধি দ্রব্য।[14]
ফল সংরক্ষণ।[15]
চাট্নী ও জেলী।[16]
নিব্ ও চুলের কাঁটা।[17]
কলে কাপড় ধৌত করা।[18]

[1] *Sam-tapta :* grieved.
[2] *Agraha-anu-ita :* filled with eagerness.
[3] *Jāpān-prati-āgata :* returned from Japan.
[4] *Karma-utsāhinī :* devoted to work ; indefatigable.
[5] Art-bazaar.
[6] *Tattva-avadhān :* supervision.
[7] Have resolved to devote their own powers and faculties.
[8] Buttons and combs.
[9] Earthen dolls and fruits.
[10] Making cardboard boxes and envelopes.
[11] Weaving socks, laces and ties by machinery.
[12] Wax-candles.
[13] Laundry-soap. *Sāvān*, from Portuguese *Sāvās*.
[14] Articles of perfumery.
[15] Fruit preserves.
[16] *Chutneys* and jellies.
[17] Nibs and hairpins.
[18] Washing clothes by machinery.

সিল্কের কাপড় রং করা।[1]

আলোয়ান হইতে শাল প্রস্তুত।[2]

জরীর কাজ।[3]

চিকনের কাজ।[4]

ঘড়ী মেরামত শিক্ষা।[5]

সাইনবোর্ড লেখা।[6]

পুস্তক বাঁধাই।[7]

জমাট দুগ্ধ প্রস্তুত।[8]

টুথ ব্রাস ও চুলের ব্রাস।[9]

ফ্রেট ওয়ার্কস্।[10]

রুমাল, তেয়ালে প্রভৃতি।[11]

ফটোগ্রাফি।[12]

জুতার ফিতা।[13]

কোমরের সূতা।[14]

এই শিক্ষালয়ের জন্য বাড়ী ভাড়া বার্ষিক ১,৮০০ ও গাড়ী ভাড়া অন্যূন ৯৬০ টাকা ব্যয় হইবে। এই নির্দ্দিষ্ট ব্যয় ব্যতীত বিবিধ শিল্পদ্রব্য শিক্ষার জন্য একদা ৩,০০০ টাকার প্রয়োজন।

যে সকল মহিলা এই বিদ্যালয়ে শিক্ষা করিতে ইচ্ছুক তাঁহাদের নিকট গাড়ীভাড়া বাবতে[15] মাসিক ২ টাকা গ্রহণ করা হইবে।

শ্রীযুক্ত সত্যসুন্দর দেব জাপান ও জর্ম্মণী হইতে মৃন্ময় দ্রব্য[16] নির্ম্মাণ প্রণালী শিক্ষা করিয়া আসিয়া কলিকাতার পটারী ওয়ার্কস্[17] পরিচালন করিতেছেন। তিনিই মাটীর ও প্লাষ্টার অব প্যারিসের[18] শ্বেতবর্ণ পুতুল নির্ম্মাণ প্রণালী

[1] Dying silk cloth.
[2] Making shawls of woollen sheets.
[3] Gilt-thread work.
[4] The 'chicken work' of Anglo-Indian ladies; open-work embroidery.
[5] Mending clocks (or watches).
[6] Writing sign-boards.
[7] Bookbinding.
[8] Making condensed milk.
[9] E. tooth-brush and hair-brush.
[10] E. fret-work.
[11] Handkerchiefs, towels etc.
[12] E. photography.
[13] Shoe-laces.
[14] Waist-threads.
[15] A. *bābat :* on account of.
[16] *mṛt-may dravya :* earthern-ware articles.
[17] E. pottery works.
[18] E. plaster of Paris.

শিক্ষা দিবেন। তাঁহার কারখানায় নিম্নশ্রেণীর[1] অনেক স্ত্রীলোক পুতুল নির্ম্মাণ করিয়া বেশ দশটাকা[2] অর্জ্জন করিতেছে। শ্রীযুক্ত পূর্ণচন্দ্র রায় জাপান, জর্ম্মণী ও ইংলণ্ডে বাস করিয়া চিরুণী ও বোতাম, নিব প্রভৃতি নানাপ্রকার দ্রব্য নির্ম্মাণ প্রণালী শিক্ষা করিয়া আসিয়াছেন। তিনি কলিকাতায় চিরুণী, বোতাম ও নিবের কারখানা স্থাপন করিয়া অতি সুন্দর দ্রব্য তৈয়ার করিতেছেন। ইনি একটা কল নারীশিল্প শিক্ষালয়ের ব্যবহারের জন্য প্রদান করিবেন এবং স্বয়ং কার্য্য শিক্ষা দিবেন। ইঁহার সহধর্ম্মিণী শ্রীযুক্তা হেমকুসুম রায় চাটনী ও জেলী প্রস্তুত কার্য্যে অতি সুদক্ষা। কলে কাপড় ধোত করা সম্বন্ধেও তিনি বিশেষ অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছেন। তিনি এই সকল কার্য্য শিক্ষা দানের ভার গ্রহণ করিবেন।

জাপানে যেমন কৃত্রিম ফুল[3] তৈয়ার হয়, পৃথিবীর আর কোথাও তেমন হয় না। শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন বসু ও শ্রীযুক্ত বিনয়চন্দ্র বসু ফুল ইত্যাদি তৈয়ারী প্রণালী শিক্ষাদান করিবেন।

শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় বহু দিন জাপানের অতি প্রসিদ্ধ কাপড়ের কলে কর্ম্ম করিয়া বস্ত্র বয়নপ্রণালী[4] শিক্ষা করিয়া আসিয়াছেন। তাঁহারই যত্নে গণেশ ক্লথ মিলের[5] কাপড় সুবিখ্যাত হইয়াছে। ইনি রুমাল তোয়ালে প্রভৃতি বয়ন শিক্ষাদানের ভার গ্রহণ করিয়াছেন। ইঁহার পত্নীও শিক্ষালয়ের কার্য্য সফল করিতে যত্নবতী[6] হইয়াছেন।

রেসমী বস্ত্র রং করা সহজ ও লাভজনক[7] ব্যবসায়। আমাদের দেশে সাধারণতঃ রেসমী বস্ত্রে কাল রং করা হইয়া থাকে, কিন্তু অন্য নানাবিধ রং করা জাপানে যেমন হয়, তেমন অন্যত্র হয় না। বাবু সুরেন্দ্রনাথ বসু জাপান হইতে রেশমী বস্ত্র রং করার প্রণালী শিখিয়া আসিয়াছেন। তিনি এই বিদ্যালয়ে সেই কার্য্য শিক্ষা দিবেন।

জাপান প্রত্যাগত শ্রীযুক্ত নগেন্দ্রনাথ মজুমদার ও তাঁহার সহধর্ম্মিণী শ্রীযুক্তা মনোরমা মজুমদার নানা প্রকার দ্রব্য প্রস্তুত করিতে শিক্ষা

[1] Of lower classes.

[2] Easily ten rupees, *i.e.*, quite a nice sum.

[3] Artificial flowers.

[4] Cloth-weaving.

[5] Ganeś Cloth Mills. (Ganeś is the famous elephant-headed deity :—Gaṇa-īśa, lord of the Gaṇas, troops of inferior deities attendant on Śiva. He is invoked at the beginning of all important enterprises. (A brief formula for the purpose is *Śrī Ganeśāya namas.*)

[6] Feminine of *yatna-vān* ; Zealous.

[7] *Labh-janak :* profit-begetting.

করিয়াছেন। ইঁহারা চুলের কাঁটা, মোমবাতি, সুগন্ধি দ্রব্য. ধোপার সাবান, জমাট দুগ্ধ, সাইনবোর্ড লেখা প্রভৃতি শিক্ষা দিবেন।

চিকণ বিক্রয় করিয়া হুগলী জেলার অনেক মুসলমান নারী সচ্ছল[1] অবস্থাসম্পন্ন[2] হইয়াছেন আমেরিকায় এই চিকনের খুব সমাদর হইয়াছে। হুগলী জেলার অনেক হিন্দু ও মুসলমান আমেরিকায় গমন করিয়া চিকণের ব্যবসায়ে লক্ষপতি[3] হইয়াছেন।

আমেরিকা-প্রত্যাগত শ্রীযুক্ত বিনয়ভূষণ বসু বেশ চিকণ তৈয়ার করিতে জানেন। তিনি চিকণ তৈয়ারী শিক্ষার ভার গ্রহণ করিতে প্রস্তুত হইয়াছেন।

শ্রীযুক্ত সুবোধকুমার বসু আমেরিকার অনেক প্রসিদ্ধ কারখানায় শিক্ষা-নবীশের কার্য্য[4] করিয়া নানা প্রকার দ্রব্য নির্ম্মাণ প্রণালী শিক্ষা করিয়া আসিয়াছেন: তিনি এই বিদ্যালয়ের কার্য্যে যোগদান করিয়াছেন। তিনি ঘড়ী মেরামত কিরূপে করিতে হয়, তাহা শিক্ষা দিবেন। রং প্রস্তুত কার্য্যেও ইনি বিশেষ দক্ষতা লাভ করিয়াছেন।

শ্রীমতী উষাপ্রভা দত্ত ফ্রেট ওয়ার্কস শিক্ষা দিতে প্রস্তুত হইয়াছেন। উপরোক্ত উদ্যোগী নর নারী ব্যতীত আরও অনেকে শিক্ষাদানের ভার গ্রহণ করিবেন।

এই শুভকর কার্য্য সাধারণের সাহায্য ভিন্ন কখনও সম্পন্ন হইতে পারে না। পৃথিবীতে যাহাদের কোন সম্বল নাই. এমন নারীর সংখ্যা বাঙ্গালা দেশে দিন দিন বৃদ্ধি হইতেছে। তাঁহাদের দুর্দ্দশা দেখিয়া যাহাদের প্রাণ কান্দে[5] তাঁহারা এই কার্য্যে নিশ্চই সহায়তা করিবেন।

নারী শিল্প শিক্ষালয়ের কার্য্য পরিচালনের ভার এক কমিটির উপর অর্পিত হইবে। কমিটির সভ্যদের নাম শীঘ্রই প্রকাশিত হইবে। যাঁহারা এতৎ সম্বন্ধে কিছু জানিতে ইচ্ছা করেন, তাঁহাদের নিকট অনুষ্ঠান পত্র[6] প্রেরিত হইবে।

[1] Solvent ; prosperous.

[2] *Avastha-sam-pad-na :* attained to a (certain) state of (wealth).

[3] *Laksā-pati :* masters of a *laksa*, a lakh ; a hundred thousand rupees. *cf* millionaire.

[4] *Siksa-ravisor kāryya :* work of an apprentice (he who sits down to learn. S. *siksa*-learn, P. *novisan*-to sit).

[5] 'Those whose hearts cry aloud'.

[6] Prospectuses ; lit. "beginning-papers."

রঙ্গাভিনয়ে কলেজের ছাত্র।

College students and theatrical entertainments.

সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ কলেজের ছাত্রদের রঙ্গাভিনয় সম্বন্ধে যে সার্কুলার প্রচার করিয়াছেন তাহার প্রতিলিপি[1] এই :—

No. 6771.

From

P. BRÜHL, ESQ., I.S.O., D.S.C., F.C.S., F.G.S.,

Registrar, University of Calcutta,

To

The Heads of Affiliated Colleges and Recognised Schools.

SENATE HOUSE,

The 26th March 1914.

THE undersigned has the honour, by direction of the Hon'ble the Vice-Chancellor and Syndicate, to say that as it has been brought to their notice that theatricals in schools and colleges are becoming more frequent and are in some cases proving a source of distraction to students, the Syndicate are anxious to have information as to the number of theatricals held in each institution every year, the kind of plays generally chosen, the classes of students allowed to take part, and the time needed for preparation. The undersigned is therefore directed to request that the heads of affiliated colleges and recognised schools will be so good as to furnish them with the information asked for at an early date.

(Sd.) P. BRÜHL,

Registrar.

কর্ত্তৃপক্ষ রঙ্গাভিনয় ব্যাপারে ছাত্রদের অমঙ্গল আশঙ্কা করিতেছেন এবং ছাত্র মহালে[2] রঙ্গাভিনয়ের প্রভাব কতদূর বিস্তার লাভ করিয়াছে তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হইয়াছেন। আমরা এই সার্কুলার পাঠ করিয়া অতিশয় আনন্দিত হইয়াছি। বিশ্ববিদ্যালয় ছাত্রদের রঙ্গাভিনয় প্রবৃত্তি দমন করিতে

[1] Copy.
[2] Student quarter.

পারিলে তাহাদের মহদুপকার[1] সাধন করিবেন। ছাত্রগণ কর্ত্তৃক রঙ্গাভিনয় কখনও সমর্থনযোগ্য নহে। এই রঙ্গাভিনয় সম্বন্ধে বঙ্গদেশের বহু ছাত্রের অত্যন্ত মত্ততা[2] উপস্থিত হইয়াছে। ইহার জন্য গবর্ণমেণ্ট সংস্থষ্ট কলেজের কর্ত্তৃপক্ষ অনেক পরিমাণে দায়ী। স্বদেশী আন্দোলনের[3] সময় ছাত্রবৃন্দ "বন্দে মাতরম্"[4] বলিতে আরম্ভ করিয়াছিল, তজ্জন্য শিক্ষা বিভাগের কর্ত্তৃপক্ষ তাহাদের অধ্যয়নের বিঘ্ন হইবে বিবেচনা করিয়া শঙ্কিত হইয়াছিলেন; কিন্তু এখন অনেক অধ্যাপক ছাত্রদিগকে রঙ্গাভিনয়ে উৎসাহ[5] দিতেছেন, অর্থ সাহায্য করিতেছেন। মহাত্মা ভূদেব মুখোপাধ্যায় "পারিবারিক প্রবন্ধ"[6] নামক পুস্তকে লিখিয়াছেন যে দরিদ্রের পক্ষে বিলাসিতা[7] বড় সাংঘাতিক[8]। আমরা এক্ষণ দরিদ্র জাতি, আমাদের সুখোপভোগ[9] চেষ্টা ভাল নয়। গান বাজনা রঙ্গাভিনয়াদি কাণ্ড আমাদিগের মধ্যে কোন প্রকারই শোভা পায় না[10]। এই সমস্ত ধনশালী প্রবল প্রতাপ ইংরাজদিগকে সাজে[11]। সমাজের যে অবস্থা, তাহার অনুরূপ ব্যবহারই সমাজান্তর্গত লোকের পক্ষে বিধেয়। বাঙ্গালীকে অনেক ভার সহ্য করিতে হইবে, অনেক চাপ[12] ঠেলিয়া[13] উঠিতে হইবে। সুতরাং বাঙ্গালীর শিক্ষা কঠোর[14] হওয়া আবশ্যক। ভূদেব যাহা লিখিয়াছেন, তাহা যথার্থ। রঙ্গাভিনয়ের মোহ বড় বেশী; অভিনয় কালে বড় মানসিক উত্তেজনা[15] উপস্থিত হয়। একবার রঙ্গাভিনয়ে প্রবৃত্ত হইলে অন্ততঃ[16] এক মাসের জন্য ছাত্রগণ পুস্তকের নিকট হইতে বিদায় গ্রহণ করিয়া থাকে। আমরা ভরসা করি যে, ছাত্রদের রঙ্গাভিনয়ে উৎসাহদাতৃগণ[17] প্রকৃত অবস্থা হৃদয়ঙ্গম[18] করিতে সমর্থ হইবেন এবং ছাত্রদের এই প্রবৃত্তি দমন করিতে যত্ন করিবেন।

[1] *Mahat-upa-kār :* great benefit.
[2] Addiction ; infatuation.
[3] *Andolan :* agitation.
[4] "Vande Mātaram," the famous nationalist cry taken from the hymn beginning with those words in Bankim Candra Chaṭṭopādhyāy's novel "Ananda Math."
[5] Encouragement.
[6] "Pārivārik prabandha," *i.e.*, domestic essays.
[7] Luxurious habits.
[8] Deadly.
[9] *Sukh-upa-bhog :* the enjoyment of pleasure.
[10] Do not look well.
[11] They become all these, etc.
[12] Pressure.
[13] Pushing back.
[14] Hard.
[15] Mental excitement.
[16] At least.
[17] *Utsāha-datṛ-gaṇ :* givers of encouragement ; patrons.
[18] *Hṛdaya-gam :* heart-going ; taking to heart.

পূজার বন্ধের পূর্ব্বে প্রায় সমস্ত কলেজের ছাত্রগণ অভিনয় কর্য্যে ব্রতী হয়। আমরা আশা করি, অধ্যাপক ও অভিভাবকগণ[1] তাহাদিগকে এই কার্য্যে উৎসাহিত করিবেন না, ছাত্রগণ উচ্চ আকাঙ্ক্ষা হৃদয়ে পোষণ করিয়া জীবনকে কঠোর কর্ত্তব্য সাধনের উপযোগী করিবেন।[2]

[1] Guardians.
[2] That the students, cherishing high aspirations in their hearts, will fit their lives for the performance of the stern task before them.

স্বামীর ব্যবহারে সতীর প্রাণত্যাগ।

The suicide of a Sati owing to her husband's conduct.

খুলনাবাসী[1] অতি ভীষণ সংবাদ প্রকাশ করিয়াছেন।

খুলনাবাসীর পত্র।

ধনে মানে বিদ্যাবুদ্ধিতে[2] এই জেলার সেনহাটী গ্রাম দেশবিখ্যাত এই গ্রামের বৈদ্যজাতি[3] সমধিক শিক্ষিত ও পদস্থ। এই গ্রামের গণপাড়া নিবাসী বাবু হীরালাল সেন মহাশয় আমাদের পাঠকবর্গের পরিচিত। এই হীরালাল বাবুই "হুঙ্কার"[4] নামক একখানি রাজদ্রোহকর পুস্তিকা রচনা করিয়া ১২৪ ক ও ১৫৩ ক[5] ধারামতে কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিলেন। এই হীরালাল বাবু প্রথম পক্ষে মুলঘরনিবাসী বিখ্যাত কবিরাজ শ্রীযুক্ত কালীপ্রসন্ন রায় চৌধুরী মহাশয়ের কন্যা শ্রীমতী সুখদাসুন্দরীর পাণিগ্রহণ[6] করেন। সুখদাসুন্দরী রূপগুণ ও পতিপ্রাণতায়[7] আদর্শ[8] রমণী ছিলেন। একদিন যিনি[9] ইঁহার সহিত আলাপ করিয়াছিলেন, তিনি তাঁহার সততা ও সরলতা সম্বন্ধে সাক্ষ্য দিবেন।

এহেন[9(a)] স্ত্রীরত্ন থাকিতে হীরালাল বাবু কেন যে দ্বিতীয়বার দারপরিগ্রহ[10] করিলেন, তাহা আমরা বুঝি না। তবে ইদানীং ইহার সামান্য একটু বধিরতা[11] দোষ ঘটিয়াছিল। দ্বিতীয়বার দারপরিগ্রহ করিয়া হীরালাল সেহ

[1] "An inhabitant of Khulna"— name of a newspaper.
[2] For wealth, respectability, learning and intelligence.
[3] The Vaidya or physician caste.
[4] "A cry to cause dread in the enemy."
[5] Sections 124A and 153A of the Indian Penal Code.
[6] *Pāṇi-grahan :* hand-taking ; marriage.
[7] Devotion to husband.
[8] Ideal.
[9] Anyone who has once, etc.
[9(a)] This such, an archaic expression for হেন or এমন
[10] *Dār-pari-graha :* taking a wife ; marriage.
[11] *Vadhira-tā :* deafness.

পত্নীতে অত্যন্ত আসক্ত[1] হইয়া পড়েন এবং তাঁহার দেহ মন ধর্ম্মকর্ম্ম সমস্তই তাঁহার প্রতি উৎসর্গ করেন। তাঁহার একদেশদর্শিতা,[2] তাঁহার উপেক্ষা[3] ও তাঁহার তাচ্ছিল্য[4] জন্য সতী সুখদা নিতান্ত অসহিষ্ণু[5] হইয়া গত ২৯এ জ্যৈষ্ঠ ঘৃতসিক্ত বস্ত্রে অগ্নিসংযোগ করিয়া হীরালাল বাবুর কুমারখালির বাসায় জহর ব্রতের অনুষ্ঠান[6] করিয়া জীবন বিসর্জ্জন করিয়াছেন। মৃত্যুর পূর্ব্বে তিনি স্বহস্তে তাঁহার ভ্রাতৃবধূকে[7] (শ্রীযুক্ত কামিনী কুমার সেনের স্ত্রীকে) একখানি পত্র ও একটি কবিতা লিখিয়া ডাকে দিয়া যান। আমরা নিম্নে সতী সুখদার সেই পত্র ও কবিতাটি প্রকাশ করিলাম।

কুমারখালি,
১৯এ জ্যৈষ্ঠ ১৩২১।

প্রিয় কৃষ্ণরাণী!

"আজ বড় ভীষণ সংবাদ লিখিতে বসেছি, মর্ম্মাহত হইও না, শোকে অধীর হইও না, এটী চিরদুঃখিনীর জীবনের শেষ অনুযোগ[8] ও আবদার[9] জানিবে। আজ এত দীর্ঘকাল এই সব সংসারের জ্বালা যন্ত্রণা প্রাণের অশান্তি নীরবে সহ্য করেছি, অসহ্য হলেও বুক বেঁধেছি, কিন্তু আজ এ কঠিন প্রাণ বড় আকুল হয়েছে; কেন, বোধ হয় জান; এ অশান্তিময় সংসার হতে চিরবিদায়[10] লয়ে শান্তিময়ীর কোলে আশ্রয় লভিবার জন্য। আমার মাকুড়ী[11] তোমরা দেখেছ কি? কেমন হয়েছে? আজ নয়দিন মাত্র মাকুড়ী পরেছি, আমাকে ত বেশ মানাইতেছে, দুঃখের বিষয় তোমাদের কাছে একবার মাত্রও পরিতে পারিলাম না। থাক্, সেজন্য আর ক্ষোভ কি? কেন, মাকে এত কষ্ট দিয়া টাকা আনাইয়া এ জিনিষটা প্রস্তুত করিলাম, আগে কে জানে যে অভাগিনীর অদৃষ্ট ভাল নয়। জীবন-প্রদীপও নিবিতে আর বিলম্ব নাই।

[1] Enamoured.
[2] Partiality.
[3] Neglect.
[4] Contempt.
[5] *A-sah-iṣṇu* : impatient; incapable of enduring.
[6] *Jahar-vrater anusṭhān* : performance of a 'poison-vow.' The *zahar-vrata* was the vow taken by the Rājputs when it was evident that a fortress was doomed. The women leaped into the flames; the men went out, sword in hand, to die.
[7] *Bhrātṛ-vadhu* ; brother's wife.
[8] Admonition.
[9] Loving and insisting demand.
[10] *Cira-vidāy* : eternal farewell.
[11] Ear-ring.

ছোট দাদা কেন আমাকে ঐ জামাটা[1] দিলেন, ছোট বউ ঠাকুরুণ—ভাই,[2] আমার প্রতি তোমাদের ও সেনহাটীর অনেকেরই আমার প্রতি মায়া আছে, আমাকে দেখিলেই তাহারা কত দুঃখ ও আক্ষেপ করে। কেন করে বলত ভাই? আমি এ জগতের কে? আমার ন্যায় কৃতঘ্ন আর জগতে নাই, কিন্তু, ভাই, স্বামীর আদর, যত্ন ভালবাসা ভিন্ন কি আর সমস্ত জগতের স্নেহ, যত্ন, ভালবাসা নারীর হৃদয়ে সান্ত্বনা দিতে পারে? শত কষ্ট, দুঃখ পেলেও নারীগণ স্বামীর আদরে সব মুহূর্ত্তেই ভুলে যায়, কিন্তু আমার ভাগ্য মন্দ, আমি মহাপাপিনী, তাই এত কষ্ট। লোকে বলে চিরদিন সমভাবে যায় না,[3] কিন্তু আমার ভাগ্য তার বিপরীত, চিরদিনই এক ভাবে এক অশান্তিতেই দগ্ধ হলেম, যেখানেই যাই অশান্তি ভিন্ন শান্তি নাই। নারীজীবন যদি ধন্য করিতে না পারিলাম, তবে কেন মিছামিছি[4] এ পৃথিবীতে আসিলাম কেন লোকের প্রাণে বেদনা দেই, আমার এ জীবনে ধিক আমার অদৃষ্ট লেখার সময় বুঝি বিধাতার কলমে কালী ছিল না, ভুল করে অকুল সাগরে ভাসাইলেন? আর না হয়তো[5] পূর্ব্বজন্মে অনেক পাপ করেছি না জানি কোন সতীসাধ্বী[6] পতিব্রতার হৃদয়ের ধন কাড়িয়া লইয়াছিলাম। ভাই, আর কি লিখিব, লিখিতে ইচ্ছা হয়, কিন্তু কলম চলে না, হৃদয় শান্ত হয় না, কেবল কাঁদিতে ইচ্ছা করে। এত দীর্ঘকাল নির্জ্জনে নির্জ্জনে এত যে নয়ন জল ঢালিলাম, কই—তাহাতে তো মৃত্তিকা ভিজিয়াও ভিজিল না, এ জল আর ফুরাইল না,[7] অনেক কেঁদেছি, আর যে পারি না, আর তো কাঁদিতে আসিব না, কাঁদিবার যে টুকু বাকী ছিল তাহা তোমাদের দিয়ে গেলাম, মনে কিছু করো না। (ভাগ্নী) ক্ষেমী ওখানে আছে কি না, আজ আর তোমাদের ভাবিতে পারি না, এ হৃদয়কে পাষাণে বেঁধেছি। তোমাদের কথা বেশী ভাবিতে হলে এ মহাব্রত[8] আজ সমাধা হবে না। বলিতে পার আজ হঠাৎ ঠাকুরঝির মনের অবস্থা কেন এমন হ'ল। সেকি পাগল হয়েছে?

এ মনের দুরবস্থা তোমাদের আর কত কি লিখিব। যাহার প্রতি স্বামী নিদয় তাহার জীবনে ধিক, তাহার বাঁচিয়া থাকার ফল কি? আজ এক বৎসরের অধিক হয় যে ভাব দেখিতেছি, তাহাতেই মনে গুরুতর আঘাত পেয়ে মরণের চেষ্টায় ফিরছি। গত বৎসরও বিষ খেয়েছিলাম সত্য,

[1] That chemise. *Jama* = shirt, coat or chemise.
[2] ভাই—endearing address to an equal.
[3] A proverbial saying, commonly quoted as চিরদিন সমান যায় না: every day does not pass in the same way.
[4] Falsely, *i.e.*, in vain.
[5] Or otherwise.
[6] *Satī-sādhvī-pati-vratā* ; virtuous wife.
[7] Is not all used up.
[8] *Mahā-vrata* : great vow.

কিন্তু আমাকে বাঁচাইলেন কেন ? কিন্তু আজ আর, বোধ হয়, রক্ষা নাই, বাঁচাইবার সাধ্যও নাই। আগে একটু দয়ামায়া ভালবাসা দেখাইয়াছেন, আমিও তাহাতেই সুখী হয়েছি ও যথেষ্ট অনুগ্রহ মনে করেছি, আজ এক বৎসর ধরিয়া যে ভাব, তাহা আর মনে ভাবিতেও পারি না। আমাকে দেখলে তাঁর মাথা ছোট হয়, আমি সম্মুখে দাঁড়াইলে মাথা নিচু ক'রে থাকেন। দিনের বেলায় জোর ক'রে তাঁহার ঘরে যাই ; তরুর (সতীন) মেয়েদের নিয়ে তিনি হাসি গল্প করেন, আমাকে দেখলেই নিদ্রার ভাণ ক'রে থাকেন। আহারের সময়ে হতভাগিনী কাতর নয়নে একদৃষ্টে মুখপানে চেয়ে থাকে, কিন্তু তাঁহার চোখ কেবল এদিক ওদিক ঘুরিবে। আমার প্রতি চাহিতেও এত ঘৃণা করেন। কি অপরাধ করেছি ভাবিয়া পাই না, এসব আর কত তোমাকে লিখিব,—আর পারি না। আজ চিরদুঃখিনীর আরাধ্য দেবতার সুখের, তাঁহার সুখের পথের কণ্টক উন্মোচন করিবার জন্য, আমার জন্য তাঁহার ছোট মুখ বড় করিবার জন্য, এ তুচ্ছ অসার জীবনটা তাঁহারই পাদপদ্মে বিসর্জ্জন দিলেম. আশীর্ব্বাদ করিও যেন ইঁহারা সুখে থাকেন। আজ ২।৩ মাস হয় এখানে আসিলাম, কিন্তু হায় একদিন, এক মুহূর্ত্তের জন্যও অভাগিনীর প্রতি স্নেহ নয়নে চাহিলেন না। একদিনও অভাগিনীর তাপিত প্রাণে শান্তি দিতে আসিলেন না। একই ভাব, একই ব্যবহার, রাত্রে আর সে নিদ্রা নাই, কণ্টক শয্যায় ছটফট ক'রে[1] রজনী প্রভাত হয়ে যায়।

আগে শ্বশ্রুমাতার[2] সঙ্গে শয়নকরেছি, এখন বড় অসহ্য হয়, তাই, এক ধারে একটা মাদুর পেতে[3] পড়ে থাকি। মন পাইবার জন্য দিবা রাত্রি এত করিয়া শরীর ক্ষয় করিলাম। তাঁর মনস্তুষ্টির জন্য এত করিলাম, কিন্তু হায় কি নিষ্ঠুর, এ অবস্থা দেখেও, একটু দয়া হলো না, দুঃখিনীর দুঃখ কষ্ট নিজ চক্ষের উপর দেখেও[4] একটু দয়া হলো না, ধিক্ পুরুষ। আমি যে তুষের আগুন বুকে করে গেলাম এ আগুন ইহাদের হৃদয়ে চিরদিন জ্বালিব, আমাকে কষ্ট দিয়ে সুখী হতেছে, কিন্তু আজ দর্প করে বলিতেছি, আমি যদি সতী হই, আমার মৃত্যুর শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত যদি স্বামিপদে মতি থাকে, তবে এ সুখ আর চিরদিন থাকিবে না, থাকিবে না, থাকিবে না। এটা ঠিক জেনো.[5] তোমরা একদিন না একদিন শুনিতে পাইবে। আজ মনের সাধে সমস্ত শরীরে সাবান মাখিলেম, ছোট দাদার সেই আদরের উপহার নূতন সেমিজটী[6] পরিলাম, বৌঠানের (বউঠাকুরাণীর) সেই কাপড়খানা পরিলাম,

[1] Tossing restlessly on a bed of thorns.
[2] Mother-in-law.
[3] *Pātiyā :* spreading.
[4] Seeing before his very eyes.
[5] *Jānio :* know for certain.
[6] Chemise.

পায় আলতা[1] পরিলাম, কপালভরে কালীবাড়ীর সিন্দুর পরিলাম (যে সিন্দুর কলিকাতা মার বাড়ী হতে এনেছিলাম) সমস্ত শরীরটী ঘি মাখালাম, আর কি চাই, বসন ভূষণের আশা স্বামীর সোহাগ[2] যত্ন, ভালবাসা পাইবার সমস্ত আশা ত আজ পুড়াইলাম।

অশান্তি অনল[3] যার জ্বলিছে অন্তরে,
জুড়াতে[4] কি পারে তারে বসন ভূষণে।

একটা কবিতা পাঠাইলাম এখানেও বাক্সে একটা রহিল, যদি এটা সুন্দর ও ভাল হয় আর যদি গোলমাল না হয় তবে ছোটদাদাকে ব'লো যেন "খুলনাবাসীতে"[5] ছাপাইয়া দেন। আমার অভাব আমার সমস্ত স্মৃতি, আজ হৃদয় হতে মুছে ফেল! আর না, অনেক লিখেছি, আর পারি না। মা, বাবাকে তুমিই দেখিও, আমার শেষ অনুরোধ মা বাবা যেন, আমার জন্য বেশী কাতর না হন। তাঁহাদের এ সংবাদ দিও না, ব'লো যে তার রক্ত আমাশা হয়েছিল, অনেক কষ্টেও রক্ষা হল না। আর বলো যে মা ঠাকুর ঝি বাঁচিয়া যে সুখে ছিল তার চেয়ে কি এখন সুখ শান্তি পায় নাই, শান্তি, শান্তি শান্তি। আমার প্রাণের বাবা খোকাকে (ভ্রাতুষ্পুত্র) দেখিও। তোমার হাতে যখন পত্রখানা পড়িবে তখন আমি অনেক দূরে যাইব। সে কতদূর তাহা কেহ জানে না। না, আর লিখে কাজ নাই, আর কি লিখিব? মেয়েদের (সতীনের মেয়ে) জ্বর হয়েছিল একটু আরাম হয়েছে, তরুর ছেলে পেলে হবে। তবে আশীর্ব্বাদ করে বিদায় দাও। কাল একাদশীর দিন আমার জীবনের শেষ দিন জেন। আমাকে আর কোন চিঠি পত্র লিখ না। লিখিলে পাব না। ইতি।—

চিরদুঃখিনী ঠাকুরঝি।

সুখদার পত্র যে পড়িবে তাহারই হৃদয় তীব্র জ্বালা অনুভব করিবে।

সুখদার পত্র উজ্জ্বল ভাষায় বলিয়া দিতেছে, বাঙ্গালীর লাঞ্ছনার কারণ কি। নারীর প্রতি যে দেশের পুরুষের এত অবহেলা, সে দেশ অভিশপ্ত দেশ, সে দেশে সুখ শান্তি তিষ্ঠিতে পারে না। সুখদার মৃত্যু কি বাঙ্গালা দেশ হইতে বহুবিবাহের মূলে কুঠারাঘাত করিতে পারিবে? বাঙ্গালী কি এই দৃঢ়-সঙ্কল্প করিবেন, "বহু বিবাহ করিব না, বহু বিবাহের সাহায্য করিব না"?

[1] *Alakta :* lac.
[2] Caress.
[3] *Anal :* fire ; fire of peacelessness.
[4] *Juṛāite :* to cool, appease.
[5] "Khulnā-vāsī" newspaper.

ট্রাম দুর্ঘটনা।

A tram accident.

গত ৭ই জুলাই মঙ্গলবার কলিকাতায় যে হৃদয়বিদারক[1] ট্রাম দুর্ঘটনা ঘটিয়াছে তাহা অনেকেই অবগত হইয়াছেন। আমি সেই ট্রামের আরোহী ছিলাম। বিস্তারিত ঘটনা জানিবার জন্য মৃত ব্যক্তির আত্মীয়বর্গ ব্যস্ত আছেন। আমার মনের অবস্থা অত্যন্ত খারাপ থাকায় এ কয়দিন বিস্তারিত ঘটনা লিপিবদ্ধ করিতে পারি নাই। ঘটনা এইরূপ.—

মঙ্গলবার সন্ধ্যার প্রাক্কালে[2] আমি কয়েকজন বন্ধুর সহিত গোলদিঘীর[3] ধারে বেড়াইতেছিলাম, এমন সময় ৺যোগেশচন্দ্র সোমের সহিত দেখা হয়। তিনি এবার ঢাকা কলেজ হইতে আই এস, সি প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়া মেডিকেল কলেজে ভর্তির চেষ্টা করিতে কলিকাতায় আসিয়াছিলেন আমিও ঢাকা কলেজ হইতে বি, এস, সি পাশ করিয়া মেডিকেল কলেজে ভর্তি হইয়াছিলাম (পরে নানা কারণে ছাড়িয়া দিয়াছি)। মেডিকেল কলেজে তাঁহার সহিত আমার প্রথম পরিচয় হয়; পরে উভয়ে এক কলেজ হইতে পাশ হইয়াছি জানিয়া বেশ আলাপ হয়।[4]

গোলদিঘীতে দেখা হওয়ার পর তিনি বলিলেন, "মেডিকেল কলেজে স্থান পাইলাম না। শুনিলাম সম্প্রতি নাকি[5] ২।১টি ছেলে মেডিকেল কলেজ ছাড়িয়া[6] দিয়াছে। আমার চিকিৎসা শিক্ষার দিকে বড় রোক, জেনারেল লাইনে বিশেষ উন্নতির আশা নাই। আপনি হেডক্লার্কের ঠিকানা জানেন কি? স্থান পাওয়া যাইবে কি না জানিয়া আসি।"

আমি বলিলাম, আজ প্রায় সন্ধ্যা হইল। কাল কলেজের অফিসে যাইয়া হেডক্লার্কের নিকট জানিয়া প্রিন্সিপালের সহিত দেখা করিবেন।

তিনি বলিলেন, "মেডিকেল কলেজে স্থান পাই নাই, স্কটীশ চার্চ্চে[7] চেষ্টা করিয়া সুবিধা হইল না। অদ্য রাত্রেই ঢাকা যাইতে চাই। আজ না গেলে সেখানে সিট[8] পাইব না, পাইলেও হোস্টেলে স্থান পাইব না। ঢাকা যাইবার পূর্ব্বে আজই হেডক্লার্কের নিকট একটা চূড়ান্ত[9] সংবাদ জানিয়া যাই।" আমি ঠিকানা বলিলাম।

[1] *Hṛday-vidārak* : heart-rending.
[2] *Prāk-kāle* : at an early hour.
[3] The round tank in Calcutta.
[4] We became very well acquainted.
[5] It seems ; they say.
[6] Left ; resigned.
[7] Scottish Churches College.
[8] E. seat.
[9] *Cūḍā-anta* : 'summit-end' ; final ; conclusive

তিনি বলিলেন, "আমি পথঘাট[1] জানি না। খিদিরপুর কি করিয়া যাইব জানি না, এবং বাসা খুঁজিয়া পাইব না। আপনি যদি অনুগ্রহ করিয়া আমার সঙ্গে যান, তাহা হইলে বড়ই উপকার হইবে।" তাঁহার পুনঃ পুনঃ অনুরোধ এড়াইতে[2] না পারিয়া বলিলাম—চলুন, প্রথম প্রিন্সিপালের নিকট যাওয়া যাক,—তার পর যদি তাঁহার দেখা না পাই, খিদিরপুর যাওয়া যাইবে। উভয়ে প্রিন্সিপালের বাড়ী গেলাম। তাঁহার দেখা না পাইয়া উভয়ে ট্রামে খিদিরপুর যাইয়া নামিলাম। তখন রাত্রি প্রায় ৮টা। হেডক্লার্ক তখনও বাড়ী ফিরেন নাই। প্রায় আধঘন্টা তাঁহার জন্য অপেক্ষা করিলাম। তিনি ফিরিলে দেখা হইল। তিনি বলিলেন, "এ সব বিষয়ে বাড়ীতে কিছু বলি না। আফিসে যাইয়া দেখা করিবেন।" অগত্যা আমরা ফিরিলাম। পথে আর একটী ছেলের সঙ্গে দেখা হইল। ছেলেটি আমাদের উভয়ের পরিচিত। ৺যোগেশ বাবু ছেলেটির ভগ্নীর দেবর।[3] ট্রামের অপেক্ষায় আমরা দাঁড়াইয়া কথাবার্ত্তা কহিতে লাগিলাম। ট্রাম আসিল। সেকেণ্ড্ ক্লাশ লোকে বোঝাই ছিল। যোগেশ বাবু ড্রাইভারের জন্য যে একটু স্থান থাকে সেখানে উঠিয়া ডাণ্ডির উপর হেলান দিয়া[4] দাঁড়াইলেন। দুটি লোক বসিয়াছিল, কাজেই আমি একটু দূরে দাঁড়াইলাম। পরিচিত লোকটি আমাদের নিকট বিদায় হইয়া চলিয়া গেল। ট্রাম চলিল। যোগেশ বাবু বলিলেন "আমি কৃষ্ণদাস পালের ষ্টেচুর[5] নিকট নামিব, আপনি কোথায় নামিবেন?" আমি বলিলাম হেদুয়ার[6] নিকট। তিনি শ্যামবাজারের দুখানা টিকিট কিনিলেন। আর কোনও কথা হইল না। তিনি মুখ ফিরাইয়া আলোকমালা[7] দেখিতে লাগিলেন। ট্রাম রেস গ্রাউণ্ড[8] ছাড়াইয়া ডফফ্রিন্ ষ্টেচুর[9] দিকে আসিতে লাগিল। তখন রাত্রি আন্দাজ ৯টা। চারিদিকের আলোক বড়ই সুন্দর দেখাইতেছিল। দূরে একটি মটর দ্রুত চলিয়াছিল, তাহার আলোক উল্কার মত[10] দেখাইতেছিল[11]। আমি তাহা দেখিতেছিলাম। সহসা ট্রামের একটু

[1] *Path-ghāt*, a *dvandva samāsa*: path and ferry, *i.e.*, 'way about.'

[2] To evade.

[3] Often written দেওর: husband's younger brother; brother-in-law.

[4] Leaning against a stanchion; a thin post; a *daṇḍa*; a post.

[5] E. statue.

[6] Hedua Tālāo, a park on Cornwallis Street.

[7] *Ālok-mālā*: the light-garland; the rows of lights.

[8] E. race-ground.

[9] E. Dufferin statue.

[10] Like a meteor.

[11] Note use of causal form in reflexive sense; "showed itself."

ঝাকানি [1] হইল পরক্ষণেই [2] ধ্রাম্ [3] করিয়া শব্দ হইল। শব্দ শুনিয়া ফিরিয়া দেখিলাম ট্রামপোস্টে লাগিয়া যোগেশ উল্টিয়া ট্রাম হইতে পড়িয়া গেলেন। বোধ হয় ট্রামের ঝাকনিতে তিনি বাহিরের দিকে একটু হেলিয়াছিলেন, এমন সময় ট্রামপোস্টে মাথা ঠেকিয়া [4] পড়িয়া গেলেন!

কয়েক মিনিট কি হইল বুঝিতে পারিলাম না, নিজের চক্ষুকে বিশ্বাস করিতে পারিলাম না। বোধ হইল যেন স্বপ্ন দেখিতেছি। লোকের কোলাহলে ট্রাম তখনি থামিল। অবশ ভাবে উন্মাদের মত নামিয়া যাইয়া দেখি কয়েকজন সাহেব ও আর আর লোক মিলিয়া দেহ বাহির করিয়াছে। একটু আর্ত্তনাদ [5] বা দেহের স্পন্দন হইল না, প্রাণ বাহির হইয়া গিয়াছিল।

কি হইয়াছে যেন ভাল করিয়া বুঝিতে পারিলাম না। সাহেবদের নিকট কোনও প্রকারে তাহার পরিচয় দিলাম, পুলিশে খবর পৌঁছিল। সেই ট্রামে দেহ খানি দূরে আনা হইল ট্রামের আরোহীবর্গ তৎপূর্ব্বেই সব সরিয়া পড়িতেছিল। দেহের কি অবস্থা কাহারও জ্ঞান নাই, সাক্ষী দিতে হইবে এই ভয়েই সব কাতর। পুলিশকে বন্ধুর পরিচয়, অবস্থা ঠিকানা বলিলাম। তাঁহার বাসায় তৎক্ষণাৎ খবর পাঠাইতে বলিলাম। দুইজন পুলিশ ৪৭।১ হ্যারিসোন রোড মেছে [6] পাঠান হইল। পুলিশের সহিত সেই থামটার [7] নিকট গেলাম। সেখানে ভগ্ন ঘড়ি একখানা জুতা পাওয়া গেল। তাহার সার্টের পকেটে [8] পুলিশ ২৯ টাকা কয় আনা রুমালে বাঁধা, একখানা কাগজ, ১টা ছাতা পাইল। চোখের চষমা [9] দেখিলাম না। দেহের ক্ষতস্থানগুলি [10] ভাল করিয়া দেখিতে পারিলাম না। যেন তন্দ্রার ঘোরে [11] ছিলাম, আশে-পাশে [12] কি হইতেছে ভাল করিয়া বুঝিতে পারি নাই। তবুও কৌতুহলী দর্শকমণ্ডলী জিজ্ঞাসার উপর জিজ্ঞাসা করিয়া অবশ মনকে উৎপীড়ন করিতে লাগিল। মনের তখনকার ভাব বর্ণনা করা অসম্ভব [13] কি হইল ভাবিতে লাগিলাম। এক সঙ্গের সঙ্গী [14]—আমি আছি, সে নাই, কেন এরূপ হইল,—যাহাকে ৫ মিনিট পূর্ব্বে জীবিত দেখিয়াছি, সে নাই—এ কি প্রহেলিকা! [11]

[1] Shaking ; rattling.
[2] *Par-kṣaṇe-i* : the very moment after.
[3] Smash ; bang.
[4] Catching ; hitting ; knocking.
[5] *Ārttā nād* : cry of pain.
[6] E. mess.
[7] Post.
[8] E. in the pocket of his shirt.
[9] P. *chashmah* : spectacles, from *chashm*, an eye.
[10] *Kṣatā-sthān guli* : wounded places.
[11] In the depths of slumber.
[12] Near and about.
[13] Impossible to describe my state of mind at that time.
[14] A comrade of one band.
[15] What a riddle !

ভগ্ন হৃদয়ে এক বোঝা দুঃখ লইয়া রাত্রি প্রায় ১২টায় বাসায় ফিরিলাম। শুনিয়া সকলে হায় হায় করিতে লাগিলেন। আমাকে বুঝাইলেন, তাহাতে কি মন প্রবোধ মানে?

উঁহার বৃদ্ধ মা-বাপের জন্য প্রাণ বড়ই কাঁদিতে লাগিল। আমার মা আমাকে এক দিন না দেখিলে কাঁদিয়া আকুল হন আর হায় তাহার মা-বাপ জন্মের মত অঞ্চলের নিধি[1] প্রাণপুত্তলি[2] হারাইলেন।

নানা চিন্তায় অস্থির হইয়া রাত্রি কাটাইলাম। প্রাতে মেসে যাইয়া জানিলাম, পুলিশ বলিয়াছে যজ্ঞেশ্বর সেন, কাজেই ছেলেরা বুঝিতে পারে নাই। আমি ব্যাপার বলিয়া তাহাদিগকে মর্গে[3] যাইতে বলিলাম এবং তাহার আত্মীয়দের সংবাদ দিতে বলিলাম, পরে আমিও মর্গে গিয়াছিলাম কিন্তু দেখিবার অনুমতি পাই নাই। বেলা ৪॥ টায় দেহসৎকারের[4] অনুমতি পাওয়া গিয়াছে এবং মেসের ছেলেরা ও স্থানীয় আত্মীয়েরা দেহের সৎকার করিয়াছেন।

মেডিকেল কলেজে যিনি পড়িতে আসিলেন সে স্থানে তাঁহারই দেহ পরীক্ষা[5] হইল। কে তাহার বৃদ্ধ মা-বাপকে সান্ত্বনা দিবে? এই শোক-শেল হৃদয়ে বিদ্ধ হইয়া আছে. এ জীবনে এই দাগ মুছিবে না।

শোকানুতপ্ত,
প্রফুল্ল চন্দ্র বসু

১০ই জুলাই,
১১ ডাফ্‌ষ্ট্রীট,[6] কলিকাতা

1 (Priceless) jewel (always carried on the person by being tied up in) the hem of the dress.
2 The idol of their hearts.
3 F. *morgue*.
4 *Sat-kār*: 'good work'; obsequies.
5 Postmortem.
6 E. Duff Street.

ব্রজমণ্ডলে শিকার নিবারণ।

The forbidding of shooting in the Vrajamandal, i.e., at Brindaban.

বহুদিন হইতে ব্রজমণ্ডলে শিকার নিবারণের জন্য স্থানে স্থানে আন্দোলন চলিতেছে, এবং নানা সম্প্রদায়ের বহু সভা সমিতি হইতে লাটসাহেবদিগের নিকট আবেদন নিবেদন হইতেছে। সম্প্রতি রাজা হৃষীকেশ লাহা ব্রিটিশ

ইণ্ডিয়ান্ সভার মুখপাত্ররূপে[1] যুক্তপ্রদেশের গবর্ণর মহোদয়ের নিকট একখানি যুক্তিপূর্ণ[2] আবেদন পত্র পাঠাইয়াছেন। কলিকাতার সুবর্ণবণিক্[3] সমিতি হইতেও আবেদন পত্র প্রেরিত হইয়াছে। দেশীয় বিবিধ ভাষায় প্রচারিত সংবাদপত্র সমূহও এজন্য বিশেষ আন্দোলন উপস্থিত করিয়াছেন।

ব্রজমণ্ডলে দ্বাপরের শেষ হইতে[4] জীবহিংসা শাস্ত্র ও দেশাচার দ্বারা[5] নিষিদ্ধ ও নিবারিত হইয়া আসিয়াছে। মোগল বাদসাহগণও ব্রজমণ্ডলের এই পবিত্রতা রক্ষার জন্য আদেশ পত্র (ফরমান্[6]) প্রচার করিয়াছিলেন। ১৮০৩ সন পর্য্যন্ত ব্রজমণ্ডল সিন্ধিয়া (গোয়ালিয়ার)[7] রাজ্যের অন্তর্গত ছিল, পরে বৃটিশগবর্ণমেণ্টের হাতে আইসে। ১৮০৮ সনে দুইজন গোরা ব্রজমণ্ডলে শিকার করিতে যাইয়া ব্রজবাসীদিগের হস্তে প্রাণ হারায়।[8] ১৮১০ সন হইতে এই শিকার ব্যাপার লইয়া নানাপ্রকারের অশান্তি চলিতে থাকে। এই অশান্তি নিবারণের জন্য সময় সময় বৃটিশ রাজকর্ম্মচারিগণ নানা প্রকার শিকার-বিরোধী আদেশ জারি করেন। এমন কি[9] কোন সময়ে কোন প্রধান সেনাপতির দৃষ্টিও ঐদিকে আকৃষ্ট হইয়াছিল। ১৯০০ সালে ইণ্ডিয়া গবর্ণমেণ্ট শিকার ব্যাপারটিকে সংযত করার জন্য একটি নোটিশ জারি করেন, কিন্তু আজ পর্য্যন্ত তাহার সম্যক্ ফল ফলে নাই।[10] ব্রজমণ্ডলের শিকারের কার্য্য অব্যাহতরূপেই[11] চলিতেছে। শুধু বিদেশীর দ্বারা নহে, স্বদেশী বিদেশী সকলের দ্বারাই ব্রজমণ্ডলের অহিংসাধর্ম্ম মলিন[12] হইয়া যাইতেছে।

আবেদনকারিগণ একটি আইন বিধিবদ্ধ করিয়া ব্রজমণ্ডলের পবিত্রতা রক্ষা করিতে গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছেন। তাঁহাদের উদ্দেশ্যের সহিত বহুকাল হইতে গবর্ণমেণ্ট এবং রাজকর্ম্মচারিগণ সহানুভূতি[13] দেখাইয়া আসিতেছেন, সুতরাং তাঁহারা কোন নূতন আবদার করিতেছেন না। যাহাতে হিন্দু মাত্রের কল্যাণ ও গবর্ণমেণ্টের শুভ অভিপ্রায় সুসিদ্ধ হয় এই জন্য একটি

[1] As spokesman of the British Indian Association.
[2] *Yukti-pūrṇa* : full of reasoning ; logical.
[3] *Suvarṇa vaṇik* : gold-merchants. *Su-varṇa* : lovely colour ; hence *soṇa*, gold ; a rich caste in Calcutta.
[4] Since the end of the Dwāpara Yuga, the third age of the world. We are now in the Kali, the fourth Yuga. The Dwāpara Yuga lasted 864,000 years.
[5] By scripture and the custom of the country.
[6] P. *farmān* ; (*cf.* Skt. *pra-māṇ*) : order ; decree.
[7] Scindia ; Rajah of Gwalior.
[8] Lost their lives. Note *hārāy*, causal in form, reflexive in meaning.
[9] *Eman ki*, 'so what ?' *i.e.*, more than this ; so much so.
[10] No great benefit has ensued.
[11] *Avi-āhata-rūpe* : in unimpeded fashion.
[12] Defiled.
[13] *Saha-anu-bhūti* : sympathy.

আইন প্রণয়ন করিতে প্রার্থনা করিতেছেন মাত্র। এই সম্বন্ধে অনেকে অনেক কথাই বলিয়াছেন, তবে দুই একটী কথা বিশেষ ভাবে বলা কর্ত্তব্য মনে হয়।

কাশী, গয়া, বিন্ধ্যাচল,[1] প্রয়াগ,[2] মথুরা,[3] বৃন্দাবন,[4] এবং অযোধ্যা[5] প্রভৃতি হিন্দুদিগের প্রসিদ্ধ তীর্থস্থানগুলি[6] যুক্তপ্রদেশের শাসনকর্ত্তার অধীন, সুতরাং তিনি যদিও শুধু যুক্তপ্রদেশরই শাসনকর্ত্তা, তথাপি সমগ্র হিন্দুজাতির হৃদয়রাজ্যের[7] সহিত তাঁহার অতিশয় ঘনিষ্ঠ সম্বন্ধ[8] রহিয়াছে। এইজন্য হিন্দুমাত্রই[9] তাঁহার নিকট সমবেদনার[10] প্রত্যাশা রাখিয়া থাকে। আশা করি তিনি তাঁহাদের মর্ম্মবেদনা বিদূরিত করিয়া কোটী কোটী লোকের শ্রদ্ধালাভ[11] করিতে বিমুখ[12] হইবেন না।

আর একটি কথা এই যে ভারতগবর্ণমেণ্ট ভারতের প্রাচীন-কীর্ত্তি রক্ষার জন্য মনোযোগী হইয়াছেন এবং এইজন্য অর্থ-সামর্থ্য ব্যয় করিতেও ক্রটি করিতেছেন না। আমাদের মনে হয় ব্রজমণ্ডলের অহিংসা-ধর্ম্ম রক্ষা করিলে ভারতের সর্ব্বশ্রেষ্ঠ প্রাচীন কীর্ত্তি সংরক্ষিত হইবে। এইরূপ প্রাচীন-কীর্ত্তি পৃথিবীতে আর কোথাও নাই। সুবিখ্যাত চীন পরিব্রাজকদ্বয়[13] ফাহিয়াং[14] ও হিয়াংসিয়াং[15] (৪০০ ও ৬৮০ খৃঃ) তাঁহাদের সুপ্রসিদ্ধ ভ্রমণবৃত্তান্তে মথুরামণ্ডলের অহিংসাধর্ম্মের কথা উল্লেখ করিয়াছেন। কোন কোন ফরাসী পরিব্রাজকের গ্রন্থে এবং "আইন আকবরিতেও"[16] উহার উল্লেখ আছে। সকলেই এই সভ্যতার নিদর্শনের ভূয়সী[17] প্রশংসা করিয়া গিয়াছেন।

[1] *Vindhya-acal:* a shrine at the foot of the Vindhya mountains.
[2] Prayāg, the junction of the Jumna and Ganges at Allahabad.
[3] Muttra.
[4] Brindaban.
[5] Ajodhya in Fyzabad district.
[6] Principal places of pilgrimage.
[7] The kingdom (or province) of the heart.
[8] Closest connexion.
[9] Every Hindu whatever.
[10] *Sama-vedanā :* sympathy.
[11] Obtaining of reverence or affection.
[12] Averse.
[13] *Pari-vrājak-dvay ;* two itinerants or travellers (*vrajan* : a going, travelling).
[14] Fa-hien.
[15] Hiuen Tsiang.
[16] Abul Fazl (A.D. 1551—1602), wazir and historiographer of the Emperor Akbar, wrote the famous *Akbar Nāmeh*, or Book of Akbar, of which the second part is the *Ain-i-Akbari*, or Institutes of Akbar, which is an account of the religious and political constitution and administration of the empire.
[17] *Bhūyasī :* feminine of S. bhuyas ; extreme ; abundant.

প্রাচীন সভ্যতার এমন একটি অপূর্ব্ব চিহ্ন বিটিশ গবর্ণমেণ্টের একান্তই রক্ষণীয়। বিশেষতঃ অন্যান্য প্রাচীন-কীর্ত্তি নষ্ট হইলে সে সকলের পুনঃ-সংস্কার[1] চলিতে পারে, কিন্তু এই কীর্ত্তি একবার নষ্ট হইলে পুনরায় ইহার সংস্কারের আর সম্ভাবনা থাকে না। আশা করি যুক্তপ্রদেশের সহৃদয় ছোট-লাট এই বিষয়টী বিশেষভাবে চিন্তা করিয়া দেখিবেন। এই প্রাচীন-কীর্ত্তি, সভ্যতার এই অপূর্ব্ব নিদর্শন রক্ষা করিলে তিনি একদিকে পৃথিবীর সমস্ত সভ্যজাতির নিকট যশঃস্বী হইবেন, অন্যদিকে কোটী কোটী ধর্ম্মপ্রাণ হিন্দুর শ্রদ্ধা ও আশীর্ব্বাদ লাভ করিবেন। অধিকন্তু এই কীর্ত্তিরক্ষায় সমস্ত ইংরাজ-জাতির জাতীয় গৌরব বর্দ্ধিত হইবে অথচ এই শুভকার্য্যে ইংরাজরাজকে কোন প্রকার ক্ষতিগ্রস্ত হইতে হইবে না। অনায়াসে এইরূপ লাভ সৌভাগ্যশালী গবর্ণমেণ্টের ভাগ্যেই ঘটিয়া থাকে।

শ্রীমনোরঞ্জন গুহ ঠাকুরতা।

[1] Revival; restoration.

নারায়ণগঞ্জের পত্র।

A letter from Narainganj.

ঢাকা জেলা বিভাগ।

Partition of the Dacca district.

বঙ্গীয় গবর্ণমেণ্ট জেলা ও মহকুমা বিভাগ করিবার জন্য ব্যস্ত হইয়াছেন। ঢাকা জেলার অন্তর্গত মুন্সীগঞ্জ মহকুমার[1] এলাকাধীন[2] ২০০ গ্রাম ত্রিপুরা জেলার সামিল করিবার জন্য বঙ্গীয় গবর্ণমেণ্ট চেষ্টা করিতেছেন। গত ৩রা জুন অপরাহ্ণ কালে গঙ্গাবিয়া গ্রামে বিভাগের বিরুদ্ধে এক বিরাট সভা[3] আহুত হয়। এই সভায় দুই হাজার লোক উপস্থিত ছিল। অধিকাংশ লোকই মুসলমান। হোসনন্দীর জমিদার মিঃ আবদুল হক মহাম্মদ আকবলজ্জুহা মকবলজ্জবা চৌধুরি সভাপতির আসন গ্রহণ করেন। সভায় কতকগুলি সুযুক্তিপূর্ণ মন্তব্য[4] সর্ব্ববাদিসম্মতিক্রমে[5] গৃহীত হয়। এই সকল গ্রাম হইতে কুমিল্লা যাইতে দুই দিন লাগে;[6] মুন্সীগঞ্জে যাইতে দেড় ঘণ্টা লাগে। গবর্ণমেণ্ট ত্রিপুরা জেলায় হোমনায় এক নূতন মহকুমা স্থাপন করিতে চান। ঐ ২০০ গ্রাম প্রস্তাবিত নূতন মহকুমা হোমনার সামিল করা হইবে। গ্রামবাসিগণ এই

[2] The Munshiganj subdivision.
[2] *Elākā-adhīn*; under the jurisdiction of. *Elākā*-A *ālāqah*: connection; coherence.
[3] A huge meeting; a mass meeting.
[4] Resolutions.
[5] *Sarvva-vādi-sammati-krame*; by way of consent of all the speakers, *i.e.*, unanimously.
[6] Takes two days.

সংবাদ শুনিয়া অতি সন্ত্রস্ত[1] হইয়াছেন। ঐ সকল গ্রাম হইতে হোগলা ২৫ মাইল ব্যবধান।

উক্ত সভায় কুলদীনিবাসী দিনাতুল্লা খাঁ, গজারিয়ানিবাসী নুর আলি মিঞা, লাল মোহন সাহা, হোগল-কান্দিনিবাসী প্রসন্ন চন্দ্র সরকার, মধ্যম বোয়াসিয়ানিবাসী মোয়াবালী সরকার তেতুল তোলানিবাসী মহম্মদ হানিফ, বাপগাও-নিবাসী মাদবর মোল্লা, হোসেনদীনিবাসী মহম্মদ বদরাতলী খাঁ ও মুনসী আবদুল আক্কাছ বক্তৃতা করিয়াছিলেন। সময় থাকিতে ঢাকাবাসিগণ মহকুমাবিভাগের প্রতিবাদ করুন।

[1] *San-trasta*; very frightened; alarmed.

কুমারখালির পত্র।

A letter from Kumarkhali.

মিউনিসিপালিটীর ময়লার গাড়ী টানিবার একটা পাগলা মহিষ[1] আছে। উহার একজন রক্ষক ও খোরাকির টাকা মঞ্জুর থাকা সত্ত্বেও নিকটস্থ মাঠে ও রাস্তার উপর প্রায়ই ছাড়া থাকে, আর নিকট দিয়া লোক গেলেই তাড়া করে। অনুমান ৩ সপ্তাহ পূর্ব্বে স্থানীয় শ্রীযুক্ত কৃষ্ণপ্রসাদ কুণ্ডু, দ্বারকানাথ প্রামাণিক, জ্যোতি প্রসাদ সান্ন্যাল প্রভৃতিকে তাড়া করে, তাঁহারা দৌড়িয়া রক্ষা পান। দ্বারিক বাবু গবর্ণমেণ্টের মনোনীত[2] এক জন কমিশনার, তিনি এ ঘটনার পরদিনই মহিষ সম্বন্ধে সভাপতি মহাশয়ের বরাবর এক রিপোর্ট লিখিয়া স্বয়ং আফিসে দিতে যান, সভাপতি মহাশয় অনুপস্থিত থাকায় ভাইস-সভাপতি মহাশয়ের হস্তে দেন, হুকুম কি হয় জানি না। আজ ৩।৪ দিন হইল গোপাল ও মেছের সেখকে উক্ত মহিষ জখম করিয়াছে, গোপালের জখম কিছু বেশী, কেহ কেহ বলিতেছেন হয় তো গোপাল মারা যাইবে।[3] কমিশনার দ্বারিক বাবুর রিপোর্ট পাইয়া মহিষটা আটক রাখা মিউনিসিপালিটীর কর্ত্তৃপক্ষের উচিত ছিল, তাহা হইলে এই দুর্ঘটনা হইত না। মহিষটাকে এখন গাড়ী টানিতে হয় না, মেথররাই বাঁকে করিয়া[4] ময়লা মাঠে লইয়া পুতিয়া ফেলে।

[1] Mad buffalo.

[2] Nominated (*manas-nītā*).

[3] Observe the use of the passive with Gopal in the nominative. Note the difference of meaning if the expression গোপালকে মারা যাইবে were used.

[4] Carrying on the *bānks*; *bāṅk* or *bānk* is a split bamboo carried horizontally on the shoulder from either ends of which loads to be carried are hung.

সুনামগঞ্জের জলপ্লাবন।

The floods in Sunamganj.

গত জলপ্লাবনে সুনামগঞ্জের এলাকাধীন অনেক গ্রামের প্রজাগণের অত্যন্ত ক্ষতি করিয়াছে। এমন কি কাহারও কাহারও পরিধানের ধুতিখানা পর্য্যন্ত ছিল না। বৃক্ষের উপর আরোহণ করিয়া অতি কষ্টে জীবন রক্ষা করিয়াছে। দয়াবান্ গবর্ণমেন্ট উক্ত সময় হইতে সাহায্য না করিলে অনেকের প্রাণ রক্ষা করা কঠিন হইত। সুনামগঞ্জের সবডিভিসনেল অফিসার রায় অভয় শঙ্কর গুহ বাহাদুর মহোদয় অক্লান্ত পরিশ্রমে বন্যাপ্লাবিত প্রত্যেক গ্রামে, প্রত্যেক বাড়ীতে যাইয়া প্রজাগণের সাহায্য করিতেছেন। অপর ময়মনসিংহ গৌরীপুরের জমিদার শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরীর ষ্টেট হইতেও প্রজাগণের কষ্ট দূর করার জন্য যথেষ্ট সাহায্য হইতেছে।

থানা আক্রমণ ও দাঙ্গা হাঙ্গামার মোকদ্দমা।

The case of the beseiged police-station and rioting.

বাগবাটী, সিরাজগঞ্জ।

Bagbati, Serajganj.

এই গ্রামে হাটের পুলিসের সহিত হাঙ্গামা ও থানা আক্রমণের মোকদ্দমার ১ম তদন্ত শেষ হইয়া গিয়াছে। এই গ্রাম এবং ৪। ৫ খানি পার্শ্বস্থ গ্রামের প্রায় ২০ জন আসামীর নামে এথাকার[1] সব-ইনেস্পেক্টার রিপোর্ট করেন। তদনুযায়ী সিরাজগঞ্জের ডেপুটী পুলিস সুপারিন্টেণ্ডেন্ট, ইনস্পেক্টার ও সিনিয়ার[2] সব-ইনস্পেক্টার তদন্তে আসিয়া প্রমাণ প্রয়োগ লইয়া আপাততঃ ৭ জন আসামীর নামে মোকদ্দমা রুজু[3] করিয়াছেন; বক্রী[4] আসামী উপযুক্ত প্রমাণাভাবে[5] আপাততঃ জামিনে খালাস আছে। উপস্থিত ৭ জন আসামীর মধ্যে ১। আণ্ডরদি সেখ সাং হরিণা, ২। নফর সেখ সাং চলচোপ; ৩। লস্কর সেখ সাং হরিণা, ৪। ধোনা খুলু সাং দত্তবাড়ী গ্রেপ্তার হইয়া জামিনে খালাস আছে। বক্রী ৫। আক্ষেপ মল্লিক সাং কাণ্গাড়ী, ৬। পণ্ডিতা খুলু সাং দত্তবাড়ী, ৭। রহিমুদ্দিন খুলু সাং দত্তবাড়ী এখন পর্য্যন্ত ফেরার[6] হইয়া

[1] *Ethā-kār* : of this place.
[2] E. senior.
[3] Beginning. A. *raju'a*.
[4] *Vakri* : remainder. Commonly written as বাকী।
[5] *Pramāna-abhāve* : for want of proof.
[6] Absconded.

আছে : পুলিশ বহু চেষ্টা করিয়াও তাহাদিগকে গ্রেপ্তার করিতে পারিতেছে না। আগামী ১৬ই জুলাই সিরাজগঞ্জের সব-ডিবসনাল অফিসারের নিকট এই মোকদ্দমার বিচার আরম্ভ হইবে। প্রায় ২০। ২৫ জন সাক্ষিশ্রেণীভুক্ত[1] হইয়াছে। তন্মধ্যে স্থানীয় জমীদারদের মধ্যেও ২। ১ জন আছেন। এই মোকদ্দমার তদন্তে জনসাধারণ পুলীসের উৎপীড়ন ও অত্যাচার হইবে এই আশঙ্কায় ভীত হইয়াছিল। সুখের বিষয় পুলিস পক্ষ অতি ধীর ভাবে কোন প্রকার অত্যাচার উৎপীড়ন না করিয়া ইহার তদন্ত শেষ করিয়াছেন। দুঃখের বিষয় কোন কোন গ্রামের কতকগুলি বদমায়েস, মুর্খ লোকদিগকে মোকদ্দমায় অথবা আসামীশ্রেণীতে নাম ভুক্ত করিবার ভয় দেখাইয়া তাহাদের নিকট হইতে পয়সা উপার্জ্জন করিতেছে ; এখন পর্য্যন্তও ইহার জের[2] মিটে নাই ;[3] কতকালে যে মিটিবে বলিতেও পারি না। খুব সম্ভব মোকদ্দমার বিচার কালে অনেক কথা প্রকাশ পাইবে।

[1] *S'reṇī-bhukta* : classified ; enlisted ; included in the list of.
[2] End ; completion.
[3] Has not subsided.

ময়মনসিংহ ডিষ্ট্রীক্ট বোর্ডের অপব্যয়।

The waste in the Mymensingh District Board.

ময়মনসিংহ জেলায় ধনবাড়ী একটী গণ্ডগ্রাম[1]। নবাব আলি চৌধুরীর বাড়ী এই গ্রামে। নবাব সাহেব ডিঃ বোর্ডের মেম্বর। ময়মনসিংহ ডিঃ বোর্ডের মেম্বর হইয়া তাঁহার বাটীতে ডাক্তারখানার জন্য ১১ হাজার টাকা ও তাহার মাসিক ব্যয় আদায় করিয়াছেন। ধনবাড়ীতে ডিঃ বোর্ডের সাহায্যকৃত একটী মধ্য ইংস্কুল[2] ও মিডূল মাদ্রাসা, ৩টী বড় রাস্তা বোর্ডের টাকায় তৈয়ার করাইয়াছেন। ধনবাড়ী হইতে আম্বারিয়া ১॥ মাইলের বেশী দুর নহে। আম্বারিয়াতে শ্রীযুক্ত বাবু হেমচন্দ্র চৌধুরী জমিদার মহাশয়ের বড় একটী দাতব্য চিকিৎসালয় বহুকাল হইতে চলিতেছে। ঐ এক ডাক্তারখানাই ঐ অঞ্চলের লোকের পক্ষে যথেষ্ট। যদি ধনবাড়ীতে ডাক্তারখানার একান্ত প্রয়োজন ছিল, তাহা নবাব সাহেব নিজ ব্যয়ে না করিয়া জেলাবোর্ডের টাকায় করিলেন কেন ? আমরা শুনিয়াছি, নবাব সাহেব ধনবাড়ীর উন্নতির জন্য সর্ব্বপ্রকারে ডিঃ বোর্ড হইতে নিতান্ত কম পক্ষে[3] ৩০। ৩২ হাজার টাকা লইয়াছেন। এই টাকা ডিঃ বোর্ডের দেওয়ার কি অধিকার ছিল জনসাধারণ

[1] Large village ; "Dwelled" village.
[2] Middle English School.
[3] At the very smallest estimate.

তাহা জানিতে অবশ্যই অধিকারী।[1] ময়মনসিংহের ডিঃ বোর্ড কেন নবাব সাহেবকে তাঁহার ব্যক্তিগত[2] প্রয়োজনে ও সুবিধার জন্য এতগুলি টাকা দিয়াছেন, গবর্ণমেণ্ট অবিলম্বে তাহার উত্তর দিয়া জনসাধারণকে আশ্বস্ত করুন।

শুনিলাম, ধনবাড়ীর ব্রাঞ্চ পোঃ আঃ টী[3] পোষ্ট ও টেলিগ্রাফ আফিস হইবে। আম্বারিয়ার সব পোষ্ট আফিস ব্রাঞ্চ করা হইয়াছে। এখন নাকি তাহাও তুলিয়া দিবার ষড়যন্ত্র[4] হইতেছে। পূর্ব্বে ধনবাড়ী আম্বারিয়া পোঃ আঃ এলাকা ছিল। আজ ৮।১০ বৎসর হইল, নবাব সাহেবের বহু উদ্যোগে ধনবাড়ীতে ব্রাঞ্চ পোঃ আঃ হয়। তাহাই এখন আবার পোষ্ট ও টেলিগ্রাফ আফিস হইতে চলিল।[5] আর আম্বারিয়ার সব পোঃ আঃ ব্রাঞ্চ আফিস হইয়াও তাহার নিস্তার হইতেছে না।

বশংবদ[6]।
শ্রীউমেশচন্দ্র দেব।

[1] Certainly have a right.
[2] *Vyakti-gata :* 'individual-gone,' with reference to some single person ; personal.
[3] *Post-āphis :* E. post-office.
[4] Conspiracy.
[5] Is by way of becoming.
[6] *Vaśam-vada :* obedient to the will of ; " yours obediently."

স্বাস্থ্য সংবাদ।

Health notes.

কোষ্ঠবদ্ধতা[1]

Costiveness.

বড় লোকেরাই কোষ্ঠবদ্ধ রোগে ক্লেশ পান, গরীবদের মধ্যে এরোগ বেশী দেখা যায় না। বড় লোকেরা অলস, নিয়মিত সময়ে প্রাতঃকৃত্য সমাধা[2] করাও ক্লেশকর মনে করেন। যাহারা প্রতিদিন নিদ্রা হইতে উঠিয়া প্রাতঃকৃত্য করে না, তাহারা কোষ্ঠবদ্ধ জনিত রোগগ্রস্ত হইয়া থাকে। কোষ্ঠবদ্ধ রোগের আর এক প্রধান কারণ এই যে ধনীরা যাহা পুষ্টিকর নয়, এমন জিনিস খাননা, কিন্তু গরীবেরা শাক ডাঁটা[3] এমন অনেক জিনিস খায়, যাহা তেমন পুষ্টিকর নয়, কিন্তু উদর পরিষ্কারে বিশেষ সহায়তা করে। আজকাল অনেকে শ্বেতসার[4] ও চিনিজাতীয়[5] দ্রব্যের পরিবর্ত্তে ডিম ও ময়দা

[1] *Koṣṭha-baddha :* 'viscera-bound ;' costiveness ; constipation.
[2] Performing matutinal functions.
[3] Stems of vegetable.
[4] Starch.
[5] Saccharine.

জাতীয় জিনিস অধিক ব্যবহার করিতেছেন, ইহাতে অম্ল[1] উৎপাদনে ব্যাঘাত হইতেছে এবং কোষ্ঠবদ্ধ রোগ জন্মিতেছে।

[1] Acid.

দন্ত।

The teeth.

কথা বলা, বিশেষতঃ খাদ্য বস্তু চর্ব্বণ করার জন্যই দন্তের আবশ্যক। খাদ্যবস্তু দন্ত দ্বারা ভাল করিয়া পেষণ না করিলে অজীর্ণ রোগ[1] উপস্থিত হয়। দন্ত দ্বারা আহার দ্রব্য চর্ব্বণ করিতে সময় লাগে, অনেকে সে সময় টুকু দিতে অবহেলা করিয়া চিরজীবন রোগযাতনা ভোগ করে। অতএব জীবনকে যদি দুঃখময় করিতে ইচ্ছা না থাকে, প্রতিদিন আহার্য্য বস্তু ভাল করিয়া চর্ব্বণ করিও।

দাঁত পরিষ্কার করিবার জন্য অনেকে টুথব্রস[2] ব্যবহার করেন। কিন্তু খাদ্য সামগ্রী যদি ভাল করিয়া চর্ব্বণ করা যায়, তবে এত লালা[3] বহির্গত হয় যে দাঁতের মধ্যে কোন দ্রব্য লাগিয়া থাকিতে পারে না. লালাতেই দাঁত পরিষ্কার হইয়া যায়।

অনেকে ব্রস ব্যবহার করেন, কিন্তু সতর্ক হইয়া ব্রস ব্যবহার না করিলে দাঁতের গোড়া ক্রমে ক্ষয় হইয়া যায়। ব্রসের পরিবর্ত্তে সুকোমল দাঁতন[4] ব্যবহার করা ভাল। ব্রস হাজার পরিষ্কার কর, সম্পূর্ণ রূপে পরিষ্কার করিয়া জীবাণু[5]-মুক্ত করা যায় না। ঐ জীবাণু হইতে নানা রোগ হয়। অতএব নিম,[6] সেওরা[7] প্রভৃতির দাঁতন ব্যবহার করা কর্ত্তব্য।

[1] Indigestion.
[2] E. tooth-brush.
[3] Saliva.
[4] A twig used as a tooth-cleaner.
[5] *Jīva-anu* : microbes.
[6] *Nim* or *nimba* (*melia azadirachta*): a tree whose medicinal properties are much esteemed.
[7] *Trophis aspera.*

তামাক।

Tobacco.

অনেকে মনে করেন তামাক খাইলে বুদ্ধি খেলে ভাল।[1] তামাকে তাম্রকূট[2] বিষ বিদ্যমান.[3] তামাকে কার্ব্বলিক এসিড,[4] এমনিয়া[5] বর্ত্তমান। যাহারা ঘরের বাহিরে কর্ম্ম করে, তামাকের বিষ শীঘ্র তাহাদের

[1] The mind works easily.
[2] Nicotine.
[3] Existent.
[4] Carbolic acid.
[5] Ammonia.

দেহ নষ্ট করিতে পারে না, কিন্তু যাহারা ঘরে বসিয়া মস্তিষ্ক চালনা করে,[1] তাহাদের অজীর্ণ, অনিদ্রা হৃৎকম্পন,[2] দুর্ব্বলতা প্রভৃতি রোগ উপস্থিত হয়। তামাকখোরদের সন্তানেরা স্নায়ুদৌর্ব্বল্য[3] রোগাক্রান্ত হইয়া থাকে। তামাকে দেহের উপকার হইতে পারে, এমন কোন সারবস্তু[4] নাই।

বালক ও যুবকেরা যদি তামাক খায়, তবে তাহাদের শরীর ও মনের বিকাশে[5] বিঘ্ন উপস্থিত হয়।

[1] Work their brains.
[2] Palpitation of the heart.
[3] *Snāyu-daur-balya* : nerve-weakness ; neurasthenia.
[4] *Sār-vastu* : substantial thing.
[5] Expansion.

চিকিৎসা সংবাদ।

Medical news.

মেওরাল ও জিমিনেজ নামক দুই জন ইউরোপীয় ডাক্তার আশ্চর্য্য পরীক্ষায় প্রবৃত্ত হইয়াছেন। কোন নারী সসত্ত্বা[1] কি না, তাহা তাঁহার রক্ত পরীক্ষা করিয়া নির্দ্ধারণ করিতে আরম্ভ করিয়াছেন। তাঁহারা ইহা অপেক্ষাও অধিকতর আশ্চর্য্য কার্য্যে নিযুক্ত হইয়াছেন। কোন সসত্ত্বা নারী সতী কি অসতী[2] তাহারও পরীক্ষা করিতেছেন। স্বামীর রক্ত লইয়া নারীর দেহে প্রবিষ্ট করিয়া দেওয়া হইতেছে। যদি ৬ ঘণ্টার মধ্যে ক্ষতস্থানে বেদনা হয়, তবে নারীকে সতী মনে করা হয়; যদি বেদনা না হয়, তবে তাহার স্বামী গর্ভস্থ ভ্রূণের[3] পিতা নয় এই নির্দ্ধারণ করা হইতেছে। এই পরীক্ষা এখনও শেষ হয় নাই। বহু পরীক্ষার পর প্রকৃত সিদ্ধান্ত ঘোষণা করা হইবে।

[1] Pregnant.
[2] Chaste or unchaste.
[3] Fœtus.

বিবিধ সংবাদ।

Various news.

পিঁপড়ার[1] হাত হইতে গাছ রক্ষা করা দায়। সম্প্রতি পরীক্ষা করিয়া দেখা গিয়াছে, মাটি হইতে ১ ফুট উপরে গাছের চারিদিকে "ফ্লাই পেপার"[2] জড়াইয়া দিলে পিঁপড়া আর গাছের উপর চড়িতে পারে না। গাছের গাত্র প্রায়ই অসমান থাকে। ফ্লাই পেপারের কাগজের তলা দিয়া পিপিলিকা

[1] *Pipīlikā* : ant.
[2] E. fly-paper.

যাহাতে যাইতে না পারে তজ্জন্য কাগজের তলায় অসমান স্থানগুলি তুলা দিয়া ঢাকিয়া দেওয়া উচিত।

নানাদেশের কতিপয় বিমানবিহারী[1] পুষ্পক রথে[2] চড়িয়া লণ্ডন হইতে প্যারিস এবং প্যারিস হইতে লণ্ডন পর্য্যন্ত যাতায়াতের জন্য বাজি রাখিয়াছিলেন। লর্ড কারবারী[3] নামক একজন ইংরেজ সমুদ্রে পতিত হইয়া প্রাণ হারাইবার উপক্রম করিয়াছিলেন। একখানি ষ্টীমার তাঁহাকে সমুদ্রগর্ভ হইতে তুলিয়া লইয়াছিল। ব্রক নামক একজন আমেরিকান ৭ ঘণ্টা ৩ মিনিট ও ৬ সেকেণ্ডে লণ্ডন হইতে প্যারিস এবং প্যারিস হইতে লণ্ডনে পঁহুছিয়া জয়লাভ করিয়াছেন। তাঁহার পুষ্পক রথ ঘণ্টায় ৭১ মাইল গিয়াছিল।

লণ্ডন হইতে মানচেষ্টার এবং মানচেষ্টার হইতে লণ্ডন পর্য্যন্ত যাহার পুষ্পক রথ সর্ব্বাগ্রে পৌঁছিবে, সে ৯,৭৫০ টাকা পুরস্কার পাইবে, এইরূপ ঘোষণা করাতে ১৪ জন পুষ্পক রথ লইয়া উপস্থিত হয়, কিন্তু কেবল মাত্র ৮ জন আকাশে উড়িতে সমর্থ হইয়াছিলেন। ইহার মধ্যে ৪ জন মাত্র মানচেষ্টার পৌঁছিতে সমর্থ হন। প্রত্যাবর্ত্তন কালে ১ জন মানচেষ্টারে থাকিয়া যান, ৩ জন যাত্রা করেন। তন্মধ্যে আমেরিকার মিঃ ব্রক ৪ ঘণ্টা ৪২ মিনিট ২৬ সেকেণ্ডে যাতায়াত সম্পন্ন করেন। তিনি ঘণ্টায় ১০০ মাইল পথ অতিক্রম করিয়া প্রথম পুরস্কার পাইয়াছেন।

বাহম নামক একজন বিমানবিহারী তাঁহার পুষ্পক রথ সহ ২৪ ঘণ্টা ১২ মিনিট কাল আকাশে উড়িয়াছিলেন। ইতঃপুর্ব্বে এত দীর্ঘকাল আর কেহ উড়িতে পারেন নাই।

[1] *Vimān-vihāri* : aerial charioteers ; airmen.
[2] *Puṣpak rath* : the flying chariot of the God Kuvera ; aeroplane.
[3] Lord Carbery.

পল্লী সংবাদ।

Rural intelligence.

বেজেরহাটি, ঢাকা।

Bejerhati, Dacca.

বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসে রৌদ্রের অত্যন্ত প্রখর তেজ হইয়াছিল। আষাঢ়ের প্রায় প্রথম সপ্তাহ হইতেই খাল বিলের জল অধিক পরিমাণে কমিতে আরম্ভ করিয়াছে। সম্প্রতি সামান্য বৃষ্টি হইতেছে কিন্তু জল কমা বন্ধ হইতেছে না। বিলা জমির ধান ও পাট শুকাইয়া যাইতেছে। বিক্রমপুর এবং তাহার চতুষ্পার্শ্ব পাটময়[1]। ধানের চাষ অতি কম। পাট প্রচুর

[1] Filled with jute.

হইয়াছে। খালের ও নদীর কিনারায় পাট বেশ হৃষ্টপুষ্ট ও লম্বা। জল কমায় ও পাটপচা জলের দরুণ স্থানে স্থানে মৎস্য মরিতেছে। খাল বিল আশ্বিন কার্ত্তিক মাসের মত দেখা যায়। জ্বরে মাঝে মাঝে লোক মারা যাইতেছে। মাছ তরকারি, ধান ইত্যাদি অধিক মূল্যে বিক্রয় হইতেছে।

শ্রীরাধিকামোহন দত্ত।

হেমনগর, ময়মনসিংহ।

Hemnagar, Mymensingh.

অত্রত্য শশিমুখি উচ্চ ইংরাজী স্কুল হইতে গত ম্যাট্রিকুলেশন পরীক্ষায় প্রথম বিভাগে ৪ জন ও ২য় বিভাগে ২ জন মোট ৮ জন পাশ হইয়াছে। মোটের উপর ফল মন্দ হয় নাই। গত বর্ষে এই স্কুলের ২টি ছাত্র বৃত্তি[1] পাইয়াছিল।

এখানকার জমিদার শ্রীযুক্ত হেমচন্দ্র চৌধুরী মহাশয়ের ২য় পুত্র এবার আনন্দমোহন কলেজ হইতে আই, এ পাশ করিয়াছেন। প্রথম পুত্র শ্রীযুক্ত হেরম্বচন্দ্র চৌধুরী মহাশয় ৯।১০ বৎসর পুর্ব্বে ২য় শ্রেণী হইতে পড়া ছাড়িয়া বিষয়কর্ম্মে[2] প্রবৃত্ত হইয়াছিলেন। এবার হেরম্ব বাবু সাধারণের অজ্ঞাতে প্রাইভেট পরীক্ষা দিয়া ম্যাট্রিকুলেশন পাশ করিয়াছেন। তাঁহার অধ্যবসায়[3] দেখিয়া আশ্চর্য্যান্বিত হইয়াছি।

এবার ম্যালেরিয়া জ্বরে উত্তর টাঙ্গাইল ধ্বংস হইতে বসিয়াছে[4]। অত্রত্য হরদুর্গা দাতব্য ডাক্তারখানায় বৈশাখ জ্যৈষ্ঠ দুই মাসে ৬।৭ শত রোগী চিকিৎসার্থ আসিয়াছে। প্রতি গ্রামে ঘরে ঘরে জ্বর, বহু লোক অচিকিৎসায় ও হাতুড়ে[5] ডাক্তারের হাতে প্রাণত্যাগ করিতেছে। গবর্ণমেণ্ট শীঘ্র কতকগুলি ডাক্তার গ্রামে গ্রামে প্রেরণের ব্যবস্থা করিয়া দরিদ্র কৃষককুলকে রক্ষা করুন।

[1] Scholarships.
[2] Business.
[3] *Adhi-avasāy* : perseverance.
[4] Is setting about to be devastated ; is in a fair way to be devastated.
[5] For *hatudiyā* : a quack-doctor ; one whose only instrument is a *hatudi*, mallet.

বিদেশী সংবাদ।

Foreign intelligence.

অষ্ট্রীয়ার যুবরাজ ও তাঁহার পত্নীর হত্যাতে অষ্ট্রীয়া জর্ম্মণী ও ইটালীর সহিত পরামর্শ করিয়া সার্ব্বিয়ার সীমায় বহু সৈন্য একত্র করিয়াছেন। ইংলণ্ড,

ফ্রান্স ও রুষিয়া এই কার্য্যে অষ্ট্রীয়ার বিরুদ্ধাচরণ করিবেন না[1]। সার্ব্বগণ সমস্ত দেশের স্বজাতিদিগকে এক প্রাণ করিয়া জগতে আপনাদিগকে শক্তি-শালী করিবার জন্য চেষ্টা করিতেছেন। সার্ব্বিয়ার রাজধানী বেলগ্রেড নগরের শত শত লোক এই কার্য্যে জীবন মন উৎসর্গ করিয়াছেন, ইহাদের উৎসাহ খর্ব্ব করিবার জন্য অষ্ট্রীয়া সৈন্য সংগ্রহ করিতেছেন।

রাজা জর্জ্জ ও রাণী মেরী গত রবিবার এডিনবরার গির্জায় যাইতে-ছিলেন। এক নারী একটা রবারের বল[2] তাঁহাদের দিকে নিক্ষেপ করিয়া-ছিলেন। বলটা রাণীর ক্রোড়ে পতিত হইয়াছিল। বলে এই কথা লেখা ছিল, নারীদিগকে যেন যাতনা না দেওয়া হয়।

[1] *Vi-ruddha-ācaran :* will raise no opposition.
[2] E. rubber ball.

দশের কথা।

Talk about people.

ভারত গবর্ণমেণ্টের শিক্ষা বিভাগের জয়েণ্ট সেক্রেটারী মিঃ সার্প ইংলণ্ড হইতে প্রত্যাগমন করিয়া স্বীয় কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

বঙ্গের গবর্ণর আগামী ২২এ জুলাই বুধবার ঢাকা হইতে যাত্রা করিয়া পরদিন প্রাতে কলিকাতায় পঁহুছিবেন। বৃহস্পতি, শুক্র ও শনিবার কলি-কাতা অবস্থান করিয়া শনিবার রাত্রিতে কলিকাতা হইতে ঢাকা অভিমুখে যাত্রা করিবেন। গবর্ণর দার্জ্জিলিং গমন করুন কি ঢাকা বাস করুন, প্রতি মাসে একবার কলিকাতা না আসিয়া থাকিতে পারেন না।

বেরনেস বার্থা বন স্থটনার[1] অষ্ট্রীয়ার একজন সুপ্রসিদ্ধা নারী ছিলেন। ৩ সপ্তাহ হইল, ৭০ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হইয়াছে। ইনি "অস্ত্র ত্যাগ কর" নামক প্রসিদ্ধ গ্রন্থের লেখিকা। এই গ্রন্থ পাঠ করিয়া রুসিয়ার সম্রাট ইউরোপের রাজাদিগকে "শান্তিসভা" সংস্থাপন করিতে নিমন্ত্রণ করিয়াছিলেন। এই মহিলা শান্তি স্থাপনের জন্য চিরজীবন চেষ্টা করিয়া গিয়াছেন, এই মহৎ কার্য্যের জন্য তাঁহাকে নোবেল প্রাইজ[2] প্রদান করা হইয়াছিল।

১৬ সংখ্যক রাজপুত পল্টনের কাপ্তান ও, সি, পুলি স্বাধীন ত্রিপুরার[3] পলিটিকেল এজেণ্ট নিযুক্ত হইয়াছেন।

[1] Baroness Bertha von Suttner, born at Prague in 1843. She was at one time Secretary to Alfred Nobel and secured the Nobel prize of £ 5,000 in 1905. She is the daughter of Field Marshal Count Franz Kinsky.
[2] E. Nobel prize.
[3] Independent Tippera.

মিঃ মজহরুল হক ইংলণ্ড হইতে কনষ্টাণ্টিনোপল দর্শন করিতে গিয়াছিলেন। তথা হইতে বাঁকিপুর প্রত্যাগমন করিয়াছেন।

রাজসাহীর প্রসিদ্ধ উকীল বাবু ভুবন মোহন মৈত্র পরলোক গমন করিয়াছেন। ইনি নানা সৎকার্য্যের সহায় ছিলেন।

প্রেরিত পত্র।

Correspondence.

নোয়াখালী।

Noakhali.

নোয়াখালী জিলাকে[1] কোথায় স্থানান্তরিত করা হইবে তাহা লইয়া এক বৎসর পর্য্যন্ত নানা কল্পনা, জল্পনা চলিতেছে। কুমিল্লার কালেক্টার সাহেবের মতে বন্দীপুর নোয়াখালীর অন্তর্গত করিয়া ফেণী কুমিল্লা জিলার অন্তর্ভুক্ত করা কর্ত্তব্য। এ রকম পরিবর্ত্তনে নোয়াখালী বন্দীপুরের মত একটী বাণিজ্যপ্রধান স্থান ও ফেণী কুমিল্লার মত একটী স্বাস্থ্যকর স্থান প্রাপ্ত হইবে।

ফেণীর কয়েক জন লোক নোয়াখালী জিলাকে ফেণীতে নেওয়ার জন্য লাট সাহেব বাহাদুর সমীপে আবেদন করিয়াছেন। ফেণী নোয়াখালীর পূর্ব্ব-দক্ষিণ প্রান্তে অবস্থিত। ফেণী নদী পার্ব্বত্য ত্রিপুরার পাহাড় হইতে প্রবাহিত হইয়া চট্টগ্রাম ও নোয়াখালী জিলাকে বিভক্ত[2] করিয়াছে। নোয়াখালী জিলাকে ফেণীতে স্থানান্তর করা হইলে দুই আনা লোকের সুবিধা হইতে পারে বটে, কিন্তু চৌদ্দ আনা লোকের অসুবিধা হইবে. আমাদের মতে নোয়াখালীর মধ্যস্থলে লক্ষ্মীপুর জিলা স্থানান্তরিত হইলে কাহারও আপত্তির কোনও কারণ থাকে না। আমরা আশা করি গবর্ণমেণ্ট জনসাধারণের মত লইয়া এই বিষয়ে মীমাংসা করিবেন।

বিনীত—
শ্রীকালীচন্দ্র নাথ,
নোয়াখালী।

[1] *Zillah:* district; used here for "district headquarters."
[2] Divided.

কলিকাতা।

Calcutta.

ভবানীপুর অঞ্চলের ভদ্রঘরের গরীব বিধবা ও বিকলীকৃত[1] পুরুষদের সাহায্যের জন্য ৺ সার রমেশচন্দ্র মিত্র মহাশয় বহুকাল পূর্ব্বে এক সাহায্য

[1] Crippled.

সমিতি স্থাপন করিয়াছিলেন। গত ৪ঠা জুলাই সার চন্দ্রমাধব ঘোষ মহাশয়ের ভবনে ঐ সমিতির বার্ষিক সভা হইয়াছিল। সার চন্দ্রমাধব ঘোষ সভাপতি ও শ্রীযুক্ত প্রভাসচন্দ্র মিত্র সম্পাদক ও ধনরক্ষক[1] নিযুক্ত হইয়াছেন।

[1] *Dhan-rakṣak :* treasurer.

বরিশাল সেবা সমিতি।

The Barisal League of Service.

বরিশাল সেবা সমিতি কর্তৃক ১৯১৪-১৫ সালের জন্য কলিকাতার কলেজের বরিশালনিবাসী ১১টি ছাত্রকে মাসিক ২১ টাকা ও এককালীন[1] ৩২ টাকা সাহায্য করা হইয়াছে।

[1] At one time ; in a lump sum.

পুলিসের সার্টিফিকেট চাই।

A police certificate required.

সিন্ধু গেজেট লিখিয়াছেন, "পুলিসের সার্টিফিকেট ভিন্ন কেহ আর কেরাণীর কর্ম্মে নিযুক্ত হইতে পারে না।" কেরাণী কেন, হাইকোর্টের জজ নিয়োগের[1] সময়েও পুলিস-রিপোর্ট দরকার হইয়া থাকে।

[1] *Ni-yog :* in-joining ; appointment.

কুলি হত্যার মোকদ্দমা।

The coolie murder case.

শ্রীহট্টের অন্তর্গত দলুগ্রাম চা-বাগানের মিঃ হডসন নামক এক চা-কর ফোঁদ নামক এক কুলী বধের মোকদ্দমায় অভিযুক্ত হইয়াছিলেন। ডেপুটী কমিশনারের বিচারে আসামীর ৫০০ টাকা জরিমানা হইয়াছে।

গৈলা ছাত্র সাহায্য ভাণ্ডার।

The Gailā Fund for helping students.

বরিশাল জেলান্তর্গত গৈলা গ্রামের দুঃস্থ[1] ছাত্রগণের সাহায্যার্থ কলিকাতায় একটি ফণ্ড আছে ; এই ফণ্ড হইতে ১৯১৪-১৫ সালের জন্য ৯টি

[1] *Dur-stha :* ill-situated ; badly off. Not to be confounded with *duṣṭa.*

ছাত্রকে মাসিক ৩৭ টাকা নিয়মিত সাহায্য ও ৫২ টাকা এককালীন সাহায্য করা হইয়াছে।

বর্ষার অবস্থা।

The state of the rains.

বর্ত্তমান বর্ষে ব্রহ্মপুত্রের জল অতি কম হইয়াছে। গত বৎসর ১৮ই জুলাই তারিখে গোয়ালন্দে সমুদ্রের সমতল হইতে[1] জলের উচ্চতা ২১ ইঞ্চ হইয়াছিল. বর্ত্তমান বর্ষে ঐ তারিখে ১৮।২০ ইঞ্চ মাত্র হইয়াছে। ঢাকাতে নদীর জল গত বৎসর অপেক্ষা প্রায় ৪ ইঞ্চ কম। যদি শীঘ্র জল না বাড়ে, তবে পূর্ব্ববঙ্গের অবস্থা অতি শোচনীয় হইবে।

[1] Above sea-level.

মহৎ লোকের প্রস্থান

The departure of a great man.

রাজসাহীর সকল সৎকর্ম্মের প্রাণস্বরূপ রাজকুমার সরকার মহাশয় গত ১লা শ্রাবণ ইহলোক হইতে প্রস্থান করিয়াছেন। তাঁহারই বিশেষ চেষ্টায় ১২৭৮ সালে রাজসাহী সভা প্রতিষ্ঠিত হইয়াছিল। দেশের সর্ব্বপ্রকার দুর্গতি দূর করিবার জন্য তিনি চিরজীবন নিজ শক্তি নিয়োগ করিয়াছিলেন। রাজসাহীর কোন ভদ্রলোক লিখিয়াছেন ঃ—

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর[1] যখন অদম্য উৎসাহে[2] ব্রহ্ম নাম প্রচার করিতে প্রবৃত্ত হইয়া রাজসাহী গমন করেন, তখন রাজকুমার বাবু নব্য যুবক, রাজসাহী ব্রহ্মমন্দির স্থাপনে যাঁহারা মহর্ষিকে সহায়তা করিয়াছিলেন রাজকুমার বাবু তাঁহাদের অন্যতম[3]। তিনি রাজসাহী ব্রহ্মমন্দিরের একজন ট্রাষ্টীও ছিলেন, তাঁহার পরলোকগমনে রাজসাহীবাসী বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছেন।

[1] Maharṣi Devendranāth Tagore was the father of the poet, Ravīndranāth Tagore.
[2] With invincible energy.
[3] *Anyatama :* was one amongst.

কি ভীষণ পরিণাম।

A terrible ending.

সেনহাটী গ্রামনিবাসী হীরালাল সেনের প্রথমা পত্নী সুখদা আত্মহত্যা করিবার পূর্ব্বে যে পত্র লিখিয়াছিলেন, সেই পত্র পাঠ করিয়া হীরালাল

আত্মগ্লানিতে[1] এমন দগ্ধ হইয়াছিলেন যে, আত্মহত্যা করিয়া সকল যাতনার নির্ব্বাণ করিয়াছেন। হীরালালের মধ্যে অনেক সদ্‌গুণ ছিল। পরের সেবা করিয়া তিনি আনন্দ পাইতেন, কিন্তু এক দোষে তাঁহার জীবন অকালে শেষ হইল।

[1] Self-reproach.

লর্ড কার্জ্জন ও বাবু ভূপেন্দ্রনাথ বসু।

Lord Curzon and Babu Bhūpendranāth Vasu.

লর্ড কার্জ্জন ইণ্ডিয়া কাউন্সিল বিল দ্বিতীয় বার পাঠের সময় তাহা বর্জ্জন করিবার প্রস্তাব করিয়াছিলেন। লর্ড কার্জ্জন যাহাতে আর তাহার বিরুদ্ধাচরণ[1] না করেন তদর্থে বাবু ভূপেন্দ্রনাথ বসু তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। যেদিন বিল পরিত্যক্ত হয়, সেদিন লর্ড কার্জ্জন কোন কথা বলেন নাই। ভূপেন্দ্র বাবুর সহিত তাঁহার কি কথা হইয়াছিল, তাহা জানিতে অনেকেই উৎসুক হইয়াছেন।

[1] *Viruddha-ācaran :* opposite-behaviour ; opposing.

বিধবার আত্মহত্যা।

Suicide of a widow.

হুগলীর কোন সম্ভ্রান্ত ঘরের এক বিধবা তাঁহার ভাইয়ের আশ্রয়ে ছিলেন। ভাইয়ের স্ত্রী তাঁহাকে গৃহ কর্ম্ম লইয়া গঞ্জনা দিতেন। বিধবা সে লাঞ্ছনা সহিতে না পারিয়া রন্ধনশালায় গমনপূর্ব্বক কেরোসিন ও আগুনের সাহায্যে সকল যন্ত্রণা নির্ব্বাণ করিয়াছেন। এই বিধবার যদি অন্য কোন গতি[1] থাকিত, তবে কি তিনি আত্মহত্যা করিতেন? বিধবাগণ যাহাতে আপনার শক্তির উপর নির্ভর করিয়া গ্রাসাচ্ছাদন[2] নির্ব্বাহ করিতে পারেন, তাহার উপায় করা একান্ত প্রয়োজন।

[1] Resource.
[2] *Grās-ācchādan :* food and clothing.

বৃহৎ আয়োজন।

A huge arrangement.

কলিকাতা ছোট আদালতের প্যাদা মিঃ মেরিডিথ ডিক্রীজারি করিতে যাইয়া শ্রীমতী সঞ্জীবনী দাসী নাম্নী এক ভদ্রলোকের স্ত্রীকে লাথি মারিয়াছিল,

এই অপরাধে কলিকাতার প্রধান ম্যাজিষ্ট্রেটের বিচারে তাহার ৫০ টাকা অর্থদণ্ড হইয়াছে। এই মোকদ্দমায় প্যাদার পক্ষ সমর্থনের জন্য গবর্ণমেণ্ট ৪২ হাজার টাকা ব্যয় করিয়াছিলেন। ব্যবস্থাপক সভার গত অধিবেশনে এই সম্বন্ধে প্রশ্ন করাতে গবর্ণমেণ্ট প্রকাশ করিয়াছেন যে পুলিস আদালতে ২ বার ও হাইকোর্টে মোসনের [1] বিচারে এত টাকা ব্যয় করিতে হইয়াছে।

গত সোমবার এডভোকেট জেনারল, [2] মিঃ পি. এল, রায় ও মিঃ চিপেনডেল এই ব্যবহারাজীবত্রয় [3] জষ্টিস সরফউদ্দীন ও টিউননের [4] এজলাসে [5] অর্থদণ্ড রহিত করাইবার জন্য উপস্থিত হইয়াছিলেন। আগামী শুক্রবার এই মোকদ্দমার শুনানি হইবে।

[1] E. motion.
[2] E. Advocate General.
[3] *Vyavahāra-ājīva :* those who live by the law ; *ei vyavahārājīva-tray :* these three lawyers.
[4] Mr. Justice Teunon, *I.C.S.*
[5] P. *ijlās :* court.

দমনের আয়োজন।

Arrangements for subduing (the Indians in Canada).

গত মঙ্গলবার এই খবর আসিয়াছে যে, কানাডার "রেন বো." [1] নামক যুদ্ধ-জাহাজের [2] নৌসৈন্য [3] সশস্ত্রে কোমাগাটা জাহাজে আরোহণ করিয়া হিন্দুদের দলপতিদিগকে গ্রেপ্তার করিবে এবং তাহাদিগকে লৌহ শৃঙ্খলে [4] আবদ্ধ করিয়া পূর্ব্বদেশগামী [5] কোন জাহাজে উঠাইয়া দিবে। যদি ইহাতেও বিদ্রোহিতা দমিত না হয়, তবে সমস্ত যাত্রীকে যুদ্ধ জাহাজে আনিয়া তাহাদিগকে ক্রমে ক্রমে বিভিন্ন দলে নির্ব্বাসিত [6] করা হইবে।

রাজা জর্জ্জের খুল্লতাত [7] কনটের ডিউক [8] এখন কানাডার গবর্ণর-জেনারল। তিনি হিন্দুদিগকে শান্তিরক্ষা করিতে অনুরোধ করিয়াছেন।

জাপান গবর্ণমেণ্ট এই বল প্রকাশের সংবাদ পাইয়া কানাডার জাপানী দূতকে [9] টেলিগ্রাম করিয়াছেন, যদি কানাডার নৌসৈন্য বলপূর্ব্বক কোমাগাটা

[1] E. "Rain-bow."
[2] Warship.
[3] *Nau-sainya :* marines.
[4] *Lauha-śrṅkhale :* in iron chains.
[5] *Pūrvva-deś-gāmī :* east-country-going ; eastward bound.
[6] Banished ; expelled.
[7] *Khulla-tāta :* younger uncle
[8] Duke of Connaught.
[9] Ambassador.

আক্রমণ করে, তবে অন্তর্জ্জাতিক[1] বিবাদ নিবারণের জন্য জাপানী কর্ম্মচারী ও নাবিকগণ যেন পূর্ব্বেই জাহাজ ছাড়িয়া চলিয়া যায়।

গত সোমবার কোমাগাটা জাহাজ আক্রমণ করার কথা ছিল। কার্য্যতঃ[2] কি হইল, তাহা জানি না।

[1] *Antar-jātik :* international.
[2] In fact.

শ্রীযুক্ত গান্ধির ইংলণ্ড গমন।

Mr. Gandhi's journey to England.

শ্রীযুক্ত মোহনচাঁদ গান্ধি দক্ষিণ আফ্রিকা হইতে ইংলণ্ড যাত্রা করিয়াছেন। যাত্রার পূর্ব্বে নানাস্থানে তাঁহার অভ্যর্থনা[1] হইয়াছিল। গতপূর্ব্ব বুধবার এক ভোজ উপলক্ষে প্রায় ৪০০ লোক একত্র হইয়াছিলেন। কয়েক জন ইউরোপীয়ও নিমন্ত্রণ রক্ষার জন্য তথায় গমন করিয়াছিলেন। মিঃ গান্ধি আহারান্তে সকলকে সম্বোধন করিয়া বলিয়াছেন. "যে ভীষণ বিবাদ আরম্ভ হইয়াছিল, তাহা যেরূপভাবে মিটিয়াছে তাহা কোন পক্ষেরই অগৌরবের[2] কারণ হয় নাই। কিন্তু ভারতবাসীদের যাহা প্রাপ্য ছিল, তাহার সমস্ত তাহারা প্রাপ্ত হয় নাই, সুতরাং বিবাদের চূড়ান্ত মীমাংসা হয় নাই[3]। এখনও ভারতবাসিগণ অনেক ন্যায্য অধিকার[4] হইতে বঞ্চিত হইয়া রহিয়াছে কিন্তু আমি আশার সহিত ভবিষ্যতের দিকে চাহিয়া রহিয়াছি এবং সহৃদয় ইউরোপীয়দিগের সাহায্য এবং পরস্পরের সহকারিতায় প্রীতি ও সৌহার্দ্দ্য সংস্থাপিত হইবে বলিয়া বিশ্বাস করিতেছি।"

আমরা অবগত হইলাম শ্রীযুক্ত গান্ধি ইংলণ্ড হইতে ভারতবর্ষে আগমন করিবেন এবং শ্রীযুক্ত গোখলের "ভারতভৃত্য সমিতি"র সহিত সংযুক্ত হইয়া জন্মভূমির কল্যাণকর কার্য্যে দেহ মন সমর্পণ করিবেন।

[1] Reception.
[2] *A-gaurava :* dis-honour.
[3] The dispute has not been settled finally.
[4] Lawful rights.

ময়মনসিংহে শিক্ষাবিষয়ক মন্ত্রণা সভা।

A meeting at Mymensingh to consult about education.

মিঃ ষ্টেপলটনের উদ্যোগে[1] ময়মনসিংহ জেলার মধ্যশিক্ষার[2] অবস্থা পর্য্যালোচনার জন্য আগামী ১৩ই আগষ্ট এক মন্ত্রণা সভার অধিবেশন হইবে।

[1] By the kind offices of.
[2] *Madhya-sikṣā :* secondary education.

মিঃ ষ্টেপলটন বোধ হয় হাই স্কুলের ছাত্রসংখ্যা হ্রাস, ছাত্রবেতন বৃদ্ধি, শিক্ষকের বেতন বৃদ্ধি, স্কুল গৃহের আয়তন[1] বৃদ্ধি, ছাত্রাবাসযুক্ত[2] বিদ্যালয় স্থাপন প্রভৃতির প্রস্তাব করিবেন। আশা করি মন্ত্রণা সভার সভ্যগণ একবাক্যে[3] এই কথা বলিবেন, আমরা বর্ত্তমান অবস্থায় শিক্ষার বিস্তৃতি চাই, আদর্শের প্রতি তেমন মনোযোগ দিবার সময় আইসে নাই। আমরা গাছতলায় পাঠের ব্যবস্থা করিব, বড় অট্টালিকা করিতে পারিব না. গরীব দেশে ছাত্রবেতন বেশী করিয়া দরিদ্র ছাত্রদের পাঠের ব্যাঘাত করিতে পারিব না। শিক্ষকদের বেতন যথাসাধ্য বৃদ্ধি করিতে হইলে যদি স্কুলের প্রাণনাশের সম্ভাবনা হয়, তবে বেতন বৃদ্ধি করিতে পারিব না। এই সমুদয় স্পষ্ট কথা বলা কর্ত্তব্য।

বেসরকারী[4] স্কুলের ছাত্র ও শিক্ষকদের দুঃখে মিঃ ষ্টেপলটনের হৃদয় বিগলিত হইতেছে, কিন্তু ময়মনসিংহ জেলা স্কুলে পাখার[5] ব্যবস্থা করিতে পারেন নাই। জেলা স্কুলের ছাত্রদের জন্য কি তাঁহার প্রাণ একটু বিগলিত হওয়া উচিত নয়?

তিনি বেসরকারী স্কুলের শিক্ষকদের বেতন বৃদ্ধি করিয়া দিবার জন্য লম্বা ফর্দ্দ[6] বাহির করিয়াছেন। জেলা স্কুলের শিক্ষকদিগকে কি লম্বা বেতন দিয়া থাকেন? মন্ত্রণা সভার সভ্যগণ যেন এই সকল প্রশ্ন জিজ্ঞাসা করেন।

ময়মনসিংহ জেলার সাহায্যকৃত[7] স্কুল সমূহের শিক্ষকগণ কয় মাস পরে সাহায্যের টাকা পান, সে সম্বন্ধেও প্রশ্ন করা উচিত।

[1] Area.
[2] *Chātra-āvās-yukta:* provided with boarding-houses.
[3] With one voice.
[4] Un-official.
[5] Punkah.
[6] List.
[7] Aided.

সৈন্য ও পুলিসে দাঙ্গা।

A row between soldiers and police.

গত শুক্রবার রয়াল আইরিশ[1] সৈন্যদলের খেলোয়াড়দের সঙ্গে ইষ্ট ইয়র্ক[2] সৈন্য দলের খেলোয়াড়দের ফুটবল খেলা হইয়াছিল। ইষ্ট ইয়র্ক হারিয়া যায়, তাহাদের ৪ জন রাত্রি ১১টার সময় এসপ্লানেড রোডের[3] প্যালেস হোটেলের[4] সম্মুখে উপস্থিত হইয়া দরজার সম্মুখে ফুলের টব নিক্ষেপ করে,

[1] Royal Irish Regiment.
[2] East York Regiment.
[3] E. Esplanade Road.
[4] Palace Hotel.

কয়েকজন ইংরেজ তখন আহার করিতেছিলেন। তাঁহারা গোরগোল করাতে কয়েকজন কনষ্টেবল সৈন্যদিগকে থামাইতে যায়। সৈন্যগণ কনষ্টেবলদিগকে আক্রমণ করে পুলিস সার্জ্জেন্ট হেল এই সংবাদ শুনিয়া ঘটনা স্থলে উপস্থিত হন। সৈন্যগণ তাঁহাকে ধরিয়া ভূমিতলে নিক্ষেপ করে। এই সংবাদ থানায় পৌঁছিবামাত্র ইনস্পেক্টার নেলসন ১৫ জন কনষ্টেবল সহ তথায় আগমন করেন। রিজার্ভ পুলিসের সুপারিণ্টেণ্ডেণ্টও তথায় উপনীত হন। বহু কনষ্টেবল উপস্থিত হওয়াতে সৈন্যগণ ইনস্পেক্টারকে বলে কোন কনষ্টেবল যেন তাহাদের গায়ে হাত না দেয়। তাহাদের কথা অগ্রাহ্য করিয়া কনষ্টেবলরা তাহাদিগকে ধরিয়া থানায় লইয়া যায়। থানা হইতে বহু কষ্টে সৈন্যদিগকে লালবাজার অভিমুখে যখন লওয়া হইতেছিল, তখন ৩ জন ইউরোপীয়ান পুলিসকে বাধা দেয়। তাহাদিগকেও গ্রেপ্তার করা হয়। লালবাজার থানায় উপস্থিত হওয়ামাত্র একজন সৈন্য পুলিসের হাত ছাড়াইয়া পলায়ন করে। তখন বহু সার্জ্জেন্ট ও কনষ্টেবল তাহাকে ধরিবার জন্য তাহার পশ্চাতে দৌড়িতে আরম্ভ করে। অবশেষে অনেক ক্লেশে তাহাকে ধরিয়া হাজতে আবদ্ধ করা হয়।

শনিবার দিন ৪ জন সৈন্যকে সৈনিক আইনানুসারে শাস্তি দিবার জন্য দুর্গ মধ্যে প্রেরণ করা হয়। ৩ জন ইউরোপীয়কে পুলিসের কার্য্যে বাধা দেওয়ার অপরাধে ফৌজদারী আদালতে বিচারার্থ প্রেরণ করা হইয়াছে।

নগেন্দ্র ও হেমেন্দ্র।

Nagendra and Hemendra.

নগেন্দ্র ও হেমেন্দ্র এই দুই ভাইএর নাম প্রথমতঃ ঢাকার অন্তর্গত সাটীরপাড়ার মোকদ্দমার সংশ্রবে জনসাধারণের বিদিত হয়।[1] সাটীরপাড়ার কাহার বাড়ীর রান্না ঘর কি গোয়াল ঘর হইতে ঠিক স্মরণ নাই, ইহারা অস্ত্র বাহির করিয়া পুলিসকে দেয়। তার পর হইতেই ইহারা পুলিসের গোয়েন্দার[2] কর্ম্ম পাইয়াছে। ঢাকার ষড়যন্ত্র মোকদ্দমায় ইহারা সাক্ষী ছিল। ইহার পর নগেন্দ্র কেন চট্টগ্রাম গিয়াছিল, তাহা জানি না, কিন্তু এই ব্যক্তি প্রচার করিয়াছে, ইহাকে গুলি করিতেই সত্যেন্দ্র নাথ সেন নামক একব্যক্তি নিহত হইয়াছে। ইহারই কথার উপর নির্ভর করিয়া পুলিস চট্টগ্রামের অনেকের খানাতল্লাস করিয়াছে, কিন্তু কোথাও নরহত্যার সাজ সরঞ্জাম[3] কিছু পায় নাই। নগেন্দ্র একদিন কলিকাতার গোয়েন্দা পুলিসের

[1] Known.
[2] Spy; informer.
[3] Tools and implements.

ডেপুটী সুপারিন্টেণ্ডেণ্ট বসন্তকুমার চট্টোপাধ্যায়কে লইয়া প্রাতঃকালের ট্রেনে নারায়ণগঞ্জ হইতে ঢাকা যাইতেছিল : সেই ট্রেনে নলিনীরঞ্জন ঘোষের ভ্রাতা বাবু দক্ষিণারঞ্জন ঘোষ ঢাকা যাইতেছিলেন। নগেন্দ্র বসন্ত বাবুকে বলে ঐ দক্ষিণারঞ্জনই নলিনী, উঁহাকে গ্রেপ্তার করুন। দক্ষিণা বাবু বারদী স্কুলের শিক্ষক। পুলিস তুলাইগঞ্জ ষ্টেসনে দক্ষিণা বাবুকে গ্রেপ্তার করিয়া ট্রেন হইতে মেডিকেল ছাত্রাবাসে লইয়া গেল। সেখানকার ছাত্রগণ এক বাক্যে বলিল, " ইনি নলিনী নহেন।" পুলিস অগত্যা বেলা ৪টার সময় দক্ষিণা বাবুকে ছাড়িয়া দিতে বাধ্য হইল।

নগেন্দ্রের মত গুপ্তচরের[1] কথায় বিশ্বাস করিলে কি ফল হয়, দক্ষিণা বাবুর গ্রেপ্তার ও লাঞ্ছনা তাহা সম্যক্ রূপে প্রকাশ করিতেছে। ইহার মত গুপ্তচরের জ্বালাতে দেশ অস্থির হইয়াছে, ইহাদের উৎপাতেই দেশে শান্তি স্থাপিত হইতেছে না। ইহার মত লোকেরা এক এক জনার জীবন ভারবহ করিয়া তোলে কাযেই লোকে হতাশ্বাস হইয়া কাহাকেও না কাহাকে হত্যা করিয়া থাকে। আমাদের পরামর্শ এই এই গুপ্তচরগুলিকে অবিলম্বে তাড়াইয়া দেওয়া হউক।

[1] Spy.

হিন্দু-বিশ্ববিদ্যালয়।

The Hindu University.

ভারত গবর্ণমেন্টের শিক্ষামন্ত্রী সার হারকোর্ট বটলার[1] বারাণসী হিন্দু-বিশ্ববিদ্যালয় সম্বন্ধে যে পত্র লিখিয়াছেন তাহা পাঠ করিয়া ইহাই বুঝিলাম যে, চ্যান্‌সেলার যাহা ইচ্ছা তাহাই করিতে পারিবেন। কাহাকে অধ্যাপক নিযুক্ত করিতে হইবে, কাহাকে বরখাস্ত করিতে হইবে, সে ক্ষমতা চ্যান্‌সেলারেরই থাকিবে। পরীক্ষক নিয়োগের ক্ষমতাও তাঁহাতে বর্ত্তিবে। তাঁহার বিনানুমতিতে কাহাকেও ভাইস-চেন্‌সেলার বা প্রোভোস্ট[2] নিযুক্ত করা যাইবে না। কোন নিয়ম বিধিবদ্ধ করা যাইবে না; কাশীর কোন কলেজকে অঙ্গীভূত[3] করা হইবে না; কোন নূতন বিষয় অধ্যাপনা করা যাইবে না। তিনি ৫ জনকে সিনেটের সভ্য মনোনীত করিবেন।

চেন্‌সেলারই হিন্দু-বিশ্ববিদ্যালয়ের একচ্ছত্র[4] কর্ত্তা হইবেন।

কাশীর বাহিরের কোন কলেজ হিন্দু বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত করা যাইবে না। যেমন হিন্দুকে তেমনই অন্য ধর্ম্মাবলম্বীকেও এই কলেজে ভর্ত্তি করিতে হইবে। হিন্দু ছাত্র ভিন্ন অন্য কাহারও হিন্দু শাস্ত্র পাঠ বা হিন্দু অনুষ্ঠান করিতে হইবে না।

[1] Sir Harcourt Butler.
[2] Provost.
[3] *Angī-bhūta* : in-corporated.
[4] *Eka-chatra* : one-umbrella ; single-ruler.

যদি প্রস্তাবকগণ ইহাতে সম্মত হন তবে এক পাণ্ডুলিপি[1] প্রস্তুত করা হইবে। সেই পাণ্ডুলিপি যদি ভারত সচিবের মনোমত হয়, তবে তিনি বিশ্ববিদ্যালয় স্থাপনে সম্মতি দান করিবেন। গবর্ণমেন্টও অর্থ সাহায্য করিবেন।

আগামী ২৬এ জুলাই এতদ্বিষয়ের আলোচনার জন্য এলাহাবাদে এক সভা হইবে। সার হারকোর্ট বটলার ও ছোট লাট সেই সভায় উপস্থিত থাকিবেন।

[1] Draft.

স্মৃতি সভা।

A memorial gathering.

আগামী শুক্রবার অপরাহ্ন ৫টা ৩০ মিনিটের সময় ৮৬ কলেজ ষ্ট্রীট ওভারটুন[1] হলে কৃষ্ণদাস পালের স্মৃতিসভার অধিবেশন হইবে। বাবু মহেন্দ্র নাথ রায় এক প্রবন্ধ[2] পাঠ করিবেন; অনেকে বক্তৃতা করিবেন; রাজা কিশোরীলাল গোস্বামী সভাপতি পদে বৃত হইবেন।

[1] Overtoun Hall.
[2] Paper : essay.

ডেপুটী ও সব-ডেপুটী নিয়োগ।

Appointment of Deputy and Sub-Deputy Magistrates.

বর্ত্তমান সনে ১০ জন ডেপুটী ও ২৪ জন সব-ডেপুটী নিযুক্ত করা হইবে। নিয়োগের ধারা নিম্নে লিখিত হইল।

ডেপুটীর জন্য ফিনান্‌সাল ডিপার্টমেন্ট ১ জন ও বোর্ড অব রেভিনিউ ২ জন মনোনয়ন[1] করিবেন। তন্মধ্যে গবর্ণমেন্ট ৩ জন নিযুক্ত করিবেন। প্রেসিডেন্সী বর্দ্ধমান, ঢাকা, রাজসাহী ও চট্টগ্রাম বিভাগের কমিশনারগণ প্রত্যেকে ১ জন করিয়া মনোনয়ন করিবেন, গবর্ণমেন্ট তন্মধ্যে ৪ জনকে নিযুক্ত করিবেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেট ২ জন মনোনয়ন করিবেন, গবর্ণমেন্ট তন্মধ্যে ১ জন নিযুক্ত করিবেন।

অর্থাৎ মনোনীত ১২ জনার মধ্যে ৮ জনকে নিযুক্ত করা হইবে। এতদ্ব্যতীত গবর্ণমেন্ট নিজে ২ জনকে নিযুক্ত করিবেন।

সব-ডেপুটীর জন্য ফিনান্‌সাল ডিপার্টমেন্ট, রেভিনিউ ডিপার্টমেন্ট ও বোর্ড অব রেভিনিউ প্রত্যেক ২ জন মনোনয়ন করিবেন, গবর্ণমেন্ট তাহাদের মধ্য হইতে ৫ জনকে নিযুক্ত করিবেন। প্রেসিডেন্‌সী বিভাগের কমিশনারের মনোনীত ৫ জনের মধ্যে ৩ জন, বর্দ্ধমান বিভাগের কমিশনারের মনোনীত ৩

[1] Nomination.

জনের মধ্যে ২ জন, ঢাকা বিভাগের কমিশনারের মনোনীত ৫ জনের মধ্যে ৩ জন, রাজসাহী বিভাগের কমিশনারের মনোনীত ৩ জনের মধ্যে ২ জন চট্টগ্রাম বিভাগের কমিশনারের মনোনীত ৩ জনের মধ্যে ২ জন গবর্ণমেণ্ট কর্তৃক নিযুক্ত হইবে। গবর্ণমেণ্ট স্বয়ং ৭ জনকে নিযুক্ত করিবেন।

রাজসাহী বিভাগের প্রতি সুবিচার করা হয় নাই। রাজসাহীর ৭ টা জেলার মধ্য হইতে ৩ জনকে মনোনীত করার ক্ষমতা দেওয়া হইয়াছে। আমাদের বিবেচনায় রাজসাহীর কমিশনারকে অন্যূন[1] ৫ জন মনোনয়ন করিবার ক্ষমতা দেওয়া উচিত ছিল। প্রকৃত কথা এই, প্রতিযোগী পরীক্ষা দ্বারা উৎকৃষ্ট লোকদিগকে ডেপুটী ও সব-ডেপুটীর কার্য্যে নিয়োগ করিলে শাসন প্রণালীর উন্নতি হইবে শিক্ষিত যুবকদের প্রাণেও আশা ও উৎসাহের সঞ্চার হইতে পারে। গবর্ণমেণ্ট পরীক্ষা প্রণালী রহিত করিয়া রাজপুরুষদের মনোমত লোকদিগকে রাজকার্য্যে নিয়োগের যে নিয়ম করিয়াছেন, ইহার ফল ভাল হইতেছে না। ইহার ফলে শিক্ষিত যুবকগুলি তোষামোদ[2] শিক্ষা করিতেছে ও কপট ব্যবহার করিতেছে। দেশময় কতগুলি কপট ও তোষামোদকারীর প্রাদুর্ভাব হইলে সে দেশের কি কখনও সুগতির সম্ভাবনা আছে?

[1] At least (not less than, *a-nyūn*).
[2] *Toṣ-āmod :* pleasure-and-gratification, *i.e.*, flattery ; obsequiency.

আয়র্লণ্ডের বিবাদ।

The dissensions in Ireland.

ইংলণ্ডের গবর্ণমেণ্ট আয়র্লণ্ডে স্বায়ত্ত শাসন[1] স্থাপনের জন্য এক আইন বিধিবদ্ধ করিয়াছেন কিন্তু আয়র্লণ্ডের উত্তর-পূর্ব্বদিগস্থ আলষ্টার প্রদেশ সে আইন মানিতে অস্বীকার করিয়াছে। তাহারা বলিয়াছে যদি আইন প্রচলন করিবার চেষ্টা করা হয়, তবে তাহারা যুদ্ধ করিবে। সার এডওয়ার্ড কার্সন ও কাপ্তান ক্রেইগ আলষ্টারের প্রায় ৯০ হাজার লোককে যুদ্ধ করিবার জন্য অস্ত্র সজ্জিত করিয়াছেন।

রক্ষণশীলদল[2] বলিতেছেন, আলষ্টার বাদ দিয়া আয়র্লণ্ডের অপর ৩ প্রদেশে স্বায়ত্ত শাসন আইন প্রচলন করা হউক নতুবা যুদ্ধ অনিবার্য্য।[3]

রাজা জর্জ্জ এই বিবাদ মীমাংসা করিবার অভিপ্রায়ে গবর্ণমেণ্ট পক্ষের প্রধান মন্ত্রী মিঃ এসকিথ ও রাজস্ব মন্ত্রী মিঃ লয়েড জর্জ্জ, রক্ষণশীল দলের নেতা মিঃ বোনার ল ও লর্ড ল্যান্সডাউন, আইরিশ পক্ষে মিঃ রেডমণ্ড ও মিঃ ডিলন এবং আলষ্টারের পক্ষে যুদ্ধপ্রয়াসী সার এডওয়ার্ড কার্সন ও কাপ্তান

[1] Home-rule.
[2] Conservative Party.
[3] Inevitable.

ক্রেইগকে তাঁহার বকিংহাম প্রাসাদে[1] নিমন্ত্রণ করিয়াছিলেন। ইহাঁরা গত মঙ্গলবার রাজপ্রাসাদে উপনীত হইলে রাজা স্বয়ং ইহাঁদের সহিত সাক্ষাৎ করিয়া বলেন যে, মন্ত্রিসভার কার্য্য যেমন সংগোপনে নির্ব্বাহ হয় এই মন্ত্রণা সভার কার্য্যও সেইরূপ গোপনীয় বলিয়া গণ্য করিতে হইবে। কমন্‌স সভার সভাপতি এই মন্ত্রণা সভার সভাপতির কার্য্য করিতে আহূত হইয়াছেন. মঙ্গলবার দেড় ঘণ্টা কাল সভার কার্য্য হইয়াছিল। রাজা স্বয়ং অৰ্দ্ধ ঘণ্টাকাল সভায় উপস্থিত ছিলেন।

পার্লামেণ্ট যে আইন করিয়াছেন, তদুপরি রাজা হস্তক্ষেপ করিয়াছেন, অতএব পার্লামেণ্টের ক্ষমতা খর্ব্ব হইয়া গেল, এই ভয়ে ইংলণ্ডে তুমুল আন্দোলনের সূত্রপাত[2] হইয়াছে। উন্নতিশীলদল[3] কর্ত্তব্য নির্দ্ধারণের জন্য এক সভা আহ্বান করিয়াছেন।

লর্ড সভায় লর্ড কুর্টনে[4] বলিয়াছেন, এই মন্ত্রণা সভা দ্বারা পার্লামেণ্টের ক্ষমতা খর্ব্ব করা হইতেছে। লর্ড ক্রু তদুত্তরে বলিয়াছেন মন্ত্রণাসভা আহ্বান করাতে আইন বিরুদ্ধ কোন কার্য্য করা হয় নাই। তদ্দারা পার্লামেণ্টের ক্ষমতা কখনও হ্রাস হইতে পারে না।

পার্লামেণ্টের শ্রমজীবী সভ্যগণ[5] এক সভা করিয়া বলিয়াছেন, রাজা যে মন্ত্রণা সভা আহ্বান করিয়াছেন, তাহাতে পার্লামেণ্ট আইনের বিধান নিস্ফল হওয়ার সম্ভাবনা, অতএব রাজার এই কার্য্য করা ভাল হয় নাই। শ্রমজীবীরা বলিয়াছেন, যে দুইজন প্রকৃত পক্ষে রাজদ্রোহী তাহাদিগকে মন্ত্রণা সভার সভ্য নিযুক্ত করা অন্যায় হইয়াছে।

[1] Buckingham Palace.
[2] *Sūtra-pāt* : 'thread-laying ;' beginning.
[3] Liberal Party.
[4] Lord Courtenay.
[5] Labour Members.

তুরুস্কে নারী জাতির উন্নতি।

The advancement of women in Turkey.

ছয় বৎসর হইল তুরুস্কে যথেচ্ছাচার শাসন[1] প্রণালীর পরিবর্ত্তে নিয়মতন্ত্র প্রণালী[2] প্রতিষ্ঠিত হইয়াছে। রাজা যখন যথেচ্ছাচারী ছিলেন, তখন স্ত্রীলোকদিগকে গৃহে অবরুদ্ধ ও উচ্চশিক্ষা হইতে বঞ্চিত রাখাই কর্ত্তব্য বলিয়া নির্দ্ধারিত হইয়াছিল। নিয়মতন্ত্র প্রণালী প্রতিষ্ঠিত হওয়ার পর গবর্ণমেণ্ট বুঝিয়াছেন, নরনারী উভয় লইয়া জাতি,[3] এই উভয়ের উন্নতি ব্যতীত

[1] Arbitray rule.
[2] *Niyam-tantra-praṇāli* : constitutional rule.
[3] The race is composed of men and women.

জাতীয় উন্নতি কখনও হইতে পারে না। পূর্ব্বে ধনীরা আপনাদের ঘরের স্ত্রীলোকদিগকে অন্তঃপুরে শিক্ষা দিবার জন্য ইউরোপীয়া নারীদিগকে শিক্ষয়িত্রী নিযুক্ত করিতেন। তাঁহারা সূচিকর্ম্ম, সঙ্গীত ও চিত্র [1] শিক্ষা দিতেন। তুর্কির অভিজাতবর্গ [2] নারীর পক্ষে ইহাই চূড়ান্ত শিক্ষা বলিয়া মনে করিতেন। যে সকল নারীর অবস্থা স্বচ্ছল নহে, তাঁহাদের শিক্ষার জন্য গবর্ণমেন্টের কতকগুলি পাঠশালা ছিল। সেই পাঠশালায় লিখন, পঠন, ধারাপাত,[3] সূচিকার্য্য ও কোরাণ পড়ান হইত। স্ত্রীলোকদিগকে উচ্চশিক্ষা দেওয়ার প্রয়োজন কেহই অনুভব করিত না। ধনী রমণীদিগকে খোষপোষাকী [4] ও গরীব স্ত্রীলোকদিগকে ধোবার খাতা [5] ও বাজার খরচের হিসাব রাখার [6] উপযুক্ত করাই একমাত্র উদ্দেশ্য ছিল। স্ত্রীলোকদের যে আবার পুত্রকন্যার শারীরিক ও মানসিক উন্নতির চিন্তা করিতে হইবে, জাতিকে মহৎ করিবার ভার গ্রহণ করিতে হইবে, ইহা কাহারও মনে উদিত হইত না। বর্ত্তমান সময়ে জাতীয় দুর্গতি দেখিয়া চিন্তাশীল [7] লোকেরা নারীর উন্নতির সহিত জাতীয় উন্নতি অচ্ছেদ্য সূত্রে আবদ্ধ,[8] ইহা বুঝিতে পারিয়া তুরুস্কের নানা স্থানে উন্নত প্রণালীর বালিকা বিদ্যালয় স্থাপন করিতেছেন। রাজধানী কনষ্টান্টিনোপলে নারীদের জন্য ৩ টি উচ্চ শ্রেণীর বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে। নারীগণ যাহাতে স্বাবলম্বন শিক্ষা করিতে পারেন, অসহায় অবস্থায় পতিত হইলেও যাহাতে পরের গলগ্রহ [9] না হইয়া জীবিকা অর্জ্জন করিতে সমর্থ হন, এই সকল বিদ্যালয়ে উচ্চ শিক্ষার সহিত তজ্জন্য নানাপ্রকার শিল্পদ্রব্য [10] নির্ম্মাণ প্রণালীও শিক্ষা দেওয়া হইতেছে। বর্ত্তমান গবর্ণমেন্টের সর্ব্বাপেক্ষা অসাধারণ কার্য্য এই যে নারীদের জন্য এক বিশ্ববিদ্যালয় স্থাপন করা হইয়াছে। তথায় ২০০ নারী অধ্যয়ন করিতেছেন। এখানে ইতিহাস, বিজ্ঞান,[11] অর্থনীতি,[12] স্বাস্থ্যতত্ত্ব,[13] ও শিক্ষাপ্রণালী [14] প্রভৃতি নানাবিদ্যা অধীত হইয়া থাকে। নারীদের বিদ্যাশিক্ষার সঙ্গে সঙ্গে তুরুস্কে এক নব জাগরণের দিন আসিয়াছে। নারীগণ দেশহিতে মন

[1] Sewing, music and pa
[2] *Abhi-jāta-varga :* 'well-bred-persons;' aristocracy.
[3] *Dhārā-pāt :* lit. water-fall; name of a book of elementary arithmetic.
[4] Fond of dress.
[5] Washing-book.
[6] Keeping market accounts.
[7] Thoughtful; prudent.
[8] Bound by inseparable (threads) bonds.
[9] Burden round the neck.
[10] Artistic things.
[11] Science.
[12] Economics.
[13] Science of health; hygiene.
[14] Art of teaching.

দিয়াছেন. সন্তানদিগকে জগতের মধ্যে শ্রেষ্ঠ করিবার জন্য প্রাণপণ যত্ন করিতেছেন। স্ত্রীলোকের উৎসাহে পুরুষগণ নব আশা উৎসাহে সঞ্জীবিত[1] হইয়া উঠিতেছেন।

[1] Revived.

কোকেন বিক্রয় বন্ধ হয় না কেন ?

Why is not the sale of cocaine stopped?

কলেজ স্কোয়ার[1] কলিকাতার যে একটী সুবিখ্যাত স্থান ইহা সকলেই স্বীকার করিবেন। ইহার অব্যবহিত পূর্ব্ব দিকে[2] চিন্তামণি দাসের গলি।[3] এই গলির বস্তির মধ্যে কোকেনের আড্ডা[4] আছে। ইহা সকলেই জানে, কিন্তু দিন রাত্রি কোকেন বিক্রয়ে কোন বাধা নাই। আবকারীর কর্ত্তারা জয়গোবিন্দলাল নামক এক ব্যক্তিকে কোকেন বিক্রেতা বলিয়া গ্রেপ্তার করেন। কইবল সিং নামক এক ব্যক্তিকে সাক্ষিরূপে হাজির করা হয়। কইবল বলে যখন জয়গোবিন্দকে গ্রেপ্তার করা হয়, তখন সে উপস্থিত ছিল, কিন্তু জেরাতে[5] বলে কোন্ রাস্তায় আসামীকে গ্রেপ্তার করা হইয়াছিল তাহা সে জানে না। কিড ষ্ট্রীট[6] আদালতের মাজিষ্ট্রেট মিঃ কামেল বলেন, আবকারী মোকদ্দমার অনেক আসামীই অপরাধ স্বীকার করে, তবু তাহাদের শাস্তি হয় না।

আবকারী কর্ম্মচারী মিঃ কক্স বলেন, কলিকাতার রাস্তায় রাস্তায় কোকেন ফেরি করিয়া বিক্রয় করা হইয়া থাকে।

মাজিষ্ট্রেট—মিঃ কক্স, আমি তাহা জানি না. কিন্তু আপনার এই সাক্ষী ঘটনাস্থলের একশত মাইলের মধ্যে ছিল কি না, সে বিষয়ে আমার মনে সন্দেহ হইয়াছে। এই ঘটনার কথা জানে, এমন কোন সাক্ষী কি উপস্থিত করিতে পারেন না ?

কক্স এই সাক্ষীই আসামীকে গ্রেপ্তার করিয়াছিল।

মাজিষ্ট্রেট—যদি তাহাই হয়, তবে ইহার সাক্ষ্য বিশ্বাসযোগ্য নয়। আসামীর নিকট যে কোকেন ছিল ইহা দেখিয়াছে. এমন সাক্ষী আমি চাই।

কক্স—রাস্তার মধ্যে নিঃসম্পর্কীয়[7] সাক্ষী পাওয়া অসম্ভব।

মাজিষ্ট্রেট—ঘটনা নিজের চক্ষে দেখিয়াছে, এমন সাক্ষী চাই। কিন্তু এমন সাক্ষী চাই না, যাহাকে ঘটনার পরে উপস্থিত করা হইয়াছে, যে আদত কথা কিছুই জানে না। আমি এই সাক্ষীর কথায় বিশ্বাস করিতে পারি না।

[1] College Square, the academic quarter of Calcutta.
[2] Immediately to the east of this.
[3] Lane.
[4] Shop; depôt.
[5] Under cross-examination.
[6] Kyd Street.
[7] Unconnected (with either side); impartial.

ম্যাজিষ্ট্রেট আসামীকে জিজ্ঞাসা করাতে সে বলিয়াছে, আমার ঘরে একটা টুপির মধ্যে কোকেন পাওয়া গিয়াছিল। আবকারীর লোকেরা বলিয়াছিল, সে জন্য আমাকেই নাকি দায়ী হইতে হইবে। সে টুপিটা কাহার তাহা আমি জানি না।

কক্স যদি আমাকে অর্দ্ধ ঘণ্টা সময় দেন, তবে চীফ ইন্স্পেক্টার মিঃ উইল্সনকে লইয়া আসিতে পারি। তিনিই এই মোকদ্দমা চালাইতেছেন।

ম্যাজিষ্ট্রেট—আসামী বলিতেছে, তাহাকে গ্রেপ্তার করিবার সময় কোন সাহেব উপস্থিত ছিলেন না। মিঃ কক্স, আমি এই সকল কাহিনী বিশ্বাস করিতে পারিব না।

আমি এই মোকদ্দমার কথা কালেক্টরকে জানাইব। আমি আশা করি, এইরূপ কাণ্ড যেন আর না হয়।

কোকেন বিক্রয় হইতেছে অথচ প্রকৃত আসামী ধরা পড়িতেছে না কেন, এই মোকদ্দমা কি সেই রহস্য ভেদ করিবে ?

সার রমেশচন্দ্র মিত্র।

Sir Rameś Chandra Mitra.

পনর বৎসর হইল সার রমেশচন্দ্র মিত্র মহাশয় পৃথিবীর কর্ম্মক্ষেত্র পরিত্যাগ করিয়া পরলোকে গমন করিয়াছেন। মহৎলোকদের আত্মা নূতন লোকে চলিয়া যায় তাঁহাদের দেহ পঞ্চভূতে[1] মিশিয়া যায় কিন্তু তাঁহাদের কর্ম্ম অমর হইয়া যুগযুগান্তের[2] লোকদিগকে উন্নতির পথে লইয়া যায়। আজ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সেই সুবিখ্যাত আদালত অবমাননার মোকদ্দমার কথা স্মরণ হইতেছে। হাই কোর্টের জজ নরিস[3] আদালতের মধ্যে শালগ্রাম হাজির করিবার হুকুম দেওয়াতে "ব্রাহ্ম পবলিক ওপিনিয়ান" এর[4] সম্পাদক ৺ ভুবনমোহন দাস মহাশয় এক তীব্র মন্তব্য প্রকাশ করেন। "বেঙ্গলী"[5] এই ঘটনা উপলক্ষে ইংলণ্ডের নামজাদা[6] জজ জেফ্রিসের[7] সঙ্গে জষ্টিস নরিসের তুলনা করিয়াছিলেন। নরিসের আবেদনে সুরেন্দ্র বাবুর বিরুদ্ধে আদালত অবমাননার[8] মোকদ্দমা উপস্থিত হয়। চিফ জষ্টিস সার রিচার্ড গার্থ, জষ্টিস ম্যাকডোনেল, কনিংহাম, নরিস ও রমেশচন্দ্র মিত্রের

[1] In the five elements.
[2] Of age after age.
[3] Mr. Justice Norris.
[4] The newspaper *Brāhmo Public Opinion.*
[5] *The Bengalee.*
[6] Notorious
[7] Judge Jeffries.
[8] Contempt of Court.

নিকট ঐ মোকদ্দমার বিচার হইয়াছিল। বিচারের পর চারি জন জজ সুরেন্দ্র বাবুকে কারাদণ্ড দিতে মনস্থ করেন। মিত্র মহাশয় তাহার প্রতিবাদ করেন। জজ চতুষ্টয় মিত্র মহাশয়কে দলস্থ[1] করিবার জন্য বহু চেষ্টা করিয়াছিলেন। রমেশচন্দ্র তাঁহাদিগকে বলিয়াছিলেন, 'আমি অনেক বিবেচনা করিয়াও যে দণ্ড দেওয়া হইতেছে, তাহাতে সম্মতি দিতে পারিলাম না।" এই স্বাধীনতা, এই বিবেকবশ্যতা[2] রমেশচন্দ্রের জীবনের মহামূল্য সম্পত্তি বঙ্গদেশের জন্য তিনি রাখিয়া গিয়াছেন। বাঙ্গালী সেই সম্পত্তির উত্তরাধিকারী হউন।

সিটি কলেজের ভিত্তি স্থাপন ক্রিয়া সার রমেশচন্দ্র কর্ত্তৃকই অনুষ্ঠিত হইয়াছিল। তিনি তদুপলক্ষে বলিয়াছিলেন, মিঃ আনন্দমোহন বসুর মত ইংলণ্ডে শিক্ষাপ্রাপ্ত লোক যখন এদেশের যুবকদের শিক্ষার ভার নিজহস্তে গ্রহণ করিতেছেন তখন আমাদের দেশের শিক্ষিত লোকের দ্বারাই উচ্চশিক্ষা পরিচালন করা সম্ভব। ৩০ বৎসরের বেশী হইল, তিনি এই কথা বলিয়াছিলেন, আজ বঙ্গের অধিকাংশ যুবকই স্বদেশী অধ্যাপকদের চরণতলে বসিয়া উচ্চশিক্ষা লাভ করিতেছেন। মিত্র মহাশয়ের ভবিষ্যদ্বাণী[3] সফল হইয়াছে। তিনি কথার লোক ছিলেন না। তিনি বিশ্বাস করিতেন, বাঙ্গালীর সুপরিচালিত স্কুল কলেজেই ভবিষ্যদ্বংশের[4] উন্নত শ্রেণীর বাঙ্গালী জীবন গঠিত হইবে। তাই তিনি তাঁহার দুই পুত্রকে সিটি স্কুলে ভর্ত্তি করিয়া দিয়াছিলেন। তাঁহার সুযোগ্য পুত্র গবর্ণমেণ্টের ষ্টাণ্ডিং কাউন্সেল মিঃ বি, সি, মিত্র পিতার ইচ্ছাতেই সিটি স্কুলে ভর্ত্তি হইয়াছিলেন। আমাদের দেশে এমন লোক অনেক আছেন, যাঁহারা বক্তৃতার কালে বলেন, স্বদেশী উত্তম লোকের নিকট বালকদিগকে শিক্ষার জন্য প্রেরণ করা কর্ত্তব্য, কিন্তু তাঁহারাই সর্ব্বাগ্রে বিদেশী লোকের নিকট সন্তানদিগকে শিক্ষার জন্য প্রেরণ করিয়া থাকেন। সার রমেশচন্দ্র যাহা বিশ্বাস করিতেন, মুখে তাহাই বলিতেন; মুখে যাহা বলিতেন কার্য্যে তাহাই করিতেন। মিত্র মহাশয় তাঁহার প্রিয় জন্মভূমিকে এই অমূল্য শিক্ষা দিয়া গিয়াছেন। তাঁহার জন্মভূমি এই শিক্ষাকেই দৃঢ়রূপে ধরিয়া থাকুন, মঙ্গলের দ্বার উদ্ঘাটিত হইবে।

গত রবিবার ভবানীপুর সাউথ সুবর্ব্বন স্কুলের[5] এক ক্ষুদ্র প্রকোষ্ঠে[6] মহাত্মা রমেশচন্দ্রের স্মৃতিসভা হইয়াছিল। জষ্টিস আশুতোষ চৌধুরী সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। এই সভা একটা বৃহৎ স্থানে বহু

[1] *Dala-stha :* of their party.
[2] Subordination to Conscience.
[3] *Bhavisyat-vāṇī :* 'future-speech ;' prophecy.
[4] *Bhavisyat-vaṁśa :* future generation.
[5] South Suburban School.
[6] Small room.

লোককে লইয়া করা উচিত ছিল। রমেশচন্দ্রকে এদেশে চিরজীবী করিয়া রাখার জন্য বিধিমতে চেষ্টা করা প্রয়োজন। নতুবা এদেশে "জো হুকুমের"[1] প্রাবল্য হইবে।

[1] H. *jo hukm* = B. ye ājñā. A slang phrase for "as you order;" subserviency.

ময়মনসিংহ জেলা বিভাগ।

Partition of the Mymensingh district.

১৭ দিন পরে বঙ্গের গবর্ণর ময়মনসিংহ গমন করিবেন। ময়মনসিংহ সহরে দুই দিন বাস করিয়া তিনি টাঙ্গাইল অঞ্চল দর্শন করিতে যাইবেন।

গবর্ণর ময়মনসিংহ যাইতেছেন, তাঁহাকে আমাদের বিনীত অনুরোধ এই তিনি স্বয়ং জনসাধারণের মনের ভাব অবগত হইয়া জেলা বিভাগ সম্বন্ধে শেষ কর্ত্তব্য নির্দ্ধারণ করুন। অমাদের একটী বিনীত অনুরোধ এই তিনি মন্ত্রীর কথায় কর্ণপাত না করিয়া বিবেকের কথায় কর্ণপাত করুন।

তাঁহার মন্ত্রিগণ পরামর্শ দিতেছেন, ময়মনসিংহকে দুই ভাগ নয়, তিন ভাগ কর। দুই কি তিন ভাগ করিলে ময়মনসিংহবাসীর উন্নতির যে বিঘ্ন হইবে, তাহাদের যে ক্লেশ হইবে, সে কথা তাঁহারা শ্রবণযোগ্য মনে করেন না। কি করিলে সিবিলিয়ান মাজিষ্ট্রেটেরা বেশ আরামের সহিত কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ হইবেন, তাঁহারা সেই দিকটাই দেখেন।

গবর্ণরের মন্ত্রিগণ বলেন ময়মনসিংহ খুব মস্ত জেলা ইহার পরিমাণ ফল ৬,২৪০ বর্গমাইল. লোক সংখ্যা ৪৫ লক্ষ ২৬ হাজার, একজন মাজিষ্ট্রেট কি এতবড় জেলা কখনও শাসন করিতে পারে? সুতরাং এক জেলাকে ভাগ করিয়া ২। ৩ জেলা করাই কর্ত্তব্য।

কাণে শুনিতে মন্ত্রীদের কথা যুক্তিযুক্ত[1] বলিয়া প্রতীয়মান হয়, কিন্তু যখন বিবেচনা করি, জেলা ভাগ করিলে স্থায়ী ও অস্থায়ী[2] ব্যয় কত বৃদ্ধি হইবে এবং ময়মনসিংহের কত অভাব রহিয়াছে, তখন জেলা ভাগের জন্য এক পয়সা খরচ করিতেও প্রবৃত্তি হইবে না।

ময়মনসিংহে ৪৫ লক্ষ ২৬ হাজার লোকের স্থান বটে, কিন্তু তাহার মধ্যে ৪৩ লক্ষ ১৬ হাজার লোকই নিরক্ষর[3]। ইহা দেখিয়া কি হৃৎকম্প হয় না? ৪৫ লক্ষ ২৬ হাজার লোকের মধ্যে ২ লক্ষ ১০ হাজার লোক লিখিতে পড়িতে পারে। কেবলমাত্র ২৩,৬৬৭ জন ইংরেজী জানে।

[1] Reasonable.
[2] Permanent and temporary; recurring and non-recurring.
[3] *Nir-akṣar*: without letters; illiterate.

লর্ড কারমাইকেল সরল উদার মন লইয়া[1] বঙ্গদেশে আসিয়াছেন; বঙ্গদেশের জনসাধারণের মঙ্গল করিবার জন্য তাঁহার প্রাণে প্রবল আকাঙ্ক্ষা। এই মঙ্গল সাধনে যদি তাঁহার গুরুতর শ্রম করিতে হয়, তাহাতে তিনি বিমুখ নহেন। তিনি যদি বিমুখ না হন, তবে ম্যাজিষ্ট্রেটরা শ্রম করিতে কাতর হইবেন কেন? ম্যাজিষ্ট্রেটদের শ্রম লাঘব করা প্রধান কার্য্য, না ময়মনসিংহের মহামূর্খতা দূর করা প্রধান কার্য্য, ইহাই যদি প্রশ্ন হয়, তবে আমরা বলিব আর যাহা হয় হউক, জ্ঞানালোক[2] বিতরণ করাই সর্ব্বশ্রেষ্ঠ কার্য্য। গবর্ণরও যে তাহাই বলিবেন এ বিষয়ে কোন সন্দেহ নাই। ময়মনসিংহের ৪০ লক্ষ মূর্খ লোকের মধ্যে অন্যূন ৩০ লক্ষ লোককে যত দিন লেখা পড়া শিক্ষা দান না করা হয়, ততদিন ম্যাজিষ্ট্রেটদের শ্রম লাঘবের চিন্তা মনে করাও পাপ।

ময়মনসিংহে গ্রামের সংখ্যা ১২ হাজার। সমস্ত ময়মনসিংহ জেলার স্বাস্থ্যের উন্নতির জন্য গবর্ণমেণ্ট ১৯১২-১৩ সালে ৫২৬ টাকা ব্যয় করিয়াছেন। ১২ হাজার গ্রাম যে জেলায় সে জেলায় বৎসরে ৫২৬ টাকা স্বাস্থ্যের জন্য ব্যয় করা হইয়াছে। ময়মনসিংহের বিশেষতঃ টাঙ্গাইলের গ্রামগুলি ম্যালেরিয়াতে মনুষ্যের বাসের অযোগ্য হইতেছে। বঙ্গদেশে যে মাস অস্বাস্থ্যকর সময় নয়; কিন্তু এই যে মাসে ময়মনসিংহে ৪,৬৫৬ লোকের জ্বরে মৃত্যু হইয়াছে। ইহা কি অতি ভয়ঙ্কর ব্যাপার নয়? গ্রামগুলি জঙ্গলে পূর্ণ হইতেছে, গ্রামের দূষিত জল নির্গমনের পথ নাই, খাল বিল শুকাইয়া যাইতেছে, যদি গবর্ণমেণ্টের কোষে[3] অর্থ থাকে, তবে তাহা লোকের প্রাণ রক্ষার জন্য ব্যয় করাই সর্ব্বপ্রধান কর্ত্তব্য কর্ম্ম। অর্থাভাবে[4] লোকের প্রাণ রক্ষা করার উপায় অবলম্বন করা যাইতেছে না, সেই সময় জেলা ভাগ করিয়া অর্থ ব্যয়ের চিন্তা করা উচিত কি না, ইহার বিচারের ভার আমরা লর্ড কারমাইকেলেরই উপর প্রদান করিতেছি।

বিস্তৃত ময়মনসিংহ জেলায় ভীষণ জলকষ্ট উপস্থিত হইয়াছে। গ্রীষ্মকালে যখন পানীয় জল দুষ্প্রাপ্য হয়, তখন ভদ্রঘরের কুলবধূগণ[5] কাদাজল[6] কলসীতে পুরিয়া লইয়া যান। লর্ড কারমাইকেল যদি সে দৃশ্য দেখিতেন, তবে তিনি অমনই এই হুকুম প্রকাশ করিতেন, যত দিন জলকষ্ট দূর না হইবে ততদিন একটা কড়িও অন্য কার্য্যে ব্যয় করা হইবে না। যখন গ্রীষ্মকালে বৃদ্ধা রমণীগণ কলসী কক্ষে ক্রোশান্তর[7] হইতে জল আনিতে গমন করেন এবং কলসীপূর্ণ জলভার বহনে ক্লান্ত হইয়া রাস্তায় বিশ্রাম করেন, তাঁহাদের

[1] With a frank and generous mind.
[2] *Jñan-ālok* : learning-light ; light of learning.
[3] Treasury.
[4] *Artha-abhāve* : for want of money.
[5] *Kula-vadhu* : ladies of family.
[6] *Kādā-jal* : mud-water ; muddy water.
[7] *Krośa-antar* : a *kros* away ; 2 miles distance.

কাতরমুখ যদি লর্ড কারমাইকেল একবার দর্শন করিতেন, তবে তাঁহার সহৃদয় প্রাণ দুঃখে বিগলিত হইয়া বলিত, জেলাবিভাগের কথা কেহ মুখে আনিও না।

জনসাধারণের সুখ সচ্ছন্দতা বৃদ্ধি করার নাম যদি সুশাসন হয়, তবে আমরা বলি সর্ব্বাগ্রে শিক্ষা, স্বাস্থ্য ও সুপেয় জলের ব্যবস্থা করা কর্ত্তব্য। মন্ত্রিগণ বলেন, জেলা ভাগ না করিলে সুশাসন অসম্ভব। আমরা বলিতেছি, জেলা বিভাগের সঙ্গে সুশাসনের কোন সম্পর্ক নাই।

ময়মনসিংহের সমস্ত লোক জেলা বিভাগের বিরোধী। বিরোধী এই জন্য যে জেলা ভাগ করিলে হিতকর কার্য্য আর সহজে সুসম্পন্ন হইবে না। আজ ময়মনসিংহে কলেজের প্রয়োজন, সমস্ত জেলার লোক টাকা সংগ্রহ করিয়া কলেজ সম্ভব করিয়াছে। জেলা ভাগ করিলে অল্প সংখ্যক লোকের দ্বারা এমন বৃহৎ কার্য্য সম্ভব হইত না। এই একটা দৃষ্টান্ত দ্বারাই প্রমাণ হইতেছে, সমস্ত জেলা এক থাকিলে সৎকার্য্যের অনুষ্ঠান করা কেমন সহজ। লর্ড কারমাইকেলকে তাই বারংবার বিনয়ের সহিত বলি, মন্ত্রীদের কথা শুনিয়া যেন ময়মনসিংহের প্রাণে আঘাত না করেন।

গৈলা আদর্শ বালিকা-বিদ্যালয়।

Gaila Model Girls' School.

বিগত ৯ই জুলাই বরিশালের জজ মিঃ কেমিয়েড[1] ও ম্যাজিস্ট্রেট মিঃ ষ্ট্রং গৈলা হাই স্কুল, গৈলা শচীন্দ্র কলেজ গৈলা আদর্শ বালিকা বিদ্যালয় ও অপর একটি বালিকা-বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ[2] উপলক্ষে গৈলা গমন করিয়াছিলেন। গৈলা আদর্শ বালিকা-বিদ্যালয় গত বৎসর স্থাপিত হইয়াছে; ইহারই মধ্যে ছাত্রী সংখ্যা ৭৬ জন হইয়াছে। সম্প্রতি এক বাড়ীর বহির্বাটীতে[3] স্কুলের কার্য্য হইতেছে স্কুলের জন্য শ্রীযুক্ত রামচরণ গুপ্ত, শ্রীযুক্ত আশুতোষ গুপ্ত ও শ্রীযুক্ত বিশ্বেশ্বর গুপ্ত এক খণ্ড জমি[4] প্রদান করিয়াছেন। ঐ জমি স্কুলের ব্যয়ে বাঁধান হইয়াছে। ১৫০ ছাত্রী পড়িতে পারে এমন গৃহ নির্ম্মাণ হইবে। শ্রীযুক্ত তারিণীচরণ গুপ্ত তাঁহার পত্নী মানিক্যময়ী দেবীর স্মৃতি রক্ষার্থ ঐ গৃহ নির্ম্মাণ কল্পে[5] ৫০০ টাকা প্রদান করিতে প্রতিশ্রুত হইয়াছেন। বর্ত্তমানে মাসিক ৪০৲ টাকা চাঁদা আদায় হয়, তদ্দ্বারা স্কুল চলিতেছে। পুরস্কার বিতরণ সভায় গ্রামের জনসাধারণ উপস্থিত ছিলেন। জজ সাহেব সভাপতির

[1] Mr. Cammiade I.C.S.
[2] Prize distribution : *pari-tos*-pleasing.
[3] Outer apartments or court.
[4] A piece of land.
[5] *Nirmāṇa- kalpe :* for the purpose of building.

আসন গ্রহণ করেন। পুস্তক, ক্যাসবাক্স[1] আয়না[2] চিরুণী[3] পুতুল[4] প্রভৃতি সুন্দর ও ব্যবহার্য্য বস্তু পুরস্কার প্রদান করা হইয়াছে। স্কুলের অবস্থা দেখিয়া ম্যাজিষ্ট্রেট ও জজ উভয়েই সন্তুষ্ট হইয়াছেন। গবর্ণমেণ্ট হইতে মাসিক অন্ততঃ[5] ৫০ টাকা ও গৃহ নির্ম্মাণের জন্য এককালীন সাহায্য আশা করা যাইতে পারে।

[1] E. cash-box.
[2] Mirrors.
[3] Combs.
[4] Dolls.
[5] At least.

বিশ্ববিদ্যালয় সংস্কার, না শিক্ষা সংহার ?

The reforming of the University, or the destruction of education ?

মিঃ আর্চবোল্ড[1] ঢাকা কলেজের প্রিন্সিপাল। তিনি বিশ্ববিদ্যালয় সংস্কার করিবার অভিপ্রায়ে কতগুলি প্রস্তাব লিপিবদ্ধ করিয়া[2] বঙ্গদেশের সমস্ত কলেজের অধ্যাপকদের স্বাক্ষরের জন্য[3] তাহা প্রেরণ করিয়াছেন। তাঁহার প্রস্তাবগুলি পাঠ করিয়া আমাদের মনে এই চিন্তার উদয় হইয়াছে, তিনি শিক্ষার উন্নতি করিতে চান, না শিক্ষার পথ সঙ্কীর্ণ[4] করিতে চান ? তাঁহার প্রস্তাবগুলির মর্ম্ম পাঠকদের অবগতির জন্য[5] প্রকাশ করিতেছি।

[1] Mr. Archbold.
[2] Having reduced to writing.
[3] For signature.
[4] Narrow ; confined.
[5] For information.

ছাত্র সংখ্যা হ্রাসের প্রস্তাব।

A proposal to reduce the number of students.

মিঃ আর্চবোল্ড লিখিয়াছেন, ' ছাত্র ও শিক্ষকদের মধ্যে যথাযোগ্য সম্পর্ক স্থাপনের চেষ্টা করা কর্ত্তব্য। এই অভিপ্রায় স্থাপনের উদ্দেশ্যে, এক এক বিষয়ের পাঠ লইবার জন্য যত ছাত্র সমবেত হয়, ক্রমশঃ তাহাদের সংখ্যা হ্রাস করা কর্ত্তব্য। কিন্তু বর্ত্তমান সময়ে তাহার বিপরীত ব্যবস্থাই[1] দেখিতে পাওয়া যায়।"

[1] The exactly opposite arrangement.

মিঃ আর্চবোল্ড প্রত্যেক শ্রেণীর ছাত্রসংখ্যা হ্রাস করিবার জন্য ব্যাকুলতা[1] প্রকাশ করিয়াছেন। ব্যাকুলতার কারণ এই যে, বহু ছাত্র হইলে, ছাত্র ও শিক্ষকের যথাযোগ্য সম্পর্ক স্থাপনের ব্যাঘাত[2] হয়। এই সব কথা আমাদের অসহ্য হইয়াছে[3]। যাঁহারা যথাযোগ্য সম্পর্ক স্থাপনের নামে ছাত্র সংখ্যা হ্রাস করিবার প্রস্তাব করেন, তাঁহাদের মত শিক্ষার শত্রু এদেশে আর কেহ নাই। আমরা নিশ্চয় বলিতে পারি, মিঃ আর্চবোলডের মত লোক ছাড়া কেহই তাঁহার এই ইস্তাহারে[4] নাম সই[5] করিবে না।

ভাল বাড়ী ও তত্ত্বাবধান সর্ব্বশ্রেষ্ঠ কার্য্য[6]:

মিঃ আর্চবোল্ড লিখিয়াছেন, "কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ও সর্ব্বাপেক্ষা জরুরী কার্য্য[7] হচ্ছে[8] ছাত্রদের উপর নজর[9] রাখা ও তাহাদিগকে ভাল ঘরে বাসা দেওয়া। অন্য সব কাজ ফেলিয়া রাখিয়া এই দুই বিষয়ে সকলের আগে বিশ্ববিদ্যালয়ের মনোযোগ দেওয়া কর্ত্তব্য।"

বিশ্ববিদ্যালয়ের সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ কর্ত্তব্য সম্বন্ধে মিঃ আর্চবোল্ডের মত অবগত হইয়া আমরা আশ্চর্য্যান্বিত[10] হইয়াছি। Advancement of Learning শিক্ষার উন্নতি সাধন যে বিশ্ববিদ্যালয়ের প্রধান উদ্দেশ্য, মিঃ আর্চবোল্ড তাহা স্বীকার করেন না। ছাত্রদের উপর গোয়েন্দাগিরি[11] করা তাহাদের বাসের জন্য বড় বড় প্রাসাদ[12] নির্ম্মাণ করাই তিনি সর্ব্বশ্রেষ্ঠ কার্য্য বলিয়া ঘোষণা করিয়াছেন নিতান্ত মূর্খ না হইলে কোন অধ্যাপক তাঁহার এই অপূর্ব্ব মতের সমর্থন করিতে পারিবেন না।

[1] Eagerness.
[2] Impediment.
[3] "All this talk has become beyond our bearing."
[4] A. *ishtahār :* advertisement ; circular.
[5] Signature.
[6] Good housing and supervision are the most important duties.
[7] First and most urgent duty.
[8] *i.e.*, হইতেছে।
[9] P. *nazar :* looking ; supervision ; surveillance.
[10] *Āscaryya-anu-ita :* astonished.
[11] Spying, watching.
[12] Palaces.

কলিকাতার ব্যবহারাজীব ও ডাক্তার।

The lawyers and doctors of Calcutta.

মিঃ আর্চবোলড বলিয়াছেন, কলিকাতার কর্ম্মব্যস্ত[1] ব্যবহারাজীব ও ডাক্তার তাঁহাদের ব্যবসায়ে যত বড় হউন না কেন,[2] তাঁহাদের অপেক্ষা

[1] *Karmma-vyasta :* eager for employment ; busy.
[2] No matter how great they be in their profession.

কলেজের অধ্যাপকেরাই বিশ্ববিদ্যালয়ের কার্য্য পরিচালনে অধিক দক্ষ।

বিশ্ববিদ্যালয় কেবল শিক্ষক লইয়া গঠিত হয় নাই, ছাত্রও তাহার এক অঙ্গ।[1] ছাত্রদের হিত যেমন শিক্ষকেরা চিন্তা করেন, তাহাদের উকীল ও ডাক্তার অভিভাবকেরাও সেইরূপ করিয়া থাকেন। সুতরাং বিশ্ববিদ্যালয়ের ভার কেবল অধ্যাপকের হাতে ছাড়িয়া দিলে ভাল ফল হইবার আশা নাই। মিঃ আর্চবোল্ড কি এ কথা জানেন না যে, ইংলণ্ডের বিশ্ববিদ্যালয় সমূহের ভার কেবল অধ্যাপকদের উপর ন্যস্ত[2] করা হয় নাই। লর্ড হেলডেন, লর্ড রোজবেরী, লর্ড কর্জন[3] প্রভৃতি অনেকে বিশ্ববিদ্যালয়ের উপর কর্ত্তৃত্ব[4] করিয়া থাকেন।

[1] Universities are not only composed of professors; students, too, are a part of them.
[2] *Ni-asta*: pledged; invested to; deposited with.
[3] Lord Haldane, Lord Rosebery, Lord Curzon.
[4] Management; supervision. কর্ত্তৃ, a doer; accomplisher.

বিশ্ববিদ্যালয় কেন শিক্ষা দেয়?

Why do Universities teach?

মিঃ আর্চবোল্ড লিখিয়াছেন, "ইউনিভার্সিটি ষ্টুডেণ্ট নামক যে এক শ্রেণী ছাত্রের উদ্ভব হইয়াছে, তাহার তীব্র প্রতিবাদ করা উচিত মনে করিতেছি।[1] কলেজের সহিত ছাত্রদের সম্পর্ক ছিন্ন হইলে[2] ছাত্রদের অকল্যাণ হয়, কলেজের অকল্যাণ হয় চরমে বিশ্ববিদ্যালয়েরও অকল্যাণ হয়।" কিয়দ্দিন পূর্ব্বে রাজপুরুষেরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে এই অভিযোগ করিতেন যে, "ইহা কেবল পরীক্ষা গ্রহণ করে, শিক্ষাদান করে না।"[3] কলিকাতা বিশ্ববিদ্যালয় শিক্ষাদানের ব্যবস্থা করিয়াছেন, আর অমনই মিঃ আর্চবোল্ড বলিতে আরম্ভ করিয়াছেন "ইহার তীব্র প্রতিবাদ করা উচিত।" কে না জানে যে কলেজে এম, এ পড়া অসম্ভব হইয়াছে। অতি অল্পসংখ্যক ছাত্রই কলেজে এম, এ ক্লাশে ভর্ত্তি হইতে পারে। বিশ্ববিদ্যালয় এম, এ পড়ার অত্যন্ত সুবিধা করিয়া দিয়াছেন। এজন্যও কি বিশ্ববিদ্যালয়ের নিন্দা করিতে হইবে?

[1] I think a vigorous opposition should be made to the creation of a class of learners known as "University students."
[2] If the relation of students with their college is severed.
[3] It only examines, it does not teach.

মিঃ আর্চবোল্ড অধ্যাপকদের নিকট বেশ একটু টোপ[1] ফেলিয়াছেন। বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃত্ব ভার প্রিন্সিপাল ও অধ্যাপকদের হস্তে অর্পণ করা উচিত, এই আপাতঃ মনোহর প্রস্তাব[2] উপস্থিত করিয়া তিনি অনেক গর্হিত[3] ও অনিষ্টকর প্রস্তাবে অধ্যাপকদের সম্মতি গ্রহণের চেষ্টা করিয়াছেন। এই চতুরতা বুঝিতে কোন অধ্যাপকেরই এক মুহূর্ত্ত সময় লাগিবে না।[4]

মিঃ আর্চবোল্ড রমণা হইতে পত্র লিখিয়াছেন, অধ্যাপকগণ তাঁহার প্রস্তাব প্রত্যাখ্যান[5] করিয়া রমণায় পাঠাইয়া দিবেন তাহাতে আর কোন সন্দেহ নাই।[6]

শিক্ষা সংহারের জন্য চারিদিকে যে আয়োজন হইতেছে, তাহা দেখিয়া আমরা বড় চিন্তাকুল হইয়াছি।[7]

[1] Bait.
[2] *Āpātah manas-har prastāv* : at present enticing proposal—proposal which pleases at first hearing.
[3] *Garhita*, (from *garha*, to censure) blamable.
[4] It will not take any professor a moment to understand this deceitful proposal.
[5] *Prati-ākhyān :* refusal.
[6] "Mr. Archbold has written his circular from a place called Ramṇā. Teachers will reject his proposals and will send it to Ramṇā, of that we have no doubt." *Ramṇā* is the new city at Dacca built for the capital of Eastern Bengal and Assam.
[7] We are rendered anxious by seeing the arrangements made on every side for the destruction of education.

৩৫০ ভারতবাসীর দশা।

The condition of 350 Indians.

৩৫০ ভারতবাসী কোমাগাটা জাহাজে কানাডা যাত্রা করিয়াছিল, এক মাসের পর জাহাজ কানাডার নিকট উপস্থিত হইয়াছিল, কিন্তু গবর্ণমেণ্টের আদেশে জাহাজ তীরে ভিড়িতে[1] পারিল না। কানাডার ভারতবাসিগণ স্বদেশীদিগকে জাহাজ হইতে নামাইবার জন্য কত চেষ্টা করিলেন. সকল চেষ্টা ব্যর্থ[2] হইল। অবশেষে বিচারাদালতের শরণাপন্ন[3] হইলেন। বিচারকেরা বলিলেন, ভারতবাসিগণ যে জাহাজে স্বদেশ হইতে যাত্রা করিয়াছিল, সেই জাহাজে কানাডা আইসে নাই, অতএব আইনের বিধান অনুসারে তাহাদিগকে জাহাজ হইতে অবতরণ[4] করিতে দেওয়া হইবে না।

[1] To draw near ; moor.
[2] *Vi-artha :* without result.
[3] *Saran-ā-pad-na :* refuge-adopting, taking refuge.
[4] *Ava-taran :* descending ; cf *avatār*.

কানাডার আদালত হুকুম দিয়াছেন, ৩৫০ জন যাত্রী লইয়া কোমাগাটা জাহাজ পুনরায় চীন দেশে প্রত্যাবর্ত্তন[1] করুক। কিন্তু কোমাগাটা জাহাজ সে হুকুম তামিল[2] না করাতে শতাধিক সশস্ত্র পুলিস জাহাজখানাকে তাড়াইয়া দিবার জন্য গত রবিবার জাহাজে উঠিবার চেষ্টা করিয়াছিল। ভারতবাসিগণ যে যাহা হাতে পাইয়াছিল তাহা লইয়া সশস্ত্র পুলিসকে আক্রমণ করে। পুলিসের বড়কর্ত্তা[3] ও আরও অনেক পুলিস আহত হইয়া প্রস্থান করিয়াছে।

পুলিসের পরাজয় সংবাদ পাইয়া গবর্ণমেণ্ট "রেনবো" নামক যুদ্ধ জাহাজের অধ্যক্ষের[4] উপর এই হুকুম দিয়াছেন যে নৌ-সৈনিকগণ কোমাগাটা জাহাজ আক্রমণ করিয়া ভারতবাসীদিগকে "এম্প্রেস অব জাপান" নামক জাহাজে ধরিয়া আনিবে এবং ৩৫০ জন ভারতবাসী লইয়া "এম্প্রেস অব জাপান" চীন দেশাভিমুখে যাত্রা করিবে।

এই ধরাধরি ব্যাপারটা কি ভাবে নির্ব্বাহ হইয়াছে, সে খবর আমরা পাই নাই। ভারতবাসী যাত্রীদের মধ্যে রণনিপুণ, বহু যুদ্ধে ক্ষত দেহ[5] অনেক শিখ সৈন্য আছে। তাহারা যে সহজে বশীভূত হইবে, তাহা মনে হয় না। যাহা হউক রক্তগঙ্গা[6] প্রবাহিত না হইলেই ভাল।

একদিকে রণের আয়োজন হইয়াছে, অপর দিকে নির্ব্বাসনের হুকুম অমান্য করাতে জাহাজের কাপ্তান ও যিনি জাহাজ ভাড়া করিয়াছিলেন, তাঁহার বিরুদ্ধে আদালতে মোকদ্দমা উপস্থিত করা হইবে। যাত্রিগণ বলিতেছে, তাহাদের আহার সামগ্রী[7] নাই, হংকং ফিরিয়া যাইতে এক মাস সময় লাগিবে, তাহাদের আহার সামগ্রী না দিলে তাহারা জাহাজ ছাড়িতে দিবে না। জাহাজের কাপ্তান বলিতেছেন, জাহাজে খাদ্য সামগ্রী নাই, আহার না পাইলে যাত্রিগণ বিদ্রোহী হইবে. অতএব কানাডা গবর্ণমেণ্ট যদি আহার সামগ্রী দেন, তবে তিনি জাহাজ ছাড়িতে[8] পারেন। কানাডা গবর্ণমেণ্ট বলিতেছেন, তাঁহারা আহার সামগ্রীর বন্দোবস্ত করিতে পারিবেন না।

জাহাজের মধ্যে বালক বৃদ্ধ অনেক আছে; আহার সামগ্রী না পাইলে ইহারা কানাডার তীর হইতে এক পদও নড়িবে না,[9] এই বলিয়া জেদ করিয়াছে।

[1] *Prati-ā-vartān* : re-ad-vert, *i.e.*, return.
[2] P. Obeying, accomplishing.
[3] *Baṛa-kartā* : Chief leader.
[4] *Adhi-akṣa* : 'over-seer,' *i.e.*, commander. [*adhas=sub* ; *adhi=super.*]
[5] *Kṣata-deha* : (with) scarred bodies : (bahu-vrīhi samāsa).
[6] *Rakta-gaṅgā* : 'blood-river,' river of blood, blood-shed.
[7] Materials for food.
[8] To loose, unmoor.
[9] "Will not stir a foot".

নৌসৈন্য ও শিখযাত্রীর সংগ্রামের পরিণতি কি হইবে, তাহা চিন্তা করিয়া অনেকে উদ্বিগ্ন হইয়াছেন। ব্রিটিশ সাম্রাজ্যে ভারতবাসীর লাঞ্ছনা দেখিয়া অনেকে উত্তপ্ত হইয়া উঠিতেছেন ইহার ফল কি হইবে, তাহাও জানি না।

আমাদের পরামর্শ এই যে ব্রিটিস সম্রাজ্যের সর্ব্বত্র কানাডা ও অষ্ট্রেলিয়া, নিউজিল্যাণ্ড ও দক্ষিণ আফ্রিকার বাসিন্দারা[1] যেমন অবাধে[2] যাতায়ত করিতে পারে, ভারতবাসীরও ঠিক তদ্রূপ অধিকার থাকা চাই। ব্রিটিস সম্রাজ্যের সমস্ত স্থানের লোক ভারতবর্ষে আসিয়া যাহা ইচ্ছা তাহা করিতে পারে, ভারতবাসী কেন তাহাদের দেশে যখন ইচ্ছা তখন যাইতে পারিবে না। ব্রিটিস সাম্রাজ্যের সমুদয় দেশের লোক ভারতবর্ষে জজ ম্যাজিষ্ট্রেট হইতেছে, বাণিজ্য ব্যবসায় করিয়া লক্ষপতি[3] হইতেছে, ভারতবাসী কখনও এমন কথা বলে নাই, 'উহারা আমাদের দেশে আইসে কেন? ভারতবাসী যে উদারতা[4] মহানুভবতা[5] দেখাইতেছে, ব্রিটিস সাম্রাজ্যের সমস্ত দেশের লোক ভারতবাসীর প্রতি সেইরূপ উদারতা প্রদর্শন করুক, ভারতবাসী ইহাই চায়। এই উদরতা দূরে থাকুক, ভারতবাসীর প্রতি ভদ্র ব্যবহারও করা হইতেছে না। ভারত-বাসীকে অনুদার হইতে শিক্ষা দেওয়া কি ব্রিটিস সাম্রাজ্যের মঙ্গলের কারণ হইবে? আমরা সকলকে এই কথা চিন্তা করিয়া দেখিতে অনুরোধ করি।

[1] *P. bāshindah :* resident, native.
[2] *A-bādhe :* without impediment.
[3] *Laksa-pati :* 'lakh-lords,' millionaires.
[4] Generosity.
[5] Magnanimity.

ঢাকায় গোয়েন্দা হত্যা।

The Murder of an Informer at Dacca.

বকল্যাণ্ড বাঁধ[1] ঢাকার নদীতীরবর্ত্তী অতি মনোহর রাজপথ। শত শত লোক—বালক বৃদ্ধ যুবক প্রতিদিন সান্ধ্য সমীরণ সেবনের জন্য[2] এই স্থানে সমবেত হন। বহু পুলিস গুপ্ত বেশে[3] ও প্রকাশ্য বেশে[4] ভ্রমণ করিতে করিতে জনসাধারণের গতি বিধি পর্য্যবেক্ষণ[5] করে; এমন জনপূর্ণ স্থানে গত রবিবার সন্ধ্যা ৭ ঘটিকার সময় রিভলভারের গুলিতে রামদাস নামক এক গুপ্তচর[6] নিহত হইয়াছে। ১৯এ জুন সন্ধ্যার পর পুলিশের গুপ্তচর নগেন্দ্র

[1] The Buckland Bund.
[2] To enjoy the evening breeze.
[3] In disguise.
[4] Lit. 'overt costume,' *i.e.*, uniform.
[5] *Pari-ava-īksan :* scrutiny.
[6] Spy.

নাথ রায় সত্যেন্দ্র ও বিজয় নামক দুই যুবকের সহিত চট্টগ্রামের প্রকাশ্য রাস্তা দিয়া যাইতেছিল, তখন গুলির আঘাতে সত্যেন্দ্র হত হয়। ঠিক তাহার এক মাস পরে ১৯এ জুলাই সন্ধ্যার পর পুলিসের গুপ্তচর রাম দাস কনষ্টেবল শরৎ সমাদ্দার গোয়েন্দা-পুলিসের সুপারিন্টেণ্ডেণ্ট বাবু বসন্তকুমার চট্টোপাধ্যায়ের সহিত যখন বকল্যাণ্ড বাঁধ দিয়া যাইতেছিল তখন গুলির আঘাতে রামদাস নিহত হইয়াছে। নগেন্দ্র তখন তথায় উপস্থিত ছিল কি না জানি না, কিন্তু সে যে সে দিন ঢাকায় ছিল, তাহা জানা গিয়াছে।

রবিবার সন্ধ্যাকাল সুরম্য নদীতীরে বহু জনতা। ঢাকার প্রসিদ্ধ ধনী রূপবাবুর বাটীর সম্মুখে হঠাৎ রিভলভারের আওয়াজ হইল—এক দুই করিয়া সাতবার আওয়াজ হইল—লোকে প্রাণভয়ে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল। ৩টা গুলি রামদাসের দেহে বিদ্ধ হইল—একটা স্কন্ধে, একটা বুকে, একটা হাটুতে বিদ্ধ হইল, রামদাস তৎক্ষণাৎ ভূতলে পড়িয়া প্রাণত্যাগ করিল। শরৎ সমাদ্দার বাবু বসন্তকুমার চট্টোপাধ্যায়ের সঙ্গে সঙ্গে ফিরিত, সে আততায়ীর[1] হাত ধরিল। আততায়ী তাহার কপাল লক্ষ্য করিয়া গুলি করিল, গুলি কপালে বিদ্ধ হইল না কিন্তু কপালের চর্ম্ম দগ্ধ করিয়া[2] চলিয়া গেল। শরৎ আতঙ্কে ধরণীতলে পতিত হইল—আততায়ী পলাইয়া গেল। বসন্ত বাবু তখন এক লম্ফে বাঁধের উপর হইতে বুড়ীগঙ্গা[3] নদীতে পড়িয়া প্রাণ বাঁচাইলেন। আততায়ীর পশ্চাদ্ধাবিত[4] হইবার আর কেহ ছিল না, যে যাহার প্রাণ লইয়া পলাইয়া যাইতেছিল সুতরাং আততায়ী নির্ব্বিঘ্নে চলিয়া গেল।

জনরব এই, আততায়ীরা সংখ্যায় ৬ জন ছিল। তাহাদের ৩ জনের হাতে রিভলভার, ৩ জন খালি হাতে ছিল। তাহারা কোন্ দিকে গেল, কেহই তাহা বলিতে পারে না।

নিহত গুপ্তচর রামদাসের ইতিবৃত্ত[5] প্রকাশিত হইয়াছে। তাহার প্রকৃত নাম উমেশচন্দ্র দে, নিবাস ময়মনসিংহ জেলার অন্তর্গত নেত্রকোণা।[6] উমেশ গোলোকপুরের জমিদার কুমার উপেন্দ্রচন্দ্র চৌধুরীর বাড়ীর বাজার-সরকারী[7] কর্ম্ম করিত। তাহার পিতার ব্যবসা তাই।

১৯০৬ সালে কুমার বাহাদুরের ৬।৭টা বন্দুক চুরি হয়। উমেশের উপর সন্দেহ হওয়াতে সে গোলোকপুর হইতে পলায়ন করিয়া মাণিকগঞ্জের

[1] Assassin.
[2] Scorching.
[3] Buri Gangā : the river which runs under Dacca.
[4] *Pa'scāt dhāvita* : pursuing.
[5] *Iti-vṛtta :* 'this description,' history.
[6] *Netrokona*, a subdivision of Mymensingh.
[7] *Bāzār-Sarkār :* steward, caterer.

নিরাশ্রয় জনের প্রতিপালক[1] বাবু রজনীকান্ত বসাকের বাটীতে নাম বদলাইয়া আশ্রয় গ্রহণ করে। উমেশ এই সময় রামদাস নামে পরিচিত হয়।

রামদাস যখন মাণিকগঞ্জে বাস করিতেছিল, তখন কেদারপুরে খুব বড় ডাকাইতি হয়। রামদাসের উপর পুলিসের সন্দেহ হইয়াছিল। রজনী বাবুর মুহুরীর সাহায্যে পুলিস রামদাসকে গ্রেপ্তার করে। কিন্তু প্রমাণাভাবে[2] তাহার বিরুদ্ধে কোন মোকদ্দমা উপস্থিত করা হয় নাই।

গত ফেব্রুয়ারী মাসে সে ময়মনসিংহ উপস্থিত হয়। তখন সে পুলিসের গুপ্তচর হইয়াছে—তাহার বিরুদ্ধে বন্দুক চুরীর অভিযোগ প্রত্যাহার[3] করা হইল।

রামদাস ফরিদপুর ষড়যন্ত্র মোকদ্দমায় আসামী শ্রেণীভুক্ত হইয়া পুলিসের বিশেষ সাহায্য করিয়াছিল। এই মোকদ্দমা প্রমাণাভাবে প্রত্যাহৃত[4] হওয়ার পর রামদাস কলিকাতার গোয়েন্দা পুলিসের দলভুক্ত হয়।

চট্টগ্রামের হত্যাকাণ্ডের পর বাবু বসন্তকুমার কলিকাতার কতিপয় গোয়েন্দা ও রামদাস গুপ্তচরকে লইয়া ঢাকায় গিয়াছিলেন। রামদাস ঢাকা হইতে প্রাণ লইয়া ফিরিতে পারিল না।

পুলিস হত্যাকারীকে ধরিবার জন্য নানা প্রকার চেষ্টা করিতেছে। তাঁতীবাজারের হোমিওপ্যাথি[5] স্কুল ও তাহার ছাত্রাবাস তল্লাস করা হইয়াছে। ঐ স্কুলের ৬ জন ছাত্রকে গ্রেপ্তার করা হইয়াছিল, ২ জনকে তৎক্ষণাৎ আর ৪ জনকে পরদিন মুক্তি দেওয়া হইয়াছে।

ঢাকার ইন্স্পেক্টার ব্রজবিহারী বর্ম্মণের আরদালীর[6] কথার উপর নির্ভর করিয়া ঢাকা কলেজের দ্বিতীয় বার্ষিক শ্রেণীর ছাত্র[7] রসিকরঞ্জন ভট্টাচার্য্য, বরেন্দ্রচন্দ্র গাঙ্গুলী ও কুমিল্লানিবাসী রেবতী নামক এক যুবককে গ্রেপ্তার করা হইয়াছে। আরদালী বলিয়াছে, রবিবার বৈকালে সে ঐ তিন জনকে জেনারল পোষ্টাফিসের নিকট দেখিয়াছিল। রেবতীর উপর পুলিসের নজর বহুদিন হইতে ছিল। তাহার সঙ্গে রসিক ও বরেন্দ্রকে দেখিয়া তাহাদিগের ৩ জনকেই হাজতে আটকাইয়া রাখা হইয়াছে।

কলিকাতা চট্টগ্রাম, ঢাকা ময়মনসিংহ প্রভৃতি নানা স্থানে যে প্রণালীর নরহত্যা হইয়াছে, ইহা বঙ্গদেশে এক অভিনব ব্যাপার। এই নরহত্যার কারণ নির্ণয় করিয়া তাহা দমনের চেষ্টা করা অতি প্রয়োজন। নরহত্যা দ্বারা কাহারও কখনও মঙ্গল হয় না।

[1] That patron of the homeless.
[2] *Pramāna-a-bhāve:* for want of proof.
[3] *Prati-ā-hār:* with-draw-al.
[4] *Prati-ā-hṛta:* withdrawn.
[5] E. Homœopathy.
[6] E. Orderly.
[7] Student of the second-year class.

লেডী হার্ডিংএর স্মৃতিরক্ষা।

The commemoration of Lady Hardinge.

যিনি জনপ্রিয় রাজপ্রতিনিধি লর্ড হার্ডিংএর সহধর্ম্মিণীরূপে নানাবিধ সদনুষ্ঠানে[1] নিযুক্ত ছিলেন, যিনি সতী সাধ্বী স্ত্রীরূপে অপূর্ব্ব ধৈর্য্য সহকারে[2] আহত স্বামীর সেবা করিয়াছিলেন, যাঁহার মন হাঁস্পাতালের দরিদ্র রোগী-দিগের জন্য কাঁদিয়া উঠিত, যিনি দিল্লীনগরীতে মহিলাদিগের জন্য চিকিৎসা-বিদ্যালয় স্থাপন করিয়া ভারতে স্ত্রীচিকিৎসকের অভাব ঘুচাইবার জন্য সচেষ্ট হইয়াছিলেন, যাঁহার ইঙ্গিতে স্বনামধন্যা[3] ডাক্তার মিস্ যামিনী সেন ডাফরিণ হাঁস্পাতালে নিযুক্তা, যিনি রাজপ্রতিনিধির গৃহে গৃহিনী ও রাজকার্য্যে পরামর্শদাত্রী ছিলেন তাঁহার অকস্মাৎ পরলোক গমনের বার্ত্তা সকলকে বিষাদ-সাগরে নিমজ্জিত করিয়াছে।

শীঘ্রই নানাস্থানে শোক-সভার অধিবেশন হইবে এবং স্মৃতি রক্ষার নানারূপ প্রস্তাব হইবে। লর্ড হার্ডিংএর পূর্ব্বপুরুষ পিতামহ যখন ভারতে রাজপ্রতিনিধি ছিলেন, তখন ভারতবাসীর শিক্ষা বিস্তারের জন্য শতাধিক বঙ্গবিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছিলেন, সেই হার্ডিং বঙ্গবিদ্যালয় সমূহ এককালে সহস্র সহস্র শিক্ষার্থীকে জ্ঞানের আলোক প্রদান করিত। আমরা আশা করি, বঙ্গদেশের নানাস্থানে লেডী হার্ডিংএর স্মৃতিরক্ষার জন্য লেডী হার্ডিং বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে এবং উপযুক্ত ছাত্রীদিগকে বৃত্তি প্রদান করিয়া উচ্চ শিক্ষার পথ প্রশস্ততর[4] করিয়া দেওয়া হইবে। বঙ্গদেশের একমাত্র মহিলা কলেজ বেথুন বিদ্যালয়ে লেডী হার্ডিংএর নামে বিজ্ঞান বিভাগ[5] খোলা হইবে এবং লেডী হার্ডিংএর নামে অধ্যাপক নিযুক্ত করা হইবে।

আমরা এই প্রস্তাবের সমর্থন করিবার জন্য সমুদয় দেশবাসীকে আহ্বান করিতেছি। আশা করি গবর্ণমেণ্ট, শিক্ষা বিভাগের ডিরেক্টর মিঃ হর্নেল, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলার ডাঃ সর্ব্বাধিকারী প্রভৃতি এই প্রস্তাবটি যাহাতে বিফলে না যায় তাহার চেষ্টা করিয়া লেডী হার্ডিংএর সুনাম ও সুযশ রক্ষা করিবেন।

শ্রীসুখময় দাস গুপ্ত,
কাকিনা।

[1] *Sat-anu-sthān :* good institutions.
[2] With unequalled patience, fortitude (dhīr).
[3] *i.e., nij nāme praśaṁsanīyā :* 'laudable in her own name,' 'herself a distinguished person,' as opposed to one who is the wife or daughter of a distinguished person.
[4] *Praśasta-tar :* wider, more open.
[5] Science Department.

সমুদ্র যাত্রা।

Sea-voyage.

সময়শ্চাপি সাধূনাং
প্রমাণং বেদবদ্ভবেৎ।

সমুদ্রযাত্রা সম্বন্ধে মীমাংসা করিতে হইলে শাস্ত্রে সমুদ্র পার হওয়া সম্বন্ধে কি লিখিত আছে জানা কর্ত্তব্য। ভিন্ন ভিন্ন পণ্ডিতগণের বিচার দেখিলে জানা যায় যে কেবল মাত্র এক বচনের উপর এই তর্কের ভিত্তি[1] স্থাপিত। সে বচন বৃহন্নারদীয় পুরাণে দেখিতে পাওয়া যায় এবং তাহার পাঠ এইরূপ।

সমুদ্রযাত্রাস্বীকারঃ কমণ্ডলুবিধারণম্।
ইমান্ ধর্ম্মান্ কলিযুগে বর্জ্জ্যানাহুর্মনীষিণঃ।

(২২ শ অধ্যায়—১৩—১৬)

কেহ কেহ বলেন "সমুদ্রযাত্রা" পদটিতে লিপি প্রমাদ[2] ঘটিয়াছে, ইহা হওয়া উচিত—"সমুদ্রযাতুঃ;" এই পাঠান্তর[3] হেতুই তর্কের উৎপত্তি। প্রথম পাঠের অর্থ এই যে সমুদ্রযাত্রারূপ ধর্ম্ম গ্রহণ বর্জ্জন করিবে, সমুদ্রযাত্রা এব ধর্ম্মঃ স্বীকারঃ (গ্রহণং) বর্জ্জ্যম্। সমুদ্রযাত্রা পদ দ্বারায় ব্রত বিশেষকে উল্লেখ করিতেছেন[4]। দ্বিতীয় পাঠের অর্থ আমি কোন পণ্ডিত প্রবরের[5] বিচার হইতে উদ্ধৃত[6] করিতেছি; তাঁহার মতে এ পাঠের অর্থ এই যে "সমুদ্রযাত্রাকারীর স্বীকার অর্থাৎ সমাজে গ্রহণ * * বর্জ্জন করিবে।" এই দুই পাঠ ও অর্থভেদ দেখিলে কোথায় লিপি প্রমাদ ঘটিয়াছে বুঝিতে মুহূর্ত্তেক বিলম্ব হয় না। "স্বীকার" অর্থে সমাজে গ্রহণ কিরূপে হয়? যদিই হইল, "স্বকার" কি প্রকারে বর্জ্জন করা যাইতে পারে।[7] কমণ্ডলু ধারণ রূপ ধর্ম্ম বর্জ্জন করা যাইতে পারে; দ্বিজগণের পক্ষে অসবর্ণের সহিত বিবাহ রূপ ধর্ম্ম (আচার) বর্জ্জন করা যাইতে পারে, কিন্তু স্বীকার (সমাজে গ্রহণ) রূপ ধর্ম্ম কিরূপে বর্জ্জন করিতে পারা যায়? সমুদ্রযাত্রা অর্থাৎ সমুদ্র পার হইয়া দেশান্তর যাওয়াও ধর্ম্ম বা আচার হইতে পারে না। সমুদ্রপথে

[1] The foundation of this dispute.
[2] Slip of the pen.
[3] *Pātha-antar:* other reading, different version.
[4] "By the word *Samudra-yātrā* he means a particular vow (and not sea-voyage).
[5] *Pra-var:* very eminent.
[6] Quote, extract.
[7] "Even if it were so, how can an 'acceptance' become relinquished, abandoned?"

দেশান্তরে যাতায়াত নিষিদ্ধ করা উদ্দেশ্য হইলে, প্রকৃষ্ট ভাবেই[1] লেখা থাকিত যে সমুদ্রপথে যাতায়াত নিষিদ্ধ কর্ম্ম এবং সে প্রকার গমনকারীকে বর্জ্জন করিবে। স্মরণ রাখিতে হইবে যে, শাস্ত্রকার লিখিয়াছেন "ইমান্ ধর্ম্মান্ বর্জ্জ্যান্",—এই সমস্ত ধর্ম্ম বা আচার বর্জ্জন করিবে। অধিকন্তু এ প্রকার অর্থ করিতে হইলে ভাষার গোলযোগ ঘটে[2]। স্বীয় মত সমর্থন ভিন্ন এ প্রকার কুট অর্থের কোন প্রয়োজনতা দৃষ্ট হয় না। ফলতঃ এ অর্থ সম্ভবপর নহে। কিন্তু সমুদ্রযাত্রা রূপ ধর্ম্ম স্বীকার (গ্রহণ) করিবে না অর্থ করিলে বচনের অন্বয়[3] থাকে এবং কোন প্রকার গোলযোগও উপস্থিত হয় না। উভয় মধ্যে ইহাই সরল ভাষার সরল ব্যাখ্যা[4] এবং সমুদ্র যাত্রা রূপ ব্রতই যে এ স্থলে উদ্দিষ্ট হইয়াছে সে বিষয় কোন সন্দেহ থাকে না। প্রয়োজন ব্যতিরেকে দ্বিতীয় পাঠ স্বীকার করিবার কোন কারণ দেখি না। শব্দ-কল্পদ্রুম[5] প্রভৃতি অপরাপর প্রকাশিত গ্রন্থেও "সমুদ্রযাত্রা" পাঠ দেখা যায়। লিপি প্রমাদ আপত্তি চলে না। যদ্যপি ব্যাকরণার্থে লিপি প্রমাদ বা অপর কোন কারণ বশতঃ দ্বিতীয় পাঠ শ্রেয়স্কর বিবেচনা করা যায় তথাপি পূর্ব্বোল্লিখিত অর্থ সমর্থন করা যায় না। সমুদ্রযাত্রাকারী অর্থে সমুদ্র পার হইতে প্রত্যাগত ব্যক্তিকে কিরূপে বুঝাইতে পারে[6]? বরং সেই ব্যক্তিকে বুঝাইবে যে কেবল সমুদ্রযাত্রা সঙ্কল্প করিয়া সমুদ্রে গিয়া পুনরায় প্রত্যাগত হইয়াছে। সমুদ্রে গিয়া জলধিগর্ভে[7] প্রাণ বিসর্জ্জন দেওয়া সমুদ্রযাত্রার উদ্দেশ্য ব্রত ছিল। কিন্তু যদি এই ব্রত স্বীকারী কোন ব্যক্তির মৃত্যু না ঘটে বা যে কোন কারণ বশতঃ সেই ব্যক্তি প্রাণ বিসর্জ্জন না করিয়া সমাজে প্রত্যাগত হয়, তাহাকে সমাজে গ্রহণ করিবে না ইহাই বচনের অর্থ হইবে। শাস্ত্রে সমুদ্রযাত্রার উল্লেখ বিরল, কিন্তু যেখানেই উল্লেখ আছে সেইখানেই, অন্যতর বিশেষ কারণ উপস্থিত না থাকিলে, সমুদ্রযাত্রা পদে ব্রতার্থে বা প্রায়শ্চিত্তার্থে সমুদ্রযাত্রা বুঝাইবে[8]। কেবল ব্রাহ্মণের এই প্রায়শ্চিত্তে অধিকার ছিল, অপর জাতির অধিকার ছিল না। এই জন্যই উল্লেখ আছে যে

[1] In explicit fashion.

[2] A confusion of language results.

[3] *Anu-ay :* logical sequence.

[4] Simple explanation of a simple phrase.

[5] *S'abda-kalpa-druma :* "the plenty-tree of words"; the name of a famous Sanskrit dictionary (The *kalpa-vrksa* or *kalpa-taru* is the tree of plenty in Indra's heaven, of which frequent mention is made in talk and literature.)

[6] "How can 'a traveller to the sea', be construed as a person returned from crossing the sea?"

[7] *Jaladhi-garbha :* the depths of the ocean.

[8] You must construe *samudra-yātrā* in the sense of a vow or penance.

"দ্বিজস্যাব্ধৌ তু নৌযাতুঃ শোধিতস্যাপি সংগ্রহঃ" বা "দ্বিজস্যাব্ধৌ তু নির্য্যাণং শোধিতশ্যাপি সংগ্রহঃ।" *

* সমুদ্রযাত্রা ব্রতস্বীকারী গৃহসংসার পরিত্যাগ করিয়া কিছুকাল নির্দ্দিষ্ট নিয়মানুসারে সমুদ্রকূলে বাস করিতেন। তদন্তর জলপ্রবেশপূর্ব্বক প্রাণ বিসর্জ্জন দিতেন। অনশন,[1] মহাপ্রস্থান[2] ইত্যাদির মত ইহা মরণান্তিক ব্রত।[3] বৃহন্নারদীয় পুরাণের[4] উক্ত শ্লোকসমূহে এই সকল একত্র উল্লিখিত আছে।

সমুদ্রপথে দেশান্তরে যাতায়াত কোথাও নিষিদ্ধ নাই। সমুদ্রপথে বা জলযানে[5] গমনাগমনের কথা সর্ব্বত্র পাওয়া যায়। মহাভারত, পুরাণাদি, সংহিতাদি[6] শাস্ত্রগ্রন্থের নানা স্থানে ইহার পরিচয় পাওয়া যায়। মনুসংহিতায়[7] সামুদ্রিক ব্যব্যসায়ের[8] উল্লেখ দেখা যায়। যে বিষয়ে এ প্রকার ভূরি ভূরি প্রমাণ রহিয়াছে তাহা কখনও নিষিদ্ধ কর্ম্ম হইতে পারে না। ঐতিহাসিক প্রমাণের কথাই নাই। পুরাকালে ও এই কলিযুগে হিন্দু বঙ্গবাসীরা জলযানে পূর্ব্বে সুদূর যব[9] প্রভৃতি দ্বীপে, পশ্চিমে সুদূর মিসর[10] প্রভৃতি দেশে বাণিজ্য করিবার জন্য সদাই যাতায়াত করিতেন। "শ্রীমন্ত সওদাগরের" উপাখ্যান[11] বঙ্গদেশে কাহার অবিদিত? এই সমুদ্রের উপরি কমলা[12] শ্রীমন্তকে দর্শন দিয়াছিলেন। শ্রীমন্ত সওদাগর বা অপরাপর সমুদ্রযাত্রাকারীরা প্রত্যাগত হইলে সমাজে অব্যবহার্য্য[13] হইয়াছিলেন. বা সমুদ্রগমনের জন্য বিশিষ্ট কোন প্রায়শ্চিত্ত করিয়াছিলেন তাহার প্রমাণ দেখা যায় না। বঙ্গদেশের হিন্দু রাজাগণও কখন কখন দেশজয় মানসে[14]

[1] Fasting to death.

[2] *Mahā-prasthān :* great departure, a going away to die. It forms the subject-matter of a *parva* or section of the Mahābhārata.

[3] *Marana-antik :* Ending in dying ; suicidal vows.

[4] The Brihan Nāradiya Purāṇa. This is a work that purports to give the mythical sage Nārada's description of the duties observed in the Brhat Kalpa. It is a sectarial composition written to support the doctrine of Bhakti or faith in Viṣṇu, and may even have been written in Mohammedan times.

[5] *Jala-yāna :* a water conveyance.

[6] *Saṁhita*, a complete collection of prayers, hymns, laws, etc., of one author.

[7] Manu-saṁhita or Institutes of Manu, the well-known law book.

[8] Sea trade.

[9] Java.

[10] Egypt.

[11] The famous tale of Śrīmanta, the merchant, which forms the 3rd canto of the Caṇḍī of the famous poet Kavi-Kaṅkan Mukunda Rām Cakravarti. Parts of this have been translated into English by the late Professor E. B. Cowell.

[12] A name of the goddess Lakṣmī.

[13] Outcasted, lit., un-acceptable.

[14] With a mind to conquer countries.

সমুদ্র অতিক্রম করিয়াছিলেন। যুবরাজ বিজয় সিংহের লঙ্কা জয় বিষয় স্কুলপাঠী বালকগণও বিদিত আছে। বঙ্গবাসীরা এককালে বিখ্যাত নাবিক ছিল। এই সমস্ত বিচার করিলে কোন সময় সমুদ্রযাত্রা বিষয়ে শাস্ত্রীয় প্রতিবন্ধক [1] ছিল বলিয়া মনে হয় কি ?

কোন কোন সমুদ্রযাত্রাবিরোধী [2] বলেন যে. শাস্ত্রে অনেক কথা লেখা আছে এবং শাস্ত্রকার [3] মহর্ষিগণ [4] এ প্রকার কর্ম্ম সময় বিশেষে [5] করিয়াছেন যাহা এ কালে ও সাধারণ লোকের পক্ষে গর্হিত কর্ম্ম বলিয়া গণ্য এবং এই দৃষ্টান্তে নির্দ্দেশ করেন যে সমুদ্রযাত্রা (পার হওয়া) পুরাকালে [6] প্রচলিত থাকিলেও এখন তাহা বিহিত কর্ম্ম নহে। সমুদ্রপথে যাতায়াত সম্বন্ধে এ তুলনা যুক্তিসঙ্গত [7] হয় নাই। বিশেষ সামুদ্রিক ব্যবসায়ের উল্লেখ থাকাতে বুঝিতে হইবে যে সামান্য লোকের পক্ষেও একালে সমুদ্রযাত্রা নিষিদ্ধ কর্ম্ম নহে।

বিরোধিগণের ব্যাখ্যা স্বীকার করিতে হইলে সমুদ্র অতিক্রম করা একটি মহা পাপ বলিয়া মানিতে হয়। পাপ কাহাকে বলে. কি কর্ম্মে পাপ অনুষ্ঠান হয়, ও সমুদ্রে যাতায়াতে পাপ কর্ম্মের লক্ষণ আছে কি না স্থির করিলেই সমুদ্রযাত্রায় পাতকতার [8] মীমাংসা হইবে। "পাতি রক্ষতি অস্মাৎ আত্মানং ইতি পা পানী বিষিভ্যঃ পঃ", ইহা হইতে পাপ শব্দের উৎপত্তি। সহজ ভাষায় যাহাতে আত্মা কলুষিত হইবার সম্ভাবনা. যাহাতে আত্মা কলুষিত [9] হয়, তাহাই পাপ। অসৎ ক্রিয়ায় আত্মা কলুষিত হয় সেই কারণে অসৎ ক্রিয়াতে অধর্ম্ম অনুষ্ঠান করা হয় এবং তাহা হইতে অসৎ ক্রিয়া দ্বারায় পাপ অনুষ্ঠান করা হয়। ক্রিয়া দ্বারায় যে প্রকার পাপ হয় চিন্তাতেও তদ্রূপ. কারণ অসৎ চিন্তা দ্বারাও আত্মা কলুষিত হয়। যে ব্যক্তি পাপযুক্ত সেই পাপী, এবং পাপবিশিষ্ট যাহার আত্মা বা পাপে (অধর্ম্মে, আত্মা বুদ্ধি) যাহার সেই পাপাত্মা। সমুদ্র পার হওয়া বিশেষ কর্ম্ম দ্বারায় [10] আত্মা কলুষিত হইতে পারে না. ইহা নিশ্চয়। কাজেই স্বীকার করিতে হইবে যে সমুদ্রপথে দেশান্তরে যাতায়াত পাপ কর্ম্ম নহে। ইহা যদি এত পাপ কর্ম্ম হইত মনুষ্যগণকে ভবসাগর কথিত হইত না. [11] স্বয়ং ভগবানের কর্ণধার নাম

[1] Scriptural objection.
[2] *Samudra-yātrā-virodhī :* opposed to sea-travel.
[3] Writers of Scriptures.
[4] *Mahā-ṛsi-gaṇ :* great sages.
[5] On particular occasions.
[6] In times of old.
[7] In accordance with reason.
[8] Sinfulness.
[9] Defiled : *kaluṣa :* sin.
[10] By the particular act.
[11] "The expression *bhaba-sāgar* (ocean of the world) would not be employed."

হইত না[1]। "স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বং নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ" (নৈমিত্তিক বৈদিক সন্ধ্যা প্রকরণে); "অরণ্যে রণে দারুণে শত্রুমধ্যেঽনলে[2] সাগরে প্রান্তরে রাজগেহে। ত্বমেকা গতির্দেবি নিস্তারহেতু র্নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে॥" (বিশ্বসারতন্ত্রে—আপদুদ্ধরিস্তোত্রে)।* এই সমস্ত যে ভূরি ভূরি উল্লেখ রহিয়াছে, সে সমস্ত কি সমুদ্রযাত্রার পাপের পরিচায়ক? ইহা হইতে স্পষ্টই বুঝা যায় যে সমুদ্রগমন নিষিদ্ধ কর্ম্মও নহে এবং সমুদ্র গমনে পাপ অনুষ্ঠান করাও হয় না; যখন ইহা পাপ নহে তখন ইহার প্রায়শ্চিত্তের আবশ্যকতা নাই।" প্রায়স্য (পাপস্য) চিত্তং বিশোধনং যস্মাৎ, ইতি প্রায়শ্চিত্তং। যে সুকৃত দ্বারা পাপযুক্ত চিত্তকে শোধন করা যায় তাহাকেই প্রায়শ্চিত্ত কহে। ফলতঃ যখন সমুদ্রে গমন দ্বারায় আত্মা কলুষিত হয় না বা সমুদ্র গমনে নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠান করা হয় না, তখন সমুদ্রে গমনের জন্য প্রায়শ্চিত্তের প্রয়োজন নাই; এবং সেই কারণে শাস্ত্রে কোন প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট নাই। বিরোধিগণ যে প্রায়শ্চিত্তের উল্লেখ করেন তাহা সমুদ্রযাত্রা বিশেষ[3] ব্রতভ্রষ্ট[4] দ্বিজগণের পক্ষে বিহিত। ইহা হইতে প্রতীয়মান হয় যে, দ্বিজগণ সমুদ্রযাত্রা বিশেষ ব্রত হইতে বিরত হইবেন; দ্বিতীয়তঃ যদি নিবারণ সত্ত্বেও এবম্বিধ[5] ব্রত স্বীকার করেন এবং পরক্ষে[6] কোন কারণে ভ্রষ্ট হইয়া প্রত্যাগমন করেন তবে তাঁহাদের পক্ষে অধিকতর কঠোর প্রায়শ্চিত্ত নির্দ্দিষ্ট হইল এবং তদ্দ্বারা শোধিত হইলে পর, ব্যবহার্য্য হইবেন।

ভিন্ন ভিন্ন কালের উক্তিও সর্ব্বজনবিদিত বলিয়াই এই গুলি দৃষ্টান্ত স্বরূপ উদ্ধৃত করিলাম।

"দ্বিজস্যাব্ধৌ তু নির্য্যাণং শোধিতস্যাপি সংগ্রহঃ।"

আপাততঃ আমরা কি জন্য সমুদ্র পার হই। আমরা বিদ্যা শিক্ষা বা বাণিজ্য শিক্ষার মানসে সমুদ্র অতিক্রম করিয়া দেশান্তরে যাই। বিদ্যা শিক্ষা সুকৃত। আমাদের শাস্ত্র মতে বিদ্যা অর্জ্জন একটি বিহিত কর্ম্ম অর্থাৎ ধর্ম্ম বা পুণ্য বিশেষ! বিষ্ণুপুরাণে, গারুড়ে দেবীপুরাণে, মৎস্যপুরাণে, শিবধর্ম্মে.

* "ক্ষণমিহ সজ্জনসঙ্গতিরেকা
ভবতি ভবার্ণবতরণে নৌকা॥"

(শ্রীমচ্ছঙ্করাচার্য্য—মোহমুদ্গরে)।

1 "Nor would God himself be known as the *Karṇa-dhār*, the rudder-holder, the steersman."

2 *Satru-madhye-'anale:* among enemies or in fire (শত্রুমধ্যেঽনলে).

3 A particular (vow) called "Samudrajatra."

4 *Vrata-bhrasta:* having broken their vows.

5 *Evam-vidha:* of such nature.

6 Properly *parokse:* lit. beyond sight. Here loosely used to mean, subsequently.

লিঙ্গপুরাণে[1] হিন্দুশাস্ত্র সমূহে বিদ্যাশিক্ষা অতি কর্ত্তব্য কর্ম্ম বলিয়া নির্দ্দিষ্ট আছে। পিতা মাতার পক্ষে পুত্রকে বিদ্যাশিক্ষা দেওয়া কেবল কর্ত্তব্য কর্ম্ম নহে; ইহার ত্রুটি হইলে পাপ সঞ্চয় হয়; যথা বিষ্ণুপুরাণে—

"পুত্রৈরধ্যাপিতা যে চ তে পতন্তি" ইত্যাদি।

বিদ্যাশিক্ষার কর্ত্তব্যাকর্ত্তব্য[2] বিষয়ে বিশেষ আর লিখিবার প্রয়োজন নাই। বিদ্যাশিক্ষার্থ সমুদ্র পারে যাওয়া বিহিত কি না ইহাই আমাদিগের দ্রষ্টব্য।[3] বিদ্যা পদের পৌরাণিক ব্যাখ্যা একালে প্রচলিত হওয়া সম্ভব নহে; যাহাতে জ্ঞান লাভ হয় তাহাই বিদ্যা। জ্ঞান লাভের জন্য আপাততঃ যে সমুদ্র পার হইয়া দেশান্তরে যাওয়া নিতান্ত আবশ্যক এ কথা কেহই অস্বীকার করিবেন না। ইহাতে শাস্ত্রীয় প্রতিবন্ধক থাকা দূরে থাকুক, বাঞ্ছনীয় বলিয়াই উল্লেখ আছে যথা—গরুড় সংহিতায়—

"ভোজনে ভোজনং চিন্তং ন কুর্য্যাচ্ছাস্ত্রসেবকঃ।
সুদূরমপি বিদ্যার্থে ব্রজেৎ গরুড়বেগবান্॥"

ম্লেচ্ছ শিক্ষক বলিয়াও কোন আপত্তি চলে না কারণ নীচ হইতেও শুভকরী বিদ্যা শিক্ষা করিবে ইহাই শাস্ত্রের উপদেশ যথা;—

"শ্রদ্দধানঃ শুভাং বিদ্যামাদদীতবেরাদপি।
অন্ত্যাদপি পরং ধর্ম্মং স্ত্রীরত্নং দুষ্কুলাদপি॥"

যেখানে যে দেশে, যাহার নিকট হউক না কেন বিদ্যাশিক্ষা করিবে এতদ্ভিন্ন এ সমস্ত বচনের[4] অন্য তাৎপর্য্য নাই। আমাদের উচ্চ শ্রেষ্ঠ কর্ম্মে বিদ্যাকে ধর্ম্মতুল্য করিবে বিদ্যাশিক্ষাকে অতীব[5] বিহিত কর্ম্ম বলিয়া উল্লেখ করিবে তাহাতে আর আশ্চর্য্য কি? কেহ কেহ বলেন,- ইংলণ্ড প্রভৃতি দেশে

[1] These Scriptures are :—(1) The Visṇu Purāṇa, the most typica of the Purānas, being a *Pañca-lakṣaṇa Purāṇa*, one which treats of the five specified topics, namely, Primary Creation, Secondary Creation, Genealogies of gods and patriarchs, Reigns of the Manus, and history. It has been translated by Wilson. (2) The Garuda Purāṇa, said to refer to the birth of Garuda, the mystical half-bird half-man on which Visṇu rides. (It is doubtful if this Purāṇa exists). (3) The Devī Bhāgavata Purāṇa, a Śaiva Purāṇa. (4) The Matsya Purāna, so called because it was recited to Manu by Visnu in the form of a fish. (5) The Śiva Purāṇa. (6) The Liṅga Purāṇa, "where Śiva, present in the Agni Liṅga, explains virtue, wealth, pleasure, and final liberation."

[2] *Kartavya-akartavya* : to be done and not to be done.

[3] To be seen.

[4] Sayings, aphorisms, dictums.

[5] *Ati-iva* : excessively, greatly.

গমন করিলে নিন্দিত দেশে যাওয়ার পাতকতা স্পর্শ করে। যে দেশে বর্ণাশ্রম[1] নাই সেই দেশই নিন্দিত দেশ বলিয়া গণ্য ফলতঃ আর্য্যাবর্ত্ত[2] ব্যতীত ভূখণ্ডের[3] সমস্ত অংশই নিন্দিত দেশ বলিয়া গণিতে হইবে। এককালে বঙ্গদেশও নিন্দিত দেশের মধ্যে গণ্য হইত। বিদ্যা শব্দের পৌরাণিক অর্থে কালক্রমে যে প্রকার পরিবর্ত্তন ঘটিয়াছে,[4] "নিন্দিত দেশের" অর্থেও সেই প্রকার পরিবর্ত্তন হওয়া উচিত। নিন্দিত দেশে গমন ভিন্ন যখন স্বদেশের উন্নতি সাধনের উপায়ান্তর নাই, তখন নিন্দিত দেশের অর্থ পরিবর্ত্তন করা নিতান্ত নিন্দার্হ হইবে না। ইহাও এস্থলে আমার বলিয়া রাখা উচিত যে, নিন্দিত দেশ গমনে কেবল ব্রাহ্মণের পক্ষে পুনরুপনয়ন[5] বিশেষ প্রায়শ্চিত্তের বিধি আছে, ও অতিচিরবাসে[6] পুনরুপনয়ন ও চান্দ্রায়ণ।[7] ব্রাহ্মণ ভিন্ন অপর জাতির কোন প্রায়শ্চিত্ত বিধি নাই এবং তাহা হইতে স্পষ্ট প্রতীয়মান হয় যে, অপর জাতির পক্ষে নিন্দিত দেশে গমনে কোন বাধা নাই। আর এক কথা না বলিলে চলে না। আমরা প্রত্যহ বার বার এ প্রকার অনেক কর্ম্ম করিয়া থাকি যাহা শাস্ত্রানুযায়ী গর্হিত কর্ম্ম ও যাহার জন্য প্রায়শ্চিত্ত বিধি আছে। মিথ্যা কথা, মিথ্যা সাক্ষ্য, ম্লেচ্ছ স্পর্শ, চণ্ডাল দর্শন ও ভাষণ, শূদ্রসেবন এবম্বিধ প্রাত্যহিক[8] বহুতর অকরণীয় কর্ম্মের জন্য কে প্রায়শ্চিত্ত অনুষ্ঠান করে, কেই বা অব্যবহার্য্য হইতেছে? সাময়িক পরিবর্ত্তনে[9] নিয়মান্তর ঘটিবে, তাহা কে রোধ করিতে পারে? আমি বলিতে চাহি না

[1] *Varṇa-āśram*: the four castes and the four āśramas or stages of a Hindu's life, namely (1) *Brahma-cārī*, the student stage: (2) *Gṛha-sta*, family life in marriage: (3) *Vāna-prastha*, the anchorite, or "dweller in the woods": (4) *Sannyāsī*, the religious mendicant, relieved of worldly cares, and intent only on absorption.

[2] *Āryā-vartta*: the land of the Aryans; *i.e.*, Northern India.

[3] *Bhū-khaṇḍa*: Divisions of the Earth.

[4] "As the word *vidyā* has in process of time lost its Pauraṇik sense," *i.e.*, of sacred learning divided into 14 divisions, namely, the four Vedas, the six Vedāṅgas (grammar, prosody, astronomy, etc.), the Purāṇas, *mīmāṁsā* or theology, *nyāya* or logic, and *dharma* or law.

[5] *Punar-upanayan*: re-consecrating by investiture with the sacred thread.

[6] *Ati-cira-vās*: a very prolonged residence (in a foreign country).

[7] *Cāndra-ayan*: the moon-expiation, lasting a month, the daily consumption of food being reduced by one mouthful during the *kṛṣṇa-pakṣa*, the fortnight of the waning moon, and increased in like manner during the *śukla-pakṣa*, the fortnight of the waxing moon.

[8] *Prati-aha*: every day, daily.

[9] By change of time.

যে, আমাদের কুকর্ম্ম সমূহ অবাধে প্রচলিত হউক। সামাজিক অরাজকতার[1] আমি পক্ষপাতী নহি, স্বেচ্ছাচারিতায়[2] আমার স্পৃহা নাই। কিন্তু সাময়িক পরিবর্ত্তন, কালের চক্র অবজ্ঞা করিয়া[3] কোন বহুপূর্ব্ব প্রচলিত অধুনা লুপ্তপ্রায়[4] আচার বদ্ধমূল করিতে প্রয়াস পাওয়াও আমি শ্রেয়স্কর বিবেচনা করি না। সে চেষ্টাতে কোন মঙ্গলের সম্ভাবনা নাই। সর্ব্বদেশে, সর্ব্ব সময়ে, সাধুগণ স্বদেশের মঙ্গল কামনায় শাস্ত্র প্রণয়ন করিয়াছেন। শাস্ত্র সমূহের প্রধান উদ্দেশ্য দেশের মঙ্গল ও দেশবাসীর উন্নতি। কাজেই স্বীকার করিতে হইবে যে যে শাস্ত্রীয় বচন মঙ্গলবিরোধী তাহা কাল বিশেষে[5] বর্জ্জনীয়। শাস্ত্র-প্রণেতা মহর্ষিগণ এই বাক্য স্মরণ করিয়াই লিখিয়া গিয়াছেন—

"ধর্ম্মার্থযুক্তং বচনং প্রমাণং"। ও

"ধর্ম্মজ্ঞসময়ঃ প্রমাণং বেদাশ্চ॥" ও

"সময়শ্চাপি সাধূনাং প্রমাণং বেদবদ্ভবেৎ॥" ইত্যাদি।

এই সকল বচনের তাৎপর্য্য[6] এই যে, যদি কালক্রমে বা কাল বিশেষে কোন বচনের সার্থকতা, উপকারিতা, যোগ্যতা বা অন্য কোন কারণ বশতঃ তদ্বিষয়ে সন্দেহ উপস্থিত হয়, সাধুগণের বচন বা মীমাংসা বেদের ন্যায় স্বীকার করিবে। কিন্তু এ স্থলে ব্যাকরণের ভাষার ন্যায় শাস্ত্রের মীমাংসা উপলক্ষ্য করা হয় নাই। সাময়িক উপকারিতা ও যোগ্যতাই বিচার্য্য। যে মীমাংসায় সাময়িক অবস্থা বিচার করা হয় নাই সে মীমাংসা অসম্পূর্ণ এবং গ্রহণীয় নহে। যে মীমাংসায় দেশ, কাল, পাত্র[7] বিচার হয় নাই তাহা প্রকৃত মীমাংসা নহে, এবং সে প্রকার অসংযুক্ত অসঙ্গত মীমাংসা স্বীকার করা নিন্দার্হ ও অমঙ্গল-জনক। যে সাধুগণ এ প্রকার মীমাংসা করেন তাঁহারাও নিন্দার ভাগী হয়েন।

বিলাত প্রভৃতি নিন্দিত দেশে বাস করিতে হয় বলিয়া, কেহ কেহ এ বিষয়ে আপত্তি করেন। সে আপত্তিও স্থল পায় না। নিন্দিত দেশ গমনে যে প্রায়শ্চিত্তের কথা পূর্ব্বে উল্লেখ করিয়াছি তাহা কেবল গমনবিশেষ কর্ম্মের জন্য[8] নিরূপিত হয় নাই। গমন বিশেষ কর্ম্মের জন্য কোন প্রায়শ্চিত্তের বিধি নাই, হইতেও পারে না ; যেমন খাওয়া বিশেষ কর্ম্মতে কোন প্রায়শ্চিত্ত

[1] Anarchy.

[2] *Sva-icchā-cāritā* : behaving according to one's own wish, license.

[3] Ignoring, overlooking.

[4] Long ago current and now almost obsolete.

[5] At a particular time.

[6] From *tat-par* (diligent in *that*) : meaning, object.

[7] Object, subject.

[8] On account of the mere act of going.

নাই, হইতেও পারে না। সেই হেতু প্রায়শ্চিত্ত বিধি নিরূপণ করিবার সময় লিখিয়াছেন—

"এতান্ গত্বা তত্রৈব চিরমুষিত্বা"; পুনরায় লিখিয়াছেন "অতি-চিরবাসে"॥

বিলাত প্রভৃতি দেশ যদি নিন্দিত দেশের মধ্যে গণ্য হয় তাহা হইলে সেখানে গমন, বাস, বাসহেতু আহারাদির অনিয়ম ইত্যাদির জন্য প্রত্যাগত ব্রাহ্মণের পুনরুপনয়ন হইলেই প্রায়শ্চিত্ত সম্পন্ন হইল এবং তৎপরে নিন্দিত দেশগামী ব্রাহ্মণ সমাজে ব্যবহার্য্য হইবেন। পূর্ব্বেই বলিয়াছি অথজাতির[1] প্রায়শ্চিত্ত বিধি নাই। শাস্ত্রে যে সমস্ত অভক্ষ্য ভক্ষণাদি কর্ম্মের উল্লেখ আছে সে সমস্ত স্বদেশে পালনীয়। যদি কেহ অন্য প্রকার কুকর্ম্ম করেন বা নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠান করেন তিনি সেই বিশিষ্ট কর্ম্মের জন্য দূষণীয় গণ্য হইবেন। বিদেশে যাইয়া কোন এক ব্যক্তি বিশেষ কোন কুকর্ম্ম করিয়াছেন বা করিতে পারেন বলিয়া সে দেশে গমন সকলের পক্ষেই বর্জ্জনীয় এ কথা বলা নিতান্ত অসঙ্গত।

বিলাত প্রভৃতি দেশে যাতায়াত হওয়াতে দেশে সুফল ফলিতেছে। অধিকতর সংস্পর্শে অধিকতর উন্নতি হইবে তাহার সন্দেহ নাই। যে কর্ম্মে "স্বর্গাদপি গরীয়সী"[2] জন্মভূমির অবস্থার উন্নতি হইবে কোন্ সাধু, কোন্ হিতৈষী তাহার প্রতিবন্ধক ঘটাইতে ইচ্ছা করেন? যে সমস্ত স্বদেশ-বাসী "সাত সমুদ্র তের নদী" পার হইয়া, নানাপ্রকার কষ্ট ও লাঞ্ছনা সহ্য করিয়া দীর্ঘকাল বিদেশে বাস করত: বিদ্যা শিক্ষা করিয়া স্বদেশের উন্নতি সাধনে রত হয়েন, তাঁহাদিগকে সমাজ হইতে চিরবহিষ্কৃত করিয়া দেওয়া কি সমাজের পক্ষে কর্ত্তব্য হয়? এ বিষয়ে আরও অনেক বলিবার আছে, কিন্তু আপাততঃ তাহা নিষ্প্রয়োজন বিবেচনা করি। যাহা লিখিলাম তাহা হইতে সকলেই স্বীয় স্বীয় মীমাংসা[3] করিতে সমর্থ হইবেন এবং সকলেরই প্রতীয়মান হইবে যে—

১। সমুদ্রযাত্রা শব্দ এ সম্বন্ধে ভ্রমাত্মক।[4]

২। সমুদ্র পার হইয়া বিদেশে যাওয়া নিষিদ্ধ কর্ম্ম নহে। পাপ নহে। তাহার প্রায়শ্চিত্ত নাই।

৩। নিন্দিত দেশ শব্দের ব্যাখ্যার পরিবর্ত্তন হওয়া কর্ত্তব্য। ইহাই সাধুগণের বিবেচ্য।

[1] Atha-jāti=castes other than Brahmans.
[2] Sans=greater even than heaven.
[3] Own conclusions.
[4] *Bhrama-ātmak* : of the nature of an error.

৪। নিন্দিত দেশে বাস করিলে ব্রাহ্মণের পুনরুপনয়নরূপ প্রায়শ্চিত্ত বিধি আছে।

৫। অন্য জাতির পক্ষে কোন প্রায়শ্চিত্তের আবশ্যক নাই।

৬ সকলেই সমুদ্র পার হইয়া বিদেশে যাইয়া বিদ্যা শিক্ষা বা বাণিজ্যের জন্য বা যে কোন উদ্দেশ্যেই হউক অবাধে বাস করিতে পারেন। তাহা শাস্ত্রনিষিদ্ধ নহে। তাহাতে ধর্ম্মের হানি হয় না।

বিরোধিগণ শাস্ত্রীয় বচন উদ্ধৃত করিয়া যে সমস্ত আপত্তি করেন তাহার স্থলে স্থলে উত্তর না দিলে মন্তব্য সম্পূর্ণভাবে প্রকাশ করা হয় না। ৺কাশী-ধামে প্রকাশিত শ্রীল গুরুচরণ বিদ্যাভূষণ মহাশয়-প্রণীত "বিলাত যাত্রীর ব্যবস্থা কি?" নামক পুস্তিকায় প্রায় সমস্ত বিরুদ্ধ আপত্তিই সন্নিবেশিত আছে। এই পুস্তিকা কলিকাতা ব্রাহ্মণ সম্মিলনীতে বিতরিত হইয়াছিল। বিদ্যাভূষণ মহাশয় ঘোর বিরোধী।[1] যথেষ্ট পাণ্ডিত্য সহকারে তিনি তাঁহার মত সমর্থন করিতে প্রয়াস পাইয়াছেন, কিন্তু কতদূর সফলকাম[2] হইয়াছেন পরে প্রকাশ পাইবে। ইতি—

বশংবদ

শ্রীকৃষ্ণদাস মুখোপাধ্যায়।

[1] Vigorous opponent.

[2] *Sa-phal-kām* : 'with-fruit-desire,' successful. (*bahuvrihi* compound.)

আসামের পত্র।

A letter from Assam.

১। গত ৯ই জুলাই গ্রীষ্মাবকাশান্তে[1] গৌহাটী কটন কলেজ খুলিয়াছে। বঙ্গদেশের কলেজ সকলে ছাত্রদের প্রবেশ লাভ করা যেরূপ কষ্টকর হইয়া দাঁড়াইয়াছে এখানে এখনও সেরূপ হয় নাই। আসামী ছাত্রেরা অবাধে প্রবেশ লাভ করিতে পারিতেছে শুধু শ্রীহট্ট বা বঙ্গদেশের ছাত্রের জন্যই কড়াকড়ি নিয়ম। রসায়নের[2] ক্লাসে আসাম ভিন্ন অন্য স্থানের ছাত্রদের প্রবেশ লাভ করা অসম্ভব। তাই অনেকে আসিয়া ফিরিয়া যাইতেছে। যখন আসামে আসিয়াই কলেজে প্রবেশ করিতে কৃতকার্য্য হইল না, তখন এসব ছাত্রদের ভবিষ্যৎ উন্নতির পথ বন্ধ হইল মনে করিতে হইবে। এখন ইহাদের দ্বারা যদি দেশে অশান্তি বৃদ্ধি হয়, তবে তজ্জন্য দায়ী কে?

২। এই বৎসর আসামে নূতন ল[3] কলেজ স্থাপিত হইল। ছাত্র কত জন হইবে তার ঠিকানা এখন হয় নাই। কলেজ ১৫ই তারিখ খুলিবে।

[1] *Grīṣma-avakāśa-ante* : at the end of the summer vacation.

[2] Chemistry.

[3] Law.

ল কলেজের জন্য গৃহাদি এখনও নির্ম্মিত হয় নাই। সম্প্রতি আইনের ক্লাশ আর্টশ কলেজ গৃহেই বসিবে। অনেকে অনুমান করেন আইন ক্লাসে ১৫, ২০ জনের অধিক ছাত্র হওয়ার সম্ভাবনা নাই।

কলেজের জন্য প্রিন্সিপাল একজন আপাততঃ ৪৫০৲ ও প্রফেসার তিনজনে জনপ্রতি ২০০৲ টাকা করিয়া মাহিনা পাইবেন। এতদ্ব্যতীত কেরাণী, লাইব্রেরিয়ান, দপ্তরি প্রভৃতির জন্যও আন্দাজ ১০০৲ টাকা মাসিক লাগিবে। সুতরাং গবর্ণমেন্টকে মাসিক প্রায় ১,১৫০।১,২০০ টাকা দিতে হইবে। এই খরচ ব্যতীত লাইব্রেরী স্থাপন ও গৃহাদি নির্ম্মাণেও বহু ব্যয় হইবে। অনেকে মনে করেন যদি আইন কলেজ স্থাপন না করিয়া আইন পড়িবার জন্য ২০।২৫ টাকা হারে মাসিক বৃত্তি নির্দ্ধারিত হইত, তাহা হইলে আসামের অধিবাসীদের পক্ষে ভাল হইত। গবর্ণমেন্টকে ইহার অর্দ্ধেক খরচও বহন করিতে হইত না। নিম্নপ্রাইমারী শিক্ষার বিস্তৃতি কল্পে গবর্ণমেন্ট যথেষ্ট টাকা দিতে অসমর্থ। অনেক স্থানে তবে শিক্ষার জন্য হাই স্কুল স্থাপন করা অতীব আবশ্যক। মৈমনসিংহ, পাবনা, কুমিল্লা, ঢাকা প্রভৃতি জিলার হাই স্কুলের সংখ্যা যে পরিমাণ তার তুলনায় আসামে, বিশেষতঃ সুরমা ভেলীতে,[1] হাই স্কুলের সংখ্যা অতি কম বলিতে হইবে। হাই স্কুলের অভাবে অনেক ছাত্র পড়িতে স্থান পায় না। এই আইন কলেজ স্থাপন না করিয়া প্রাইমারী ও উচ্চ শিক্ষা বিস্তারের জন্য টাকা ব্যয় করিলে সর্ব্বসাধারণ অধিকতর সুখী ও উপকৃত হইত।

৩। কটন কলেজ হোষ্টেলে থাকিবার স্থান যথেষ্ট থাকিলেও কোন কোন শ্রেণীর ছাত্রদের প্রবেশাধিকার[2] নিষেধ বলিয়া বোধ হয়। কোন ব্রাহ্ম ভদ্রলোক নিজ পুত্রকে কলেজে অধ্যয়নের জন্য পাঠাইতে ইচ্ছুক হইয়াছিলেন কিন্তু কলেজ হোষ্টেলে নাকি তাহার স্থান হইল না। অথচ এই হোষ্টেলের হিন্দু বিভাগে আহম,[3] কাছারি[4] ও রাজবংশী[5] প্রভৃতি সকল জাতিরই প্রবেশাধিকার আছে। শুনিতে পাই, হোষ্টেলের হিন্দু ছাত্রেরা ব্রাহ্ম ছাত্রের সঙ্গে একত্রে থাকিতে আপত্তি করে নাই। কিন্তু হোষ্টেলের অধ্যক্ষ ব্রাহ্ম ছাত্র হোষ্টেলে থাকিলে হয়ত হোষ্টেল অপবিত্র[6] হইবে মনে করিয়া থাকিবার

[1] Surma Valley.
[2] *Praveśa-adhikār* : right of entry.
[3] Ahom, the Shan invaders from Burma after whom Assam is named.
[4] Kachārī, a Tibeto-Burman race who call themselves Boro, aboriginal in Assam.
[5] Rājvaṁśī, also Tibeto-Burman people, called Rāj-vaṁśi because they are of the same race as their Hinduised kings. Also known as Koches, and another aboriginal race in Assam.
[6] Ceremonially unclean.

অনুমতি দেন নাই। একত্রে ঐ ছাত্রকে আহার করিতে না দিলেই ত জাতিভেদ [1] স্বচ্ছন্দে রক্ষা পাইত।

৪। অল্প কয়েক দিন হইল, আসামীদের নিম্নশিক্ষা বিভাগে [2] প্রবেশের পথ সুগম করিবার জন্য গবর্ণমেন্টের এক মন্তব্য [3] বাহির হইয়াছে। গ্রাজুয়েট [4] না হইলে কি আসামী কি বাঙ্গালী কেহই ৫০, টাকা মাহিয়ানার পদে প্রবেশ করিতে পারিতেন না। এখন নিয়ম হইল আসামী আবেদনকারী ইন্টারমিডিয়েট পরীক্ষোত্তীর্ণ হইলে ঐ পদ পাইতে পারিবেন। কিন্তু শ্রীহট্টবাসী বা বঙ্গদেশবাসী আবেদনকারী গ্রাজুয়েট না হইলে তাহা পাইবেন না। এই বিধানে আপাততঃ আসামী ভ্রাতাদের নিম্নশিক্ষা বিভাগে চাকুরী পাওয়া সহজ হইল বটে, কিন্তু ইহাতে উচ্চ শিক্ষা লাভ করিবার জন্য উৎসাহ কতক পরিমাণে কি কমিবে না ?

৫। সেদিন শিলং [5] হইতে গৌহাটি আসিতে রাস্তায় মোটর গাড়ীর চাপে একটী লোক পড়িয়া মারা গিয়াছে। শুনিলাম, মোটর চালকের অসাবধানতাই অনেক পরিমাণে এই মৃত্যুর কারণ। মোটরের বেগ নিয়মিত করিবার জন্য একজন ইনেস্‌পেক্টার নিযুক্ত আছেন। কিন্তু তাঁহাকে গৌহাটির সড়কে [6] যখন মোটর চলে তখনও দেখা যায় না। অথচ যখন সহরের জনাকীর্ণ [7] স্থানে মোটর গাড়ী চলে তখনই মোটরের বেগ নিয়মিত করা অতীব আবশ্যক। আরও শুনিতে পাই মোটর গাড়ী চালাইবার জন্য কোম্পানী পূর্ব্বের ন্যায় লোক নিযুক্ত না করিয়া অল্প বেতনে নূতন লোক নিযুক্ত করিতে আরম্ভ করিয়াছেন। গবর্ণমেন্ট এই দিকে একটু দৃষ্টি করিলে অকস্মাৎ মৃত্যুর হাত হইতে সাধারণ লোক বাঁচিতে পারে।

৬। কিছুদিন হইল আসামের কতক অংশ বাদ দিয়া কতক অংশ বঙ্গের সঙ্গে ভুক্ত হইবে এরূপ এক জনরব উঠিয়াছিল। তাহাতে যে সকল জেলা বাদ পড়িবে বলিয়া জনরবে প্রকাশ হইয়াছিল তাহার অধিবাসীরা সভা সমিতি করিয়া আন্দোলনের সূত্রপাত করিয়াছিলেন। গবর্ণমেন্ট জানাইয়াছেন যে এই জনরবের মূলে সত্য নাই। অথচ পূর্ব্ব-উত্তর সীমানায় এক নূতন প্রদেশ শীঘ্রই প্রতিষ্ঠিত হইবে ইহা অনেকেই বলিতেছেন। আসামীরা আইন-বহির্ভূত [8] উত্তর-পূর্ব্ব প্রদেশের অন্তর্ভুক্ত হইতে নারাজ। পার্ব্বত্য অংশ ছাড়িয়া আসামের অন্য সমস্ত অংশকে বঙ্গদেশের উন্নত শাসনপ্রণালীর অধীন করিতে কোন শিক্ষিত ব্যক্তিরই আপত্তি নাই।

[1] Caste differences. [2] Subordinate Education Service.
[3] Resolution.
[4] E. grăduate.
[5] Shillong, the capital of Asam in the Khasia Hills.
[6] H. *Sharak*, a narrow road or street.
[7] *Jan-ākirna* : filled with people.
[8] *Āin-bahir-bhūta* : outside legal enactments.

নারায়ণগঞ্জের পত্র।

A letter from Naraingunj.

ষ্টেপলটন সাহেবের কুকার্য্য।

Mr. Stapleton's misdeeds.

ঢাকা জেলার বিক্রমপুর পরগণান্তর্গত[1] শেখরনগরে এক মধ্য-ইংরেজী বিদ্যালয় আছে। ঐ বিদ্যালয়ে ২৬০ জন অধ্যয়ন করিতেছে। মিঃ ষ্টেপলটন শেখরনগর বিদ্যালয় পরিদর্শন করিতে গিয়া স্কুল কমিটিকে মৌখিক আদেশ[2] করিলেন যে স্কুলে ২০০ জন ছাত্রের বেশী রাখিতে পারিবেন না। অবশিষ্ট ৬০ জন ছাত্রকে স্কুল হইতে তাড়াইয়া দিবেন। ইহাতে স্কুল কমিটী উত্তর করিলেন যে, আপনার আদেশ আমরা কোন মতেই পালন করিতে পারি না। তৎপর মিঃ ষ্টেপলটন অসন্তুষ্ট হইয়া ঐ বিদ্যালয় পরিত্যাগ করিয়া চলিয়া আসিলেন। বালকগণ বিদ্যাশিক্ষা করিতে না পারিলে তাহারা ষড়যন্ত্রকারিগণের সহিত মিশিয়া অধর্ম্মজনিত[3] নরহত্যা ডাকাতি করিয়া সংসারে অশান্তি আনয়ন করিবে। পুণ্যশ্লোক[4] মহাভারতে উল্লেখ আছে যে জ্ঞানী বিদুর[5] কৌরবগণকে লক্ষ্য করিয়া বলিতেছেন যে, বিদ্যালয়ে বিদ্যাশিক্ষা করিয়া, জগতের হিত সাধন করিবে। নরহত্যা ও গৃহদাহ করিবে না। অধর্ম্ম-জনিত কোন কর্ম্ম করিও না। সদাশয় ভারতসম্রাট[6] দিল্লী দরবারের সময় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অভিনন্দনে বলিয়াছেন যে, ভারতবাসিগণ শিক্ষার জাল দ্বারা আবৃত হউক। এদিকে ঢাকা বিভাগের স্কুল সমূহের ইনস্পেক্টর মিঃ ষ্টেপলটনের অভিপ্রায় এই যে নির্দ্দিষ্ট সংখ্যক ভারতবাসী[7] শিক্ষিত হউক।

1 *Parganā-antar-gata :* 'parganā-inter-posed,' situated in the pergunnah.
2 Verbal order.
3 *A-dharma-janita :* begotten of irreligion.
4 *Punya-śloka :* of blessed reputation.
5 Vidura, the son of Vyāsa, the reputed author of the Mahābhārata, was "the wisest of the wise." He reproved the arrogant Kauravas for fighting the battle of Kuruksettra.
6 Emperor of India.
7 A specified number of Indians.

নারায়ণগঞ্জে জাতীয় বিদ্যালয় স্থাপন।

The proposal to found a National School at Naraingunj.

মিঃ ষ্টেপলটনের ব্যবহারে জনসাধারণ চঞ্চলচিত্ত হইয়া উঠিয়াছে। নারায়ণগঞ্জ সহরে একটী মাত্র এণ্ট্রেন্স স্কুল ও ৩টী মধ্য-ইংরেজী স্কুল আছে। মিঃ ষ্টেপলটন নারায়ণগঞ্জ স্কুলের হেড মাষ্টার মহাশয়ের নিকট এক লিখিত

নোটিশ প্রেরণ করিয়াছেন যে, আপনি নারায়ণগঞ্জ স্কুলে ৫৮০ জনের বেশী ছাত্র রাখিতে পারিবেন না। স্থানীয় দরিদ্র ছাত্রগণ টাকা পয়সা ব্যয় করিয়া, অন্যত্র বিদ্যাশিক্ষা করিতে পারে না। এই সকল অবস্থা পর্য্যালোচনা করিয়া, নারায়ণগঞ্জের কতিপয় সম্ভ্রান্ত ভদ্রলোক দরিদ্র ছাত্রগণের জন্য এক জাতীয় বিদ্যালয় খুলিবার আয়োজন করিতেছেন।

. ভলণ্টিয়ারগণের কাপ্তান।

A Captain of Volunteers.

মিঃ রলিনস্ নারায়ণগঞ্জ ভলণ্টিয়ারগণের কাপ্তান; তাঁহার দুইটা কুকুর অনেক লোককে কামড়াইয়াছে। ঢাকা বিভাগের স্কুল সমূহের ইন-স্পেক্টার মিঃ ষ্টেপলটনের কেরাণী শ্রীযুক্ত নিশিকান্ত বসুকে কাপ্তান সাহেবের কুকুর গুরুতররূপে কামড়াইয়াছিল, অবশেষে ঐ কুকুর কানাই মণ্ডলকেও কামড়াইয়াছিল; কানাই মণ্ডল ভারতবর্ষীয় দণ্ডবিধি[1] ২৭- ধারামতে নারায়ন গঞ্জের ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট কাপ্তান সাহেবের বিরুদ্ধে মোকদ্দমা আনয়ন করে। পুলিস কাপ্তান সাহেবকে গ্রেপ্তার করে। তিনি জামিনে খালাস পান। নারায়ণগঞ্জ মহকুমার জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটের বিচারে কাপ্তান সাহেব বাদী কানাই মণ্ডলকে ক্ষতিপূরণ স্বরূপ ৫৲ টাকা ও স্থানীয় হাঁস্পাতাল উন্নতির জন্য ৫৲ টাকা দেন। কাপ্তান সাহেব তাহার কুকুর স্থানান্তরিত করিতে আদিষ্ট হইয়াছেন। নারায়ণগঞ্জের ম্যাজিষ্ট্রেট মিঃ জে বার্টলীর এই বিচারে সকলেই সন্তুষ্ট হইয়াছে।

[1] Indian Penal Code.

চট্টগ্রামের নরহত্যার সংশ্রবে গুপ্তচরের নির্দ্দেশে নির্দ্দোষী লোক ধৃত।

An innocent person arrested in the Chittagong murder cse on the indication of n informer.

পাঠকগণের স্মরণ থাকিতে পারে যে নারায়ণগঞ্জ মহকুমার অন্তর্গত মাছিমপুর গ্রাম নিবাসী শ্রীহেমেন্দ্রনাথ রায় ও নগেন্দ্রনাথ রায় দুই ভ্রাতা পুলিশের গোয়েন্দা। তাহারা দুই ভাই ঢাকা অনুশীলন সমিতিতে[1] মিশিয়া, পুলিশের নিকট সংবাদ দিত। ঢাকা যুদ্ধোদ্যম[2] মোকদ্দমায় হেমেন্দ্র নগেন্দ্র গবর্নমেণ্ট পক্ষে সাক্ষ্য প্রদান করে। হাইকোর্টের বিচারের পূর্ব্বেই তৎকালীন পূর্ব্ববঙ্গ ও আসাম গবর্নমেণ্ট তাহাদিগকে পুরস্কার স্বরূপ নগদ ১,০০০৲ টাকা ও কতক ভূমি প্রদান করেন। ঢাকা যুদ্ধোদ্যম মোকদ্দমা কলিকাতা হাইকোর্টে

[1] The notorious Anarchist Society of Pulin Chandra Das.
[2] *Yuddha-udyam* : preparing to wage war.

আপিল হইলে. মাননীয় বিচারপতি সার আশুতোষ মুখার্জ্জী মহাশয় হেমেন্দ্র নগেন্দ্রের সাক্ষ্য অবিশ্বাস করিয়াছিলেন। রাজাবাগান বোমা মোকদ্দমায় হেমেন্দ্র গবর্ণমেণ্ট পক্ষে সাক্ষ্য প্রদান করিয়াছিল।

পাঁচ বৎসর গত হইল, নারায়ণগঞ্জ মহকুমার পুলিশের ইন্‌স্পেক্টর পরলোকগত বাবু মনোমোহন ঘোষ মহাশয় মাছিমপুর নিবাসী শ্রীযুত সত্যেন্দ্রনাথ রায়ের বাড়ী খানাতল্লাস করেন। খানাতল্লাসে মনোমোহন বাবু সত্যেন্দ্রের রান্না ঘরে নূতন বস্ত্রদ্বারা আবৃত একটা বন্দুক ও একখণ্ড "যুগান্তর"[1] পত্রিকা প্রাপ্ত হন। তখন এই জনরব হইয়াছিল যে, হেমেন্দ্র নগেন্দ্রের সঙ্গে সত্যেন্দ্রের কলহ ছিল বিধায়,[2] হেমেন্দ্র নগেন্দ্র নূতন বস্ত্র দ্বারা আবৃত করিয়া বন্দুক ও যুগান্তর সত্যেন্দ্রের রান্না ঘরে রাখিয়া দেয়। মনোমোহন বাবু তৎসম্বন্ধে প্রমাণ পাইয়া, সত্যেন্দ্রকে গ্রেপ্তার করেন নাই ও সত্যেন্দ্রের বিরুদ্ধে কোন মোকদ্দমা আনয়ন করেন নাই।

সম্প্রতি পুলিশ ঢাকা ও চট্টগ্রাম জেলায় কতকগুলি বাড়ী নগেন্দ্রের উক্তিতে তল্লাস করিয়াছে। গত ১১ই জুলাই তারিখে শ্রীযুত দক্ষিণারঞ্জন ঘোষ নারায়ণগঞ্জ হইতে ট্রেনে ঢাকা যাইতেছিলেন, দোলাইগঞ্জ রেলওয়ে ষ্টেশনে দক্ষিণারঞ্জন বাবু ট্রেন হইতে অবতরণ করিলে, নগেন্দ্র চীৎকার করিয়া বলিল যে পলাতক আসামী নলিনীমোহন ঘোষকে গ্রেপ্তার কর। পুলিশ নগেন্দ্রের সেনাক্তমতে[3] দক্ষিণারঞ্জন বাবুকে ধৃত করিয়া মিঃ হাচিনসন[4] সাহেবের নিকট লইয়া যায়। তৎপর তাঁহাকে ঢাকা মেডিকেল স্কুলে লইয়া যাওয়াতে মেডিকেল স্কুলের শিক্ষকগণ পুলিশকে বলিলেন যে, এই ধৃত লোকটীর নাম শ্রীযুত দক্ষিণারঞ্জন ঘোষ, তিনি নলিনীমোহন ঘোষ নহেন। নলিনীমোহন ঢাকা মেডিকেল স্কুলের ছাত্র ছিলেন। উক্ত নলিনীমোহন ঘোষ নাকি চট্টগ্রামের হত্যাকাণ্ডে সংশ্লিষ্ট[5] ছিলেন বলিয়া প্রকাশ। দক্ষিণাবাবু প্রাতঃকালে ধৃত হন সন্ধ্যার কিছুকাল পূর্ব্বে জামিনে মুক্তি পান।

শ্রীযুত বাবু দক্ষিণারঞ্জন ঘোষ নারায়ণগঞ্জের অন্তর্গত বারদী স্কুলে শিক্ষকতা করেন: তিনি পুলিশের সন্দেহী পলাতক আসামী নলিনীমোহন ঘোষের ভ্রাতা। তাঁহাদের নিবাস নারায়ণগঞ্জ মহকুমার অন্তর্গত ঝাউগারা গ্রামে।

[1] A virulently revolutionary newspaper, now suppressed.
[2] By reason of.
[3] According to identification, recognition.
[4] Mr R. S. Hutchinson, D. I. G. of the Bengal C. I. D.
[5] Involved, concerned.

ব্রহ্মদেশের পত্র।

A letter from Burma.

এবার মেট্রিকুলাসন পরীক্ষাতে ২৬৩ জন ব্রহ্ম[1] ছাত্র উত্তীর্ণ হইয়াছে; তন্মধ্যে ১৫২ জন প্রথম বিভাগে, ৯৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৫ জন তৃতীয় বিভাগে পাশ হইয়াছে। এতন্মধ্যে বাঙ্গালী ছাত্রের সংখ্যা ৬ জন এবং ইহারা সকলেই প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে। এক জন ছাত্র কেবল অঙ্কে পাশ হইয়াছে। সমস্ত ব্রহ্ম প্রদেশে উচ্চ ইংরেজী বিদ্যালয়ের সংখ্যা ১৪টী। এতন্মধ্যে ৬টী বিদ্যালয়ই রেঙ্গুন সহরে অবস্থিত।

সমস্ত ব্রহ্মপ্রদেশে কেবল মাত্র দুইটী কলেজ আছে—রেঙ্গুন কলেজ ও ব্যাপটিষ্ট[2] কলেজ। দুইটাই প্রথম শ্রেণীর কলেজ উভয়েই রেঙ্গুন সহরে অবস্থিত। রেঙ্গুন কলেজে বি,এ, ও বি এস্‌সি পর্য্যন্ত পড়ান হয়। ব্যাপটিষ্ট কলেজে সায়েন্স[3] আদৌ পড়ান হয় না। এবার রেঙ্গুন কলেজ হইতে ৯ জন ছাত্র ইন্টারমিডিয়েট সায়েন্স পরীক্ষা দিয়াছিল। তন্মধ্যে ৮ জন ছাত্র, প্রথম বিভাগে ৩ জন, দ্বিতীয় বিভাগে ৩ জন ও তৃতীয় বিভাগে ২ জন পাশ হইয়াছে। এক জন নন কলেজিয়েট[4] ছাত্রও পরীক্ষোত্তীর্ণ হইয়াছে সুখের বিষয় এবার ব্রহ্মদেশে ইন্টারমিডিয়েট সায়েন্স পরীক্ষাতে একজন বাঙ্গালী ছাত্র প্রথম হইয়াছে এবং বিশ্ববিদ্যালয়ে ৭৩ স্থান অধিকার করিয়াছে।

রেঙ্গুন কলেজ হইতে এবার ৪৫ জন ছাত্র ইন্টার আর্টস পরীক্ষোত্তীর্ণ হইয়াছে,—১১ জন প্রথম বিভাগে, ২৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১০ জন তৃতীয় বিভাগে। ব্যাপটিষ্ট কলেজ হইতে জন প্রথম বিভাগে ও ২ জন দ্বিতীয় বিভাগে পাশ হইয়াছে। এতদ্ব্যতীত ‘ জন নন কলেজিয়েট ছাত্র ও পরীক্ষোত্তীর্ণ হইয়াছে। সর্ব্বশুদ্ধ ৫৫ জন ছাত্র ব্রহ্ম হইতে ইন্টার আর্টস পাশ করিয়াছে। ব্রহ্মেতে যে এই পরীক্ষাতে প্রথম হইয়াছে সে বিশ্ববিদ্যালয়ে ১৩২ স্থান অধিকার করিয়াছে।

[1] Burmese.
[2] E. Baptist.
[3] E. Science.
[4] E. non-collegiate.

পাবনার পত্র।

A letter from Pabna.

সহরের কলঙ্ক মোচন।

The removal of the town's scandal.

৩ ৭ই জুলাই তারিখে পাবনার ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট মিঃ জি, এস, চট্টোপাধ্যায় পাবনা সহরের যে সমস্ত পতিতা রমণী[1] আছে তাহাদের মধ্যে

[1] Fallen women.

১৫। ২০ ঘর রক্ষিতা[1] ও বৃদ্ধা ব্যতীত অপর সমস্তকেই আগামী অক্টোবর মাসের ১লা তারিখের মধ্য হইতে উঠিয়া যাইবার জন্য হুকুম দিয়াছেন। ৭ই জুলাই ম্যাজিষ্ট্রেট সাহেবের এজলাসে প্রায় ১৫ জন বেশ্যা রক্ষিতারূপে অব-স্থান করিতেছে বলিয়া দরখাস্ত করিয়াছিল, তাহারা প্রকৃত পক্ষে রক্ষিতা কি না তাহা নির্ণয় করিবার জন্য কয়েকজন বেশ্যার জবানবন্দী লওয়া হইয়াছিল।

পাবনার ম্যাজিষ্ট্রেট ইতিমধ্যে সাহাজাদপুরে গিয়াছিলেন, তথাকার সমস্ত বেশ্যালয় স্থানান্তরে উঠাইবার জন্য তিনি হুকুম দিয়াছেন এবং বেশ্যাদের জন্য পৃথক স্থান নির্দ্দেশ করিয়া দিয়া আসিয়াছেন। সহরের মধ্যে ভদ্রপল্লীতে বেশ্যালয় থাকাতে ইতিপূর্ব্বে কয়েকজন বেশ্যাসক্ত[2] যুবকের দ্বারা একটী ঘটনা ঘটিয়াছিল, তাহাতে যুবকগণ এক বৎসরের জন্য মুচলেকায় আবদ্ধ হইয়াছিল। ভদ্রপল্লীতে বেশ্যালয় থাকাতে কত যুবক কুপথে গিয়া লেখাপড়া বন্ধ করিয়া দিয়াছে, তাহা অনেক শিক্ষিত ভদ্রলোক দেখিতেছেন এবং সমস্ত যুবকদিগকে পাপের হাত হইতে উদ্ধারের জন্য এপর্য্যন্ত কোন শিক্ষিত ভদ্রলোক যত্নবান হন নাই। ইতিপূর্ব্বে মিঃ এস, কে, অগস্তি ম্যাজিষ্ট্রেট বাহাদুর পাবনা সহর হইতে সমস্ত বেশ্যালয় উঠাইয়া দিবার জন্য চেষ্টা করিয়াছিলেন। সে সময় স্বার্থবিজড়িত[3] লোক তাহাদের অর্থের হানি ঘটিবে বলিয়া গোপনে বাধা দিবার আয়োজন করিয়াছিলেন। এবার ২। ১ জনকে ৭ই জুলাই তারিখে আদালত প্রাঙ্গণে দৌড়াদৌড়ি[4] করিতে দেখিয়া-ছিলাম। ইহাদের কতকগুলি ঘর আছে, বেশ্যাগণ ঐ ঘর ভাড়া লইয়া বাস করিতেছে। যাহা হউক ঈশ্বরের কৃপায় আমাদের সর্ব্বজনপ্রিয়[5] ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট বাহাদুরের চেষ্টায় সহর হইতে পাপের রাজ্য উঠিয়া শান্তির রাজ্য স্থাপন হইতে চলিল।

[1] Kept mistresses.
[2] *Veśyā-āśakta :* prostitute-haunting.
[3] *Sva-artha-vi-jadita :* 'own-advantage-benumbed' ; rendered slack by selfishness.
[4] Bustling about.
[5] *Sarva-jana-priya :* universally beloved.

বর্ষার অভাব।

Want of rain.

আষাঢ় মাস শেষ হইতে চলিল এপর্য্যন্ত বর্ষার কোন চিহ্ন দেখা যাইতেছে না, প্রতি বৎসর আষাঢ় মাসের মধ্যেই ইচ্ছামতী নদীতে বর্ষার জল আসিত। এবার তাহা ত দেখিতেছি না। এবার বৃষ্টির অভাবে ধানের অবস্থা বড়ই শোচনীয়। গত ২রা জুলাই হইতে কয়েক দিবস বৃষ্টি হইয়া-ছিল। আবার ভীষণ গরম পড়িয়াছে। বৃষ্টিপাতের অভাবে এ বৎসর ফসলের অবস্থা শোচনীয়।

ফেরী ষ্টীমার।

The ferry steamer.

কুষ্টিয়া ও পাবনার ফেরী ষ্টীমারটি অতি ক্ষুদ্র। একে যাত্রীদের থাকিবার স্থান হয় না আবার পদ্মা নদীতে সামান্য ঝড় বৃষ্টি আরম্ভ হইলে ইহার অস্তিত্ব[1] রক্ষা করাই কঠিন হইয়া উঠে। গত ২৫শে আষাঢ় তারিখে এখানে বৃষ্টি হইয়াছিল, কোনরূপ ঝড় ছিল না। পদ্মা নদীতে ঝড় ও বৃষ্টিতে ফেরী ষ্টীমারখানি ডুবিয়া যাইবার উপক্রম হইয়াছিল। যাত্রিগণ প্রাণের আশা ত্যাগ করিয়াছিলেন। ২ জন যাত্রীর মুখে এই সংবাদ অবগত হইলাম। এই ক্ষুদ্র ষ্টীমারের জন্য ডিষ্ট্রিক্ট বোর্ড বৎসরে ৫ হাজার টাকা দান করেন একে ক্ষুদ্র ষ্টীমার তাহাতে যাত্রীদের থাকিবার স্থান নাই, ইহার পর পুর্ব্বাপেক্ষা দ্বিগুণ ভাড়া দিতে হইতেছে। আমরা বহুবার এই ষ্টীমার সম্বন্ধে আলোচনা করিয়াছি, কিন্তু কোন ফল হয় নাই। এই ফেরী ষ্টীমারে ধন ও প্রাণ ও ভদ্রতা[2] কোনটাই রক্ষা করিবার উপায় নাই। আমরা সহৃদয় ম্যাজিষ্ট্রেট বাহাদুরকে এ বিষয়ে দৃষ্টিপাত করিবার জন্য অনুরোধ করিতেছি।

[1] *Asti-tva :* stability, from *asti*, 'is'
[2] Respectability, decency.

বালকের শোচনীয় মৃত্যু।

The sad death of a boy.

কচ্ছপের দ্বারা আক্রান্ত।

Attacked by a turtle.

সাঁতার না জানায় বিপদ।

Accident due to not knowing h w to swim.

গত ২রা শ্রাবণ তারিখে পাবনার ডাক্তার শ্রীযুক্ত মহিমা রঞ্জন সরকার মহাশয়ের শ্যালক[1] পুত্রের বয়স ১০। ১১ বৎসর হইবে। বেলা প্রায় ৯।৹ ঘটিকার সময় ঐ বালক এবং আর একটি বালক রাধানগর খেয়াঘাটে[1] বর্ষার জল দেখিতে গিয়াছিল। ঐ স্থানে বর্ষার পুর্ব্বে বাঁধ দেওয়া হইত, বর্ষার জলে বাঁধ ভাঙ্গিয়া গিয়াছে, কিন্তু সমস্ত জলে পরিপুর্ণ হয় নাই। বালকদ্বয় ঐ অল্প জলের মধ্য দিয়া বাঁধের উপরে যাতায়াত করিতেছিল এমন সময় দুই জনে গভীর জলে ডুবিয়া যায়। অন্য বালকটি একটি বাঁশ ধরিয়া উপরে উঠিল, শ্যালক পুত্রটি আর উঠিতে পারিল না, সে সাঁতার জানিত না। ঐ স্থানে

[1] Wife's brother.
[2] *Kheyā-ghāt :* ferry.

যাহারা ছিল তাহারা কোনরূপ উদ্ধারের চেষ্টা করে নাই বা লক্ষ্য করে নাই।[1] বালকটি ডুবিয়া গেল ঐ সংবাদ বাড়ীতে পৌঁছিলে তাহাকে জল হইতে তুলিলে দেখা গেল তাহার মুখ ও ডান হাতের কতক অংশ কচ্ছপে ভীষণভাবে ক্ষত করিয়া ফেলিয়াছে। জল হইতে উদ্ধার কালে তাহার মৃত্যু হইয়াছিল। নিকটেই স্থানীয় হাঁস্পাতালে তাহাকে লইয়া যাওয়া হইয়াছিল। কিন্তু কোন ফল হয় নাই। ডাক্তার মহাশয়ের কম্পাউণ্ডার ও বাবু প্রিয়লাল বসু মহাশয় যথেষ্ট যত্ন ও কষ্ট স্বীকার করিয়াছিলেন। ঐ বালকের পিতা শ্রীযুক্ত অবিনাশচন্দ্র সিংহ তিনি কুষ্টিয়াতে[2] থাকেন। বালকের মাতা নাই। আমরা আশা করি সন্তরণে অপটু বালকগণের অভিভাবকগণ তাঁহাদের পুত্র সন্তানদিগকে সন্তরণ শিক্ষার ব্যবস্থা করিয়া দিবেন।

[1] Or did not notice the accident.
[2] Kushtiya ; subdivisional station in the district of Nadia.

লাটের আগমন।

A visit from the Governor.

সহরে প্রকাশ মাননীয় গবর্ণর লর্ড কারমাইকেল বাহাদুর শীঘ্রই বেরাতে আগমন করিবেন। বেরাতে সবডিভিসনের স্থান নির্দ্দেশের জন্যই তাঁহার আগমন। এখন হইতেই সমস্ত আয়োজন চলিতেছে।

সেতু।

A bridge

পাবনার ডিষ্ট্রীক্ট বোর্ডের তত্ত্বাবধানে ৩১ হাজার টাকা ব্যয়ে ইচ্ছামতী নদীর উপরে সেতু নির্ম্মাণ করা হইয়াছে। সেতু নির্ম্মাণ কার্য্য শেষ হইয়া গিয়াছে, কিন্তু রাস্তা নির্ম্মাণ শেষ না হওয়ায় গাড়ী যাতায়াতের বড়ই কষ্ট হইয়াছে। এত দিন পরে ইচ্ছামতী নদীতে বর্ষার জল আসিয়াছে। রাত্রিতে সেতুর উপর এবং দুই দিকে আলোর বন্দোবস্ত না থাকায় নৌকা যাতায়াত করা কঠিন হইয়াছে। শীঘ্রই আলোর বন্দোবস্ত করা উচিত।

ষ্টাণ্ডিং কাউন্সেল।

Standing Counsel to Government.

মিঃ বি, সি, মিত্র শীঘ্রই বিদায় লইবেন, শুনা যায় মিঃ এস, আর, দাস তাঁহার পদে নিযুক্ত হইবেন।

আরব দেশে রবীন্দ্রনাথের সমাদর।

Tribute to Sir Ravīndranāth Tagore, the poet, in Arabia.

একজন সুশিক্ষিত আরব রবীন্দ্রনাথের গীতাঞ্জলি আরবী ভাষায় অনুবাদ করিয়াছেন। আরব দেশে গীতাঞ্জলির সমাদর বর্ত্তমান যুগের এক বিশেষ চিহ্ন।[1]

[1] A significant sign of the times.

৭ই আগষ্ট।

The 7th of August.

আগামী ৭ই আগষ্ট মধ্যপ্রদেশের[1] নব প্রতিষ্ঠিত ব্যবস্থাপক সভার প্রথম অধিবেশন হইবে। অতি শুভদিনেই কার্য্যারম্ভ হইবে।

[1] Central Provinces.

আয় ব্যয় সমালোচন।

Criticism of (public) revenue and expenditure.

বাঙ্গালা গবর্ণমেণ্টের ১৯১৫-১৬ সালের আয় ব্যয়ের সমালোচনা করিবার জন্য এক কমিটি গঠিত হইবে; কমিটির ৬ জন সভ্য গবর্ণমেণ্ট কর্ত্তৃক মনোনীত এবং ৬ জন ব্যবস্থাপক সভার বে-সরকারী সভ্যগণ কর্ত্তৃক নির্ব্বাচিত হইবেন। বাঙ্গলা গবর্ণমেণ্টের এই ব্যবস্থার কথা শুনিয়া সকলেই আনন্দিত হইবেন।

স্বদেশীর অর্থ।

The meaning of the word "Swadeshi."

বাঙ্গালা পুলিসের ইন্‌স্পেক্টার জেনারল মিঃ প্লাউডেন পুলিস কর্ম্মচারীদিগকে সতর্ক করিবার জন্য এক ইস্তাহার জারী করিয়াছেন। তিনি লিখিয়াছেন পুলিস রাজদ্রোহী অর্থে স্বদেশী শব্দ ব্যবহার করে। স্বদেশী দ্রব্য নির্ম্মাণে উৎসাহ দান করা অপ্রশংসার বিষয় নয়। গবর্ণমেণ্ট স্বদেশীর উৎসাহ দান করিয়া থাকেন। অতএব কেহ রাজদ্রোহী অর্থে স্বদেশী শব্দ ব্যবহার করিতে পারিবে না।

ডাক্তার জগদীশচন্দ্র।

Dr. Jagadīś Chandra (Vasu), (better known as Dr. J. C. Bose).

ডাক্তার বসু ভিয়েনা[1] নগর হইতে লণ্ডনে প্রত্যাগমন করিয়াছেন। অষ্ট্রীয়ার বিদ্বজ্জনমণ্ডলী[2] তাঁহার আবিষ্কৃত তত্ত্ব অবগত হইয়া অতিশয় পুলকিত হইয়াছেন। অধ্যাপক মোলিস লিখিয়াছেন. "যাহা আমরা কখন স্বপ্নেও কল্পনা করি নাই, ডাক্তার বসু তাঁহার অতি সূক্ষ্ম যন্ত্রের সাহায্যে[3] তাহা আমাদিগকে দেখাইয়াছেন।

[1] Vienna.
[2] *Vidvat-jana-maṇḍalī :* collection of men of science.
[3] With the aid of a very delicate apparatus.

পৃথক কলেজের প্রয়োজন নাই।

No need of a separate (Mohammedan) College.

বোম্বাইর কোন প্রসিদ্ধ মুসলমান মুসলমানদের শিক্ষার জন্য কলেজ স্থাপনার্থ ৮ লক্ষ টাকা দান করিয়াছেন। বোম্বাইর শিক্ষ. বিভাগের ডিরেক্টার এই প্রস্তাব করিয়াছেন, এই টাকা দ্বারা পৃথক কলেজ স্থাপন না করিয়া পুনা কলেজে মুসলমান ছাত্রদের পাঠের ব্যবস্থা করা উচিত। বাড়ী তৈয়ার করিতে, অধ্যাপকদের বেতনে ৮ লক্ষের অধিকাংশ ব্যয় হইবে মুসলমান ছাত্রদের শিক্ষার জন্য অল্প টাকাই অবশিষ্ট থাকিবে। সুতরাং পৃথক কলেজ না করিয়া ডেকান্ কলেজে[1] মুসলমান ছাত্রদের বিনা বেতনে পাঠের ও তাহাদের ভরণপোষণের ব্যবস্থা করিলে ৮ লক্ষ টাকার সুদে বহু মুসলমান ছাত্রের শিক্ষার উপায় করা যাইতে পারে। আমাদের মনে হয় ডিরেক্টারের মতানুসারে কার্য্য করাই উচিত।

[1] Deccan College.

শিখেরা আসামের কুলি হয় না কেন ?

Why do not Sikhs go to Assam as coolies ?

ভারতের অন্নপুষ্ট[1] বর্ত্তমান পার্লামেণ্টের সভ্য সার জে, ডি. রিজ[2] এই প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন, আসামের চা করেরা কুলি পায় না, শিখেরা কানাডা না যাইয়া আসামে যায় না কেন ?

[1] "Nourished by Indian food"—one who drew salary and draws pension from Indian revenue.
[2] Sir J. D. Rees. K.C.V.O.

ভারতের সহকারী সচিব[1] মিঃ বার্নেস রবার্টস তদুত্তরে বলিয়াছেন, তাহার কারণ এই যে শিখেরা আসামে যাইতে চায় না।

সার জে, ডি. রিজ ভারতের সিবিলিয়ান[2] ছিলেন। অথচ তাঁহার অভিজ্ঞতা এই যে, শিখেরা ও চা-বাগানের কুলিরা একই শ্রেণীর লোক। শিখেরা যদি কুলি হইত, তবে চা-বাগানে রক্তারক্তি[3] হইয়া চা-করের ব্যবসায় চিরদিনের জন্য লুপ্ত হইয়া যাইত।

[1] Assistant Secretary of State for India.
[2] E. Civilian.
[3] *Rakta-ārakti :* bloodshed.

বাঙ্গালী ছাত্রের কৃতকার্য্যতা।

Success of a Bengali student.

১ নং দর্পনারায়ণ ঠাকুরের ষ্ট্রীট হইতে বাবু ধীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য লিখিয়াছেন :—শ্রীযুক্ত হিরণ্ময় রায় চৌধুরি ইংলণ্ডের রয়েল কলেজ অফ আর্টস[1] নামক শিল্প বিদ্যালয়ের সর্ব্বোচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া উপাধি প্রাপ্ত হইয়াছেন। ইংলণ্ডের শিল্প-বিদ্যালয় সমূহ মধ্যে এইটি সর্ব্বশ্রেষ্ঠ এবং এখানকার উপাধি লাভ শিল্প শিক্ষার্থীদিগের পক্ষে অত্যন্ত গৌরবের বিষয়। হিরণ্ময় বাবু এক্ষণে মূর্ত্তি ঢালাইয়ের[2] কার্য্য শিক্ষা করিতেছেন, তিন চার মাসের মধ্যেই স্বদেশে ফিরিয়া আসিবেন। ভারতবাসীদিগের মধ্যে তিনিই প্রথমে এই পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। আশা করি সদাশয় গবর্ণমেণ্ট বা দেশীয় রাজন্যবর্গ তাঁহার গুণের সমাদর করিবেন, এবং তাঁহার হস্ত নির্ম্মিত ধাতু ও প্রস্তর মূর্ত্তি ভারতবর্ষের বহু নগর সুশোভিত করিবে।

[1] E. Royal College of Arts.
[2] Casting (bronze) statues.

কত পাট জন্মিয়াছে।

The output of jute.

ময়মনসিংহের ম্যাজিষ্ট্রেট নির্দ্দিষ্ট নিয়মানুযায়ী টেলিগ্রামের দ্বারা বৃষ্টি ও শস্যের অবস্থা জ্ঞাপন করিয়া অবশেষে লিখিয়াছিলেন যে পাট দশ আনা পরিমাণ হইতে পারে। ইংরেজ বণিক সমিতি[1] ইহাতে অসন্তুষ্ট হইয়া কৃষিবিভাগের ডিরেক্টারকে জানাইয়াছেন, কত পাট জন্মিবে, তাহার চূড়ান্ত

[1] Chamber of Commerce.

হিসাব[1] না হওয়া পর্য্যন্ত পাট সম্বন্ধে কোন সংবাদ প্রকাশ করা হইবে না. এইরূপ বন্দোবস্ত করা হইয়াছিল। কিন্তু সে বন্দোবস্ত ভঙ্গ করা হইল কেন? কৃষি বিভাগের ডিরেক্টার বলিয়াছেন, ভবিষ্যতে বন্দোবস্ত অনুসারে কার্য্য করা হইবে।

এবার যে পাট কম হইবে, তাহার কোন সন্দেহ নাই। সুতরাং চাষারা যদি তাহা জানিতে পারে, তবে তাহারা কমমূল্যে পাট ছাড়িবে না। সুতরাং চূড়ান্ত হিসাব প্রস্তুত করার পূর্ব্বে কোথায় কেমন পাট জন্মিয়াছে. তাহা প্রকাশ করিলে চাষার লাভ কিন্তু ক্রেতার লোকসান[2]। সে যাহা হউক, গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ না করিলেই যে কোথায় কি পরিমাণ পাট হইয়াছে, তাহা কেহ জানিতে পারিবে না, এমন মনে করা বৃথা[3]।

[1] Final calculation, final forecast of jute.
[2] Buyer's loss.
[3] The idea is futile.

লেডি হার্ডিং স্মৃতিসভা।

A meeting for the commemorating of Lady Hardinge.

গত সোমবার কলিকাতা টাউনহলে লেডি হার্ডিংএর মৃত্যুতে শোক প্রকাশ ও টাউনহলে তাঁহার আলেখ্য[1] রক্ষার জন্য এক সভা হইয়াছিল। সার লরেন্স জেঙ্কিন্স[2] সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। ইংরেজ বণিক-সমিতি ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েসনের সহিত পরামর্শ করিয়া এই সভা আহ্বান করিয়াছিলেন, সুতরাং সভাতে ধনী ও টাইটেলওয়ালা[3] লোক উপস্থিত ছিলেন, কিন্তু জনসাধারণ উপস্থিত হইবার সুবিধা পায় নাই। সুতরাং টাউনহলের অর্দ্ধাংশ খালি ছিল। লেডি হার্ডিংএর জন্য প্রাণে বেদনা অনুভব করে নাই, এমন লোক বিরল[4] কিন্তু বণিক-সমিতির দোষে সভাতে লোক সমারোহ হইতে পারে নাই। সভা আহ্বানের জন্য যে পত্র লিখা হইয়াছিল, তাহাতে বহু লোকের নাম স্বাক্ষর করান হইয়াছিল, কিন্তু বাবু সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়ের[5] স্বাক্ষর গ্রহণের জন্য কেহ চেষ্টা করে নাই। আয়োজন কর্ত্তাদের[6] ত্রুটীতেই সভায় লোক সমাগম হয় নাই।

[1] Portrait.
[2] Sir Lawrence Jenkins.
[3] *Title-wāllā* : people who have received decorations.
[4] Such people are few.
[5] Mr. Surendranāth Bannerji, the Editor of "the Bengalee."
[6] The conveners.

দিল্লীর আসামীদের প্রতি ব্যবহার।

The treatment of the defendants in the Delhi case.

মিঃ কেয়ার হার্ডি[1] বিগত ৮ই জুলাই ভারতের সহকারী সচিবকে জিজ্ঞাসা করিয়াছিলেন, দিল্লীর ষড়যন্ত্র মোকদ্দমার আসামীদিগকে নির্জ্জন গৃহে বাস করিতে হইতেছে কি না? তাহাদিগকে হাতকড়া[2] দিয়া কাছারীতে লইয়া যাওয়া হয় কি না? কাছারীতেও তাহাদের হাত শৃঙ্খলাবদ্ধ[3] করিয়া রাখা হয় কি না? তাহাদিগকে বাড়ী হইতে খাদ্য আনিতে না দিয়া, কয়েদীদের আহার খাইতে দেওয়া হয় কি না? যদি এই অভিযোগ সত্য হয়, তবে কেন তাহাদের প্রতি কয়েদীর ন্যায় ব্যবহার করা হয়, তাহার কারণ জানিতে চাই।

সহকারী ভারত সচিব বলিয়াছেন, জেলখানার নিয়মানুসারে দুরন্ত[4] ও যাহাদিগকে ছিনাইয়া[5] লইয়া যাইতে পারে এমন হাজতী কয়েদীদিগকে হাতকড়া দেওয়া হয়। নিষিদ্ধ আহার সামগ্রী ব্যতীত হাজতী[6] কয়েদীগণ বাটী হইতে সর্ব্বপ্রকার খাদ্য দ্রব্য ও বিছানা লইয়া আসিতে পারে। যদিও হাজতী কয়েদীদিকে পৃথক পৃথক ঘরে রাখা হয়, কিন্তু নির্জ্জন কারাদণ্ড[7] ভোগ করিতে হয় না। পাছে তাহারা মোকদ্দমা সম্বন্ধে মন্ত্রণা[8] করে, সেই ভয়ে তাহাদিগকে এক সঙ্গে রাখা হয় না।

[1] Mr. Keir Hardie.
[2] Hand-cuffs.
[3] *Srṅkhala-ābadha* : 'chain-bound.'
[4] *Dur-anta* : troublesome.
[5] Tearing away, forcibly rescuing.
[6] *Hājat* : lock-up, temporary prison, from A. *ḥājat* : *hājati*-under-trial prisoners.
[7] *Nir-jan kārā-daṇḍa* : solitary confinement.
[8] Consultation.

ভারতের ভিক্ষুক।

Indian beggar.

গ্রাম্য কারিকরদের[1] ব্যবসায় মাটি হওয়াতে[2] তাহারা সন্ন্যাসী ও ফকির হইয়া যাইতেছে কি না? সুদক্ষ কারিকরগণ কাজ কর্ম্ম না পাইয়া তাহাদের সন্তানগণকে কেরাণীর কার্য্যে নিযুক্ত করিবার অভিপ্রায়ে বিদ্যালয়ে পাঠাইতেছে কি না? গবর্ণমেণ্ট তাহাদিগকে কারিকরী ব্যবসায়ে লিপ্ত থাকিতে

[1] Mechanics, artificers.
[2] Becoming clay, *i.e.*, being ruined.

কোন প্রকার সাহায্য করিবেন কি না ? পার্লামেন্টের সভ্য মিঃ কিং ভারতের সহকারী সচিবকে বিগত ৭ই জুলাই এই তিনটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন। সহকারী সচিব বলিয়াছেন, ১৯০১ সালের আদম-সুমারে[1] ভারতের ফকির সন্ন্যাসীর সংখ্যা ৭ লক্ষ নির্ণীত হইয়াছিল। ১৯১১ সালের আদম-সুমারে তাহার সংখ্যা বৃদ্ধি পায় নাই। সুতরাং ফকির সন্ন্যাসীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে, এমন কথা বলা যাইতে পারে না। বিগত দশ বৎসরে অন্যান্য শ্রেণীর ভিক্ষুক সংখ্যা হ্রাস হইয়াছে। গৃহ নির্ম্মাণ কার্য্য করিয়া যাহারা জীবিকা নির্ব্বাহ করে, তাহাদের সংখ্যা শতকরা ১৮ বৃদ্ধি হইয়াছে। সুতরাং কারিকরেরা কর্ম্ম না পাইয়া ভিক্ষুক হইতেছে, ইহা স্বীকার করা যাইতে পারে না।

মিঃ কিং বলেন, চিন ও অন্য দেশ হইতে বহু লোক আসিয়া গৃহ নির্ম্মাণ কার্য্যে নিযুক্ত হইতেছে, সেই জন্য ঐ শ্রেণীর লোকের সংখ্যা বৃদ্ধি পাইতেছে। ভারতের সহকারী সচিব বলিয়াছেন, তাহা ঠিক নহে।

[1] Census.

শ্বেত নাবিক ও কৃষ্ণ নাবিক।

White sailors and black ones.

আরল উইন্টারটন রক্ষণশীল দলের একজন উদীয়মান[1] ব্যক্তি। ইঁহার বয়স এখন ৩০, ৩১ বৎসর বয়সে পার্লামেন্টের সভ্য হইয়াছেন। ইংলণ্ডীয় জাহাজে যাহাতে ভারতবর্ষীয় নাবিকগণ কষ্ট না পায়, ইনি তাহার চেষ্টা করিতেছেন। গত ১লা জুলাই তারিখে ইনি ভারতের সহকারী সচিব মিঃ চার্লস রবার্টসকে জিজ্ঞাসা করিয়াছিলেন, "ইংলণ্ডীয় জাহাজে শ্বেতাঙ্গ[2] নাবিক নিয়োগের প্রয়োজন কি স্বীকার করিবেন না ?" সহকারী সচিব তদুত্তরে বলিয়াছিলেন, "প্রয়োজন অস্বীকার করিব কেন ?"

আরল উইন্টারটন এক সময়ে নাকি রক্ষণশীল দলের এক নেতা হইবেন। ভারতবাসী সামান্য নাবিকের কার্য্য করে, ইহাই তাঁহার চক্ষের শূল।[3] পৃথিবীময় আত্মপ্রতিষ্ঠার আয়োজন হইতেছে। সমস্ত দেশই আপনাকে সর্ব্বশ্রেষ্ঠ করিবার আযোজন করিতেছেন। ইংলণ্ড যদি ভারতবর্ষকে অবহেলা করেনা তবে জগদ্ব্যাপী সমরে[4] ইংলণ্ড অতি দুর্ব্বল হইয়া পড়িবেন। ইংলণ্ডের বিচক্ষণ লোকেরাও বর্ণবিদ্বেষে[5] অন্ধ হইয়া এই মহা সত্য বুঝিতে অসমর্থ হইয়াছেন। এমন দিন আসিতেছে, যেদিন ভারতের লক্ষ সৈন্য ও লক্ষ নাবিক ভিন্ন ব্রিটিশ সাম্রাজ্যের অখণ্ডতা[6] রক্ষা হইবে না।

[1] *Ut-īyamān :* rising.
[2] *S'vela-aṅga :* white-bodied.
[3] A needle in his eye, a thorn in the flesh.
[4] *Jagat-vyāpī samar :* world-wide war.
[5] *Varṇa-vidveṣ :* colour-enmity.
[6] *A-khaṇḍa-tā :* un-divided-ness, unity.

ইংরেজ সৈনিক কর্ম্মচারীদের বেতন বৃদ্ধি।

The increase of the salary of English military officers.

১৯১৪ সালের ১লা জানুয়ারী হইতে ব্রিটিস সৈনিক কর্ম্মচারিগণ নিম্নলিখিত বর্দ্ধিত হারে[1] বেতন পাইতেছেন:—গোলন্দাজ[2] ও অশ্বারোহী সৈন্যের দ্বিতীয় লেফটেনেন্ট ৩০০, রয়াল ইঞ্জিনিয়ার ও পদাতিক[3] সৈন্যের দ্বিতীয় লেফটেনেন্ট ২৫০, দ্বিতীয় লেফটেনেন্ট যদি সাধারণ সৈনিকর পদ হইতে উন্নীত[4] হইয়া থাকেন, তবে যথাক্রমে ৩১০, ও ৩০০, টাকা রয়াল গোলন্দাজ ও অশ্বারোহী সৈন্যের লেফটেনেন্ট ৩৫০, রয়াল ইঞ্জিনিয়ার ও পদাতিক সৈন্যের লেফটেনেন্ট ৩০০, লেফটেনেন্ট যদি সাধারাণ সৈনিকের পদ হইতে উন্নীত হইয়া থাকেন তবে যথাক্রমে ৩৭৫, ও ৩২৫, টাকা। ৬ বৎসর কর্ম্মের পর লেফটেনেন্টেরা যথাক্রমে ৩৭৫, ও ৩২৫ টাকা। কাপ্তানগণ যথাক্রমে ৪৮৫, ও ৪৩৫, টাকা। কাপ্তানেরা ৩ বৎসর কর্ম্ম করার পর ও মোট ১২ বৎসর সৈনিক বিভাগে কর্ম্ম করিলে যথাক্রমে ৫৩০, ও ৪৮০, টাকা পাইবেন।

যে সমুদয় ব্রিটিস সৈন্যের কার্য্যকাল শেষ হইয়াছে, তাহাদিগকে আরও দুই বৎসর কাল কর্ম্মে বাহাল রাখিবার অভিপ্রায়ে ভারত গবর্ণমেন্ট প্রত্যেক সৈন্যকে ২২৫, টাকা ভাতা[5] দিতে অঙ্গীকার করিয়াছেন। প্রায় ৪ হাজার সৈন্যকে এইরূপ ভাতা দিতে হইবে, সুতরাং এই জন্য অতিরিক্ত ৯ লক্ষ টাকা ব্যয় করিতে হইবে।

[1] At the following increased rates.
[2] *Gola-andāz :* cannon-ball firing ; *i.e.*, artillery.
[3] Infantry.
[4] Promoted from the grade of private.
[5] *H. bhata :* allowance.

বাবু ভূপেন্দ্র নাথ বসুর কার্য্য।

The work of Babu Bhupendra Nath Vasu.

বাবু ভূপেন্দ্রনাথ বসু ইংলণ্ড যাত্রা করিবার কালে বলিয়া গিয়াছিলেন, প্রকাশ্য সভায় বক্তৃতা করা অপেক্ষা ইংলণ্ডের প্রসিদ্ধ লোকদের সহিত দেখা সাক্ষাৎ করিয়া ভারতবর্ষের কথা বলিলে বেশী উপকার লাভের সম্ভাবনা। ভূপেন্দ্র বাবু এপর্য্যন্ত ভারতসচিব লর্ড ক্রু, লর্ড কার্জ্জন, ইংলণ্ডের লর্ড চান্‌-সেলার লর্ড হালডেন, ভারতের ভূতপূর্ব্ব সহকারী সচিবও ইংলণ্ডের বর্ত্তমান সহকারী রাজস্বসচিব মিঃ মণ্টেগু, ভারতের সহকারী সচিব মিঃ চার্লস রবার্টস প্রভৃতির সহিত সাক্ষাৎ করিয়া নানা বিষয়ে আলোচনা করিয়াছেন। এক-

দিন প্রধান মন্ত্রী মিঃ এসকিথের সহিত তাঁহার দেখা হইয়াছিল। শীঘ্রই তিনি প্রধান মন্ত্রীর বাড়ী গমন করিয়া তাঁহাকে ভারতবর্ষের অবস্থা অবগত করিবেন।

দেখা সাক্ষাৎ ব্যতীত এক দিন তিনি ক্যাক্স্টন হলে[1] এক বক্তৃতা করিয়াছিলেন। সেই বক্তৃতা শ্রবণ করিয়া একজন ইংরেজ লিখিয়াছেন, "পার্লামেন্টে এমন ১০ জন অথবা ৫ জন সভ্য কি আছেন, যাঁহারা তাঁহার মত বক্তৃতা করিতে পারেন? তাঁহার বক্তৃতা শুনিয়া সেই সকল লোকের কথা স্মরণ হয়. যাঁহারা পৃথিবী হইতে চলিয়া গিয়াছেন; যাহারা রাজনীতির আলোচনা খেলার সমগ্রী[2] বলিয়া মনে করিতেন না। যখন তিনি বক্তৃতা করিতেছিলেন, তখন তাঁহার বাগ্মিতার[3] দিকে কাহারও দৃষ্টি পড়ে নাই, কিন্তু তাঁহার কথার অন্তরালে যে মানুষটী বিদ্যমান তাহাই মনের সম্মুখে ফুটিয়া উঠিয়াছিল[4]। তাঁহার জীবনব্যাপী সংগ্রামের[5] ফলে যে সকল চিন্তা মনে দৃঢ়মূল হইয়াছে, তাহাই জ্বলন্ত হইয়া বাহির হইতেছিল।

[1] Caxton Hall.
[2] *Khelār sāmagrī :* mere plaything.
[3] *Vāgmitā :* eloquence.
[4] Became apparent.
[5] Life-long struggle.

ঢাকায় ব্যবস্থাপক সভা।

The Legislative Council at Dacca.

আগামী বুধবার ৫ই আগষ্ট ঢাকায় বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশন হইবে। এই অধিবেশনে নবাব নবাব আলি চৌধুরী ২টি ও মৌলবী ফজলুল হক ৪টি প্রস্তাব উপস্থিত করিবেন। মৌলবী সাহেবের প্রস্তাব চতুষ্টয় এই:—

যতদিন কলিকাতায় মহম্মদান আর্টস কলেজ প্রতিষ্ঠিত না হয়, ততদিন ভাড়াটিয়া[1] বাটীতে ছাত্রাবাসযুক্ত[2] কলেজ স্থাপন করিয়া মুসলমান ছাত্রদের পাঠের সুবিধা করিয়া দেওয়া হউক।

ঢাকার স্বাস্থ্যের অবস্থা নির্ণয় করিবার জন্য অভিজ্ঞ লোকদিগকে লইয়া এক কমিটি গঠন করা হউক, তাঁহারা গবর্ণমেণ্টকে স্বাস্থ্যোন্নতির[3] উপায় সম্বন্ধে পরামর্শ দান করিবেন।

বঙ্গীয় গবর্ণমেণ্টের কয়েকটা আফিস ঢাকাতে স্থায়ীভাবে[4] রখা হউক।

[1] Hired, leased.
[2] *Chātra-āvāsa-yukta :* provided with hostels.
[3] *Svāsthya-ut-nati :* improvement of (public) health, sanitation.
[4] *Sthāyī bhāve :* permanently.

বরিশাল হইতে কলিকাতা পর্য্যন্ত রেলওয়ে নির্ম্মাণ করিবার জন্য বাঙ্গলা গবর্ণমেণ্ট ভারত গবর্ণমেণ্টকে অনুরোধ করুন।

নবাব সাহেবের প্রস্তাবদ্বয় নিম্নে প্রকাশিত হইল ঃ—

প্রতি বৎসর ব্যবস্থাপক সভার এক সেসনের অধিবেশন ঢাকাতে করার নিয়ম করা হউক।

জামালপুরের অন্তর্গত বানার নদীর পুলের নিম্ন দিয়া নৌকা যাতায়াতের প্রশস্ত পথ[1] রাখা হউক।

[1] A wide way.

হাই স্কুলের অদৃষ্ট নির্ণয়।

Determining the fate of the High Schools.

আগামী ১০ই আগষ্ট ময়মনসিংহ নগরে শিক্ষা বিভাগের ডিরেক্টার মিঃ হর্ণেল, ঢাকার স্কুল ইনস্পেক্টার মিঃ ষ্টেপলটন ও ময়মনসিংহের ম্যাজিষ্ট্রেট মিঃ প্র্যাট ময়মনসিংহ জেলার প্রত্যেক মহকুমার এক এক জন লোক লইয়া হাই স্কুলের ভবিষ্যৎ নির্ণয় করিবেন। শিক্ষা বিভাগ প্রত্যেক স্কুলের ছাত্র সংখ্যার ঊর্দ্ধতম সীমা[1] নির্দ্ধারণ করিবার জন্য ব্যাকুল[2] হইয়াছেন। তাঁহারা আমাদের দেশের অবস্থা কিছুই জানেন না। আমাদের দেশে এখন শিক্ষার বিস্তার করাই প্রধান কার্য্য। সে শিক্ষা আদর্শানুরূপ পূর্ণাঙ্গ[3] না হইলেও কোন ক্ষতি নাই। অতএব আমরা মন্ত্রণা সভায় নিমন্ত্রিত লোকদিগকে বলি, হাই স্কুলের ছাত্র সংখ্যা কমাইতে তাঁহারা যেন কিছুতেই সম্মত না হন। কোন শ্রেণীতে কত ছাত্র পড়িতে পারিবে বিশ্ববিদ্যালয় তাহা নির্দ্দেশ করিয়া দিয়াছেন। সেই নির্দ্দেশ অনুসারে যত ছাত্র ইচ্ছা ভর্ত্তি করা যাইতে পারে। শিক্ষা বিভাগের কর্ম্মচারিগণ শিক্ষার উৎকর্ষ[4] সাধনের নামে যে সকল আপাততঃ মনোহর যুক্তির অবতারণা করিবেন, সে কথায় কাহারও যেন আত্মবিস্মৃতি[5] না হয়। পৃথিবীর অনেক দেশেই, এমন কি শিক্ষা বিভাগের কর্ম্মচারীদের জন্মভূমিতেও এমন স্কুল আছে, যাহার ছাত্র সংখ্যা ১,০০০ এর বেশী। সে দেশে বহু স্কুল স্থাপন করিতে পারেন, এমন ধনী লোক শত শত। স দেশে যদি ১,০০০ ছাত্র এক স্কুলে পড়িতে পারে, তবে আমাদের দেশে পারিবে না কেন? তাঁহারা বলিবেন আমরা বিজ্ঞ ও কার্য্যদক্ষ,[6] আমরা যাহা পারি, তোমরা শৈশবের সীমা অতিক্রম[7] কর নাই, তোমরা তাহা পারিবে না। এই

[1] Highest limit.
[2] Busied, anxious.
[3] *Ādarśa-anu-rūp purṇa-aṅga :* completed up to the model.
[4] Elevation.
[5] Self-forgetfulness.
[6] *Kāryya-dakṣa :* able.
[7] Past the boundary of childhood.

কথা বলিলে তখন তাঁহাদিগকে বিনয়ের সহিত [1] বুঝাইয়া দিতে হইবে, যখন ইংলণ্ডে লেখা পড়ার চর্চ্চা ছিল না, তখন আমরা নালন্দার [2] মত সুবৃহৎ বিদ্যালয় পরিচালন করিয়াছি।

[1] With politeness.
[2] Nalanda, the famous Buddhist monastery and college, see Miss Duff's Chronology of India, page 49.

হিন্দু বিশ্ববিদ্যালয়।

The Hindu University.

ভারতবাসী টাকা দিবে, আর কর্তৃত্ব করিবেন ছোটলাট, এমন ব্যবস্থায় কেহ সম্মতি দিতে পারে না। ভারতবর্ষের নানা স্থানের লোক, এই আশায় টাকা দিয়াছিল যে তাঁহাদের প্রদেশে যে সমুদয় বে-সরকারী [1] কলেজ আছে প্রয়োজন হইলে তাহা হিন্দু বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত [2] করিয়া লইতে পারিবেন। কিন্তু সার হারকোর্ট বটলার সে আশা এক কোপে [3] নির্ম্মূল [4] করিয়াছেন। তিনি বলিয়াছেন, কাশী ভিন্ন অন্য কোন স্থানের কলেজ এই বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত হইতে পারিবে না।

গবর্ণমেণ্টের প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় সমূহ যে স্বাধীনতা ভোগ করে, হিন্দু বিশ্ববিদ্যালয় তাহা হইতেও বঞ্চিত হইবে। যুক্তপ্রদেশের ছোট লাট চান্সেলার হইবেন; তাঁহার অনুমতি ভিন্ন কেহ অধ্যাপক পদে নিযুক্ত হইবে না; তিনি যাহাকে ইচ্ছা বরখাস্ত [5] করিতে পারিবেন। তাঁহার অনুমতি ভিন্ন কোন পুস্তক পাঠ্যতালিকাভুক্ত [6] হইতে পারিবে না, তিনি যে কোন পুস্তকের নাম তালিকা হইতে কাটিয়া দিতে পারিবেন।

বিশ্ববিদ্যালয় কোন্ কোন্ বিষয় পড়াইতে পারিবেন, তাহাও ছোট লাটের অনুমতি লইয়া নির্দ্ধারণ করিতে হইবে।

অর্থাৎ ছোট লাটই হিন্দু বিশ্ববিদ্যালয়ের সর্ব্বময় কর্ত্তা হইবেন। সিনেট, [7] সিণ্ডিকেট [8] তাঁহার হুকুম তামিল করিবেন।

সার হারকোর্ট বটলারের হুকুম শুনিয়া প্রায় সকলেই বলিতেছেন, এমন বিশ্ববিদ্যালয় না হওয়াই ভাল।

[1] Unofficial, private.
[2] *Angī-bhūta* : affiliated, become members.
[3] At one stroke.
[4] Uprooted.
[5] P. bar-khāst : dismissal.
[6] *Pāthya-tālikā-bhukta* : included in the list (of books) to be read.
[7] Senate.
[8] Syndicate.

ছোট লাট সার হারকোর্ট বটলার ও দ্বারভাঙ্গার মহারাজা হিন্দু বিশ্ববিদ্যালয় কমিটির প্রধান লোকদের সহিত মন্ত্রণা করিবার জন্য এলাহাবাদ গিয়াছিলেন। কিন্তু কাজ হয় নাই।[1] যাঁহারা ৫ শত বা তদূর্দ্ধ[2] চাঁদা দিয়াছেন তাঁহাদের মতামত নির্ণয়ের জন্য শীঘ্র এক সভা আহবান করা হইবে। এই সভা সার হারকোর্টের হুকুম তামিল করিতে কখনও সম্মত হইবেন না, আমরা দৃঢ়তার সহিত এই ভবিষ্যদ্বাণী[3] করিতে পারি।

[1] But nothing was done.
[2] *Tat-ūrddhva* : in excess of that.
[3] *Bhaviṣyat-vāṇī* : 'future speech,' prophecy.

মেডিকেল রেজিষ্ট্রেসন আইন।

Medical Registration Act.

মেডিকেল রেজিষ্ট্রেসন আইন অনুসারে ১৫ই জুনের কলিকাতা গেজেটে নির্ব্বাচন ক্ষমতা প্রাপ্ত ডাক্তারদের নাম প্রকাশ করিয়া ইহা ঘোষণা করা হয়, ইহাতে কাহারও আপত্তি থাকিলে ৪ঠা জুলাইর মধ্যে ফিনান্সাল সেক্রেটারীকে[1] জানাইতে হইবে। ডাক্তার নরেন্দ্রনাথ বসু এল্. এম্. এস্. তাঁহার নাম গেজেটের তালিকায় না দেখিয়া ২রা জুলাই তাঁহার নাম তালিকাভুক্ত করিবার জন্য পত্র লেখেন। সেক্রেটারী তাঁহার নাম তালিকাভুক্ত না করিয়াই ১৫ই জুলাই পুনরায় এক তালিকা প্রকাশ করেন। ১৭ই জুলাই ডাক্তার নরেন্দ্রনাথ বসু সেক্রেটারীকে আর এক পত্র লেখেন। তখন সেক্রেটারী বলেন, তালিকা সংশোধন করার ক্ষমতা তাঁহার নাই।

ডাক্তার বসু হাইকোর্টে জষ্টিস চৌধুরীর এজলাসে তাঁহার নাম তালিকাভুক্ত করাইবার জন্য দরখাস্ত করিয়াছিলেন। দরখাস্ত অগ্রাহ্য হইয়াছে। আইনে এইরূপ বিধান আছে, তালিকা প্রকাশক গেজেটে যে তালিকা প্রকাশ করিবেন, তাহার আর পরিবর্ত্তন হইতে পারিবে না। সুতরাং হাইকোর্ট আইনের স্পষ্ট বিধি লঙ্ঘন করিতে কোন হুকুম দিতে পারেন নাই।

ভুল কর আর যাই কর, ভ্রমে কাহারও নাম তালিকাভুক্ত না কর, কি ইচ্ছা করিয়া কাহারও নাম বাদ[2] দেও, তালিকা প্রস্তুতকারীর কার্য্য আর বাতিল[3] হইবে না, ইহাই যখন মেডিকেল রেজিষ্ট্রেসন আইনের অর্থ, তখন যাহাদের আত্মসম্মান জ্ঞান আছে[4] তাহারা কখনও তালিকাভুক্ত হইবার জন্য প্রয়াসী হইবে না। ডাক্তার নরেন্দ্রনাথ বসুর প্রতিবাদ অগ্রাহ্য করিয়া যখন

[1] Financial Secretary.
[2] A. *b'ad* : deduction, omission.
[3] A. *bāṭil* : futile, wasted.
[4] Those who have a sense of self-respect.

তালিকা প্রস্তুত হইয়াছে তখন সমস্ত ডাক্তারদের বলা উচিত যে "আমাদের কাহারও নাম ঐ তালিকায় রাখার প্রয়োজন নাই।" ইহা সত্য যে গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ এমন কথা সাহস করিয়া বলিতে পারিবেন না। যে সরকারী ডাক্তারগণ তালিকাভুক্ত হইতে অস্বীকার করিলে সরকারী ডাক্তারগণই প্রভুত্ব[1] করিবেন তাহাও সত্য। কিন্তু তালিকায় যাহাদের নাম নাই, তাহাদের উপর কেহ প্রভুত্ব করিতে পারিবে না। এক মুস্কিল এই হইবে, তাঁহারা কাহাকেও সার্টিফিকেট দিতে পারিবেন না। ইহাতে কাহারও বেশী লোকসান হইবে না।

আমাদের মনে হয় রিটার্নিং অফিসারের[2] কার্য্যের বিরুদ্ধে ডাক্তারদের প্রতিবাদ করা উচিত, যদি প্রতিবাদে কোন ফল না হয়, তবে তালিকা হইতে তাঁহাদের নাম উঠাইয়া লওয়া কর্ত্তব্য। আত্মসম্মান ও স্বজাতির সম্মান রক্ষার জন্য ইহাই করা উচিত। আমাদের মনে হয়, এইরূপ করিলে হাইকোর্ট যাহা করিতে পারেন নাই তাহাই করা সম্ভব হইবে।

[1] Supremacy.
[2] E. returning officer.

ইউরোপে মহা যুদ্ধের আয়োজন।

The preparations for the great war in Europe.

গত ২৪শে জুলাই শুক্রবার অষ্ট্রিয়ার গবর্ণমেণ্ট সার্ব্বিয়ার গবর্ণমেণ্টকে পত্র লিখিয়া জানাইয়াছেন, সার্ব্বিয়া দেশে অষ্ট্রিয়ার বিরুদ্ধে যে আন্দোলন হইতেছে, তাহা অন্যায় বলিয়া স্বীকার ও তজ্জন্য দুঃখ প্রকাশ করিতে হইবে এবং দুষ্কর্ম্মকারীদিগকে দণ্ড দিতে হইবে; স্কুলের বালকাদিগকে অষ্ট্রিয়ার প্রতি বিদ্বেষ ভাব[1] পোষণ করিতে শিক্ষা দেওয়া হয়, ইহা নিবারণ করিতে হইবে। অষ্ট্রিয়া সার্ব্বিয়ার যে সকল রাজকর্ম্মচারী ও সৈন্যাধ্যক্ষদিগকে[2] বরখাস্ত করিতে বলিবেন, তাহাদিগকে কর্ম্মচ্যুত[3] করিতে হইবে। অষ্ট্রিয়ার বিরুদ্ধে যাহারা আন্দোলন করিতেছে, তাহাদিগকে অষ্ট্রিয়ার রাজকর্ম্মচারীদের সাহায্যে দমন করিতে হইবে। যাহাদের মন্ত্রণায় সারাজেভো নগরে অষ্ট্রিয়ার যুবরাজ ও তাঁহার পত্নীকে বধ করা হইয়াছে, অষ্ট্রিয়ার রাজকর্ম্মচারীদের সহিত মিলিত হইয়া তাহাদের দণ্ড বিধান করিতে হইবে। সার্ব্বিয়ার যে সেনাপতি ও রাজ কর্ম্মচারী হত্যাকাণ্ডে[4] লিপ্ত ছিল, তাহাদিগকে গ্রেপ্তার করিতে হইবে। সার্ব্বিয়া এই পত্রানুসারে কার্য্য করিতে সম্মত কি অসম্মত তাহা শনিবার অপরাহ্ন ৬টার মধ্যে জানাইতে হইবে।

[1] Hostility.
[2] *Sainya-adhyakṣa* : Military Commanders.
[3] *Karma-chyūta* : dismissed from posts.
[4] Hatyā-kāṇḍa : murder-affair.

সার্ব্বিয়া পত্রোত্তরে লিখিয়াছেন, সব করিতে রাজি[1] আছি কিন্তু অষ্ট্রিয়ার রাজকর্ম্মচারীদিগকে সার্ব্বিয়ার প্রজার[2] বিচারক পদে নিযুক্ত করিতে পারিব না।

গত মঙ্গলবার অষ্ট্রিয়া যুদ্ধ ঘোষণা করিয়াছে। সার্ব্বিয়ার প্রধান সেনাপতি পুটনিক অষ্ট্রিয়া দেশে ভ্রমণ করিতে গিয়াছিলেন, যুদ্ধ ঘোষণার পূর্ব্বেই তাঁহাকে কয়েদ[3] করা হইয়াছিল। একদিন পরেই তাঁহাকে মুক্তি দেওয়া হইয়াছে।

সার্ব্বিয়ার রাজা রাজধানী বেলগ্রেড পরিত্যাগ করিয়া তাহার ৬১ মাইল দক্ষিণে ক্রাগুজেভাক নামক নগরে রাজধানী স্থাপন করিয়াছেন।

জর্ম্মণী সৈন্যদিগকে যুদ্ধের জন্য প্রস্তুত করিয়াছেন, তিনি অষ্ট্রিয়ার সহায়তা করিবেন। রুষিয়া সার্ব্বিয়ার পক্ষ অবলম্বন করিবেন। ইংলণ্ডের যুদ্ধ জাহাজ সমূহ দিন রাত্রি কয়লা ও আহার সামগ্রী বোঝাই[4] করিতেছে। ফ্রান্স সমস্ত সৈন্যকে যুদ্ধের জন্য প্রস্তুত করিয়াছেন। ইটালী সমরায়োজনে[5] প্রবৃত্ত হইয়াছেন।

সমস্ত ইউরোপে মহা আতঙ্ক উপস্থিত হইয়াছে।

[1] Willing.
[2] Subject.
[3] A. *qaid* : confinement.
[4] Loading.
[5] *Samara-āyojan* : war-preparations, mobilization.

আয়র্লণ্ডে কি যুদ্ধ হইবে ?

Will there be war in Ireland?

স্বায়ত্ত শাসন আইন[1] যাহাতে নির্ব্বিবাদে প্রচলিত হয় তাহার উপায় নির্দ্ধারণার্থ রাজা জর্জ্জ উভয় পক্ষের প্রতিনিধি স্থানীয় ৮ জনকে নিজ প্রাসাদে ডাকিয়া লইয়া গিয়াছিলেন। প্রতিনিধিগণ কয়েক দিন ধরিয়া অনেক আন্দোলন আলোচনা করিয়াছিলেন কিন্তু কোন মীমাংসা করিতে পারেন নাই। সুতরাং রাজার চেষ্টা ব্যর্থ হইয়াছে। সার এডওয়ার্ড কার্সন ও কাপ্তান ক্রেগ যুদ্ধ করিবেন, তবু স্বায়ত্ত শাসন আইন স্বীকার করিবেন না, এই সঙ্কল্প করিয়া প্রায় লক্ষ লোককে অস্ত্র-সজ্জিত রাখিয়াছেন। স্বায়ত্ত শাসন আইন যে দিন প্রচলিত হইবে, সেই দিন তাঁহারা অলষ্টারের নূতন গবর্ণমেন্ট স্থাপন করিবার ব্যবস্থা করিয়াছেন।

আয়র্লণ্ডের জাতীয় দল[2] শতাধিক বৎসর হইল স্বায়ত্ত শাসন স্থাপনের চেষ্টা করিতেছেন। বহুকাল কারাদণ্ড, ফাঁসীদণ্ড প্রভৃতি বিবিধ নিগ্রহ[3]

[1] Home Rule Bill.
[2] National Party.
[3] Oppression.

ভোগের পর জাতীয় দল আশা করিতেছে, তাঁহারা স্বদেশে স্বায়ত্ত শাসন স্থাপন করিতে পারিবেন। কিন্তু অলষ্টারবাসীদের সৈন্য ও অস্ত্র সংগ্রহ দেখিয়া তাঁহারা আত্মরক্ষার জন্য সৈন্য ও অস্ত্র সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছেন।

গত রবিবার জাতীয়দিগের [1] কয়েক জন ভলাণ্টিয়ার ডাব্লিন [2] নগরের নিকটবর্ত্তী হাউথ [3] নামক স্থানে জাহাজ হইতে সংগোপনে ১২ শত বন্দুক নামাইয়া মোটর গাড়ীতে তাহা পাঠাইয়া দেয়। তাহারা স্বকার্য্য সাধন করিয়া যখন ফিরিয়া আসিতেছিল, তখন কতকগুলি পুলিস ও সৈন্য তাহাদিগকে আটক করে। উভয় পক্ষে তৎক্ষণাৎ লড়াই আরম্ভ হয়। সৈন্যগণের গুলিতে বহু লোক আহত হয়

সৈন্যগণ যখন ডবলিন ফিরিয়া আসিয়াছিল, তখন জনসাধারণ ক্ষিপ্তপ্রায় [4] হইয়া তাহাদের উপর প্রস্তর নিক্ষেপ করিতে আরম্ভ করে। সৈন্য তাহাদের উপর গুলি চালায়, ৩ জন স্ত্রীলোক ও বহু পুরুষ আহত হয়। এইবারে ৪০ জন আহত ও ২ জন হত হয়।

গত সোমবার এই সংবাদ আইসে যে ডবলিনের হাস্পাতালে ১ জন আহত স্ত্রীলোক ও ১ জন পুরুষের মৃত্যু হইয়াছে।

সোমবার দিন বিবাদের কারণ সম্বন্ধে যে টেলিগ্রাম আসিয়াছে, তাহাতে জাতীয় দলের ভলাণ্টিয়ারদের উপরই দোষারোপ [5] করা হইয়াছে। রবিবারের টেলিগ্রাম পাঠ করিয়া সকলেরই এই বিশ্বাস হইয়াছিল, সৈন্য ও পুলিসের ব্যবহার দাঙ্গার মূল কারণ। সোমবারের টেলিগ্রাম বলিতেছে, ১,০০০ আইরিশ ভলাণ্টিয়ার পুলিস ও সমুদ্রোপকূলস্থ প্রহরীদিগকে [6] পরাভূত করিয়া মাটর গাড়ীতে প্রায় ১২০০ বন্দুক চালান দিয়াছে।

সৈন্যগণ প্রথমতঃ গুলি করে নাই; ভলাণ্টিয়ারগণ রিভলভারের গুলিতে একজন সৈন্যকে আহত, বন্দুকের বাটের [7] আঘাতে অনেককে আহত করাতে সৈন্যগণ গুলি করিয়াছিল। সৈন্যগণ ডবলিন প্রত্যাগমন কালে জনসাধারণ কর্ত্তৃক ভীষণভাবে আক্রান্ত হইয়াছিল। তখন ২০ জন সৈন্য আদিষ্ট হইয়া কয়েকবার গুলি করে ও বন্দুকে সঙ্গীন চড়াইয়া [8] জনসাধারণকে আক্রমণ করে। তখন দাঙ্গাকারীদের অনেকে আহত হয়। অতঃপর নগরবাসিগণ যেখানে যে সৈন্যকে একাকী পাইয়াছে, তাহাকেই আক্রমণ করিতে আরম্ভ করে। তখন

[1] Nationals.
[2] Dublin.
[3] Howth.
[4] *Kṣipta-prāy :* nearly mad, excited.
[5] *Doṣa-ā-rop :* fault-imputation.
[6] *Samudra-upakūla-stha praharī :* sea-coast guards.
[7] E. butt.
[8] Fixing bayonets.

কয়েকজন সৈন্য আহত হইয়া হাস্পাতালে যায়। দাঙ্গার সময় অনেক পুলিস তাহাদের অধিনায়কদের [1] হুকুম অমান্য করাতে সস্পেণ্ড হইয়াছে।

অতঃপর এই সংবাদ আসিয়াছে যে সৈন্যগণ বারাকে [2] প্রবেশের পূর্ব্বে ৭ বার যুগপৎ গোলাবর্ষণ [3] করিয়াছিল।

ডব্লিনের নগরপাল মিঃ রেডমণ্ডের নিকট টেলিগ্রাম করিয়াছেন, যাহারা গোলাবর্ষণের জন্য দায়ী, অবিলম্বে তাহাদের দণ্ডের ব্যবস্থা করিতে হইবে। ইংলণ্ডের উন্নতিশীল দলের সংবাদপত্র সমূহ ডবলিন হত্যাকাণ্ডের জন্য অতিশয় উগ্রমূর্ত্তি ধারণ [4] করিয়া বলিতেছেন, অলষ্টারবাসিগণ বন্দুক আমদানি করিতেছে, গবর্ণমেণ্ট তাহাতে উচ্চবাচ্য করেন না, জাতীয় দল বন্দুক আমদানি করিতেছে আর পুলিস ও সৈন্যগণ বন্দুকের গুলিতে তাহাদিগকে বধ করিতেছে। এই বৈষম্য [5] নীতির জন্য গবর্ণমেণ্টের জবাব দিতে হইবে। পার্লামেণ্টের আইরিশ সভ্যগণ, উন্নতিশীল ও শ্রমজীবি সভ্যগণ [6] উত্তেজিত হইয়া বলিতেছেন যাহারা এই হত্যাকাণ্ডের জন্য দায়ী তাহাদিগকে ত্বরায় বরখাস্ত কর।

আয়ার্লণ্ডের সেক্রেটারী মিঃ বিরেল [7] বলিয়াছেন, ডব্লিন পুলিসের সহকারী কমিশনার মিঃ হারেল কাহারও মত না লইয়া সৈন্যের সহায়তা চাহিয়াছিল। অতএব তাহাকে বরখাস্ত করা হইয়াছে। ডব্লিনের পুলিস কমিশনার সার জন। রস কর্ম্মত্যাগ করিয়াছেন। সৈন্যদিগকে ডব্লিন হইতে করাগে [8] পাঠাইয়া দেওয়া হইয়াছে।

৬৫০ জন ভলাণ্টিয়ার ও ১৫০০ আইরিশ ডব্লিন সহরের এক স্থানে সমবেত হইয়া ভূমিতে জানু অবনত করিয়া [9] প্রাণ খুলিয়া মৃত ব্যক্তিদের জন্য প্রার্থনা ও ক্রন্দন করিয়াছে।

জনসাধারণের সৈন্যদের উপর জাতক্রোধ [10] হইয়াছে। তাহারা সেনা-নিবাসের [11] সম্মুখে যাইয়া তাহাদিগকে গালি দিতেছে।

1 *Adhi-nāyak :* superior officers.
2 Barracks.
3 *Yug-pat golā-varṣaṇ :* 'simultaneous ball-raining,' volleys.
4 *Ugra-mūrtti dhāraṇ :* assuming an angry aspect.
5 *Vaiṣamya :* inequality, from *vi-sama.*
6 Labour members.
7 Mr. Angustine Birrell.
8 Curragh.
9 Bending their knees.
10 *Jata-krodh :* excited-anger=angry.
11 Barracks.

মাদকতা নিবারণ ও গবর্ণমেণ্টের নির্দ্ধারণ।

Prevention of Drunkenness. Government Decision.

১৯১২ সালের ১৮ই জুলাই তারিখে সার হারবার্ট রবার্টস ও মাদকতা নিবারণী সভার [1] আর কতিপয় সভ্য ভারতসচিব লর্ড ক্রুর সহিত সাক্ষাৎ

1 National Temperance League.

করিয়া ভারতবর্ষে মাদকতা নিবারণ সম্বন্ধে যে সকল উপায় অবলম্বন করা কর্ত্তব্য তাহার আলোচনা করিয়াছিলেন।

তাঁহারা বলিয়াছিলেন—

১। মাদক দ্রব্য বিক্রয়ের লাইসেন্স সংখ্যা ক্রমশঃ হ্রাস করা কর্ত্তব্য।

মাদক দ্রব্য বিক্রয়ের দোকান আরও পরে খোলা ও আগে বন্ধ [1] করা উচিত।

২। ভারতের প্রত্যেক মিউনিসিপালিটিতে "আবকারী মন্ত্রণা সমিতি"[2] গঠন করা উচিত। নানা শ্রেণীর প্রতিনিধিস্থানীয় লোকদিগকে লইয়া এই সমিতি গঠন করিয়া সর্ব্বপ্রকার মাদক দ্রব্য বিক্রয়ের লাইসেন্স দানের ক্ষমতা এই সমিতির হস্তে প্রদান করা কর্ত্তব্য।

৩। গবর্ণমেন্টের প্রতিষ্ঠিত আবকারী অনুসন্ধান কমিটির অনুরোধ অনুসারে নীলামের দ্বারা উচ্চ মূল্যে লাইসেন্সের ফি স্থির না করিয়া লাইসেন্সের ফির হার নির্দ্ধারণ করিয়া দেওয়া কর্ত্তব্য।

৪। কালেক্টরের হাতে লাইসেন্স দানের ক্ষমতা না রাখিয়া বিশেষ নিয়মাধীনে সেই ক্ষমতা স্থানীয় সমিতি বা অপর কোন স্বাধীন লোকের হস্তে অর্পণ করা কর্ত্তব্য।

ভারতসচিব সার হারবার্ট রবার্টস ও তাঁহার সহচরদের অনুরোধগুলি ভারত গবর্ণমেন্টের বিবেচনার্থ প্রেরণ করিয়াছিলেন। ভারত গবর্ণমেন্ট তৎসম্বন্ধে যে অভিমত[3] প্রকাশ করিয়াছেন, তাহার মর্ম্ম[4] আমরা নিম্নে প্রকাশ করিলাম।

১। ভারত গবর্ণমেন্ট বলিয়াছেন, মাদকদ্রব্য বিক্রয়ের দোকান সংখ্যা যে ক্রমশঃ হ্রাস করা উচিত, তাহাতে তাঁহাদের সম্পূর্ণ সম্মতি আছে। ১৯০৫ ও সনের পর ৭,৭৮৮ টা দেশী মদের দোকান, ২,৫৮০ আফিংএর দোকান, ১,৫১৬ গাঁজার দোকান বন্ধ করা হইয়াছে। বিলাতী মদের দোকান ১৮১ টা বৃদ্ধি হইয়াছে বটে কিন্তু ইহা বাস্তবিক[5] বৃদ্ধি বলিয়া গণ্য করা উচিত নয়। কারণ পূর্ব্বে হোটেলের বার সেনা নিবাসের ক্যান্টিন[6] প্রভৃতি মদের দোকান নামে অভিহিত করা হইত না এখন তাহাদিগকে মদের দোকান বলিয়া গণ্য করাতে সংখ্যা বৃদ্ধি হইয়াছে। তাড়ির[7] দোকান ১১,১৫০ কমিয়া গিয়াছে গত ৭ বৎসরে মোট ২২,৬৫৩ দোকান কমিয়াছে।

স্থানীয় গবর্ণমেন্ট সমূহ মাদক দ্রব্য বিক্রয়ের সময় কম করিতে চেষ্টা করিতেছেন। বাঙ্গলা গবর্ণমেন্টের ইচ্ছা এই যে গ্রীষ্মকালে প্রাতে ৮টা ও

[1] Opened later and shut earlier.
[2] Excise Advisory Committee.
[3] Opinion.
[4] Gist, substance.
[5] *Vāstavik:* actual, from *vastu*, a thing, a fact.
[6] Canteen.
[7] "Toddy", fermented juice.

শীতকালে ১০টার পূর্ব্বে কোন দোকান খোলা হইবে না এবং পল্লীগ্রামে সূর্য্যাস্তের সময় দোকান বন্ধ করিতে হইবে। বেহার, উড়িষ্যা, পঞ্জাব, মধ্যপ্রদেশ ও সিন্ধু দেশের গবর্ণমেণ্ট ও বিক্রয়ের সময় হ্রাস করিতে ইচ্ছুক হইয়াছেন।

২। গবর্ণমেণ্ট ১৮৮৯ সাল হইতে জনসাধারণের মতানুসারে কার্য্য করিবার ইচ্ছা প্রকাশ করিতেছেন। আবকারী কমিটীর মত এই যে দোকান রাখা বা স্থাপন সম্বন্ধে স্থানীয় লোকের মতামতের উপর নির্ভর করিলে অনেক বিঘ্ন উপস্থিত হইবার সম্ভাবনা। তাঁহারা মন্ত্রণা-সমিতি[1] স্থাপনের অনুকূলে মত প্রকাশ করিয়াছিলেন। তদনুসারে অনেক মন্ত্রণা সমিতি স্থাপিত হইয়াছে। মন্ত্রণা সমিতির অনুরোধ অনুসারে ১৯১০ ১১ সালে ১০৫, ১৯১১-১২ সালে ৬৩, ১৯১২-১৩ সালে ১২০টা দোকান বন্ধ করা হইয়াছে।

বাঙ্গলা গবর্ণমেণ্ট লোকাল বোর্ড সমূহের উপর "মন্ত্রণা-সমিতি"র কার্য্যভার অর্পণ করিয়াছেন। বিভাগীয় কমিশনারগণ মিউনিসিপালটীর "মন্ত্রণা-সমিতি" গঠনের ভার প্রাপ্ত হইয়াছেন। কলিকাতা ও তাহার উপকণ্ঠের[2] জন্য যে মন্ত্রণা-সমিতি হইয়াছে, তাহাদের উপর লাইসেন্স দানের ভার দেওয়া হইয়াছে। আসামের মিউনিসিপালিটী সমূহ সহরের দোকান সম্বন্ধে মন্ত্রণা-সমিতির কার্য্য করিতেছেন। গ্রাম্য দোকান সম্বন্ধে লোকাল বোর্ডের উপর ভার দেওয়ার প্রস্তাব হইয়াছে। বেহার ও উড়িষ্যার প্রধান নগর সমূহে মন্ত্রণা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। শীঘ্রই সমস্ত মিউনিসিপালিটীতে মন্ত্রণা সভা স্থাপিত হইবে। গ্রাম্য দোকান সমূহের তত্ত্বাবধানভারও শীঘ্র মন্ত্রণা সমিতির উপর অর্পণ করা যাইবে।

মদের দোকানের ভার স্থানীয় লোকের মতামতের উপর অর্পণ করিলে, হয় এক দিনে সমস্ত দোকান বন্ধ করা হইবে এবং বিজারা[3] মদ বিক্রয়ের প্রাদুর্ভাব[4] হইবে, অথবা মদের দোকানের সংখ্যা বাড়িয়া যাইবে। যেখানে মাদক দ্রব্য সেবন বিরোধী[5] লোকের সংখ্যা বেশী সেখানকার সমস্ত দোকান উঠিয়া যাইবে, যেখানে মদ্য প্রিয় লোকের সংখ্যা বেশী সেখানে দোকানের সংখ্যা বৃদ্ধি হইবে। অতএব স্থানীয় লোকের মতামতের উপর এতৎ সম্বন্ধে নির্ভর করা ভাল কাজ হইবে না।

৩। নীলাম ডাকে[6] দোকানের ফি[7] নির্দ্দেশ করা সম্বন্ধে ভারত গবর্ণমেণ্ট বলিয়াছেন, অধিকাংশ স্থানীয় গবর্ণমেণ্ট নীলামের প্রথার সমর্থন করিয়াছেন। কেবল বোম্বাই গবর্ণমেণ্ট নির্দ্দিষ্ট ফি ধার্য্য করিয়া দোকান

[1] Advisory committees.
[2] *Upa-kantha :* near the mall, suburbs.
[3] Illicit.
[4] *Prādus-bhāv :* springing up, prevalence.
[5] Opposed to consumption.
[6] Lit. at auction call, by auction sale.
[7] E. fee, license fee.

বিলি[1] করিতেছেন। তাহার কার্য্যের ফলাফল দেখিয়া ভারত গবর্ণমেণ্ট কর্ত্তব্য নির্দ্ধারণ করিবেন।

৪। ভারত গবর্ণমেণ্ট বলিয়াছেন, কালেক্টরদিগের হাত হইতে লাইসেন্স দানের ক্ষমতা উঠাইয়া লওয়া যাইতে পারে না। লাইসেন্স দানের ক্ষমতা কালেক্টরদের হাতে অথবা মন্ত্রণা সমিতির হাতে রাখাই কর্ত্তব্য। মন্ত্রণা-সমিতির দ্বারা কোন অনিষ্টের আশঙ্কা নাই। কেন না তাহার অধিকাংশ সভ্যই[2] রাজকর্ম্মচারী।

ভারত গবর্ণমেণ্ট স্যার হারবার্ট রবার্টসের সমস্ত অনুরোধ রক্ষা করিতে প্রস্তুত হন নাই বটে, কিন্তু যাহাতে মাদকতার হ্রাস হয়, তাহার চেষ্টা করিতে সঙ্কল্প করিয়াছেন।

ভারত গবর্ণমেণ্ট স্কুলের ছাত্রদিগকে মাদক দ্রব্য ব্যবহারের অনিষ্ট-কারিতা বুঝাইয়া দিবার জন্য স্কুল ইনস্পেক্টারদিগকে বিশেষ অনুরোধ করিয়াছেন। স্কুল পাঠ্য পুস্তকে মাদক দ্রব্যের অনিষ্টকারিতা সম্বন্ধে পাঠ থাকিবে, গবর্ণমেণ্ট এই নির্দ্ধারণ করিয়াছেন।

[1] Distribution.
[2] Members.

ভারতীয় ছাত্রসঙ্ঘ।

Indian Student League.

স্থাবর জঙ্গম, ভূধর জলধি[1], প্রকৃতির[2] যে কোন দিকেই নেত্রপাত করি না কেন—সর্ব্বত্রই সূক্ষ্মানুসূক্ষ্ম[3] "নির্জীব" অণুপরমাণু[4] হইতে আরম্ভ করিয়া সজীব বৃক্ষ, লতা, কীট, পতঙ্গ, পশু, পক্ষী, মানব পর্য্যন্ত, কোথাও এই নিয়মের ব্যতিক্রম নাই। ইহাই সৃষ্টির মূলে—বিশ্বরচনা ইহাদ্বারাই সুসম্পন্ন হইতেছে। হাইড্রোজেন[5] ও অক্সিজেন[6] দল বাঁধিয়া[7] জল নামক এক নূতন ও নিত্যপ্রয়োজনীয়[8] পদার্থের[9] সৃষ্টি করিয়াছে; মধুমক্ষিকা, পিপীলিকা প্রভৃতি কীট পতঙ্গগুলি স্বভাবতঃই[10] দলবদ্ধভাবে[11] থাকিতে ভালবাসে; অসভ্য জাতিরা এইরূপেই শত্রুতাড়ন করিত; এবং বিংশ

[1] Immovable, movable, mountains, oceans
[2] Nature.
[3] *Sūkṣma-aṇu-sūkṣma :* tiniest of tiny, minuter than the minute.
[4] *Aṇu-parama-aṇu :* atoms and supra-atoms.
[5] Hydrogen.
[6] Oxygen.
[7] Entering into combination.
[8] *Nitya-prayojanīya :* Ever necessary.
[9] *Pada-artha :* that which is the 'meaning' of a word, that which a word stands for, a substance.
[10] Naturally.
[11] In company.

শতাব্দীতে[1] সভ্য জাতিগণ এই সঙ্ঘ গঠনদ্বারাই রাজনৈতিক ও বৈষয়িক কর্ম্মক্ষেত্রে অসাধ্য সাধন করিতেছে[2]। এই সঙ্ঘ গঠনের ফলে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী[3] ভারতজয়ে সমর্থ হইয়াছিল এবং ইহারই বলে ভারতবাসিগণ একদিন[4] সিন্ধুবক্ষ[5] ভেদ করিয়া তিব্বত, চীন ও জাপানে উপনিবেশ গঠন করিতে[6] পারিয়াছিল। একবিংশ শতাব্দীতে খৃষ্টান্ মহারথিগণ[7] এই সমবায়[8] প্রণালীর সাহায্যেই বিশ্বজয়ের সুখময় কল্পনা করিতেছেন। অতএব কি প্রকৃতিতে, কি সামাজিক ও বৈষয়িক জীবনে—সর্ব্বত্রই সঙ্ঘ সমিতির অসীম শক্তির পরিচয় পাওয়া যায়। একাকী এই পৃথিবীতে কোন কার্য্যই সুসম্পন্ন হয় না।

আর আধুনিক কালে এই সঙ্ঘগঠনের শক্তির অভাবেই আমাদের সমাজ এত অনুন্নত[9] ও অধঃপতিত[10]। এতদিন এক উদ্দেশ্য সাধনকল্পে আমরা বিভিন্ন কর্ম্মক্ষেত্রে একমন ও একচিত্ত হইতে পারি নাই বলিয়াই আমাদের জাতীয় জীবনে আজ এত বৈষম্য[11], এত বিচ্ছেদ, শতভাষা[12], সহস্র আচার। এজন্যই আমরা আজ আমাদের প্রতিবেশীর কথা বুঝি না, তাহার মনোভাব হৃদয়ঙ্গম[13] করি না—জাতীয় জীবনের ঐক্য উপলব্ধি করিব কি উপায়ে? এই বৈষম্যের মধ্যে অনেক ভাবুক কল্পনায় মহাসাম্যের[14] যতই রসাস্বাদন[15] করুন না কেন আমাদের মতে ইহা বাস্তব[16] জাতীয় জীবনের মৃত্যুর নামান্তর। অতএব আমরা বিভিন্ন কর্ম্মক্ষেত্রে, শিক্ষায় ও সমাজে জ্ঞানে ও বিজ্ঞানে,[17] অর্থে ও ধর্ম্মে, সঙ্ঘগঠন করিতেই চাই।

কিন্তু আমাদের সমবায়ের প্রণালী ও উদ্দেশ্য এবং পাশ্চত্য জগতের[18] সমবায়ের প্রণালী ও উদ্দেশ্যের মধ্যে অনেক পার্থক্য দৃষ্ট হইবে। পাশ্চাত্য জাতিগণ সঙ্ঘগঠন পূর্ব্বক কেবল পরজাতিপীড়ন ও অন্যায় যুদ্ধে অজস্র[19]

1 In the twentieth century.
2 Are accomplishing the impossible (marvels) in the fields of administration and business.
3 East India Company.
4 Once upon a time.
5 *Sindhu-vaksa* : ocean-bosom.
6 To found colonies.
7 Great charioteers, heroes.
8 *Sam-ava-i* : co-operation.
9 *An-ut-nata* : not advanced.
10 *Adhah-patita* : down-fallen.
11 Inequality *(vi-sama)*.
12 *Sata-bhāsā* : a hundred speeches, languages.
13 *Hridaya-gama* : going to the heart, understood.
14 *Mahā-sāmya* : universal equality.
15 *Rasa-āsvādan* : flavour-tasting, appreciation.
16 Real, from *vastu*.
17 *Jñān O Vi-jñān* : learning and science.
18 Western world.
19 Vast, immeasurable.

শোণিত পাত করিয়া তথাকথিত[1] যোগ্যতমের উদ্বর্ত্তনে[2] সাহায্য প্রদান করিয়াছেন,—আমরা সঙ্ঘগঠন করিতে চাই, বাঁচিয়া থাকিতে এবং বাঁচিয়া থাকিয়া আমাদের সমাজ-জীবনের বিশেষভাব[3] ধর্ম্ম ও নীতি জগৎ সমক্ষে প্রচার করিতে আমাদের যোগ্যতমের উদ্বর্ত্তনের ধারণাটা অন্য রকমের। কিছুদিন হইতে পাশ্চাত্য জাতিগণ বিশ্বে শান্তি স্থাপনের উদ্যম করিতেছেন ; কিন্তু যাঁহাদের সমাজোন্নতির মূলে কেবল জড়বাদ[4] ও অর্থলালসা,[5] জানি না, তাঁহারা কিরূপে ও কতকালে পাশব প্রকৃতির[6] তাণ্ডবনৃত্য হইতে নিষ্কৃতি[7] লাভ করিয়া শান্তির সৌম্য মূর্ত্তির[8] পরিচয় প্রাপ্ত হইবেন। আমাদের ধ্রুব[9] বিশ্বাস, ভারতবর্ষের বিশেষ আবিষ্কার[10] সার্ব্বজনীন[11] ত্যাগ[12] ধর্ম্মভাবে নিখিল[13] বিশ্ব উদ্বুদ্ধ[14] না হইলে মহাশান্তির সাক্ষাৎ লাভ হইবে না।

এই সব নানা কারণে আমাদের দীর্ঘসুপ্ত জাতীয় জীবনকে বিবিধ উপায়ে জাগ্রত করিবার প্রয়োজন হইয়া পড়িয়াছে। আমাদের সমাজ জীবন[15] এখন বহুগলদে[16] পরিপূর্ণ সত্য, কিন্তু সাধনা বলে[17] এই গলদরাশি[18] অপসারিত[19] করিতে পারিলে আবার সনাতন[20] সত্যের দিব্যালোক দেখিতে পাওয়া যাইবে।

এই জাগরণে কথঞ্চিৎ[21] সহায়তা করিবার জন্যই প্রায় তিন বৎসর হইল আমেরিকা প্রবাসী ভারতীয় ছাত্রগণ "আমেরিকায় হিন্দুস্থান-সমিতি" নাম দিয়া এক ছাত্রসমিতি স্থাপন করিয়াছেন। বিবিধ উপায়ে ভারতীয় ছাত্রগণকে শিক্ষাবিষয়ে সাহায্য ও উৎসাহ প্রদান করাই এই সমিতির উদ্দেশ্য। বর্ত্তমানে

[1] So-called.
[2] Evolution of the fittest.
[3] Peculiarity.
[4] Materialism.
[5] *Artha-lālasā* : money-lust.
[6] *Pāśava-prakṛti* : animal nature
[7] Salvation, release.
[8] Mild, gentle image.
[9] *Dhruva* : fixed unalterable.
[10] Discovery.
[11] *Sarva-janīna* ; uni-versal.
[12] Renunciation.
[13] *Ni-khil* : entire, whole
[14] *Ut-buddha* : a-wakened.
[15] Social life.
[16] Many faults.
[17] By force of action.
[18] *Galad-rāśi* : fault-heaps.
[19] Driven away.
[20] *Sanā-tan* : Eternal.
[21] Even a little.

এই সমিতির পরিচালক ও পৃষ্ঠপোষকগণ[1] ইহার কর্ম্মক্ষেত্র[2] জগৎব্যাপী করিবার প্রয়াস করিতেছেন। হিন্দুস্থান সমিতির প্রধান উদ্যোগী ও অক্লান্ত কর্ম্মী আইওয়া[3] বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীযুক্ত সুধীন্দ্র বসু এম, এ. পি এইচ. ডি. মহাশয় ইহার সভাপতি স্বরূপে সম্প্রতি একটী নূতন প্রস্তাব করিয়াছেন; বঙ্গভাষাভাষী ভারতবাসিগণের[4] অবগতির জন্য ইহার সারমর্ম্ম নিম্নে প্রদত্ত হইল।

"বর্ত্তমানে প্রায় তিনশত ভারতীয় ছাত্র আমেরিকার যুক্ত রাজ্যের[5] কলেজ ও ইউনিভার্সিটীতে অধ্যয়ন করিতেছেন। কিছুদিন হইল ইঁহারা 'আমেরিকায় হিন্দুস্থান সমিতি" নাম দিয়া একটী ছাত্রসমিতি প্রতিষ্ঠা করিয়াছেন; আমেরিকার যে যে কলেজ ও ইউনিভার্সিটীতে উপযুক্ত সংখ্যক ভারতীয় ছাত্র অধ্যয়ন করিতেছেন, সেই সেই কলেজ ও ইউনিভার্সিটীতেই এই সমিতির শাখা বর্ত্তমান। ইহাদের মধ্যে নিউইয়র্ক,[6] শিকাগো[7] ইলিনয়,[8] মিসিগন,[9] আইওয়া,[10] কান্‌সাস,[11] ওয়াশিংটন,[12] অরেগন[13] ও ক্যালিফর্নিয়া[14] বিশ্ববিদ্যালয়সংলগ্ন শাখাসমিতি গুলিই বিশেষ উল্লেখ যোগ্য।

বিবিধ উপায়ে ভারতবাসিগণের শিক্ষার সাহায্য ও উৎসাহ প্রদানই এই ছাত্রসমিতির প্রধান উদ্দেশ্য। যে সকল ভারতীয় ছাত্র ভবিষ্যতে শিক্ষার জন্য আমেরিকা যাত্রার ইচ্ছা পোষণ করিতেছে এই সমিতি সেই সকল ছাত্রকে আমেরিকার শিক্ষাবিষয়ক নানাপ্রকার মূল্যবান্ ও প্রয়োজনীয় সংবাদ প্রদান করিয়া থাকে, এবং আলস্যপরায়ণ ও গৃহসুখাভিলাষী[15] যুবকগণকে শিক্ষার জন্য বিদেশ গমনে উৎসাহ দিয়া থাকে। সমিতির কর্ম্মচারিগণ নবাগত ছাত্রদিগের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাদিগকে উপযুক্ত বিদ্যালয়ে প্রেরণ করেন। আমেরিকার সহিত ভারতবর্ষের সৌভ্রাত্রের[16] ভাব বর্দ্ধন করাও এই সমিতির অন্যতম উদ্দেশ্য।

[1] *Pṛṣṭha-poṣak :* backers, encouragers.
[2] *Karma-kṣetra ;* work-field, field of action.
[3] E. Iowa.
[4] Indians who speak Bengali.
[5] United States.
[6] New York.
[7] Chicago.
[8] Illinois.
[9] Michigans.
[10] Iowa.
[11] Kansas.
[12] Washington.
[13] Oregon.
[14] California.
[15] *Gṛha-sukha-abhi lāṣī ;* 'home-ease-desiring,' loving the comforts of home.
[16] *Sau-bhrātra ;* (from *Su-bhrātṛ*) good brotherhood, friendship.

অদৃষ্টের উপর কিছুই ফেলিয়া না রাখিয়া এই সমিতি স্বদেশীয়গণকে শিক্ষাবিষয়ে নানাপ্রকারে সাহায্য করিবার জন্য বদ্ধপরিকর[1] হইয়াছে "হিন্দুস্থানী ছাত্র" নাম দিয়া এই সমিতি ত্রৈমাসিক পত্রিকাও প্রকাশ করিতেছে। ইতি মধ্যেই এই সমিতি ভারতবর্ষের ও আমেরিকার অনেক যোগ্য ব্যক্তির সাহায্য ও সহানুভূতি আকর্ষণ করিতে সমর্থ হইয়াছে। আমেরিকার বিখ্যাত বিশ্ববিদ্যালয়গুলির সভাপতি, কলেজের অধ্যাপক, গ্রন্থকর্ত্তা. পত্রিকাসম্পাদক এবং ভারতবর্ষের কোনও কোনও রাজা, মহারাজা ও নবাবও এই সমিতির সভ্যশ্রেণীভুক্ত হইয়াছেন.

বর্ত্তমানে এই সমিতি স্বকীয় কর্ম্মক্ষেত্র পৃথিবীব্যাপী করিবার জন্য সচেষ্ট হইয়াছে। ইহা পৃথিবীর যাবতীয় ভারতছাত্র সমিতিকে এক মহাসমিতিতে পরিণত করিবার আয়োজন করিতেছে। পৃথিবীব্যাপী এই মহাসমিতি "ভারতীয় ছাত্রের সঙ্ঘ" নামে পরিচিত হইবে। নানাপ্রকার ভারতীয় ছাত্রগণের সাহায্য প্রদান ও উৎসাহ বর্দ্ধন ইহার অধীন শাখা-সমিতিগুলির প্রধান উদ্দেশ্য হইবে। এই শাখা-সমিতিগুলি প্রতিবেশীর ন্যায় পরস্পরকে বিবিধ উপায়ে সাহায্য প্রদান করিবে ও পরস্পরের উন্নতির জন্য একাগ্রচিত্তে কার্য্য করিবে।

এই মহাসমিতির এক প্রধান কার্য্যালয় থাকিবে এবং এই কার্য্যালয়ের অবস্থান প্রতি বৎসর নির্দ্ধারিত হইবে—কোনও বৎসর ইংলণ্ড, কোনও বৎসর ইউরোপের অন্য কোন দেশে, পর বৎসর আমেরিকায় এবং তৎপর বৎসর জাপান বা ভারতবর্ষে। প্রধান কার্য্যালয় মহাসমিতির প্রধান সভাপতি ও প্রধান সম্পাদকের তত্ত্বাবধানে পরিচালিত হইবে এবং ইহাদ্বারাই দেশ বিদেশের যাবতীয় শিক্ষা সংবাদ প্রচারিত হইবে।

অবশ্য এস্থলে পরিষ্কাররূপে বুঝা উচিত যে, এই মহাসমিতির অংশভুক্ত হইলে, কোনও শাখা-সমিতির স্বার্থ কোনও প্রকারে ক্ষুণ্ণ[2] হইবার আশঙ্কা নাই। প্রত্যেক স্থানীয় শাখা-সমিতিরই অবস্থাভেদে ব্যবস্থা করিবার সম্পূর্ণ স্বাধীনতা থাকিবে; তবে এই মহাসঙ্ঘ গঠনের একমাত্র উদ্দেশ্য এই যে, পৃথিবীর যাবতীয় ভারতছাত্রসমিতিগুলি পরস্পরের সাহায্যে, সংবাদে ও সহানুভূতিতে সকলের আনন্দ, উৎসাহ ও শক্তিবর্দ্ধনকরতঃ একনিষ্ঠ[3] জাতীয় জীবন[4] গঠনে সাহায্য করিবে। উদাহরণস্থলে এখানে এরূপ একটী শাখা-সমিতির উল্লেখ করা যাইতেছে। ভারতভক্ত মার্কিণরমণী ভগিনী কমলা দেবী[5] নিউইয়র্কপ্রবাসী ভারতবাসিগণকে নানাপ্রকারে সাহায্য প্রদানের জন্য

[1] *Baddha-parikar* : (with) girded loins.
[2] Hurt, grieved.
[3] *Eka-nistha* : of single intention.
[4] National life.
[5] Sister Kamalā Devī.

"হিন্দুস্থান নারী শাখাসমিতি" নাম দিয়া একটী সমিতি স্থাপন করিয়াছেন। এই সমিতির সভ্যগণ সকলেই মার্কিণ রমণী। এই নবপ্রতিষ্ঠিত সমিতির সহিত নিউইয়র্কের প্রাচীন হিন্দুস্থান-সমিতির কোনও গোলযোগ বাধিবার আশঙ্কা নাই; কারণ উভয়েরই উদ্দেশ্য এক, কেবল নিয়ম ও কর্ম্মক্ষেত্র স্বতন্ত্র। এই সমিতি আমেরিকার হিন্দুস্থান-সমিতির শাখাশ্রেণীভুক্ত হইবার জন্য আবেদন করিয়াছে। এইরূপ আবেদনের উদ্দেশ্য এই যে, হিন্দুস্থান-সমিতির শাখাশ্রেণীভুক্ত হইলে ইহা অধিকতর পরিচিত [1] ও ইহার কর্ম্মক্ষেত্র প্রসারিত [2] হইবে।

হিন্দুস্থান সমিতির সাধারণ সভাপতিস্বরূপে আপনার সুবিখ্যাত পত্রিকার সাহায্যে ভারতীয় ছাত্রের স্বার্থ সংবর্দ্ধনের জন্য পৃথিবীর যাবতীয় ভারত ছাত্র সমিতিকে আমাদের সহিত একযোগে কার্য্য করিবার জন্য আহ্বান করিতেছি। মহাসঙ্ঘ গঠনে অক্ষমতার জন্য আমরা অনেক সময় আমাদিগের বিরুদ্ধে সমালোচনা শুনিতে পাই কিন্তু এখন আমরা দেখাইব যে, আমরা আর অক্ষম নই।

এই উদ্দেশ্য কার্য্যে পরিণত করিবার জন্য এখন আমাদের সাহসী ও গঠনশক্তিশালী [3] বহু যুবকের প্রয়োজন হইয়া পড়িয়াছে। আমরা ভারতীয় ছাত্রের-বিশ্ব সঙ্ঘ গঠন করিতে চাই।

আমরা আশা করি, ভারতের ছাত্র, শিক্ষক, ধনী, নির্ধন, রাজা, মহারাজা, উক্ত প্রস্তাবটী মনোযোগ সহকারে পাঠ করিবেন। কর্ম্মেই আমাদের মুক্তি, কর্ম্ম ব্যতীত গত্যন্তর [4] নাই। যদি কেহ এ সম্বন্ধে বিশেষ বিবরণ পাইতে ইচ্ছা করেন, তবে নিম্ন নামে ও ঠিকানায় অনুগ্রহপূর্ব্বক পত্র লিখিবেন। নাম ও ঠিকানা—Prof. Sudhindra Bose M. A. Ph. D. The State University of Iowa, Iowa City, U. S. A.

শ্রীনবীনচন্দ্র দাস
আইওয়া বিশ্ববিদ্যালয়,
আমেরিকা।

আইওয়া সিটি
১৪ই জুন, ১৯১৪।

[1] Better known.
[2] Extended.
[3] *Gathana-śakti-śāli* ; 'organising-power-possessing.'
[4] *Gati-antar* : other means.

কংগ্রেস।

The (Indian National) Congress.

বোম্বাইর কংগ্রেস কমিটি বাবু ভূপেন্দ্রনাথ বসুকে, এলাহাবাদ ও মান্দ্রাজ কংগ্রেস কমিটি লালা লাজপৎ রায়কে কংগ্রেসের সভাপতি পদে নিযুক্ত করিবার জন্য অনুরোধ করিয়াছেন।

গবর্ণমেন্টের নূতন সেক্রেটারী।

New Secretary to Government.

এতকাল বাঙ্গলা গবর্ণমেন্টের ৩ জন সেক্রেটারী ছিলেন। সম্প্রতি শিল্প, বাণিজ্য, কুলি চালান প্রভৃতি বিষয়ক কার্য্য নির্ব্বাহের জন্য আর একজন সেক্রেটারী নিযুক্ত করা হইয়াছে।

ব্যবস্থাপক সভার সভ্য নিয়োগ।

Appointment of a Member of the Legislative Council.

মিঃ আপকার [1] কলিকাতা মিউনিসিপাল কর্পোরেশনের প্রতিনিধিরূপে ব্যবস্থাপক সভার সভ্য ছিলেন, তিনি পদত্যাগ করাতে আগামী ১৫এ আগষ্ট কর্পোরেশন কর্ত্তৃক একজন সভ্য নির্ব্বাচিত হইবেন।

[0] Mr Apcar.

মিউনিসিপাল কমিশনার।

A Municipal Commissioner.

মিঃ আপকার পদত্যাগ করাতে চৌরঙ্গী ওয়ার্ডের জন্য একজন কমিশনার নির্ব্বাচন করিতে হইবে। আমরা অবগত হইলাম, কুমার অরুণচন্দ্র সিংহ সেই পদপ্রার্থী হইয়াছেন। কুমার অরুণচন্দ্র কর্ম্মোৎসাহী ও সৎসাহসী পুরুষ। আমরা আশা করি, করদাতাগণ তাঁহাকেই কমিশনার নির্ব্বাচন করিবেন।

নির্ব্বাচন আইনসঙ্গত হইয়াছে।

The election was in accordance with law.

ঢাকার মিউনিসিপাল কমিশনার বাবু শরৎচন্দ্র চক্রবর্ত্তী গবর্ণমেন্টের নিকট এই মর্ম্মে দরখাস্ত করিয়াছিলেন যে, চৌধুরী মহম্মদ ইস্মাইল খাঁ অন্যায়-

রূপে ব্যবস্থাপক সভার সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। গবর্ণমেণ্ট অনুসন্ধান করিয়া এই নির্দ্ধারণ করিয়াছেন যে, কোন অন্যায় উপায় অবলম্বন করা হয় নাই।

গুর্খা ও চা কর।

Gurkhas and tea-planters.

নেপাল গবর্ণমেণ্ট এই হুকুম প্রকাশ করিয়াছেন যে, নেপালের কোন গুর্খাকে সৈন্যশ্রেণীভুক্ত করা যাইতে পারে কিন্তু চা বাগানের কুলি করা যাইতে পারিবে না।

ইতঃপূর্ব্বে এইরূপ নিয়ম ছিল, দারজিলিংএর কোন গুর্খাক সৈন্য শ্রেণীভুক্ত করা হইলে চা-করগণ আসিয়া দেখিতে পারিতেন যে ঐ গুর্খা চা বাগানের পলাতক কুলি কি না। গবর্ণমেণ্ট এই নিয়ম রহিত করাতে চা-করগণ অসন্তুষ্ট হইয়াছেন।

গবর্ণরের কলিকাতা আগমন।

The Governor comes to Calcutta.

গত মঙ্গলবার প্রাতে বাঙ্গলার গবর্ণর ঢাকা হইতে কলিকাতা প্রত্যাবর্ত্তন করিয়াছেন। গত কল্য ঢাকায় ব্যবস্থাপক সভার অধিবেশন হইয়াছে। সার উইলিয়ম ডিউক সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। গবর্ণরের টাঙ্গাইল ৭ই ও পাবনার অন্তর্গত বেরা ৮ই তারিখ পরিদর্শনের কথা ছিল। সে প্রস্তাব পরিত্যক্ত হইয়াছে। তিনি আগামী শনিবার পর্য্যন্ত কলিকাতা অবস্থিতি করিবেন। তাঁহার ময়মনসিংহগমন বোধ হয় বন্ধ হইবে না।

তাড়িতের মূল্য।

Price of electricity.

লণ্ডন কাউণ্টি কাউন্সিলের নিয়মানুসারে তাড়িতের জন্য প্রত্যেক ইউ-নিটে দুই পয়সা দিতে হয় কিন্তু কলিকাতায় আলোর জন্য আট আনা ও পাখার জন্য ছয় আনা খরচ করিতে হয়। যদি প্রাপ্য টাকা আফিসে যাইয়া জমা দেওয়া যায় তবে আট আনার স্থলে ছয় আনা ও ছয় আনার স্থলে চারি আনা দিতে হয়। সম্প্রতি তাড়িত কোম্পানী এই অনুগ্রহ করিয়াছেন যে, আলোর প্রাপ্য টাকা আফিসে দিলে ছয় আনার স্থলে সাড়ে পাঁচ আনার

বেশী দিতে হইবে না। ছাপাখানার কাজ বা কোন দ্রব্য নির্ম্মাণে যে তাড়িত ব্যয় হয়, তজ্জন্য প্রতি ইউনিটে দিনে দশ পয়সা ও রাত্রিতে তিন আনা দিতে হয়। কলিকাতার তাড়িতের মূল্য অপেক্ষা লণ্ডনের কত কম। অথচ লণ্ডন ধনী আর কলিকাতা গরীবের দেশ। কলিকাতায় তাড়িতের মূল্য হ্রাস করিবার জন্য আন্দোলন করা কর্ত্তব্য।

ইংলণ্ডে বাবু ভূপেন্দ্রনাথ বসুর কার্য্য।

Babu Bhūpendranāth Vasu's work in England.

ইংলণ্ডের প্রধান মন্ত্রি মিঃ এসকিথ, লর্ড চেন্সেলার, লর্ড হেলডেন ও সহকারী রাজস্ব-সচিব মিঃ মণ্টেগু ভূপেন্দ্র বাবুকে নিমন্ত্রণ করিয়া খাওয়াইয়াছেন। বিলাতের এইরূপ নিমন্ত্রণ কেবল আহারের জন্য নয়। সেখানকার আহার তাড়াতাড়ি সম্পন্ন হয় না। আহারের সময় নির্ব্বিঘ্নে নানা বিষয়ের আলোচনা করিবার সুবিধা হয়। আমরা অবগত হইলাম, ভূপেন্দ্র বাবু ভারতের হিতকর বিবিধ বিষয়ে প্রধান মন্ত্রী প্রভৃতির মনোযোগ আকর্ষণ করিতে সমর্থ হইয়াছেন। তিনি উন্নতিশীল ও রক্ষণশীল উভয় সম্প্রদায়ের বহু প্রধান লোক ও সংবাদপত্রের সম্পাদকদের সহিত সাক্ষাৎ করিয়া ভারতবর্ষের আশা ও আকাঙ্ক্ষার বিষয় তাঁহাদিগকে বুঝাইয়া দিয়াছেন।

ভূপেন্দ্র বাবু কংগ্রেসের অন্যান্য প্রতিনিধিদের সহিত একযোগে সংবাদপত্র আইন শাসন ও বিচার কার্য্য পৃথককরণ,[1] ব্যবস্থাপক সভা সংক্রান্ত আইনের নিয়মাবলী প্রভৃতি বিষয় সম্বন্ধে ভারতবাসীর অভিপ্রায় লিপিবদ্ধ করিয়া ভারত সচিবের নিকট প্রেরণ করিয়াছেন।

[1] Separation of judicial and executive functions.

বেঙ্গল মেডিকেল কাউন্সিল।

Bengal Medical Council.

বিলাতের উপাধিপ্রাপ্ত ডাক্তারগণ ১ জন সভ্য নির্ব্বাচন করিবেন কিন্তু ডাক্তার ব্রাউন, কেনেডি, এম, এন. বানার্জ্জি ও এস, কে, রায় এই ৪ জন ঐ এক পদ লাভের জন্য আবেদন করিয়াছেন।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক ফেকল্টি[1] ১ জন নির্ব্বাচন করিবেন। ঐ এক পদের জন্য ডাক্তার নীলরতন সরকার ও রায় কৈলাস চন্দ্র বসু বাহাদুর প্রার্থী হইয়াছেন।

[1] E. Faculty.

কলিকাতার বিশ্ববিদ্যালয়ের উপাধি প্রাপ্ত ডাক্তারগণ তিন জন নির্ব্বাচন করিবেন। ঐ তিন পদের জন্য ডাক্তার যতীন্দ্রনাথ মৈত্র, কেদার নাথ দাস, হরিধন দত্ত, সুরেশপ্রসাদ সর্ব্বাধিকারী ও সত্যশরণ মিত্র এই ৫ জন প্রার্থী হইয়াছেন।

গবর্ণমেণ্ট মেডিকেল স্কুলের উত্তীর্ণ ডাক্তারগণ দুই জনকে নির্ব্বাচন করিবেন। ঐ দুই পদের জন্য ডাক্তার মৃগেন্দ্রলাল মিত্র, ডাক্তার এস কে. মল্লিক. রায় বাহাদুর নিবারণচন্দ্র সেন, রায় সাহেব গিরিশচন্দ্র বাগচী, ডাক্তার অমূল্যচরণ মিত্র ও হারাধন দত্ত প্রার্থী হইয়াছেন।

যাঁহারা সর্ব্বোত্তম লোক তাঁহাদিগকেই ভোট দেওয়া উচিত। যাঁহারা গবর্ণমেণ্টের চাকুরী করেন, তাঁহাদিগকে ভোট দেওয়া কখনও উচিত নয়।

ইউরোপে মহাযুদ্ধ।

The Great War in Europe.

ইউরোপের অবস্থা।

The state of Europe.

২৯ এ জুলাই অষ্ট্রীয়ার সহিত সার্ব্বিয়া ও মন্টিনিগ্রোর, ৩১ এ জুলাই রুষিয়ার সহিত অষ্ট্রীয়ার, ১লা আগষ্ট জর্ম্মণীর সহিত রুষিয়া ও ফ্রান্সের ও ৩রা আগষ্ট বেলজিয়ম, হল্যাণ্ড ও ইংলণ্ডের যুদ্ধ আরম্ভ হইয়াছে।

ইটালী এই মহা যুদ্ধে কোন পক্ষ অবলম্বন করিবে না। সুইজারল্যাণ্ড তাঁহাদের সৈন্যদিগকে যুদ্ধের জন্য সজ্জিত থাকিতে আদেশ করিয়াছেন।

রাজাদের গর্ব্বিত বাক্য।

The proud words of the Emperors.

গত ২৯এ জুলাই যুদ্ধারম্ভের দিন অষ্ট্রীয়ার সম্রাট এক ঘোষণাপত্র প্রচার করিয়াছেন। তিনি তেজের সহিত বলিয়াছেন, আমার নির্দ্ধারণের ফল ও সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের নিকট আমার দায়িত্ব আমি সম্পূর্ণরূপে অবগত আছি। আমি অষ্ট্রীয়া হাঙ্গেরীর সম্মান, গৌরব ও একত্ব রক্ষার জন্য তরবারী ধারণ করিতে বাধ্য হইয়াছি।

অষ্ট্রীয়ার রাজকীয় সংবাদপত্র লিখিয়াছেন. ইউরোপ এবার দেখিবে, অষ্ট্রীয়া রাজনীতি[1] জগতে সত্তা মাত্র নহে.[2] কিন্তু ইহা এক একনিষ্ঠ শক্তিশালী জাতি।[3] অষ্ট্রীয়ার সমগ্র শক্তি একত্র হইয়া পরাক্রান্ত বৃহত্তর সার্ব্বিয়া গঠনের আশা সমূলে চূর্ণ করিবে।

[1] Politics.
[2] Not a mere existence, fact.
[3] United and powerful nation.

গত ২৮এ জুলাই সৈন্যদিগকে যুদ্ধার্থ প্রস্তুত হইবার জন্য আদেশ প্রচার করিবার সময় রুষ সম্রাট বলিয়াছেন, "বিগত ৭।৷০ বৎসর কাল জর্ম্মণীর অনেক তর্জ্জন গর্জ্জন সহ্য করিয়াছি, কিন্তু আর নয়।"

জর্ম্মণ সম্রাট গত শনিবার ১লা আগষ্ট তাঁহার প্রাসাদের বাতায়নে[1] দণ্ডায়মান হইয়া প্রাসাদ সম্মুখে সমবেত জনসঙ্ঘকে বলিয়াছেন, "জর্ম্মণীর উপর অন্ধকার ব্যাপ্ত হইয়াছে। আমাদিগকে তরবারী ধারণ করিতে বাধ্য করা হইয়াছে। যদি শান্তি অসম্ভব হয় তবে এই তরবারী এরূপ ভাবে পরিচালন করিব, যেন গৌরবের সহিত তাহা কোষবদ্ধ[2] করিতে পারি। যুদ্ধের জন্য অপারিসীম স্বার্থত্যাগের প্রয়োজন হইবে। জর্ম্মণী আক্রমণের ফল কি তাহা আমরা শত্রুদিগকে প্রদর্শন করিব। তোমরা ঈশ্বরের নিকট জানু অবনত কর এবং আমাদের শৌর্য্যবীর্য্যশালী[3] সৈন্যদিগকে সাহায্য করিতে তাঁহার নিকট প্রার্থনা কর"।

[1] *Vāta-ayan:* "air-path," balcony.
[2] *Kosa-baddha*, "scabbard-bound," sheathed.
[3] *Sauryya-vīryya-śālī*, valour-courage-possessing.

সার্ব্বিয়া ও মণ্টিনিগ্রো।

Servia and Montenegro.

সার্ব্বিয়ার প্রজা অষ্ট্রীয়ার যুবরাজ ও তাঁহার পত্নীকে হত্যা করিয়াছে, এই হেতুতে সার্ব্বিয়ার সহিত অষ্ট্রীয়ার যুদ্ধ ঘোষণা করা কখনও ধর্ম্মসঙ্গত কার্য্য হয় নাই। সে যাহা হউক, মণ্টিনিগ্রো ত কোন অপরাধ করে নাই, তবে তাহার রাজ্য অবরোধ করা হইল কেন? গত ২৯এ জুলাই যুদ্ধ ঘোষণা না করিয়াই অষ্ট্রীয়ার রণতরী মণ্টিনিগ্রোর উপকূলবর্ত্তী আণ্টিবারি[1] নামক বন্দর অবরোধ[2] করে। সার্ব্বিয়া ও মণ্টিনিগ্রো রাজ্য দখল করিয়া ইজিয়ান[3] সাগর তীরে বৃহৎ বন্দর লাভ করিবার জন্য অষ্ট্রীয়া বহুদিন হইতে লোলুপ হইয়া রহিয়াছে। হত্যাকাণ্ডের অজুহাতে সেই লালসা পরিতৃপ্তি করিবার চেষ্টা করিতেছে। আণ্টিবারি বন্দর হইতে মণ্টিনিগ্রিনগণ তাহাদের প্রয়োজনীয় দ্রব্য সংগ্রহ করে। সেই বন্দর অবরুদ্ধ হওয়াতে তাহারা সার্ব্বিয়ার সহিত যোগ দিতে বাধ্য হইয়াছে এবং প্রাইবোগ নামক স্থানে কামান প্রেরণ করিয়াছে।

বেলগ্রেড সার্ব্বিয়ার রাজধানী। ইহার পশ্চিম হইতে সেভ নামক নদী আসিয়া উত্তরবর্ত্তী ডেনিউব নদীর সহিত মিলিত হইয়াছে।

[1] Antivari.
[2] Blocked.
[3] Ægean.

ডেনিউবের অপর পারেই অষ্ট্রীয়া রাজ্য। সেভ নদীর উপর সেমলিন নামক স্থানে এক সেতু ছিল। অষ্ট্রীয়ার সৈন্য এই সেতু পার হইয়া সার্ব্বিয়া আক্রমণের উদ্যোগ করাতে ২৯এ জুলাই প্রাতঃকালে সার্ব্বগণ ঐ সেতু ভাঙ্গিয়া ফেলে। অষ্ট্রীয়গণ সার্ব্বদের উপর কামানের গোলা বর্ষণ করাতে সর্ব্বসৈন্য হটিয়া যায়[1]। নিকটে যুদ্ধের সাজসরঞ্জাম ও জাহাজ ডুবাইবার যন্ত্রসহ একখানি ষ্টীমার ছিল অষ্ট্রীয়ার সৈন্যগণ তাহা গ্রেপ্তার করে এখানেই প্রথমতঃ যুদ্ধের সূত্রপাত[2] হয়।

অষ্ট্রীয় সৈন্য সেভ নদী পার হইয়া বেলগ্রেডের দক্ষিণদিকস্থ স্মেডেরভো নামক স্থানে উপস্থিত হইবামাত্র সার্ব্বিয়া ও অষ্ট্রীয়ার সৈন্যদলের মধ্যে কামানে কামানে ঘোর যুদ্ধ হইতে থাকে। অষ্ট্রীয়া রুষিয়ার নিকট এই অঙ্গীকার[3] করিয়াছিলেন যে বেলগ্রেড নগর কখনও দখল করিবেন না। দখল করেন নাই বটে, কিন্তু ২৯এ রাত্রে ১১টার সময় তাহার উপর গোলা বর্ষণ করিতে আরম্ভ করেন। সে গোলাতে সমস্ত নগর ভস্মীভূত[4] হইয়াছে। নগর ধ্বংস করিয়া অষ্ট্রীয়া এই কৈফিয়ৎ[5] দিয়াছেন যে বেলগ্রেড নগর হইতে তাহাদের উপর কামানের গোলা নিক্ষেপ করাতে তাঁহারা বাধ্য হইয়া গোলা-বর্ষণ করিয়াছিলেন। সেই গোলা বারুদ ঘরের উপর পতিত হইয়া সমস্ত নগর দগ্ধ করিয়াছে।

বেলগ্রেডের ৫ মাইল পূর্ব্ব দিকে ডেনিউব নদীর তীরে ভিচনিজা নামক নগর; অষ্ট্রীয় সৈন্যের সহিত এই স্থানে ভয়ানক যুদ্ধ হইয়া গিয়াছে। অষ্ট্রীয়ার একখানি রণতরী[6] ভাঙ্গিয়া পড়িয়াছে। অষ্ট্রীয়ার সৈন্যগণ নদী পার হইবার চেষ্টা করাতে সার্ব্বসৈন্য বন্দুক ও কামানের দ্বারা তাহাদের চেষ্টা ব্যর্থ[7] করে। কিন্তু অষ্ট্রীয় সৈন্যের প্রায় এক দল ডেনিউব নদীর আরও পূর্ব্বদিকে পার হইয়া সেমেন্ড্রিয়া নামক স্থানে উপস্থিত হইয়াছে। অষ্ট্রীয় সৈন্য দক্ষিণ দিকে নিস ও অসিপানিকা নামক স্থানাভিমুখে অগ্রসর হইতেছে।

সেভ নদী পার হইয়া একদল এবং ডেনিউব নদী পার হইয়া দ্বিতীয় দল সৈন্য সার্ব্বিয়া দেশ ধ্বংস করিতেছে।

1 Retreated.

2 *Sūtra-pāt:* laying down the (mason's foundation), line, beginning.

3 Agreement.

4 Reduced to ashes.

5 Explanation.

6 *Raṇa-tari:* war-ship.

7 *Vi-artha:* fruitless.

ড্রিন নদী তীরে যুদ্ধ।

The fight on the banks of the Drina.

গত ৩রা আগষ্ট ড্রিন নদী তীরে এক ভীষণ যুদ্ধ হইয়া গিয়াছে। সার্ব্ব-সৈন্য এই নদী পার হইয়া অষ্ট্রীয়া আক্রমণ করিবার উদ্যোগ করিয়াছিল। তখন অষ্ট্রীয়ার সীমান্ত প্রদেশের প্রহরীসৈন্য তাহাদিগকে আক্রমণ করে। সার্ব্বসৈন্য হটিয়া গিয়াছে

অষ্ট্রীয়ার সহিত রুষিয়া।

Austria versus *Russia.*

সার্ব্বিয়া অতি ক্ষুদ্র দেশ চিরকালই রুষিয়ার অনুগত। এই দেশ প্রবল পরাক্রান্ত অষ্ট্রীয়া কর্ত্তৃক বিধ্বস্ত[1] হইতে দেখিয়া রুষিয়া আর নীরব থাকিতে পারিলেন না। রুষিয়ার ৭৮ প্রদেশের মধ্যে ৫২ প্রদেশের সৈন্যগণকে যুদ্ধের জন্য প্রস্তুত থাকিতে আদেশ করা হইল। কিক ও ভেসা. মস্কৌ ও কাজানের ৩২ বাহিনী[2] মহাসংগ্রামের জন্য রণসজ্জা করিল। রণসজ্জা করিয়াও এক দিকে অষ্ট্রীয়া, অপর দিকে জর্ম্মণীর সহিত আপোষে বিবাদের মীমাংসা করিবার জন্য রুষিয়া চেষ্টা করিতে লাগিলেন। যখন শুনিলেন অঙ্গীকার ভঙ্গ করিয়া অষ্ট্রীয়া ২৯এ জুলাই তারিখে বেলগ্রেড নগর কামানের গোলায় ভস্মীভূত করিয়াছে, তখন বলিলেন "'আসরে[3] যখন নামা হইয়াছে, তখন আর ফিরিবার উপায় নাই, অলৌকিক[4] শক্তি ভিন্ন এই যুদ্ধ আর কেহ নিবারণ করিতে পারিবে না।"

রুষ সম্রাটের হুকুমে দক্ষিণে কৃষ্ণসাগর ও উত্তরে বাল্‌টিক সাগরের আলোক স্তম্ভ[5] সকল নির্ব্বাণ করিয়া দেওয়া হইল; ৪০ লক্ষ সৈন্য যুদ্ধার্থে প্রস্তুত হইল।

গত বৃহস্পতিবার ৩০এ জুলাই রুষিয়া অষ্ট্রীয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিলেন। রুষ সৈন্য দক্ষিণ পশ্চিম প্রান্তে গ্রাণিকা নামক স্থানে উপনীত হইল। গ্রাণিকার নিকটবর্ত্তী সেজাকাওয়া অষ্ট্রীয়া রাজ্যের এক নগর। গ্রাণিকা ও সেজাকাওয়ার মধ্যবর্ত্তী রেলওয়ের সেতু রুষ সৈন্য ভাঙ্গিয়া ফেলিয়া অষ্ট্রীয়া আক্রমণ করিল।

[1] *Vi-dhvasta :* de-vastated.
[2] *Vāhinī :* an army-corps, an army.
[3] Arena, scene of action, stage.
[4] *A-laukik* (from *lok*, people) *:* supernatural, not human.
[5] *Ālok-stambha :* light-pillars, light-houses.

জর্ম্মণী ও রুষিয়ার যুদ্ধ।

War between Germany and Russia.

জর্ম্মণী যুদ্ধের জন্য বিপুল আয়োজন করিতেছেন অষ্ট্রীয়াকে সাহায্য করিতেছেন, আর রুষিয়াকে বলিতেছেন, আমরা প্রাণপণে শান্তি রক্ষার

চেষ্টা করিতেছি। জর্ম্মণীর বহু সৈন্য রুষিয়ার সীমান্ত প্রদেশের দিকে প্রেরিত হইতে দেখিয়া রুষ সৈন্য অগ্রসর হইল।

বিগত বুধবার ২৯এ জুলাই জর্ম্মণী রুষিয়াকে জিজ্ঞাসা করিলেন, "তোমরা সৈন্য সাজাইতেছ কেন? ইহার জবাব শনিবার বেলা ১২টার মধ্যে দিতে হইবে।"

৩০এ আগষ্ট বৃহস্পতিবার দিন রুষ সৈন্য জর্ম্মণীর অন্তর্গত কনিগ্‌স্‌বার্গের দক্ষিণ পূর্ব্বদিকে বিআল্লা নামক স্থান আক্রমণ করিয়াছে। রুষ সৈন্য জর্ম্মণ প্রান্তের বহু স্থান দখল করিয়াছে।

রুষিয়া ও জর্ম্মণীর প্রথম যুদ্ধ।

The first battle between Russia and Germany.

গত ১লা আগষ্ট অপরাহ্ণ কালে জর্ম্মণীর পূর্ব্ব সীমা হইতে ৩০০ গজ পশ্চিমদিকস্থ প্রোষ্টকেন নামক নগরে বহু জর্ম্মণ সৈন্য সমবেত হয়। রুষ সৈন্য তাহাদের নিজের দেশের সীমা হইতে উহাদের উপর গুলি বর্ষণ করে। জর্ম্মণ সৈন্যগণও গুলি চালাইয়াছিল কিন্তু কোন পক্ষের ক্ষতি হয় নাই।

জর্ম্মণীর ইনষ্টারবার্গ হইতে যে রেলওয়ে লাইন রুষিয়ার অন্তর্গত বাইলোষ্টক পর্য্যন্ত গিয়াছে, প্রোষ্টকের নগর তাহারই সন্নিকটে অবস্থিত। উইরবালেন নামক স্থানে বহু জর্ম্মণ সৈন্য একত্র হইয়াছে। উইরবালেন প্রোষ্টকেন নগরের উত্তর দিকে অবস্থিত।

জল যুদ্ধে রুষিয়ার পরাজয়।

Russian defeat in a naval battle.

রুষিয়ার স্থল সৈন্য জর্ম্মণীর পূর্ব্বপ্রান্তস্থ অনেক স্থান দখল করিয়াছে বটে কিন্তু গত সোমবার ৩রা আগষ্ট এলাণ্ড দ্বীপের নিকট যে জলযুদ্ধ হইয়াছে, তাহাতে রুষিয়ার ভীষণ পরাজয় হইয়াছে।

সুইডেনের উপকূল হইতে ২৫ মাইল এবং ফিনল্যাণ্ডের উপকূল হইতে ১৫ মাইল দূরবর্ত্তী বথনিয়া উপসাগরের মুখে এলাণ্ড দ্বীপপুঞ্জ[5]। জর্ম্মণ যুদ্ধ জাহাজ এই স্থানে উপস্থিত হইয়া রুষ যুদ্ধ জাহাজ আক্রমণ করে। রুষ জাহাজ পলাইয়া ফিনল্যাণ্ড উপসাগরে আশ্রয় গ্রহণ করে। জর্ম্মণ যুদ্ধ জাহাজ বাল্‌টিক সাগরের তীরবর্ত্তী লিবো নামক বন্দরের উপর গোলাবর্ষণ করিয়া উহা দগ্ধ করিয়াছে।

লিবো ব্যবসায় বাণিজ্যের জন্য বিখ্যাত। এই বন্দরে বহু লক্ষ টাকার দ্রব্য সামগ্রী আমদানি হয়। এই বন্দর হইতে উত্তর রুষিয়ার নানা স্থানে প্রয়োজনীয় দ্রব্য প্রেরিত হয়। জর্ম্মণীর কনিগ্‌স্‌বার্গের সহিত ইহার বিলক্ষণ প্রতিযোগিতা দৃষ্ট হয়। প্রতিযোগিতাতে লিবো কনিগ্‌স্‌বার্গকে হারাইয়া

[5] *Dvīpa-puñja :* island-collection, archipelago.

দিয়াছে। লিবো কনিগ্‌স্‌বার্গের উত্তর-পূর্ব্বদিকে অবস্থিত। এই নগর বিধ্বস্ত হওয়াতে রুষিয়া মহা বিপন্ন হইবে।

লিবো ধ্বংস করিয়া জর্ম্মণ যুদ্ধ জাহাজ বালটিক সাগর দিয়া আরও উত্তর-পূর্ব্বদিকে চলিয়া যায়। বাল্টিক সাগরের মধ্যস্থলে এলাণ্ড দ্বীপে কয়েকখানা রুষ যুদ্ধ জাহাজ ছিল। যুদ্ধে পরাস্ত হইয়া রুষ জাহাজ এলাণ্ডের পূর্ব্বদিকস্থ ফিনল্যাণ্ড উপসাগরে আশ্রয় গ্রহণ করে। একখানা যুদ্ধ জাহাজ এলাণ্ড দ্বীপের চড়ায়[1] আটকাইয়া গিয়াছে। জর্ম্মণ যুদ্ধ জাহাজ বাল্টিক প্রদেশ ও ফিনল্যাণ্ড দেশ গোলাগুলিতে ছারখার[2] করিবে বলিয়া আতঙ্ক হইয়াছে।

[1] *Caḍā :* a shoal, sand bank.
[2] Dust and ashes, devastated.

জর্ম্মণীর সহিত ফ্রান্সের যুদ্ধ।

War between France and Germany.

ফ্রান্স ও জর্ম্মণীর সীমান্ত প্রদেশে জর্ম্মণীর বহুসংখ্যক দুর্গ অবস্থিত। তন্মধ্যে ট্রেবস্‌, থিয়নভিল, মেজ, সারেবর্গ, ষ্ট্রাসবর্গ অতি বিখ্যাত। বিগত ২৫এ জুলাই হইতে জর্ম্মণী সেই সকল দুর্গে বহু সৈন্য, কামান, গোলা গুলি ও আহার সামগ্রী প্রেরণ করিতে আরম্ভ করেন। জর্ম্মণী ফ্রান্সের সীমার নিকট অনেক সৈন্যের থানা[1] স্থাপন করেন এবং জর্ম্মণী হইতে ফরাসী দেশে টেলিফোন ও টেলিগ্রাফের যে তার গিয়াছে, তাহা কাটিয়া ফেলেন। জর্ম্মণী ও ফ্রান্সের মধ্যে যে সকল রাস্তা ছিল, সৈন্যগণ দিন রাত্রি তাহার উপর দণ্ডায়মান থাকিয়া লোকজনের যাতায়াত বন্ধ করে। যাহারা মোটর গাড়ীতে সেই রাস্তা দিয়া যাইতেছিল, তাহাদের গাড়ী বাজেয়াপ্ত করে। কতগুলি রেলওয়ের ভাঙ্গিয়া ফেলিয়া তথায় কামান স্থাপন করা হয়। ফরাসীদের রেল ওয়ের ৩টা এঞ্জিন গাড়ী সীমান্ত প্রদেশে ছিল, জর্ম্মণেরা তাহা আটক করে। জর্ম্মণীর মধ্য দিয়া ফ্রান্স হইতে যে সকল ট্রেন যাতায়াত করিত, জর্ম্মণ সৈন্য তাহাদের গতি বন্ধ করিয়া দেয়।

যুদ্ধ নাই, যুদ্ধের কথা নাই, অথচ জর্ম্মণী ফ্রান্সের সীমায় বহু সৈন্য সমবেত করিয়া নানা প্রকার উৎপাত করিতেছে, ফ্রান্সের রেলগাড়ী ও মোটর গাড়ী কয়েদ করিতেছে. ইহা শুনিয়া ফ্রান্স আপনার সৈন্যদিগকে যুদ্ধের জন্য প্রস্তুত হইতে বলিলেন। তখন জর্ম্মণী ক্রুদ্ধ হইয়া ফ্রান্সকে জিজ্ঞাসা করিলেন, " তোমরা যুদ্ধের আয়োজন করিতেছ কেন, তাহার হেতু ১লা আগষ্ট শনিবার বেলা দুপ্রহরের পূর্ব্বে জানাইতে হইবে।"

ফরাসী মন্ত্রী ভিভিয়ানি ৩১এ আগষ্ট পারিসস্থ জর্ম্মণ দূতকে জানাইলেন, জর্ম্মণী বহু সৈন্য সজ্জিত করিয়া ফ্রান্সের প্রান্ত দেশে প্রেরণ করিয়াছেন। সুতরাং ফ্রান্স আত্মরক্ষার জন্য সৈন্য প্রস্তুত করিতেছেন। ফ্রান্স যুদ্ধ

[1] Watch-house, block-house.

করিতে ইচ্ছা করেন না। ফ্রান্স যে শান্তিপ্রয়াসী তাহার প্রমাণ এই যে, অদ্যাপি পার্লামেন্ট আহ্বান করা হয় নাই।

জর্ম্মণদূত বলিলেন, সীমান্ত প্রদেশে অনেক ফরাসী সৈন্য বাস করিতেছে, তাহারা জর্ম্মণীর সঙ্গে লড়াই করিতে পারে।

মিঃ ভিভিয়ানি তদুত্তরে বলিলেন, ফরাসী সৈন্য সীমান্ত রেখা হইতে ৫ মাইল দূরে অবস্থিতি করিতেছে, জর্ম্মণ সৈন্য ঠিক সীমান্তে সমবেত হইয়াছে। জর্ম্মণ সৈন্য যদি ফ্রান্স আক্রমণ না করে, তবে লড়াইর সম্ভাবনা নাই।

জর্ম্মণদূত ও ফরাসী মন্ত্রীর মধ্যে ১লা আগস্ট অপরাহ্ন ৫॥ ঘটিকার সময় এই কথোপকথন[1] হইতেছিল। ইহার অব্যবহিত পরে জর্ম্মণ গবর্ণমেন্ট ঘোষণা করিলেন রুসিয়া ও ফরাসী যে উত্তর দিয়াছেন, তাহা সন্তোষজনক নহে, অতএব উহাদের সহিত যুদ্ধ না করিয়া থাকিতে পারিলাম না।

১লা আগস্ট দিনের বেলায় জর্ম্মণী যুদ্ধ ঘোষণা করিলেন। ফরাসী গবর্ণমেন্ট তখন হুকুম দিলেন, রাত্রি ১২ টার মধ্যে সমস্ত সৈন্যকে যুদ্ধের জন্য প্রস্তুত হইতে হইবে।

পরদিন রবিবার ২রা আগস্ট ফরাসী সাধারণ তন্ত্রের[2] দেশপতি পইনকেয়ার পৃথিবীর সমস্ত দেশের রাজাদিগকে সম্বোধন করিয়া এক নিবেদন পত্র প্রচার করিলেন। দেশপতি লিখিলেন, অন্যান্য জাতির ন্যায় ফ্রান্সও নিজ দেশ রক্ষার জন্য সৈন্যদিগকে যুদ্ধার্থ প্রস্তুত হইতে আদেশ করিয়াছিলেন। যুদ্ধার্থ প্রস্তুত হওয়া আর যুদ্ধ ঘোষণা করা যে একার্থক নয় তাহা বলা নিষ্প্রয়োজন। বর্ত্তমান অবস্থায় যুদ্ধার্থ প্রস্তুত হওয়াই মান রক্ষা করিয়া শান্তিপ্রতিষ্ঠার সর্ব্বোত্তম উপায়। ফরাসী গবর্ণমেন্ট যে সতর্কতা অবলম্বন করিয়াছেন, তদ্দ্বারা রক্ষিত হইয়া সমস্ত দেশের নরপতিদের সহিত শান্তির উপায় নির্দ্ধারণে বিরত হইবেন না এবং এখনও এই আশা করেন তাঁহাদের চেষ্টা ব্যর্থ হইবে না। মহানুভব[3] ফরাসী জাতি ধীরতামিশ্রিত স্বদেশানুরাগের দ্বারা উদ্দীপ্ত হইয়া গবর্ণমেন্টকে সাহায্য করিবেন, আমি এই আশা করিতেছি।

জর্ম্মণী এবার যুদ্ধ করিতে কৃতসঙ্কল্প। ইংলণ্ডে অলস্টার লইয়া অন্তর্যুদ্ধের আয়োজন হইয়াছে; ফরাসীদের টাকা নাই, কামান নাই, সৈন্যদের জুতা নাই; রুষিয়ায় ভীষণ অন্তর্ব্বিপ্লব উপস্থিত; জর্ম্মণী ইহা সুসময় মনে করিয়া ইউরোপের সমস্ত প্রতিদ্বন্দ্বীকে[4] পদানত করিবার সঙ্কল্প করিয়াছেন। জর্ম্মণীকে বাণিজ্যে, ঐশ্বর্য্যে ও শান্তিতে[5] জগতের সর্ব্বশ্রেষ্ঠ করাই সম্রাটের সঙ্কল্প, সুতরাং জর্ম্মণীর হিতাহিত, ন্যায় অন্যায় বিচার করিবার অবসর নাই।

[1] *Kathā-upa-kathan :* conversation.
[2] *Sādhāraṇ tantra :* common-wealth, republic.
[3] *Mahā-anu-bhava :* magnanimous.
[4] *Prati-dvandvī :* rivals.
[5] Apparently a misprint for *Saktite*, in power.

১লা আগষ্ট জর্ম্মণ সৈন্য ফ্রান্সের উত্তর প্রান্তবর্ত্তী লঙ্গউই নামক নগর দখল করিতে যাত্রা করে। এই নগর লকুসেমবার্গ হইতে ১৮ মাইল দূরে অবস্থিত। লকুসেমবার্গ এক ক্ষুদ্র স্বাধীন রাজ্য। ইউরোপের শক্তিপুঞ্জ[1] ১৮৭০ সালে লণ্ডন নগরে মিলিত হইয়া এইরূপ অঙ্গীকার করেন যে, লকুসেমবার্গের স্বাধীনতা কেহই হরণ করিতে পারিবেন না।

জর্ম্মণী সেই সন্ধি অগ্রাহ্য করিয়া লকুসেমবার্গ রেলওয়ে ষ্টেশন ও রেলওয়ে সেতু দখল করিয়াছেন।

ফ্রান্স আক্রমণ করিবার জন্য এই পথে বহু সৈন্য প্রেরণ করা হইতেছে। লকুসেমবার্গের অল্পবয়স্কা রাণী জর্ম্মণীর এই অন্যায় কার্য্যের প্রতিবাদ করিয়াছিলেন। জর্ম্মণী বলিয়াছেন, এই রেলওয়ে আমার; আমি যাহা ইচ্ছা তাহা করিতে পারি। আমরা এই স্থান হইতে সৈন্য অপসারিত[2] করিব না।

লকুসেমবার্গ এক ক্ষুদ্র রাজ্য। নাগরিক[3] সৈন্য ও পুলিশ প্রহরী ভিন্ন অন্য সৈন্য নাই। সুতরাং জর্ম্মণী তাহার প্রতিবাদে কর্ণপাত করেন নাই। কিন্তু সমস্ত ইউরোপ ইহার স্বাধীনতা রক্ষা করিতে ধর্ম্মতঃ বাধ্য। এক লক্ষ জর্ম্মণ সৈন্য লকুসেমবার্গের মধ্য দিয়া ফ্রান্সের সীমান্তে সমবেত হইয়াছে।

মেজ ফ্রান্সের সীমান্তের বাহিরে জর্ম্মণীর এক নগর। একজন ফরাসী ডাক্তার ওলাউঠা রোগের বীজাণু লইয়া গিয়া মেজ নগরের জলাশয়ে তাহা ছাড়িয়া দিবার উপক্রম করিয়াছিলেন। কতগুলি ফরাসী কোকনের গিরিপথ ডিনামাইট দ্বারা উড়াইয়া দিবার চেষ্টা করিয়াছিল। জর্ম্মণীরা তাহাদিগকে গুলি করিয়া মারিয়া ফেলিয়াছে।

জর্ম্মণ সৈন্য ফ্রান্সের অন্তর্গত বেলফোর্ট নগরের সন্নিকটে উপস্থিত হইয়া বাড়ী ঘর লুটপাট করিতে আরম্ভ করিয়াছে।

[1] Collection of powers.
[2] *Apa-sārita :* removed.
[3] *Nāgarik :* of the city, civic guard.

ফ্রান্সের সহিত প্রথম যুদ্ধ।
The first battle with France.

লঙ্গউইর নিকট জর্ম্মণ সৈন্য উপনীত হইবামাত্র ফরাসীগণ বন্দুক চালাইতে আরম্ভ করে। এই যুদ্ধে ২ জন জর্ম্মণ সেনাপতি হত হইয়াছে।

লণ্ডনস্থ ফরাসী দূত এই যুদ্ধের সংবাদ অবগত হইয়া বলিয়াছেন, জর্ম্মণী এই যুদ্ধের জন্য দায়ী। জর্ম্মণী যুদ্ধ ঘোষণা না করিয়াই ফ্রান্স আক্রমণ করিয়াছেন। রুষিয়া ও অষ্ট্রীয়া এখনও সন্ধির কথাবার্ত্তা বলিতেছেন, অথচ জর্ম্মাণী ফ্রান্স আক্রমণ করিতে নিরস্ত হইলেন না। লণ্ডনের সন্ধি দ্বারা লকুসেমবার্গের স্বাধীনতা ঘোষিত হইয়াছে। জর্ম্মাণী সে সন্ধি লঙ্ঘন করিয়াছেন। পাছে জর্ম্মাণীর সহিত সংঘর্ষণ হয়, এই আশঙ্কায় ফরাসী সৈন্যদিগকে

সীমান্ত রেখা হইতে ৫ মাইল দূরে আনা হইয়াছে। পৃথিবীর সমস্ত লোকের এই সকল কথা জানা উচিত, তাই আমি তাহা প্রকাশ করিলাম।

আকাশ হইতে যুদ্ধ।

War in the air.

জর্ম্মণীর অন্যায় যুদ্ধে ক্রুদ্ধ হইয়া একজন ফরাসী ব্যোমপোতে[1] কতগুলি বোমা লইয়া ফরাসী দেশের সীমা হইতে ২০০ মাইল দূরবর্ত্তী নুরেমবার্গ নামক সহরের উপর গমন করে এবং আকাশ হইতে সহরের উপর বোমা ফেলিয়া নগরবাসীদিগকে বিত্রস্ত[2] করিয়াছে। জর্ম্মণ গবর্ণমেণ্ট ইহাতে ক্রুদ্ধ হইয়া ফরাসী গবর্ণমেণ্টকে জানাইয়াছেন "যুদ্ধ ঘোষণার পূর্ব্বেই নগরের উপর বোমা নিক্ষেপ করা বড় অন্যায় কার্য্য।" ভণ্ডামির চূড়ান্ত দৃষ্টান্ত।[3] নিজে ফরাসী দেশে প্রবেশ করিয়া লঙ্গউই আক্রমণ করিলেন, তাহা অন্যায় কার্য্য হইল না, একজন বিমানবিহারী বোমা ফেলিয়া নগর ধ্বংস করিবার চেষ্টা করিল, তাহাই অতি অন্যায় কার্য্য হইল।

কেবল লঙ্গউই নয়, গত ১লা আগষ্ট জর্ম্মণীর অন্তর্গত ষ্ট্রাসবার্গ ও ফ্রান্সের অন্তর্গত লুনেবার্গের মধ্যস্থ সিরে নামক নগর জর্ম্মণ সৈন্য কর্ত্তৃক আক্রান্ত হইয়াছে।

[1] *Vyoma-pot :* air-ship.
[2] *Vi-trasta ;* very frightened.
[3] A conspicuous example of trickery.

ফরাসী নারী।

The women of France.

ফরাসী রমণীগণ বিলাসিতার জন্য জগদ্বিখ্যাত। জন্মভূমির দুর্দ্দিনে তাঁহারা ঘোষণা করিয়াছেন, যতকাল যুদ্ধ থাকিবে, ততদিন সুখ, স্বাস্থ্য, বাড়ী ঘর ত্যাগ করিয়া তাঁহারা সৈন্যদের সেবা শুশ্রূষায় আপনাদিগকে উৎসর্গ করিবেন।

বিমানবিহারী।

Aviators

ফ্রান্সে বহুসংখ্যক ব্যোমতরণী আছে। বিমানবিহারিগণ জর্ম্মণীর উপর পরিভ্রমণ করিয়া শত্রু সৈন্যের গতিবিধি নির্ণয় করিতেছেন। গত সোমবার অনেকগুলি ব্যোমতরণী রাইন নদীর তীরবর্ত্তী কলোন নগরের উপর দিয়া চলিয়া গিয়াছে।

জর্ম্মণীর ধন আক্রমণ।

A seizure of German treasure.

জর্ম্মণীর ২॥০ কোটী টাকা পারিস হইতে জর্ম্মণী প্রেরণ করা হইতেছিল। ফরাসী গবর্ণমেণ্ট তাহা গত মঙ্গলবার দখল করিয়াছে।

বেলজিয়ামের সহিত যুদ্ধ।

War with Belgium.

গত সোমবার ৩রা আগস্ট জর্ম্মণী বেলজিয়ামকে বলিয়াছেন, "আমার সঙ্গে তোমার বন্ধুতা করিতে হইবে এবং বেলজিয়ামের মধ্য দিয়া জর্ম্মণ সৈন্যগণ যাহাতে যুদ্ধার্থ গমনাগমন করিতে পারে, তাহার সুবিধা করিয়া দিতে হইবে। সোমবার প্রাতঃকালের মধ্যেই ইহার জবাব চাই।"

বেলজিয়াম ইতঃপূর্ব্বে ঘোষণা করিয়াছিলেন যে, তিনি এই যুদ্ধে কোন পক্ষ অবলম্বন করিবেন না। সুতরাং বেলজিয়াম ক্ষুদ্র হইলেও জর্ম্মণীকে বলিলেন, "আমরা আপনার প্রস্তাবে সম্মত হইতে পারিলাম না, আমরা পূর্ব্বেই বলিয়াছি, এখনও বলিতেছি, এই যুদ্ধে কোন পক্ষ অবলম্বন করিব না।" বেলজিয়াম জর্ম্মণীর প্রস্তাব অগ্রাহ্য করিয়াছেন।

বেলজিয়ামের রাজা ইংলণ্ডের রাজাকে লিখিয়াছেন, আপনার ও আপনার পূর্ব্ব পুরুষদের বন্ধুতা ও ১৮৭০ সালে ইংলণ্ড যে মহৎ কার্য্য করিয়াছেন তাহা স্মরণ করিয়া বেলজিয়ামের বর্ত্তমান বিপদে আপনি সহায় হউন ও বেলজিয়ামের জীবন রক্ষা করুন, ইহাই আমার অনুরোধ।

গত সপ্তাহে জর্ম্মণী ইংলণ্ডকে জানাইয়াছিলেন যে, জর্ম্মণী বেলজিয়ামের মধ্য দিয়া সৈন্য পরিচালন করিতে ইচ্ছা করিয়াছেন। যুদ্ধান্তে বেলজিয়ামের স্বাধীনতা অক্ষুণ্ণ রাখা হইবে।

ইংলণ্ডের পররাষ্ট্র সচিব [1] সার এডওয়ার্ড গ্রে বলিয়াছেন বেলজিয়াম, হল্যাণ্ড প্রভৃতি ক্ষুদ্র দেশের স্বাধীনতা যদি একবার অপহৃত হয়, তবে তাহারা চির কালের জন্য পর-পদানত হইবে। জর্ম্মণী যত রকম প্রতিজ্ঞা করুন না কেন, সে প্রতিজ্ঞা কখনও রক্ষা করিবেন না।

[1] *Para-rāṣṭra saciv* : "foriegn-country Minister."

জর্ম্মণীর সহিত হল্যাণ্ডের যুদ্ধ।

War of Holland with Germany.

জর্ম্মণী আপনাকে সর্ব্বশক্তিমান বলিয়া মনে করিয়াছেন; তিনি রুষিয়া ফান্স ও ইংলণ্ডের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়া তৃপ্ত হন নাই। • বেলজিয়ম ও হল্যাণ্ডের বিরুদ্ধেও যুদ্ধ ঘোষণা করিয়াছেন ;

গত মঙ্গলবার জর্ম্মাণ সৈন্য হল্যাণ্ডের অন্তর্গত লিমবার্গ প্রদেশ আক্রমণ করিয়াছে। লিমবার্গ হল্যাণ্ডের দক্ষিণ-পূর্ব্ব দিকে অবস্থিত। ইহার পূর্ব্ব দিকে জর্ম্মণী এবং পশ্চিম ও দক্ষিণ দিকে বেলজিয়াম, হল্যাণ্ড জর্ম্মাণীর কোন অনিষ্ট করে নাই। যুদ্ধে কোন পক্ষ অবলম্বন করিবে না, ইহাই ঘোষণা করিয়াছিল, তবু জর্ম্মাণী হল্যাণ্ড আক্রমণ করিয়াছে।

ইংলণ্ড যুদ্ধ ঘোষণা করিয়াছেন।

England has declared war.

জর্ম্মণ গবর্ণমেণ্ট ইংলণ্ডে পররাষ্ট্র সচিবকে জানাইয়াছিলেন, জর্ম্মণীর রণতরী ফ্রান্সের উত্তর উপকূল আক্রমণ করিবে না, যদি এইরূপ প্রতিজ্ঞা করা হয়, তবে ইংলণ্ড এই যুদ্ধে নিরপেক্ষ থাকিতে প্রস্তুত হইবেন কিনা? পররাষ্ট্র সচিব জর্ম্মণীর ঐ প্রস্তাবে সম্মতি দান করা দূরে থাকুক ফরাসী গবর্ণমেণ্টকে জানাইয়াছেন "যদি জর্ম্মণ রণতরী ইংলিস প্রণালীতে[1] উপস্থিত হয়, বা নর্থ[2] সাগর হইতে আসিয়া ফ্রান্সের উপকূল বা জাহাজ আক্রমণ করে, তবে ইংরেজ রণতরী তাহার সমস্ত শক্তি প্রয়োগ করিয়া ফ্রান্সকে সাহায্য করিবে।

সার এডওয়ার্ড গ্রে গত সোমবার পার্লামেণ্টে এই সকল গোপনীয় সংবাদ প্রকাশ করিয়াছেন।

গত কল্য বুধবার সংবাদ আসিয়াছে, জর্ম্মণীর সহিত ইংলণ্ডের যুদ্ধ আরম্ভ হইয়াছে।

গত ৩রা আগষ্ট ম্যাক্সন নামক একখানা ইংলণ্ডীয় জাহাজ কয়লা লইয়া যাইতেছিল, জর্ম্মণী সেই জাহাজ আটক করিয়াছে।

ইংলণ্ডে এই খবর পঁহুছিয়াছে যে জর্ম্মণ রণতরী উইলসন কোম্পানীর জাহাজ গ্রেপ্তার করিয়া লইয়া গিয়াছে। যুদ্ধ ঘোষণার পূর্ব্বেই জর্ম্মণী এই সকল শত্রুতা করিয়াছে।

ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট যুদ্ধের জন্য পার্লামেণ্টকে ৭৫ কোটি টাকা মঞ্জুর করিতে অনুরোধ করিয়াছেন।

ইংলণ্ডের জনসাধারণ যুদ্ধের জন্য ক্ষিপ্ত প্রায় হইয়াছে। জনসাধারণ রাজা রাণী ও মন্ত্রীদিগের নামে জয়ধ্বনি[3] করিতেছে।

উত্তর সাগরে ইংলণ্ডের মৎস্যজীবীদের যত জাহাজ ছিল, তাহা ফিরাইয়া আনিবার জন্য একখানা জাহাজ প্রেরিত হইয়াছে।

কাউজ নামক স্থানে সমুদ্র তীরে নানা প্রকার আমোদ উৎসবের আয়োজন করা হইয়াছিল, সমস্ত বন্ধ করা হইয়াছে।

ভূমধ্যসাগরে[4] যে সকল ইংরেজ রণতরী আছে, তাহারা যুদ্ধের জন্য প্রস্তুত হইয়া পূর্ণবেগে মাল্টা[5] হইতে ফরাসী রণতরীর সহিত যোগদান করিতে গিয়াছেন। ৩ খানা যুদ্ধ জাহাজ দিন রাত বয়লারে কয়লা জ্বালাইয়া রাখিয়াছে, হুকুম পাইবামাত্র মাল্টা হইতে মুহূর্ত্তের মধ্যে যাত্রা করিবে।

[1] English channel.
[2] E. North.
[3] *Jaya-dhvani*: "Victory-noise," acclamation.
[4] Mediterranean Sea.
[5] Malta.

কোনারী দ্বীপপুঞ্জ আফ্রিকার পশ্চিম উপকূল হইতে ৬০ মাইল দূরে আটলাণ্টিক মহাসাগরের উত্তরাংশে অবস্থিত। এই স্থানে ২ খানা জর্ম্মাণ যুদ্ধ জাহাজ উপস্থিত হইয়াছে ; বোধ হয় ইহারা ভূমধ্যসাগরে প্রবেশ করিয়া ফরাসী রণতরী আক্রমণ করার উদ্যোগ করাতে মাল্টা হইতে ইংরেজ রণতরী ফরাসীর সাহার্য্যার্থ গমন করিয়াছে।

ইংরেজ-প্রকৃতি।

The English character.

ইংলণ্ডের শত শত নারী রাজনীতির অধিকার লাভ করিবার জন্য রাজার ভয় করে নাই, পুলিসকে মানে নাই, জেলের ভয়ে কর্ত্তব্য বিস্মৃত হয় নাই। স্বদেশের বিপদ দেখিয়া তাঁহারা ঘোষণা করিয়াছেন, যতদিন বিপদ কাটিয়া না যাইবে ততদিন তাঁহারা স্বাধিকার লাভের জন্য কোন চেষ্টা করিবেন না। ইংলণ্ডের শ্রমজীবিগণ ভয়ঙ্কর আন্দোলন উপস্থিত করিয়াছিল। তাহারা জাহাজ নির্ম্মাণের কারখানা বন্ধ বরিয়াছিল ; বাণিজ্যতরী সকল ঘাটে আটকাইয়া রাখিয়াছিল ; তাহারা ইংলণ্ডের ব্যবসায় বাণিজ্য বিফল করিয়াছিল। জন্মভূমির মহা বিপদ দেখিয়া তাহারা ঘোষণা করিয়াছে, যতকাল বিপদ কাটিয়া না যাইবে, ততদিন তাহারা কোন আন্দোলন করিবে না।

অলষ্টারের অধিবাসিগণ গবর্ণমেন্টের সঙ্গে যুদ্ধ করিবার জন্য ৯০ হাজার ভলাণ্টিয়ার সজ্জিত করিয়াছিল তাহারা অস্ত্র শস্ত্র সংগ্রহ করিয়া যুদ্ধের জন্য ব্যস্ত হইয়াছিল। কিন্তু স্বদেশের বিপদ দেখিয়া ঘোষণা করিয়াছে, তাহারা জীবন, মন গবর্ণমেন্টের হস্তে অর্পণ করিতেছে। গবর্ণমেণ্ট তাহাদিগকে লইয়া যাহা ইচ্ছা তাহাই করিতে পারেন।

আয়র্লণ্ডের জাতীয় দল স্বায়ত্তশাসন প্রতিষ্ঠার জন্য লক্ষাধিক ভলাণ্টিয়ার ও বহু বন্দুক সংগ্রহ করিয়াছিল। জাতীয় দলের নায়ক মিঃ রেডমণ্ড পার্লামেণ্টে দণ্ডায়মান হইয়া বলিয়াছেন, আয়র্লণ্ডে যত সৈন্য আছে, সমস্তই রণক্ষেত্রে চলিয়া যাক। আয়র্লণ্ডের সন্তানগণ—জাতীয় দল ও অলষ্টারের দল আয়র্লণ্ডের উপকূল শত্রুর আক্রমণ হইতে রক্ষা করিবে।

মিঃ রেডমণ্ডের মুখে আশার কথা শুনিয়া রক্ষণশীল দল[1] তাঁহার হস্ত স্পর্শ করিয়া মহা আনন্দধ্বনি করিয়াছিলেন।

জন্মভূমির সঙ্কটকালে ইংরেজ দলাদলি ভুলিয়া গিয়াছে—বহুকালের শত্রুতা বিস্মৃত হইয়াছে। সকলে এক-মন, এক প্রাণ হইয়া স্বদেশের গৌরব রক্ষার্থ দৃঢ়সঙ্কল্প করিয়াছে।

[1] Conservative Party.

যুদ্ধ ও ভারতের কর্ত্তব্য।

War and India's duty.

ইংলণ্ডের সহিত জর্ম্মণীর যুদ্ধ আরম্ভ হইয়াছে—কানাডা বলিয়াছে, আমাদের সৈন্য ও রণতরী মাতৃভূমির চরণে অর্পণ করিলাম। অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড বলিয়াছে, আমাদের জল ও স্থল সৈন্য ব্রিটিস সাম্রাজ্য রক্ষার জন্য অর্পিত হইল। কানাডার অন্তর্গত ম্যানিটোবার অধিবাসিগণ বলিয়াছে, আমরা সহস্র সৈন্য ইংলণ্ডে প্রেরণ করিব। ওয়েল্‌সের অন্তর্গত কার্ডিফ নগরের অধিবাসিগণ বলিয়াছে, তাহারা একদল অশ্বারোহী সৈন্য গঠন করিয়া রণক্ষেত্রে প্রেরণ করিবে।

এখন ভারতবর্ষের কর্ত্তব্য কি? কর্ত্তব্য নির্দ্ধারণের জন্য টাউনহলে এক সভা হইবে। আমরা বলি, ভারতবাসী গবর্ণমেন্টকে বলুন, ভারতের ৭৫ হাজার সৈন্য জর্ম্মনীর বিরুদ্ধে যুদ্ধ করিতে গমন করুক, ভারতবাসী ভলা-ন্টিয়ার হইয়া ভারতবর্ষ রক্ষা করিবে। গবর্ণমেন্ট অবিলম্বে ভারতবাসীকে ব্রিটিস সাম্রাজ্য রক্ষার অধিকার প্রদান করুন।

যুদ্ধ ও কলিকাতার বাণিজ্য ব্যবসায়।

The war and the trade of Calcutta.

গত সোমবার হইতে কলিকাতার বৈদেশিক বাণিজ্য বন্ধ হইয়াছে বলিলে অত্যুক্তি হইবে না।

পাট।

Jute.

বাঙ্গালার সর্ব্ব প্রধান বাণিজ্য দ্রব্য পাট। গত মাসে পাটের দর বস্তা প্রতি ৬৭ হইতে ৬৯ টাকা ছিল, কিন্তু গত শনিবার ৫৮ হইতে ৬১ টাকায় বিক্রয় হইয়াছে। ১৯১৩ সালের ২রা আগষ্ট তারিখে পূর্ব্ব বাঙ্গলা ও ইষ্ট ইণ্ডিয়া রেল গাড়ীতে কলিকাতায় ৭৫,৮২০ মণ পাটের আমদানি হইয়াছিল, বর্ত্তমান বর্ষে গত রবিবার ২রা আগষ্ট ২১,৮৮৪ মণ আসিয়াছে। গত বৎসর ১লা জুলাই হইতে ২রা আগষ্ট পর্য্যন্ত ৮,৭৩০২১ মণ আমদানি হইয়াছিল, বর্ত্তমান বর্ষে ঐ সময়ে কেবল ৪,৬৪,৯৯৮ মণ আমদানি হইয়াছে। পাটের আমদানি প্রায় অর্দ্ধেক হইয়াছে, অথচ দাম কমিয়া গিয়াছে।

জাহাজ কোম্পানী পাট বিদেশে লইয়া যাইবার জন্য প্রস্তুত, কিন্তু ইনসি-ওরেন্স কোম্পানী ১ টাকার স্থলে শতকরা ৬ টাকা হার করাতে কেহই বিদেশে পাট চালান দিতে পারিতেছে না। সুতরাং পাটের ব্যবসায় বন্ধ হইয়াছে।

চটের[1] চালানও বন্ধ হইয়াছে। এবার চাষাদের ক্লেশের সীমা থাকিবে না।

সিরাজগঞ্জ ও নারায়ণগঞ্জ পাটের প্রধান আড়ত[2] ঐ উভয় স্থান হইতেই খবর আসিয়াছে, পাট বেচা কেনা বন্ধ হইয়াছে।

[1] Hessian, gunny.
[2] Mart.

চা।

Tea.

চা বঙ্গদেশের আর এক প্রধান বাণিজ্য দ্রব্য। কলিকাতার চার বাজার বন্ধ করা হইয়াছে। কবে যে খোলা হইবে, তাহা বলা যায় না।

কয়লা।

Coal.

কয়লার দর ক্রমশঃ বাড়িতেছে। যুদ্ধের সময় কয়লার খুব প্রয়োজন। গবর্ণমেন্ট বোম্বাইর উৎকৃষ্ট কয়লা ক্রয় করিয়াছেন।

কোম্পানীর কাগজ।

"Company's papar," i.e., Goverment securities.

কোম্পানীর কাগজের বাজার বন্ধ করা হইয়াছে। গবর্ণমেন্ট কাগজের দাম ৯৪ টাকা হইয়াছে, তবু খরিদদার নাই।

নোট।

Currency notes.

ইংলণ্ড হইতে খবর আসিয়াছে যে, গত রবিবার লণ্ডন গবর্ণমেন্ট গেজেট ঘোষণা করিয়াছেন, কোন কোন স্থলে নোটের পরিবর্ত্তে স্বর্ণমুদ্রা দেওয়া হইবে না। এই সংবাদ শুনিয়া মাড়োয়ারী মহলে আতঙ্কের সঞ্চার হইয়াছে। তাঁহারা ব্যাঙ্ক হইতে ৯ লক্ষ টাকার স্বর্ণমুদ্রা বাহির করিয়া লইয়া গিয়াছেন। একজন মাড়োয়ারী ১।।০ লক্ষ টাকার স্বর্ণমুদা অতি জেদ করিয়া গ্রহণ করিয়াছেন। কোন জর্ম্মণ ব্যাঙ্কে একজন মাড়োয়ারীর অনেক টাকা জমা ছিল। মাড়োয়ারী তাহা ফিরাইয়া আনিতে গিয়াছিলেন। ব্যাঙ্কের ম্যানেজার তাঁহাকে নোট দেওয়াতে তিনি তাহা গ্রহণ করিতে অস্বীকার করেন। আইনানুসারে ব্যাঙ্ক টাকা দিতে বাধ্য নহেন, কিন্তু মাড়োয়ারী স্বর্ণমুদ্রা ব্যতীত আর কিছু গ্রহণ করিবেন না বলিয়া ধন্না[1] দিলেন। তখন ম্যানেজার অর্দ্ধেক নোট আর অর্দ্ধেক স্বর্ণমুদা দিতে প্রস্তুত হইলেন, কিন্তু মাড়োয়ারী তাহাতেও সন্তুষ্ট হইলেন না। তিনি বলিলেন, ৫ টাকার নোটও গ্রহণ করিব না, সমস্ত স্বর্ণমুদ্রায় পরিশোধ করিতে হইবে। তখন ম্যানেজার স্বর্ণমুদ্রা দিতে বাধ্য হইয়াছেন।

[1] *Dhanna* : a vow.

আমদানি রপ্তানি।

Imports and Exports.

যাঁহারা আমদানি রপ্তানি ব্যবসায় করেন, তাঁহারা খরচ পত্র[1] কমাইতেছেন। কলিকাতায় অনেক জর্ম্মণ ব্যবসায়ী আছেন। তাঁহাদের আমদানী ব্যবসায় বন্ধ হওয়াতে কয়লা বা অন্য কোন ব্যবসায় করিয়া বাড়ী ভাড়ার খরচ কুলাইতে মনস্থ করিয়াছেন।

যে সকল বাঙ্গালী বৈদেশিক বাণিজ্যে লিপ্ত ছিলেন, তাঁহাদের সব মাটি হইয়া গেল।

ভূমধ্যসাগর যদি রণক্ষেত্রে পরিণত হয়, তবে সুয়েজের[2] পথে কোন জাহাজ যাতায়ত করিতে পারিবে না। ডাক জাহাজও যাইতে পারিবে না। তখন উত্তমাশা অন্তরীপ[3] ঘুরিয়া বহুদিনে জাহাজ যাতায়াত করিবে। সুতরাং জাহাজের ভাড়া বৃদ্ধি হইবে, যাতায়াতেও অনেক সময় লাগিবে।

বৈদেশিক বাণিজ্য সম্বন্ধে মহা গোলযোগ উপস্থিত হইয়াছে কলিকাতার বণিকদের মধ্যে ভীষণ নিরাশার চিহ্ন দেখা যাইতেছে।

[1] Expenditure.
[2] Suez.
[3] Cape of Good Hope.

করেন্সী অফিস।

Currency Office.

গত শুক্রবার হইতে শত শত লোক করেন্সি আফিসে গিয়া নোট ও টাকার পরিবর্ত্তে মোহর লইতেছে। গত সোমবার করেন্সি আফিস নোট ও টাকার বদলে ২॥ লক্ষ সবারেণ দিয়াছেন। লোকে মনে করিতেছে, নোট ও টাকা রাখিলে তাহাদের ধন সমূলে বিনষ্ট হইবে।

যুদ্ধ ও ভারতের শিল্পবাণিজ্য।

The war and Indian trade and manufactures.

ইউরোপে মহাযুদ্ধ আরম্ভ হইয়াছে সুতরাং ইউরোপ হইতে যে সমুদয় দ্রব্য ভারতবর্ষে আসিয়া থাকে, তাহার আমদানি একেবারে বন্ধ না হইলেও অনেক হ্রাস হইবে। ভারতবর্ষের হাটে বাজারে স্বদেশী দ্রব্য প্রচলনের সময় উপস্থিত হইয়াছে। দেশী কাপড়ের কলওয়ালাগণ এই সময় দিন রাত্রি কল চালাইয়া প্রচুর দ্রব্য উৎপাদন করুন এবং ভারতের সর্ব্বত্র তাহা বিক্রয়ের ব্যবস্থা করুন। ভারতের প্রত্যেক হাটে বাজারে একবার তাহা প্রবেশ করিলে ভবিষ্যতে তাহা দূর করা সহজ হইবে না। বিদেশ হইতে প্রচুর পশমী ও

রেশমী বস্ত্র, মোজা গঞ্জির[1] আমদানি হয়। ভারতজাত ঐ সকল দ্রব্য বিদেশী দ্রব্যের সঙ্গে প্রতিযোগিতা[2] করিতে পারিত না. সুতরাং অনেক কলকারখানা বন্ধ হইয়াছিল। আমরা ভারতের মোজা গঞ্জির কলওয়ালা-দিগকে মহা উদ্যমের সহিত কল চালাইতে অনুরোধ করি।

যাঁহাদের জুতার কারখানা আছে. তাঁহাদের অবিলম্বে মূলধন বৃদ্ধি করিয়া ভারতবর্ষের অভাব মোচনের চেষ্টা করা উচিত। ভারতজাত জুতা একবার যে ঘরে প্রবেশ করিবে, সে ঘরে তাহা চিরদিনই আদৃত হইবে।

ভারতবর্ষে কাগজ. ছুরি কাঁচি চীনামাটীর জিনিস. বোতাম. চিরুণী. বাল্‌তি, সাবান, সুগন্ধি দ্রব্য ঔষধ, দিয়াশলাই, পেন্‌সিল, নিব্‌, কালী প্রভৃতি নানাপ্রকার দ্রব্য তৈয়ারী হইতেছে। বিদেশী দ্রব্যের প্রচুর আমদানি হওয়াতে স্বদেশী দ্রব্যের তেমন কাট্‌তি হইত না সুতরাং ব্যবসায়িগণ লাভবান হইতে না পারিয়া ক্রমে নিরাশ হইতে ছিলেন। আমরা তাঁহাদিগকে মহোৎ-সাহের সহিত কর্ম্মে প্রবৃত্ত হইতে অনুরোধ করিতেছি। স্বদেশী বস্তু প্রতিষ্ঠা করিবার সুযোগ উপস্থিত হইয়াছে। এই সুযোগ কেহ হারাইও না।

যাঁহাদের অর্থ আছে, তাঁহারা এই শুভক্ষণে[3] শিল্প দ্রব্য নির্ম্মাণে তাহা খাটাইতে আরম্ভ করুন। কলকারখানা লাভবান করিবার সময় আসিয়াছে।

বেঙ্গল হোসিয়ারী কোম্পানীর কল পড়িয়া রহিয়াছে। বহুলোক তাহার অংশ কিনিয়া আপনাদিগকে প্রবঞ্চিত মনে করিতেছেন। কলের ডিরেক্টার-গণ অবিলম্বে কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হউন।

বঙ্গলক্ষ্মী কটনমিলে গত বৎসর ৫৭ হাজার টাকা লোকসান হইয়াছে ডিরেক্টারগণ উৎসাহ উদ্যমের সহিত কার্য্য আরম্ভ করুন বঙ্গলক্ষ্মীর দুর্নাম দূর হইবে।

অনেকে মোজা গঞ্জির কল কিনিয়া তাহা ফেলিয়া রাখিয়াছেন। ঘরে ঘরে তাহা চলিতে আরম্ভ করুক।

বাঙ্গলাদেশ সচৈতন্য হইয়া স্বদেশী শিল্প প্রতিষ্ঠা করিতে যত্ন করুন. বাঙ্গলাদেশে নূতন দিন নূতন জীবন আসিবে।

বাঁকুড়া, মালদহ, মুর্শিদাবাদের তাঁতীদিগকে এই সংবাদ দেও. বিদেশী রেশমী বস্ত্রের আমদানি কম হইবে, তোমরা এবার খুব বেশী বস্ত্র তৈয়ার কর।

বাঙ্গলার প্রতি জেলার তাঁতীদিগকে এই সংবাদ শুনাও, বিদেশী বস্ত্র আমদানির পথে বিঘ্ন উপস্থিত হইয়াছে তোমরা প্রচুর বস্ত্র তৈয়ার কর, তোমাদের সুসময় আসিয়াছে।

[1] E. Guernsey,—undervests.
[2] Competition.
[3] *Subha-ksana* : favourable time.

কলিকাতার মুচিদিগকে বল, মদ না খাইয়া দিনরাত জুতা তৈয়ার কর, বাঙ্গলা দেশময় তোমাদের জুতার আদর হইবে।

টালীগঞ্জের বন্দেমাতরম্ দিয়াশলাই ও পেন্সিলের কারখানার মালীকগণ নবোৎসাহে[1] মত্ত হইয়া আবার কার্য্যে ব্রতী হউন! জোয়ার[2] আসিয়াছে, সকলে নৌকা ভাসাইয়া দিন।

[1] *Nava-utsāha* : new courage
[2] The tide.

ভারতবর্ষ যুদ্ধের জন্য প্রস্তুত হইতেছে।

India is preparing for the war.

গবর্ণর জেনারেল লর্ড হার্ডিং পত্নী বিয়োগের পর দেরাত্নের নির্জ্জন গৃহে বাস করিতেছিলেন হঠাৎ গত সোমবার রাত্রিকালে সিমলা অভিমুখে যাত্রা করিয়াছেন।

লর্ড কারমাইকেল ঢাকা অবস্থিতি করিতে ছিলেন। গত কল্য বুধবার ঢাকানগরে ব্যবস্থাপক সভার অধিবেশনের আয়োজন করা হইয়াছিল। হঠাৎ গত সোমবার দুপ্রহরের সময় তিনি চিফ সেক্রেটারী ও প্রাইভেট সেক্রেটারী সহ ঢাকা পরিত্যাগ করিয়াছেন। মঙ্গলবার দিন গবর্ণমেন্টের অন্যান্য কর্ম্মচারিগণও ঢাকা হইতে কলিকাতা অভিমুখে যাত্রা করিয়াছেন।

দেশ দর্শন প্রভৃতি সমস্ত কার্য্য বন্ধ করা হইয়াছে। লর্ড কারমাইকেল সোমবার ১১ টার সময় গোপনীয় তার প্রাপ্ত হন, আর ১২টার পরেই ঢাকা হইতে কলিকাতা যাত্রা করিয়াছেন, গুরুতর ঘটনা না হইলে বাঙ্গলার গবর্ণর কখনও এমন তাড়াতাড়ি কলিকাতা আসিতেন না।

ভারত গবর্ণমেন্ট ইংলণ্ডীয় গবর্ণমেন্টকে গত সোমবার এই টেলিগ্রাম করিয়াছেন যদি প্রয়োজন হয় তবে ভারতবর্ষের প্রত্যেক ব্রিটিস ও ভারতীয় সৈন্য ও কামান ইংলণ্ডের সাহায্যার্থ প্রেরিত হইবে। যত বড় শত্রু আসুক না কেন, ইংলণ্ড নির্ভয়ে ভারতবাসীর সহায়তার উপর নির্ভর করিতে পারেন।

ইংলণ্ডের যদি কোন বিপদ উপস্থিত হয়, তবে ভারতবর্ষ যেমন সমস্ত ধন জন দিয়া ইংলণ্ডের সাহায্য করিতে প্রস্তুত হইয়াছে, ইংলণ্ডের উপনিবেঁশ কানাডা, নিউজিল্যাণ্ড ও অষ্ট্রেলিয়াও সেইরূপ সৈন্য সামন্ত ও যুদ্ধ জাহাজ দ্বারা সাহায্য করিবে বলিয়া ইংলণ্ডকে আশ্বস্ত করিয়াছেন।

এই সমস্ত ঘটনা দেখিয়া মনে হয় জর্ম্মণীর সহিত ইংরেজের যুদ্ধ বাধিয়াছে।

গত সোমবার কলিকাতায় এই জনরব হইয়াছিল যে, তার বিহীন যন্ত্রে এই সংবাদ আসিয়াছে যে জর্ম্মণীর এক যুদ্ধ জাহাজ গত রবিবার ইংলণ্ডের

উপকূল হইতে ৩ মাইল দূরে উপস্থিত হইয়াছিল। ইংলণ্ডের একখানি রণতরী যাইয়া তাহাকে আক্রমণ করে। উভয় পক্ষে অনেক গোলা বর্ষণের পর জর্ম্মণ জাহাজ জলমগ্ন হইয়াছে।

এই জনরব সত্য কি না তাহা জানি না। ভারতবর্ষ হইতে পারস্য ও ইউরোপের মধ্য দিয়া ইংলণ্ড পর্য্যন্ত যে টেলিগ্রাফের আর ছিল, তাহা নানাস্থানে কাটিয়া ফেলা হইয়াছে। পাছে রুষিয়া, অষ্ট্রীয়া, জর্ম্মণী পরস্পরে খবর পান, সেই ভয়ে তার কাটিয়া ফেলা হইয়াছে। সুতরাং সে পথে ইংলণ্ড হইতে আর কোন সংবাদ আসিতেছে না। সুয়েজের পথ দিয়া যে তার গিয়াছে, তাহার কোন অনিষ্ট হয় নাই, একমাত্র সেই পথে ইংলণ্ড হইতে সংবাদ আসিতে পারে। সোমবার সারাদিন ও সারারাত্রি তারের কোন সংবাদ না আসাতে কলিকাতার আতঙ্ক অতিশয় বৃদ্ধি হইয়াছিল। গত সোমবার রাত্রিকালে কলিকাতার শত শত লোক বলিতেছিল, জর্ম্মণীর সহিত সত্য সত্যই ইংলণ্ডের যুদ্ধ বাধিয়াছে।

গত রবিবার ও সোমবার ইংলণ্ডের সমস্ত মন্ত্রী নিভৃতে[1] একত্র বাস করিয়াছিলেন। তাঁহাদের সিদ্ধান্ত কেহ জানিতে পারে নাই কিন্তু শোক সন্তপ্ত লর্ড হার্ডিংএর হঠাৎ দেরাদুন ত্যাগ এবং ব্যবস্থাপক সভার অধিবেশন বন্ধ করিয়া লর্ড কারমাইকেলের ঢাকা ত্যাগে সকলেই মনে করিতেছেন, জর্ম্মণীর সহিত সত্য সত্যই ইংলণ্ডের যুদ্ধ বাধিয়াছে।

ডায়মণ্ড হারবারের দক্ষিণ দিকস্থ গঙ্গা নদীর তীরবর্ত্তী চিঙ্গরীখালী দুর্গে কলিকাতা হইতে অনেক গোলন্দাজ প্রেরিত হইয়াছে। পাছে শত্রু পক্ষীয় যুদ্ধ জাহাজ গঙ্গা নদী দিয়া আসিয়া কলিকাতা আক্রমণ করে এই ভয়ে চিঙ্গরী-খালী দুর্গ সুদৃঢ় করা হইয়াছে।

কলিকাতা, এলাহাবাদ, লাহোর প্রভৃতি স্থানে যে সকল তার বিহীন সংবাদবহন যন্ত্র আছে, তাহা খুব সতর্কতার সহিত রক্ষা করা হইতেছে। লাহোরের যন্ত্র দুর্গের বাহিরে মিণ্টো পার্কে অবস্থিত। সৈন্যগণ দিন রাত্রি সেখানে বাসা করিয়া যন্ত্র রক্ষা করিতেছে।

বোম্বাই ও কলম্বো বন্দরে যে সকল আলোকস্তম্ভ আছে তাহা রাত্রিকালে নিবাইয়া ফেলিবার আয়োজন করা হইয়াছে।

কলিকাতা বা বোম্বাই বন্দরে কোন জাহাজ রাত্রিকালে প্রবেশ করিতে পারিবে না এইরূপ আদেশ দেওয়া হইয়াছে।

ভারতবর্ষের সমুদয় স্থানের সৈন্যদিগকে যুদ্ধের জন্য প্রস্তুত হইতে বলা হইয়াছে।

[1] In privacy.

যে সমুদয় সৈন্যাধ্যক্ষ বিদায় লইয়া গিয়াছিলেন, তাঁহাদিগের বিদায় রহিত করা হইয়াছে, তাঁহারা যে যেখানে আছেন, তথা হইতে কর্ম্মস্থলে ফিরিয়া আসিতেছেন।

এলাহাবাদের প্রধান সেনাপতি ব্রিগেডিয়ার জেনারেল কুপার স্বদেশে যাইবার জন্য বিদায় লইয়াছিলেন। তিনি গত শনিবারের ডাক জাহাজে যাইবার জন্য বোম্বাই গিয়াছিলেন। তার করিয়া তাঁহাকে বোম্বাই হইতে ফিরাইয়া আনা হইয়াছে।

বাঙ্গালা প্রেসিডেন্সী ব্রিগেডের সেনাপতি কর্ণেল রবার্টস ও তাঁহার পাত্রমিত্রগণ দার্জ্জিলিং বাস করিতেছিলেন। তাঁহাদিগকে অবিলম্বে কলিকাতা প্রত্যাগমন করিতে হুকুম দেওয়াতে তাঁহারা দার্জ্জিলিং হইতে কলিকাতা আসিয়াছেন। জেনারল যে দার্জ্জিলিং অবস্থিতি করিতেছেন।

গ্যারিসন গোলন্দাজগণ ২ জন ডাক্তার সহ গঙ্গা নদী রক্ষার জন্য প্রেরিত হইয়াছেন।

সৈন্যদিগকে আর বিদায় দেওয়া হইবে না। যাঁহারা বিদায় লইয়া ভারতবর্ষে অবস্থিতি করিতেছেন, তাঁহাদিগকে এই সংবাদ দেওয়া হইয়াছে, খবর পাওয়া মাত্র ৪৮ ঘন্টার মধ্যে কর্ম্ম স্থলে ফিরিয়া যাইতে হইবে।

ব্রহ্মদেশের নৌযুদ্ধের রিজার্ভ সৈন্যগণকে অবিলম্বে কর্ম্মে যোগ দিবার জন্য আহ্বান করা হইয়াছে।

প্রেরিত পত্র।

Letter.

শ্রীযুক্ত সঞ্জীবনী সম্পাদক মহাশয়

বরাবরেষু।

আশাকরি নিম্নলিখিত পত্রখানি আপনার পত্রিকায় প্রকাশ করিয়া বাধিত করিবেন।

গত সপ্তাহের সঞ্জীবনীতে "খুলনাবাসী" হইতে উদ্ধৃত একখানি পত্র পড়িলাম। সেনহাটী নিবাসী হীরালাল সেনের প্রথমা স্ত্রী স্বর্গীয়া[1] সুখদাসুন্দরী দেবীর শোচনীয় মৃত্যু সম্বন্ধে এই পত্রখানি লিখিত। পত্রের মধ্যে স্বর্গীয়া সুখদাসুন্দরীর একখানা পত্রও আছে।

প্রায় একমাস হইল হীরালাল সেনের মৃত্যু হইয়াছে। হতভাগ্য জীবনে যাহাই ভুল করিয়া থাকে,— সে ভুলের যতই শোচনীয় পরিণাম হউক,—মৃত্যুকে আলিঙ্গন করিয়া সে তাহার প্রায়শ্চিত্ত করিয়াছে। তাহারই পরে এই দুঃখময়

[1] Belonging to heaven, *i.e.*, deceased.

নাটকের[1] যবনিকা[2] পড়িলেই ভাল হইত। স্বর্গীয়া সুখদাসুন্দরী দেবীর পত্র-খানি আবার ইহার পর কোন সংবাদপত্রে প্রকাশিত দেখিয়া,—মনে হইতেছে যেন মৃতের উপর নির্ম্মম[3] অস্ত্রাঘাত করা হইয়াছে।

হীরালাল এ পৃথিবী হইতে চলিয়া গিয়াছে। সকলের জীবনেই ভালমন্দ, আলো আঁধার, দুইটা দিক আছে। হীরালালের জীবনেও ছিল। হীরালাল জীবিত থাকিলে এ পত্রখানি লিখিতাম না। আমি হীরালালের একগ্রামবাসী। খুলনার ও খুলনার বাহিরে বহুলোকের নিকট হীরালাল সুপরিচিত ছিল। মৃত্যুর পর তার স্মৃতি সাধারণের নিকট এমন নিবিড় নিভাঁজ[4] কলঙ্ক-কালিমায়[5] আবৃত হইয়া থাকিবে, হীরালালের পরিচিত কেহই বোধ হয় এরূপ ইচ্ছা করেন না। তাই তার জীবন সম্বন্ধে দুই একটি কথা সাধারণকে জানাইতেছি। "খুলনাবাসীর" পত্রে একটু আধটু ভুলও আছে।

হীরালাল প্রথম বয়সে বড় দুরন্ত[6] স্বভাবের ছিল। তার দীর্ঘ বলিষ্ঠ পেশল[7] দেহে যেমন অসাধারণ শক্তি ছিল, মনেও তেমন একটা দুর্দ্দমনীয় তেজ ও জিদ ছিল, যাহা অনেক সময় সে সংযত ও শৃঙ্খলিত করিয়া রাখিতে পারিত না। অল্প বয়সেই তার প্রথম বিবাহ হয়। কিন্তু স্ত্রী অতিশয় বধিরা[8] বলিয়া ২।৩ বৎসর পরেই জিদ করিয়া হীরালাল আবার বিবাহ করে। হীরালালের বয়স এখন ৩৫।৩৬ বৎসর হইয়াছিল। যতদূর স্মরণ হয় প্রায় ১৪।১৫ বৎসর হইল সে তার দ্বিতীয়া পত্নীকে বিবাহ করে। প্রথমা স্ত্রী ইদানীং কিছু বধিরা হওয়ায় যে তাঁকে ত্যাগ করিয়া দ্বিতীয় বার বিবাহ করে, একথা ঠিক নয়। বিবাহের পর হীরালালের প্রথমা স্ত্রী কখনও পিতৃগৃহে কখনও পতিগৃহে থাকিতেন। সম্প্রতি হীরালাল তার কর্ম্মস্থল কুমারখালিতে সপরিবারে থাকিত। তার দুই স্ত্রীই তার সঙ্গে থাকিতেন।

এক স্ত্রী বর্ত্তমানে যে অন্য স্ত্রী বিবাহ করে, সে যে দ্বিতীয়া স্ত্রীর প্রতি অধিক অনুরক্ত হইবে, এবং প্রথমা স্ত্রী যে আকাঙ্ক্ষানুরূপ স্বামীর ব্যবহারে সুখী হইবেন না, একথা বলাই বাহুল্য। প্রথম বয়সে জিদের মুখে হীরালাল যে বড় একটা ভুল করিয়াছিল, তার আবশ্যম্ভাবী[9] ফল যা হয়, হীরালালের সংসারে তাহা ঘটিয়াছিল। যে বিষবৃক্ষ সে রোপণ করিয়াছিল, তার ফলে

[1] Sad tragedy.
[2] *Yavanikā :* the "Ionian" or Greek curtain of the Sanskrit dramatists.
[3] *Ni-marmma :* heartless, cruel.
[4] *Ni-bhāj :* pure, unadulterated.
[5] Shame, blackness.
[6] Obstinate.
[7] Muscular.
[8] Deaf.
[9] Inevitable.

তার সংসার, তার জীবন, জীবনের সুখ, শান্তি, আশা ও আকাঙ্ক্ষা সব আজ বিনষ্ট হইয়া গেল।

এই একটি বড় ভুল যা হীরালাল করিয়াছিল তার প্রায়শ্চিত্তও সে করিয়াছে। অনেক গুণ তার ছিল,— আজ এই প্রায়শ্চিত্তের পর দুই একটা কথা তার সম্বন্ধে বলিলে বোধ হয় কেহই ক্ষুণ্ণ হইবেন না। পতিপ্রাণা স্বর্গীয়া সুখদাসুন্দরীও তাহাতে তৃপ্তিলাভ করিবেন।

বড় হইয়া অবধি সকল রকম সৎকর্ম্মে হীরালালের যেরূপ উৎসাহ উদ্যম ও দৃঢ় অধ্যবসায় দেখা যাইত এরূপ সচরাচর দেখা যায় না। যেখানে হীরালাল যখন থাকিত এই গুণে সকলেরই শ্রদ্ধা ও স্নেহ সে আকর্ষণ করিত। বালকগণ সর্ব্বত্র তার অনুগত হইয়া তার সঙ্গে ফিরিত। নিজের দারিদ্র্যের মধ্যেও সে দীন ও নিঃসহায় লোককে অনেক সাহায্য করিত। যেরূপ প্রাণ থাকিলে এইরূপ হইতে পারে, হীরালাল সেই প্রাণের অধিকারী ছিল।

আশা করি এ নাটকের আঁধার যবনিকা এ জগতে আর উত্তোলিত হইবে না। যে ভুল সে করিয়াছিল, তার প্রায়শ্চিত্তও হইয়াছে তার জীবনের ক্ষুদ্র ইতিহাস সকলেরই একটা শিক্ষার দৃষ্টান্ত হইয়াছে। প্রায়শ্চিত্তান্তে হতভাগ্য দয়াময় বিশ্বপতির চরণে আশ্রয় ও শান্তিলাভ করুক, এই প্রার্থনা করি।

শ্রীকালীপ্রসন্ন দাসগুপ্ত।

কলিকাতা, ৫ই শ্রাবণ, ১৩২১।

আত্মরক্ষার উপায়।

A means of self-preservation.

সুইডেন, নরওয়ে ও ডেন্মার্কের রাজাত্রয় মিলিত হইয়া আত্মরক্ষার মন্ত্রণা করিয়াছেন।

তুর্কী বন্দী।

A Turkish prisoner.

মুস্তাফা নামক তুর্কীকে বাঁকিপুরে বন্দী করা হইয়াছে। তাহাকে হাজারিবাগ জেলে আটক করিয়া রাখা হইবে।

জর্ম্মণ সম্রাট যুদ্ধক্ষেত্রে।

The German Emperor at the front.

জর্ম্মণ সম্রাট ব্যাধিমুক্ত[1] হইয়া গত সোমবার পুনরায় যুদ্ধক্ষেত্রে গমন করিয়াছেন।

[1] Convalescent.

পঞ্জাবে রাজদ্রোহিতা।

Disaffection in the Punjab.

আমেরিকা প্রত্যাগত কতিপয় পঞ্জাবী রাজদ্রোহিতা প্রচার করিতেছে, এই সন্দেহে পুলিস লাহোর ও অমৃতসরের কয়েক বাড়ী তল্লাস করিয়াছে।

হার্টলপুলের ক্ষতি।

Damage done to Hartlepool.

জর্ম্মণ যুদ্ধ জাহাজের গোলা পতিত হওয়ায় ইংলণ্ডের অন্তর্গত হার্টলপুল সহরের ২২॥৹ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হইয়াছে। এই ক্ষতি হওয়াতে ইয়র্কসায়ারের লোকেরা রণক্ষেত্রে যাইবার জন্য প্রস্তুত হইয়াছে।

সীমান্তে উপদ্রব।

Frontier disturbances.

ভারতের পশ্চিম সীমান্তবাসী পাঠানগণ গত ১৮ই ডিসেম্বর জৈদা নামক গ্রামনিবাসী আমিরচাঁদের বাড়ী আক্রমণ করিয়া বহু সম্পত্তি সহ প্রস্থান করিয়াছে। তাহারা এক চৌকিদারকে হত্যা করিয়া চলিয়া গিয়াছে।

জর্ম্মণের বদলে ইংরেজ।

Englishmen for Germans.

শাকচির তাতা লোহার কারখানায় অনেক জর্ম্মণ মিস্ত্রী কর্ম্ম করিতেন— তাঁহাদিগকে কয়েদ করাতে ইংলণ্ডের অন্তর্গত হার্টলপুল ও মিডলস বরো হইতে মিস্ত্রী আনিয়া তাঁহাদের কার্য্যে নিযুক্ত করা হইয়াছে।

এই দান কি পণ্ড হইবে ?

Will this bequest be annulled ?

সার তারকনাথ পালিত বিজ্ঞান কলেজ স্থাপনের জন্য বিশ্ববিদ্যালয়ের হাতে ১০ লক্ষ টাকা দিয়া গিয়াছেন তাঁহার পুত্র সেই দান রহিত করিবার জন্য আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়াছেন।

এমডেনের অবশিষ্ট লোক।

The survivors from the "Emden."

এমডেন যুদ্ধ জাহাজের যে সকল কর্ম্মচারী ও সৈন্য কোকোস দ্বীপ হইতে আয়েসা ষ্টীমারে উঠিয়া পলায়ন করিয়াছিল। একখানি ব্রিটিস কয়লার জাহাজ তাহাদিগকে আয়েসা জাহাজ হইতে উঠাইয়া লইয়া গিয়াছে।

মিঃ গান্ধির ভারত প্রত্যাগমন।

Mr. Gandhi's return to India.

ইংলণ্ড বাসকালে মিঃ গান্ধির ফুসফুসে জল[1] সঞ্চার হইয়াছিল বহু দিন কারাগারে বাস করাতে তাঁহার পত্নীর স্বাস্থ্য নষ্ট হইয়াছে, সুতরাং তাঁহারা উভয়েই গত শনিবার ইংলণ্ড হইতে স্বদেশাভিমুখে যাত্রা করিয়াছেন। তাঁহার ৪ পুত্র বোলপুর শান্তি নিকেতনের[2] ব্রহ্ম বিদ্যালয়ে বাস করিতেছে।

[1] Water in the lungs, pleurisy.
[2] *Sānti niketan* : "Abode of Peace." Sir Rabindranāth Tagore's country-house and seminary at Bolpur.

ইটালীর সহিত তুরস্কের মনোবাদ।

Disputes between Italy and Turkey.

৪ হাজার আরব তুর্কী ও জর্ম্মণ সৈন্যাধ্যক্ষ[1] কর্ত্তৃক পরিচালিত হইয়া ইটালীর অধিকারভুক্ত ত্রিপোলির অভিমুখে যাত্রা করিয়াছে। কনষ্টাণ্টি-নোপল প্রবাসী ইটালীয়ান রাজদূত বলিয়াছেন, যদি সন্তোষজনক উত্তর দেওয়া না হয়, তবে যুদ্ধ আরম্ভ হইবে।

[1] *Sainya-adhyakṣa* : soldier-superintendents, military officers.

বঙ্গীয় সাহিত্য-সম্মিলন।

Bengali Literary Conference.

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী আগামী সাহিত্য সম্মিলনের সভাপতি, কটক কলেজের অধ্যাপক রায় সাহেব যোগেশচন্দ্র রায় বিজ্ঞান বিভাগের[1] বাবু হীরেন্দ্র নাথ দত্ত দর্শন বিভাগের[2] এবং পাটনা কলেজের অধ্যাপক বাবু যদুনাথ সরকার, ইতিহাস বিভাগের[3] সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন। নির্ব্বাচন উত্তম হইয়াছে ;

[1] Science section.
[2] Philosophical section.
[3] Historical section.

সুরমা সাহিত্য সম্মিলন।

The Suramā Literary Conference.

শ্রীযুক্ত কামিনী কুমার চন্দ লিখিয়াছেন যে, আগামী ২৮শে ও ২৯শে ডিসেম্বর শিলচরে সাহিত্য সম্মিলনের অধিবেশন হইবে। যাঁহারা সম্মিলনে উপস্থিত হইতে ইচ্ছুক, তাঁহারা[1] অধিবেশনের ৫ দিন পূর্ব্বে চন্দ মহাশয়কে তাঁহাদের আগমনের সংবাদ প্রদান করিলে তিনি অনুগৃহীত হইবেন। আসাম বেঙ্গল রেলওয়ে এক ভাড়ায়[1] যাতায়াতের অনুমতি দিয়াছেন।

[1] Single fare.

বোয়ার বিদ্রোহী।

The Boer rebels.

জেনারল ডিলারি জলে ডুবিয়া মরিয়াছেন, ডিওয়েট বন্দী হইয়াছেন, কাপ্তান ফোরিকে সমর বিচারালয়ের[1] আদেশে গত ২০শে ডিসেম্বর রবিবার গুলি করিয়া বধ করা হইয়াছে। তাঁহার ভাই লেফ্‌টেনেন্ট ফোরিকে ৫ বৎসরের জন্য কারাগারে আবদ্ধ করিয়া রাখা হইবে। দক্ষিণ আফ্রিকা রক্ষার জন্য যে সৈন্যদল গঠন করা হইয়াছিল, ইঁহারা দুই ভাই সেই সৈন্যদলের কাপ্তান ও লেফ্‌টেনেন্ট ছিলেন।

[1] Court-martial.

বড়দিনের উপহার।

A Christmas Present.

আগামী কল্য খৃষ্টের জন্মোৎসব। ইংলণ্ডের রাজকন্যা মেরী সৈন্যদের জন্য উপহার দ্রব্য ক্রয় করিবার নিমিত্ত ২,২৭,৫৫ ০০০ টাকা সংগ্রহ করিয়াছেন। এই টাকা দ্বারা গরম কাপড়, মিঠাই, পিঠা[1], কৌটাবদ্ধ[2] দুধ ও তামাক ক্রয় করিয়া সৈন্যদের জন্য প্রেরণ করা হইবে। ইংলণ্ডের সমস্ত লোক এই উৎসবে প্লম পুডিং খাইয়া থাকে। ফরাসী সূপকারগণ[3] প্লম পুডিং তৈয়ার করিতে আরম্ভ করিয়াছে।

[1] Cakes.
[2] Tinned.
[3] *Supa-kār :* sauce-maker, cook.

বড়লাটের পুত্রের মৃত্যু।

Death of the Viceroy's son.

আগষ্ট মাসের শেষ ভাগে এক বৃহৎ যুদ্ধে লর্ড হার্ডিংএর জ্যেষ্ঠপুত্র সাংঘাতিক আঘাত[1] প্রাপ্ত হন। শুশ্রূষার জন্য তাঁহাকে রণক্ষেত্র হইতে ইংলণ্ডে প্রেরণ করা হইয়াছিল কিন্তু রক্ত বিষাক্ত[2] হওয়াতে গত শুক্রবার তাঁহার মৃত্যু হইয়াছে। পত্নীশোকের তীব্র বেদনা হ্রাস না হইতেই জ্যেষ্ঠ পুত্রকে হারাইয়া লর্ড হার্ডিংএর যে কি মর্ম্ম যাতনা[3] হইয়াছে তাহা ভুক্তভোগী ভিন্ন আর কেহ অনুভব করিতে পারিবে না। স্বদেশের জন্য তিনি জীবন দান করিয়াছেন, পিতার হৃদয় আজ ইহা স্মরণ করিয়া পুত্রশোক সম্বরণ করুন।

[1] Mortal wound.
[2] Blood-poisoning.
[3] Mental agony.

পতিত জাতির ভূস্বামিত্ব।

Land-ownership of "fallen" castes.

পঞ্জাবে অসংখ্য "পতিত" জাতির লোক আছে যাহাদের নিজেদের জায়গা জমি কিছুই নাই। "উচ্চ" জাতির লোকদের ক্ষেতে মজুরি করিয়া ইহারা জীবিকানির্ব্বাহ করিয়া থাকে। ভারতগবর্ণমেণ্টের আদেশে লোয়ার-

দোয়াব ক্যানেলের ধারে ৯০ হাজার বিঘা জমি এইরূপ লোকদিগকে দেওয়া হইবে। বহু ভূমিহীন শ্রমজীবী জমির জন্য সরকারের কাছে আরজি করিয়াছে; কিন্তু পাছে কৃষিক্ষেত্রে মজুর আর না জোটে এই ভয়ে ইহাদিগকে নাকি ভূস্বামিত্ব দেওয়া হইবে না — গবর্ণমেণ্ট বলিয়াছেন ইহাদিগকে একেবারে বেশী সুবিধা দিয়া সমাজের বর্ত্তমান শৃঙ্খলার ওলটপালট করিতে ইচ্ছুক নহেন। এই কথাটি অনেকটা আমাদের দেশীয় গোঁড়া [1] লোকদের উক্তির মত শুনায়।

[1] Old-fashioned, conservative.

চা করের ক্ষমা প্রার্থনা।

A tea-planter's apology.

সুরমা লিখিয়াছেন, হবিগঞ্জের লব্ধপ্রতিষ্ঠ উকীল শ্রীযুক্ত প্রেমনারায়ণ কর বি, এল, সম্প্রতি রসিদপুর চা-বাগানের মধ্য দিয়া গমন করিতেছিলেন — সেই সময়ে চা-বাগানের অধ্যক্ষ মিঃ টুলকের সহিত প্রেমনারায়ণ বাবুর সাক্ষৎ হয়। মিঃ টুলক উকীল বাবুকে ছাতা বন্ধ করিতে আদেশ করেন ; তিনি উহাতে অসম্মত হওয়ায় উভয়ের মধ্যে বাদানুবাদ হয় এবং অবশেষে প্রেমনারায়ণ বাবু ছাতা বন্ধ করিতে বাধ্য হন। যথাকালে প্রেমনারায়ণ বাবু দেওয়ানী আদালতের আশ্রয় প্রার্থনা করিলে মিঃ টুলক স্বীয় দুর্ব্যবহারের জন্য উকীল বাবুর নিকট একখানি ক্ষমা প্রার্থনাসূচক পত্র [1] প্রেরণ করেন, সুতরাং সেই খানেই মোকদ্দমার অবসান হয়।

মিঃ টুলক উত্তেজনার মুহূর্ত্তে যে অন্যায় করিয়াছেন, তাহার জন্য ক্ষমা-প্রার্থনা করিয়া বুদ্ধিমানের কার্য্যই করিয়াছেন।

[1] Letter of apology.

ওবারড্যাঙ্কের স্মৃতিসভা।

The Commemoration of Oberdank. Wilhelm Oberdank was an Irredentist, who started a conspiracy to assassinate the Emperor Francis Joseph in 1882.)

ওবারড্যাঙ্কের নাম ভারতবর্ষের কেহ শুনে নাই সম্প্রতি রয়টার লণ্ডন হইতে এই সংবাদ পাঠাইয়াছেন যে ইটালীর সর্ব্বত্র ওবরড্যাঙ্কের স্মৃতিসভা হইয়া গিয়াছে ; ইটালীর হাজার হাজার লোক মহোৎসাহে তাঁহার কীর্ত্তি বর্ণন করিয়াছেন। তিনি কি কীর্ত্তি করিয়াছিলেন, তাহা সকলে শ্রবণ করুন। ইটালীর উত্তর-পূর্ব্বদিকে এমন কতগুলি স্থান আছে, যেখানে ইটালীয়ানদের বাস ; এই সকল স্থান এক সময়ে ইটালীর অন্তর্গত ছিল কিন্তু অষ্ট্রীয়া তাহা

দখল করিয়া রাখিয়াছেন। তাহার প্রতিশোধ লইবার জন্য ওবারড্যাঙ্ক ১৮৮২ সালে অষ্ট্রীয়ার বর্ত্তমান সম্রাটকে বধ করিবার ষড়যন্ত্র করে। পাপ কার্য্যের ষড়যন্ত্র প্রায়ই নিষ্ফল হয়, ওবারড্যাঙ্কের ষড়যন্ত্রও ব্যর্থ হইয়াছিল, তিনি ধৃত হইয়া ফাঁসী কাষ্ঠে[1] পাপের প্রায়শ্চিত্ত করিয়াছিলেন। ইটালীতে এই ওবারড্যাঙ্কের স্মৃতিসভা হইতেছে—আর ইংলণ্ডে তাহার প্রতিধ্বনি হইতেছে, তারযোগে ভারতবর্ষে সে সংবাদ প্রেরণ করা হইতেছে।

[1] *Phāsi kastha* : the gallows.

বিদ্যুৎ ও বৃক্ষ।

Lightning and trees.

মিঃ ডব্লিউ আর ফিশার তাহার "অরণ্য সংরক্ষণ"[1] নামক পুস্তকে, কোন্ কোন্ বৃক্ষের উপরে বজ্র পাতের সম্ভাবনা অধিক তৎসম্বন্ধে আলোচনা করিয়াছেন। তিনি বলেন সকল জাতীয় বৃক্ষের উপরেই বিদ্যুৎ পাত হইতে পারে, তবে ওক্ প্রভৃতি যে সব গাছের মূল গভীর প্রদেশে নামিয়া যায়, সে সব গাছেরই বিপদ্ অধিক বলিয়া বোধ হয়। ইহার কারণ সম্ভবত এই যে ঐ দীর্ঘমূলের সাহায্যে সহজে বিদ্যুৎ নিম্ন প্রদেশে বাহিত হইয়া যাইতে পারে।

হ্রদের সান্নিধ্য, মাটির আর্দ্রতা, বৃক্ষের ঘনত্ব, বৃক্ষের শারীরিক অবস্থার উপরও বিদ্যুৎ পতন নির্ভর করে। তৈলযুক্ত বৃক্ষ (যথা—বীচ্, ওয়ালনাট্, বার্চ্, লাইম্) অপেক্ষা শ্বেতসারযুক্ত[2] বৃক্ষেরই (যথা—ওক্, পপ্লার মেপ্ল্, অ্যাশ্, এল্ম্) বজ্রাঘাতাশঙ্কা[3] অধিক। আর্দ্র মাটি দ্রুত বিদ্যুৎ পরিবাহন করে, কিন্তু শুষ্ক স্থানে যখন বিদ্যুৎ মাটিতে পঁহুছে তখন তাহা নিকটস্থ বৃক্ষ সকলের মূলে মূলে সঞ্চারিত হইতে পারে, এই ভাবে এক সঙ্গে নিকটবর্ত্তী অনেক বৃক্ষ মারা যাইতে পারে।

[1] "Forest preservation."
[2] ~~White-wooded.~~ Starchy
[3] *Vajra-āghāta-āsankā* : lightning-attack-fear.

কর্ম্মচারীদের পরিবর্ত্তন।

Change of officers.

শুনা যায় আগামী এপ্রিল মাসের চিফ জষ্টিস সার লরেন্স জেঙ্কিন্স ভারত ত্যাগ করিয়া যাইবেন। বাঙ্গলাদেশের পক্ষে ইহা বড়ই দুঃসংবাদ। আগামী নভেম্বরে যখন লর্ড হার্ডিঞ্জের কার্য্যকাল শেষ হইবে, তখন তিনিও প্রস্থান করিবেন। পাটনা হাইকোর্টের চীফ জষ্টিশ্ কলিকাতা হাইকোর্টের

কোনো জজ যে হইবেন তাহা নয়, সার আলি ইমামও হইবেন না। যুক্তপ্রদেশের জষ্টিস সেমিয়ার [1] ঐ পদ প্রাপ্ত হইবেন বলিয়া জনরব হইয়াছে। লর্ড হার্ডিংএর কৌন্সিলের বর্ত্তমান আইনসদস্য [2] কার্য্যত্যাগের পর পাটনায় ব্যারিষ্টারী করিবেন। শুনা যায় বোম্বাই হাইকোর্টের জজ মিঃ দাবর [3] তাঁহার পদে নিযুক্ত হইবেন।

সার হার্ভি অ্যাডাম্‌সনের পরে ভারতগবর্ণমেন্টের শিক্ষাসচিব সার হারকার্ট বাট্‌লার ব্রহ্মদেশের লেফ্‌টেনান্ট গভর্ণর হইবেন। আসামের প্রধান কমিশনার সার আর্চডেল্‌_আর্ল ভারত গবর্ণমেন্টের শিক্ষা সদস্য হইবেন। সম্ভবতঃ মিঃ পি. সি. লায়ন আসামের চীফ কমিশনারের পদ লাভ করিবেন। এইরূপ হইলে মিঃ হুইলারের বেঙ্গল কাউন্‌সিলে প্রবেশের পথ প্রস্তুত হইবে।

[1] Mr. Justice Chamier.
[2] Legal member.
[3] Mr. Justice Davar.

সংবাদপত্রের আর্থিক অবস্থা।

The financial state of newspapers.

নাগপুরের "হিতবাদ" লিখিয়াছেন—"সংবাদপত্র সম্পাদকেরা—অন্ততঃ যে সব সংবাদপত্র খাঁটী ভারতীয় সে সব কাগজের সম্পাদকেরা যদি তাঁহাদের কাগজের আর্থিক অবস্থা প্রকাশ করিতেন, তাহা হইলে, তাঁহারা বৎসরের পর বৎসর কি কষ্টের সহিত চালান তাহা জনসাধারণে জানিতে পারিতেন। এদেশের লোকে ভাবে যে ভারতীয় সম্পাদকগণ কেবল ব্যক্তিগত [1] লাভের জন্যই কাগজ লেখেন,—বাস্তবিক পক্ষে ভারতবর্ষে যদি এপ্রকার সম্পাদক দুই একজন সত্যই থাকেন, তবে তাঁহারা নিয়মের ব্যতিক্রমকারী মাত্র [2]। খবরের কাগজের আফিসের কাজ করিবার সম্বন্ধে যাঁহার কিছুমাত্র জ্ঞান আছে তিনিই জানেন অবস্থাটা কি। সম্পাদকের কার্য্য ভারতের জনসাধারণ এখনো বুঝিতে পারেন নাই অথচ তাঁহার কাজ দেশের পক্ষে অতি আবশ্যক, দিনের পর দিন কি হাড়ভাঙ্গা খাটুনিই [3] তাঁহাকে খাটিতে হয়; কাগজই যদি তাঁহার একমাত্র জীবিকোপায় হয়, তবে তাঁহার দ্বারের সম্মুখে দুর্ভিক্ষ ও অনশন [4] প্রতিদিন মুখব্যাদান [5] করিয়া দণ্ডায়মান থাকে। এদেশের জনসাধারণের দায়িত্বজ্ঞানের অভাবই [6] এই অবস্থার কারণ।"

[1] Personal, individual.
[2] Mere exceptions to the general rule.
[3] Heart-breaking toil (lit. "bone-breaking".)
[4] *An-asan* : want of food.
[5] *Mukha-vi-ādān* : mouth-opening, হাঁ করা।
[6] Want of sense of responsibility.

যুদ্ধ ও ভারতের ব্যবসা বাণিজ্য।

The war and Indian trade and commerce.

অবিমিশ্র[1] অমঙ্গলজনক কোনও ঘটনা এ জগতে নাই। যাঁহারা বুদ্ধিমান তাঁহারা মন্দ ঘটনা হইতেও প্রচুর লাভ করেন। ইউরোপে এই যে মহাযুদ্ধ চলিতেছে, তাহা ইউরোপকে ত ধ্বংস ও মৃত্যুর নিকেতন করিয়াছে তদ্ব্যতীত পৃথিবীর সমস্ত দেশেই আপনার অশুভ প্রভাব বিস্তার করিয়াছে। পাটের কারবার বন্ধ হওয়াতে বাংলাদেশে শত শত পরিবারকে দারুণ কষ্টের মধ্যে ফেলিয়াছে। কিন্তু এদেশের লোকের যদি উদ্যম[2] থাকে তবে তাহারা এই ঘটনাটিকেই তাহাদের আর্থিক উন্নতির এক মস্ত সুযোগ করিয়া তুলিতে পারে। শিল্পবাণিজ্যের প্রতিষ্ঠা ও প্রসার[3] সাধনের এই ত মাহেন্দ্রক্ষণ।[4]

লোহার জিনিস, মাটির বাসনের জন্য কত টাকা যে ভারতবর্ষ হইতে ইউরোপে যায় তাহার সীমা নাই। অথচ এদেশে স্থানে স্থানে ঐসব জিনিশের কারখানা সব রহিয়াছে। এদেশে যাহা প্রস্তুত হয় তাহা অত্যুৎকৃষ্ট।[5] জর্ম্মাণি খারাপ জিনিশ সস্তায় দিয়া প্রতিযোগিতায়[6] সাফল্য লাভ করিয়াছে। কলিকাতা, বোম্বাই ও পুনায় লোহার কারখানা আছে। মীরাটের কাঁচি সুপ্রসিদ্ধ। বর্দ্ধমান ভাল ছুরির জন্য বিখ্যাত। তালা ও কব্জা এদেশে প্রচুর প্রস্তুত হয়। আলিগড়ের তালা প্রসিদ্ধ। অথচ আমরা কত টাকা এসব জিনিশের জন্য বিদেশীকে দান করি তাহা নিম্নের তালিকা দেখিলেই হৃদয়ঙ্গম হইবে।

১৯১২ সনের ৩১এ মার্চ্চ যে বৎসর শেষ হইয়াছে সে বৎসরের গড়।

		১৯১৩ – ১৪।
	টাকা।	টাকা।
ইংলণ্ড	১,৮৪,০২,৭৫০	২,৩৭ ৪০,৭২৫
জর্ম্মণী	৫৬.১১,০০৫	৮২,৬৮,৫৩৫
অষ্ট্রীয়া হাঙ্গেরি	২৩ ৪২,৯৪০	৩৩,৬৭.০৬৫
আমেরিকার		
যুক্তরাজ্য	১৯ ৭১,৩৪৫	৩৯,৯২,৭১৫
অন্যান্যদেশ	১৮,৮৬.৪৩০	২৭,৩০,৫২৫
মোট ..	৩,০২,১৪,৪৭০	৪,২৩,১৪,৫৬৫

[1] *A-vi-miśra :* unmixed.
[2] *Ut-yam* effort, perseverance.
[3] Founding and expansion.
[4] Auspicious occasion (mahā-indra).
[5] *Ati-ut-kṛṣṭa* : very excellent.
[6] Com-petition.
[7] Average.

মেটে বাসনের ব্যবসাও খুব লাভজনক। মেটে বাসনের জন্য ভারতবর্ষ হইতে কোন্ দেশে কত টাকা রপ্তানি হয় তাহার তালিকা নিম্নে দেওয়া গেল।

১৯০৯ হইতে ১৯১২ পর্য্যন্ত প্রতিবৎসর গড়ে।

			১৯১৩—১৪।
		টাকা।	টাকা।
ইংলণ্ড	...	২৭,৭৪,৪৯০	৩৬,৭৬,৩৬৫
জর্ম্মণী	...	৫,১৫,৮৬০	৮,৪২,৯২৫
চীন	...	৩,৩৮,৯৪০	৬,৩৪,৪৪০
বেলজিয়াম	..	৩,৩১,৫০০	৩,৬৫.৮৯৫
হলণ্ড	...	২;৩১,৮২৫	৩৩,৭৪১
অষ্ট্রীয়া-হাঙ্গেরি	...	২,৯৫ ৭৭০	২,৩৩.৪৯০
অন্যান্য দেশ	...	২.৮২,৬১৫	২,৫৮,৬১৫
মোট	...	৪৭,৭১,০০৫	৬৩,৪৯ ১৮৫

জাতীয় মহা সমিতি।

The National Congress.

আগামী ২৮এ, ২৯এ ও ৩০এ ডিসেম্বর মান্দ্রাজ সহরে জাতীয় মহাসমিতির অধিবেশন হইবে। বঙ্গের সুসন্তান শ্রীযুত ভূপেন্দ্রনাথ বসু মহাশয় এবার সভাপতির পদে বৃত হইয়াছেন। ১৯০৮ সালে মান্দ্রাজে যে কংগ্রেসের অধিবেশন হইয়াছিল তাহাতে শ্রীযুত রাসবিহারী ঘোষ মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন; তদবধি আর কোনও বাঙ্গালী কংগ্রেসের সভাপতির পদে বৃত হন নাই। মান্দ্রাজে যতবার কংগ্রেস হইয়াছে তাহার অধিকাংশ বারই বাঙ্গলাদেশ হইতে সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন। স্বর্গীয় আনন্দ মোহন বসু পরলোকগত লাল মোহন ঘোষ মান্দ্রাজ কংগ্রেসের সভাপতির পদ অলঙ্কৃত করিয়াছিলেন। এবার শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ সেই আসন পরিশোভিত করিবেন। নানা দেশ হইতে ঋত্বিকগণ[1] জাতীয় যজ্ঞে[2] মাতৃভূমির আহ্বানে আহূত হইয়া গমন করিতেছেন। বঙ্গদেশ হইতে এবার বহুসংখ্যক প্রতিনিধি গমন করিবেন। এবার বঙ্গদেশ হইতে অনেক মুসলমান প্রতিনিধিও গমন করিবেন। এবৎসর মসলেম লিগের[3] অধিবেশন হইবে না।

[1] *Ritvika :* a family priest.
[2] National sacrifice.
[3] Moslem League.

'মুসলমান,' 'হাবুলমাতিন' প্রভৃতি মুসলমান সম্পাদিত সংবাদপত্র সমূহ মুসলমানদিগকে কংগ্রেসে যোগদিবার জন্য বিশেষ ভাবে অনুরোধ করিয়াছেন। জাতীয় মঙ্গল সাধনের জন্য কংগ্রেসই একমাত্র সমবেত শক্তি প্রয়োগ করিবার স্থান। এখানেই হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রীষ্টান, পার্শী শিখ সকল সম্প্রদায়, সকল ধর্ম্মবলম্বী লোক একযোগে জাতীয় সাধনাতে[1] নিযুক্ত হইতে পারে। সুতরাং এই জাতীয় যজ্ঞে যোগদান কাহাও বিরত হওয়া কর্ত্তব্য নহে। নানা বিষয়ে মতদ্বৈধ[2] সত্ত্বেও জাতীয় মঙ্গলের দিকে দৃষ্টি করি'। সকলেরই এই কংগ্রেসে উপস্থিত হওয়া কর্ত্তব্য। শরীরের শক্তি, হৃদয়ের প্রীতি, মস্তিষ্কের জ্ঞান দ্বারা জাতীয় উন্নতি সাধনে সকলেরই তৎপর হওয়া আবশ্যক।

কংগ্রেসের লক্ষ্য কি? ব্রিটিস সম্রাজ্যের উপনিবেশ সমূহে যেরূপ স্বায়ত্ত শাসন প্রচলিত আছে, তদনুরূপ শাসন প্রণালী এদেশে প্রবর্ত্তিত করাইতে কংগ্রেসের উদ্দেশ্য! এই মহৎ উদ্দেশ্য সম্বন্ধে কোন মতদ্বৈধ নাই। বর্ত্তমান ভীষণ যুদ্ধের সময় ভারতবর্ষের জননায়কগণ ও জনসাধারণ জমিদার ও প্রজাবর্গ সকলেই ত ব্রিটিস গবর্ণমেণ্টের প্রতি অবিচলিত ভক্তি প্রকাশ করিতেছেন। ব্রিটিস গবর্ণমেণ্টের উন্নতিতে দেশের উন্নতি, ব্রিটিস গবর্ণমেণ্টের সহিত ভারতের মঙ্গলামঙ্গল জড়িত, এই রব সকল দিক হইতে সভা সমিতিতে, খবরের কাগজে উত্থিত হইতেছে। ব্রিটিস সাম্রাজ্যের সঙ্গে সংস্থষ্ট থাকিয়া উপনিবেশের প্রজাবর্গের সমান অধিকার সম্ভোগ ও দায়িত্ব বহন করাই সকলের লক্ষ্য; সেই লক্ষ্য সাধনের জন্য কংগ্রেস চেষ্টা করিতেছেন। এই লক্ষ্য সম্বন্ধে যখন সকলেই একমত তখন আপনাদের ক্ষুদ্র ক্ষুদ্র গণ্ডী[3] ভাঙ্গিয়া দিয়া এই জাতীয় মহাযজ্ঞে সকলেরই একপ্রাণে যোগদান করা একান্ত কর্ত্তব্য। কয়েক বৎসর হইল কংগ্রেসের কোনও কোন নেতা কংগ্রেস হইতে দূরে পড়িয়া আছেন; কংগ্রেস মণ্ডপে তাঁহাদের স্থান শূন্য পড়িয়া আছে। এবার তাঁহাদিগকে বিশেষ ভাবে অনুরোধ করি, তাঁহারা কংগ্রেসে আসিয়া যোগদান করুন। আত্মবিলোপ দেশহিতৈষণার মূলমন্ত্র[4]। দেশের মঙ্গলের জন্য মতদ্বৈধ ভুলিয়া সকলেই কংগ্রেসে উপস্থিত হউন।

এ বৎসর কংগ্রেসে বিশেষ কোনও বিসম্বাদী[5] প্রশ্ন উপস্থিত হইবে না। এই ভীষণ যুদ্ধে গবর্ণমেণ্ট ও প্রজাবর্গের মধ্যে কোনও কোনও বিষয়ে যে মত-বিরোধ রহিয়াছে, কোনও কোনও বিষয়ে যে আমাদের ক্ষোভ রহিয়াছে তাহা সকলে ভুলিয়া গিয়াছেন। বিপদের সময় গবর্ণমেণ্ট ও প্রজাবর্গ এক প্রাণে বিপদ হইতে উদ্ধার হইবার জন্য চেষ্টা করিতেছেন। ইংলণ্ডের নেতৃবর্গ

[1] National service.
[2] *Mata-dvaidha, mata-dvi-dha:* differece of opinion.
[3] A circle drawn on the ground which cannot be crossed.
[4] Unselfishness is the very root of patriotism.
[5] Contentious, matter of dispute.

ভারতবর্ষের এই রাজভক্তি দেখিয়া মুগ্ধ হইয়াছেন। ভারতীয় সৈন্যগণ যুদ্ধক্ষেত্রে নির্ভীকতা ও বীরত্ব প্রদর্শন করিতেছে, ভারতের রাজন্যবর্গ ও প্রজাপুঞ্জ যে ভাবে অর্থ প্রদান করিতেছেন, ভারতের বিশেষতঃ বঙ্গীয় যুবকগণ সাম্রাজ্য রক্ষার জন্য দলে দলে যে ভাবে যুদ্ধক্ষেত্রে যাইবার জন্য প্রস্তুত হইতেছেন, তাহাতে ইংলণ্ড ও অবাক হইয়া গিয়াছেন।

ভারতবর্ষে যে ব্রিটিস সাম্রাজ্যে একটা শ্রেষ্ঠ স্থান পাইবার উপযুক্ত, সকলেই তাহা স্বীকার করিতেছেন। যদি তাহাই হয় তবে ভারতবর্ষকে উপনিবেশ সমূহের মত স্বায়ত্ত-শাসন প্রদান করা কর্ত্তব্য; দেশ শাসনে উপনিবেশ সমূহের ন্যায় ভারতীয় প্রজাবর্গকেও অধিকার ও দায়িত্ব প্রদান করা কর্ত্তব্য; ভারতীয় প্রজাবর্গকে স্বেচ্ছাসেবক সৈন্য[1] শ্রেণীভুক্ত করা প্রয়োজন। আর পরস্পরের প্রতি সন্দেহ রাখা উচিত নয়; ভারতবর্ষকে আর দূরে রাখা কর্ত্তব্য নহে। জাতীয় মহাসমিতিতে এবার এই প্রশ্নটাই বিশেষ ভাবে আলোচিত হউক। ব্রিটিস সাম্রাজ্যে ভারতবর্ষ আর হীন হইয়া থাকিতে পারেন না। ভারতবাসীদিগকে ঔপনিবেশিক অধিকার ও দায়িত্ব প্রদান করিতে হইবে। এবার কংগ্রেসের ইহাই লক্ষ্য। এই লক্ষ্য সাধনের জন্য সকলের সমবেত চেষ্টা প্রয়োগ করা প্রয়োজন।

প্রতিবৎসরই আমরা দুঃখ করিয়া থাকি যে কংগ্রেস তিন দিনের ব্যাপার হইয়া যায়, সমস্ত বৎসরব্যাপী কোন কার্য্য হয় না। তাহাতেই কংগ্রেসের প্রতি লোকের ততটা আস্থা নাই। অবশ্য এই তিন দিনও যে নানা প্রদেশের নানা ধর্ম্মাবলম্বী, নানাভাষাভাষী দেশের নেতৃবর্গ সমবেত হইয়া দেশের মঙ্গল চিন্তা করেন, তাহাতে উপকার আছে। এই কংগ্রেসের সংস্রবেই বিভিন্ন প্রদেশের জ্ঞানীকর্ম্মী স্বদেশভক্ত লোকগণ পরস্পরকে চিনিতে পারিয়াছেন; আমরা সকলে যে একই দেশের লোক, একই আমাদের লক্ষ্য এই কংগ্রেস দ্বারাই তাহা অনুভব করিতে পারিতেছেন। সকল জাতি মিলিত হইয়া এক ভারতীয় জাতি গঠনের সূত্রপাত[2] হইতেছে। কিন্তু ইহাতেই আমাদের সন্তুষ্ট থাকা কর্ত্তব্য নহে। যাহাতে সমগ্র বৎসর কার্য্য চলিতে পারে, যাহাতে জেলায় জেলায়, গ্রামে গ্রামে কংগ্রেসের বার্ত্তা ঘোষিত হয়, যাহাতে দেশের স্বাস্থ্যরক্ষা, শিক্ষা বিস্তার সম্বন্ধে বন্দোবস্ত হয়, তদ্বিষয়ে চেষ্টা করা উচিত। নতুবা কংগ্রেস দেশের লোকের হৃদয় স্পর্শ করিবে না।

জাতীয় মহাসমিতির আহ্বান আসিয়াছে; জাতীয় যজ্ঞের মঙ্গল শঙ্খ বাজিয়া উঠিয়াছে; জাতীয় সাধনার ঋত্বিকগণের হৃদয়তন্ত্রী[3] নাচিয়া উঠিয়াছে। তাই ঐ সুদূর মান্দ্রাজে যাইবার জন্য সকলে উৎসুক হইয়াছেন।

[1] Volunteer soldiers.

[2] *Sūtrā-pāt*, *sūtra-phela* : *i.e.*, the beginning of an undertaking.

[3] *Hrday-tantrī* : heart-lyre or *vīnā*.

আজ তবে সকলে দেশের মঙ্গলচিন্তা করুন মঙ্গল কামনা করুন, সামান্য মত-ভেদ ভুলিয়া জাতীয় মহাসমিতিতে জাতীয় মঙ্গল সাধনের জন্য আসিয়া যোগ দান করুন !

রাজার মহদুক্তি ।

Rajah's great saying.

রাজা জর্জ্জ যখন যুদ্ধক্ষেত্র দর্শন করিতে গিয়াছিলেন, তখন কর্ম্মচারীগণ তাঁহাকে বলিয়াছিলেন, পরিখাতে প্রবেশ করা নিরাপদ নয়। কেননা পরিখার উপরে গোলাবর্ষণ হয়। রাজা তদুত্তরে বলেন "সেই জন্যইত আমার পরিখায় যাওয়া উচিত। আমার সৈন্যেরাও ত বিপদ ঘাড়ে করিয়াই[2] পরিখায় যায়।" রাজা পরিখায় যাইয়া সৈন্যদের অবস্থা স্বয়ং দর্শন করিয়াছিলেন।

[1] *Mahat-ukti :* great saying, courageous utterance.
[2] *Ghāde Kariyā :* taking on their shoulders.

মিসরের খেদিবের পদচ্যুতি ।

The dethronement of the Khedive of Egypt.

মিসরের খেদিব আব্বাস হিল্‌মি যুদ্ধারম্ভের পূর্ব্বে তুরুস্কে গমন করিয়া-ছিলেন। তুরুস্ক ইংলণ্ডের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করাতে খেদিব সসৈন্যে মিসরে প্রবেশ করিয়া ইংরেজদিগকে তথা হইতে তাড়াইয়া দিবার সঙ্কল্প করেন। কাযেই [1] ব্রিটিস গবর্ণমেণ্ট গত বৃহস্পতিবার ১৭ই ডিসেম্বর ঘোষণা করিয়াছেন "মিসরের উপর তুরুস্কের প্রভুত্ব [2] রহিত হইয়াছে—মিসর ব্রিটিস গবর্ণমেণ্টের রক্ষিত দেশ [3] বলিয়া গণ্য হইবে।"

আব্বাস হিল্‌মি ৮৭৪ সালের ১৪ই জুলাই জন্মগ্রহণ করেন। ১৮৯২ সালের ৮ই জানুয়ারী তাঁহার পিতা মহম্মদ তিউফিকের মৃত্যু হওয়াতে তিনি মিসরের সিংহাসনে আরোহণ করেন। তাঁহার জ্যেষ্ঠ পুত্র মহম্মদ আবদুল মনিমের বয়স ১৫ বৎসর মাত্র।

খেদিব তুরুস্কের সুলতানের প্রতিনিধিরূপে মিসর শাসন করিতেন। তখন তাঁহার উপাধি ছিল ওয়ালী; ১৮৬৬ সাল হইতে তাঁহার খেদিব উপাধি হয় এবং তুরুস্কের করদ[4] নৃপতিরূপে দেশ শাসন করিতে আরম্ভ

[1] *Kāje-i :* of necessity.
[2] Suzerainty.
[3] Protected country, protectorate.
[4] *Kara-da :* tribute-giving, tributary.

করেন খেদিব তুরুষ্ককে প্রতি বৎসর ১ কোটি ৮০ লক্ষ টাকা কর প্রদান করিয়া থাকেন।

মিসরের লোকসংখ্যা ২,৩২,৮১৩।* আয় প্রায় ২০ কোটি টাকা। সৈন্য সংখ্যা ১৯ হাজার। অশ্ব ও অশ্বতর ৫৭৪, কামান ২৫০। ১৮৮২ সালের বিদ্রোহের পর ৪,৬৬০ জন ইংরেজ সৈন্য মিসরে বাস করিতেছে। মিসর গবর্ণমেণ্ট তাঁহাদের বেতন স্বরূপ বৎসরে ২২॥০ লক্ষ টাকা প্রদান করেন। মেজর জেনারল সার জন ম্যাক্সওয়েল মিসরের ইংরেজ সৈন্যের সেনাপতি।

মিসরের কি মিসরী কি ইংরেজ সৈন্য সমস্তই ইংরেজ সেনাপতির আজ্ঞানুসারে কার্য্য করিয়া থাকে। ১৮৮৩ সাল হইতে একজন ইংরেজ রাজস্বমন্ত্রীর পদে নিযুক্ত হইয়াছেন। তাঁহার অনুমতি ভিন্ন কেহ এক পয়সাও ব্যয় করিতে পারে না। মিসরী আদালতে বিদেশীদিগের মোকদ্দমার বিচার হইতে পারে না।

মিসরের গবর্ণমেণ্ট সম্বন্ধে ভারতসচিব লর্ড হার্ডিংকে তারযোগে জানাইয়াছেন যে মিসরের ভূতপূর্ব্ব খেদিব আব্বাস হিলমি ইংলণ্ডরাজের শত্রুর সহিত মিলিত হইয়াছে। ব্রিটিস গবর্ণমেণ্ট তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া মহম্মদ আলির বংশধরদের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ রাজকুমার হোসেন কামেলকে মিসরের সুলতান উপাধিসহ সিংহাসন প্রদান করা হইয়াছে।

মিসরের ব্রিটিস হাই কমিশনার লিখিয়াছেন, অতঃপর মিসরের সুলতান ব্রিটিস গবর্ণমেণ্টের প্রতিনিধির যোগে বিদেশী গবর্ণমেণ্টের সহিত সমস্ত কার্য্য করিবেন। মিসর শাসন সম্বন্ধে তুরুষ্কের সুলতান খেতিবের যে প্রভূত্ব ছিল, তাহা রহিত হইল, ইংলণ্ডেশ্বর এখন মিসরের উপর সেই প্রভূত্ব করিবেন। সনাতন[1] ব্রিটিস শাসন নীতির অনুসরণ করিয়া ব্রিটিস গবর্ণমেণ্ট মিসরের কর্তৃপক্ষদের দ্বারা ও তাহাদের সহকারিতায় মিসরবাসীর ব্যক্তিগত স্বাধীনতা রক্ষা করিতে চেষ্টা করিবেন, শিক্ষার উন্নতি করিবেন, ধনৈশ্বর্য্য[2] বৃদ্ধি করিবেন এবং শাসনকার্য্যে শাসিতদের সাহচর্য্য[3] গ্রহণ করিবেন। ব্রিটিস গবর্ণমেণ্ট উপরোক্ত প্রতিজ্ঞা পালন করিবেন এবং বিশ্বাস করেন ব্রিটিস গবর্ণমেণ্টের অধিকার লোকে বুঝিতে পারিলে স্বায়ত্ত-শাসনের দিকে অগ্রসর হওয়া সহজ হইবে। ব্রিটিস গবর্ণমেণ্ট মিসরবাসীর ধর্ম্মের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করিবেন। যাহারা কনষ্টাণ্টিনোপলে রাজনৈতিক ক্ষমতা বলপূর্ব্বক অধিকার করিয়াছে, মিসর তাহাদের অধীনতা হইতে মুক্ত হইল বটে কিন্তু ব্রিটিস গবর্ণমেণ্ট খলিফার বিরুদ্ধে শত্রুতাচরণ করিতে ইচ্ছা করেন না। মিশরের প্রাচীন ইতিহাস এই

* Nearly ten millions in fact.
[1] Eternal, established.
[2] *Dhana-aiśvaryya :* wealth and prosperity.
[3] *Sāhacaryya :* the state of being *saha-car*, companionship.

শিক্ষা দান করিতেছে যে, মিসরের সহিত কনষ্টাণ্টিনোপলের রাজনৈতিক সম্বন্ধ বিচ্ছিন্ন হইলেও মিসরের মুসলমানেরা খলিফার অধীনতা অস্বীকার করেন নাই।

ফরাসী গবর্ণমেণ্ট মিসরকে ইংলণ্ডের রক্ষিত দেশ বলিয়া স্বীকার করিয়াছেন। মিসরের নূতন গবর্ণমেণ্ট সম্বন্ধে ঘোষণাপত্র সর্ব্বত্র প্রচার করা হইয়াছে এবং আলেকজান্দ্রিয়া ও পোর্ট সৈয়দে সম্মানসূচক ১০১ তোপধ্বনি হইয়াছে। প্রিন্স হোসের কালেম এই ঘোষণা করিয়াছেন যে তিনি শিক্ষার উন্নতি করিয়া এবং জনসাধারণের ধনপ্রাণ রক্ষা ও শান্তির জন্য সযত্ন হইয়া নৈতিক ও আর্থিক উন্নতি[1] সাধন করিতে সংকল্প করিয়াছেন। তাঁহার দৃঢ় বিশ্বাস এই যে মিসরে ব্রিটিস গবর্ণমেণ্টের যে অধিকার তাহা স্পষ্ট ভাষায় ব্যক্ত করাতে ভবিষ্যতে মনোবাদের কারণ আর উপস্থিত হইবে না। মিসরের বিবিধ শ্রেণীর লোকের এক প্রাণ হইয়া কার্য্য করিবার সুবিধা হইবে।

আগা খাঁ সুলতান হোসেন কালেমের সিংহাসনারোহণ কার্য্যে সাহায্য করিবার জন্য কাইরো গমন করিয়াছিলেন।

কাইরো নগরে মহা ধুমধাম আরম্ভ হইয়াছে। সমস্ত নগর পতাকা দ্বারা সজ্জিত হইয়াছে। সুলতানের ঘোষণা পত্র পাঠ করিয়া মহোৎসাহের সঞ্চার হইয়াছে। লোকে দলবদ্ধ হইয়া তাহা পাঠ করিতেছে ও তদ্বিষয়ে আলোচনা করিতেছে। ধীরচিত্ত ব্যক্তিরা মিসরের শ্রী ও সৌভাগ্যের আশা করিতেছেন। সুলতান গরীবের বন্ধু, তাই সকলেই আনন্দ মনে তাঁহার অভ্যর্থনা করিতেছে।

গত রবিবার সুলতান শকটারোহণ[2] পূর্ব্বক আবদিন প্রাসাদে[3] গমন করিয়াছেন। জনসাধারণ তাঁহার দর্শনে আনন্দ ধ্বনি করিয়াছিল। সৈন্যগণ মহাসমারোহ করিয়াছিল। জনসাধারণ রাজ কর্ম্মচারীদের নামেও জয়ধ্বনি করিয়াছিল রাজপ্রাসাদে যাইবার পথে ইংরেজ ও মিসরী সৈন্যগণ শ্রেণীবদ্ধ হইয়া দাঁড়াইয়াছিল - তাহাদের পশ্চাতে হৃষ্টচিত্ত জনসঙ্ঘ সমবেত হইয়া আনন্দ ধ্বনি করিয়াছিল। সুলতান রাজকীয় পরিচ্ছদ ও ব্রিটিস রাজপ্রদত্ত বাথ উপাধির ভূষণ[4] পরিধান করিয়াছিলেন। ব্রিটিস ও মিসরী অশ্বারোহী পরিবৃত হইয়া তিনি যখন প্রাসাদে প্রবেশ করিয়াছিলেন, তখন অসংখ্য লোক প্রাসাদ সম্মুখে একত্র হইয়া আনন্দ কোলাহল করিয়াছিল। সম্মানসূচক তোপ ধ্বনি হওয়ার পর সুলতান অভ্যর্থনা গৃহে গমন করিয়া ব্রিটিস হাই কমিশনার, মিঃ বেসথাম, জেনারল ম্যাক্সওয়েল, রাজকুমার, উলেখা ও অন্যান্য

[1] Moral and economic progress.
[2] Mounting his car.
[3] The Abdin Palace.
[4] The insignia of the Order of Bath.

সম্ভ্রান্ত লোকদিগের সম্বৰ্দ্ধনা করেন। অভিষেক ব্যাপার দর্শনের জন্য বহু-লোক পল্লীগ্রাম হইতে কাইরো আসিয়াছিল।

ভারতের পররাষ্ট্র সেক্রেটারী[1] সার আর্থার ম্যাকমাহন মিসরের হাই কমিশনারের পদে নিযুক্ত হইয়াছেন।

[1] Foreign Secretary.

জর্ম্মণ রণপোত কর্ত্তৃক ইংলণ্ডের উপর গোলা বর্ষণ।

The bombardment of the English coast by German cruisers.

কয়েক দিন হইল, ইংলণ্ডের নৌযুদ্ধ মন্ত্রী[1] মিঃ চার্চহিল বলিয়াছিলেন "only 80 miles away the greatest battle in history is raging and here we sit snugly in this old hall," "পৃথিবীতে যত যুদ্ধ হইয়াছে, তন্মধ্যে সর্ব্বাপেক্ষা বৃহৎ যুদ্ধ ৮০ মাইল দূরে হইতেছে, আর আমরা এই প্রাচীন অট্টালিকায় আরামে বসিয়া রহিয়াছি!" ইংলণ্ডের রণতরীর এমন প্রবল পরাক্রম, ইংলণ্ড রণতরী কর্ত্তৃক এমন সুরক্ষিত যে জগতে এমন কেহ নাই যে ইংলণ্ডকে আক্রমণ করিতে পারে, মিঃ চার্চহিল তাঁহার শ্রোতাদিগকে এই অভয়বাণী শুনাইয়া আশ্বস্ত করিয়াছিলেন।

মিঃ চার্চহিলের আশ্বাসবাণী ব্যর্থ হইয়াছে। গত পূর্ব্ব বুধবার জর্ম্মণ ক্রুজার ইংলণ্ডের উত্তর পূর্ব্ব উপকূলের হার্টলপুল, হুইটবি ও স্কারবরোবন্দরের উপর গোলা বর্ষণ করিয়াছে। 'নৌযুদ্ধ বিভাগ হইতে এই সংবাদ প্রকাশ করা হইয়াছে যে "অদ্য প্রাতঃকালে উত্তর সাগরে জর্ম্মণ রণতরীর বিশেষ উল্লেখ যোগ্য গতিবিধি[2] আরম্ভ হইয়াছে। স্কারবরো ও হার্টলপুলের উপর গোলা বৃষ্টি হইয়াছে। আমাদের রণতরী বহর[3] নানা স্থানে তাহাদিগকে আক্রমণ করিয়াছে। যুদ্ধ ক্রমে স্বমূর্ত্তি ধারণ করিতেছে।'[4]

স্কারবরো হইতে গত পূর্ব্ব বুধবার এই সংবাদ প্রেরিত হইয়াছিল যে "অদ্য প্রাতঃকালে ৪ খানা জর্ম্মণ ক্রুজার সহরের উপর গোলা বর্ষণ করিয়াছিল।"

গত পূর্ব্ব বুধবার ১৬ই ডিসেম্বর অপরাহ্ণ ৩টা ১৫ মিনিটের সময় নৌযুদ্ধ বিভাগ[5] এই সংবাদ প্রকাশ করেন যে, পশ্চিম হার্টলপুল দুর্গের অধ্যক্ষ ঘোষণা করিয়াছেন প্রাতে ৮টা ও ৯টার মধ্যে জর্ম্মণ যুদ্ধ জাহাজ দুর্গ

[1] Sea-war minister : *i.e.*, first Lord of the Admiralty.
[2] Movements, manœuvres, lit. method of movement.
[3] Fleet.
[4] The war is gradually assuming its real aspect.
[5] The Admiralty (lit the naval-war department).

আক্রমণ করিয়াছিল, শত্রুগণ বিতাড়িত হইয়াছে। একখানি ক্ষুদ্র জর্ম্মণ যুদ্ধ জাহাজ স্কারবরো ও হুইটবির উপর গোলাবর্ষণ করিয়াছিল।

১৬ই ডিসেম্বর অপরাহ্ণ ৪টা ৩০ মিনিটের সময় হার্টলপুল হইতে তার-যোগে[1] এই সংবাদ প্রেরিত হয় যে, ৩ খানা জর্ম্মণ যুদ্ধ জাহাজ হইতে গোলা-বর্ষণ করার অব্যবহিত পরে[2] ৪ খানা ব্রিটিশ ডেষ্ট্রয়ার দ্রুতবেগে অগ্রসর হইয়া তাহাদের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল। হার্টলপুলের অত্যন্ত ক্ষতি হইয়াছে। একটি গোলা গ্যাস মাপের যন্ত্রের[3] উপর পতিত হওয়াতে তাহাতে আগুন লাগিয়াছিল। কেহ বলেন ২ খানা কেহ বলেন ৬ খানা জর্ম্মণ জাহাজ আসিয়াছিল। ২৫ মিনিট কাল জাহাজগুলি দেখা গিয়াছিল। শুনা যায় ৯ জনের মৃত্যু হইয়াছে।"

হার্টলপুলের দক্ষিণ তীরস্থ রেডকার নামক স্থান হইতে ১৬ই ডিসেম্বর বেলা ৮টা ৫৫ মিনিটের সময় এই টেলিগ্রাম প্রেরিত হইয়াছিল যে কুয়াশার মধ্য দিয়া[4] ৩ খানা ক্রুজারের মুর্ত্তি দৃষ্টি গোচর হইয়াছিল—সমুদ্রতীরবর্ত্তী রাজপথে অনেক দর্শক উপস্থিত হইয়াছিল, তাহারা কামানের গোলার আভা[5] স্পষ্ট দেখিতে পাইয়াছিল। সৈন্যগণ আসিয়া তাহাদিগকে সমুদ্রতীর হইতে সরাইয়া দিয়াছিল। রেডকার হইতে এইরূপ বোধ হইয়াছিল যে টীস নদীর তীরবর্ত্তী দুর্গ আক্রান্ত হইয়াছে।

কামানের আওয়াজ ক্রমে ক্ষীণ হইয়াছিল। ২ মিনিটে ১২ বার কামানের গোলার আভা দৃশ্যমান হইয়াছিল। "রেডকারের অধিবাসীদের মনে অত্যন্ত ত্রাসের সঞ্চার হইয়াছিল।" পরদিন ১৭ই তারিখ লণ্ডন হইতে এই সংবাদ প্রেরিত হয়, যে সকল স্থানে গোলাবৃষ্টি হইয়াছিল, সেই সকল স্থানের লোকের আচরণ দৃষ্টান্ত-স্থানীয়[6] হইয়াছে। লোকের মনে ত্রাস হওয়া দূরে থাকুক, তাহারা যুদ্ধ দেখিবার জন্য সমুদ্রতীরে সমবেত হইয়াছিল। সৈন্যগণ অতি কষ্টে তাহাদিগকে তথা হইতে সরাইয়া দিয়াছিল। রাজকর্ম্মচারিগণ অতি ত্বরায় গ্যাসের নল বন্ধ করিয়া দিয়াছিলেন এবং প্রসিদ্ধ স্থান সমূহ রক্ষার আয়োজন করিয়াছিলেন। জল বিমান[7] সকল নর্দ্দামবারল্যাণ্ড উপকূল পাহারা দিতে ব্রতী হইয়াছে। অনেকে মনে করিতেছেন, জর্ম্মণ যুদ্ধ জাহাজ বাহির হইয়াছে এবং শীঘ্র একটা বৃহৎ জলযুদ্ধ হইবে। নৌযুদ্ধ বিভাগ বলিয়াছেন 'যুদ্ধের আয়োজন হইতেছে, জনসাধারণ শান্তভাবে সেই কথার উপর আস্থা স্থাপন করিয়া ফলের প্রতীক্ষা করিতেছে।

[1] By means of wire, by telegraph.
[2] Immediately after.
[3] Instrument for measuring
[4] Through the midst of the fog.
[5] Flash.
[6] Exemplary.
[7] Hydro-plane.

লণ্ডন হইতে ১৬ই ডিসেম্বর বেলা ২টা ৪৫ মিনিটের সময় এই সংবাদ প্রেরিত হয় প্রাতে ৮ টার সময় স্কারবরোর উপর গোলা পড়িতে আরম্ভ করে, সে সময় আকাশ কুয়াশাচ্ছন্ন[1] ছিল। জনসাধারণ অতিশয় সন্ত্রস্ত হইয়া গৃহ হইতে বহির্গত হইয়াছিল। কতকগুলি লোক রেলগাড়ীতে হল[2] অভিমুখে যাত্রা করিয়াছিল। তাঁহারা বলিয়াছেন বহু গোলা পতিত হওয়াতে অনেক সম্পত্তি নষ্ট হইয়াছে। রেলগাড়ীর ড্রাইভার বলিয়াছে গোলা চারিদিকে পুরু হইয়া[3] পতিত হইয়াছিল।

সেণ্ট মার্টিন গির্জার ছাদের উপর গোলা পড়িয়াছিল। আর এক গির্জার ছাদে মস্ত এক গর্ত্ত হইয়াছে। কতকগুলি স্ত্রীলোক ও বালক বালিকা শয়নের পরিচ্ছদেই ইতস্ততঃ ধাবিত হইয়াছিল, গোলার আঘাতে অনেক বাড়ী ভাঙ্গিয়া গিয়াছে। স্কারবরোর উপর প্রায় ৫০টা গোলা পতিত হইয়াছিল।

১৬ই তারিখ ৪টা ২৫ মিনিটের সময় হুইটবি হইতে এইরূপ টেলিগ্রাম করা হয় যে বেলা ৯টা হইতে ১০ টার মধ্যে ২ খানা জর্ম্মণ ক্রুজার ৩ মাইল দূর হইতে হুইটবি নগরের উপর রাশিকৃত গোলা বর্ষণ হইয়াছিল, ইহাতে অনেক লোক আহত হইয়াছে। অনেক বাড়ী নষ্ট হইয়াছে, প্রাচীন গির্জার এক অংশ ধ্বংস হইয়াছে জর্ম্মণ ক্রুজার উত্তর পূর্ব্ব দিকে চলিয়া গিয়াছে।

১৬ই ডিসেম্বর অপরাহ্ন কালে স্কারবরো হইতে এই টেলিগ্রাম প্রেরিত হয় যে রেলওয়ের নিকটবর্ত্তী স্থানে অতিশয় ক্ষতি হইয়াছে। শত্রুগণ বিনা তারে সংবাদ প্রেরণ যন্ত্রের গৃহও[4] আক্রমণ করিয়াছিল। সৈন্যগণ যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছিল, কামান সকল তৈয়ার হইয়াছিল, পদাতিকগণ পরিখা মধ্যে আশ্রয় লইয়াছিল।

১৬ই তারিখ রাত্রি সাড়ে এগারটার সময় ব্রিটিস নৌযুদ্ধবিভাগ লিখিয়াছেন, কয়েকখানা জর্ম্মণ ক্রুজার ইয়র্কশায়ারের উপকূলে উপস্থিত হইয়া হার্টলপুর হুইটবি ও স্কারবরোর উপর গোলা বর্ষণ করিয়াছিল। জর্ম্মণদের কয়েকখানা অতি দ্রুতগামী জাহাজ এই কার্য্য সাধনের জন্য প্রেরিত হইয়াছিল। তাহারা প্রায় ১ ঘণ্টা কাল উপকূলের নিকট ছিল, প্রহরী জাহাজ উহাদিগকে দেখিবামাত্র যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল। তাহারা উহাদিগকে ঘিরিয়া ফেলিবার উদ্যোগ করিয়াছিল। জর্ম্মণ ক্রুজার সমূহ ব্রিটিশ জাহাজ দেখিবামাত্র পূর্ণ বেগে পলায়নপর হয়—তখন খুব কুয়াশা ছিল সুতরাং উহাদিগকে ধরা যায় নাই। কোন পক্ষেই বেশী লোক ক্ষয় হয় নাই। এখনও পূর্ণ বিবরণ পহুঁছে নাই।

[1] *Kuyāśā-acchad-na* : fog-covered.
[2] Hull.
[3] Thickly.
[4] Wire-less telegraph station.

বিপদ অগ্রাহ্য করিলে[1] এইরূপ আক্রমণ বড় কঠি কার্য্য নহে এইরূপ আক্রমণে কয়েকজন লোকের প্রাণনাশ ও কিছু সম্পত্তি নষ্ট হইতে পারে বটে কিন্তু ইহা দ্বারা আমাদের নৌযুদ্ধের আয়োজনের কোন ব্যতিক্রম করিতে হইবে না।

১৯এ ডিসেম্বর লণ্ডন হইতে এই সংবাদ প্রেরিত হইয়াছে যে হার্টলপুলে ১০৩ জন হত ও ৪২৪ জন আহত, স্কারবরোতে ১৭ জন হত ও ৫০ জন আহত হইয়াছে।

হুইটবি নগরে হতাহতের সংখ্যা ৪ জনের বেশী হয় নাই। নৌযুদ্ধ মন্ত্রী মিঃ চার্চহিল বলিয়াছিলেন "সমুদ্রপথে যতকাল জাহাজ গতায়াত করিবে, ততকাল জর্ম্মন নৌ সৈনিক কর্ম্মচারী ও সৈন্যগণ স্কারবরোর শিশু হত্যাকারী' নামে অভিহিত হইবে।"

জর্ম্মণ যুদ্ধ জাহাজ কোথা হইতে আসিয়া ইংলণ্ডের পূর্ব্ব উপকূল আক্রমণ করিল, তাহা প্রকাশ করা হয় নাই। উত্তর সাগরের পূর্ব্ব তীরে জর্ম্মণীর ৩টি রণপোতাধিষ্ঠান[2] আছে। একটী হেলিগোল্যাণ্ড দ্বীপের ৩৫ মাইল পূর্ব্ব দিকে কক্সহেভেন, দ্বিতীয়টী হেলিগোল্যাণ্ডের ঠিক দক্ষিণ দিকে উইল-হেল্‌মস্‌ হেভেন্ এবং তৃতীয়টি শেষোক্ত বন্দরের দক্ষিণ পশ্চিম দিকে হেমডেন।

জর্ম্মণীর এই ৩ রণপোতাধিষ্ঠান—হার্টলপুল হুইটবি ও স্কারবরোর ঠিক্ পূর্ব্ব দিকে প্রায় ৩১০ মাইল হইতে ৪০০ মাইল দূরে। এম্‌স নদীর তীরবর্ত্তী এম্‌ডেন হইতে উইল্‌হেল্‌মস্‌ হেভেন্ পর্য্যন্ত এক খাল আছে। এই খাল দিয়া জাহাজ সকল নিরাপদে এক বন্দর হইতে অন্য বন্দরে যাতায়াত করিতে পারে। জর্ম্মণীর এম্‌ডেন হইতে ইংলণ্ডের স্কারবরোর দূরত্ব ৩১০ মাইলের বেশী নয়। আমাদের মনে হয়, এই বন্দর হইতেই জর্ম্মণ রণতরী বহির্গত হইয়া ইংলণ্ডের উপকূল আক্রমণ করিয়াছিল।

বিগত ২৪৯ বৎসরের মধ্যে ইংলণ্ড কোন শত্রু কর্ত্তৃক আক্রান্ত হয় নাই। ১৬৬৫ খৃষ্টাব্দে হল্যাণ্ডের ডিরাইটার রণপোত সহ টেমস্ নদীতে প্রবেশ করিয়া কয়েক খানা জাহাজ ভস্মীভূত করিয়াছিলেন। তাহার পর আর কেহ ইংলণ্ড আক্রমণ করিতে পারে নাই। ২৫০ বৎসরে যাহা হয় নাই, গত পূর্ব্ব বুধবার তাহা হইয়াছে। সমস্ত ইংলণ্ড ইহাতে উত্তেজিত হইয়া উঠিয়াছে। জর্ম্মণীর বল বিনষ্ট করিবার জন্য সহস্র সহস্র লোক সৈন্য শ্রেণীভুক্ত হইতেছে।

জর্ম্মণ রণপোতের গোলায় অনেকগুলি প্রাচীন সুপ্রসিদ্ধ গির্জা ভাঙ্গি-য়াছে, অনেক বালক বালিকার জীবন অকালে ফুরাইয়াছে, অনেক নিরীহ

[1] If danger is disregarded, *i.e.*, if certain risks be taken.
[2] Naval bases.

নরনারী প্রাণ হারাইয়াছে ইংরেজ জাতি ইহার প্রতিশোধ লইবার জন্য দৃঢ়-সঙ্কল্প হইয়াছে।

বেলজিয়ান কবি।

The Belgian poet.

এমিল ভারহেরেন।

Emile Verhearen.

বেলজিয়ামের প্রসিদ্ধ কবি এমিল ভারহেরেণ কয়েকদিন হইল ম্যাঞ্চেষ্টার বিশ্ববিদ্যালয়ে বেলজিয়ামের ইতিহাসের ধারা সম্বন্ধে বক্তৃতা করিয়াছেন। এযুগের সর্ব্বশ্রেষ্ঠ কবিদের মধ্যে এমিল ভারহেরেণ একজন প্রসিদ্ধ ব্যক্তি।

এক প্রকারের প্রতিভা [1] আছে যাহা মানুষের চিত্তকে অকস্মাৎ বিস্ময়ে চমকিত করে। ভারহেরেণের প্রতিভা সে জাতীয় নহে! ইঁহার প্রতিভা ক্রমশঃ অথচ দ্রুত গতিতে মানুষের মনকে অভিভূত করে।

ভারহেরেণ মানুষটি তাঁহার লেখা ও তাঁহার রচনা অপেক্ষা অনেক বড়। অনেক সময় পৃথিবীতে এইরূপ দেখা যায় না। অনেক সময় যখন আমরা কোনও একখানি পুস্তকের খুব প্রশংসা করি তখন উহার প্রণেতার সম্বন্ধে কিছু না জানাই সর্ব্বাপেক্ষা উত্তম এইরূপ মনে হয়। ভারহেরেণের সম্বন্ধে তাহা নহে, তাঁহার বই অপেক্ষা তিনি বেশী প্রশংসনীয়।

ভারহেরেণ আসনে বসিয়াই তাঁহার বক্তৃতা পাঠ করেন। পরে তিনি দাঁড়াইয়া তাঁর দুই চারিটি কবিতা আবৃত্তি [2] করেন আবৃত্তির সময়ে তাঁহার অঙ্গভঙ্গী সকল অগ্নিশিখার ন্যায় প্রদীপ্ত বোধ হইয়াছিল।

[1] Genius.
[2] Recitation.

"বেলজিয়ম"

Belgium.

"নেশন" বলিয়া যে এক পদার্থ তাহা বেলজিয়ামে ছিল কি ?—কবি এ সম্বন্ধে আলোচনা করেন। বেলজিয়ামে দুইটি জতির বাস :—ওয়ালুন্ ও ফ্লেমিষ্। আদিকাল হইতে এই দুই জাতি কেবল কলহ করিয়া আসিতেছে। ইহাদের মধ্যে তিনটি মূল বিষয়ের বৈষম্য [1] রহিয়াছে :—ভাষা, ধর্ম্ম ও সামাজিক আদর্শ।[2] "সোশ্যালিজম" এর আদর্শ বেলজিয়ামে ওয়ালুনদের মধ্যেই বিশেষ করিয়া প্রতিষ্ঠা ও বৃদ্ধিলাভ করিয়াছে। ফ্লেমিষরা যেমন ধর্ম্মে

[1] From *Vi-Sama*, unequal, inequality, dissimilitude.
[2] Social ideals.

তেমনি রাজনীতিতে রক্ষণশীল,[1] রহস্যময়[2]; ইহারা ইহাদের প্রাচীন রীতিনীতি ও বিশ্বাস কিছুতেই ছাড়িতে চাহে না।

কিন্তু পক্ষান্তরে উভয়ের মধ্যে ঐক্যের বন্ধন রজ্জুর ও অভাব ছিল না। এই দুইটি জাতির পূর্ণ মিলনের সম্ভাবনা বরাবরই ছিল কিন্তু এমন একটা কিছুর অভাব ছিল যাহা বেলজিয়মের নেশনের মধ্যে জীবন সঞ্চারিত করিতে পারে। বর্ত্তমান যুদ্ধ সেই জীবন সঞ্চারক। ৪ঠা আগস্ট কবি তাঁহার এক বন্ধুর সঙ্গে ব্রসেলসে বেড়াইতে ছিলেন, এমন সময়ে জর্ম্মণদের আক্রমণের সংবাদ আসে। তৎক্ষণাৎ উভয় বন্ধুর মনে হইল এক অখণ্ড অভিন্ন বেলজিয়ামের জন্ম হইল। শান্তি যাহা সাধন করিতে পারে নাই, সমর তাহা সাধন করিল।

বেলজিয়ান জাতির চরিত্রগত বিশেষত্ব কি? বেলজিয়ান যদিও আপন স্বার্থ[3] লইয়া ব্যস্ত, তবু সে দলবদ্ধ হইতে জানে। বেলজিয়ানরা দলবদ্ধ হইয়া বাস করে, দলবদ্ধ হইয়া কাজ করে, কিন্তু ভিন্নদলের সঙ্গে সর্ব্বদা কলহে রত থাকে। বেলজিয়ামের চিত্তের গতি সাংসারিকতার[4] দিকে, দ্বিতীয় লিওপোল্ড যখন কেবল ধনৈশ্বর্য্যের আদর্শ অনুযায়ী রাষ্ট্র পরিচালনা করিয়াছিলেন, তখন তিনি তাঁহার প্রজাবৃন্দের প্রাণের কথা বুঝিয়াছিলেন। বেলজিয়ানের সংকল্প দৃঢ়। বেলজিয়ামে শিল্পসাধনা জাগ্রত ছিল; দুইবার, একবার পঞ্চদশ শতাব্দীতে আর বার সপ্তদশ শতাব্দীতে বেলজিয়ামের শিল্পকলা[5] সমগ্র ইউরোপের উপর প্রভাব বিস্তার করিয়াছিল।

[1] Conservative.
[2] Mysterious.
[3] Self-interest.
[4] Worldliness, materialism.
[5] Art.

রাজা।

The king

"এই দুর্দ্দিনে সমগ্র অতীত ও বর্ত্তমান বেলজিয়ামের প্রতিভূ[1] স্বরূপ যিনি সেই রাজা প্রথম অ্যালবার্টকে নমস্কার করি। সরল নিরহঙ্কার[2] নির্ভীক দৃঢ়প্রতিজ্ঞ —অ্যালবার্ট একলাই তাঁর সমস্ত প্রজাবৃন্দ। মনে হয় যেন সমস্ত খণ্ড খণ্ড ছিন্ন বিচ্ছিন্ন পর্য্যুদস্ত[3] বিধ্বস্ত[4] বেলজিয়াম তাহার নৃপতির হৃদয়ের মধ্যে যাইয়া আশ্রয় লইয়াছে, এবং তাঁহার হৃদয়ের মধ্যেই তাহার পুনরুত্থানের প্রতীক্ষা করিতেছে।"

[1] Representative.
[2] *Nir-aham-kar :* without pride.
[3] *Pari-ut-asta :* devastated.
[4] *Vidh vasta :* ruined.

এইখানে ভারহেরেণের বক্তৃতা শেষ হয়। ফরাসী ভাষাই তিনি বক্তৃতা করেন। অধ্যাপক কনোয়ে[1] বলেন, এই যুদ্ধ বেলজিয়ামকে একীকৃত করিয়াছে, ইংলণ্ড ও আয়ার্লণ্ডের মিলন ঘটাইয়াছে। ইউরোপের জাতিসমূহ আত্মপরিচয় লাভ করিয়াছে। তাহারা আর পৃথক্ নহে কিন্তু এক গৃহবাসী এক পরিবার-- একগৃহবাসী পরিবার কি বাড়ীর মধ্যে পাগলা কুত্তা জায়গা দিতে পারে? এই যুদ্ধের পর বেলজিয়ামকে ছোট জাত বলিতে আর কে সাহস করিবে? যে জাতি বৃহৎ কর্ম্ম চেষ্টা মহৎ আদর্শ এবং মহাজন জন্ম দিয়াছে, সে জাতি ছোট জাতি নহে।"

[1] Professor Conway.

কাস্পিয়ান সাগরের তীরে হিন্দু মন্দির।

A Hindu temple on the shore of the Caspian Sea.

হিন্দু পেট্রিয়ট অতি সুন্দর এক প্রবন্ধ লিখিয়াছেন। প্রায় দুই শতাব্দী পূর্ব্বে জেম্‌স্ হানোয়ে বাকুতে এক মন্দিরে চল্লিশ জন হিন্দু সন্যাসী দেখিয়াছিলেন। বালান্টাইনের Midnight Marches through Persia নামক গ্রন্থে এই মন্দিরের কিছু কিছু বিবরণ পাওয়া যায়--গ্রন্থকার প্রায় ৪০ বৎসর পূর্ব্বে জায়গাটি দেখিয়াছিলেন। তিনি বলেন যে রেষ্‌ট্[1] সহরের রাস্তায় রাস্তায় যখন তিনি ভ্রমণ করিয়াছিলেন তখন লাল পাগ্‌ড়ী ও অদ্ভুত পোষাক পরা তাঁহার ভারতীয় ভৃত্য গোপালকে দেখিয়া খুর্দ্দ ও কসাকদের[2] মধ্যে ভারি কৌতূহলের সঞ্চার হইয়াছিল—তাহারা প্রায়ই জিজ্ঞাসা করিত আমার ভৃত্যটি তুরকি কি না। পারস্য দেশীয়েরা তাহাকে অপেক্ষাকৃত ভালরূপে বুঝিয়াছিল বলিয়া বোধ হইল, তাহারা গোপালকে মূলতানি বলিয়াছিল, তাহাদের ধারণা হইয়াছিল যে বিখ্যাত সুরখানি মন্দিরের পুরোহিত তাঁহার ভাই, তাঁহারই কার্য্যে সহায়তা করিবার জন্য সে ভারতবর্ষ হইতে আসিয়াছে এই সুরখানি মন্দিরটি অতি কৌতূহলোদ্দীপক, সকল পর্য্যটকেরই এইটি দেখিতে ভারি আগ্রহ। এই মন্দিরে হিন্দু মূর্ত্তি সকল ছিল বলিয়া বোধ হয়, সেই মূর্ত্তিগুলি মুসলমান এবং পার্সীরাও পূজা করিত। ভূগর্ভ হইতে উত্থিত পূত[3] অগ্নিশিখার দ্বারা মন্দিরটি আলোকিত হইত; কয়েক শতাব্দী ধরিয়া এক এক জন হিন্দু (অথবা "মূলতানী") পুরোহিত এই মন্দিরের রক্ষণাবেক্ষণ করিতেন। আমাদের পর্য্যটকটি শীঘ্রই বুঝিতে পারিয়াছিলেন যে "মূলতানি" কথাটি

[1] Recht.
[2] Khurd and Cossack.
[3] *Pūta :* pure.

'"হিন্দুস্থানী" শব্দেরই প্রতিশব্দ[1];—সিন্ধুনদের তীরস্থিত মুলতান সহর এক সময়ে একটি উল্লেখযোগ্য রাষ্ট্রীয় ও বাণিজ্য সম্বন্ধীয় কেন্দ্র[2] ছিল,--পারস্য ও দক্ষিণ রুষিয়ার সহিত উহার খুব ঘনিষ্ঠ যোগ[3] ছিল। হিন্দুরা অতিশয় গৃহপ্রিয় জাতি. বিদেশ ভ্রমণ তাহাদের একেবারেই রুচিকর নয়, সেই হিন্দুরা কিরূপে জলপথে স্থলপথে এই সুদীর্ঘ বিপদসঙ্কুল[4] রাস্তা অতিক্রম করিয়া অবশেষে এইরূপ একটা জায়গায় সম্পূর্ণ ভিন্ন ও অজ্ঞাত ধর্ম্মাবলম্বীদের মধ্যে একটি মন্দির প্রতিষ্ঠা করিল ইহা বড়ই কৌতূহলোদ্দীপক[5]। ভারতবর্ষ হইতে সময়ে নূতন নূতন পুরোহিত পাঠাইয়া এই মন্দিরের রক্ষাকার্য্য হিন্দুরা করিয়া আসিয়াছে, ইহা আরো বিস্ময়কর। মন্দিরটি যদি পার্সীদের সাধারণ অগ্ন্যু-পাসনালয়[6] হইত তাহা হইলে কাস্পিয়ান্ সাগরের তীরে ইহার অবস্থান তত বিস্ময়োদ্দীপক হইত না। কিন্তু এই মন্দিরের মধ্যে হিন্দু দেবদেবীর মূর্ত্তি আছে যথারীতি তাহাদের পূজা হয় সকল পর্য্যটকেরাই এইরূপ বর্ণনা করিয়াছেন।

কৌতূহলে উদ্দীপ্ত হইয়া আমাদের পর্য্যটকটি একদিন বাকুতে একটি গাড়ী ভাড়া করিয়া সুরখানি দেখিতে রওয়ানা হইলেন। ছোট ছোট গ্রামের মধ্যে কৃষ্ণধূম্রপুঞ্জনিঃসারী[7] তৈলের কারখানা সব, তাহার মধ্য দিয়া তাঁহার পথ। তাঁহার গন্তব্যস্থানে পৌঁছিয়া দেখিলেন তাঁহার কৌতূহলের পদার্থটি দুইটি বৃহৎ তৈলের কারখানা মাত্র। ভিতরে একটি হিন্দু মন্দির, চুণকাম করা, উচ্চ একটি প্রস্তর প্রাচীরে বেষ্টিত, প্রধান প্রবেশদ্বার একটি কাঠের ফটক। পর্য্যটক লিখিয়াছেন:—"গোপাল ত আনন্দে অধীর হইয়া গেল। আমরা গাড়ী হইতে বাহির হইলাম কিন্তু দেখিলাম দরজা বন্ধ ভিতরে কাহাকেও দেখিতে পাইলাম না। তার পরে আমরা নিকটবর্ত্তী কারখানার আঙিনাতে[8] গেলাম, সেখানে শুনিলাম যে পুরোহিত সেদিন বৈকালে বাকুতে গিয়াছিল তাহার অনুপস্থিতিতে কেহ মন্দিরে ঢুকিতে পারে না। বখ্‌শিসের প্রলোভন দেখাইতেই একটি চাবি বাহির হইল। যেখানে কারখানার প্রাচীরের গায়ে মন্দিরের প্রাচীর যুক্ত হইয়াছে সেখানকার একটি দুয়ার ঐ চাবি দিয়া খুলিয়া ভিতরে গেলাম। আমরা একটি গর্ত্তের ভিতর প্রবেশ করিলাম. চারিদিকের উচ্চ প্রাচীরগাত্রে এই রকম কয়েকটা গর্ত্ত ছিল, এই গুলির মধ্যে সন্ন্যাসীরা

[1] *Prat-sabda :* syno-nym.
[2] A notable political and commercial centre.
[3] Close relations.
[4] *Vi-pad-sam-kul :* full of danger.
[5] Kautūhala-uddīpaka : curiosity-awaking.
[6] *Agni-upāsana-ālay :* fire-worship-abode, fire-worshippers' temple.
[7] Krsna-dhūmra-puñja-ni-sārī, emitting volumes of black smoke.
[8] Courtyard.

বাস করিত। প্রায় একশ' ফিট্ ব্যাস[1] বিশিষ্ট এই বেষ্টনীর মধ্যস্থলে মন্দির, মন্দিরটি দৃঢ় ও চতুষ্কোণাকার;[2] প্রাচীনতার চিহ্ন সকল বহন করিতেছে, কিন্তু ভালরূপে ইহার জীর্ণ সংস্কার হইয়াছে। উপরে ৩০। ৪০ ফিট্ উঁচু একটি গুম্বজ ভিতরের দিকে গুম্বজ হইতে একটি দড়ি ঝুলিতেছে, মেঝে[3] হইতে প্রায় তিন ফিট্ উপরে ঐ দড়ির সঙ্গে একটি সুদৃশ্য তাম্র ঘণ্টা বাঁধা আছে,—পূজা করিবার সময় মন্দিরে হিন্দুরা যে রকম ঘণ্টা বাজায় ইহা সেই রকমের ঘণ্টা। একটি ধাতু নির্ম্মিত নল মেঝে হইতে এক ফুট কি দুই ফিট্ উঠিয়াছে, তাহার মুখে কিছু তুলা ঠাসা[1] আছে। যে আমাদের চাবি দিয়াছিল সে ঐ তুলা টানিয়া তুলিয়া একটা দেশলাইএর কাঠি জ্বালাইয়া ধরিল। তাহাতে অগ্নিশিখা জ্বলিয়া উঠিল। যে গর্ত্তটি এখনো ব্যবহৃত হয় সেই গর্ত্তটি অতঃপর আমাদিগকে দেখান হইল।" পর্য্যটক ইহার মধ্যে গণপতি[5] ও বহুসংখ্যক গৃহদেবতার ছবি দেখিতে পাইলেন। প্রকোষ্ঠটির[6] ঠিক মধ্যস্থলে একটি ছোট বেদীর উপরে ঐ গুলি সাজানো ছিল, ছবিগুলির চারপাশে পূর্ব্ববর্ণিতরূপ গ্যাসের নল সকল ছিল আমাদের পথপ্রদর্শকটি "জায়গাটি মতি পুণ্য স্থান" ধীরে ধীরে এই কথা উচ্চারণ করিতে করিতে একে একে ঐ নল গুলি জ্বালাইল। মন্দিরে যাহা কিছু দেখিবার ছিল সমস্ত দেখিয়া পর্য্যটক এই ভাবিতে ভাবিতে বাকুতে ফিরিয়া গেলেন যে যদিও তিনি ভারতবর্ষকে শত শত মাইল পশ্চাতে ফেলিয়া রাখিয়া আসিয়াছেন তথাপি তিনি ভারতবর্ষের দেবতাগণের কাছ হইতে দূরে চলিয়া আসিতে পারেন নাই। সাতটার মধ্যে তিনি সহরে ফিরিয়া আসিলেন। গাড়ী চালাইতেছিল সহসা গাড়োয়ান গাড়ী থামাইয়া মদের দোকানের সম্মুখে উপবিষ্ট একদল লোকের দিকে অঙ্গুলি নির্দ্দেশ করিয়া বলিল যে পুরোহিত উহাদের মধ্যে আছে। মিঃ বালা-ণ্টাইন্ তৎক্ষণাৎ ফিরিয়া হিন্দুস্থানী ভাষায় তাহাকে কাছে আসিতে বলিলেন. তাহার দেশী কথা শুনিয়া হিন্দুস্থানীটি চমকিত হইল এবং সে অগ্রসর হইতে হইতে মিঃ বালাণ্টাইনের দিকে একদৃষ্টে বোকার মত[7] তাকাইতে লাগিল। যখন সে শুনিল যে মিঃ বালাণ্টাইন্ ভারতবর্ষ হইতে আসিয়াছেন এবং তাঁহার ভৃত্য গোপাল ভারতবাসী তখন তাহার আর আনন্দের অবধি রহিল না। পর্য্যটককে সে বলিল যে তার বাড়ী লাহোর; প্রায় দশ বৎসর আগে সে করাচিতে[8] দুইজন সঙ্গিসহ একটি ছোট জাহাজে চড়ে; একটা

[1] Circumference.
[2] *Chatur-kona-ākār*: four-angle-shaped, quadrilateral.
Floor.
[4] Pressed, inserted.
[5] *Gana pati-ganeśite*: lord of the ganas.
[6] Apartment
[7] Like an imbecile.
[8] Kurrachee.

ঝড়ে ডুবিতে ডুবিতে বাঁচিয়া গিয়া বন্দর আব্বাসে[1] পঁহুছে। বন্দর আব্বাস হইতে অনেক কষ্ট করিয়া তাহারা কার্মন, ইজ্‌দ, ও তেহেরানে এবং তেহেরান হইতে বাকুতে পঁহুছে। মোটের উপর তাহাদের বারোমাস লাগিয়াছিল। বাকুতে তাহারা দেখিল মন্দিরের ভার জনৈক বৃদ্ধ পুরোহিতের উপর রহিয়াছে, তাঁহার হাত হইতে কার্য্যভার অপহৃত[2] হইলে তিনি ভারতবর্ষে ফিরিয়া যান সেখানে গিয়া অন্যান্যকে তাঁহার পদচিহ্ন অনুসরণ করিতে অনুরোধ করেন। দুই এক বৎসর পরেই সঙ্গীদের একজনের মৃত্যু হয়, অপর জনের মন গৃহের জন্য এত ব্যাকুল হইল যে দেশে গিয়াই তাহার পরিবর্ত্তে আর একজনকে পাঠাইবে এই প্রতিজ্ঞা করিয়া ভারতবর্ষে ফিরিয়া যায়। কিন্তু আজ পর্য্যন্ত কেহই আসিল না পুরোহিতের মন অত্যন্ত দমিয়া গিয়াছে। সে বলিল যে সে তাহার নির্ব্বাসন[3] দুঃখ আর সহিতে পারে না, যদি কেহ তাহার হাত হইতে কার্য্যভার লইতে না আসে তবে সে মন্দির অরক্ষিত ফেলিয়া চলিয়া যাইবে, যদিও এগারশ বৎসর পূর্ব্বে এই মন্দিরের প্রতিষ্ঠা হইতে আজ পর্য্যন্ত মন্দিরের সেবার একদিনও ফাঁক পড়ে নাই। পুরোহিতটি তাহার দেশী ভাষা ভুলিয়া গিয়াছিল, আর্মেনিয়ান ও তুরকি ভাষা মিশাইয়া সে কথা কহিত। হিন্দুস্থানীতে মনোভাব ব্যক্ত করিতে তাহাকে প্রায়ই অত্যন্ত বেগ পাইতে হইত। তাহা ছাড়া মন্দিরস্থিত প্রতিমাগুলির প্রতি তাহার বিশ্বাস সে হারাইয়া ফেলিতেছিল। কিয়দ্দিন পূর্ব্বে একদল ডাকাত মন্দির হইতে বহুকাল সঞ্চিত অনেকগুলি মূল্যবান দ্রব্য অপহরণ করিয়াছিল। পুরোহিতের মনের মধ্যে এই তর্ক উপস্থিত হইয়াছে,—"দেবতারা যদি নিজেদের জিনিসপত্রই সংরক্ষণ করিতে অপারগ হন, তবে পুরোহিত বা ভক্তের মঙ্গল কি প্রকারে সাধন করিতে সক্ষম হইতে পারেন?" দেবতাদের অদৃষ্টে যাহা থাকে তাহা হইবে, পুরোহিত তাহাদের ফেলিয়া জন্মভূমিতে ফিরিয়া যাইবে। পরদিন যখন ষ্টীমার ছাড়িবার বিজ্ঞাপন বাহির হইল, তখন সে মিঃ বালান্টাইন্‌কে মিনতি করিয়া বলিল যে তিনি তাহাকে আপনার চাকর করিয়া ইংলণ্ডে লইয়া যান সেখান হইতে সে দেশে যাইতে পারিবে। তাহার আশা পূরিল না। তখন সে বলিল সে দেবপ্রতিমাগুলি কতিপয় মুসলমান বন্ধুর করুণার উপর ফেলিয়া রাখিয়া পদব্রজেই ভারতবর্ষের দিকে যাত্রা করিবে, কেন না দীর্ঘ নির্ব্বাসনে সে একেবারে ক্লান্ত হইয়াছে, আর সে থাকিতে পারে না।

কিয়ৎকাল পূর্ব্বে ওরেনবার্গের নিকট মৃত্তিকা নিম্নে তাম্রনির্ম্মিত একটি চতুর্ভুজা[4] নারীমূর্ত্তি পাওয়া গিয়াছিল, উহা একটি হিন্দু দেবী। এইরূপ

[1] Bandar Abbas.
[2] Removed, taken away.
[3] Exile.
[4] *Chatur-bhuj* : four-armed.

অনুমিত হইয়াছিল যে কতিপয় শতাব্দী পূর্ব্বে যাযাবর[1] মোগলেরা উহা ভারতবর্ষ হইতে অপহরণ করিয়া লইয়া গিয়া ওখানে রাখিয়াছিল।

[1] *Yāyāvar :* nomad.

বর্ত্তমান সমর এবং এডিসন্।

The present war and Edison.

"আমেরিকান্ ম্যাগাজিন্" নামক পত্রের একজন প্রতিনিধি[1] সুপ্রসিদ্ধ এডিসনের সঙ্গে দেখা করিতে গিয়াছিলেন। এডিসন্ বলিলেন. "বর্ত্তমান সমর আমাদিগকে একটি শিক্ষা দিয়াছে সেইটি হইতেছে এই যে আমরা যেন নিজেদের উপরে নির্ভর করিতে শিখি। অনেক উপাদানের[2] জন্য আমেরিকাকে ইউরোপের দিকে তাকাইয়া থাকিতে হয়, এখন আমদানি রপ্তানি বন্ধ; কাজেই আমাদের শিল্পব্যবসায়ও[3] বন্ধ। সেই সমস্ত উপাদান এখন আমাদের নিজেদেরই প্রস্তুত করিয়া লইতে হইবে।"

কিছুদিন পূর্ব্বে এডিসন্ ফনোগ্রাফ্ যন্ত্রকে সর্ব্বাঙ্গ সুন্দর করিবার কাজে লাগিয়াছিলেন। চাকুতির[4] উপরে দুর্নিরীক্ষ্য[5] বন্ধুরতা[6] জনিত কর্কশ শব্দ দূর করা ভারি দুরূহ হইয়া উঠিয়াছিল। এখন এই শব্দ দূর করিবার জন্য কাচ অপেক্ষাও মসৃণ দ্রব্যদ্বারা চাকুতি তৈয়ার করিতে হইবে এবং সূঁচের ঘর্ষণে যাহাতে ক্ষয় না পায় সেই জন্য চাকুতিটি লৌহবৎ দৃঢ় হওয়াও আবশ্যক।

তিনি ঠিক্ এই প্রকার একটী যৌগিক[7] পদার্থই আবিষ্কার করিয়াছেন।

এই যৌগিক পদার্থের একটী উপাদান কার্ব্বলিক্ এসিড্। এমন কি কার্ব্বলিক্ এসিড্ না হইলে ইহা প্রস্তুতই হইতে পারে না। ঐ পদার্থ কি প্রকারে প্রস্তুত হয়, সেই প্রণালী প্রকাশ করা হয় নাই। কার্ব্বলিক্ এসিড খুব বেশী পরিমাণ লাগে, আমেরিকার মধ্যে এডিসনই সর্ব্বাপেক্ষা বেশী পরিমাণ কার্ব্বলিক্ এসিড্ ক্রয় করেন। প্রতিদিন গড়ে প্রায় ৪২ মণ কার্ব্বলিক্ এসিড্ তাঁহার কার্য্যে ব্যয় হয়।

ইংলণ্ড ও জর্ম্মণী হইতে ইহা আইসে, কয়লা হইতে ইহার উৎপত্তি।—সকলেই বলে "এই জিনিস আমেরিকায় তৈয়ার হইতে পারে না।"

[1] Representative.
[2] Materials.
[3] Industry and trade.
[4] Disc.
[5] *Dur-nir-īksya :* hard to see, almost invisible.
[6] Unevenness.
[7] Derivative, compound, synthetic.

সমস্ত কার্ব্বলিক্ এসিড্ ইউরোপে বিস্ফোরক[1] তৈয়ারে খরচ হইতেছে। এদিকে এডিসনের রেকর্ডের কারখানায় বহু পরিমাণ কার্ব্বলিক্ এসিড্ প্রতিদিন আবশ্যক অথচ আমদানি বন্ধ।

আমেরিকায় কয়লা হইতে কার্ব্বলিক্ এসিড্ তৈয়ার হইবে না। কাজেই অন্য কোন উপায় করিতে হইবে। কার্ব্বলিক এসিড্ও একটি যৌগিক পদার্থ; এখন ইহার মৌলিক উপাদানগুলিকে[2] রাসায়নিক উপায়ে[3] যুক্ত করিয়া কোন রকমে এই এসিড্ প্রস্তুত করা সম্ভবপর কিনা? নিশ্চয়ই সম্ভবপর। হীরকও ত এই ভাবে তৈরি হইয়াছে। কিন্তু এযাবৎ এ বিষয়ে বিশেষ কিছুই করা হয় নাই। এ পর্য্যন্ত মৌলিক উপাদান সমূহের সমবায়ে[4] কার্য্যতঃ এই এসিড্ প্রস্তুত হয় নাই। সবাই বলিল যে যদিও প্রস্তুত হয়, তথাপি বিদেশের সঙ্গে প্রতিযোগিতা করিয়া পারিয়া উঠা যাইবে না।

"তাই বটে," এডিসন্ বলিলেন, "আচ্ছা দেখা যাক্।"

তিন দিন তিন রাত্রি এডিসন্ বিভিন্ন প্রণালীগুলি[5] লইয়া পরীক্ষা করিতে লাগিলেন। তৃতীয় দিবসের শেষে তাঁহার কার্য্য সিদ্ধ হইল।

যাঁহাদের রসায়নের কারবার আছে, তাহাদিগকে তিনি জিজ্ঞাসা করিলেন, "তাঁহার উদ্ভাবিত প্রণালী ও নির্দ্দেশ মতে কার্য্য করিয়া তাহারা কয় মাসে মাল দিতে সক্ষম হইবে?" কেহ বলিলেন, "ছয় মাস" কেহ "আট," কেহ "নয় মাস" বলিলেন।

"আচ্ছা" এই কথা বলিয়া তিনি নিজেই কতকগুলি লোকজন লইয়া যন্ত্রাদি খাড়া করিতে[6] লাগিয়া গেলেন। এক সপ্তাহ ধরিয়া প্রতিদিন ২৪ ঘণ্টা কার্য্য চলিল।

৪০ জন লোক অবিরাম ১৬৮ ঘণ্টা খাটিল, সমস্ত ঠিক্ঠাক্ হইয়া গেল।

১৭টি দিন কায চলিল, অষ্টাদশ দিনে ঐ কল হইতে ৩৫০ সের কার্ব্বলিক্ এসিড্ বাহির হইল। কাজ রোজই চলিতেছে; শীঘ্রই প্রত্যহ ১,০০০ সের হিসাবে এসিড্ প্রস্তুত হইবে।

যে জিনিস আমেরিকায় তৈয়ার হইতে পারে না বলিয়া লোকের বিশ্বাস ছিল, ইংলণ্ড হইতে তাহার রপ্তানি বন্ধের আদেশের তিন দিন পরে এডিসন্ মৌলিক উপাদানসমূহ হইতে সম্পূর্ণ অভিনব এক অচিন্তপূর্ব্ব[7] উপায়ে তাহা তৈয়ার করিবার কল্পনা করিলেন।

[1] Explosive.
[2] Original materials.
[3] By chemical means.
[4] By combination.
[5] Channels, methods.
[6] To set up, build.
[7] Previously unthought of.

পরবর্ত্তী এক সপ্তাহের মধ্যে তাঁহার যন্ত্রাদি খাড়া হইল এবং সমস্ত সুব্যবস্থিত হইল।

সতের দিন পরে তাঁহার যন্ত্র হইতে এসিড্ তৈয়ারি হইয়া বহির্গত হইল—অন্যান্য সকল রসায়নবিদেরা[1] বলিয়াছিলেন, এই কাজে অন্ততঃ[2] ছয় মাস লাগিবে।

[1] *Rasāyan-vid :* chemists.
[2] At least.

মানুষে মানুষে ভেদ।

Divisions between man and man.

মানবজাতির মধ্যে একটি প্রচণ্ড শক্তি প্রতিনিয়ত বৈষম্যের দুঃখকে ক্ষয় করিবার জন্য অলক্ষ্যে কাজ করিতেছে।[1] তাহা হইতেছে সত্য। জীবনে যাহারা পশ্চাতে রহিল তাহাদিগকে অগ্রবর্ত্তী করিয়া দেওয়া, দুর্নীতির পঙ্ক হইতে মানুষকে উঠাইয়া লওয়া, মানবের প্রাণে দয়া ও প্রেম বৃত্তিকে উদ্‌বোধিত[2] করিয়া দিয়া যে স্থানে প্রচুর দ্রব্যসম্ভার[3] সঞ্চিত হইয়াছে সে স্থান হইতে সে সমুদয়ের কিয়দংশ যেখানে অভাব ও দুর্ভিক্ষ সেখানে বহন করিয়া লওয়া, উদ্ধত ধনীর চিত্তকে নম্রতায় নত করিয়া দিয়া দুঃখী দীন দরিদ্রের প্রাণকে মানবত্বের অসীম গৌরববোধে[4] উৎফুল্ল করিয়া দেওয়া, সত্যধর্ম্ম সংসারের মধ্যে এই সকল কার্য্য করিতেছে। সকল মানুষের প্রাণে এক-পিতৃত্ববোধকে[5] জাগ্রত করিবার চেষ্টা করিয়া ধর্ম্ম অহরহ সমাজের মধ্যে এক সুমহৎ সাম্যের[6] প্রতিষ্ঠার উদ্‌যোগ করিতেছে। ঈশ্বরের দৃষ্টিতে বড় কাজ ছোট কাজ বলিয়া কিছুই নাই, কি মনোভাব[7] ও কি অভিসন্ধি[8] লইয়া লোক কার্য্য করে কেবল তাহাই তিনি বিচার করেন ধর্ম্ম মানুষকে এই শিক্ষা দিয়া সমস্ত সাংসারিক উচ্চ পদের দম্ভকে[9] বিচূর্ণ এবং সমস্ত দীনহীনের সৎকার্য্যকে গৌরবান্বিত[10] করিয়া দিয়া মানবসমাজের বৈষম্যকে বিদূরিত করিতে প্রয়াসী।

[1] "One mighty force is always silently working in the human race to destroy the secular evil of inequality."
[2] *Ut-bodhita* : awakened.
[3] *Dravya-sambhār* : commodity-heap, accumulation of things.
[4] *Gaurav-bodh* : sense of dignity.
[5] *Ek-pitṛtva-bodh* : a feeling that we have a common father.
[6] *Sāmya* : equality.
[7] Attitude of mind.
[8] Object.
[9] *Dambha* : pride, arrogance.
[10] *Gaurava-anu-ita* : possessing dignity, self-respect.

কিন্তু আমাদের এই হতভাগ্য দেশেই এই এক আশ্চর্য্য ব্যাপার দেখিতে পাই যে মানুষ এই ধর্ম্মেরই নাম করিয়া মানুষে মানুষে এক নূতন ধরণের প্রভেদকে সৃষ্টি করিয়া. মানবের আকস্মিক[1] বৈষম্য ক আরো দৃঢ়ীকৃত করিয়াছে। আমাদের দেশেই এই সৃষ্টি ছাড়া কথা উচ্চারিত হইয়াছে যে ব্রাহ্মণের পক্ষে যিনি বিশ্বদেব মুচির পক্ষে তিনি কেহ নহেন। মানুষের পূজার অধিকার এক সমান নহে। গোড়াতেই[2] মানবাত্মারই জাতিভেদ স্বীকৃত হওয়াতে সমাজের জীবনে বহু সংখ্যক অদ্ভুত ভয়ঙ্কর অস্বাভাবিক ভেদের সৃষ্টি হইয়াছে।

ইহার শোচনীয় কুফল আমরা প্রতিদিনই সর্ব্বত্র আমাদের দেশে প্রত্যক্ষ করি। মানুষের আত্মার স্ফূর্ত্তি ও বিকাশের পথে বাধা দিয়া আমাদের জাতীয় জীবনকে পঙ্গু[3] শক্তিহীন ও শতশতাব্দীর নিদারুণ অপমানের তলে নিক্ষিপ্ত করিয়াছে।

মানুষের মন দুর্ব্বল, অসংখ্য কুপ্রবৃত্তি[4] অহরহ মানুষকে তাহার স্বভাবের পাশবিকতার[5] দিকটিতে বিভ্রান্ত করিবার জন্য প্রয়াস পাইতেছে। ধর্ম্ম রহিয়াছে—মানুষের মনে অনুদিন তাহার দেবত্বের স্মৃতিটি জাগরুক রাখিবার জন্য। সেই ধর্ম্মই যদি কোনও অদ্ভুত রাজ্যে মানবের পাশবিকতার অনুপ্রেরক[6] হয় তাহা হইলে সে রাজ্যের মানুষের গতি কি ভয়ঙ্কর।

ভেদবুদ্ধি অহমিকা[7] মানুষের সকল কুপ্রবৃত্তির সেরা। এই বৃত্তিটি আমাদের দেশে ধর্ম্মকে আশ্রয় করিয়াছে। তাহার ফলে মানুষকে কোন্ দুর্গতির রসাতলে[8] নামাইয়া দিয়াছে তাহার দৃষ্টান্ত আমাদের দেশে প্রতিদিনই অপর্য্যাপ্ত।[9] সম্প্রতি ত্রিবাঙ্কুর রাজ্যে একটি ঘটনাতে তাহার একটি নূতন দৃষ্টান্ত পাওয়া গিয়াছে।

ত্রিবাঙ্কুরে নেইয়াতিনকরাই তালুকে পুলায়া নামক একজাতীয় বহুসংখ্যক লোক বাস করে। ইহারা "অস্পৃশ্য"।[10] খৃষ্টীয় ধর্ম্ম প্রচারকগণ ইহাদের জন্য বিদ্যালয় স্থাপন করিয়াছেন। পুলায়াদের অনেকে লেখাপড়া শিখিয়া প্রাচীন দাসত্ব হইতে মুক্তিলাভ করিবার জন্য ব্যগ্র হইয়াছে। দুই বৎসর পূর্ব্বে আইয়াম্ কালি নামে এক পুলায়া শ্রীমূলম্ অর্থাৎ ত্রিবাঙ্কুরের ব্যবস্থাপক সভার অন্যতম সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। ত্রিবিন্দ্রম্ হইতে আট মাইল দূরে

[1] *Ākasmik* (fr. *akasmāt*) : coming suddenly, unexpected.
[2] At the root, fundamentally.
[3] Lamed, crippled.
[4] Evil desires or inclinations.
[5] *Pāśavikatā* : state of being a *paśu*, animality, beastliness.
[6] *Anu-prerak*: a sender after, an inciter of.
[7] Egotism.
[8] Hell, hades.
[9] *A-pari-āpta* : insufficient, inadequate.
[10] "Untouchables."

অরুতামঙ্গলম্ গ্রামে এক বালিকা শিক্ষালয় আছে এই শিক্ষালয়ে পুলায়া বালিকাদের প্রবেশ নিষেধ। প্রাগুক্ত আইয়াম্ কালি ত্রিবাঙ্কুর রাজদরবারের নিকট ইহার প্রতিকার প্রার্থী হইলে, দরবার পুলায়া বালিকাদিগকে স্কুলে ভর্ত্তি করিবার অনুমতি দেন। তদনুসারে বিগত সপ্তাহে কতিপয় পুলায়া তাহাদের মেয়েদের স্কুলে ভর্ত্তি করিবার জন্য লইয়া যান। এমন সময়ে নায়'র ও অন্যান্য জাতীয় বহু সংখ্যক লোক তাহাদের মেয়েদিগকে পুলায়াদের স্পর্শ জনিত কলুষ[1] হইতে উদ্ধার করিবার জন্য স্কুলে গিয়া সমবেত হয়। নায়ারেরা তৎপর এই বলিয়া নালিশ করে যে পুলায়ারা তাহাদের মেয়েদিগকে বাড়ী যাইতে বে-আইনিভাবে বাধা দিয়াছে। ইহাতে নেইয়াত্তিনকরাইর ম্যাজিষ্ট্রেট পাঁচজন পুলায়াকে গ্রেফতার করিতে হুকুম করেন। এই গ্রেফ-তারের সংবাদ পুলায়াদের মধ্যে প্রচারিত হইয়া গেলে তাহাদের মনে ঘোরতর অসন্তোষের সঞ্চার হয়। নানা শ্রেণীর লোক দলে দলে মিলিত হইয়া পুলায়াদের উপর ভীষণ দৌরাত্ম্য আরম্ভ করে। তাহারা পুলায়াদের বাড়ী ঘর জ্বালাইয়া দিতে সুরু করে; প্রথমেই পল্লীচলে ছয়খানি বাড়ী পুড়াইয়া ফেলে। নেইয়াত্তিনকরাই'র পুলায়ারা ভয়ে তাহাদের বাড়ীঘর ছাড়িয়া চলিয়া গিয়াছিল গুণ্ডারা তাহাদের বাড়ীতে ঢুকিয়া লুট করে, এবং কয়েকটা বাড়ী ধ্বংস করে। মুক্তিফৌজের[2] আটটা বাড়ী আক্রমণ করিয়া লুট করে. এবং কয়েকটা পুড়াইয়া ফেলে। মুক্তিফৌজের কতিপয় কর্ম্মচারীকে নির্দ্দয় ভাবে প্রহার করে, এবং একজনকে অর্দ্ধ মৃত করে। পরেচ্যালে নামক স্থানে অনেক খৃষ্টান থাকেন, সেই স্থানে দুর্ব্বৃত্তদের লুঠতরাজ আরো ভীষণ আকার ধারণ করিয়াছিল। বহুসংখ্যক পুলিশ আসিয়া এই সমস্ত থামায়। কুড়ি-জনকে গ্রেফতার করা হইয়াছে ও পলাতকদিগের অনুসন্ধান করা হইতেছে।

পুলায়াও হিন্দু, নায়ারগণও হিন্দু। হিন্দুর উপর হিন্দুর কি বিজাতীয় ঘৃণা। এই জন্যইত হিন্দুর অধঃপতন হইয়াছে। তবু চেতনা হইল না। হিন্দুর প্রাণ হইতে ভেদ বুদ্ধি উৎপাটন করিয়া হিন্দুকে এক বৃহৎ জাতিতে পরিণত করিবার জন্য কে আপনাকে উৎসর্গ করিবে,[3] সে শীঘ্র দণ্ডায়মান হও।

[1] Sin begot of contact.
[2] *Mukti-fauj*: Salvation Army.
[3] Shall devote (lit. sacrifice) himself.

Every young civilian ought to be able to read Ravīndranāth Tagore's poetry in the original. It is read and sung by all educated Bengalis. It has had an enormous effect on the thought and aspirations of the present generation of Bengalis. It will never take the place of Mahābhārata and Rāmāyana with the poorer classes, but educated

Bengalis read Tagore as Victorian Englishmen read Tennyson and Browning. I therefore give a few of his songs taken from the *Gītāñjali* with notes and references to the English translation by the poet himself. These are worth reading if only because the metre gives an excellent clue to the elusive pronunciation of Bengali. Note that the metre is formed by an initial phrase-accent after each pause or cæsura, and that there is an artificial rhyme-accent which is not heard in prose. Mr. Tagore's poetry is not, it will be seen, extraordinarily difficult, and a mastery of his verses, read with his English "Sādhana," should give the English reader some idea of the religious sentiment of the Neo-Hindus, followers of the poet's father, Maharṣi Devendranāth Tagore, whose ideas are gradually penetrating the whole mass of Hindu Society in Bengal.

(The numbers are those of the English "*Gītāñjali.*")

XIV.

আমি বহু বাসনায় প্রাণ পণে চাই,
বঞ্চিত করে বাঁচালে মোরে!
এ কৃপা কঠোর সঞ্চিত মোর
জীবন ভরে'।

না চাহিতে মোরে যা করেছ দান,
আকাশ আলোক তনু মন প্রাণ,
দিনে দিনে তুমি নিতেছ আমায়
সে মহা দানেরই যোগ্য করে,
অতি ইচ্ছার সঙ্কট হ'তে
বাঁচায়ে মোরে!

(Perhaps a literal version will be most helpful to readers unaccustomed to Bengali verse.)

I ask with all my heart, driven by many desires. By disappointing me Thou savedst me. This harsh mercy has accumulated throughout my life. That which Thou hast given to me without asking for them, *e.g.* the sky, the light, this body, and mind, and life, day by day Thou makest me worthy of these great gifts, saving me from the peril of excessive desire.

আমি কখনো বা ভুলি, কখনো বা চলি,
তোমার পথের লক্ষ্য ধরে;
তুমি নিষ্ঠুর সম্মুখ হতে
যাও যে সরে!

এ যে তব দয়া জানি জানি হায়,
নিতে চাও বলে ফিরাও আমায়,

পূর্ণ করিয়া লবে এ জীবন,
তব মিলনেরই যোগ্য করে,
আধা ইচ্ছার সঙ্কট হ'তে
বাঁচায়ে মোরে।

Sometimes I forget, but sometimes I walk fixing my gaze on your path. Thou, cruel, movest away from before me. I know, alas! I know that this too is Thy mercy. Because (বলিয়') Thou wishest to take me, Thou turnest me back; Thou wilt fulfil this my existence, making me worthy of meeting with Thee, saving me from the peril of half desire.

VII.

আমার এ গান ছেড়েছে তার
সকল অলঙ্কার;
তোমার কাছে রাখেনি আর
সাজের অহঙ্কার।
অলঙ্কার যে মাঝে পড়ে,
মিলনেতে আড়াল করে,
তোমার কথা ঢাকে যে তার
মুখর ঝঙ্কার।

Literal version.

This song of mine has given up (ছাড়িয়াছে) its ornaments. In Thy presence she does not keep her pride of decoration. For (যে) ornaments come between us, creating a barrier to union, their impudent jingle drowning (lit. hiding ঢাকিয়া) Thy word.

তোমার কাছে খাটে না মোর
কবির গরব করা,
মহাকবি তোমার পায়ে
দিতে চাই যে ধরা।
জীবন লয়ে যতন করি
যদি সরল বাঁশি গড়ি,
আপন সুরে দিবে ভরি
সকল ছিদ্র তার।

In Thy presence my poet's vanity গর্ব্ব does not fit, for, O! Greatest of Poets, I want to surrender myself at Thy feet. If with all my life, taking (great) pains, I make a simple flute, Thou wilt fill every stop of it with Thy music.

XV.

আমি হেথায় থাকি শুধু
গাইতে তোমার গান,
দিও তোমার জগৎ সভায়
এইটুকু মোর স্থান।
আমি তোমার ভুবন মাঝে
লাগিনি নাথ কোন কাজে,
শুধু কেবল সুরে বাজে
অকাজের এই প্রাণ।

Literal version.

I stay here merely to sing Thy songs, give me this little place in Thy world (concert) hall. I am of no use (কোন কাজে লাগি না) in this world of Thine. This useless life of mine sounds only in music.

নিশায় নীরব দেবালয়ে
তোমার আরাধন,
তখন মোরে আদেশ কোরো
গাইতে হে রাজন!
ভোরে যখন আকাশ জুড়ে
বাজবে বীণা সোণার সুরে,
আমি যেন না রই দূরে
এই দিয়ো মোর মান।

In the night in Thy silent temple is Thy worship; then, O Master bid me to sing. When at dawn, filling the whole sky, the *vīnā* will sound its golden notes, then let me not be far away. Give me this honour.

XVI.

জগতে আনন্দ যজ্ঞে আমার নিমন্ত্রণ।
ধন্য হল ধন্য হল মানব-জীবন।
নয়ন আমার রূপের পুরে
সাধ মিটায়ে বেড়ায় ঘুরে,
শ্রবণ আমার গভীর সুরে
হয়েছে মগন।

Literal version.

In this world I am invited to the festival of joy. Blessed, oh blessed has been my human life. My eyes, repleted, wander about the abode of beauty, my ears are drowned in the depths of music.

তোমার যজ্ঞে দিয়েছ ভার,
বাজাই আমি বাঁশি,
গানে গানে গেঁথে বেড়াই
প্রাণের কান্না হাসি।
এখন সময় হয়েছে কি?
সভায় গিয়ে তোমায় দেখি,
জয়ধ্বনি শুনিয়ে যাব;
এ মোর নিবেদন।

In Thy festival Thou hast given me a task. I play the flute. I wander about stringing the tears and laughter of the heart on song after song. Now has the time come? Going in to the (concert) hall may I see Thee: may I sound (শুনিয়ে, শুনাইয়া not শুনিয়া) sounding, (not hearing) Thy victory-cry there? This is my prayer.

XVIII.

মেঘের পরে মেঘ জমেছে,
আঁধার করে আসে,
আমায় কেন বসিয়ে রাখ
একা দ্বারের পাশে।
কাজের দিনে নানা কাজে
থাকি নানা লোকের মাঝে,
আজ আমি যে বসে আছি
তোমারি আশ্বাসে।
আমায় কেন বসিয়ে রাখ
একা দ্বারের পাশে?

Literal version.

Clouds are gathered on clouds, and it grows darker and darker (করিয়া আসে, continuous action). Why dost Thou keep me sitting alone by the door? In the varied tasks of the day of work I remain among many people. But to-day I am seated in the expectation of Thee?

Why dost Thou keep me sitting alone by the door?

তুমি যদি দেখা না দাও,
কর আমায় হেলা,
কেমন করে কাটে আমার
এমন বাদল বেলা।

দূরের পানে মেলে আঁখি,
কেবল আমি চেয়ে থাকি.
পরাণ আমার কেঁদে বেড়ায়
দুরন্ত বাতাসে।
আমায় কেন বসিয়ে রাখ
একা দ্বারের পাশে।

If Thou dost not give me a sight (of Thee); (if) Thou regard me not; how shall these rainy hours of mine go past? Keeping my eyes open in the direction of the distance; I merely keep gazing; and my life (প্রাণ) wanders wailing with the restless wind.

Why dost Thou keep me sitting alone by the door?

XXVI.

সে যে পাশে এসে বসেছিল,
তবু জাগি নি।
কি ঘুম তোরে পেয়েছিল
হতভাগিনী!
এসেছিল নীরব রাতে,
বীণাখানি ছিল হাতে,
স্বপন মাঝে বাজিয়ে গেল
গভীর রাগিণী।

Ah, He came and sat by my side, and yet I did not wake. What sleep seized you, luckless one! He came in the silent night. His *vīṇā* was in His hand. He sounded a deep melody into my dream.

জেগে দেখি দক্ষিন হাওয়া,
পাগল করিয়া.
গন্ধ তাহার ভেসে বেড়ায়,
আঁধার ভরিয়া।
কেন আমার রজনী যায়?
কাছে পেয়ে কাছে না পায়
কেন গো তার মালার পরশ
বুকে লাগে নি।

Waking I note the southern breeze, maddening me. Its perfume floats and wanders, filling the dark. Why has my night (thus) gone? Though I had him near, why did I not find Him near me? Why did not the touch (স্পর্শ) of his garland brush my breast?

The following poems in the *Gītāñjali* are not, I think, too difficult for a beginner, if read with the Tagore's English version. The Roman numbers are those of the English *Gītāñjali.* The Arabic figures are those of the Bengali গীতাঞ্জলি —:

X, 108; XI. 120; XIII, 40; XIX, 72; XXII, 19; XXXVIII, 89; LXV, 102; XXIII, 21; XXXIX, 59; XLV, 63; XLVI, 35; LIX, 31; LXX, 37; LXXIX, 25; LXXXIV, 26; C. 48.

(I hope it will be understood that my literal version is merely intended as a 'crib' and is in no way an attempt to produce the literary charm of the original.)

B. S. Press—6-3-1918—789V—500— B. L. D. & B. A.